

জন্ম শতবর্ষ স্মর্গে

ষ্মার্মী বিবেকানন্দের বাণী ও রচনা

জন্ম-শতবর্ষ-স্মরণে

স্থামী বিবেকানন্দের বাণী ও রচনা

দিতীয়, খণ্ড



প্ৰকাশক স্বামী জ্ঞানাত্মানন্দ উদ্বোধন কাৰ্যালয় কলিকাতা-৩

বেলুড় শ্রীরামক্বফ মঠের **অধ্যক্ষ কর্তৃক** সর্বস্থত সংরক্ষিত

প্রথম সংস্করণ পৌষ-ক্লফাসপ্রমী, ১৩৬৭

মৃত্রক শ্রীগোপালচন্দ্র রায়
নাভানা প্রিণ্টিং ওমার্কন্ প্রাইভেট লিমিটেড
৪৭ গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলিকাতা-১৩

প্রকাশকের নিবেদন

'স্বামীজীর বাণী ও রচনা'র বিতীয় থওে প্রধানত: জ্ঞানধোগ-সম্বনীয় বক্তা, আলোচনা ও লেখা সন্ধিবেশিত হইল। স্বামীজী এখানে সহজ সরল স্পাষ্ট ও বিজ্ঞান-সন্মতভাবে অবৈড বেলাস্কের আত্মতন্তই ব্যাখ্যা করিয়াছেন।

'জানষোগ' পুতকের উদোধন-সংশ্বরণই আমরা অস্ক্সরণ করিয়াছি। এ-সম্বন্ধে বক্তব্য—'উদোধন' হইতে জ্ঞানযোগের একটি মূল ইংরেজী সংশ্বরণও বছদিন যাবং প্রকাশিত ছিল। বাংলা 'জ্ঞানযোগ' তাহারই অমুবাদ। 'অবৈত আশ্রম'-সংশ্বরণের সহিত কোথাও কোথাও সামাত্য পার্থক্য দৃষ্ট হইবে।

'জ্ঞানযোগ-প্রসংক' প্রধানত: আত্মতত্ত্ব এবং বেদান্ত-বিষয়ক অক্সান্ত বক্তৃতা, প্রবন্ধ ও আলোচনাগুলির অনুবাদ এই প্রথম পুস্তকাকারে গ্রথিত হইল। অনুবাদগুলি সবই প্রায় নৃতন।

তৃতীয় অংশে 'হার্ভার্ড বিশ্ববিচ্ছালয়ে বেদান্ত' উবোধন হইতে প্রকাশিত 'Vedanta Philosophy at the Harvard University' পুতিকার অনুবাদ। মধ্যের অংশটি এতদিন বাংলা 'কথোপকথন' পুতকের অন্তর্গত ছিল। 'বেদান্তদর্শন' বক্তৃতাটি ও শেষের উত্তরগুলি নৃতন অনুবাদ।

তথ্যপঞ্জীতে বিভিন্ন দর্শন ও দার্শনিক সম্বন্ধে বিশেষভাবে এবং অফ্রান্ত প্রয়োজনীয় টাকা সংক্ষিপ্তভাবে দেওয়া হইল।

এই গ্রন্থাকী প্রকাশে বে-সকল লেখক শিল্পী ও সাহিত্যিক আমাদের নানাভাবে সাহায্য করিয়াছেন, তাঁহাদের সকলকে আমরা আমাদের আন্তরিক কুডজ্ঞত। জানাইতেছি। শিল্পাচার্য নন্দলাল বস্তর নাম বিশেষভাবে উল্লেখ-যোগ্য; বর্তমান গ্রন্থাবলীর প্রচ্ছদেশ্ট তাঁহার্ই পরিকল্পনা।

কেন্দ্রীয় সরকার ও পশ্চিমবঙ্গ সরকার 'খামীজীর বাণী ও রচনা' প্রকাশে আংশিক অর্থনাহায্য করিয়া আমাদের প্রাথমিক প্রেরণা দিয়াছেন। সেজত তাঁহাদিগকে আমরা আমাদের ধতাবাদ জানাইভেছি।

সূচীপত্ৰ

विवय ^र	পত্ৰাস্ক
জ্ঞানযোগ	(>―+>。)
মায়া	৩
মান্থবের যথার্থ স্বরূপ (১)	25
মাহুষের যথার্থ স্বরূপ (২)	82
মারা ও ঈশ্ব-ধারণার ক্রমবিকাশ	96
মায়া ও মৃক্তি	96
ব্ৰহ্ম ও জগৎ	><
জগৎ (১)	۵۰۶
জগং (২)	;20
অমৃতত্ব	ે હ
বহুত্বে একত্ব	\$82
স্ব্ৰস্তুতে ব্ৰহ্মদুৰ্শন	<i>১৬৬</i>
অপরোক্ষামূভৃতি	496
অগতার মৃক্তস্তাব	२०७
কৰ্মজীবনে বেদাস্ত (প্ৰথম প্ৰস্তাব)	২১৯
কৰ্মজীবনে বেদান্ত (থিতীয় ")	२७৮
কৰ্মজীবনে বেদান্ত (তৃতীয় ")	265
ৰুৰ্মজীৰনে বেদান্ত (চতুৰ্ৰ ")	292
জ্ঞানযোগ-প্রসঙ্গে	(২৯৯—৪৩৫)
আঝা	হৈ ২৯৬
আত্মা: ভাহার বন্ধন ও মৃক্তি	て・シ
পू न र् क्य	५८ ७
আত্মা কি অমর ?	302
আত্মা, প্রকৃতি ও ঈশর ·	€ ⊍©
প্রকৃতি ও মাত্র্য	८६৮

বি ৰ য়	পতাৰ
আত্মা—ইহার স্বরূপ ও লক্য	983
পর্ম লক্য	৩৬১
স্বিদিত রহস্থ	৬৭৪
ক্ষানলাভের দোপানশ্রেণী	৩৮৩
জ্ঞানযোগ-প্রবেশিকা	৬৫৩
জ্ঞানধোগ-কথা (১—১)	8 • 2
হার্ভার্ড বিশ্ববিভালয়ে বেদাস্ত	(839—863)
বেদান্ত-দর্শন	883
প্ররোত্তরে আলোচনা	84•
প্রশ্নের উত্তর ও আলোচনার অংশ	8 % 9
তথ্যপঞ্জী	897
নিৰ্দেশিক।	৫০৬

জ্ঞানযোগ

মায়া '

(লঙনে প্রদন্ত বক্তা)

'মায়া' কথাট আপনারা প্রায় সকলেই শুনিয়াছেন। সাধারণতঃ করনা বা কুংক বা এইরূপ কোন অর্থে মায়া-শব্দ ব্যবস্তুত হুইয়া থাকে, কিছু ভাহা উহার প্রকৃত অর্থ নহে। মায়াবাদ-রূপ অগ্রতম স্তম্ভের উপর বেদান্ত স্থাপিত বলিয়া মায়ার বথার্থ তাৎপর্য ব্যা আবশ্রক। মায়াবাদ ব্যাইতে হুইলে সহসা হৃদয়কম না হুইবার আশহা আছে, এজস্ত আপনারা কিঞিৎ ধৈর্ণের সহিত প্রবণ করিবেন, ইহাই আমার প্রার্থনা।

বৈদিক সাহিত্যে কৃষক অথেই মায়া-শনের প্রয়োগ দেখা বায়। ইহাই
মায়া-শনের প্রাচীনতম অর্থ। কিছু তথন প্রকৃত মায়াবাদের অভ্যুদর হয়
নাই। বেদে আমরা এইরূপ বাক্য দেখিতে শাই, 'ইল্রো মায়াভি: প্ররূপ
ঈয়তে'—ইল্র মায়া ঘারা নানা রূপ ধারুণ করিয়াছিলেন। এছলে মায়া-শন্ধ
ইল্রজাল বা অহ্রেপ কোন অর্থে ব্যবহৃত হইয়াছে। বেদের অনেক হলে
মায়া-শন্ধ এরূপ অর্থে প্র্যুক্ত হইয়াছে দেখা বায়। অভ্যুপর কিছুবিনের কল্প
মায়া-শন্ধের ব্যবহার সম্পূর্ণ কৃষ্ণ হইয়া গেল। কিছু এই অবকাশে ঐ পর্যপ্রতিপাত ভাব ক্রমণই পরিপৃষ্ট হইভেছিল। পরবর্তী সমরে দেখা বায়, প্রায়
করা হইভেছে, 'আমরা অগতের গুণ্ড বহুত্য জানিতে পারি না কেন।
ইহার এইরুগ গভীরভাবব্যক্ত উত্তর পাওয়া বায়, 'আমরা ক্রেক, ইল্রিয়ন্ত্রণে
পরিত্তা ও বাসনাপর বলিয়া এই সভাকে নীহারাবৃত্ত করিয়া রাখিয়াছি'—
'নীহারেণ প্রান্থভা কর্যা চাত্রত্প উক্থশাসন্তরংভি।' এছলে মায়া-শন্ধ আলো
ব্যবহৃত হয় নাই, কিছু উংগতে এই ভাবটি পরিভৃত্য হইভেছে—আমানের
অক্সভার বে কারণ, ভাহা সভা এবং আমাদের মধ্যে কুল্লটিকাবং বর্তমান।

অনেক পরবর্তী কালে অপেকারত আধুনিক উপনিবদে 'শারা'-শালের পুনবাবির্তাব দেখা যার। কিন্ত ইভোমধ্যে ইহার প্রভৃত রূপার্ভর অটিয়াছে, ইহার সহিত নৃতন অর্থ সংযোজিত হইরাছে, নানাবিধ মতবাদ প্রচারিত ও পুরুরালোচিত হইরাছে; অবশ্বে মায়া-বিষয়ক ধারণা একটি নির্দিট

> वार्यश---> म मक्षण, ४२ च्युक्ट, १म क्र्यं

ভাব পাইয়াছে। আমরা শেতাশতর উপনিষদে পাঠ করি, মায়াত প্রকৃতিং বিভালায়িনত মহেশবন্।'—মায়াকেই প্রকৃতি বলিয়া জানিবে এবং মায়ীকে মহেশবর বলিয়া জানিবে। মহাস্থা শহরাচার্যের পূর্ববর্তী দার্শনিকগণ এই মায়াশল বিভিন্ন অর্থে ব্যবহার করিয়াছিলেন। বোধ হয়, মায়া-শব্দ বা মায়াবাদ বৌদ্ধদিগের হারাও কিছুটা পরিবর্তিত হইয়াছে। কিন্তু বৌদ্ধদিগের হতে ইহা অনেকটা বিজ্ঞানবাদে পরিণত হইয়াছিল এবং 'মায়া' কথাটি এইরূপ অর্থেই এখন সাধারণতঃ ব্যবহৃত হইতেছে। হিন্দু হথন বলেন, 'জগং মায়াময়', তখন সাধারণ মানবের মনে এই ভাব উদিত হয় যে, জগং কয়নামাত্র। বৌদ্ধ দার্শনিকদের এইরূপ ব্যাখ্যার কিছু ভিত্তি আছে; কারণ এক জেণীর দার্শনিক বাহুজগতের অন্তিমে আদৌ বিশাস করিতেন না। কিন্তু বেদান্তোক্ত মায়ার শেষ পরিপূর্ণরূপ বিজ্ঞানবাদ, বান্তববাদ বা কোন মতবাদ নহে। আমরা কি এবং সর্বত্র কি প্রত্যক্ষ করিতেছি, এ সম্বন্ধ প্রকৃত ঘটনার ইহা সহক্ষ বর্ণনামাত্র।

জাপনাদিগকে পূর্বে বলিয়াছি, বেদ যাঁহাদের হৃদয়নিঃস্ত, তাঁহাদের চিন্তাপক্তি মূলতত্ত্বের জহুধাবন ও আবিকারেই অভিনিবিষ্ট ছিল। তাঁহারা যেন এই-দকল তত্ত্বের বিন্তারিত অহুশীলন করিবার অবসর পান নাই এবং সেজ্যু অপেকাও করেন নাই। তাঁহারা বন্ধর গভীরতম প্রাদেশে উপনীত ছইতে ব্যপ্ত ছিলেন। এই জগতের অতীত কিছু যেন তাঁহাদিগকে আকর্ষণ করিতেছিল, তাঁহারা বেন আর অপেকা করিতে পারিতেছিলেন না। বন্ধতঃ উপনিষদের মধ্যে ইভন্ততোবিক্ষিপ্ত আধুনিক বিজ্ঞানে আলোচিড বিশেব দিলাভগুলি অনেক সময়ে ভ্রমাত্মক হইলেও উহাদের মূলতত্ত্বভারির সহিত বিজ্ঞানের মূলতত্বের কোন প্রভেদ নাই। একটি দৃষ্টান্ত দেখানো বাইতেছে। আধুনিক বিজ্ঞানের ইথর (ether) বা আকাশ-বিষয়ক অভিনয় তত্ব উপনিষদের মধ্যে রহিয়াছে। এই আকাশতত্ব আধুনিক বৈজ্ঞানিকের ইথর অপেকা সমধিক পরিপৃষ্টভাবে বিভ্রমান। কিছু ইহা মূলতত্ত্বেই পর্যবসিড ছিল। তাঁহারা এই আকাশতত্বের কার্য ব্যাখ্যা করিতে পিয়া অনেক ভ্রমে

> আমাদের ইক্সিয়গ্রাহ্য সমৃদয় জগৎ আমাদের মনেরই বিভিন্ন অমুভূতিমাত্র, উহাদের বাস্তক্ত সন্তা নাই—এই মতকে বিজ্ঞানবাদ বা Idealism বলে।

২ জগং আমাদের মনের অনুভূতিমাত্র নহে, উহার বাস্তব সন্তা আছে—এই মন্তকে বাস্তবনাদ্ধ বা Realism বলে।

পতিত হইনিছিলেন। জগতের বাবতীয় শক্তি বাহার বিভিন্ন বিকাশমাত্র, সেই পর্বব্যাপী প্রাণ-ডত্ব বেলে—উহার ব্রাহ্মণাংশেই পাওয়া বায়। সংহিতার একটি দার্ঘ মন্ত্রে সকল জাবনীশক্তির অভিব্যক্তি প্রাণের প্রশংসা আছে। এই প্রসকে আপনাদের মধ্যে কাহারও কাহারও হয়তো জানিয়া আনন্দ. হইতে পারে বে, আধুনিক ইওরোপীর বৈজ্ঞানিকদিগের মতাহ্যবারী এই পৃথিবীতে বেভাবে জাব-স্পষ্ট হইল, তাহা বৈদিক দর্শনেও পাওয়া বায়। আপনারা সকলেই নিশ্চর জানেন বে, জাব অন্ত গ্রহাদি হইতে পৃথিবীতে আসিয়াছে— এইরপ একটি মত প্রচলিত আছে। জাব চন্ত্রলোক হইতে পৃথিবীতে আসে—কেনন বৈদিক দার্শনিকের ইহাই দ্বির বিশাস।

মৃলভত্ব সহজে আমরা দেখিতে পাই, তাঁহারা সাধারণ ডত্ত্বকল বিভ্তভাবে বিবৃত করিতে অভিশন্ন সাহস ও আশুর্য নির্ভীকতা দেধাইয়াছেন। বাহ্ জগৎ হুইতে এই বিশ্ব-রহক্তের মর্মোদ্যাটনে ষ্পাসম্ভব উত্তর তাঁহারা পাইয়াছিলেন। আর তাঁহারা এরণে যে-সকল মূলভত্ব আবিদার করিয়াছিলেন, ভাহাভে যথন জগৎ-রহস্তের প্রকৃত মীমাংসা হইল না, তথন আধুনিক বিজ্ঞানের বিশেষ প্রমাণদকল উহার মীষাংদায় যে অধিকতর দহায়তা করিবে না, ইহা ৰলা বাছল্য। যদি পুরাকালে আকাশ-তত্ত্ব বিশ্বহন্ত-উদ্ঘাটনে অক্ষম হইয়া থাকে, তাহা হইলে উহার বিভারিত অহুশীলন বারা আমরা সভ্যের অভিমুখে অধিক অগ্রসর হইতে পারিব না। যদি এই সর্বব্যাপী প্রাণ-ডত্ত্ব বিশতত্ত্ব-নির্ণয়ে অক্ষম হইয়া থাকে, তাহা হইলে ইহার বিন্তারিত অনুশীলন নিরর্থক ; কারণ তাহা বিশ্বতত্ত্ব সম্বন্ধে কোন পরিবর্তন সাধন করিতে পারিবে না। আমি বলিতে চাই, ভত্তাহুশীলনে হিন্দু দাৰ্শনিকগণ আ্ধুনিক পণ্ডিভদিগের ভার এবং কথন কখন তাঁহাদের অপেকাও অধিকতর সাহসী ছিলেন। তাঁহারা এমন অনেক ব্যাপক সাধারণ নিয়ম আবিফার করিয়া গিয়াছেন, বেগুলি আজঙ সম্পূর্ণ নৃতন; এবং তাঁহাদের গ্রহে এইরূপ অনেক মতবাদ আছে, বেগুলি বর্তমান বৈজ্ঞানিকগণ আৰও মতবাদৰূপে চিন্তা করিতে পারেন নাই। দুটাশ্বরূপ দেখানো ৰাইভে পাবে বে, ভাহারা কেবল আকাশ-ভবে উপনীড হইয়াই ক্ষান্ত হন নাঁই, আরও অগ্রসর হইয়া সমষ্টি-মনকেও স্কাডর আফালরণে কল্লমা ক্ষিয়াছেন এবং ভাহাত্ব উচ্চে ভ্ষিক্তর স্থ্য আকাশ প্রাপ্ত হ্ইয়াছেন। কিছ ইহাতে কিছুরই দীমাংসা হইল না। এই-সকল তত্ত্ব হুতের উত্তরদানে ব্যক্ষ।

কারণ আমি হংখ-পীড়িত, সকলেই হংখ-পীড়িত হউক—ইহাঙেই আমার পাতি।' এইরণে আমরা আশাবাদ হইতে নিরাশাবাদে বাইতেছি। অতঃপর মৃত্যুর্রণ ভরাবহ ব্যাপার—সমগ্র সংসারই মৃত্যুর মূথে বাইতেছে; সকলেই মরিতেছে। আমাদিগের উন্নতি, বুথা আড়ম্বরপূর্ণ কার্যকলাণ, সমাজসংখার, বিলাসিতা, ঐশ্বর্ণ, জ্ঞান—মৃত্যুই সকলের শেব গতি। একমাত্র ইহাই স্থানিতিত। নগরাদি হইতেছে, বাইতেছে; সাম্রাজ্যের উথান ও পতন হইতেছে—গ্রহাদি থও থও হইরা ধূলির মতো চুর্ণ হইরা বিভিন্ন গ্রহের বায়্মগুলে ইতত্তভ: বিক্লিপ্ত হইতেছে। আনাদি কালই এইরণ চলিতেছে। ইহার লক্ষ্য কি ? মৃত্যুই সকলের লক্ষ্য। মৃত্যু জীবনের লক্ষ্য, সৌন্দর্থের লক্ষ্য, গ্রহ্মের কাল্যু, আমন কি ধর্মেরও লক্ষ্য। সাধু ও পালী মরিতেছে, রাজা ও ভিক্ষুক মরিতেছে—সকলেই মৃত্যুর পথে ধার্মান। তথাপি জীবনের প্রতি এই বিষম আসক্তি রহিয়াছে। জানি না, কেন আমরা এ জীবনের প্রতি আগক্ত, কেন ইহা পরিত্যাগ্র করিতে পারি না। ইহাই মায়া।

জননী সস্তানকে সহত্বে লালন করিতেছেন। তাঁহার সমস্ত মন, সমস্ত জীবন ঐ সন্তানের প্রতি আসক্ত। বালক বয়:প্রাপ্ত হইল এবং হয়তো কুচরিজ ও পশুবং হইয়া প্রত্যহ মাতাকে পদাঘাত ও তাড়না করিতে লাগিল। জননী তথাপি পুত্রের প্রতি আসক্ত। যথন তাঁহার বিচারশক্তি আগরিত হয় তথন তিনি পুত্রংক স্নেহের আবরণে আবৃত করিয়া রাখেন। তিনি কিছ জানেন না, ইহা স্বেহ নহে—এক অজ্ঞেয় শক্তি তাঁহার স্বায়ুমগুলী অধিকার করিয়াছে। তিনি ইহা পরিত্যাগ করিতে পারেন না। তিনি ষ্তই চেষ্টা ক্লন না, এ বন্ধন ছিল্ল করিতে পারেন না। ইহাই মানা।

আমরা দকলেই করিত স্বর্ণলোমের আরেষণে ছুটিয়া চলিয়াছি, প্রত্যেকেরই
মনে হয়, আমিই ইহা পাইব; জ্ঞানবান্ ব্যক্তিমাত্রেই বুরিতে পারেন, এই
স্বর্ণলোম লাভের সভাবনা তাঁহার হয়তো বিশ লক্ষের মধ্যে এক। তথাপি
প্রত্যেকেই উহার জন্ম কঠোর চেটা করেন; ইহাই মায়া।

ইছ সংসাবে মৃত্যু দিবারাত্র সগর্বে বিচরণ করিছেছে; আমাদের বিশাস— আমরা চিরকাল জীবিত থাকিব। কোন সময়ে রাজা মুধির্চিরকে জিলাসা

ত Golden Fleece : প্রীকপুরাণে উহা Argonautic Expedition সামে ব্যাত।

করা হয় শ এই পৃথিবীতে পর্বাণেকা আকর্ষ কি? রাজা উত্তর দিরাছিলেন, 'প্রতাহই চারিদিকে সাহ্য মরিভেছে, ভবাপি মাহ্য মনে করে, সে কথনই মরিবে না।' <u>ইয়াই মায়া।</u>

আমাদের বৃদ্ধি, জান ও জীবনের প্রতি ঘটনার মধ্যে সর্বত্তই এই বিষয় বিরুদ্ধভাব রহিয়াছে। হুখ তৃঃখের এবং হুঃখ হুখের অহুগাসী হইভেছে। একজন সংস্থারক আবিভূতি ইইয়া জাতি-বিশেষের দোবদমূহ প্রতিকার করিবার জন্ম বত্ববান্ হইলেন; প্রতিকারের পূর্বেই অপর দিকে অক্স সংপ্রপ্রকার দোষ দেখা দিল। এ বেন পভনোমুখ ছটালিকার মভো, এক ছানে জীর্ণদংস্কার করিতে করিতে অপরদিকে ভাতন ধরে। ভারতীয় নারীগণের বাধ্যভামূলক বৈধব্য-জনিত তৃঃখ প্রভিকারের জস্ত আমাদের সংস্থারকগণ প্রচার করিভেছেন। পাশ্চাভ্যে বিবাহ না হওয়াই প্রধান দোব। একস্থানে কুমারীদের পাহায়া করিডে হইবে, ভাহারা তুথ পাইভেছে; অক্সন্থানে বিধবাদের সাহায্য করিতে হইবে, ভাহারা কট পাইভেছে। দেতের পুরাতন বাডব্যাধির মতো মাথা হইতে তাড়িত হইয়া ইহা শরীবের অন্ত স্থান আশ্রয় করিতেছে, আবার সেধান হইতে পাদদেশ আক্রমণ করিতেছে। সংস্থারক আসিয়া সাধারণের মধ্যে প্রচার করিলেন—বিশ্বাধন কৃষি কয়েকজনের মধ্যে দীমাবদ থাকিবে না, ভাহারা এগুলি সকলের আয়ন্তের মধ্যে আনিবার চেষ্টা করিলেন। ইহাতে কেহ কেহ এক হিসাবে কডকটা স্থী হইল বটে, কিন্ত জ্ঞানামূলীলন ষ্ডই বেশী হইতে লাগিল, শারীরিক স্থ্য ডডই হয়ডো অন্তর্হিত হইতে লাগিল। এখন স্থাবে জান হইতেই যে ছঃখের জান আসিভেছে! কোন্পৰে ঘাইব ? আমবা যে সামান্ত হথ ভোগ করিভেছি, ষ্মস্ত কোথাও দেই পরিমাণ হৃঃখ উৎপন্ন হইতেছে। ইহাই নির্ম। যুবকেরা হয়তো ইহা পাই বৃঝিতে পারিবে না। কিছ যাহারা দীর্ঘদিন জীবিত আছেন, ব্দনেক বন্ত্ৰণা ভোগ করিয়াছেন, তাঁহারা ইহা উপলব্ধি করিছে পারিবেন। ইহাই সায়া।

বিবারাত্ত এই-সকল ব্যাপার ঘটিতেছে, কিন্ত এই সমস্তার সমাধান অসম্ভব।
এইরুর হইবার কারণ কি ? এ প্রশ্নের উত্তর দেওরা অসম্ভব। কারণ প্রশ্নটি
বৃক্তিসকতভাবে উত্থাশিতই হইতে পারে না; যাহা ঘটিতেছে তাহার না
আহে 'কেন', না আহে 'কি ভাবে'; আমরা তথু আনি ইহা ঘটিতেছে, আমরা

আর কিছুই করিতে পারি না। আমরা ইহাকে এক মুহুর্তও স্থির ধানিতে পারি না—প্রতি মুহুর্তেই ইহা আমাদের হাতের বাহিরে চলিয়া বাইতেছে। এ অবস্থার কি ভাবে আমরা এ সমস্রার সমাধান করিব— আমরা বে কখন কখন নি: স্বার্থভাবে কাজ করিয়াছি, পরোপকারের চেটা করিয়াছি, দেইগুলি স্মরণ করিয়া ভাবিতে পারি— কেন, ঐ কাজগুলি ভো আমরা রবিয়া-স্বিয়া, ভাবিয়া-চিন্ডিয়া করিয়াছিলাম, কিছ প্রকৃতপক্ষে আমরা দেগুলি না করিয়া থাকিতে পারি নাই বলিয়াই ঐরূপ করিয়াছিলাম। আমাকে এই স্থানে কাড়াইয়া বক্তৃতা দিতে হইতেছে আর আপনাদিগকে বদিয়া উহা শ্রবণ করিছে ছইতেছে—ইহাও আমরা না করিয়া থাকিতে পারি না বলিয়াই করিতেছি। আপনারা গৃহে ফিরিয়া যাইবেন, হয়তো কেছ ইহা হইতে যৎদামান্ত শিক্ষালাভ করিবেন, অপরে হয়তো মনে করিবেন লোকটা অনর্থক বকিতেছে। আমি বাড়ি যাইয়া ভাবিব, আমি বক্তৃতা দিয়াছি। ইহাই মায়া।

অতএব এই দংদারগতি-বর্ণনার নামই মায়া। দাধারণতঃ লোকে এ কথা শুনিয়া ভয় পায়। আমাদিগকে সাহদী হইতে হইবে। অবস্থার বিষয় গোপন কবিলে রোগের প্রতিকার হইবে না। কুকুর দারা অফুস্ত হইয়া শশক বেরুপ মাটিতে মাথা লুকাইয়া নিজেকে নিরাপদ মনে করে, আমন্ত্রা আশাবাদী বা নিরাশাবাদী হইয়া অবিকল সেই শশকের মজো কাল করিছেছি। ইহা বোগমুক্তির ঔষধ নহে।

অপর পক্ষে—ইহজীবনের প্রাচ্ব, ত্থ ও সাছ্যন্য-তোগিগণ এই মারাবাল সহকে বিশুর আপত্তি উত্থাপন করেন। এদেশে—ইংলতে নিরাশাবালী হওয়া কঠিন। সকলেই আমাকে বলিভেছেন—জগতের কাজ কি ফুলবরূপে সম্পন্ন হইতেছে! জগৎ কিরুপ উন্নতিশীল! কিন্তু তাঁহারা নিজেদের জীবনকেই তাঁহাদের জগৎ বলিয়া জানেন। প্রাতন প্রশ্ন উঠিতেছে—জীইধর্মই পৃথিবীন্মিয়ে একমাত্র ধর্ম, কারণ প্রীইধর্মাবলখী জাতিমাত্রেই সমুদ্দিশালী। ক্রিছ্ম এইরুপ উক্তি স্ববিরোধী। যেহেতু অপ্রীইান জাতিদের ফুর্তাগ্যই জীইান্দ্র সৌভাগ্যের কারণ। শোষণবোগ্য কতকগুলি জাতি বেং হাই। সমস্ক পৃথিবী প্রীইধর্মাবলখী হইলে, শিকার-স্কর্ম অপ্রীইান জাতির আছির মা
পাকিলে প্রীইানজাতিগুলিই দ্বিত্র হইরা বাইবে। স্ক্রোং এ মৃক্ষি নিজেকেই ব্যুল ক্রিরাছে। উত্তিক্ষ প্রাদির খাছ, মহন্ত প্রাদির জোক্ষা, ক্রম্ব

স্বাপেক্শ'গ্র্তি ব্যাপার—সমুদ্ধ পরস্পরের, ত্র্ব বল্বানের ভক্ষা হট্যা বহিয়াছে। এট্রপ স্ব্রুট বিভয়ান। ইহাই মায়া।

এ বহুতের তুমি কী মীমাংসা কর ? আমরা প্রভাইই অভিনব যুক্তি ভানিয়া থাকি। কেই বলিভেছেন, চরমে কেবল মকলই থাকিবে। খীকার করিয়া লইলাম এরূপ সম্ভব, কিছু এইরূপ পৈশাচিক উপায়ে মঞ্ল উৎপর হুইবার কারণ কি ? পৈশাচিক রীভি ব্যভীত শুধু মঞ্লের মধ্য দিয়া কি মঞ্ল সাধিত হয় না ? মানবজাতির ভবিশ্বৎ বংশধরণণ স্থবী হুইবে, কিছু এখন কেন এই ভয়ানক তুংখ ব্যবা! ইহার মীমাংসা নাই। ইহাই মায়া।

এরণ শোনা যায়, দোষাংশের ক্রমপরিহার ক্রমবিকাশবাদের প্রকটি বিশেষজ্ব, সংসার হইতে জ্বয়াগত এইরূপ দোষভাগ পরিত্যক্ত হইলে অবশেষে ক্রেবল মদলই থাকিবে। ইহা শুনিতে অতি অন্দর। এ সংসারে বাহাদের व्यार्क् च्याब्ह, याशास्त्र व्यक्तार कर्यात यज्ञना मञ् कतित्व रुप्र ना, याशस्त्रिक তথাকথিত ক্রমবিকাশের চক্রে নিম্পেষিত হইতে হয় না, এরপ নিদ্ধান্ত ভাহাদের দাভিকতা বাডাইতে পারে। সভ্যই ইছা ভাহাদের পক্ষে অভিশয় হিডকর ও শান্তি প্রদ। সাধারণ লোকেরা বন্ত্রণা ভোগ কলক—ভাহাদের ক্ষতি কি ? নাধারণ লোক মারা বায়—দেকক তাহারের কি ? বেশ কথা, কিছু এ যুক্তি আগাগোড়া অমপূর্ণ। প্রথমতঃ ডাহারা বিনা প্রমাণে স্বীকার করিয়া লয় যে, জগতে অভিব্যক্ত মুখল ও অমুখলের পরিমাণ নির্দিষ্ট আছে। বিভীয়তঃ ইহা অংশকা দোষাবহ এ কথা খীকার করা যে, মকলের পরিষাণ ক্রমবর্ধযান, এবং অসমকলের পরিমাণ নির্দিষ্ট। অভএব এমন সময় উপস্থিত ছইবে, ব্ধন অমুদ্ধা-ভাগ এইক্লপে ক্রমুশঃ পরিত্যক্ত হুইয়া একেবারে নিঃশেষিত হুইবে, ভুখন **दिवन मक्नारे शांकिरन। अक्रम यम। चिक्र महत्व। किन्ह चमनम रव कमनः** कमिर्छर्ड, हेश कि क्षेत्रांव करा बाद ? अभवन कि क्रमण्डे वांज़िर्ड्ड मा ? একজন অরণ্যবাদী মাহ্য, যে মনোবৃত্তি-পরিচালনায় অনভিজ্ঞ-একথানি পুশুক্পাঠের অসমর্থ, হন্তলিপি কাহাকে বলে ভাহা শোনে নাই, আৰ ভাহাকে কভবিকভ কর, কাল সে হুত্ হুইয়া উঠিবে। শাণিত শল্প ভাহার भवीद्वय मध्य खादम कवारेया वारिव कवित्रा चात्ना, ख्याणि तम नीवरे

Darwin's Theory of Evolution.

আরোগ্যলাভ করিবে; কিন্তু পথ চলিতে একটু আঁচড় লাগিলৈই আমরা মবিয়া বাই। শিল্পন্ত ত্র্যাদি স্থলভ করিতেছে, উন্নতি ও ক্রমবিকাশ হইভেছে; কিছু একজন ধনী হইবে বলিয়া লক্ষ লোককে নিম্পেষিত করিতেছে; একজন ধনশালী হইতেছে, একইকালে সহস্র সহস্র ব্যক্তি দরিজ হইতে দ্বিত্রতর হইতেছে, দ্বকে দ্ব মাসুষ ক্রীভদাবে পরিণত হইভেছে। এইভাবেই চলিয়াছে। পশুমানবের অহভৃতি ইন্দ্রিয়েই আবদ্ধ; বলি সে প্রচুর আহার না পায়, কিংবা যদি ভাহার শারীরিক অহুত্তা ঘটে, সে তুর্দশাগ্রন্ত হয়। ইন্দ্রিয়েই ভাহার ক্থ-চু:থের আরম্ভ ও শেষ। বধন এরূপ ব্যক্তির উন্নতি হইতে থাকে, হুথের সীমারেখার বিভৃতির সঙ্গে সঙ্গে তাহার ছঃখের পরিধিও সমপরিমাণে বর্ধিত হয়। অরণ্যবাসী মাহুষ ঈর্ধা জানে না, বিচারালয় জানে না, নিয়মিত কর দিতে জানে না, সমাজকতু ক নিন্দিত হইতে জানে না, পৈশাচিক মানব-প্রকৃতি-সম্ভূত যে ভীষণ শাসন্যন্ত্র প্রভ্যেকটি মাণ্ডবের মনের গোপন কথাও জানিয়া লইতে চায়, ভাহা ঘারা সে দিবারাত শাসিড হইডে বানে না। সে জানে না—ভান্ত গবিত মামুষ কিরুপে পশু অপেকাও সহস্তঞ্জ পৈশাচিকস্বভাব প্রাপ্ত হয়। এইরূপে আমরা যথনই স্থুল ইন্দ্রিয়ামুভূতির উর্ধে উঠিতে থাকি, আমাদের স্থামুভবের উচ্চতর শক্তির উল্মেবের সহিত তৃ:খাছভবের শক্তিও বিকশিত হয়। স্নায়ুমণ্ডল স্ক্ষতর হইরা অধিক বল্লণা অহুভব করিতে সমর্থ হয়। সকল সমাজেই ইহা অহরহ: দেখা বাইভেছে বে, মূর্থ সাধারণ মাহুষ তিরস্কৃত হইলে বেশী ছঃথ অহুভব করে না, কিছ প্রছারের আভিশব্য হইলে ক্লিষ্ট হইরা থাকে। শিক্ষিত ভদ্রলোক কিছ একটি কথার তিরস্বারও সহু করিতে পারেন না, তাঁহার স্বায়ুমণ্ডল এত সুদ্ধ হইরাছে! তাঁহার স্থাহভূতি সহজ হইয়াছে বলিয়া তাঁহার তু:খও বাড়িয়াছে। দার্শনিক পণ্ডিতগণের—ক্রমবিকাশবাদীদের মত ইহার বারা বিশেষ প্রমাণিত হয় না। আমাদের হুখী হইবার শক্তি যতই বৃদ্ধি পায়, যদ্রণাভোগের শক্তি সেই পরিমাণে বর্ধিত হইয়া থাকে। কথন কথন আমার মনে হয়, আমাদের স্থী হটবার শক্তি যদি সমযুক্তান্তর শ্রেণীর নিয়মে অগ্রসর হয়, লপর দিকে অস্থী হইবার শক্তি সমগুণিতাম্বর শ্রেণীর নিরমে বর্ধিত হইবে। অরণ্যবাসী

> A. P. (Arithmetical Progression): 2, 8, 4, 7, 3. ..

२ G. P. (Geometrical Progression) : २, ८, ४, ४७, ७५

রাহ্য কর্মান্ত সমকে বেশী অভিজ্ঞ মহে। কিছ উন্নতিশীল আমরা আনি, বভই আমরা উন্নত হইব, তভই আমারের স্থক্তবের অস্থতবদক্তি তীত্র হইবে। ইহাই মারা।

শতএব শাষরা দেখিছেছি, সায়া সংসার-রহত্তের ব্যাখ্যার নিমিত্ত নতবাদবিশের নহে,—সংসারের ঘটনা বেন্ডাবে বর্তমান রহিয়াছে, তাহারই বর্ণনামাত্র। বিশ্বন্ডাবই শাসাদের শতিছের ভিত্তি; সর্বত্র এই ভয়ানক বিশ্বন্ডভাবের মধ্য দিয়া শাসরা চলিডেছি। বেধানে মন্তল, সেইধানেই অমন্তল। বেধানে অমন্তল, সেইধানেই মন্তল। বেধানে জীবন সেইধানেই হায়ার মডে। মৃত্যু তাহার অহুসরণ করিতেছে। বে হাসিতেছে, তাহাকে কাঁদিতে হইবে; বে কাঁদিতেছে, সে হাসিবে। এ অবস্থার প্রতিকারও সম্ভব নয়। আমরা অবস্তু এমন শান করনা করিতে পারি, বেধানে কেবল মন্তলই থাকিবে, অমন্তল থাকিবে না; বেধানে আমরা কেবল হাসিব, কাঁদিব না। কিন্তু বধ্ন এই-সকল কারণ সম্ভাবে সর্বত্র বিভ্যান, তথন এরণ সংঘটন স্বত্তই অসম্ভব। বেধানে আমাদিগকে হাসাইবার শক্তি আছে, কাঁদাইবার শক্তিও সেইধানেই প্রচ্ছের বহিয়াছে। বেধানে হ্বেথাৎপাদক শক্তি বর্তমান, ত্ব্বন্ধন ক শক্তিও সেইধানে লুকায়িত।

অতথা বেলাজনর্শন আশাবাদী বা নৈরাশ্রবাদী নহে। বেলাজ এই হুই
মন্তবাদই প্রচার করিভেছে; ঘটনাসকল বেভাবে বর্তমান, বেলাজ সেভাবে
সেগুলি গ্রহণ করিভেছে; অর্থাৎ বেলাজমতে এ সংসার মধল ও অমধল,
ক্থা ও ছংখের মিশ্রণ; একটিকে বর্ধিত কর, অণরটিও লকে সঙ্গে বৃদ্ধি
পাইবে। কেবল ক্থেব সংসার বা কেবল ছংখের সংসার হুইতে পারে না।
এরপ ধারণাই ঘবিরোধী। কিন্তু এরপ বিলেষণ ঘারা বেলাজ এই একটি
মহারহাজের উল্লোটন করিয়াছেন বে, মধল ও অমধল ছুইটি সম্পূর্ণ বিভিন্ন
পৃথক্ সত্তা নহে। এই সংসারে এমন একটি বছ নাই, ঘাহা সম্পূর্ণ মধলমনক
বা সম্পূর্ণ অমধলমনক বলিয়া অভিহিত হুইতে পারে। একই ঘটনা, যাহা
আজ শুলুজনক বলিয়া অভিহিত হুইতে পারে। একই ঘটনা, যাহা
আজ শুলুজনক বলিয়া বোধ হুইভেছে, কাল ভাহাই আবার অশুত বোধ
ছুইতে, পারে। একই বজ, বাহা একজনকে ছুংবী করিভেছে, ভাহাই
আবার অপরের প্রথ উৎপাধন করিছে পারে। ধে অগ্নি শিশুকে দক্ষ করে,
ভাহাই আবার অন্যন্তরিই ব্যক্তির উপাদের আহার বছন করিছে পারে।

বে লায়মগুলীর খাবা তৃঃধবাধ অন্তরে প্রবাহিত হয়, ক্থবাধন ভালাই যারা অন্তরে নীত হয়। অনলল-নিবারণের একমাত্র উপায় মদল-নিবারণ; উপায়ান্তর নাই, ইহা নিশ্চিত। মৃত্যু বারণ করিতে হইলে জীবনও বারণ করিতে হইবে। মৃত্যুহীন জীবন ও তৃঃধহীন ক্রথ শ্বিরোধী বাক্যু, কোনটিকেই একা পাওয়া যায় না। ছই-ই একই বন্ধর বিকাশ। গভকাল যাহা শুলায়ক মনে করিয়াছিলাম, আদ্ধ তাহা করি না। ব্যবন আমরা অতীত জীবন পর্বালোচনা করি, বিভিন্ন সময়ের আদর্শসকল আলোচনা করি, তথনই ইহার সত্যতা উপলব্ধি করি। এক সময়ে তেজস্বী অন্যুগল চালনা করাই আমার জীবনের আদর্শ ছিল। এখন এরপ চিন্তা করি না। শৈশবাবস্থায় মনে করিতাম, মিটার-বিশেষ প্রস্তুত করিতে পারিলে আমি পুর ক্রথী হইব। অন্ত সময়ে মনে হইত, ত্রীপুত্র ও প্রচুর টাকাকড়ি হইলেই বথার্য ক্রথী হইব। এখন এগলকে ছেলেমান্থ বিনে করিয়া হালিয়া থাকি।

বেদান্ত বলেন, এমন এক সময় আসিবেই আসিবে, বধন আমরা পিছমের দিকে তাকাইব, এবং বে-সকল ভাবাদর্শের জন্ম আমরা ব্যক্তিত্ব পরিহার করি:ত ভয় পাইতেছি, দেগুলিকে আমরা বিজ্ঞাপ করিব। সকলেই নিজ নেহ বাঁচাইয়া বাখিতে ব্যগ্র, কেহই ইহা ত্যাগ করিতে ইচ্ছা করে না। এই দেহ যতকাল ইচ্ছা তভকাল বক্ষা কবিতে পাবিলে অভ্যন্ত স্থী হইৰ, আমরা এইরপই ভাবিয়া থাকি। কিছু এমন সময় আসিবে, বধন এ কথা শ্বরণ করিয়া আমরা হাসিয়া উঠিব। অভএব যদি আমাদের বর্তমান অবস্থা সঞ্চৰ নয়, অসত্যও নয়, উভয়ের সংমিশ্রণ—ছু:খও নয়, স্থও নয়, উভয়ের সংমিশ্রণ— এইরূপ বিষমবিরুদ্ধ-ভাবাপর হয়, তবে বেদান্তের আৰম্ভকতা কি ? অক্সাঞ্চ দর্শনশাস্ত্র ধর্মমতগুলিরই বা প্রয়োজন কি ? সর্বোপরি শুভকর্ম করিবারই বা কি প্রয়োজন ? এই প্রশ্ন মনে উদিত হয়। লোকে জিজাসা করিবে--- মনি অভত ছাড়া ভত হয় না, যদি তথ উৎপন্ন করিতে গেলেই সর্বলা জুংখন উৎপন্ন হয়, তবে এ-দকলের আবশ্রকতা কি ? ইহার উত্তরে বলা বায়-প্রথমতঃ ছুঃশ লাখৰ কৰিবাৰ উদ্দেশ্যে তোমাকে কৰ্ম কৰিডেই হুইবে, স্বাৰণ নিজেকে খুকী করিবার ইহাই একমাত্র উপায়। আমরা প্রত্যেকে নিম্ন নিম্ন জীবনে, 🗫 वा विनार एउक, रेशव वर्षार्थका वृधिया पाकि। क्षेत्रवृद्धि लाक किছू मध्य, অভূৰ্ত্তি কিছু বিগৰে ইহা ব্বিতে পাৰেন। অভূৰ্ত্তি লোক উৎকট বছুলা

ভোগ করিয়া, ভীমুবুকি শল্প বল্লণা শাইয়া ইহা শাবিকার করেন। বিভীয়ভঃ লামাদিগকে পামাদের কর্তব্য করিয়া যাইতে হইবে, কারণ স্থান্থ্যমূল বিপরীভভাবপূর্ণ জীখনের বাহিবে বাইবার ইহাই একমাত্র পথ। স্থা ও ছঃধ—উভয় শক্তিই জগংকে আমাদের জন্ত জীবত রাধিবে, যভদিন না আমরা খপ্ল হইতে জাগরিত হই এবং এই মাটির পুতৃল গড়া পরিভ্যাপ করি। আমাদের এ শিকালাভ করিতে হইবে; শার ইহা শিকা করিতে দীর্ঘকাল লাগিবে।

'শ্বনন্থই লাভ হইয়াছেন'— স্বার্যানিতে এই লিকান্ডের ভিত্তির উপর দর্শনশাস্থ-প্রণরনের চেটা হইয়াছিল। এরপ চেটা এখনও ইংলঙে হইডেছে।
কিছু এই-সকল দার্শনিকের মত বিশ্লেষণ করিলে পাওরা বায়—অনস্তব্ধরণ
নিজেকে কগতে ব্যক্ত করিতে চেটা করিতেছেন। একদিন অনস্ত নিজেকে
ব্যক্ত করিতে সমর্থ হইবেন। ইহা অভি প্রতিমধ্র এবং আমরা অনস্ত,
বিকাশ, অভিব্যক্তি প্রভৃতি দার্শনিক শন্তর ব্যবহার করিলাম। কিছু দার্শনিক
পণ্ডিভেরা স্থভাবতই ভিজ্ঞালা করেন: লাভ কিছুপে অনস্ত হইতে পারে,
এ নিছান্তের স্থায়াহণত মূলভিত্তি কি ? নিরপেক ও অনভ সভা লোগাধিক
হইরাই এই জগৎরূপে প্রকাশিত হইয়াছেন। এছলে সকলই নীমাবদ্ধ
থাকিবে। বাহা কিছু ইন্দ্রির মন-বৃদ্ধির মধ্য দিয়া আদিবে, ভাহাকে স্বভই
নীমাবদ্ধ হইতে হইবে; অভএব স্থীনের অদীম্ব-প্রাপ্তি নিভান্ত অসম্ভব।
ইহা হইতে পারে না।

পকাৰ্ত্যে বেলাশ্ব ধলিভেছেন, সভ্য বটে নিরপেক বা অনন্ত সন্তা নিজেকে লাজরপে ব্যক্ত করিছে চেটা করিছেছেন, কিছু এমন সময় আদিবে, বখন এই উজোগ অনন্তৰ বৃদ্ধিয়া ভাহাকে পশ্চাৎপদ হইছে হইবে। এই পশ্চাৎপদ হওছাই বথার্থ ধর্মের আরন্ত। বৈরাগ্যই ধর্মের ক্ষুদ্রা। আজকাল বৈরাগ্য-বিষয়ে কথা বলা বড় অপ্রীতিকর। আমেরিকায় আমাকে বলিভ, আমি ক্মে পাঁচ সহজ্র বংসর পূর্বের কোন অতীত ও বিস্থু গ্রহ হইছে আদিয়া বৈরাগ্যবিশ্বে উপদেশ দিভেছি। ইংলভের দার্শনিকগণও হরভো এইরপই বলিবেন। কিছু বৈরাগ্যই সভ্য এবং ধর্মলাভের এক্ষাত্র পথ। চেটা করিয়া

> Hegel's Absolute Mind

দেশ, যদি অন্ত পথ খুঁ জিয়া পাও; কথনই পাইবে না। এমন সমস্পানিবে, বখন অভয়াত্মা ভাগিয়া উঠিবে, এই দীর্ঘ বিষাদময় স্থাদর্শন হইতে ভাগ্রভ হইবে; শিশু খেলা ছাড়িয়া জননীর নিকট ফিরিয়া বাইতে উন্নত হইবে, বুঝিবে:

> ন জাতৃ কাম: কামানাম্পভোগেন শাম্যতি। হবিবা কৃষ্ণবত্মে ব ভূম এবাভিংধতে॥

—কাম্যবস্থৰ উপভোগে বাদনাৰ কখনও নিবৃত্তি হয় না, দ্বভাছতিৰ **দা**ৱা অগ্নির মতো বাসনা ববং বাড়িভেই থাকে। এইরূপ কি ইন্সিংবিলাস, কি ৰুদ্ধিবৃত্তির পরিচালনাঞ্জনিত আনন্দ, কি মানবার্ত্মার উপজ্ঞোপ্য সর্ববিধ স্থম---সবই শৃশ্ত, সকলই মায়ার অন্তর্গত। সকলই এই সংসারভালের অন্তর্গত, আমরা উহাকে অভিক্রম করিতে পারি না। আমরা মায়ালালের মধ্যে অনস্তকাল ছুটাছুটি করিতে পারি, কিন্তু শেষ পাইব না ; এবং ষধনই এক কণা হুৰ পাইবার চেষ্টা করিব, তথনই রাশি রাশি ছু:গ আমাদিগকে চাশিয়া ধরিবে। কি ভয়ানক অবস্থা! যখন আমি ব্যাপারটি ভাবিতে চেটা করি, चांगात निःमः भग्न चन्नुक् हि हम, हेहाहे माम्रावार-मकनहे माम्रा ; এই वाकाहे ইহার একমাত্র এবং সর্বাপেকা ভাল ব্যাখ্যা। এ সংসারে কি তুঃখরাশিই না * বর্তমান! বলি আপনার। বিবিধ জাভিব মধ্যে পরিভ্রমণ করেন, বুঝিছে পারিবেন যে, এক জাতি তাহার দোষভাগ এক উপারে প্রতিকার করিছে চেষ্টা করিয়াছে, অপর জাতি অক্ত উপান্ন অবলম্বন করিয়াছে। সেই একই দোষ বিভিন্ন জাতি বিভিন্ন উপায়ে প্রতিকার করিতে চেষ্টা করিয়াছে, কিছ কেহই কৃতকাৰ্য হয় নাই। यनि লোষগুলি ক্ৰমশং ভ্ৰাদ কৰিয়া একমিকে নিবদ্ধ করা যায়, অপরদিকে রাশি রাশি অশুত সঞ্চিত হইতে থাকে। ইহার পঞ্চিই এইরপ। হিন্দুগণ জাতীর জীবনে কডকটা দতীত্ব-ধর্মের আদর্শ উচ্চে সুংক্র করিবার জন্ম বালাবিবাহ দারা ভাহাদের সম্ভানগণকে এবং ক্রেমে সমগ্র শাতিকে অধংপাতিত করিয়াছে। কিন্তু এ কথাও খাষি খৰীকার করিতে পারি না যে, বালাবিবাছ হিন্দুছাতিকে পবিত্রভায় ভূষিত করিয়াছে। कि চাও ? যদি জাতিকে সভীত্বধর্মে সমধিক ভূবিত করিছে চাও ভাচা ছইলে এই বাল্যবিবাহ বারা সমস্ত জী-পুরুষের শরীর তুর্বল করিছে ছইবে। , অপর-নিকে ইংলতে ভোষাদের অবস্থাই কি খুব ভাল? কথনই নয়। কার্প

> विकृश्तांव--- 81>01>

शिवकार्ट कांकिव कीवनी-मक्ति। कृति कि देखिहारा गका कत नाहे रह অপবিত্রতার বধ্য দিয়াই জাভিয় মৃত্যুচিক বেশা দেয় ?—বধন বৌন অপবিত্রভা কোন জাভির মধ্যে তাকেশ করে, তাধনই বুঝিতে হুইবৈ উহার বিমাশ আসর। এই-সকল হঃবজনক সবস্তার বীবাংলা কোথার? বঢ়ি পিতা-মাতা নিজ সম্ভানের ক্ষম্ম পাত্র বা পাত্রী নির্বাচন করেন, তাহা হইলে এই দোব অনেকটা নিবারিত হয়। ভারতের কল্পাগণ ষভটা ভাবপ্রবণ ভদগেকা অধিক কাৰ্বসুশল। ভাহাদের জীবনে কাব্য খুবই কম। কিন্তু যদি লোকে নিজেয়াই খামী ও খ্রী নির্বাচন করে, ভাছাতেও অধিক হুখ হয় না। ভারতীয় নামীগণ দাধারণভঃ বেশ হুখী। স্বামী-দ্রীর মধ্যে কলছ খুব বেশী হর না। শক্ষান্তরে যুক্তরাট্রে—বেখানে স্বাধীনভার স্বাভিশ্ব্য বিভয়ান, সেধানে অস্থী পরিবার ও হঃধকর বিবাহের সংখ্যা অনেক। আমি বে-কোন সভায় গিয়াছি, দেখানেই শুনিয়াছি--সভায় উপস্থিত এক-ভৃতীয়াংশ নারী তাহাদের পতিপুত্রকে দূর করিয়া দিয়াছে। এইরপই সর্বত্র। ইহাতে কি প্রকাশ পাইভেছে? প্রকাশ পাইভেছে যে, এই-সকল আদর্শ দারা অধিকতর হৃথ অর্জিত হয় নাই। আমরা সকলেই হৃথের জন্ত আপ্রাণ চেষ্টা कतित्विह, किन्न अकिंदिक किंदू इस शाहेत्व ना शाहेत्वहें व्यक्तित्क मृत्य উপহিত হইতেছে।

তবে কি আহরা শুভ কর্ম করিব না? করিব বইকি—পূর্বাণেকা বেশী উৎসাহের সহিত আমাদিগকে কাজ করিতে হইবে। কিন্তু এই আমা আমাদের উৎকট বাড়াবাড়িও ধর্মান্ততা দূর করিবে। ইংরেজ আর উন্তেজিত হইরা হিন্দুকে 'ও: পৈশাচিক ছিন্দু! নারীগণের প্রতি কি অসং ব্যবহার করে!'—এই বলিরা অভিলাপ দিবে না। সে বিভিন্ন জাতির রীতিনীতি বার্ছ করিতে নিবিবে। ধর্মান্ততা অল হইবে এবং কাজ বেশী হইবে। ধর্মান্ত লোকেরা কাজ করিতে পারে না। তাহারা শক্তির ভিন-চতুর্থাংশ রুখা বার করে। বীর প্রশান্তভিন্ত বাত্তবজ্ঞানসম্পন্ন ব্যক্তিরাই কাল করেন; অভএই আই জান হারা কাজ করিবার শক্তি বৃদ্ধি পাইবে। অবহা এইরপই আনিরা ভিতিকা বৃদ্ধি পাইবে। তৃংধ ও অনজন আমাদিগকে ভারসাম্য হইতে বিচ্যুত করিতে পারিবে না এবং ছারার পিছনে থাকিত করিবে না। হুডরাং সংগ্রেমণিতি এইরপ স্থানিরা আমরা সহিক্ষ হইব। ধরা বাক, সকল যাহবেই

দোষশৃত্য হইবে, তাবপর পশুকুল ক্রমে মানবন্ধ প্রাপ্ত হইবে এবং পূর্ববং সব অবস্থাব মধ্য দিয়া অগ্রসব হইতে থাকিবে, উদ্ভিদ্দিগেবও গতি ঐরপ। কিন্তু কেবল একটা জিনিদ স্থনিশিত—এই মহতী নদী সমুদ্রাভিম্থে প্রবল বেগে প্রবাহিত হইতেছে, উহাব জলবিন্দুগুলির প্রত্যেকটি অনস্ভ বাবিধিবক্ষে বিলীন হইবে। অতএব সমস্ভ ছংখ ও ক্রেশ, আনন্দ হাস্ত ও ক্রেশনের সহিত জীবন যে সেই অনম্ভ সমুদ্রাভিমুখে প্রবলবেগে ধাবিত হইতেছে, ইহা নিশিত। —তৃমি আমি, জীব উদ্ভিদ ও সামাত্য জীবাণুপর্যন্ত, যে খেখানে রহিষাছে, সকলেই সেই অনম্ভ জীবন-সমৃদ্রে উপনীত হইবে, মৃক্তি বা ঈশ্বর লাভ করিবে, ইহা কেবল সম্যাণেক্ষ।

পুনরায় বলিতেছি, বেদাস্ত আশাবাদী বা নিরাশাবাদী নহে। এ সংসার কেবল মঙ্গলময় বা কেবল অমঙ্গলময—এইরূপ মত বেদান্ত ব্যক্ত করে না। বেদাস্ত বলিতেছে, মঙ্গল ও অমঙ্গল উভয়েরই মূল্য সমান। ইহারা এইরূপে পরস্পব সম্বন্ধ হইয়া রহিয়াছে। <u>সং</u>সার এইরূপ **জা**নিয়া সহিফুতার সহিত কর্ম কর। কি জ্ঞা কর্ম করিব ? যদি সংসারের অবস্থা এইরপ, আমরা কি কবিব? অজ্ঞেরবাদী হই না কেন ? আধুনিক অজ্ঞেয়-বাদীরা ও জানেন, এ রহস্তের মীমাংসা নাই, বেদান্তের ভাষায় বলিতে গেলে -এই মায়াপাশ হইতে অব্যাহতি নাই। অতএব সম্ভূষ্ট হুইয়া জীবন ভোগ কব। এথানেও একটি অতি অসঙ্গত মহাভ্রম বহিয়াছে। তুমি ষে-জীবন দাব। পরিরত হত্যা বহিয়াছ, সেই জীবন সম্বন্ধে তোমার জ্ঞান কিরুপ ? জীবন বলিতে তুমি কি কেবল পঞ্চেত্রিয়ে আবদ্ধ জীবনই বুঝ ? ইন্দ্রিয়জ্ঞানে আমবা পশু হইতে দামাগ্রই ভিন্ন। কিন্তু আমি বিশাস করি, এ-স্থানে উপস্থিত এমন কেহ নাই গাহার জীবন কেবল ইন্দ্রিয়েই আবদ্ধ। অতএব আমাদের বংমান জীবন বলিতে ইন্দ্রিয় অপেক্ষা আরও কিছু বেশী বুঝায়। আমাদের স্থ্য:খের অন্তত্তব, উচ্চাকাজ্ফা এবং চিস্তাশক্তিও তো আমাদের জীবনের প্রধান অঙ্গ , আর দেই উচ্চ আদর্শ ও পূর্ণতার দিকে অগ্রসর হইবার কঠোর চেষ্টাও কি আমাদের জীবনের উপাদান নহে? অজ্ঞেযবাদীদেব মতে জীবন যেভাবে আছে, দেইভাবেই উহাকে ভোগ কর। কর্তব্য। কিন্তু জীবন

> Spencer's Agnosticism

বলিলে দুর্বোপার আদর্শ-অন্নেষণের—পূর্ণতা অভিমুখে অগ্রদর হইবার প্রবল চেষ্টাও বুঝায়। আমাদের এই আদর্শ লাভ করিতেই হইবে। অতএব আমরা অজ্ঞেয়বাদী হইতে পারি না এবং জগং বেভাবে প্রতীয়মান হয়, দেভাবে উহাকে গ্রহণ করিতে পারি না। অজ্ঞেয়বাদী জীবনের আদর্শ-ভাগ বর্জন করিয়া বাকীটুকু সর্বন্ধ বলিয়া গ্রহণ করেন। এই আদর্শ লাভ করা অসম্ভব জানিয়া তিনি ইহার অন্নেষণই পরিত্যাগ করেন। ইহাই স্বভাব. ইহাই জগং; ইহাই মায়া।

বেদাস্তমতে ইহাই প্রকৃতি। কিন্তু কি দেবোপাসনা প্রতীকোপাসনা বা দার্শনিক চিম্তা অবলম্বনপূর্বক আচরিত ধর্ম, অথবা দেবতা পিশাচ প্রেতের গল্প, শাধু ঋষি মহাত্মা বা অবতারের চরিতকথার **শাহা**ষ্যে অহুষ্ঠিত অপরিণত ব। উন্নত ধর্মতগুলির উদ্দেশ্য একই। সকল ধর্মই ইহাকে—এই প্রকৃতির বন্ধনকে অতিক্রম করিবার অল্লবিশুর চেষ্টা করিতেছে। এক কথায় সকলেই মুক্তির দিকে অগ্রসর হইতে কঠোর চেষ্টা কণিতেছে। জ্ঞাতদাবে বা অজ্ঞাতদাবে মাকুষ ৰুঝিয়াছে, দে বন্দী। দে যাহা হইতে ইড্ছা করে, দে তাহা নয়। যে সময়ে—যে মুহুর্তে দে চারিদিকে চাহিয়া দেখিয়াছে, দেই মুহূর্তেই তাহাকে শেখানো হইয়াছে, তখনই সে অহভব করিয়াছে— দে বন্দা। দে আরও বুঝিয়াছে, এই দীমাশৃখলিত হইয়া তাহার অন্তরে কে যেন রহিয়াছেন, যিনি দেহ যেখানে যাইতে পারে না, সেখানে যাইতে চাহিতেছেন। তুর্দাস্ত, নৃশংস, আত্মীয়-স্বজনের গৃহসন্নিধানে গোপনে অবস্থিত, হত্যাপ্রিয় ও তীব্র স্থ্রাপ্রিয়, মৃত পিতৃপুরুষ বা অন্ত ভূত-প্রেতে বিখাসী অতি নিমু ধর্মতগুলিতে আমরা সেই একই প্রকার মুক্তির ভাব দেখিতে পাই। যাঁহারা দেবতার উপাসনা ভালবাদেন, তাঁহারা সেই-সকল দেবতার মধ্যে নিজেদের অপেক্ষা অধিকতর স্বাধীনতা দেখিতে পান--গৃহের দার কন্ধ থাকিলেও দেবতারা প্রাচীরের মধ্য দিয়া আদিতে পারেন; প্রাচীর তাঁহাদিগকে বাধ। দিতে পারে না। এই মৃক্তির ভাব ক্রমেই বর্ধিত হইয়া অবশেষে সগুণ ঈশবের আদর্শে উপনীত হয়। ঈশব প্রকৃতির পারে, ঈশব মায়াতীত—ইহাই সেই আদর্শের কেন্দ্রগত ভাব।

আমি যেন শুনিতেছি, সম্মুথে কোন কণ্ঠস্বর উত্থিত হইতেছে, যেন অমুভব করিতেছি—ভারতের সেই প্রাচীন আচার্যগণ অরণ্যাশ্রমে এই-সকল প্রশ্ন বিচার করিতেছেন, বৃদ্ধ ও পবিত্র শ্রেষ্ঠ ঋষিগণ উহার মীমাংসা করিতে অক্ষম হইয়াছেন, কিন্তু একটি যুকে দেই সভামধ্যে দাঁড়াইয়া বলিতেছে: হে দিব্যধামবাদী অমতের পুল্রগণ। শ্রবণ কব, আমি পথ খুঁজিয়া পাইয়াছি, যিনি অন্ধকারের পারে, তাঁহাকে জানিলেই মৃত্যুর পারে যাওয়া ধায়।

শৃথন্ত বিশ্বে অমৃতস্য পুত্রা:। আ যে ধামানি দিব্যানি তমু:॥

বেদাংমেতং পুরুষং মহাস্তম্ আদিত্যবর্ণং তমসঃ পরস্তাং। তমেব বিদিখাংতিমৃত্যুমেতি নালঃ পদ্বা বিছতেহয়নায॥

উপনিষদ হইতে আমুবা এই শিক্ষাই পাইতেছি যে, <u>মায়া</u> আমাদের চারিদিকে ঘিরিষা রহিষাছে এব উহা অতি ভয়ঙ্কর। তথাপি মায়ার মধ্য দিয়া কীজ করিতে হইবে। যিনি বলেন, 'এই নদীতীরে বদিযা থাকি, সমস্ত জল যখন সমূদ্রে চলিয়া যাইবে তখন নদী পাব হইব', তিনি যেমন সফল হন, আর যিনি বলেন, 'পৃথিবী পুণমঙ্গলময় হইলে পব কাজ করিব এবং জীবন উপভোগ করিব', ভিনিও দেইরূপ সাফল্য লাভ কবিয়া থাকেন। মায়ার অহুকুলে পথ নাই, মাযাব বিরুদ্ধে গমনই পথ-এ কথাও শিক্ষা করিতে হইবে। আমর। প্রকৃতির সহায়ক হইযা জন্মগ্রহণ করি নাই, কিন্তু তাহার প্রতিযোগী হইয়াই জ্মিয়াছি। আমরা বন্ধনের কর্তা হইয়াও নিজ্ঞদিগকে বন্ধ কবিতেছি। এই বাডি কোথা ২ইতে আদিল ? প্রকৃতি ইহা দেয় নাই। প্রকৃতি বলিতেছে—'যাও, বনে গিয়া বাস কর।' মানব বলিতেছে—'আমি বাটী নির্মাণ করিব, প্রকৃতির সহিত যুদ্ধ করিব।' সে তাহাই করিতেছে। তথাকথিত প্রাকৃতিক নিয়মের সহিত অবিরাম সংগ্রামই মানবজাতির ইতিহাস এবং মানবই অবশেষে জয়ী হয়। অন্তজগতে আদিয়া দেখ, সেধানেও সেই সংগ্রাম চলিয়াছে, ইহা পশু-মানব ও আধ্যাত্মিক-মানবের সংগ্রাম, আলোক ও অন্ধকারের সংগ্রাম , মাহুষ এখানেও বিজেতা। প্রকৃতির মধ্য দিয়া মাহুষ আপনার মৃক্তির পথ কবিয়া লয়।

১ খেতাখতৰ ডপ ২০ ও ৩৮

অতথ্য আমরা দেখিতেছি, এই মায়া অতিক্রম করিয়া <u>বৈদান্তিক</u> দার্শনিকগণ এমন কিছু জানিয়াছেন, যাহা <u>মায়ার পারে যাইব।</u> জামরা সে অবস্থায় উপনীত হইতে পারি, আমরাও মায়ার পারে <u>যাইব।</u> জামরাও মায়ার পারে <u>যাইব।</u> জামরাও মায়ার পারে <u>যাইব।</u> জামরাও ধর্মেরই ইহা সাধারণ সম্পত্তি। কিন্তু বেদান্তমতে ইহা ধর্মের আরক্তমাত্র, শেষ নহে। যিনি বিশ্বের প্রষ্টা ও পাতা, যিনি মায়াধীশ, মায়া বা প্রকৃতির অধীশর বলিয়া উক্ত হইয়াছেন, সেই সপ্তণ ঈশরেব জ্ঞান এই বেদান্তভাবের শেষ কথা নহে। এই জ্ঞান ক্রমাগত বাডিতে থাকে। অবশেষে বৈদান্তিক দেখেন, যাহাকে বাহিরে বোধ হইয়াছিল, তিনি নিজেই সেই, তিনি প্রকৃতপক্ষে অন্তরেই ছিলেন। যিনি সীমার মধ্যে আপনাকে বন্ধ মনে করিয়াছিলেন, তিনিই সেই মৃক্ত-শ্বরূপ।

মানুষের যথার্থ স্বরূপ

[লভনে প্রদত্ত বঙ্তা]

মাস্থ এই পঞ্চেন্দ্রিগ্রাহ্য জগতে এতটা আদক্ত যে, সহজে সে উহা ছাডিতে চাহে না। কিন্তু এই বাহ্ জগৎকে ষতদ্ব সত্য ও সার বলিয়া বোধ হউক না কেন, প্রত্যেক ব্যক্তি এবং প্রত্যেক জাতির জাবনেই এমন একটি সময় আদে, যথন অনিচ্ছাসত্ত্বেও জিজ্ঞাস। কবিতে হয়—জগৎ কি সত্য ? যে ব্যক্তি তাহার পঞ্চেন্দ্রের সাক্ষ্যে অবিশাস করিবার বিন্দুমাত্তও সময় পায় না, ষাহাব জীবনের প্রতি মৃহর্তই কোন না কোনরূপ বিষয়-ভোগে নিযুক্ত, মৃত্যু তাহারও নিকট আদিয়া উপস্থিত হয় এবং ভাহাকেও বাধ্য হইয়া জিজ্ঞাসা করিতে হয়—জগৎ কি সত্য ? এই প্রশ্নেই ধর্মের আরম্ভ এবং ইহার উত্তরেই ধর্মের পরিস্মান্তি। এমন কি প্রণালীবদ্ধ ইতিহাসেরও পূর্বে, স্থার জতীত কালে, সভ্যতার অক্ট উবাকালেও—সেই রহস্তময় পৌবাণিক যুগেও আমরা-দেখিতে পাই, এই একই প্রশ্ন জিজ্ঞানিত হইয়াচে : 'জগৎ কি সত্য ?'

কবিত্তময় কঠোপনিষদের প্রারম্ভে আমবা এই প্রশ্ন দেখিতে পাই: কেহ বলেন, 'মাহুষ মরিয়া গেলে তাহার আর অন্তিত্ব থাকে না', আবার কেই বলেন, 'না, তথন তাহার অন্তিত্ব থাকে'। ইহার মধ্যে কোন্টি সত্য ?'

এ প্রশ্নের অনেক প্রকার উত্তর প্রদত্ত হইয়াছে। যাবতীয় দর্শন ও ধর্ম প্রকৃতপক্ষে এই প্রশ্নেরই বিভিন্ন প্রকার উত্তরে পরিপূর্ণ। 'এর পরে কি ? প্রকৃত সত্য কি ?'---অনেকে আবার এই প্রশ্নকে, প্রাণের এই অশাস্ত জিজ্ঞাসাকে থামাইয়া দিতে—দাবাইয়া দিতে চেষ্টা করিয়াছেন। কিন্তু যতদিন জগতে মৃত্যু বলিয়া কিছু থাকিবে, ভতদিন এই দাবাইয়া দিবার চেষ্টা সর্বদা বিফল হইবে। আমরা মুথে থুব সহজে বলিতে পারি—জগতের অতীত সন্তার অবেষণ করিব না, বর্তমান মুহুর্তেই আমাদের সমস্ত আশা আকাজ্জ। আবদ্ধ রাখিব . ইন্দ্রিয়াতীত বস্তুর চিস্তা করিব না বলিয়া থুব চেষ্টা করিতে পারি, আর ইন্দ্রিয়গ্রাহ্ বাহিরের সব কিছু আমাদিগকে সঙ্কীর্ণ সীমায় আবন্ধ রাখিতে পারে, সমুদয় জগৎ মিলিয়া বর্তমানের ক্ষুদ্র সীমার বাহিরে দৃষ্টি-প্রদারণে বাধা দিতে পারে; কিন্তু যতদিন জগতে মৃত্যু থাকিবে, ততদিন এই প্রশ্ন বারংবার জিজ্ঞাসিত হইবে: আমর৷ এই যে-সকল বস্তকে সভ্যের সভ্য, সারের সার বলিয়া এগুলির প্রতি আদক্ত, মৃত্যুই কি ইহাদের চরম পরিণাম ? জগং তো এক মুহুর্তেই ধ্বংস হইয়া কোথায় চলিয়া যায়! গগনম্পর্শী অত্যুচ্চ পর্বত, নিয়ে অতল গহর—যেন মুখব্যাদান করিয়া গ্রাস করিতে আসিতেছে। এই পাহাড়ের ধারে দাঁড়াইয়া যত কঠোর অস্ত:করণই হউক, নিশ্চয়ই শিহরিয়া উঠিবে আর জিজ্ঞাসা করিবে—'এ-সব কি সত্য ?' কোন মহাপ্রাণ ব্যক্তি সারা জীবন ধরিয়া, সমস্ত শক্তি দিয়া একটু একটু করিয়া যে আশার সৌধ নির্মাণ করিলেন, এক মৃহুর্তে তাহা উড়িয়া গেল। এগুলি কি সত্য? এই প্রনের উত্তর দিতেই হইবে। কালক্রমে এই প্রশ্নের শক্তি হ্রাদ পাইবে না, বরং কালস্রোতে যতই উহার শক্তি বৃদ্ধি পাইবে, ততই উহা হাদয়ের উপর গভীর বেগে আঘাত করিবে।

দিতীয় কথা হইতেছে—মাহুষের স্থী হইবার ইচ্ছা। আপনাকে স্থী করিবার জন্ম মাহুষ সব কিছুর পশ্চাতে ধাবিত হয়—ইন্দ্রিয়ের পিছনে পিছনে ছুটিয়া উন্মত্তের ন্যায় বহির্জগতের কাজ করিয়া যায়। যে যুবক জীবন-সংগ্রামে

১ বেয়ন্ প্রেতে বিচিকিৎদা মনুয়ে, অস্তীত্যেকে নায়মস্তীতি চৈকে। কঠ উপ. ১।১।২•

কৃতকার্য হইয়াছে, তাহাকে ষদি জিজ্ঞাস। কর, সে বলিবে এই জগং সত্য— সব কিছু তাহার সত্য বলিয়া মনে হয়। হয়তো সেই যখন বৃদ্ধ হইবে, ভাগ্য-ছারা বার বার বিশ্বত হইয়া হয়তো সেই ব্যক্তিই জিজ্ঞাসিত হইলে বলিবে, 'সবই অদৃষ্ট।' সে এতদিনে দেখিতে পাইল—বাসনা পূর্ণ হয় না। সে যেখানেই যায়, সেধানেই দেখে এক বজ্ঞদৃঢ প্রাচীর, তাহা অতিক্রম করিয়া যাইবার সাধ্য তাহার নাই। প্রতিটি ই ক্রিয়কর্ম প্রতি ক্রিয়ায পর্যস্পিত হয়। সবই ক্ষণস্থায়ী। স্থা-তৃঃখ, বিলাস-বিভব, ক্ষমতা-দারিদ্র্য— এমন কি জীবন প্রস্তু ক্ষণস্থায়ী।

এই সমস্তার চ্ইটি সিদ্ধান্ত আছে। একটি—শূলবাদীদের মতো বিখাস কর যে, সবই শূল, আমরা কিছুই জানি না, আমরা ভূত ভবিল্যং, এমন কি বর্তমান সম্বন্ধেও কিছুই জানিতে পারি না। কারণ, যে ভূত-ভবিল্যং অস্বীকার করিয়া কেবল বর্তমান স্বীকার করিয়া উহাতেই আবদ্ধ থাকিতে চাহে, সে বাতুল। তাহা হইলে সে পিতামাতাকে অস্বীকার করিয়াও সন্তানের অন্তিত্ব স্বীকার করিতে পারে। ইহাও যুক্তিসন্ধত হইয়া পডে। ভূত-ভবিল্যং অস্বীকার করিলে বর্তমানও অ্বীকার করিতে হইবে। এই এক সিদ্ধান্ত—ইহা শূলবাদীর মত। কিন্তু আমি এমন লোক কথনও দেখি নাই, যে এক মিনিটের জন্ত শূলবাদী হইতে পারে; মুথে ইহা বলা অবশ্র খুব সহজ।

দিতীয় দিদ্ধান্ত এই—এই প্রশ্নের প্রকৃত উত্তর অবেষণ কর, সভ্যের অবেষণ কর, এই নিতাপরিবর্তনশীল নশ্বর জগতের মধ্যে কি সভ্য আছে, অহেষণ কর। এই দেহ, ষাহা কতকগুলি জড় পদার্থের অণ্র সমষ্টিমাত্র, ইহার মধ্যে কি কিছু সভ্য আছে ? মানব-মনের ইতিহাসে বরাবব এই তত্ত্বের অন্তর্গনি হইয়াছে। আমরা দেখিতে পাই, অতি প্রাচীন কালেই মানবেব মনে এই তত্ত্বের অস্ট্র আলোক প্রতিভাত হইয়াছে। আমরা দেখিতে পাই, তথন হইতেই মান্ত্র্য স্থলদেহের অভীত অন্ত একটি দেহের জ্ঞানলাভ করিয়াছে, উহা অনেকাংশে ঐ দেহেরই মতো বটে, কিছু স্থল দেহ অপেক্ষা পূর্ণ ও শ্রেষ্ঠ—শরীরের ধ্ব'স হইলেও উহাব ধ্বংস হইবে না। আমরা ঋথেদের স্ক্রে মুভশরীর-দহনকারী অগ্নিদেবেব উদ্দেশে নিম্নলিহিত ভ্বে দেখিতে পাই: 'হে অগ্নি, তৃমি ইহাকে তোমাব হাতে ধরিয়া মৃত্ভাবে লইয়া ষাও—ইহার শরীর স্বাদ্রন্দ্র জ্যোতির্ময় কর; ইহাকে সেই স্থানে লইয়া যাও, যেখানে শিত্রণ বাস করেন, যেখানে হংথ নাই, যেখানে মৃত্যু নাই।'

দেখিবে, সকল ধর্মেই এই একই প্রকার ভাব বিভামান, এবং তাহার সহিত আমর। আর একটি তবও পাইয়া থাকি। আশ্চর্ষের বিষয়, সকল ধর্মই সমস্বরে গোষণা করেন, মাতুষ প্রথমে পবিত্র ও নিষ্পাপ ছিল, এখন তাহার অবনতি হইয়াছে—এ ভাব তাঁহারা রূপকের ভাষায়, কিংবা দর্শনের স্থপান্ত ভাষায়, অথবা স্থন্দর কবিত্বের ভাষায়, ষেভাবেই প্রকাশ করুন না কেন, তাঁহারা সকলেই কিন্তু ঐ এক তত্ত্ব ঘোষণা করিয়া থাকেন। সকল শাস্ত্র এব' সকল পুরাণ হইতেই এই এক তত্ত্ব পাওয়া যায় যে, মান্নুষ পূর্বে যাহা ছিল, এখন তাহা অপেকা অবনত হইয়া পড়িয়াছে। য়াহদীদের শাস্ত্র বাইবেলের পুরাতন ভাগে আদমের পতনের যে-গল্প আছে, ইহাই ভাহার সারাংশ। হিন্দুশাম্বে এই তত্ত্ব পুনংপুনং উল্লিখিত হইয়াছে। তাঁহারা সভ্যযুগ বলিয়া যে-যুগের বর্ণনা করিয়াছেন—যখন মান্তুদের ইচ্ছামৃত্যু ছিল, তখন মান্তুষ যতদিন ইচ্ছা শরীব রক্ষা করিতে পারিত, তথন লোকের মন শুদ্ধ ও সংযত ছিল, তাহাতেও এই সবজনীন সত্যের ইঞ্চিত দেখা যায়। তাঁহারা বলেন, তথন মৃত্যু ছিল না এবং কোনরূপ অভভ বা ছংখ ছিল না, আর বর্তমান যুগ সেই উন্নত অবস্থানই অবনতভাব। এই বর্ণনার সহিত আমরা সর্বত্তই জলপাবনের বর্ণনা দেখিতে পাই। এই জলপ্লাবনের গল্পেই প্রমাণিত হইতেছে ষে, সকল ধর্মই বর্তমান মুগকে প্রাচীন যুগের অবনত অবস্থা বলিয়া স্বীকার কবিঘাছেন। জগৎ ক্রমশঃ মন্দ হইতে মন্দ্রত হইতে লাগিল। অবশেষে জলপ্লাবনে অধিকা°শ লোকই জলমগ্ল হইয়া গেল। আবার উন্নতি আরম্ভ দীরে অগ্রসর হইতেছে।

আপনাবা সকলেই ওল্ড টেস্টামেন্টের জলপ্লাবনের গল্প জানেন। ঐ একই প্রকার গল্প প্রাচীন বাবিল, মিশর, চীন এবং হিন্দুদিগের মধ্যেও প্রচলিত ছিল। হিন্দুশান্তে জলপ্লাবনের এইরূপ বননা পাওয়া যায়:

শুসহযি মহ একদিন গঙ্গাতীরে সন্ধ্যাবন্দনা করিতেছিলেন, এমন সময়ে একটি ক্ষুদ্র মংশ্র আদিয়া বলিল, 'আমাকে আশ্রয় দিন।' মহ তৎক্ষণাং উহাকে স্মিহিত একটি জলপাত্রে রাখিয়া জিজ্ঞাদা করিলেন, 'তুমি কি চাও ?' মংশুটি বলিল, এক বৃহৎ মংশ্র আমাকে অহুদরণ করিতেছে, আপনি আমাকে রক্ষা করুন।' মহ উহাকে গৃহে লইয়া গেলেন, প্রাতঃকালে দেখেন, মংশ্র ঐ

পাত্রপ্রমাণ হইয়াছে। সে বলিল, 'আমি এ পাত্রে আর থাকিতে পারি না।' মত্ম তথন তাহাকে এক চৌবাচ্চায় রাখিলেন। পরদিন সে ঐ চৌবাচ্চার সমান হইয়া বলিল, 'আমি এখানেও থাকিতে পারিতেছি না।' তখন মহ তাহাকে নদীতে স্থাপন কবিলেন। প্রাতে যথন দেখিলেন, মৎপ্রের কলেবব নদী ভরিয়া ফেলিয়াছে, তথন তিনি উহাকে সমুদ্রে স্থাপন করিলেন। তথন মংশ্র বলিতে লাগিল, 'মহু, আমি জগতের স্পটকর্তা। জলপ্লাবন দারা জগৎ ধাংস করিব; ভোমাকে সাবধান করিবার জন্ম আমি এই মংশুরূপ ধারণ করিয়া আদিয়াছি। তুমি একখানি স্থ্যুহৎ নৌকা নির্মাণ করিয়া উহাতে সর্বপ্রকাব প্রাণী এক এক জোড়া করিয়া রক্ষা কর এবং স্বয়ং সপরিবারে উহাতে প্রবেশ কর। সকল স্থান জলে প্লাবিত হইলে জলেব মধ্যে তুমি আমার শৃঙ্গ দেখিতে পাইবে, ভাহাতে ভোমার নৌকা বাধিবে। পরে জল কমিয়া গেলে নৌকা হইতে নামিয়া আসিয়া প্রজাবৃদ্ধি করিও।' এইরূপে ভগবানের কথা অমুসারে জ্লপাবন হইল এবং মহু নিজ পরিবার এবং সর্বপ্রকার জন্তুর এক এক জোড়া এবং সর্বপ্রকার উদ্ভিদেব বীজ জলগ্লাবন হইতে রক্ষা করিলেন এবং প্লাবনের অবসানে তিনি ঐ নৌকা হইতে অবতরণ করিয়া জগতে প্রজা উংপন্ন করিতে লাগিলেন—আর আমরা মহার বংশধর বলিয়া মান্ব নামে অভিহিত ।^১)

অথন দেখ, মানবভাষা সেই অন্তর্নিহিত সত্য প্রকাশ করিবার চেষ্টামাত্র।
আমাব দ্বিব বিশ্বাস—এই-সকল গল্প আর কিছু নয়, একটি ছোট বালক
—অস্পষ্ট অস্ট্র শব্দরাশিই যাহার একমাত্র ভাষা—দে ষেন সেই ভাষায়
গভীরতম দার্শনিক সত্য প্রকাশ করিবার চেষ্টা কবিতেছে; শিশুব উহা
প্রকাশ করিবার উপস্কু ইন্দিয় অথবা অন্ত কোনরূপ উপায় নাই। উচ্চতম
দার্শনিকের এবং শিশুর ভাষায় কোন প্রকারগত ভেদ নাই, শুধু মাত্রাগত
ভেদ আছে। আজকালকার বিশুদ্ধ প্রণালীবদ্ধ গণিভের মতো সঠিক
কাটাছাটা ভাষা, আর প্রাচীনদিগের অস্ট রহস্ময় পৌরাণিক ভাষাব
মধ্যে প্রভেদ কেবল মাত্রার উক্তা নিয়তা। এই-সকল গল্পের পিছনে একটি
মহৎ সৃত্য আছে, প্রাচীনেরা উহা যেন প্রকাশ করিবার চেষ্টা করিতেছেন।

১ মন্ ধাতু হইতে 'মনু' শব্দ দিদ্ধ , মন্ বাতুব অর্থ মনন অর্থাং চিস্তা করা।

অনেক সময এই-সকল প্রাচীন পৌরাণিক গল্পের ভিতরে মহামূল্য সভ্য থাকে, আর ছংগের সহিত বলিতে হইতেছে, আধুনিকদিগের স্থন্দর মার্জিত ভাষার ভিত্তবে অনেক সময শুধু অসার জিনিস পাওয়া যায়। অতএব পৌরাণিক কাহিনী দ্বারা আতৃত বলিয়া এবং আধুনিক কালের অমুক মহাশ্য কি তমুক মহাশ্যাব মনে লাগে না বলিয়া প্রাচীন সব জিনিসই একেবারে ফেলিয়া দেওয়াব প্রযোজন নাই।

'অমুক ঋষি বা মহাপুরুষ বলিয়াছেন, অতএব ইহা বিশ্বাদ কর'—এইরপ বলাতে যদি ধর্মওলি উপহাদেব যোগ্য হয় তবে আধুনিকগণ অবিকতর উপহাদেব যোগ্য। এখনকার কালে যদি কেহ মূশা, বৃদ্ধ বা ঈশার উক্তি উদ্ধৃত করে, সে হাস্তাম্পদ হয়, কিন্তু হান্তালি টিণ্ডাল বা ডারুইনের নাম করিলেই লোকে সে কথা একেবারে নির্বিচাবে গলাধঃকবণ করে। 'হান্তালি এই কথা বলিয়াছেন'—অনেকের পক্ষে এইটুকু বলিলেই যথেপ্ত। আমরা কুদংস্বার হইতে মুক্ত হইয়াছি বটে। আগে ছিল ধর্মেব কুদংস্কার, এখন হইয়াছে বিজ্ঞানের কুদংস্বাব, আগেকাব কুদংস্বারের ভিতর দিয়া জীবনপ্রদ আধ্যান্মিক ভাব আদিত, আধুনিক কুসংপানের ভিতর দিয়া জীবনপ্রদ লোভ আদিতেছে। সে কুদংপাব ছিল ঈশ্বের উপাদনা লইয়া, আব আধুনিক কুদংস্বার—অভি হণিত ধন, নাম যশ বা অমতার উপাদনা। ইহাই প্রভেদ।

এখন প্শেক্ত পৌবাণিক গল্পুলি সহদ্ধে আবার আলোচনা কবা যাউক।
সকল পাল্লর ভিতরেই এই একটি প্রধান ভাব দেখিতে পাওয়া যায় যে,
মান্ত্য পূর্বে যাহা ছিল, তাহা অপেক্ষা এখন অবনত হইয়া পডিয়াছে।
আগুনিক কালেব গবেষবগণ বোধ হয় যেন এই সিদ্ধান্ত একেবারে অস্বীকার
করিয়া থাকেন। ক্রমবিকাশবাদী পণ্ডিতগণ মনে করেন, তাহারা যেন এই
সিদ্ধান্ত একেবারে গণ্ডন কবিয়াছেন। তাহাদের মতে মান্ত্য ক্ষুদ্র মাংসল
জন্তবিশেষের (mollus) ক্রমবিকাশ-মাত্র, অতএব পূর্বোক্ত পৌবাণিক সিদ্ধান্ত
সত্র হইতে পাবে না। ভারতীয় পুরাণ কিন্তু উভয় মতেবই সমন্ত্র করিতে
সমর্থ। ভারতীয় পুণাণ-মতে সকল উন্নতিই তলাকারে হইয়া থাকে।
প্রত্যেক তরক্ষই একবাব উঠিয়া আবার পডে, পডিয়া আবার উঠে,
আবার পডে—এইনপ ক্রমাগত চলিতে থাকে। প্রত্যেক গতিই চক্রাকারে

হইয়া পাকে। আধুনিক বিজ্ঞানের দৃষ্টিতে দেখিলেও দেখা বাইবে, সহজ সরল জমবিকাশের ফলে মাছুর উৎশন্ন হইতে পারে না। জমবিকাশ বলিলেই তাছার দক্ষে ক্রমেল ক্রমেলাচ-প্রক্রিয়াকেও ধরিতে হইবে। বিজ্ঞান-বিদ্ই বলিবেন, কোন যন্ত্রে তুমি যে পরিমাণ শক্তি প্রয়োগ কর, উং। হইতে দেই পরিমাণ শক্তিই পাইতে পারো। অসং (কিছুনা) হইতে সং (কিছু) কখন হইতে পারে না। যদি মানব, পূর্ণ মানব, বৃদ্ধ-মানব, এটি-মানব ক্রম্মাণসল জম্ভবিশেষের ক্রমবিকাশ হয়, তবে এ জন্তকেও ক্রমসম্বাচিত বৃদ্ধ বলিতে হইবে। যদি তাহা না হয়, তবে এ মহাপুরুষগণ কোথা হইতে উৎপন্ন হইলেন প অসং হইতে তো কখন সং-এব উদ্ভব হয় না। এইরূপে আমরা শাজ্রের সহিত আধুনিক বিজ্ঞানের সময়ন্ত্র করিতে পারি। যে-শক্তি ধীরে ধীরে নানা সোপানের মধ্য দিয়া পূর্ণ মস্বান্ত্রপে পবিণত হয়, তাহা কখন শ্ব্র হইতে উৎপন্ন হইতে পারে না। তাহা কোথাও না কোথাও বর্তমান ছিল, এবং যদি তোমরা বিল্লেষণ কবিতে গিয়া মোলান্ত বা প্রোটোপ্রাজ্ম পর্যন্ত গিয়া উহাকেই আদিকারণ স্থির করিয়া থাকো, তবে ইহা নিশ্চিত যে, উহাত্তেও ঐ শক্তি কোন না কোনকপে অবস্থিত ছিল।

আজকাল গুরুত্বপূর্ণ আলোচনা চলিতেছে: জড়পদার্থের সমষ্টি এই দেহই কি আয়া চিন্তা প্রভৃতি বলিয়া কথিত শক্তির বিকাশের কারণ, অথব। চিন্তাশক্তিই দেহের কারণ? অবশ্য জগতের সকল ধর্মই বলেন, চিন্তাবলিয়া পরিচিত শক্তিই শরীরকে ব্যক্ত কবে—ইহার বিপরীত মত তাহার। স্বীকার করেন না। কিন্তু আধুনিক অনেক সম্প্রদায়ের মত্র চিন্তাশক্তি কেবল শরীব-নামক যন্ত্রের বিভিন্ন অংশগুলির কোন বিশেষ ধবনেব সন্ধিবেশে উৎপন্ন। যদি এই দিতীয় মতটি স্বীকার করিয়া লইয়া বলা যায়—এই আত্মা বা মন বা উহাকে যে আব্যাই দাও না কেন, উহা এই জড়দেহকপ যন্ত্রেই ফলস্বরূপ, যে-সকল জড়পর্মাণ্ড্র মিন্তিক ও শরীব গঠন করিতেছে, তাহাদেরই রাগায়নিক মিলন বা সাবারণ মিশ্রণে উৎপন্ন, তাহাতে এই প্রশ্ন আমীমাংশিত থাকিয়া যায়—শবীর-গঠন কে করে? কোন্ শক্তি পদার্থেব অণুগুলিকে শরীররূপে পরিণত কবে ? কোন্ শক্তি চারিদিকের জড়বাশি হইতে

> Comte's Positivism

কিয়দংশ লইয়া ভোমার শরীর একরূপে, আমার শরীর আর একরূপে গঠন কবে ? এই-সকল বিভিন্নতা কিদে হয় ? আত্মা নামক শক্তি শরীরস্থ ভৌতিক পরমাণুগুলির বিভিন্ন সন্নিবেশে উৎপন্ন বলিলে 'গাড়ির পিছনে ঘোড়াজোতা'র খায় হয়। কিরুপে এই সংযোগ হইল ? কোন্ শক্তি উহা করিল ? যদি বলা যায়, অন্ত কোন শক্তি এই সংযোগ সাধন করিয়াছে, আর আত্মা—যাহা এখন জড়রাশি-বিশেষের সহিত সংযুক্তরূপে দৃষ্টিগোচর হইতেছে, তাহাই আবার ঐ জড়পরমার্ধকলের সংযোগের ফলরূপ, তাহা হইলে কোন উত্তর হইল না। যে-মত অক্তান্ত মতকে খণ্ডন না করিয়া—সমুদয় না হউক, অধিকাংশ ঘটনা— অবিকাংশ বিষয় ব্যাখ্য। করিতে পারে, তাহাই গ্রহণযোগ্য। স্থতরাং ইহাই বেশা যুক্তিসঙ্গত, যে-শক্তি জড়রাশি গ্রহণ করিয়া তাহ। হইতে শরীর গঠন করে আর যে-শক্তি শরারের ভি৩রে প্রকাশিত রহিয়াছে, উভয়ে অভেদ। অতএব, যে চিস্তাশক্তি আমাদের দেহে প্রকাশিত হইতেছে, উহা কেবল জড়-অণর সংযোগে উৎপন্ন, স্বতরাং তাহার দেহনিরপেক্ষ অন্তিত্ব নাই---এ-কথার কোন অৰ্থ হয় না। আর শক্তি কখনও জড় হইতে উৎপন্ন হইতে পারে না। পনীক্ষা দাবা বরং ইহা প্রদর্শন করা সম্ভব—যাহাকে আমরা জড় বলি, তাহার অভিত্ব নাই, উহা কেবল শক্তির এক বিশেষ অবস্থামাত্র। কাঠিন্য প্রভৃতি জড়ের গুণসকল বিভিন্ন প্রকার গতি ও স্পন্দনের ফল—ইহা প্রমাণ করা ষাইতে পারে। জড পর**মাণুর ভিতর প্রবল আবর্তগতি উ**ৎপাদন করিলে **উহা** কঠিনপদার্থবং শক্তিলাভ করিবে। বাযুৱাশি ষ্থন ঘূর্ণাবর্তে পরিণত হয়, তথন উহা কঠিন পদার্থের মতে। হইয়া যায়, কঠিন পদার্থ ভেদ করিয়া চলিয়া যায়। —কেবল গভিশালত। দাণাই উহাতে এই কাঠিন্স-ধর্ম উৎপন্ন হইবে। এইভাবে নিচার করিলে ইহা প্রমাণ করা সহজ হইবে যে, যাহাকে আমরা পদার্থ বলি. কাহার কোন অন্তিত্ব নাই; কিন্ধ বিপরীত মতটি প্রমাণ করা যায় না।

শরীনের ভিতর এই থে শক্তির নিকাশ দেখা যাইতেছে, ইহা কি ? আমরা সকলেই ইহা সহজে বুঝিতে পারি, এ শক্তি যাহাই হউক, উহা জড়পরমাণু-গুলি লইয়া তাহা হইতে আরুতি-নিশেষ—মহুগ্য-দেহ গঠন করিতেছে। আর কেহ আদিয়া তোমার আমার জন্ম শরীর গঠন করে না। কখনও দেখি নাই—অপবে আমার হইয়া থাইতেছে। আমাকেই এ থাজের সার শরীরে গ্রহণ করিয়া তাহা হইতে রক্ত মা'স অন্থি প্রভৃতি—সব কিছুই গঠন করিতে হয়। কি এই রহস্যময় শক্তিটি? ভূত-ভবিশ্রৎ সম্বন্ধে কোনরূপ সিদ্ধান্ত মামুষের পক্ষে ভয়াবহ বোধ হয়; অনেকের পক্ষে উহা কেবল আফুমানিক ব্যাপারমাত্র বলিয়া প্রতীত হয়। স্থতরাং বর্তমানে কি হয়, সেইটিই আমরা বৃঝিতে চেষ্টা করিব।

আমরা এখন বিষয়টি আলোচনা করিব। সে শক্তিটি কি, যাহা এইক্ষণে আমার মধ্য দিয়া কার্য করিতেছে ? আমরা দেখিয়াছি, সকল প্রাচীন শাস্থেই এই শক্তিকে লোকে এই শরীরের মতো শরীরসম্পন্ন একটি জ্যোতির্ময় পদার্থ বলিয়া মনে করিত, তাহারা বিশাদ করিত—এই শরীর গেলেও উহা থাকিবে। ক্রমশঃ আমরা দেখিতে পাই, ঐ শক্তি জ্যোতির্ময় দেহমাত্র বলিয়া হৃপ্তি হইতেছে না, আর একটি উচ্চতর ভাব লোকের মন অধিকার করিতেছে—ভাহা এই যে, ঐ জ্যোতির্ময় শরীর শক্তির প্রতিরূপ হইতে পারে ন।। যাহারই আরুতি আছে, তাহাই কতকগুলি পরমাণুর সংযোগমাত্র, স্তবাং উহাকে প্রিচালিত করিতে অন্ত কিছুর প্রয়োজন। যদি এই শরীরের গঠন ও পরিচালন করিতে এই শরীরাতিরিক্ত কিছুর প্রয়োজন হয়, তবে সেই কারণেই জ্যোতির্ময় দেহের গঠন ও পরিচালনে ঐ দেহের অতিরিক্ত অগ্য কিছুর প্রয়োজন হইবে। এই 'অন্ত কিছুই' আখা শব্দে অভিহিত হইল। আত্মাই ঐ জ্যোতিৰ্ময় দেহের মধ্য দিয়া যেন স্থূল শরীরের উপর কাষ করিতেছেন। ঐ জ্যোতির্ময় দেহই মনের আধান বলিয়া বিবেচিত হয়, আর আত্মা উহার অভীত। আত্মা মন নহেন, তিনি মনের উপর কাষ করেন এবং মনের মধ্য দিয়া শরীরের উপর কার্য করেন। তোমার একটি আত্মা আছে, আমার একটি আত্মা আছে. প্রত্যেকেরই পৃথক্ পৃথক্ এক একটি আত্মা আছে এবং এক একটি সুন্ম শরীবত্ত আছে; ঐ সুন্দ্র শরীরের সাহায্যে আমরা স্থূল দেহের উপর কার্য করিয়া থাকি। এখন এই আত্মা ও উহার স্বরূপ সম্বন্ধে প্রশ্ন উঠিতে লাগিল। শরীর ও মন হইতে পৃথক এই আত্মার স্বরূপ কি ? অনেক বাদ-প্রতিবাদ হইতে লাগিল, নানাবিধ দিছান্ত ও অতুমান হইতে লাগিল, নানাপ্রকার দার্শনিক অহসন্ধান চলিতে লাগিল,—এই আত্মা সহন্ধে তাহারা যে-সকল সিদ্ধান্তে উপনীত হইয়াছিলেন, আপনাদের নিকট সেগুলি বর্ণনা ক্রিতে চেষ্টা ক্রিব। ভিন্ন ভিন্ন দর্শন এই একটি বিষয়ে একমত দেখা যায় যে, আত্মার স্বন্ধ যাহাই হউক, উহার কোন আক্বতি নাই, আর যাহার আঞ্বতি

নাই, তাং। অবশ্র সর্ব্যাপী হইবে। কাল মনের অন্তর্গত, দেশপু মুনেব অন্তর্গত। কাল ব্যতীত কাথকাবণভাব থাকিতে পারে না। ক্রমান্তবর্তিতার ভাব ব্যতীত কাথকারণভাবও থাকিতে পাবে না। অতএব দেশকালনিমিত্ত মনের অন্তর্গত, আর এই আয়া মনের অতীত ও নিরাকাব বলিয়া উহাও অবগ্র দেশকালনিমিত্তেব অতীত। আর যদি উহা দেশকালনিমিত্তেব অতীত হয় তাহা হইলে উহা অবগ্র অনম্ভ হইবে। এইবাব হিন্দুদর্শনেব চড়ান্ত বিচার আদিল। অনম্ভ কথন হইট হইতে পারে না। যদি আয়া অনম্ভ হয়, তবে একটি মান আয়াই থাকিতে পারে, আর এই যে অনেক আয়া বলিয়া বিভিন্ন ধারণা রহিষাছে—তোমার এক আয়া আমার আর এক আয়া —ইহা সত্য নহে।

অতএব শান্তবেব প্রবৃত স্বরূপ সেচ এক অনস্ত ও সর্বব্যাপী, আর এই ব্যাবহারিক জীব মাতুষেব প্রব্রত স্বরূপেব শীমাবদ্ধ ভাবমাত্র। এই হিসাবে পূর্বোক্ত পৌনাণিক ভত্তগুলিও সভ্য হইতে পারে যে, ব্যাবহারিক জীব যত বঙ্জ হউন না কেন, তিনি মাওষের ণ অতীক্রিয় প্রকৃত স্ব<u>রূপের অস্ট প্রতি</u>বিম্ব-মান। অভূতএর মা<u>রুষের প্রেক্ত হ্রর</u>প অ<u>াত্</u>যা—কার্যকারণের অতীত বলিষা, দেশকালের অভীত বলিয়া অবশাই মুক্তমভাব। তিনি কখনও বদ্ধ ছিলেন না, তাহাকে বদ্ধ কবিবার শক্তি কাহারও নাই। এই ব্যাবহারিক জীব, এই প্রতিবিদ দেশকালনিনিত্র ছারা সামাবদ্ধ, স্তবাং তিনি বদ্ধ। অথবা আমাদের কোন কোন দার্শনিকেব ভাষায় বলিতে গেলে বলিতে হয়, 'বোধ হয তিনি যেন বন্ধ হহযা বহিয়াছেন, বিল্ক বান্তবিক তিনি বন্ধ নন।' আমাদের অনুমাৰ ভিৰুৱে যথাৰ্থ সভ্য এইটুৰ্—এই সৰ্বব্যাপী অনম্ভ চেত্ৰাম্বভাৰ, উহাই সামাদের স্বভাব চেগ্রা কবিবা আর আমাদিগকে এরপ হইতে হয় না। পত্যেক আত্মাই অনন্ত, স্নতরাং জন্মত্যুণ প্রশ্ন আদিতেই পারে না। ক তক গুলি বালক প্ৰীক্ষা দিতেছিল। প্ৰীক্ষক কঠিন কঠিন প্ৰশ্ন করিতে-ছিলেন, তাহার মধ্যে এই প্রশ্ন ছিল—'পৃথিবী কেন পডিয়া যায় না ?' তিনি মহাকর্ষেব নিয়ম প্রভৃতি উত্তব আশা করিতেছিলেন ৷ অধিকাংশ বালক-বালিকাই কোন উত্তব দিতে পারিল না। কেহ কেহ মাধ্যাকর্যণ বা আর কিছু বলিঘা উত্তর দিল। তাহাদের মন্যে একটি বৃদ্ধিমতী বালিকা আর একটি প্রশ্ন করিয়া ঐ প্রশ্নের উত্তব দিল—'কোথায উহা পড়িবে ?' এই প্রশ্নই যে ভূল। পৃথিবী পড়িবে কোথায় ? পৃথিবীর পক্ষে পতন বা উত্থান কিছুই নাই। অনন্ত দেশের উচ্-নীচ্ বলিয়া কিছুই নাই। উহা কেবল আপেক্ষিক। অনন্ত কোথায়ই বা ঘাইবে, কোথা হইতেই বা আদিবে ?

ষখন মামুষ অতীত-ভবিগ্যতের চিস্তা ত্যাগ করিতে পাবে, যখন সে দেহকে সীমাবদ্ধ—স্থভরাং উৎপত্তি-বিনাশশীল জানিয়া দেহাভিমান ত্যাগ করিতে পারে, তথনই দে এক উচ্চতর অবস্থায় উপনীত হয়। দেহ আত্মা নয়, মনও আত্মা নয়, কারণ উহাদের হাদবৃদ্ধি আছে। জড় জগতের অতীত আত্মাই অনন্তকাল ধরিয়া থাকিতে পাবেন। শরীর ও মন প্রতিনিয়ত পরিবর্তনশীল--এগুলি পরিবর্তনশীল ঘটনা-শ্রেণীর নামমাত্র; নদীর প্রত্যেক জলবিন্দুই নিয়ত-পরিবর্তনশীল প্রবাহের অন্তর্গত; তথাপি আমরা দেখিতেছি, উহা দেই একই নদী। এই দেহেব প্রত্যেক পরমাণ্রই নিয়ত-পরিবর্তনশীল; কোন ব্যক্তির শরীরই কয়েক মৃহুর্তের জন্মও একইরূপ থাকে না। তথাপি মনের একপ্রকাব সংস্কারবশতঃ আমরা উহাকে সেই এক শরীব বলিয়াই মনে করি। মন সম্বন্ধেও এইরূপ, উহ। ক্ষণে স্থী, ক্ষণে ঘুঃথী, ক্ষণে দ্বল, কণে তুর্বল! নিয়ত-পরিবর্তনশীল ঘূর্ণিবিশেষ। স্নতরা উহাও আত্মা হইতে পারে না, আত্মা অনন্ত। পরিবর্তন কেবল সসীম বস্তুতেই সূম্ভব। অনন্তের কোনর প পরিবর্তন হওয়া-—অসন্থব কথা। তাহা কখনও হইতে পাবে না। শরীর-হিদাবে তুমি আমি একস্থান হইতে স্থানাস্তবে যাইতে পাৃবি, জগতের প্রত্যেক অণুপ্রমাণুই নিত্য-পরিবতনশীল; কিন্তু জগংকে সমষ্টিরূপে ধরিলে উহাতে গভি ব। পরিবর্তন অসম্ভব্। গভি সর্ব হই আপেক্ষিক। তুনি বা আমি যথন এক স্থান হইতে অক্ত স্থানে যাই, তাহা অপর একটি স্থির বস্তুর সহিত তুলনায় বৃঝিতে হইবে, জগতের কোন প্রমাণু অপর একটি পরমাণুর সহিত তুলনায় পরিবভিত হইতে পারে, কিন্তু সমৃদয় জগৎকে সমষ্টি-ভাবে ধরিলে কাহার সহিত তুলনায় উহা স্থান পরিবতন করিবে ? ঐ সমষ্টিব অতিরিক্ত তে। আর কিছু নাই। অতএব এই অনন্ত 'একমেবাদিতীয়ম্' অপরিণামী অচল ও পূর্ণ, উহাই পারমার্থিক সত্ত।—মাহুষের ষ্থার্থ স্কর্ম। স্তরাং সর্বব্যাপী অনন্তই সত্য, সান্ত স্পাম সত্য ন্য়। আমরা ক্ষুদ্র সীম।বন্ধ জীব—এই ধারণা ষভই আরামপ্রদ হউক না কেন, ইহা পুরাতন এম মাত্র। ৰদি লোককে বলা ষায়, ভূমি সৰ্বব্যাপী অনস্ত পুৰুষ, সে ভয় গায়।

সকলের ভিতর দিয়া তুমি কাজ করিতেছ, সকল চরণের ধারা তুমি চলিতেছ, সকল মুথের ধারা তুমি কথা কহিতেছ, সকল নাদিকা ধাবাই তুমি থাস প্রখাদ-কার্য নির্বাহ কবিতেছ—লোককে ইহা বলিলে সে ভয় পায়। সে তোমায় পুনঃ পুনঃ বলিবে, এই 'অহং'-জ্ঞান কখনও যাইবে না। লোকের এই 'আমিএ' কোন্টি—তাহা দেখিতে পাইলে স্থাইই ।

ছোট শিশুর গোঁফ নাই, বড হইলে তাহাব গোঁফ দাডি হয়। যদি 'আমিঅ' শরীবগত হয়, তবে তো বালকের 'আমিঅ' নই হইয়া গেল। যদি 'আমিঅ' শরীবগত হয়, তবে আমার একটি চোথ বা হাত নই হইলে 'আমিঅ'ও নম্ভ হহ্যা গেল। মাতালেব মদ ছাড়া উচিত নয়, তাহা হইলে তাহাব 'আমিঅ' যাইবে! চোবের সাধু হও্যা উচিত নয়, তাহা হইলে গে তাহার 'আমিঅ' হারাইবে! অতএব কাহারও এই ভয়ে নিজ অভাাদ ত্যাগ করা উচিত নয়। অনন্ত ব্যতীত আব 'আমিঅ' কিছুতেই নাই। এই অনস্তেরই কেবল পরিবতন হয় না, আব সবই ক্রমাগত পরিবতনশাল। 'আমিঅ' শ্বতিতেও নাই। 'আমিঅ' যদি শ্বতিতে থাকিত, তবে মন্তকে প্রবল আঘাত পাইয়া অতীত শ্বতি লুগে ইহ্যা গেলে আমার 'আমিঅ' নই হইত, আমি একেবারে লোপ পাইতাম! ছেলেবেলাব ছই-তিন বংসর আমার মনে নাই; যদি শ্বতিব উপর আমার অন্তিং নিত্র কবে, তাহা হইলে ঐ ছই-তিন বংসর আমার অন্তিং ছিল না—বলিতেই হইবে। তাহা হইলে আমার জীবনের যে— আ'শ আমাব মনে নাই, দেই সময়ে আমি জীবিত ছিলাম না, বলিতে হইবে।

ইহা অবশ্য 'আমিহ'-সম্বনীয় থব স্কীণ ধারণা। আমরা এখনও 'আমি'
।হি! আমরা এই 'আমিহ'—প্রকৃত ব্যক্তিত্ব-লাভেন চেষ্টা করিতেছি, উহা
অনস্ত . উহাই মান্তবের প্রকৃত স্বরূপ। যাহার জীবন বিশ্বব্যাপী, তিনিই জীবিত,
আর যতই আমরা আমাদেন জাবনকে শ্বীররূপ ক্ষুদ্র কীমাবদ্ধ পদার্থে
কেন্দ্রীভূত কবি, ততই আমবা মৃত্যাব দিকে অগ্রসর হই। আমাদের জীবন
যতক্ষণ সমগ্র জগতে ব্যাপ্ত থাকে, যতক্ষণ উহা অপবেন মধ্যে ব্যাপ্ত থাকে,
ততক্ষণই আমরা জীবিত, আর এই ক্ষুদ্র স্কীণ জীবন যাপনই মৃত্যু এবং এই
জন্তই আমাদের মৃত্যুভয় দেখা দেয়। মৃত্যুভয় তখনই জন্ম করা যাইতে পারে,
যথন মানুষ উপলব্ধি করে যে, যতদিন এই জগতে একটি জীবনও রহিয়াছে,
ততদিন সেও জীবিত। এরূপ উপলব্ধি হইলে মানুষ বলিতে পারে: 'আমি স্কুল

বস্তুতে, মুকল দৈহে বর্তমান; সকল জীবের মধ্যেই আমি বতমান। আমিই এই জ্বপৎ, সমুদয় জ্বপৎই আমার শরীর! যতদিন একটি প্রমাণ রহিয়াছে. ততদিন আমার মৃত্যুর সম্ভাবনা কি ?` এইভাবেই মান্ত্র নিভীক অবধায় উপনীত হয়। নিয়ত-পরিবর্তনশাল ক্ষুদ্র ক্ষুদ্র বস্তর মধ্যে অমরত আছে, এ-কথা বলা বাতৃলতা। একজন প্রাচীন ভারতীয় দার্শনিক বলিয়াছেন, আত্মা অন্ত, স্বতরাং আত্মাই 'আমি' হইতে পারেন। অনস্থকে ভাগ করা যাইতে পারে না—অনস্তকে খণ্ড খণ্ড করা যাইতে পারে না। এই এক অবিভক্ত সমষ্টিম্বরূপ অনস্ত আত্মা রহিয়াছেন, তিনিই মান্তবের যথাথ 'আমি', তিনিই 'প্রকৃত মান্ত্র'। মান্ত্র বলিয়া যাহা বোধ হইতেছে, ভাহা শুরু ঐ 'আমি'কে ব্যক্ত জগতের ভিতর প্রকাশ করিবার চেষ্টাব ফল মাত্র; আর আত্মাতে কথন 'ক্ৰমবিকাশ' থাকিতে পাৱে না। এই যে-সকল প্ৰিবৰ্তন ঘটিতেছে, অসাধু সাধু হইতেছে, পশু মানুষ হইতেছে—এ-সকল কথন আত্মাতে হয় না। মনে কব, যেন একটি যবনিকা বহিয়াছে, আর উহার মধ্যে একটি শদ চিধ বহিয়াছে, উহার ভিতর দিয়া আমার সমুপস্থ কতকগুলি—কেবল কতক গুলি মুখ দেখিতে পাইতেছি। এই ছিদ্ৰতই বড় হইতে থাকে, তত্ই সম্বের দৃশ্য আমার নিকট অধিকতর প্রকাশিত হইতে থাকে, আর ষ্থন ঐ ছিন্রটি সমগ্র য্বনিকা ব্যাপ করে, তথন আমি তোমাদিগকে স্পষ্ট দেখিতে পাই। এন্থলে তোমাদের কোন পবিবতন হয় নাই—ভোমরা যাহা, তাহাই ছিলে। ছিদ্রেরই ক্রমবিকাশ হইতেছিল, আর সেই সঙ্গে তোমাদের প্রকাশ হইতেছিল। আত্মা সম্বন্ধেও এইরুপ। তুমি মুক্তমভাব ও পূর্ণই আছে। চেষ্টা করিয়া পূর্ণত্ব পাইতে হয় না। ধর্ম, ঈশ্বর বা পরকালের এই-সকল ধারণ। কোখা হইতে আসিল? মাত্য 'ঈশ্বর ঈশ্বর' করিয়া বেডায় কেন? কেন সকল জাতির ভিতরে সকল সমাজেই মান্তম পূর্ণ আদর্শের অবেষণ করে—উহা মহুয়ে, ঈশ্বরে বা অন্ত যাহাতেই হুউক ? ভাহার কারণ —পূর্ণ আদর্শ তোমার মধ্যেই বর্তমান। তোমার নিজের হৃদয়ই ধক্ ধণ করিতেছে, তুমি মনে বরিতেছ বাহিবের কোন বস্ত এইরূপ শব্দ করিতেহে, তোমার নিজের অভ্যন্তরত্ব ঈশ্বরই ভোমাকে তাহার অন্ত্রন্ধান করিছে, তাহার উপলব্ধি করিতে প্রেরণা দিতেছেন। এখানে সেখানে, মনিরে ণিজায়, বর্গে মর্ক্টো, নানা স্থানে এবং নানা উপায়ে অথেষণ করিবান পর অবশেষে

আমরা যেখান হইতে আরম্ভ করিয়াছিলাম অর্থাং আমাদের আত্মাতেই বৃত্তপথে ঘূরিয়া আদি এবং দেখিতে পাই—যাঁহার জন্ম আমরা সমৃদ্য় জগতে অয়েবণ করিতেছিলাম, যাহার জন্ম আমরা মন্দির গির্জা প্রভৃতিতে কাতর হইষা প্রার্থনা এবং অশবিদ্যান করিতেছিলাম, যাহাকে আমরা স্থান্ব আকাশে মেঘরাণি দ্বাবা আরত অব্যক্ত বহস্তময় বলিয়া মনে করিতেছিলাম, তিনি আমাদেশ নিকট হইতেও নিকটত্রম, প্রাণের প্রাণ , তিনিই আমার দেহ, তিনিই আমার আত্মা। 'তৃনিই আমি—আমিই তুমি।' ইহাই তোমার স্বরূপ—ইহাকে প্রকাশ কর। তোমাকে পবিত্র হইতে হইবে না—তৃমি পবিত্র-স্বরূপই আছে। তোমাকে প্রাণ্ হইতে হইবে না, তৃমি পূর্ণম্বরূপই আছে। সামুদ্য প্রকৃতিই যালনিকাব লায় তাহার অন্তর্রালে দত্যকে চাকিয়া রাথিয়াছেন। তৃমি যে কোন সংচিতা বা সংকাষ কর, তাহা যেন গুলু আবরণকে ধারে ধাবে ভিন্ন কবিতেছে, আর দেই প্রকৃতিব অন্তর্গালে শুদ্ধস্বরূপ অনস্ক ঈশর

ইহাই মাল্লেষ্য সমগ্র হতিহাস। আবরণ ক্রমণঃ সম্মতর হইতে থাকে. তথন প্রকৃতির অন্তশলে আলোক নিজ সভাববশ্ভই ক্রমণঃ অধিক পরিমাণে দীপ্র ইইতে থাকেন, কাবণ তাহাব স্বভাবই এইভাবে দীপ্তি পাওযা। তাঁহাকে জানা যায় না, আমনা তাঁহাকে জানিতে বুথাই চেষ্টা করি। যদি তিনি ওেয় হহতেন, তাহা হইলে তাঁহাব স্বভাবের বিলোপ ২ই ং, কাবণ ভিনি নিত্য-জ্ঞাতা। জ্ঞান তো স্থীম , কোন বস্তুর জ্ঞানলাভ করিতে হইলে উহাকে জ্ঞেষবস্তুরূপে—বিষয়রূপে চিন্তা করিতে হইবে। তিনি েছা সকল বস্থব জাতা-স্বরূপ, সকল বিষ্যের বিষ্যিস্থরূপ, এই বিশ্ব-ব্রহ্মাণ্ডের সান্ধিস্বকপ, তোমাবই আত্মান্ধরূপ। বিষয়-জ্ঞান যেন একটি নিয়তর অবস্থা---ণকটা অবংপতন। আমবাহ সেই আত্মা, আত্মা আবাব জানিব কিনপে? প্রত্যেক ব্যক্তি দেই আত্মা এবং সকলেই বিভিন্ন উপায়ে ঐ আত্মাকে জ'বনে প্রকাশিত কবিতে চেষ্টা করিতেছে, তাহা না ২ইলে এত নীতি-পদ্ধতি কোথা হইতে আদিল সমৃদয় নীতিপ্রণালীর তাৎপর্য কি ? সকল নীতিপ্ৰণালীতে একটি মূল ভাবই ভিন্ন ভিন্ন আকারে প্রকাশিত হইযাছে, ভাবটি অপরেব উপকার করা। মানবজাতির সকল সংকর্মের মূল ডদেশ— খাহুষ জীব জন্তু সকলেব প্রতি দয়া। কিন্তু এ-সবই 'আমিই

জগৎ, এই জগৎ এক অথগুস্বরূপ'—এই চিবস্তন সত্যেব বিভিন্ন ভাবমাত। তাহা না হইলে অপরের হিত করিবাব যুক্তি কি ? কেন আমি অপরের উপকার কবিব ? কিদে আমাকে অপরের উপকার করিতে বাধ্য কবে ১ সৰ্বত্ৰ সমদৰ্শনজনিত সহাসভতির ভাব হইতেই এরপ হইযা থাকে। এতি কঠোর অন্ত:করণও কথন কথন অপরের প্রতি সংগ্রন্থতিসম্পন্ন হইয়া থাকে। এমন কি এই আপাতপ্রতীয়মান 'অহং' প্রকৃতপক্ষে ভ্রমাত্র, এই ন্মাত্মক 'অহ·'-এ আসক্ত থাকা অতি নীচ কান—যে বাক্তি এই দকল কথা শুনিলে ভয় পায়, দেই ব্যক্তিই ভোমাকে বলিবে, সম্পূৰ্ণ আয়ভ্যাগই সকল নীতির ভিত্তি। কিন্তু পূর্ণ আগ্রত্যাগ কি ? সম্পূর্ণ আগ্রত্যাগ হহলে কি অবণিত থাকে > আত্মত্যাগ অর্থে এই আপাতপ্রতীয়মান 'অহং'-এব ভাগি, সর্বপ্রকাব স্বার্থপরতা বা ন। এই অহমাব ও মনতা পূর্ব রুসংসাবের ফলম্বরণ, আন ষতই এই 'অহং' ত্যাগ হইতে থাকে, তত্ত আগ্না নিত্যম্বরূপে নিজ পূর্ণ মহিমাণ প্রকাশিত হন। ইহাই প্রকৃত আগুলাগ, ইহাই সমৃদ্য নীতিশিক্ষার ভি**ত্তিস্বরপ**—কেন্দ্রস্বস্প। সাত্রস উহা জ্বান্তুক আরু নাই জ্বান্তুক, সমুদয় জগত সেই দিকে ধীবে ধীরে চলিয় ছে অল্পাধিক পরিমাণে তাহাই অভ্যাস করিতেছে। কেবল অধিকা॰শ লোক উহা ২জ্ঞাতদারে কবিষা থাকে। তাহারা উঠা জ্ঞাতসারে করুক। এই 'আমি' ও 'আমার' প্ররুত আত্মা নহে—ইহ। জানিষা তাহাবা এই ত্যাগ আচরণ করুক। এই ব্যাবহাবিক জীব সীমাবদ্ধ। এখন যাহাকে মাগ্রষ বলা ষাহতেছে সে সেই জগণের অতীত অনম্ভ সন্তার সামান্ত আভাস মাত্র, সেই সবস্বৰূপ অনস্ত অনির একটি ম্বলিশ্বাত। কি ও সেই অনন্তই তাহাব প্রকৃত স্বরূপ।

এই জ্ঞানের ফল—এই জ্ঞানেব উপকারিত। কি ? আছকাল সব বিষয়ই
এই ফল—এই উপকার দেখিয়াই পরিসাণ করা হয়। অর্থাৎ মোট কথা
এই—উহাতে কত টাকা, কত আনা, কত প্রসা হয়। লোকের এরপ
জিজ্ঞাসা কবিবার কি অধিকার আছে ? সত্য কি উপকার বা অর্থেব
মাপকাঠি লইয়া বিচাবিত হইবে ? মনে কব, উহাতে কোন উপকাব নাই,
উহা কি কম সত্য হইষা ষাইবে ? উপকার বা প্রয়োজন সভ্যের নিণাযক
হইতে পারে না। ইয়াহা ইউক, এই জ্ঞানে মহৎ উপকাব এবং প্রযোজন আছে।

³ Bontham's Utilitarianism and James' Pragmatism

আমরা দেখিতেছি সকলেই স্থের অনেষণ করিতেছে, কিন্তু অধিকাংশ লোক নগর মিথ্যা বস্তুতে উচা অন্নেষণ করিয়া থাকে। ইন্দ্রিয়ে কেহ কথনও স্থ পায় নাই। স্থথ কেবল আত্মাতেই পাওয়া যায়। অতএব এই আত্মাতে স্তথলাভ করাই মালুষের স্বাপেকা প্রয়োজন। আর এক কথা এই যে, অবিতাই সকল হু:পের প্রস্তি এবং মূল অজ্ঞান এই যে, আমরা মনে কনি শেই অনস্তম্বরণ থিনি, তিনি আপনাকে সাস্ত মনে করিয়া বাদিতেছেন, সমত্ত অজ্ঞানের মূলভিত্তি এই থে, অবিনাশী নিত্যশুদ্ধ পূর্ণ আত্ম। হইয়াও আমরা ভাবি যে, আমবা ক্ষম ক্ষুদ্রমন, ক্ষুদ্র ক্ষুদ্র দেহমাত্র, ইহাই সমুদয় স্বার্থপবভার মল। ধ্থনই আমি নিজেকে একটি কুদ্র দেহ বলিয়া মনে কবি, ভখনং -- জগভের অন্তান্ত শরারের স্থেতঃখেব দিকে না চাহিয়া আমি দেহটিকে বক্ষা কবিতে এব উহার সৌন্দয সম্পাদন কবিতে ইচ্ছা করি। তথন তুমি আনি ভিন্ন হইয়া যাই। যথনং এই ভেদ্জান দেখা দেয়, তখনই দুহা স্ব প্রকার অমঙ্গলেব দার খুলিয়া দেয এবং সবপ্রকাব হু থ সৃষ্টি করে। স্বভরা পূর্বোক্ত জ্ঞানলাভে এই উপকাব হহুবে ষে, যদি বর্ডমান কালের মন্তুয়-জাভির থুব সামান্ত অংশও স্বার্থপনতা সংকীর্ণতা ফুদ্র ভ্যাস করিছে পারে, তবে কালই এই জগং স্বগে পরিণত হইবে , নানাবিধ যহ এবং বাহা-জগ্ৎ-সম্বণীয় জ্ঞানের উন্নতিতে কখনও ইহবে না। থেমন অগ্নিতে ঘৃত নিষ্পেপ করিলে অগ্নিশিয়া আরিও বনিত হয়, তেমনি এগুলি চঃখহ বুদ্ধি কণে। আগ্রজান ব্যতীত যাবতীয় জডের জান অশ্বিতে গ্রতাহতি মাত্র। জড়বিজ্ঞান—স্বার্থণণ লোকের হাতে পরস্ব কাডিয়া লইবার এবং পরাথে জীবন উংসর্গ না করিয়া অপরকে শোষণ করিবার আর একটি যন্ত্র ভুলিয়া (भग्न भाद।

আর এক প্রশ্ন—এই ভাব কি কাণে পরিণত করা দম্ভব ? বতমান
সমাজে ইহা কি কাণে পরিণত করা যাইতে পানে ? তাহাব উত্তব এই, সত্য
প্রাচীন বা আবৃনিক কোন সমাজকে সম্মান কবে না, সমাজকেই সত্যের প্রতি
সম্মান প্রদর্শন কবিতে হইবে, নতুবা সমাজ ধ্ব স হউক। সত্যের উপরই
সকল সমাজ গঠিত হইবে, সত্য কখনও সমাজের সহিত আপস করিবে
না। নিঃস্বার্থপরতার গ্রায় একটি মহৎ সত্য যদি সমাজে কাথে পরিণত না
করা যায়, তবে বরং সমাজ ত্যাগ করিয়া বনে গিয়া বাদ কর। তাহা

হইলেই • বুঝিব তুমি সাহ্দী। সাহ্দ তুই প্রকারের – এক প্রকাবের সাহ্দ কামানেব মুখে যাওয়া। আর এক প্রকার—আধ্যাগ্রিক দৃঢ প্রভ্যযের সাহস। একজন দিখিজ্ঘী সম্রাট একবার ভাবতব্য আক্রমণ করেন। তাহাব গুরু টাহাকে ভারতীয় সাধুদের সহিত সাক্ষাৎ করিতে বলিয়া দিয়াছিলেন। অনেক অন্নসন্ধানের পর তিনি দেখিলেন, এক বৃদ্ধ সাধু এক প্রস্তর্থতের উপর উপবিষ্ট। সমাট তাঁহার সহিত কিছুক্ষণ কথাশতা বলিয়া বড়ু সন্তুচ হহলেন। স্বতরাং তিনি ঐ সাগুকে দঙ্গে করিয়া নিজ দেশে লহ্যা যাইতে চাহিলেন। সাধু ভাহাতে অস্বীকৃত হইলেন, বলিলেন, 'আমি এহ বনে বেশ আনন্দে আছি।' সমাট বলিলেন, 'আমি সমুদয় পৃথিবীর সমাট। আমি আপনাকে বন ঐশ্বর্য ও পদম্বাদা প্রদান করিব।' দাবু বলিলেন, 'ঐশ্বর্য পদম্যাদা প্রভৃতি কি ছাতেই আমার আকাজ্যা নাই।' তথন সমাট বলিলেন, 'হাপনি ধদি হামার সহিত না যান, তবে আমি আপনাকে মাবিয়া ফেলিব।' সাগু তখন উচ্চ হাল্ল করিয়া বলিলেন, মহাণাজ, তুমি যত কথা বলিলে **ভ**ন্মধ্যে ইহাহ দেখিতেছি মহা মৃতের মতো কথা। তুমি আমাকে সংহার কণিতে পার না ? সর্ধ আমায শুষ করিতে পাবে না, অগ্নি আমায় পোডাইতে পারে না, কোন যম্বত্ত আমাকে দ হাব করিতে পারে না, কারণ আমি জন্মরহিত, অনিনাশী, নিত্যবিল্নমান, স্বব্যাপী, স্বশক্তিমান আত্মা।' ইহা আর এক প্রকারের সাহিদিকতা। ১৮৫৭ খৃটাদে দিপাহীবিজােহের সময় একটি মুদলমান দৈনিক একজন মহাত্মা সন্ন্যাদীকে প্রচণ্ডভাবে অস্তাঘাত কবে। हिन्दू विष्णिश्तिष के भूमनभानक मन्नामोव निकृष्टे धविन्ना व्यानिन्ना, 'বলেন তে।, ইহাকে হত্যা করি।' কিন্তু সন্মাসী ভাহার দিকে ফিরিয়। 'ভাই, তুমিই সেই, তুমিই দেই' বলিতে বলিতে দেহত্যাগ করিলেন। এও একপ্রকাব সাহসিকতা। যদি এমনভাবে সমাজ গঠন না কবিতে পারো যাহাতে দেই সর্বোচ্চ সভ্য স্থান পায়, তাহা হইলে তোমরা আব বাহুবলের কি গৌরব কর? ভাহা হইলে তোমরা তোমাদের পাশ্চাত্য প্রতিষ্ঠানগুলির কি গৌবব কব ্ব ভোমাদের মহত্ব ও শ্রেছত্ব সম্বন্ধে কি গৌরব কর, যুদি তোমরা কেবল দিবারাত্র বলিতে থাকো—ইহ। কায়ে পরিণত করা অসম্ভব? টাকা-আনা-পাই ছাডা আর কিছুই কি কার্যকব নহে? যদি তাহাই হয়, তবে তোমাদের সমাজেব এত পর্ব কর কেন? সেই

সমাজই সর্বশ্রেষ্ঠ, যেথানে সর্বোচ্চ সত্য কার্ষে পরিণত করা ষাইতে পারে—
ইহাই আমার মত। আর ষদি সমাজ উচ্চতম সত্যের উপযুক্ত না হয়, তবে
উহাকে উপযুক্ত করিয়া লও। যত শীঘ্র করিতে পারো ততই মঙ্গল। হে
নরনারীগণ, এই ভাব লইয়া দণ্ডায়মান হও, সত্যে বিশ্বাদী হইতে সাহসী
হও, সত্য অভ্যাস কবিতে শাহদী হও। জগতে কয়েক শত সাহসী
নরনারার প্রয়োজন। সাহসা হওয়া বড় কঠিন। সেই সাহসিকতা অভ্যাস
কর, যে সাহসিকতা সত্যকে জানিতে চায় এবং জীবনে সেই সত্য দেখাইতে
পাবে, যাহা মৃত্যুকে ভয় পায় না, যাহা মৃত্যুকে স্থাগত বলিতে পারে,
যাহাতে মান্ত্য জানিতে পারে সে আত্মা, আর সমুদ্য জগতের মধ্যে কোন
অল্পেনই সাধ্য নাই তাহাকে সংহার করে, সমুদ্য অগ্রির সাধ্য নাই তাহাকে
দগ্ধ করিতে পাবে—তবেই তুমি মৃক্ত পুরুষ তবেই তুমি তোমার প্রকৃত স্করপ
জানিতে পারিবে। ইহা এই সমাজে—প্রত্যেক সমাজেই অভ্যাস করিতে
হইবে। 'আত্মা সহত্যে প্রথমে প্রবণ পরে মনন, তৎপরে নিদিধ্যাসন করিতে

আজকাল কর্ম বিষয়ে বেশা কথা বলা এবং চিন্তাকে উডাইয়া দেওয়ার গুব মৌক। কর্ম গুব ভাল বটে, কিন্তু ভাহাও চিন্তা হইতে প্রসূত। শবীরের ভিত্র দিয়া ব্যক্ত শক্তির ক্ষুদ্র প্রকাশকেই কর্ম বলে। চিন্তা ব্যতীত কোন কাম হইতে পারে না। মন্তিদকে উচ্চ উচ্চ চিন্তাম—উচ্চ উচ্চ আদর্শে পর্ণ কর, দিবারাত্র মনেব সন্মুথে ঐগুলি স্থাপন কর, তাহা হইলেই বড বড কাম হইবে। অপবিত্রতা সম্বন্ধে কোন কথা বলিও না, কিন্তু মনকে বলো—আমরা শুলুর আমরা ক্রিয়াছি, আমনা মরিব—এই চিন্তায় আমরা নিজ্ঞেদর একেবাবে অভিভূত করিয়া ফেলিয়াছি এবং সেজক্ত সর্বদাহ একরপ ভ্যে জ্ডস্ড হইয়া রহিষাছি।

একটি আসন্নপসবা সি হী একবার শিকার-অন্বেঘণে বাহির ইইয়াছিল। সে
দূবে একদল মেষ চরিতেছে দেখিয়া যেখন তাহাদিগকে আক্রমণ করিবার
জন্ম লাফ দিল, অমনি তাহাব মৃত্যু হইল, একটি মাতৃহীন সিংহশাবক জন্মগ্রহণ
করিল। মেষদল তাহাব বক্ষণাবেক্ষণ করিতে লাগিল, সে-ও মেষগণের সহিত একত্র বড হইতে লাগিল, মেষগণের ন্যায় ঘাস খাইয়া প্রাণধাবণ করিতে

লাগিল, মেষের স্থায় চীৎকার করিতে লাগিল, যদিও দে ঐতিমত একটি সিংহ হইযা দাড়াইল, তথাপি সে নিজেকে মেষ বলিযা ভাবিতে লাগিল। এইরপে দিন যায়, এমন সময় আব একটি প্রকাওকায় সিংহ শিকার-অন্নেম্বে দেখানে উপস্থিত হইল, কিন্তু দে দেখিয়াই আশ্চয হইল যে, ঐ মেষদলের মধ্যে একটি সিংহ রহিযাছে, আর সে মেষধর্মী হইয়া বিপদের সম্ভাবনা মাত্রেই পলাইয়া যাইতেছে। সি'হ উহার নিকট গিয়া বুঝাহয়। দিবার চেষ্টা করিল যে, সে সিংহ, মেষ নহে, কি 🗟 যেমনি সে অগ্রসর হয়, অমনি মেষপাল পলাইয়া যায—তাহাদেব সঙ্গে মেষ-সি হটিও পলায়। যাহ। হউক, ঐ সিংহ মেষ সি হটিকে ভাহার যথার্থ স্বরূপ বুঝাইয়া দিবাব সঙ্কল্প ভ্যাগ করিল ন।। সে ঐ মেষ-সিংহটি কোথায় থাকে, কি কবে, লক্ষ্য করিতে লাগিল। একদিন দেখিল, সে এক জায়গায় পডিয়া ঘুমাইভেছে, দেখিষাই সে তাহাব উপব লাফাইযা পডিযা বলিল, 'ওহে, তুমি মেষপালের সঙ্গে থাকিয়া আপন স্বভাব ভুলিলে কেন? তুমি তো মেষ নও, তুমি যে দি হ।' মেষ দিংহটি বলিবা উঠিল, 'কি বলিতেছ আমি যে মেষ, দিংহ হইব কিরূপে ?' সে কোনমতে বিধাস করিবে না সে, সে সি ২, বরং সে মেযের মতো চাৎকার করিতে লাগিল। সিংহ তাহাকে ঢানিয়া একটা হ্রদেব দিকে লইয়া গেল, বলিল, 'এই দেখ তোমার প্রতিবিদ্ধ, এই দেখ আমাৰ প্রতিবিদ্ধ। তথন সে সেই তুইটির তুলনা কবিতে লাগিল। সে একবাব সেহ সি হের দিকে, একবার নিজেব প্রতিবিম্বেব দিকে চাহিয়া দেখিতে লাগিল। মধ্যে ভাহার এই জ্ঞানোদ্য হছল (ষ, সত্যই (ত। আমি সিংহ। তথন সে সিংহ-গজন করিতে লাণিল, তাহার মেষবৎ চৎকার কোথায় চলিয়। গেল ' তোমবা দিত্হ-ছরপ – তোমবা আগা, শুদ্ধরূপ অনন্ত ও পণ। জগতেব মহাশক্তি তোমাদেব ভিত্য। 'হে সথে, কেন রোদন করিতেছ । জন্ম-মৃত্যু ভোমার নাই, আমাবও নাই। কেন বাদিতে ৮ তোমাব বোগ-ছ:থ কিছুই নাই, তুমি অনস্ত-আকাশস্বরূপ, নানাবনেব মে। উহাব উপর আসিতেছে, এক মুহূৰ্ত খেলা করিয়া আবাব কোথায় অন্তৰ্হিত হইতেছে , কিন্তু আকাশ যে নীলবর্ণ, সেই নীলবর্ণ হ বহিয়াছে। এই রূপ জ্ঞানের অভ্যাস কবিবত হটবে। আমবা জগতে অসং ভাব দেখি কেন ? কারণ আমরা নিজেরাই অসং। পথেন ধারে একটি স্থানু রহিয়াছে। একটা চোর সেই পথ দিয়া যাইতেছিল,

শে ভাবিল—এ একজন পাহারা ওযালা। নাযক উহাকে ভাহার, নাগিক। ভাবিল। একটি শিশু উহাকে দেখিয়া ভূত মনে কবিষা চীংকাব করিতে লাগিল। ভিন্ন ভিন্ন ব্যক্তি এইবণে উহাকে ভিন্ন ভিন্ন ভাবে দেখিলেও উহা সেই স্থানু—শুদ্ধ কাইপণ্ড ব্যতীত আব কিছুই ছিল না।

সামবা নিজের। যেমন, জগংকে ও সেই কপ দেখিয়া থাকি। মনে কর ঘবে একটি শিশু আছে, এবং টেবিলেব উপব এক থলে মোহর বহিষাছে। একজন চেবর আনিয়া স্বামুদাগুলি গ্রহণ কবিল। শিশুটি কি বুঝিতে পাবিবে—উহা অপ্রত হইল ? আমাদের ভিতরে যাহা, বাহিবেও তাহাই দেশিয়া থাকি। শিশুটিব মনে চোর নাই, স্থতবাং দে বাহিবেও চোব দেখে না। সকল জ্ঞান-সম্বন্ধে এই রপ। জগতে ব পাপ-অ ল্যাচারেব কথা বলিও না। বরং ভোমাকে থে জগতে এখন ও পাপ দেখিতে হইতেছে, সেজ্ঞ পোদন কর। নিজে শাদো ষে, ভোমাকে এগন ও সর্বত্র পাপ দেখিতে হইতেছে। যদি ভূমি জগতের উপকাব কৰিতে চাও, তবে আর জগতের উপর দোষারোপ করিও না, উহাকে আবও বেশা দবল করিও না। এই সকল পাপ হুঃখ প্রভৃতি আর কি ?—এগুলি তো হুবলতারহ ফল। মাল্ল ছেলেবেলা হইতে শিক্ষা পায থে, সে ওবল ত পাপী। জগং এইরপ শিক্ষা ছারা দিন দেন তুবল হইতে ্বলত্ব হইয়াছে। ভাহাদিগকে শিথাত যে, গ্রাহাব। সকলেই সেই অমুত্রে সন্তান- এমন কি যাহাদেব ভিতরে আত্মার প্রকাশ অতি ক্ষীণ, তাহাদিগকেও ডহা শিখাও। বালাকাল ২হতেই তাহাদেব মহিছে এমন সকল চিস্তা প্রবেশ ককক, যাহা তাহাদিগকে ধ্বার্থ সাহাধ্য করিবে, যাহা তাহাদিগকে স্বল কলিবে, যাহাতে ভাহাদেব যথার্থ কল্যাণ হটবে। ত্র্বলতা ও কর্মশক্তি-লোপকারা চিন্তা থেন তাহাদের মন্তিক্ষে প্রবেশ না কবে। সং চিন্তার স্রোতে গা ঢালিয়। দাও, নিজেব মনকে সর্বদ। বলো—'আমি শেই, আমিই সেই', ভোমাব মনে দিনবাত্তি ইহ। সঙ্গীতেব মতে। বাজিতে থাকুক, আর মৃত্যুব সময়েও 'দোহহং, দোহহং' বলিয়া দেহত্যাগ কর। ইহাই সত্য —জগতেব অনন্ত শক্তি ভোষাৰ ভিতরে। যে কুসংস্থাৰ তোমাৰ মনকে আবৃত রাখিয়াছে, ভাহাদ্ব করিয়া দাও। সাহসা হও। সভ্যকে জানিয়া ভাহা জীবনে পরিণভ কর। চরম লক্ষ্য অনেক দ্ব হইতে পাবে, কিন্তু উত্তিষ্ঠত জাগ্রত প্রাপ্য বরান নিবোধত।'

মানুষের যথার্থ স্বরূপ (২)

[নিউ ইযর্কে প্রদত্ত বড় ল]

আমর। এখানে দাঁডাইয়া আছি, কিন্তু আমাদের দৃষ্টি সম্মুখে প্রসাবিত, আনেক সময় আমরা বহু দৃরে দৃষ্টিনিক্ষেপ করি। মামুষও যতদিন চিন্তা করিতে আবস্তু করিয়াছে, ততদিন এইকপ করিতেছে। মাহুদ সন্দাই সম্মুখে—ভবিশ্বতে দৃষ্টিনিক্ষেপ কবিতেছে; সে জানিতে চাহে—এই শ্বীব বাংস হইলে মামুষ কোথায় যায়। এই বহুস্ত-ভেদের জন্ম বহু প্রকার মতবাদ প্রচলিত হইয়াছে, একের পর এক বহু মত উপস্থাপিত হইয়াছে, আবার শত শত মত খণ্ডিত হইয়াপেরিতাক্ত হইয়াছে, কতকগুলি গৃহীত হইয়াছে, আর যতদিন মামুষ এই জগতে বাদ কবিবে, যতদিন সে চিন্তা করিবে. ততদিন এইকপ চলিবে। এই মতগুলিব প্রত্যেকটিতেই কিছু না কিছু সত্য আছে, আবাব সবগুলিতেই এমন গনেক কিছু আছে, যাহা সত্য নয়। এই সম্বন্ধে ভারতে যে-সকল অফুসন্ধান হইযাছে, তাহারই সার—হাহাবই সিদ্ধান্ত আমি আপনাদের নিকট বলিতে চেষ্টা করিব। ভারতীয় দার্শনিকগণের এই-সকল বিভিন্ন মতেব সমন্বয় করিতে এবং যদি সন্তব হয়, ভাহাদের সহিত আধ্নিক বৈজ্ঞানিক দিদ্ধান্তের সমন্বয় সাধন করিতে চেষ্টা করিব।

বেদান্তদর্শনের একটি উদ্দেশ্য—একত্বের অন্নসন্ধান। হিন্দুগণ বিশেষের প্রতি বড় মন দেন না; তাঁহারা সর্বদাই সামান্তের —শুণু তাহাই নহে—
সর্ব্যাপী সার্বভৌম বস্তর অন্নেষণ করিয়াছেন। 'এমন কি পদার্থ আছে, যাহাকে
দানিলে সবই জানা হয় ?'—গবেষণাব ইহাই একমাত্র বিষয়বস্তু। 'যেমন
একতাল মুত্তিকাকে জানিতে পাশিলে জগতের সম্দয় মুত্তিকাকে জানিতে পারা
যায়, সেইরূপ এমন কি বস্তু আছে, যাহাকে জানিলে জগতের সব কিছু জানা
গাইবে ?' ইহাই তাঁহাদের একমাত্র অন্নসন্ধান, ইহাই তাঁহাদের একমাত্র

তাহাদেব মতে সমৃদয় জগংকে বিশ্বেষণ করিলে উহ। একমাত্র 'আকাশ' নামক পদার্থে পর্যবৃদিত হয়। আমরা আমাদের চতুদিকে থাহা কিছ দেখিতে পাই, স্পর্শ করি বা আস্বাদ করি, এমন কি, আমরা ষাহা কিছু
অমভব করি—সবই এই আকাশের বিভিন্ন বিকাশমাত্র। এই আকাশ স্ক্র ও
সর্বব্যাপী। কঠিন তরল বাস্পীয় সকল পদার্থ, সর্বপ্রকার আকৃতি ও শরীর,
পৃথিবী স্ব্ চন্দ্র তার।—সবই এই আকাশ হইতে উৎপন্ন।

এই আকাশের উপর কোন্ শক্তি কার্য করিয়া তাহা হইতে জগৎ হৃষ্টি করিল? আকাশের সঙ্গে একটি সর্বব্যাপী শক্তি রহিয়াছে। জুগতে যত প্রকার ভিন্ন শক্তি আছে—আকর্ষণ, বিকর্ষণ, এমন কি চিম্বাশক্তি পর্যম্ভ 'প্রাণ' নামক এক মহাশক্তির বিকাশ। এই প্রাণ আকাশের উপর কার্য করিয়া জগংপ্রপঞ্চ রচনা করিয়াছে। কল্প-প্রারম্ভে এই প্রাণ যেন অনস্ত আকাশ-সমুদ্রে স্থপ্ত থাকে। আদিতে এই আকাশ গতিহীন অবস্থায় ছিল। পরে প্রাণের প্রভাবে এই আকাশ-সমুদ্রে গতি উৎপন্ন হয়। আর এই প্রাণের যেমন গতি হইতে থাকে, তেমনই এই আকাশ-সমুদ্র হইতে নানা ব্রহ্মাণ্ড, নানা জগৎ—কত স্থ, কত চন্দ্ৰ, কত তারা পৃথিবী মাহ্য জন্ত উদ্ভিদ্ ও নানা শক্তি উৎপন্ন হইতে থাকে। অতএব হিন্দুদের মতে সর্বপ্রকার শক্তি প্রাণের এবং স্ব্প্রকার পদার্থ আকাশের বিভিন্ন রূপমাত। কল্লান্তে সমৃদয় কঠিন পদার্থ দ্রবীভূত হইবে, সেই তরল পদার্থ আবার বাষ্পে পরিণত হইবে, তাহা আবার ভেজরূপ ধারণ করিবে; অবশেষে সব কিছু যাহা হইতে উৎপন্ন হইয়াছিল, সেই আকাশে লীন হইবে। আর আকর্ষণ বিকর্ষণ গতি প্রভৃতি সমৃদয় শক্তি ধীরে ধীরে মূল প্রাণে পর্যবসিত হইবে। কিছুকালের জন্ম এই প্রাণ যেন নিদ্রিত অবস্থায় থাকিবে; কল্প আরম্ভ হইলে আবার জাগ্রত হইয়া নানাবিধ রূপ প্রকাশ করিবে, কল্পাবসানে সকলই আবার লয় পাইবে। এইরূপে স্ষষ্টি-প্রণালী চলিয়াছে; আসিতেছে, যাইতেছে—একবার পশ্চাতে, আবার যেন সম্প্র দিকে ত্লিতেছে। আধুনিক বিজ্ঞানের ভাষায় বলিতে গেলে বলিতে হয়—কিছুকাল স্থিতিশীল, কিছুকাল গতিশীল হইতেছে; একবার স্থপ্ত আর একবার ক্রিয়াশীল হইতেছে। এইরূপ পরিবর্তন অনস্তকাল ধরিয়া চলিয়াছে।

কিন্তু এই বিশ্লেষণও আংশিক। আধুনিক পদার্থবিজ্ঞানও এই পর্যন্ত জানিয়াছে। ইহার উপরে ঐ বিজ্ঞানের অফুসন্ধান আর যাইতে পারে না। কিন্তু এই অফুসন্ধানের এখানেই শেষ হয় না। এ পর্যন্ত আমরা এমন জিনিস পাই নাই, যাহা জানিলে সব জানা যায়। আমরা সমৃদয় জগৎকে পদার্থ

ও শক্তিন্তে, অথবা প্রাচীন ভারতীয় দার্শনিকদের ভাষায় বলিতে গেলে—
আকাশ ও প্রাণে পর্ববিদিত করিয়েছি। এখন আকাশ ও প্রাণকে উহাদেক
আদি কারণে পর্ববিদিত করিতে হইবে। উহাদিগকে 'মন' নামক উচ্চতর
ক্রিয়াশক্তিতে পর্ববিদিত করা যাইতে পারে, 'মহং' বা সমষ্টি চিম্বাশক্তি হইতে
প্রাণ ও আকাশ—উভয়েব উৎপত্তি। চিম্বাশক্তিই এই হইটি শক্তিরপে
বিভক্ত হইয়া যায়। আদিতে এই সর্বব্যাপী মন ছিলেন। ইনিই পরিণত
হইয়া আকাশ ও প্রাণরূপ ধারণ করিলেন, আর এই হইটির সংযোগে ও মিলনে
সমুদ্য জগং উৎপন্ন হইয়াছে।

এবার মনন্তব্বে আলোচনা করা যাক। আমি ভোমাকে দেখিভেছি, চক্ষু দ্বারা বিষয় গৃহীত হইতেছে, উহা অহুভূতিজ্ঞনক স্নাযু দ্বারা মন্তিক্ষে প্রেরিত হইতেছে। এই চক্ষু দর্শনের সাধন নহে, উহা বাহিরের ষম্ভমাত্র , কারণ দর্শনের প্রকৃত সাধন--্যাহা মন্তিক্ষে বিষয়-জ্ঞানের সংবাদ বহন করে, তাহা যদি নষ্ট করিয়া দেওয়া যায়, তবে আমার বিশটি চক্ষ্ থাকিলেও ভোমাদের কাহাকেও দেখিতে পাইব না। অক্ষিদালেব (retina) উপর সম্পূর্ণ ছবি পডিতে পারে, তথাপি আমি তোমাদিগকে দেখিতে পাইব না। স্থতরাং প্রকৃত দর্শনেন্দ্রিয় এই চক্ষু হইতে পৃথক্; প্রকৃত চক্ষ্রিন্দ্রিয় অবশ্য চক্ষু-মন্ত্রের পশ্চাতে অবস্থিত। সকল প্রকার বিষয়াত্বভৃতি সম্বন্ধেই এরপ বুঝিতে হইবে। নাসিকা ভাণেক্রিয় নহে; উহা যন্ত্রমাত্র, উহার পশ্চাতে ভাণেক্রিয়। প্রত্যেক ইন্দ্রিয় সম্বন্ধেই বুঝিতে হইবে, প্রথমে এই স্থুল শরীরে বাছ্যস্ত্রগুলি অবস্থিত, তৎপশ্চাতে কিন্তু ঐ স্থূল শরীরেই ইন্দ্রিয়গণও অবস্থিত। কিন্তু তথাপি যথেষ্ট হইল না। মনে কর আমি তোমার সহিত কথা কহিতেছি, আর তুমি অতিশয় মনোধোগ সহকারে আমার কথা শুনিতেছ, এমন সময় এখানে একটি ঘণ্টা বাজিল, তুমি হয়তো সেই ঘণ্টাধ্বনি শুনিতে পাইবে না। ঐ শক্তরক ভোমার কানে পৌছিয়া কর্ণপটহে লাগিল, স্নায়র ছারা ঐ সংবাদ মন্তিঙ্কে পৌছিল, কিন্তু তথাপি তুমি শুনিতে পাইলে না কেন? যদি মণ্ডিকে সংবাদ-বছন পর্যস্ত সমস্ত প্রক্রিয়াটি সম্পূর্ণ হইয়া থাকে, তবে তুমি ভনিতে পাইলে না কেন ? তাহা হইলে দেখা গেল, এই প্রবণ-প্রক্রিয়ার জন্ম আরও কিছু আবশুক—এ ক্ষেত্ৰে মন ইন্দ্ৰিয়ে যুক্ত ছিল না ৷ ষধন মন ইন্দ্ৰিয় হইডে পৃথক্ থাকে, ইন্দ্রিয় উহাকে যে-কোন সংবাদ আনিয়া দিতে পারে, মন তাহা

গ্রহণ করিবে না। যখন মন উহাতে যুক্ত হয়, তথনই কেবল উহার পক্ষে কোন সংবাদগ্রহণ সম্ভব। কিন্তু উহাতেও বিষয়াহভূতি সম্পূর্ণ হইবে না। বাহিরের যন্ত্র সংবাদ আনিতে পারে, ইন্দ্রিয়গণ ভিতরে উহা বহন করিতে পারে, মন ইন্দ্রিয়ে সংযুক্ত হইতে পারে, কিন্তু তথাপি বিষয়াত্বভূতি সম্পূর্ণ হইবে না; আর একটি জিনিদ আবশ্যক। ভিতর হইতে প্রতিক্রিয়া আবশ্যক। প্রতিক্রিয়া হইতে জ্ঞান উৎপন্ন হইবে। বাহিরের বস্তু ষেন আমার অস্তবে সংবাদ-প্রবাহ প্রেরণ করিল। আমার মন উহা গ্রহণ করিয়া বৃদ্ধির নিকট প্রেরণ করিল, বুদ্ধি পূর্বাহুভূত মনের সংস্থার অহুসারে উহাকে সাজাইল এবং বাহিরে প্রতিক্রিয়াপ্রবাহ প্রেরণ করিল, ঐ প্রতিক্রিয়ার সঙ্গে সঙ্গেই বিষয়াস্থভৃতি হইয়া থাকে। মনে যে শক্তি এই প্রতিক্রিয়া প্রেরণ করে, তাহাকে বৃদ্ধি বলে। তথাপি ব্যাপারটি সম্পূর্ণ হইল না। মনে কর — একটি ক্যামেরা (ম্যাজিক লঠন) রহিয়াছে, আর একটি বস্ত্রথণ্ড রহিয়াছে। আমি ঐ বল্পপ্রের উপর একটি চিত্র ফেলিবার চেষ্টা করিতেছি। আমি কি করিতেছি? আমি ক্যামেরা হইতে নানা প্রকার আলোক-কিরণ ঐ বস্ত্রগণ্ডের উপর ফেলিয়া ঐগুলি ঐ স্থানে একত্র করিতে চেষ্টা করিতেছি। একটি অচল বস্তুর **আবশুক,** যাহার উপর চিত্র ফেলা যাইতে পারে। কোন সচল বস্তর উপর চিত্র ফেলা অসম্ভব---কোন স্থির বস্তর প্রয়োজন। আমি ষে-সকল আলোকরশ্মি ফেলিবার চেষ্টা করিতেছি, দেগুলি সচল; এই সচল আলোকরশ্মি কোন অচল বস্তুর উপর একত্র—একীভূত করিয়া মিলিত করিতে হইবে। ইন্দ্রিয়গণ থে-সকল অগুভূতি ভিতরে লইয়া গিয়া মনের নিকট এবং মন বুদ্ধির নিকট সমর্পণ করিতেছে, তাহাদের সম্বন্ধেও এইরপ। ষতক্ষণ না এমন কোন স্থির বস্তু পাওয়া যায়, যাহ†র উপর এই চিত্র ফেলিতে পারা যায়, যাহাতে এই ভিন্ন ভিন্ন ভাবগুলি একত্র মিলিত হইতে পারে, ততক্ষণ এই বিষয়াহুভূতি-প্রক্রিয়া সম্পূর্ণ হয় না। কি সেই বস্তু, যাহ। আমাদের পরিবর্তনশীল সত্তাকে একটি একত্বের ভাব প্রদান করে ? কি দেই বস্তু, যাহা বিভিন্ন গতির ভিতরেও প্রতি মৃহুর্তে ঐক্য রকা করিয়া থাকে ? কি সেই বস্তু, যাহাতে ভিন্ন ভিন্ন ভাবগুলি যেন একত্র গ্রথিত থাকে, যাহার উপর বিষয়গুলি আসিয়া ষেন একত বাস করে এবং একটি অথও ভাব ধারণ করে ? আমরা দেখিলাম, এমন একটি বস্ত আৰশ্ৰক, এবং শরীর-মনের তুলনায় সেই বস্তুটিকে স্থির হইতে হইবে।

বস্ত্রথণ্ডের ট্রপর ঐ ক্যামেরা চিত্রনিক্ষেপ করিতেছে, তাহা ঐ আলোকরশ্রির তুলনায় হির, নতুবা কোন চিত্র প্রক্ষিপ্ত হইবে না। অর্থাং অম্বভবিতা একটি 'ব্যক্তি' হওয়া আবশ্রক। এই বস্তু, যাহার উপর মন এই-সকল চিত্রাহ্বন করিতেছে— যাহার উপর মন ও বৃদ্ধি দাবা বাহিত হইয়া আমাদের বিষয়ামভূতিসকল স্থাপিত, শ্রেণীবদ্ধ ও একত্র হয়, ভাহাকেই মাম্যের আত্মা বলে।

আমরা দেখিলাম, সমষ্ট-মন বা মহৎ—আকাশ ও প্রাণ এই তৃই ভাগে বিভক্ত হইয়াছে, আর মনের পশ্চাতে আত্মা রহিয়াছেন। সমষ্ট-মনের পশ্চাতে যে আত্মা, তাঁহাকে 'ঈশ্বর' বলে। ব্যষ্টিতে ইহা মানবের আত্মা মাত্র। যেমন জগতে সমষ্টি-মন আকাশ ও প্রাণরূপে পরিণত হইয়াছে, সেইরূপ সমষ্টি-আ্মাও মনরূপে পরিণত হইয়াছে। এক্ষণে প্রশা এই—ব্যষ্টি-মানব সম্বন্ধেও কি এরূপ ? মান্যযেরও মন কি তাহার শরীরের প্রষ্টা, তাহার আত্মা তাহার মনের প্রষ্টা—অর্থাৎ মান্যযের শরীর, মন ও আ্মানা—তিনটি বিভিন্ন বন্ধ, অথবা ইহারা একের ভিতরেই তিন, অথবা ইহারা এক পদাথেরই বিভিন্ন অবস্থামাত্র ? আমরা ক্রমণঃ এই প্রশ্নের উত্তর দিতে চেটা করিব। যাহা হউক, আমরা একক্ষণে এই পাইলাম—প্রথমতঃ এই স্থলদেহ, তংপশ্চাতে ইন্মিয়গণ, মন, বৃদ্ধি এবং বৃদ্ধিরও পশ্চাতে আত্মা। প্রথমতঃ আমরা পাইলাম, আত্মা শরীর হইতে পূথক, মন হইতেও প্রক্র। এই স্থান হইতেই ধর্মজগতে মতভেদ দেখা যায়। হৈতবাদী বলেন—আত্মা সগুণ অর্থাৎ স্থুখ, তুঃখ ও ভোগের স্ব অমুভ্তিই যথার্থতঃ আ্মারার ধর্ম; অহৈতবাদী বলেন—আত্মা নিঞ্জণ।

আমরা প্রথমে ছৈতবাদীদের মত—আত্মা ও উহার গতি সম্বন্ধে তাঁহাদের মত বর্ণনা করিয়া পরে যে মত উহা সম্পূর্ণরূপে খণ্ডন করে, তাহা বর্ণনা করিব। অবশেষে অহৈতবাদের দ্বারা উভয় মতের সামঞ্জন্য সাধন করিতে চেষ্টা করিব। এই মানবাত্মা শরীর-মন হইতে পৃথক বলিয়া এবং আকাশ ও প্রাণ দ্বারা গঠিত নয় বলিয়া অমর। কেন ? মরত্বের বা নশ্বত্বের অর্থ কি ? যাহা বিশ্লিষ্ট হুইয়া যায়, তাহাই নশ্বর! আর যে দ্রন্য কৃতকগুলি পদার্থের সংযোগ দ্বারালর, তাহাই বিশ্লিষ্ট হুইবে। কেবল যে-পদার্থ অপর পদার্থের সংযোগ দ্বারালয়, তাহাই বিশ্লিষ্ট হুইবে। কেবল যে-পদার্থ অপর পদার্থের সংযোগে উৎপন্ন নয়, তাহা কথনও বিশ্লিষ্ট হয় না, স্ক্তরাণ তাহাব বিনাশ কথনও হইতে পারে না, তাহা অবিনাশী; তাহা অনস্ক্রকাল ধরিয়া রহিয়াছে, তাহার কথনও স্বান্ধ হয়

নাই। সৃষ্টি কেবল সংযোগমাত্র। শৃষ্ম হইতে সৃষ্টি—কেহ কথনও দেখে নাই।
সৃষ্টি সৃষ্টে আমরা কেবল এইমাত্র জানি যে, উহা পূর্ব হইতে অবস্থিত কতকগুলি
বস্তুর নৃতন নৃতন রূপে একত্র মিলন মাত্র। যদি তাহাই হইল, তবে এই মানবাত্রা
ভিন্ন ভিন্ন বস্তুর সংযোগে উংপন্ন নয় বলিয়া অবশ্য অনস্থকাল ধরিয়া ছিল এবং
অনুস্থকাল ধরিয়া থাক্রিবে। এই শরীর-পাত হইলেও আত্রা থাকিবেন।
বেদাস্তবাদীদের মতে—যখন এই শরীরের পুতুন হয়, তখন মানবের ইল্রিয়গণ
মনে লয় পায়, মন প্রাণে লীন হয়, প্রাণ আত্রায় প্রবেশ করে, আর তখন সেই
মানবাত্রা যেন স্ক্রশরীর বা লিক্লরীররূপ বসন পরিধান করিয়া চলিয়া যান।

এই স্কাশরীরেই মাইবের সম্দর্য সংস্থার বাস করে। সংস্থার কি ? মন বেন রাদের তুল্য, আর আমাদের প্রত্যেক চিন্তা বেন সেই রদে তরঙ্গতুলা। বেমন রদে তরঙ্গ উঠে, আবার পড়ে—পড়িয়া অন্তর্হিত হইয়া যায়; সেইরূপ মনে এই চিন্তাতরঙ্গুলি ক্রমাগত উঠিতেছে, আবার অন্তর্হিত হইতেছে। কিন্তু উহারা একেবারে অন্তর্হিত হয় না; উহারা ক্রমশং স্কাতর হইয়া যায়, উহাদের অন্তিত্ব থাকে, প্রয়োজন হইলে আবার উদয় হয়। যে চিন্তাগুলি স্কাতর রূপ থারণ করিয়াছে, তাহারই কতকগুলিকে আবার তরঙ্গাকারে আনয়নকরাকেই 'ম্মৃতি' বলে। এইরূপে আমর। যাহা কিছু চিন্তা করিয়াছি, যে কোন কার্য করিয়াছি, সবই মনের মধ্যে রহিয়াছে। সবগুলিই স্কাতাবে অবস্থান করে এবং মাছ্য মরিলেও এই সংস্কারগুলি তাহার মনে বর্তমান থাকে—উহারা আবার স্কাণ্যীরের উপর কার্য করিয়া থাকে। আত্মা এই-সকল সংস্কার এবং স্কাণ্যীররূপ বদন পরিধান করিয়া চলিয়া যান এবং এই বিভিন্নসংস্কাররূপ বিভিন্ন শক্তির সমবেত ফলই আত্মার গতি নিয়মিত করে। তাঁহাদের মতে আত্মার তিবিধ গতি হইয়া থাকে।

যাহারা অত্যন্ত ধার্মিক, তাহাদের মৃত্যু হইলে তাহারা স্থ্রশির অম্পরণ করেন; স্থ্রশি অম্পরণ করিয়া তাঁহারা স্থলাকে উপনাত হন, তথা হইতে চন্দ্রলোক এবং চন্দ্রলোক হইতে বিহ্যলোকে উপন্থিত হন; তথায় তাঁহাদের সহিত আর একজন মূকা যার সাক্ষাৎ হয়; তিনি ঐ জীবাত্মাগণকে সর্বোচ্চ বন্ধলোকে লইয়া যান। এইছানে তাহারা সর্বজ্ঞতা ও সর্বশক্তিমতা লাভ করেন; তাঁহাদের শক্তি ও জ্ঞান প্রায় ঈশবের তুল্য হয়; আর দৈত্বাদীদের মতে—তাঁহারা তথায় অনম্ভকাল বাস করেন, অথবা অবৈত্বাদীদের মতে—

কল্পাবসানে ব্রন্ধের সহিত একত্ব লাভ করেন। বাঁহারা সকামভাবে সংকার্থ করেন, তাঁহারা মৃত্যুর পর চন্দ্রলোকে গমন করেন। এখানে নানাবিধ ত্বর্গ আছে। তাঁহারা এখানে স্ক্র্মারীর—দেবশরীর লাভ করেন। তাঁহারা দেবতা হইয়া এখানে বাস করেন ও দীর্ঘকাল ধরিয়া ত্বর্গপ্থ উপভোগ করেন। এই ভোগের অবসানে আবার তাঁহাদের পুরাতন কর্ম বলবান হয়, স্ক্রোং পুনরায় তাঁহাদের মর্ত্যলোকে জন্ম হয়। তাঁহারা বায়ুলোক, মেঘলোক প্রভৃতি লোকের ভিতর দিয়া আসিয়া অবশেষে বৃষ্টিধারার সহিত পৃথিবীতে পতিত হন। বৃষ্টির সহিত পতিত হইয়া তাঁহারা কোন শহ্মকে আশ্রয় থাকেন। তৎপরে সেই শহ্ম কোন ব্যক্তি ভোজন করিলে তাহার ঔবসে সেই জীবাজ্মা পুনরায় দেহ পরিগ্রহ করে।

যাহার। অতিশয় ত্রুভি, তাহাদের মৃত্যু হইলে তাহারা ভূত বা দানৰ হয় এবং চদ্রলোক ও পৃথিবীর মাঝামাঝি কোন স্থানে বাস করে। তাঁহাদের মধ্যে কেহ কেহ মহয়গণের উপর নানাবিধ অত্যাচাব করিয়া থাকে, কেহ কেহ আবার মহন্তগণের প্রতি মিত্রভাবাপন্ন হয়। তাহারা কিছুকাল ঐস্থানে থাকিয়া পুনরায় পৃথিবীতে আসিয়া পশুজন্ম গ্রহণ করে। কিছুদিন পশুদেহে নিবাস করিয়া তাহারা আবার মাহুষ হয়—আর একবার মুক্তিলাভ করিবার উপযোগী অবস্থা প্রাপ্ত হয়। তাহা হইলে আমরা দেখিলাম, যাঁহারা মুক্তির নিকটতম সোপানে পৌছিয়াছেন, যাঁহাদের ভিতরে থুব সামাগ্র অপবিত্রভা অবশিষ্ট আছে, তাঁহারাই সূর্যকিরণ ধরিয়া ব্রন্ধলোকে গমন কবেন। মাঝারি রকমের লোক, খাহারা স্বর্গে যাইবার কামনা রাখিয়া কিছু সৎকার্য করেন, চন্দ্রলোকে গমন করিয়া সেই-সকল ব্যক্তি সেইস্থানের স্বর্গে বাস করেন, সেখানে তাঁহারা দেবদেহ প্রাপ্ত হন, কিন্তু তাঁহাদিগকে মৃক্তিলাভ করিবার জ্ঞ্য আবার মন্তব্যদেহ ধারণ করিতে হয়। আর ধাহারা অত্যম্ভ অসৎ, তাহারা ভূত দানৰ প্রভৃতি রূপে পরিণত হয়, তাহার পর তাহারা পশু হয়; পরে মৃক্তিলাভের জন্ম তাহাদিগকে আবার মহয়জন্ম গ্রহণ করিতে হয়। এই পৃথিবীকে 'কর্মভূমি' বলে। ভাল-মন্দ কর্ম সবই এখানে করিতে হয়। স্বর্গকাম হইয়া সংকার্য করিলে মাছ্রয় স্বর্গে গিয়া দেবতা হন। এই অবস্থায় তিনি আর ন্তন বর্ম করেন না, কেবল পৃথিবীতে তাঁহার সংকর্মের ফলভোগ করেন। আর এই সংকর্ম ষেমনি শেষ হইয়া যায়, অমনি ভিনি জীবনে ষে-সকল অসং

কর্ম করিয়াছিলেন, তাহার সমবেত ফল বেগে আসিয়া তাঁহাকে পুনুর্বার এই পৃথিবীতে টানিয়া আনে। এইরপে যাহারা ভূতপ্রেত হয়, তাহারা সেই অবস্থায় কোনরপ নৃতন কর্ম না করিয়াই কেবল অতীত কর্মের ফলভোগ করে, তাহার পর পশুজনা গ্রহণ করিয়া সেখানেও কোন নৃতন কর্ম করে না, তাহার পর তাহারা আবার মাহ্য হয়।

মনে কর —কোন ব্যক্তি সারা জীবন অনেক মন্দ কাজ করিল, কিছু একটি খুব ভাল কাজন্ত করিল, তাহা হইলে সেই সংকর্মের ফল তৎক্ষণাং প্রকাশ পাইবে, আর ঐ কার্যের ফল শেষ হইবামাত্র অসৎ কর্মগুলিও ভাহাদের ফল প্রদান করিবে। যাহারা কতকগুলি ভাল ও মহং কাজ করিয়াছে, কিছু যাহাদের জীবনের অভ্যাস বা আচরণ ঠিক নহে, তাহারা দেবত। হইবে। দেবদেহসম্পন্ন হইয়া দেবতাদের শক্তি কিছুকাল সম্ভোগ করিয়া আবার তাহাদিগকে মাছ্য হইতে হইবে। যথন সংকর্মের শক্তি ক্ষয় হইয়া যাইবে, তথন আবার সেই পুরাতন অসৎকার্যগুলির ফল ফলিতে থাকিবে। যাহারা অভিশন্ন অসৎকর্ম করে, তাহাদিগকে ভূতশরীর দানবশরীর গ্রহণ করিতে হইবে; আর যথন ঐ অসংকার্যগুলির ফল শেষ হইয়া যায়, তথন যে সংকর্মটুকু অবশিষ্ট থাকে—ভাহা দ্বারা ভাহারা আবার মান্ত্য হইবে। যে পথে ব্রহ্মলোকে যাওয়া যায়, যেথান হইতে পতন বা প্রভ্যাবর্তনের সম্ভাবনা নাই, তাহাকে 'দেব্যান' বলে আর চন্দ্রলোকের পথকে 'পিত্যান' বলে।

অতএব বেদাস্তদর্শনের মতে মাহুদই জগতের মধ্যে সর্বশ্রেষ্ঠ প্রাণী আর এই পৃথিবীই সর্বশ্রেষ্ঠ স্থান, কারণ এইখানেই মুক্ত হইবার সন্তাবনা। দেবতা প্রভৃতিকেও মুক্ত হইতে হইলে মানবজন্ম গ্রহণ করিতে হইবে। এই মানব-ক্ষমেই মুক্তির সর্বাপেকা অধিক স্থবিধা।

এখন এই মতেব বিরোধী মত আলোচনা করা যাক। বৌদ্ধণ এই আত্মার অন্তিত্ব একেবারে অধীকার করেন। বৌদ্ধণ বলেন: এই শরীর-মনের পশ্চাতে আত্মা বলিয়া একটি পদার্থ আছে, তাহা মানিবার আবশুকতা কি? 'এই শরীর ও মন-রূপ যন্ত্র শতঃসিদ্ধ' বলিলেই কি যথেষ্ট ব্যাখ্যা হইল না? আবার একটি তৃতীয় পদার্থ কল্পনার প্রয়োজন কি? এই যুক্তিগুলি খুব প্রবল। যতদ্র পর্যন্ত অনুসন্ধান চলে, ততদ্র বোধ হয়,

এই শরীর ও মনরূপ যা খড়াসিম, অভড়া আমরা অনেকে এই তড়টি এই ভাবেই দেখিয়া থাকি। তবে শরীর ও মনের অভিনিক্ত, অথচ শরীর-মনের আশ্রম্বরূপ আত্মা-নামক একটি পদার্থের অন্তিত্ব-কল্পনায় আবশুক্তা কি ? ওধু শরীর-মন বলিলেই তো বথেট হয়; নিয়ত পরিণামশীল জড়ভোতের নাম 'শরীর', আর নিয়ত-পরিণামশীল চিম্বাভারে নাম মন। এই দুয়ের একত্ব-প্রতীতি হইতেছে কিলের বারা? বৌদ্ধ বলেন: এই একত্ব বাশুবিক নাই। একটি জলস্ত মশাল লইয়া পুরাইতে থাকো, একটি অগ্নির বৃত্তবন্ধপ হইবে। বাত্তবিক কোন বৃত্ত হয় নাই, কিন্তু মশালের নিয়ত ঘূর্ণনে উহা ঐ বৃত্তের আকার ধারণ করিয়াছে। এইরূপ আমাদের জীবনেও একত্ব নাই; জড়ের রাশি ক্রমাগত বহিয়া চলিয়াছে। সমুদয় জড়রাশিকে 'এক' বলিতে ইচ্ছা হয় বলো, কিন্তু ভদভিরিক্ত বাস্তবিক কোন একত্ব নাই। মনের সম্বন্ধেও তাই; প্রত্যেক চিস্তা অপর চিস্তা হইতে পৃথক্। এই প্রবল চিন্তালোতই এই একত্বের লম রাখিয়া যাইতেছে। স্থতরাং তৃতীয় পদার্থের আর আবশ্রকতা নাই। দেহ-মনের বিশপ্রপঞ্চ এই জড়ফ্রোত ও এই চিস্তান্তোত—কেবল ই্ছাদেরই অন্তিত্ব আছে; ই্ছাদের পশ্চাতে আর কিছু অহুমান করিও না। আধুনিক অনেক সম্প্রদায় বৌদদের এই মত গ্রহণ ক্রিয়াছেন, কিন্তু তাঁহারা সকলেই এই মতকে তাঁহাদের নিজেদের আবিষ্কার বলিয়া প্রতিপন্ন করিতে ইচ্ছা করেন। অধিকাংশ বৌদ্ধ-দর্শনেরই মোট কথাটা এই যে, এই পরিদুশুমান জগৎ পর্যাপ্ত; ইহার পশ্চাতে আর কিছু আছে কি না, তাহা অহুসন্ধান করিবার কিছুমাত্র প্রয়োজন নাই। ইন্দ্রিয়গ্রাহ্ জগৎই লব—কোন বস্তুকে এই জগতের আশ্রয়রূপে কল্পনা ক িবার প্রয়োজন কি ? সবই গুণসমষ্ট। এমন আছুমানিক পদার্থ করনা করিবার কি আবশুকভা আছে, বাহাতে সেপ্তলি লাগিয়া থাকিবে ? গুণরাশির ক্রত আদানপ্রদানবশতই পদার্থের জ্ঞান হয়, কোন অপরিণামী পদার্থ বান্তবিক উহাদের পশ্চাতে আছে বলিয়া নয়: আমরা দেখিলাম এই যুক্তি গুলি কি চমৎকার। আর এগুলি মানবের সাধারণ অভিজ্ঞতাকে সহজেই নাড়া দেয়। বাস্তবিক লক্ষে একজনও এই দুখ্যকগতের অতীত কিছুব ধারণা করিতে পারে কি না, সন্দেহ। অধিকাংশ লোকের পক্ষে প্রকৃতি নিত্যপরিণাম-শীল। আমাদের মধ্যে খুব অল্ল লোকই পটভূমিছ লেই স্থির সমূত্রের সামাস্ত

আভান পাইয়াছেন। আমাদের পকে এই জগৎ কেবল তরক মাত্র। তাহা হইলে আমরা ত্ইটি মত পাইলাম। একটি—এই শরীর-মনের পশ্চাতে এক অপরিণামী সন্তা রহিয়াছে; আর একটি মত—এই জগতে অচল অপরিণামী বলিয়া কিছুই নাই, সবই চঞ্চল পরিবর্তনশীল—পরিণামী; পরিণাম ছাড়া কিছু নয়! যাহা হউক অদ্বৈতবাদেই এই তুই মতের সামঞ্জ্য পাওয়া যায়।

অবৈতবাদী বলেন: 'বলতের একটি অপরিণামী আশ্রয় আছে'—বৈতবাদীর এই বাক্য সত্য; অপরিণামী কোন পদার্থ কল্পনা না কলিলে আমরা পরিণাম কল্পনা করিতে পারি না। কোন অপেকাক্বত অল্পরিণামী পদার্থের তুলনায় কোন পদার্থকে পরিণামিরপে চিস্তা করা যাইতে পারে, আবার তাহা অপেকাও অল্পরিণামী পদার্থের সহিত তুলনায় উহাকে আবার পরিণামিরূপে নির্দেশ করা ঘাইতে পারে, যতক্ষণ না একটি পূর্ণ অপরিণামী পদার্থ বাধ্য হইবা স্বীকার করিতে হয়। এই জগৎপ্রপঞ্জ অবশ্য এমন এক **অবস্থায় ছিল, যখন উহা শাস্ত** ও নিঃশক ছিল, যথন উহা বিপরীত শক্তির সাম্যাবস্থায় ছিল, অর্থাৎ যথন প্রকৃতপক্ষে কোন এক্তি ক্রিয়াশীল ছিল না; কারণ বৈষম্য না হইলে শক্তির বিকাশ হয় না। এই ব্ৰহ্মাণ্ড আবার সেই দাম্যাবস্থা-প্ৰাপ্তির জন্ম ফ্রন্ডবেগে চলিয়াছে। যদি আমাদের কোন বিষয় সম্বন্ধে নিশ্চিত জ্ঞান থাকে, ভবে এই বিষয়েই আছে। দৈতবাদীরা ষ্থন বলেন কোন অপরিণামী পদার্থ আছে, তথন তাঁহারা ঠিকই বলেন, কিন্তু উহা যে শরীর-মনের সম্পূর্ণ অতীত, শরীর-মন হইতে সম্পূর্ণ পৃথক্, এ কথা বলা ভূল। বৌদ্ধেরা যে বলেন, সমৃদয় স্বপৎ পরিণামপ্রবাহ মাত্র—এ কথাও সত্য; কারণ যতদিন আমি জগৎ হইতে পৃথক্, যতদিন আমি আমার অতিরিক্ত আর কিছুকে দেখি, মোট কথা ষতাদন বৈতভাব থাকে, ততদিন এই জগৎ পরিণামশীল বলিয়াই প্রভীত হইবে। কিন্তু প্রকৃত কথা—এই জগৎ পরিণামীও বটে, আবার অপরিণামীও বটে। আত্মা, মন ও শরীর—তিনটি পুথক বস্তু নহে, উহারা একই। একই বস্তু কথন দেহ, কথন মন, কথন বা দেহ-মনের অতীত আত্মা বলিয়া প্রতীত হয়। যিনি শরীরের দিকে দেখেন, তিনি মন পর্যন্ত দেখিতে পান না; যিনি মন দেখেন, তিনি আত্মা দেখিতে পান না; আর যিনি আত্মা দেখেন, তাঁহার পক্ষে শরীর ও মন উভয়ই কোথায় চলিয়া যায়! যিনি কেবল গতি দেখেন, তিনি পরম শাস্ত স্থিরভাব দেখিতে পান না; আর যিনি সেই পরম শাস্তভার দেখেন, ঠাঁহার পক্ষে গতি ও চক্ষণতা কোথার চলিয়া যায় ! সর্পে রজ্জ্লম হইল। যে ব্যক্তি রজ্তে সর্প দেখিতেছে, তাহার পক্ষে রজ্জ্ কোথায় চলিয়া যার, আর ল্রান্ডি দূর হইলে সে ব্যক্তি রজ্জ্ই দেখিতে থাকে, তথন তাহার পক্ষে সর্প আর থাকে না।

ভাহা হইলে দেখা গেল, একটিমাত্র বস্তুই আছে--ভাহাই নানারণে প্রতীয়মান হইতেছে। ইহাকে আত্মাই বলো আর বস্তুই বলো বা অক্স কিছুই বলো, জগতে কেবল একমাত্র ইহারই **অন্তিত্ব আছে।** অবৈতবাদের ভাষায় বলিতে গেলে এই আত্মাই ব্ৰহ্ম, কেৰল নামৰূপ-উপাধিবশত: 'ৰহু' প্ৰভীত হইতেছে। সমুদ্রের তরকগুলির দিকে দৃষ্টিপাত কর; একটি তরকও সমুদ্র হইতে পৃথক্ নহে। তবে তরঙ্গকে পৃথক্ দেখাইতেছে কেন ? নাম <u>ও রূপ</u>— তরকের আকৃতি রূপ, আর আমরা উহাকে 'তরক্' এই বে নাম দিয়াছি, এই নাম-রূপই তরক্ষকে সমূত্র হইতে পৃথক্ করিয়াছে। নাম-রূপ চলিয়া গেলেই তরক যে সমূত্র ছিল, সেই সমূত্রই হুইয়া হায়। তরক ও সমূদ্রের মধ্যে কে প্রভেদ করিতে পারে ? অতএব এই সমগ্র জগৎ এক সন্তা। নাম-রূপই যত পার্থক্য রচনা করিয়াছে। যেমন ত্র্থ লক্ষ লক্ষ জলকণার উপরে প্রতিবিধিত হইয়া প্রত্যেক জলকণার উপরেই সুর্যের একটি পূর্ণ প্রতিক্বতি সৃষ্টি করে, তেমনি সেই এক আত্মা, সেই এক সম্ভা অসংখ্য নাম-রূপের বিন্দুতে প্রতিবিধিত হইয়া নানারণে উপলব্ধ হইতেছেন। কৃত্ত স্বরণতঃ উহা এক। বাস্তবিক 'আমি' বা 'তুমি' रिनश्चा किছूই नाই--- नवरे এक। रश्न राला--- नवरे व्यामि, ना रश्न राला---সবই তুমি। বৈভজান সম্পূর্ণ মিথ্যা, <u>আর সমুদর জগং এই বৈভজা</u>নের ফল। বিচারজ্ঞানের উদয় হইলে মাহ্র্য দেখিতে পায় ছইটি বস্থ নাই, একটি বস্তুই আছে, তখন তাহার উপলব্ধি হয়—দে নিজেই এই অনস্ত ব্ৰহ্মাণ্ডস্বরূপ। আমি এই পরিবর্তনশীল জগৎ, আমিই আবার অপরিণামী, নিগু ৭ নিত্যপূর্ণ নিত্যানন্দময়।

অতএব নিত্যশুদ্ধ নিত্যপূর্ণ অপরিণামী অপরিবর্তনীয় এক আত্মা আছেন;
তাঁহার কথন পরিণাম হয় নাই, আর এই-সকল বিভিন্ন পরিণাম সেই
একমাত্র আত্মাতে শুধু প্রতীত হইতেছে। উহার উপরে নাম-রূপ এই-সকল
বিভিন্ন অন্নতিত্র অন্ধন করিয়াছে। রূপ বা আক্রতিই তরককে সমৃত্র হইতে
পৃথক্ করিয়াছে। মৃনে কর, তরকটি মিলাইয়া গেল, তথন কি ঐ আকৃতি
থাকিবে ? উহা একেবারে চলিয়া যাইবে। ভরকের অন্তিত্ব সম্পূর্ণরূপে

সাগরের অন্তিত্বের উপর নির্ভর করে; কিন্তু সাগরের অন্তিত্ব ভরকের ক্ষন্তিত্বের উপর নির্ভর করে না। বতক্ষণ তরঙ্গ থাকে, ততক্ষণ রূপ থাকে; কিন্তু ভরঙ্গ নিবৃত্ত হইলে ঐ রূপ আর থাকিতে পারে না। এই 'নাম-রূপ কেই মায়া বলে। এই মায়াই ভিন্ন ভিন্ন 'ব্যক্তি' সৃষ্টি করিয়া একজনকে আর একজন হইতে পৃথকু মনে করাইতেছে। কিন্তু ইহার অন্তিত্ব নাই। মায়ার অন্তিত্ব আছে, বলা ষাইতে পারে না। 'রূপে'র বা আরুতির অন্তিত্ব আছে, বলা ষাইতে পারে না, কারণ উহা অপরের অন্তিত্বের উপর নির্ভর করে। আবার উহা নাই, একথাও বলা যায় না, কারণ উহাই এই-সকল ভেদ করিয়াছে। অবৈতবাদীর মতে এই মায়া বা অজ্ঞান বা নাম-রূপ—ইওরোপীয়গণের মতে দেশকাল-নিমিত্ত—সেই এক অনস্ত সতা হইতে এই বিভিন্নরূপ জগৎসতা দেখাইভেছে, পরমার্থতঃ এই জগৎ এক অখণ্ড-স্বরূপ। ষতদিন পর্যন্ত কেহ হুইটি বল্ভর কল্পনা করেন, ততদিন তিনি ভ্রাস্ত। যখন তিনি জানিতে পারেন—একমাত সভা আছে, তথনই তিনি ঠিক ঠিক জানিয়াছেন। যতই দিন যাইভেছে, তভই আমাদের নিকট এই সত্য প্রমাণিত হইতেছে—কি জড়জগতে, কি মনো-জগতে, কি অধ্যাত্মজগতে, সর্বত্রই এই সত্য প্রমাণিত হইতেছে। এখন প্রমাণিত হইয়াছে যে তুমি আমি, সূর্য চন্দ্র তার৷— এ-সবই এক জড়সমুদ্রের বিভিন্ন অংশের নামমাত্র। এই জড়রাশি ক্রমাগত পরিণামপ্রাপ্ত হুইতেছে। যে শক্তিকণা কয়েক মাদ পূর্বে স্থে ছিল, তাহা আজ হয়তো মহুয়ের ভিতর আসিয়াছে, কাল হয়তো উহা পশুর ভিতরে, আবার পরশু হয়তো কোন উদ্ভিদে প্রবেশ করিবে। স্বদাই আসিতেছে, সর্বদা যাইতেছে। উহা একমাত্র অথও জড়রাশি—কেবল নাম-রূপে পৃথক্। উহার এক বিন্দুর নাম সুর্য, এক বিন্দুর নাম চন্দ্র, এক বিন্দু ভারা, এক বিন্দু মাহুষ, এক বিন্দু পশু, এক বিন্দু **উ**দ্ভিদ এইরূপ। আর এই যে বিভিন্ন নাম, ইহা ভ্রমাত্মক ; কারণ এই জড়-রাশির ক্রমাগত পরিবর্তন ঘটিতেছে। এই জগংকেই আর এক ভাবে দেখিলে চিম্ভাদম্ভ্রত্নপে প্রতীয়মান হইবে, উহার এক-একটি বিন্দু এক-একটি মন ; তুমি একটি মন, আমি একটি মন, প্রভ্যেকেই এক-একটি মনমাত্র। আবার এই জগৎকে জ্ঞানের দৃষ্টিতে দেখিলে, অর্থাৎ যথন চক্ষু হইতে মোহাবরণ অপসারিত হয়, যখন মন শুদ্ধ হইয়া যায়, তথন উহাকেই নিভাশুদ্ধ অপরিণামী অবিনাশী অথগু পূর্ণস্বরূপ পুরুষ বলিয়া প্রতীতি হইবে।

তবে বৈতবাদীর পরলোকবাদ—মাহ্য মরিলে মর্গে যার, অথবা অমুক অমুক লোকে যার, অসংলোকে ভূত হয়, পরে পশু হয়—এ-সব কথার কি হইল ? অবৈতবাদী বলেন—কেহ আসেও না, কেহ যায়ও না—ভোমার পকে যাওয়া-আসা কিসে সম্ভব ? তুমি অনস্তম্বরূপ, তোমার পকে বাইবার স্থান আর কোথায় ?

কোন বিভালয়ে কতকপ্তলি ছোট বালক-বালিকার পরীক্ষা হইতেছিল।
পরীক্ষক ঐ ছোট ছেলেমেরেগুলিকে নানারূপ কঠিন প্রশ্ন করিতেছিলেন।
অন্তান্ত প্রশ্নের মধ্যে এই প্রশ্নটিও ছিল—পৃথিবী পড়িয়া যায় না কেন?
অনেকেই প্রশ্নটি বৃঝিতে পারে নাই, স্বতরাং বাহার যাহা মনে আদিতে
লাগিল, দে সেইরূপ উত্তর দিতে লাগিল। একটি বৃদ্ধিমতী বালিকা আর
একটি প্রশ্ন করিয়া ঐ প্রশ্নটির উত্তর দিল—'কোথায় পড়িবে?' প্রশ্নটিই
তো ভূল। জগতে উচ্-নীচ্ বলিয়া তো কিছুই নাই। উচ্-নীচ্ জ্ঞান
আপেক্ষিক মাত্র। আত্মা সম্বন্ধেও সেইরূপ। আত্মার জন্ম-মৃত্যু সম্বন্ধে প্রশ্ন
একেবারে অর্থহীন। কে বায়, কে আদে? তৃমি কোথায় নাই? এমন
বর্গ কোথায় আছে, বেখানে তৃমি পূর্ব হইতেই অবন্ধিত নও? মাছবের আত্মা
সর্বব্যাপী। তৃমি কোথায় বাইবে? কোথায় বাইবে না? আত্মা তো সর্বত্র!
স্বত্রাং জ্ঞানী বা সিদ্ধ প্রদ্বের পক্ষে এই-সব শিশুর কয়না, এই জন্মমৃত্যুরূপ
বালস্থলভ প্রম, এই ত্বর্গ নরক—সবই একেবারে অন্তর্হিত হইয়া বায়; বাহার।
প্রায়নিদ্ধ, তাহাদের পক্ষে উহা বন্ধালাক পর্যন্ত নানাবিধ দৃশ্য দেখাইয়া
অন্তর্হিত হয়; অজ্ঞানীর পক্ষে উহা থাকিয়া বায়।

স্থানি বাওয়া, মরা, জয়গ্রহণ করা—পৃথিবার সকলে এ-সব কথা বিশাস করে কি করিয়া? আমি একখানি বই পড়িতেছি, উহার পৃষ্ঠার পর পৃষ্ঠা উলটাইয়া বাইতেছি! আর এক পৃষ্ঠা আদিল, তাহাও উলটানো হইল। কাহার পরিণাম হইতেছে? কে বায় আদে? আমি নই—এ বইটিরই পাতা উলটানো হইতেছে। সম্দয় প্রকৃতিই আ্যার সম্মুথে একখানি পৃস্তকের মতো। উহার অধ্যায়ের পর অধ্যায় পড়া হইয়া বাইতেছে ও উলটানো হইতেছে, নৃতন দৃশু সম্মুখে আদিতেছে। উহাও পড়া হইয়া গেল এবং উলটানো হইল। আবার নৃতন অধ্যায় আদিল; কিন্তু আ্যা বেমন, তেমনই—অনস্তম্ম্বপ। প্রকৃতিই পরিণামপ্রাপ্ত হইডেছেন, আ্যা নহেন। আ্যার কখন পরিণাম হয় না।

জন্মসূত্য প্রকৃতিতে, তোমাতে নয়। তথাপি অজ্ঞেরা ভাস্ত হইয়া মনে করে— আমরা জন্মাইতেছি, মরিতেছি, প্রকৃতি নয়; ষেমন প্রান্থিবশতঃ আমরা মনে করি—সুর্বই চলিতেছে, পৃথিবী নয়। স্থতরাং এ-সব কিছুই ভাস্তিমাত্র, ষেমন আমরা ভ্রমবশতঃ রেলগাড়ির পরিবর্ডে মাঠকে সচল বলিয়া মনে করি। জন্ম-মৃত্যুর ভ্রান্তি ঠিক এইরূপ। যখন মাহ্য কোন বিশেষ ভাবে থাকে, তখন নে ইহাকেই পৃথিৰী সূৰ্য চক্ৰ তারা প্রভৃতি বলিয়া দেখে; আর যাহারা এরূপ মনোভাবদপান, তাহারাও ঠিক তাহাই দেখে ! তোমার আমার মধ্যে বিভিন্ন ন্তবে লক লক প্রাণী থাকিতে পারে, যাহারা বিভিন্নপ্রকৃতিসম্পন্ন। ভাহারাও আমাদিগকে কথন দেখিবে না, আমরাও তাহাদিগকে কথন দেখিতে পাইব না। এক প্রকার চিত্তবৃত্তিসম্পন্ন একই লোকে অবস্থিত প্রাণীকেই আমরা দেখিতে পাই। যে ষত্রগুলি এক স্থরে বাঁধা সেইগুলির মধ্যে একটি বাজিলেই অফ্রগুলি বাজিয়া উঠিবে। মনে কর, আমরা এখন ষেরপ প্রাণকম্পনস্পন্ন, উহাকে আমরা 'মানবকম্পন' নাম দিতে পারি; ধদি উহা পরিবর্তিত হইয়া ধায়, তবে আর মহন্ত দেখা যাইবে না, পরিবর্তে অন্তর্মপ দৃশ্য আমাদের সমূখে আসিবে— হয়তো দেবতা ও দেবজগং কিংবা অসৎ লোকের পকে দানব ও দানবজগং; কিন্তু ঐ সবগুলিই এই এক জগতেরই বিভিন্ন ভাব মাত্র। এই জগৎ মানবদৃষ্টিতে পৃথিবী সূর্য চন্দ্র তারা প্রভৃতিরূপে, আবার দানবের দৃষ্টিতে ইহাই নরক বা শান্তিস্থানরূপে প্রতীত হইবে, আবার যাহারা স্বর্গে যাইতে চাহে, তাহারা এই স্থানকেই স্বর্গরূপে দেখিবে। যাহারা সারা জীবন ভাবিতেছে, আমরা স্বর্গসিংহাসনারত ঈশবের নিকট গিয়া সারা জীবন তাঁহার উপাসনা করিব, মৃত্যু হইলে তাহারা তাহাদের চিত্তম্ব ঐ-বিষয়ই দেখিবে। এই জগৎই তাহাদের চক্ষে একটি বুর্হৎ স্বর্গে পরিণত হইয়া ষাইবে; ভাহারা দেখিবে —নানাপ্রকার পক্ষযুক্ত দেবদৃত উড়িয়া বেডাইতেছে, আর ঈশর সিংহাসনে উপবিষ্ট আছেন। স্বৰ্গাদি সবকিছুই মাহুষের সৃষ্টি। অতএব অধৈতবাদী বলেন: দৈতবাদীর কথা সত্য বটে, কিন্তু ঐ-সকল তাহার নিজেরই স্ঠি। এই-সব লোক, এই-সব দৈত্য, পুনর্জন্ম প্রভৃতি সবই রূপক, মানবনীবনও তাহাই। এঙলি কেবল রূপক, আর মানবজীবন সভ্য—ইহা হইতে পারে না। মাহুষ সর্বদাই এই ভুল করিতেছে। অক্যান্ত জিনিদ—যথা স্বৰ্গ নরক প্রভৃতিকে রূপক বলিলে তাহারা বেশ বুঝিতে পারে, কিন্তু তাহারা নিজেদের অভিতকে রূপক বলিয়া

কোনমতে স্বীকার করিতে চার না। এই স্বাপাত-প্রতীর্মান সবই রূপক্ষাত্র আর 'আমরা শরীর'—এই জ্ঞানই স্বাপেক্ষা মিথ্যা; আমরা কথনই শরীর নহি, কথনও শরীর হইতেও পারি না। আমরা কেবল মাহ্য—ইহাই ভয়ানক মিথ্যা কথা। আমরাই জগতের ঈশর। ঈশরের উপ্রাদনা করিতে গিয়া আমরা নিজেদের অন্তর্নিহিত আতারই উপাসনা করিয়া আনিতেছি।

তুমি জন্ম হইতে পাপী ও অনৎ—এইটি সর্বাপেকা মিখ্যা কথা। যিনি নিজে পাপী, তিনি কেবল অপরকে পাপী দেখিয়া থাকেন। মনে কর, এখানে একটি শিশু বহিয়াছে, আৰু তুমি টেবিলের উপর এক থলি মোহর রাখিলে। মনে কর, একজন চোর আদিয়া ঐ মোহর লইয়া গেল। শিশুর পক্ষে ঐ মোহরের থলির অবস্থান ও অন্তর্ধান—উভয়ই সমান; তাহার ভিতরে চোর নাই, স্তরাং দে বাহিরেও চোর দেখে না। পাপী ও অসং লোকই বাহিরে পাপ দেখিতে পায়, কিন্তু সাধু পাপ দেখিতে পান না। অভ্যন্ত অসাধু পুরুষেরা এই জগৎকে নরক-রূপে দেখে; যাহারা মাঝামাঝি লোক, তাহারা ইহাকে স্বৰ্গ-রূপে দেখে; আর যাঁহারা পূর্ণ দিত্বপুরুষ, তাঁহারা জ্বগৎকে দাকাৎ ঈথর-রূপে দর্শন করেন, তথনই কেবল ভাঁহার দৃষ্টি হইতে আবরণ সরিয়া যায়, আর তথন সেই ব্যক্তি পৰিত্ৰ ও শুদ্ধ হইয়া দেখিতে পান, তাঁহার দৃষ্টি সম্পূর্ণ পরিবর্তিভ হইয়া গিয়াছে। যে-সকল ছঃস্বপ্ন তাঁহাকে লক্ষ কৰু বৎসর ধরিয়া উৎপীড়ন করিতেছিল, ভাহা একেবারে চলিয়া যায়, আর যিনি আপনাকে এডদিন মানুষ দেবতা দানব প্রভৃতি বলিয়া মনে করিতেছিলেন, যিনি আপনাকে কখন উর্ধের, কখন নিয়ে, কখন পৃথিবীভে, কখন স্বর্গে, কখন বা অক্সত্র অবস্থিত বলিয়া ভাবিতেছিলেন, তিনি দেখিতে পান—বান্তবিক তিনি সর্বব্যাপী, তিনি কালের অধীন নহেন, কাল তাঁহার অধীন, সমুদয় স্বৰ্গ তাঁহার ভিতরে, তিনি কোনরূপ স্বর্গে অবস্থিত নছেন; আর মামুষ এ পর্যন্ত যত দেবভার উপাসনা করিয়াছে, সবই তাহার ভিতরে; মাহুষ কোন দেবতার ভিতরে ষ্বাহিত নয়, মাহুষ্ট দেব-ছত্ত্ব মাহুষ-পশু উদ্ভিদ্-প্রস্তর প্রভৃতির স্ঞ্টকর্তা, আর তথনই মাহুষের প্রকৃত অরণ তাঁহার নিকট বিখজগৎ অপেকা পরিপূর্ব, অনুভকাল অপেকা সীমাহীন এবং সর্বব্যাপী আকাশ অপেকা সর্ব্যাপিরপে প্রকাশ পায়। তথনই মাহুষ নির্ভয় ছইয়া যায়, তথনই মাহুষ মুক্ত হইয়া যায়। তথন সৰ ভাক্তি চলিয়া যায়, সৰ ছঃখ দূর হইয়া যায়, সৰ

ভর একেবারে চিরকালের জন্য শেষ হইয়া যায়। তথন জন্ম কোথায় চলিয়া যায়, তাহার সঙ্গে মৃত্যুও চলিয়া যায়; তৃংখ চলিয়া যায়, তাহার সঙ্গে স্থেও চলিয়া যায়। পৃথিবী উড়িয়া যায়, তাহার সঙ্গে স্বর্গপ্ত উড়িয়া যায়; শরীর চলিয়া যায়, তাহার সঙ্গে মনও চলিয়া যায়। সেই ব্যক্তির পক্ষে সমৃদয় ব্দগৎই ষেন অন্তর্হিত হয়। এই যে শক্তিরাশির নিয়ত সংগ্রাম—নিয়ত সংঘর্ষ, ইহা একেবারে বন্ধ হইয়া যায়, আর যাহা শক্তি ও পদার্থরূপে, প্রকৃতির বিভিন্ন চেষ্টারূপে ও যাহা স্বয়ং প্রকৃতিরূপে প্রকাশ পাইতেছিল, যাহা স্বর্গ-পৃথিবী উদ্ভিদ্-পশু মাহ্য-দেবতা প্রভৃতিরূপে প্রকাশ পাইতেছিল, দেই সব এক অনম্ভ অচ্ছেল্য অপরিণামী সন্তারূপে পরিণত হয়; আর জ্ঞানী পুরুষ দেখিতে পান—তিনি সেই সন্তার সহিত অভেদ। বৈমন আকাশে নানাবর্ণের মেঘ আদিয়া থানিকক্ষণ থেলা করিয়া পরে অন্তহিত হইয়া যায়, সেইক্সপ এই আত্মার সম্মুথে পৃথিবী স্বর্গ চন্দ্রলোক দেবতা স্থখতু:থ প্রভৃতি আসিতেছে, কিন্তু উহারা দেই অনস্ত অপরিণামী নীলবর্ণ আকাশকে আমাদের সম্মুখে রাখিয়া অন্তর্হিত হয়। আকাশ কথন পরিণামপ্রাপ্ত হয় না, মেদ্বই কেবল পরিণামপ্রাপ্ত হয়। ভ্রমবশতঃ আমরা মনে করি—আমরা অপবিত্র, আমরা সান্ত; আমরা জগৎ হইতে পৃথক্। প্রকৃত মামুষ এই এক অথও সত্তাম্বরূপ।

এখন চুইটি প্রশ্ন দেখা দিতেছে। প্রথমটি এই—অবৈভজ্ঞান উপলবি কর। কি সম্ভব ? এতকণ পর্যন্ত মতের কথা হইল; কিন্তু অপরোক্ষাস্থম্ভূতি কি সম্ভব ? হাঁ, সম্পূর্ণ ই সম্ভব । পৃথিবীতে এখনও এমন অনেকে আছেন, যাহাদের পক্ষে অজ্ঞান চিরকালের জন্ম চলিয়া গিয়াছে। তাহারা কি এই প্রকার উপলবির পরকণেই মরিয়া যান ? আমরা যত শীল্প মনে করি, তত শীল্প নয় । একটি কার্চণতে সংযোজিত চুইটি চাকা একত্র চলিতেছে। যদি আমি একখানি চাকা ধরিয়া সংযোজক কার্চণতেটিকে কাটিয়া ফেলি, তবে আমি যে চাকাখানি ধরিয়াছি, তাহা থামিয়া যাইবে; কিন্তু অপর চাকার উপর প্রিজিত গতিবেগ রহিয়াছে, স্তরাং উহা কিছুক্ষণ গিয়া তবে পড়িয়া বাইবে। পূর্ণ শুক্ষরপ আত্মা যেন একখানি চাকা, আর শরীরমনরপ লান্তি আর একটি চাকা কর্মরপ কার্চণত হারা যোজিত। জ্ঞানই সেই কুঠার, যাহা ঐ ছুইটির সংযোগদণ্ড ছিন্ন করিয়া দেয়। যথন আত্মারপ চাকা থামিয়া

হাইবে, তথন আত্মা আদিতেছেন, ষাইতেছেন অথবা তাহার জন্মপূচ্য হইতেছে—এ-সকল অজ্ঞানের ভাব পরিভ্যক্ত হইবে; আর প্রকৃতির সহিত তাঁহার মিলিভভাব, অভাব, বাদনা—সব চলিয়া যাইবে; তথন আত্মা দেখিতে পাইবেন, তিনি পূর্ণ—বাদনারহিত। কিন্ত শরীরমন-রূপ অপর চাকার প্রাক্তন কর্মের বেগ থাকিবে। স্কুরাং যতদিন না এই প্রাক্তন কর্মের বেগ একেবারে নিরুদ্ধ হয়, ততদিন উহারা থাকিবে; ঐ বেগ নিরুত্ত হইলে শরীর্মনের পতন হইবে, তখন আত্মা মুক্ত হইবেন। তখন আর অর্গে বাওয়া বা অর্গ হইতে পৃথিবীতে ফিরিয়া আসা নাই, এমন কি ব্রহ্মলোকে গমন পর্যন্ত নাই; কারণ তিনি কোথা হইতে আদিবেন, কোথায়ই বা বাইবেন? যে ব্যক্তি এই জীবনেই এ-অবহা লাভ করিয়াছেন, গাহার পক্ষে অন্তত: এক মিনিটের জন্তও এই সংসারদৃশ্য পরিবর্তিত হইয়া গিয়া সভ্য প্রতিভাত হইয়াছে, তিনি 'জীবন্মুক্ত' বলিয়া কথিত হন। এই জীবন্মুক্ত অবহা লাভ করাই বেদান্ত-সাধকের লক্ষ্য।

এক সময়ে আমি ভারত-মহাসাগরের উপকৃলে পশ্চিমভারতের মরুধণ্ডে ভ্রমণ করিভেছিলাম। আমি অনেক দিন ধরিয়া পদত্রজে মরুভূমিতে ভ্রমণ করিশাম, কিন্তু প্রতিদিন দেখিয়া আশ্চর্য হইভাম বে, চতুর্দিকে স্থন্দর স্থনর হ্রদ বহিয়াছে, তাহাদের সকলগুলির চতুর্দিকে বৃক্ষরাজি বিরাজিত, আর ঐ জলে বৃক্ষসমূহের ছায়া বিপরীভভাবে পড়িয়া নড়িতেছে। মনে মনে বলিভাম: কি অভুত দৃখা! লোকে ইহাকে মঞ্জুমি বলে! এই-সকল অভুত হ্রদ ও বৃক্ষরাজি দেখিয়া একমাদ ভ্রমণ করিলাম। একদিন অভিশয় ভৃষ্ণার্ত হওয়ায় আমার একটু জল খাইবার ইচ্ছা হইল, স্থতরাং আমি ঐ স্থলর নির্মল হ্রদসম্হের একটির দিকে অগ্রসের হইলাম। অগ্রসের হইবামাত্র হঠাৎ উহা चमृष्ण इहेन, चात्र चार्यात्र सत्न उथन এই खात्नित्र উদয় इहेन, रि মরীচিকা সম্বন্ধে সারাজীবন পুশুকে পড়িয়া আসিতেছি, এ সেই মরীচিকা! আর দকে দকে এই জানও আদিল—এই সারা মাস প্রত্যহই আমি মরীচিকাই দেখিয়া আসিতেছি, কিন্তু জানিতাম না যে, ইহা বরীচিকা। তার পরদিন আবার চলিতে আরম্ভ করিলাম। পূর্বের मछारे द्वर (पथा याहेट नाशिन, किन्न मदन धरे ताथ रहेट লাগিল বে, উহা মরীচিকা—সত্য ব্রদ নহে। এই জগৎ সম্বন্ধেও সেইরূপ।

আমরা প্রতিদিন প্রতিমাস প্রতিবংসর এই জগৎ-রূপ মরুভূমিতে ভ্রমণ করিতেছি, কিন্তু মরীচিকাকে মরীচিকা বলিয়া ব্ঝিতে পারিতেছি না। একদিন এই মরীচিকা অদৃশু হইবে, কিন্তু উহা আবার দেখা দিবে। শরীর প্রাক্তন কর্মের অধীন থাকিবে, স্তরাং ঐ মরীচিকা ফিরিয়া আদিবে। যতদিন আমরা কর্ম ছারা আবদ্ধ, ততদিন জগৎ আমাদের সমূধে আদিবে। নর নারী, পশু উদ্ভিদ, আসক্তি কর্তব্য—সব আদিবে, কিন্তু উহার। পূর্বের মতো আমাদের উপর শক্তি বিস্তার করিতে সমর্থ হইবে না। এই নৃতন জ্ঞানের প্রভাবে কর্মের শক্তি নষ্ট হইবে, উহার বিষ দ্রীভূত হইবে; জগৎ আমাদের পক্ষে একেবারে পরিবর্তিত হইয়া যাইবে; কারণ যেমন জগৎ দেখা যাইবে, তেমনি উহার সহিত সত্য ও মরীচিকার প্রতেদজ্ঞানও দেখা দিবে।

তখন এই জগৎ আর সেই পূর্বের জগৎ থাকিবে না। ভবে এইরূপ জ্ঞান-সাধনে একটি বিপদের আশকা আছে। আমরা দেখিতে পাই, প্রতি দেশেই লোকে এই বেদাস্কদর্শনের মত গ্রহণ করিয়া বলে, 'আমি ধর্মাধর্মের অতীত, আমি বিধিনিষেধের অতীত, স্থতরাং আমি যাহা ইচ্ছা তাহাই করিতে পারি।' এই দেশেই দেখিবে, অনেক নির্বোধ ব্যক্তি বলিয়া থাকে, 'আমি বন্ধ নহি, আমি স্বয়ং ঈশ্বন্থরপ; আমি যাহা ইচ্ছা ভাহাই করিব।' ইহা ঠিক নহে, যদিও ইহা সভ্য যে, আত্মা শারীরিক মানদিক বা নৈতিক— সর্বপ্রকার নিয়মের অতীত। ইহা সত্য যে, নিয়মের মধ্যেই বন্ধন, নিয়মের বাহিরে মুক্তি। ইহাও সত্য যে, মুক্তি আত্মার জন্মগত স্বভাব, উহা তাঁহার জন্মপ্রাপ্ত স্বস্থ, আর আত্মার ষ্থার্থ মৃক্তস্বভাব জড়ের আবরণের মধ্য দিয়া মাম্বের আপাত-প্রতীয়মান মৃক্তস্বভাবরূপে প্রতীত হইতেছে। তোমার ভীবনের প্রতি মৃহুর্তই তৃমি নিজেকে মৃক্ত বলিয়া অহভেব করিতেছ। আমরা নিজেকে মৃক্ত অহভব না করিয়া এক মৃহুর্ভও বাঁচিয়া থাকিতে পারি না, কথা কহিতে পারি না, কিংবা খাদ-প্রখাদও ফেলিতে পারি না। কিন্তু আবার অল চিন্তায় ইহাও প্রমাণিত হয় যে, আমরা যন্ত্রের মতো, আমরা মুক্ত নহি। তবে কোন্টি সত্য ? এই যে 'আমি মুক্ত'— এই ধারণাটিই কি ভ্রমাত্মক! একদল বলেন—'আমি মুক্ত-স্বভার্ব' এই ধারণা ভ্রমাত্মক, আবার অপর দল বলেন—'আমি বন্ধভাবাপয়' এই ারণাই অমাত্মক। ইহা কিভাবে সভব ? মাহ্মব প্ররুতপক্ষে মুক্ত।

বাহ্মব পরমার্থতঃ মুক্ত ব্যতীত আর কিছুই হইতে পারে না; কিছু ষ্থনই

তিনি মায়ার জগতে আদেন, ব্ধনই তিনি নাম-রূপের মধ্যে পডেন, তথনই

তিনি বন্ধ হইরা যান। 'বাধীন ইচ্ছা'—কথাটিই ভূল। ইচ্ছা কথনও

যাধীন হইতেই পারে না। কি করিয়া হইবে ? প্রকৃত মাহ্ম্য যথন বন্ধ

হইয়া যান, তথনই তাঁহার ইচ্ছার উত্তব হয়, তাহার পূর্বে নহে। মাহ্ম্যের ইচ্ছা

হচ্চাবাপন্ন, কিছু উহার মূল অধিষ্ঠান নিত্যকালের জন্ম মুক্ত। স্কতরাং

হন্দেরে অবস্থাতেও এই মহ্মজীবনেই হউক, দেবজীবনেই হউক, স্বর্গে অবস্থান
হালেই হউক, আর মর্ত্যে অবস্থানকালেই হউক, আমাদের বিধিদন্ত অধিকার
হর্মে এই মুক্তির স্থতি থাকিয়া যায়। আর জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে আমরা

কলেই সেই মুক্তির দিকেই চলিয়াছি। ব্ধন মাহ্ম্য মুক্তিলাভ করে, তথন

আর দে নিয়মের দ্বারা কিরূপে বন্ধ হইতে পারে ? জগতের কোন নিয়মই

তাহাকে বন্ধ করিতে পারে না। কারণ এই বিশ্বজ্ঞাণ্ডই যে তাহার।

মাহ্য তথন সমগ্র বিশ্বকাণ্ডস্বরূপ। হয় বলো—তিনিই সমূদয় জগৎ, না হয় বলো—তাঁহার পক্ষে জগতের অন্তিত্বই নাই। তবে তাঁহার স্ত্রী-পুরুষবোধ, দেশবিদেশ প্রভৃতি কৃত্র কৃত্র ভাব কিরূপে থাকিবে? তিনি কিন্ধপে বলিবেন—আমি পুরুষ, আমি স্ত্রী, অথবা আমি বালক? এগুলি কি মিথ্যা কথা নহে? তিনি জানিয়াছেন—এ-সব মিথ্যা। তথন তিনি এইগুলি পুরুষের অধিকার, এইগুলি নারীর অধিকার—এ-কথা কিরূপে বলিবেন ? কাহারও কিছুই অধিকার নাই, কাহারও স্বতন্ত্র অন্তিত্ব নাই। পুরুষ নাই, জ্রীও নাই; আ্রা লিক্হীন, নিত্যশুদ্ধ। আমি পুরুষ বা স্ত্রী, অথবা আমি অমুক-দেশবাসী-এরপ বলা মিথ্যা কথা মাত্র। সারা পৃথিবী আমার দেশ, সমুদয় জগংই আমার; কারণ ইহারই ছারা আমি নিজেকে আরুত করিয়াছি, জগৎই আমার শরীর হুইয়াছে। কিন্তু আমরা দেখিতেছি— অনেক লোকে বিচারের সময় এইসব কথা বলিয়া কার্যের সময় অপবিত্র কার্য করিয়া বেড়ায়; আর যদি আমরা তাহাদিগকে জিজাসা করি, 'কেন ভোমরা এইরূপ করিভেছ । তাহারা উত্তর দিবে, 'এ ভোমাদের বুঝিবার ভ্রম। আমাদৈর দারা কোন অস্তায় কার্য হওয়া অসম্ভব।' এই-সকল লোককে পরীক্ষা করিবার উপায় কি ? উপায় এই---

যদিও ভাল-মন্দ উভয়ই আত্মার খণ্ড প্রকাশমাত্র, তথাপি অসৎ-ভাব আত্মার বাহ্য আবরণ, আর সৎ-ভাব মাহুবের প্রকৃত স্বরূপ বে আত্মা—তাঁহার অপেকাক্বত নিকটতর আবরণ। যতদিন না মাহুষ 'অসং'-এর তার ভেদ করিতে পারিতেছে, ততদিন সৎ-এর স্তরে পৌছিতেই পারিবে না ; আর যতদিন না মান্তব সদসং উভয় শুর ভেদ করিতে পারিতেছে, ততদিন আত্মার নিকট পৌছিতেই পারিবে না। আত্মার নিকট পৌছিলে আর কি অবশিষ্ট থাকে ? অতি সামান্ত কর্ম, অতীত-জীবনের কার্যের অতি সামান্ত বেগই অবশিষ্ট থাকে, কিন্তু এ বেগ—শুভকর্মেরই বেগ। যতদিন না অসং কর্মের গতিবেগ একেবানে রহিত হইয়া যাইতেছে, যতদিন না পূর্বেব অপবিত্রতা একেবারে দগ্ধ হইয়া যাইতেছে, ততদিন কোন ব্যক্তির পক্ষে সত্যকে প্রত্যক্ষ এবং উপলব্ধি করা অসম্ভব। স্থতরাং যিনি আত্মার নিকট পৌছিয়াছেন, যিনি সত্যকে প্রত্যক্ষ করিয়াছেন, তাঁহার কেবল অতীত-জীবনের শুভ সংস্কার, শুভ বৈগগুলি অবশিষ্ট থাকে। শরীরে বাস করিলেও এবং অনবরত কর্ম করিলেও ভিনি কেবল সংকর্ম করেন; তাঁহার মুখ সকলের প্রভি কেবল আশীর্বাদ বর্ষণ করে, তাঁহার হন্ত কেবল সংকার্যই করিয়া থাকে, তাঁহার মন কেবল সং চিস্তা করিতেই সমর্থ, তাঁহার উপস্থিতিই—তিনি ষেখানেই যান না কেন—সর্বত্ত মানবন্ধাতির মহাকল্যাণকর। এরপ ব্যক্তির দ্বারা কোন অসৎ কর্ম কি সম্ভব ? তোমাদের স্মরণ রাখা উচিত 'প্রত্যক্ষাহ্নভৃতি' এবং 'শুধু মুখে বলা'র মধ্যে আকাশ-পাতাল প্রভেদ। অজ্ঞান ব্যক্তিও নানা জ্ঞানের কথা বলিয়া থাকে। তোতাপাথিও এরপ বকিয়া থাকে। মুখে বলা এক, উপলব্ধি আর এক। দর্শন-মতামত-বিচার, শাল্ত-মন্দির-সম্প্রদায় প্রভৃতি কিছুই মন্দ নয়, কিন্তু এই প্রত্যকাহভূতি হইলে ও-সব আর থাকে না। মানচিত্র অবশ্র উপকারী, কিন্তু মানচিত্রে অন্ধিত দেশ প্রত্যক্ষ করিয়া আদিয়া তারপর আবার সেই মানচিত্রের দিকে দৃষ্টিপাত কর, তথন দেখিতে পাইবে কত প্রভেদ! স্থতরাং যাঁহারা সভ্য উপলব্ধি করিয়াছেন, তাঁহাদিগকে আর উহা বুঝিবার জ্ঞা যুক্তিতর্ক প্রভৃতি মানদিক ব্যায়ামের আশ্রয় লইতে হয় না। উহা তাঁহাদের মর্মে মর্মে প্রবিষ্ট হুইয়াছে—উহা তাহাদের জীবন। বেদাস্তবাদীদের ভাষায় বলিতে গেলে বলিতে হয়, উহা ধেন ভাহার 'করামলকবং' হইয়াছে। প্রভাক উপলব্ধিকারীরা অসকোচে বলিতে পারেন, 'এই যে, আত্মা রহিয়াছে'। তুমি

--তাঁহাদের সহিত ষভই ভর্ক কর না কেন, তাঁহারা তোমার কথায় ভগু হাসিবেন, তাঁহারা উহা শিশুর আবোল-তাবোল বলিয়া মনে করিবেন। শিশুর আধ-আধ কথায় তাঁহারা বাধা দেন না। তাঁহারা সভ্য উপলব্ধি করিয়া 'ভরপুর' হইয়া আছেন। মনে কর, তুমি একটি দেশ দেখিয়া আসিয়াছ, আর আর একজন ব্যক্তি ভোমার নিকট আসিয়া এই তর্ক করিতে লাগিল—ঐ দেশের কখন অন্তিত্বই ছিল না; এইভাবে সে ক্রমাগত তর্ক করিয়া ষাইতে পারে, কিন্তু তাহার প্রতি তোমার এই মনোভাব হইবে যে, এ ব্যক্তি উন্মাদাগারে ষাইবারই উপযুক্ত। এইরূপ যিনি ধর্মের প্রত্যক্ষ উপলব্ধি করিয়াছেন, তিনি বলেন, 'জগতে ধর্ম সম্বন্ধে যে-সকল কথা শুনা যায়, সে-সকল কেবল শিশুর আধ-আধ কথামাত্র। প্রত্যক্ষাহুভূতিই ধর্মের সার কথা।' ধর্ম উপলব্ধি করা যাইতে পারে। প্রশ্ন এই, তুমি কি উহার জন্ম প্রস্তুত হইয়াছ? তুমি কি ধর্ম উপলব্ধি করিতে চাও? যদি তুমি ঠিক ঠিক চেটা কর, ভবে ভোমার প্রত্যক্ষ উপলব্ধি হইবে, তথনই তুমি প্রকৃতপক্ষে ধার্মিক হইবে। যতদিন না তোমার এই উপলব্ধি হইতেছে, ততদিন তোমাতে এবং নান্তিকে কোন প্রভেদ নাই। নান্তিকেরা তবু অকপট; কিন্তু যে বলে, 'আমি ধর্ম বিশাস করি', অথচ কথন উহা প্রত্যক্ষ উপলব্ধি করিতে চেষ্টা করে না, সে অকপট नए ।

পরবর্তী প্রশ্ন এই—উপলব্ধির পরে কি হয় ? মনে কর, উপলব্ধি করিলাম—
আমরা জগতের এক অথগু সন্তা, আমরাই বে সেই একমাত্র অনস্ত প্রুষ ; মনে
কর, আমরা জানিতে পারিলাম—আত্মাই একমাত্র আছেন, আর তিনি বিভিন্ন
ভাবে প্রকাশ পাইতেছেন ; এইরপ জানিতে পারিলে আমাদের কি
হইবে ? তাহা হইলে আমরা কি এক কোণে নিশ্চেষ্ট হইয়া বিসয়া মরিয়া
ঘাইব ? ইহা ঘারা জগতের কি উপকার হইবে ? আবার সেই পুরাতন
প্রশ্ন! প্রথমতঃ জিজ্ঞাসা করি, উহা ঘারা জগতের উপকার হইবে কেন ?
ইহার কি কোন যুক্তি আছে ? লোকের এই প্রশ্ন করিবার কি অধিকার
আছে,—ইহাতে কি জগতের উপকার হইবে ? ইহার অর্থ কি ? ছোট ছেলে
মিষ্টান্ন ভালবাসে । মনে কর, তুমি তড়িতের বিষয়ে কিছু গবেষণা করিতেছ ;
শিশু ভোমাকে জিজ্ঞাসা করিল, 'ইহাতে কি মিষ্টি কেনা ঘায় ?' তুমি বলিলে,
- 'না' । 'তবে ইহাতে কি উপকার হইবে ?' তত্তানের আলোচনায় ব্যাপ্ত

দেখিলেও লোকে এইরূপ জিজ্ঞাসা করিয়া বসে, 'ইহাতে জগতের কি উপকার হইবে ? ইহাতে কি আমাদের টাকা হইবে ?' 'না।' 'তবে ইহাতে আর উপকার কি ?' জগতের হিত কর। অর্থে মাহুষ এইরূপই ব্ঝিয়া থাকে। তথাপি ধর্মের এই প্রত্যক্ষাহভূতিই জগতের যথার্থ উপকার করিয়া থাকে। লোকের ভয় হয়, যখন সে এই অবহা লাভ করিবে, যখন সে উপলব্ধি করিবে —স্বই এক, তথন তাহার প্রেমের প্রস্রবণ শুকাইয়া **বাইবে**; জীবনের বাহা কিছু মূল্যবান্দৰ চলিয়া যাইবে ; ইহন্ধীবনে ও পরজীবনে তাহাদের ভালবাদার আর কিছুই থাকিবে না। কিন্তু লোকে একবার ভাবিয়া দেখে না ধে, ষে-সকল ব্যক্তি নিজ স্থাচিস্তায় একরূপ উদাসীন, তাঁহারাই জগতে সর্বশ্রেষ্ঠ কর্মী হইয়াছেন। তথনই মান্ত্র ব্থার্থ ভালবাসে, ব্থন দে দেখিতে পায়—তাহার ভালবাদার জিনিদ কোন ক্ষুদ্র মত্য জীব নহে। তথনই মাহুষ ষ্থার্থ ভালবাদিতে পারে, ষ্থন দে দেখিতে পায়—তাহার ভালবাদার পাত্র থানিকট। মৃত্তিকাথও নহে, তাহার প্রেমাম্পদ স্বয়ং ভগবান। স্ত্রী যদি ভাবেন—স্বামী দাক্ষাৎ ব্রহ্মম্বরূপ, তবে তিনি স্বামীকে আরও অধিক ভাল-বাসিবেন। স্বামীও স্ত্রীকে অধিক ভালবাসিবেন, যদি তিনি জানিতে পারেন —স্ত্রী স্বয়ং ব্রহ্মস্বরূপ। দেইরূপ মাতাও সন্তানগণকে বেশী ভালবাসিবেন, যিনি সম্ভানগণকে ব্ৰহ্মম্বরূপ দেখেন। যিনি জানেন—এ শত্রু সাক্ষাৎ ব্রহ্ম-স্বরূপ, তিনি তাঁহার মহাশক্তকেও ভালবাদিবেন। যিনি জানেন-সাধু দাক্ষাং ব্রহ্মন্বরূপ, ভিনিই সাধুকে ভালবাদিবেন। সেই লোকই আবার অতিশয় অসাধু ব্যক্তিকেও ভালবাসিবেন, যদি তিনি জানেন—অসাধুতম পুরুষেরও পশ্চাতে সেই প্রভূ রহিয়াছেন। যাঁহার জীবনে এই ক্ষুদ্র 'অহং' একেবানে লুগু হইয়। গিয়াছে এবং ঈশ্বর সেই স্থান অধিকার করিয়া বানিমাছেন, দেই ব্যক্তি পৃথিবীকে নাড়া দিয়া যান। তাঁহার নিকট সমুদয় জগৎ সম্পূর্ণ অন্তভাবে প্রতিভাত হয়। তু:খকর ক্লেশকর যাহা কিছু, সবই চলিয়া যায়; সকল প্রকার গোলমাল ছন্দ্র মিটিয়া যায়। যেখানে আমরা প্রভিদিন এক টুকরা কটির জন্ম ঝগড়া-মারামারি করি—সেই জ্বাৎ তথন তাঁহার পকে কারাগার না হইয়া ক্রীড়াক্ষেত্রে পরিণত হইবে। তথন জগৎ কি স্থন্দর ভাবই না ধারণ করিবে! এইরূপ ব্যক্তিরই কেবল বলিবার অধিকার আছে — 'এই জগৎ কি স্থন্দর!' তিনিই কেবল বলিতে পারেন খে, সবই মঙ্গল-

ুস্কাপ। ,এইরাপ প্রত্যক্ষ উপলব্ধি হইতে জগতের এই মহৎ কলাগে হইবে ৰে. সকল বিবাদ গণ্ডগোল দূর হইয়া পৃথিবীতে শান্তির রাজ্য স্থাপিত হইবে। ষদি সকল মাহৰ আৰু এই মহান্ সভ্যের এক বিন্দুও উপলব্ধি করিতে পারে, তাহা হইলে দারা পৃথিবী আর এক রূপ ধারণ করিবে; অফ্রায়ভাবে ভাড়াভাড়ি করিয়া সকলকে অভিক্রম করিবার প্রবৃত্তি অগৎ হইতে চলিয়া ষাইবে; উহার সঙ্গে সঙ্গেই সকল প্রকার অণান্তি, সকল প্রকার ঘুণা, সকল প্রকার ঈর্যা এবং সকল প্রকার অশুভ চিরকালের জন্ম চলিয়া যাইবে। তথন দেবতারা এই জগতে বাদ করিবেন, তথন এই জগৎই স্বর্গ হইয়া বাইবে। আর যথন দেবতায় দেবতায় খেলা, ষ্থন দেবতায় দেবতায় কাজ, যথন দেবতায় দেবতায় প্রেম, তথন কি আর অন্তভ থাকিতে পারে ? ঈশরের প্রত্যক্ষ উপলব্ধির এই মহা স্থফল। সমাজে তোমরা যাহা কিছু দেখিতেছ, সবই তথন পরিবর্তিত হইয়া অক্সরূপ ধারণ করিবে। তথন তোমরা মাত্রুষকে আর খারাপ বলিয়া দেখিবে না; ইহাই প্রথম মহালাভ। তখন তোমরা আর কোন অস্তায়কারী দরিত্র নরনারীর দিকে ঘুণার সহিত দৃষ্টিপাত করিবে না। হে মহিলাগণ, যে-তু:থিনী নারী রাত্তিতে পথে ভ্রমণ করিয়া বেড়ায়, আপনারা আর তাহার দিকে দ্বণাপূর্বক দৃষ্টপাত করিবেন না; কারণ আপনারা সেখানেও সাক্ষাৎ ঈশ্বরকে দেখিবেন। তথন আপনাদের মনে আর দুর্ঘা বা অপরকে শান্তি দিবার ভাব উদিত হইবে না ; ঐ-সবই চলিয়া যাইবে। তু<u>্থন</u> প্রেম এত প্রবল হইবে যে, মানবজাতিকে সংপথে পরিচালিত করিতে আর চাৰুকের প্রয়োজন হইবে না।

যদি পৃথিবীর নরনারীগণের লক্ষ ভাগের এক ভাগও শুধু চূপ করিয়া বিদিয়া থানিকক্ষণের জন্তও বলেন, 'ভোমরা সকলেই ঈশ্বর; হে মানবগণ, পশুগণ, সর্বপ্রকার প্রাণিগণ, ভোমরা সকলেই এক জীবস্ত ঈশ্বরের প্রকাশ', তাহা হইলে আধ ঘণ্টার মধ্যেই সমৃদয় জগং পরিবর্তিত হইয়া যাইবে। তথন চতুদিকে ঘণার বীজ নিক্ষেপ না করিয়া, ঈর্যা ও অসং চিস্তার প্রবাহ বিস্তার না করিয়া সকল দেশের লোকেই চিস্তা করিবে—সবই ভিনি। যাহা কিছু দেখিতেছ বা অন্তর্ভব করিতেছ, সবই ভিনি। ভোমার মধ্যে অশুভ না থাকিলে তুমি কেমন করিয়া অশুভ দেখিবে? ভোমার মধ্যে চোর না থাকিলে তুমি কেমন করিয়া ভাজত দেখিবে? তুমি নিক্ষে খুনী না হইলে

খুনীকে দেখিবে কিরপে ? সাধু হও, তাহা হইলে তোমার অসাধু-ভাব একেবারে চলিয়া ষাইবে। এইরপে সমৃদয় জগৎ পরিবর্তিত হইয়া যাইবে। ইহাই সমাজের মহৎ লাভ। সমগ্র মানব জাতির পক্ষে ইহাই মহৎ লাভ।

ভারতে প্রাচীনকালে এই-সকল ভাব গভীবভাবে চিন্তা করিয়া ব্যক্তিগত জীবনে অনেকে কার্যে পরিণত করিয়াছিলেন। কিন্তু শিক্ষাদাতা গুরুগণের সঙ্কীর্ণতা এবং দেশের পরাধীনতা প্রভৃতি নানাবিধ কারণে এই-সকল চিস্তা চতুর্দিকে প্রচারিত হইতে পায় নাই। তাহা না হইলেও এগুলি মহাসতা, যেখানেই এগুলিব প্রভাব বিস্তৃত হইয়াছে, সেইখানেই মাহুষ দেবভাবাপন্ন হহতেছে। এইরূপ একজন দেবপ্রকৃতিব মাহুষের ছারা আমার সমুদ্য জীবন পবিবর্তিত হইষা গিয়াছে, ইহার সম্বন্ধে আগামী রবিবার তোমাদের নিকট বলিব। এখন এই-দকল ভাব জগতে প্রচারিত হইবার সময় আসিতেছে। মতে আবদ্ধ না থাকিয়া কেবল পণ্ডিতদেব পাঠেৰ জন্ম দাৰ্শনিক পুস্তকগুলিকে আবদ্ধ না থাকিয়া, কেবল কডকগুলি সম্প্রদায়ের এবং কডকগুলি পণ্ডিড ব্যক্তির একচেটিয়া অধিকারে না থাকিয়া, ঐগুলি সম্দয় জগতে প্রচারিত হইবে, যাহাতে এ-সকল ভাব সাধু পাপী আবালবৃদ্ধবনিতা শিক্ষিত অশিক্ষিত-সকলেরই সাধারণ সম্পত্তি হইতে পারে। তথন এই-সকল ভাব জগতের বায়তে খেলা করিতে থাকিবে, আর আমরা থাসপ্রশাসে যে-বায় গ্রহণ করিতেছি, ভাহার প্রত্যেক তালে তালে ধ্বনিত হহবে—'তত্তমিদি'। এই অসংখ্য চন্দ্রস্থপূর্ণ সমৃদয় ব্রহ্মাণ্ডে ভাষণক্ষম প্রত্যেক জীবের কণ্ঠে সমন্বরে উচ্চারিত হইবে—'তথমিন'।

মায়া ও ঈশ্বর-ধারণার ক্রমাবকাশ

[লণ্ডনে প্রদত্ত বক্তৃতা : ২০শে অক্টোবর, ১৮৯৬]

আমরা দেখিয়াছি, অবৈত বেদান্তের অক্তম মৃলভিত্তিস্করণ মারাবাদ অফুটভাবে সংহিতাতেও দেখিতে পাওয়া যার, আর উপনিষদে যে-সকল তত্ত্ব পরিফুট ভাব ধারণ করিয়াছে, সংহিতাতে তাহার সবগুলিই কোন না কোন আকারে বর্তমান। আপনারা অনেকেই এতদিনে মারাবাদের তত্ত্ব সম্পূর্ণক্রণে অবগত হইয়াছেন এবং বৃক্তিতে পারিয়াছেন। অনেক সময়ে লোকে ভূলবশতঃ মায়াকে 'ভ্রম' বলিয়া ব্যাখ্যা করে; অভএব তাঁহারা যখন জগৎকে মায়া বলেন, তথন উহাকেও 'ভ্রম' বলিয়া ব্যাখ্যা করিতে হয়। মায়াকে 'ভ্রম' বলিয়া ব্যাখ্যা করা ঠিক নহে। মায়া কোন বিশেষ মত নহে, উহা কেবল বিশ্বজ্বাত্তের স্বরূপবর্ণনা মাত্র। সেই মায়াকে বৃক্তিতে হইলে আমাদিগকে সংহিতা পর্যন্ত হাইবে এবং প্রথমে মায়া সম্বন্ধে কি ধারণা ছিল, তাহাও দেখিতে হইবে।

আমরা দেখিয়ছি, লোকের দেবতা-জ্ঞান কিরূপে আসিল। ব্ঝিয়াছি, এই দেবতারা প্রথমে ক্রেবল শক্তিশালী প্রথমাত্র ছিলেন। গ্রীক, হিক্র, পারসী বা অপরাপর জাতির প্রাচীন শাল্পে দেবতারা আমাদের দৃষ্টিতে বে-সকল কার্য অতীব ম্বণিত, সেই-সকল কার্য করিতেছেন, এইরপ বর্ণনা দেখিয়া আপনারা অনেকে ভীত হইয়া থাকেন; কিন্তু আমরা সম্পূর্ণরূপে ভূলিয়া যাই যে, আমরা উনবিংশ শতানীর মাহুষ, আর এই-সব দেবতা অনেক সহস্র বৎসর পূর্বের জীব; আমরা ইহাও ভূলিয়া যাই বে, এ-সকল দেবতার উপাসকেরা তাঁহাদের চরিত্রে অসকত কিছু দেখিতে পাইতেন না, তাঁহারা কিছুমাত্র তয় পাইতেন না, কারণ সেই-সকল দেবতা তাঁহাদেরই মতো ছিলেন। সারা জীবন ধরিয়া আমাদের এই শিক্ষা করিতে হইবে বে, প্রত্যেক ব্যক্তিকে তাহার নিন্ধ নিন্ধ আদর্শ অহুসারে বিচার করিতে হইবে, অপরের আদর্শ অহুসারে নিন্ধ নিন্ধ আদর্শ আমাদের বিহার করিয়া আমাদের নিজ আদর্শ ছারা অপরের বিচার কবিয়া থামিরা আমরা আমাদের নিজ আদর্শ ছারা অপরের বিচার কবিয়া থামিরা এরপ করা উচিত নয়। আমাদের চারিপাশের মাহুবের সহিত ব্যবহার করিবার সময় আমরা সর্বদাই এই ভূল করি, আর আমার ধারণা

অপরের সহিত আমাদের যাহা কিছু বিবাদ-বিসংবাদ হয়, তাহা কেবল, এই এক কারণেই হয় যে, আমরা অপরের দেবতাকে আমাদের নিজ দেবতা বারা, অপরের আদর্শ আমাদের নিজ আদর্শ বারা এবং অপরের উদ্দেশ্য আমাদের নিজ উদ্দেশ্য বারা বিচার করিতে চেটা করি। বিশেষ বিশেষ অবস্থায় আমি হয়তো কোন বিশেষ কার্য করিতে পারি, আর যখন দেখি—আর একজন লোক সেইরূপ কার্য করিতেছে, মনে করিয়া লই তাহারও সেই এক উদ্দেশ্য; আমার মনে একবারও এ-কথা উদিত হয় না যে, ফল সমান হইলেও অন্ত বহু কারণ সেই ফল প্রসেব করিতে পারে। আমি যে কারণে সেই কার্য করিতে পারেন। স্থতরাং এ-সকল প্রাচীন ধর্ম বিচার করিবার সময় আমরা যেন আমাদের মানসিক প্রবণতা বারা বিচার না করি; আমরা যেন সেই প্রাচীনকালের জীবন ও চিন্তাধারার ভাবে নিজদিগকে ভাবিত করিয়া বিচার করি।

ওল্ড টেন্টামেন্টের নিষ্ঠ্র জিহোভার বর্ণনায় অনেকে ভীত হয়; কিন্তু কেন? লোকের এরপ কল্পনা করিবার কি অধিকার আছে যে, প্রাচীন য়াহুদীদিগের জিহোভা আজকালকার ঈশ্বরের মতো হইবেন? আবার আমাদের বিশ্বত হওয়া উচিত নয় যে, আমরা যেভাবে প্রাচীনদের ধর্ম বা ঈশ্বরের ধারণায় হাদিয়া থাকি, আমাদের পরে যাহায়া আসিবেন, তাঁহায়া আমাদের ধর্ম বা ঈশ্বরের ধারণাগুলিকেও সেইভাবে উপহাস করিবেন। তাহা হইলেও এই-সকল বিভিন্ন ঈশ্বর-ধারণার মধ্যে সংযোগসাধক একটি স্থান-স্বা বিভামন, আর বেদান্তের উদ্দেশ্য—সেই স্ব আবিদ্ধার করা। শুক্তি বলিয়াছেন—'ভিন্ন ভিন্ন মণি বেমন একস্বত্তে প্রথিত, সেইরপ এই-সকল বিভিন্ন ভাবের ভিতরেও একটি স্বে রহিয়াছে।' আর আধুনিক ধারণাম্পারে সেগুলি যতই বীভৎস ভয়ানক বা ম্বণিত বলিয়া মনে হউক না কেন, বেদান্তের কর্তব্য—ঐ-সকল ধারণা ও বর্তমান ধারণাগুলির ভিতর এই যোগস্বে আবিদ্ধার করা। অতীতকালের পটভূমিকায় সেগুলি বেশ সঙ্গতই ছিল, আমাদের বর্তমান ভাব ও ধারণা হইতে সেগুলি

১ গীতা, ৭।৭

বেশী বীভংস ছিল না। যথন আমরা প্রাচীন পরিবেশ হইতে বিচ্ছিন্ন করিয়া দেই ভাবগুলিকে দেখিতে যাই, তথনই ওধু ঐগুলির বীভংসভা প্রকাশ হইয়া পড়ে। প্রাচীন পরিবেশ এখন ভো আর নাই। বেমন প্রাচীন য়াভ্গী বর্তমান তীক্ষবৃদ্ধি মাহদীতে পরিণত হইয়াছেন, যেমন প্রাচীন আর্ষেরা আধুনিক বুদ্ধিমান হিন্দুতে পরিণত হইয়াছেন, সেইরূপ জিহোভার ক্রমোয়তি হইয়াছে, দেবতাদেরও হইয়াছে। আমরা এইটুকু ভূল করি যে, আমরা উপাসকের ক্রমোয়তি স্বীকার করিয়া থাকি, কিন্তু উপাস্থের ক্রমোয়তি স্বীকার করি না। উন্নতির জ্বন্ত উপাদকদিগকে আমরা যেটুকু প্রশংসা করি, উপাস্ত ঈশরকে দেটুকু করি না। কথাটা এই—তুমি আমি ষেমন কোন বিশেষ ভাবের প্রকাশক বলিয়া ঐ ভাবের উন্নতির সঙ্গে সঙ্গে তোমার আমার উন্নতি হইয়াছে, সেইরূপ দেবতারাও বিশেষ বিশেষ ভাবের ছোতক বলিয়া ভাবের উন্নতির সঙ্গে সঙ্গে তাঁহাদেরও উন্নতি হইয়াছে। তোমাদের আশ্চর্য বোধ হইতে পারে যে, দেবতা বা ঈশবেরও উন্নতি হয়! তোমাদের ভাব—ঈশবের উন্নতি হয় না, তিনি অপরিবর্তনীয়। এইভাবে তো ইহাও বলা যায় যে, প্রকৃত মাহুষেরও কথন উন্নতি হয় না। আমরা পুরে দেথিব—এই মাহুষের ভিতর যে প্রকৃত মাহুষ রহিয়াছেন, তিনি অচল অপবিণামী ভদ্ধ ও নিত্যমূক। যেমন এই মাহুৰ সেই প্রকৃত মামুষের ছায়ামাত্র, দেইরূপ আমাদের ঈশর-ধারণা আমাদের মনেরই সৃষ্টি; উহা সেই প্রকৃত ঈশরের আংশিক প্রকাশ—আভাসমাত্র। ঐ-সকল আংশিক প্রকাশের পশ্চাতে প্রকৃত ঈশ্বর রহিয়াছেন, তিনি নিত্য-শুদ্ধ-অপরিণামী। কিন্তু এ-সকল আংশিক প্রকাশ সর্বদাই পরিণামশীল-ঐগুলি উহাদের অস্তরালে অবস্থিত সড্যের ক্রমাভিব্যক্তি মাত্র; সেই সত্য যথন অধিক পরিমাণে প্রকাশিত হয়, তথন উহাকে উন্নতি, আর উহার অধিকাংশ আবৃত থাকিলে তাহাকে অবনাত বলে। এইরূপে যেমন আমাদের উন্নতি হয়, তেমনি দেবতারও উন্নতি হয়। সাধারণ সোজা ভাবে বলিতে গেলে বলিতে হয়, যেমন আমাদের উন্নতি হয়, আমাদের স্বৰূপের যেমন প্রকাশ হয়, তেমনি দেবগণও তাঁহাদের স্বরূপ প্রকাশ করিতে থাকেন।

এখন আমরা মায়াবাদ ব্ঝিতে সমর্থ হইব। পৃথিবীর সকল ধর্মই এক প্রশ্ন করিয়াছেন: জগতে এই অসামগ্রন্থ কেন? এই অন্তভ কেন? আমরা ধর্মভাবের প্রথম আরন্তের সময় এই প্রশ্ন দেখিতে পাই না; তাহার কারণ---আদিম মহুয়ের পক্ষে জগৎ জ্ঞানঞ্জ্ঞপূর্ণ বোধ হয় নাই। তাহার চতুর্দিকে কোন অসামঞ্জ ছিল না, কোন প্রকার মতবিরোধ ছিল না, ভালমন্দের কোন প্রতিদ্বন্দিতা ছিল না। কেবল তাঁহাদের হৃদয়ে তুইটি জিনিসের সংগ্রাম হইত। একটি বলিত—'এই কাজ কর', আর একটি বলিত—'করিও না।' আদিম মাত্র্য আবেগপ্রবণ ছিল। তাহার মনে যাহা উদিত হইত, দে ভাহাই করিত। সে নিজের এই ভাব সম্বন্ধে বিচার করিবার বা উহা সংযত করিবার চেষ্টা মোটেই করিত না। এই-সকল দেবতা সম্বন্ধেও দেইরপ; ইহারাও আবেগের অধীন। ইব্রু আদিলেন, আর দৈত্যবল ছিন্ন-ভিন্ন করিয়া দিলেন। জিহোভা কাহারও প্রতি সম্ভষ্ট, কাহারও প্রতি বা রুষ্ট; কেন—তাহা কেহ জানে না, জিঙ্ঞাদাও করে না। ইহাব কারণ, মান্থধের তথনও অনুসন্ধানের অভ্যাসই হয় নাই; স্থতরাং দে যাহা করে, তাহাই ভাল। তথন ভালমন্দের কোন ধারণাই হয় নাই। আমরা যাহাকে মন্দ বলি, দেবতারা এমন অনেক কাজ করিতেছেন; বেদে দেখিতে পাই—ইন্দ্র ও অক্তান্ত দেবতারা অনেক মন্দ কাজ করিতেছেন, কিন্তু ইন্দ্রের উপাসকদিগের দৃষ্টিতে সেগুলি পাপ বা অসৎ বলিয়া মনেই হইত না, স্থতরাং তাহারা সে সম্বন্ধে কোন প্রশ্নই করিত না।

নৈতিক ভাবের উন্নতির সঙ্গে সঞ্জে মাছ্যবের মনে এক যুদ্ধ বাধিল;
মাছ্যবের ভিতরে যেন একটি নৃতন ইন্দ্রিয়ের আবির্ভাব হইল। ভিন্ন ভিন্ন ভাষা,
ভিন্ন ভিন্ন ভাতি উহাকে বিভিন্ন নামে অভিহিত করিয়াছে; কেহ বলেন—
উহা ঈশবের বাণী; কেহ বলেন—উহা প্রশিক্ষার ফল। যাহাই হউক,
উহা প্রবৃত্তির দমনকারী শক্তিরূপে কার্য করিয়াছিল। আমাদের মনের
একটি প্রবৃত্তি বলে—'এই কান্ধ কর'; আর একটি বলে—'করিও না'।
আমাদের ভিতরে কতকগুলি প্রবৃত্তি আছে, সেগুলি ইন্দ্রিয়ের মধ্য দিয়া
বাহিরে যাইবার চেটা করিতেছে; আর তাহার পশ্চাতে, যতই কীণ হউক
না কেন, আর একটি স্থান বলিতেছে—'বাহিরে যাইও না'। এই তুইটি
ব্যাপার তুইটি স্থান সকল কর্মের মূল। নিবৃত্তি হইতেই ধর্মের উন্তব। ইর্ম
আরম্ভ হয় এই 'করিও না' হইতে; আধ্যাত্মিকতাও ঐ 'করিও না' হইতেই

আরম্ভ হয়। বেধানে এই 'করিও না' নাই, সেধানে ধর্মের আরম্ভই হয় নাই, বুঝিতে হইবে। যুখ্যমান দেবতার উপাসনা সত্তেও এই 'করিও না' বা নিবৃত্তির ভাবের জন্ম মাহুষের ধারণা উন্নত হইতে লাগিল।

এখন মাহুষের হৃদয়ে একটু ভালবাসা জাগিল। অবশ্য খুব অল্ল ভালবাসাই তাহাদের হৃদয়ে আসিয়াছিল, আর এখনও যে উহা বড় বেশী তাহা নহে। প্রথম উহা 'ব্রাতি'তে আবদ্ধ ছিল। এই দেবগণ কেবল তাঁহাদের সম্প্রদায়কেই মাত্র ভালবাসিতেন। প্রত্যেক দেবতাই জাতীয় দেবতা-মাত্রই ছিলেন, কেবল দেই বিশেষ জাতির বক্ষকমাত্রই ছিলেন। আর অনেক সময় ঐ জাতির অন্তভূক্তি ব্যক্তিগণ নিজদিগকে ঐ দেবতার বংশধর বলিয়া বিবেচনা করিত, যেমন ভিন্ন ভিন্ন দেশের ভিন্ন ভিন্ন বংশের লোকেরা নিজদিগকে তাঁহাদের এক সাধারণ গোটাপতির বংশধর বলিয়া বিবেচনা করিয়া থাকেন। প্রাচীনকালে কতকগুলি জাতি ছিল, এখনও আছে, যাহারা নিজদিগকে সূর্য ও চল্লের বংশধর বলিয়া মনে করিত। প্রাচীন সংস্কৃত গ্রন্থগুলিতে আপনারা সূর্যবংশের বড় বড় বীর সম্রাটগণের কথা পাঠ করিয়াছেন। ইহারা প্রথমে চন্দ্র-স্থের উপাসক ছিলেন; ক্রমশ: তাঁহারা নিজদিগকে ঐ চন্দ্র-স্থের বংশধর বলিয়া মনে করিতে লাগিলেন। স্থতরাং ষধন এই 'জাতীয়'-ভাব আসিতে লাগিল, তখন একটু ভালবাসা আসিল, পরস্পারের প্রতি একটু কর্তব্যের ভাব আদিল, একটু দামাজিক শৃত্থলার উৎপত্তি হইল; আর অমনি এই ভাবও আসিতে লাগিল—'আমরা পরস্পারের দোষ সহু ও ক্ষমা না করিয়া কিরূপে একত্র বাদ করিতে পারি ?' মাহুষ কি করিয়া অন্ততঃ কোন না কোন সময়ে নিজ মনের প্রবৃত্তি সংযত না করিয়া অপরের—এক বা একাধিক ব্যক্তির সহিত বাদ করিতে পারে? উহা অসম্ভব। এইরূপেই সংযমের ভাব আদে। এই সংযমের ভাবের উপর সমগ্র সমাব্ধ প্রতিষ্ঠিত, আর আমরা জানি, বে নর বা নারী এই সহিফুতা বা ক্ষমারূপ মহতী শিকা আয়ত করেন নাই, ভিনি অভি কটে জীবন যাপন করেন।

অতএব যখন এইরূপ ধর্মের ভাব আদিল, তখন মাহুষের মনে কিছু উচ্চতর, অপেকারত অধিক নীতিসকত একটু ভাবের আভাস আদিল। তখন তাঁহাদের ঐ প্রাচীন দেবতাগণকে—চঞ্চল, যুধ্যমান, মছপায়ী, গোমাংসভূক্ দেবগণকে—বাঁহাদের পোড়া মাংসের গন্ধ এবং তীত্র স্থরার আহুতিতেই পরম

আনন্দ হইত—কেমন সামঞ্জহীন ঠেকিতে লাগিল। দৃষ্টাস্কম্বরূপ—বেদে বণিত আছে যে, কখন কখন ইন্দ্র হয়তো এত মগুপান করিয়াছেন যে, তিনি মাটিতে পড়িয়া অবোধাভাবে বকিতে আরম্ভ করিলেন! এরপ দেবতাকে সহু করা আর লোকের পক্ষে সম্ভব হইল না। তথন উদ্দেশ্য বিষয়ে প্রশ্ন জিজ্ঞাসিত হইতে আরম্ভ হইল; দেবতাদেরও কার্ষের উদ্দেশ্য সম্বন্ধে অহুসন্ধান শুক্ল হইল। অমুক দেবতার অমুক কার্যের হেতু কি? কোন হেতুই পাওয়া গেল না, হুতরাং লোকে এই-সকল দেবতা পরিত্যাগ করিল, অথবা তাহারা দেবতা সম্বন্ধে আরও উচ্চতর ধারণা করিতে লাগিল। তাহারা দেবতাদের কার্যগুলির মধ্যে ষেগুলি ভাল, ষেগুলি তাহারা সামঞ্জস্ত করিতে পারিল, সেগুলি সব একত্র করিল; আর যেগুলি বুঝিতে পারিল না বা ষেগুলি তাহাদের ভাল বলিয়া বোধ হইল না সেগুলিকেও পৃথক্ করিল ; এই ভাল ভাবগুলির সমষ্টিকে তাহারা 'দেবদেব' এই আখ্যা প্রদান করিল। তাহাদের উপাশ্ত দেবতা তথন কেবলমাত্র শক্তির প্রতীক রহিলেন না, শক্তি হইতে আরও কিছু অধিক তাহাদের পক্ষে আবশ্যক হইল। তিনি নীতি-পরায়ণ দেবতা হইলেন ; তিনি মানুষকে ভালবাদিতে লাগিলেন, তিনি মানুষের হিত করিতে লাগিলেন। কিন্তু দেবতার ধারণা তখনও অক্ষুণ্ণ রহিল। তাহারা তাঁহার নীতিপরায়ণতা ও শক্তি বর্ধিত করিল মাত্র। জগতের মধ্যে তিনি দর্বশ্রেষ্ঠ নীতিপরায়ণ পুরুষ এবং একরূপ দর্বশক্তিমান্ হইলেন।

কিন্ত জোড়াতালি দিয়া বেশী দিন চলে না। ষেমন জগদ্রহস্তের স্ক্ষাতিস্ক্ষা ব্যাখ্যা হইতে লাগিল, তেমনি ঐ রহস্ত ষেন আরও রহস্তময় হইয়া
উঠিল। দেবতা বা ঈশ্বরের গুণ ষেভাবে বাড়িতে লাগিল, দন্দেহ তদপেকা
বহুগুণ বাড়িতে লাগিল। যথন লোকের জিহোভা নামক নিষ্ঠুর ঈশ্বরের
ধারণা ছিল, তথন সেই ঈশ্বরের সহিত জগতের সামঞ্জ্যবিধান করিতে ছে
কট পাইতে হইত, তাহা অপেকা এখন ষে ঈশ্বরের ধারণা উপস্থিত হইল,
তাহার সহিত জগতের সামঞ্জ্যসাধন করা কঠিনতর হইয়া পড়িল।
সর্বশক্তিমান্ ও প্রেমময় ঈশ্বরের রাজ্যে এরপ পৈশাচিক ঘটনা কেন ঘটে ?
কেন স্থা অপেকা তৃঃধ এত বেশী ? সাধু ভাব ষত আছে, তাহা অপেকা
জ্যাধু ভাব এত বেশী কেন ? আমরা এ-সব দেখিব না—বিলয়া চোখ বৃজিয়া
থাকিতে পারি; কিন্তু তাহাতে জগৎ ষে বীভৎস, এ সত্য কিছুই পরিবর্তিত

হয় না ৷ খুব ভাল বলিলে বলিতে হয়, এই জগৎ ট্যাণ্টালাসের নরকল্বরূপ, তাহা অপেকা ইহা কোন অংশে উৎকৃষ্ট নহে। প্রবল প্রবৃত্তি — ইন্দ্রিয় চরিতার্থ করিবার প্রবলতর বাসনা রহিয়াছে, কিন্তু পূরণ করিবার উপায় নাই। আমাদের ইচ্ছার বিরুদ্ধে আমাদের হৃদরে এক তরঙ্গ ওঠে—তাহাতে আমাদিগকে কোন কার্যে অগ্রসর করিয়া দেয়, আর আমরা একপদ বেই অগ্রসর হই, অমনি বাধা পাই। আমরা সকলেই ট্যাণ্টালাসের মতো এই জগতে অভিশপ্ত ভীবন যাপন করিতে বাধ্য। অতীন্ত্রিয় আদর্শসমূহ আমাদের মন্তিছে আসিতেছে, কিন্তু অনেক চেষ্টাচরিত্র করিয়া দেখিতে পাই, সেগুলিকে কখনই কার্যে পরিণত করিতে পারা যায় না, বরং আমরা পারিপার্থিক অবস্থাচক্রে পিষ্ট হইয়া, চূর্ণ বিচূর্ণ হইয়া পরমাণুতে পরিণত হই। আবার যদি আমি এই আদর্শের জন্ম চেষ্টা ত্যাগ করিয়া কেবল সাংসারিকভাবে থাকিতে চাই, তাহা হইলেও আমাকে পশুজীবন যাপন করিতে হয়, এবং আমি অবনত হইয়া ষাই। স্থতরাং কোনদিকেই স্থুখ নাই। যাহারা এই জগতে জন্মাইয়া জাগতিক জীবনেই সম্ভষ্ট থাকিতে চায়, তাহাদেরও অদৃষ্টে হু:খ। যাহার। আবার সত্যের জন্য-এই পশু-জীবন অপেক্ষা কিছু উন্নত জীবনের জন্ম-অগ্রসর হইতে সাহস করে, উচ্চতর আদর্শ আকাজ্ঞা করে, তাহাদের আবার সহস্রপ্তপ তৃ:খ। ইহা বাস্তব ঘটনা; ইহার কোন ব্যাখ্যা নাই, কোন ব্যাখ্যা থাকিতে পারে না। তবে বেদাস্ত এই সংসার হইতে বাহিরে যাইবার পথ দেখাইয়া দেন। মাঝে মাঝে আমাকে এমন অনেক কথা বলিতে হইবে, ষাহাতে তোমরা ভয় পাইবে, কিন্তু আমি যাহা বলি তাহা স্মরণ রাখিও, উহা বেশ করিয়া হজম করিও, দিবারাত্র ঐ সম্বন্ধে চিস্তা করিও। তাহা হইলে উহা তোমাদের অন্তরে প্রবেশ করিবে, উহা তোমাদিগকে উন্নত করিবে এবং তোমাদিগকে সভ্য বৃঝিতে এবং জীবনে সভ্য পালন করিতে সমর্থ করিবে।

এই অগৎ যে ট্যান্টালাদের নরকত্বরূপ, ইহা সত্য ঘটনার বর্ণনামাত্র,—
আমরা এই জগৎ সম্বন্ধে কিছু জানিতে পারি না; আবার জানি না, এ-কথাও
বলিতে পারি না। যখন মনে করি আমি জানি না, তখন বলিতে পারি না এই
বন্ধন আছে। স্বটাই আমার মাথার ভূল হইতে পারে। আমি হয়তো সারাকণ

> ঐীকপুরাণে বর্ণিত ট্যাণ্টালাদের কাহিনী-তথাপঞ্জী স্তইব্য।

শপ্প দেখিতেছি। আমি শপ্প দেখিতেছি, তোমাদের সঙ্গে কথা কৃহিতেছি, তোমরা আমার কথা শুনিতেছ। কেহই প্রমাণ করিতে পারে না, যে ইহা শপ্প নয়। 'আমার মন্তিষ্ক' ইহাও একটি শপ্প হইতে পারে, আর বাশ্ববিক তো নিজের মন্তিষ্ক কেহ কথন দেখে নাই। আমরা সকলেই উহা মানিয়া লই। সকল ব্যাপারে এইরূপ। আমার নিজের শরীরও আমি মানিয়া লইতেছি মাত্র। আবার আমি জানি না, তাহাও বলিতে পারি না। জ্ঞান ও অজ্ঞানের মধ্যে এই অবস্থান, এই রহস্তময় কুহেলিকা, এই সত্য-মিথ্যার মিশ্রণ—কোথায় মিশিয়াছে, কেহ জানে না। আমরা স্বপ্লের মধ্যে বিচরণ করিতেছি— অর্ধনিদ্রিত, অর্ধজাগরিত, সারা জীবন এক অস্পষ্টতায় কাটিয়া যায়—ইহাই আমাদের প্রত্যেকের নিয়তি! সব ইল্রিয়জ্ঞানের এ নিয়তি। সকল দর্শনের, সকল বিজ্ঞানের, সকল প্রকার মানবীয় জ্ঞানের—যাহাদিগকে লইয়া আমাদের এত অহস্কার, তাহাদেরও এই নিয়তি, এই পরিণাম। ইহাই ব্রহ্মাণ্ড, বিশ্বজাৎ।

ज्ठहे तत्ना, जाजाहे तत्ना, भनहे तत्ना, जात्र शहाहे तत्ना ना त्कन, त्य কোন নামই উহাকে দাও না কেন, ব্যাপার সেই একই—আমরা বলিতে পারি না, উহাদের অন্তিত্ব আছে; উহাদের অন্তিত্ব নাই এ-কথাও বলিতে পারি না। আমরা উহাদিগকে একও বলিতে পারি না, আবার বহুও বলিতে পারি না। এই আলো-অন্ধকারে খেলা, এই এলোমেলো অবিচ্ছেত্ত ভাব সর্বদা রহিয়াছে। সমুদয় ব্যাপার একবার সত্য বলিয়া বোধ হইতেছে, আবার বোধ হইতেছে মিথ্যা। একবার বোধ হইতেছে আমরা জাগরিত, একইকালে বোধ হইতেছে আমরা নিদ্রিত। ইহা ঘটনার বর্ণনা—ইহাকেই মায়া বলে। আমরা এই মায়াতে জন্মিয়াছি, আমরা ইহাতেই জীবিত রহিয়াঁছি, আমরা ইহাতেই চিস্তা করিতেছি, ইহাতেই স্বপ্ন দেখিতেছি। আমরা এই মায়াতেই দার্শনিক, মায়াতেই সাধু; ওধু তাহাই নহে, আমরা এই মায়াতেই কখন দানব, কখন বা দেবতা হইতেছি। ভাব ও ধারণাকে খতদুর পারো বিস্থৃত কর, উচ্চ হইতে উচ্চতর কর, উহাকে 'অনস্তু' অথবা বে-কোন নাম দিতে ইচ্ছা হয় দাও, ঐ ধারণাও এই মায়ারই ভিতরে। অশুরূপ হইতেই পারে না; আর মাহুষের সমস্ত জ্ঞান—কেবল বিশেষ ধারণা হইতে সামাঞ্চে আসা, উহার প্রতীয়মান স্বরূপ জানিতে চেটা করা।

এই মায়া নামরূপের কার্য। বে-কোন বস্তরই আকৃতি আছে, যাহা কিছু তোমার মনের মধ্যে কোনপ্রকার ভাব ভাগ্রত করিয়া দেয়, তাহাই মায়ার অন্তর্গত। জার্মান দার্শনিকগণ বলেন—সবই দেশ-কাল-নিমিত্তের অধীন, আর উহাই মায়া।

ঈশ্বর সম্বন্ধে সেই প্রাচীন ধারণায় একটু ফিরিয়া যাই। পূর্বে সংসারের যে অবস্থা চিত্রিত হইয়াছে, তাহাতে অনায়াদেই দেখিতে পাওয়া বাইতেছে, একজন ঈশ্বর আমাদিগকে অনস্তকাল ধরিয়া ভালবাসিতেছেন—একজন অনস্ত সর্বশক্তিমান্ ও নিঃস্বার্থ পুরুষ এই জগৎ শাসন করিতেছেন। পূর্বোক্ত এই ঈশ্বর-ধারণা মাত্র্যকে সম্ভষ্ট করিতে পারিল না। কোথায় তোমার ভায়পরায়ণ দয়াময় ঈশ্বর ? দার্শনিক জিজ্ঞাসা করিতেছেন—তিনি কি মহয় বা পশুরূপী তাঁহার লক্ষ লক্ষ সম্ভানের বিনাশ দেখিতেছেন না ? কারণ এমন কে আছে, যে এক মুহূর্ডও অপরকে না মারিয়া জীবনধারণ করিতে পারে ? তুমি কি সহস্র সহস্র জীবন সংহার না করিয়া একটি নিঃশাসও গ্রহণ করিতে পারো? লক্ষ জীব মরিতেছে বলিয়া তুমি জীবিত রহিয়াছ। তোমার জীবনের প্রতি মুহুর্ত, প্রত্যেক নিঃখাস---যাহা তুমি গ্রহণ করিতেছ, তাহা সহস্র সহস্র জীবের মৃত্যুম্বর্রণ এবং তোমার প্রত্যেক গতি লক্ষ লক্ষ জীবের মৃত্যুস্বরূপ। কেন তাহারা মরিবে? এ সম্বন্ধে পুরাতন মিথ্যাযুক্তি—'উহারা তো অতি নীচ জীব।' মনে কর ষেন তাহাই হইল—ষদিও উহা অমীমাংসিত বিষয়, কারণ কে বলিতে পারে—কীট মহুস্থ অপেকা বড়, না মহুস্থ কীট অপেকা উচ্চতর ? কে প্রমাণ করিতে পারে—এটি ঠিক, কি ওটি ঠিক ? যাক সে কথা, তাহারা অতি নিম্নন্তরের জীব ধরিয়া লইলেও তাহারা মরিবে কেন? যদি ভাহারা হীন জীব হয়, ভাহাদেরই তো বাঁচিয়া থাকা বেশী দরকার। কেন ভাহারা বাঁচিবে না ? ভাহাদের জীবন ইন্দ্রিয়েই বেশী আবদ্ধ, স্তরাং তাহারা তোমার আমার অপেকা সহস্তপ্তণ স্থ-তুঃথ বোধ করে। কুকুর বাঘ ষেরপ তৃথি সহকারে ভোজন করে, আমরা কি সেরপ করি ? করি না, কারণ আমাদের কর্মণক্তি শুধু ইন্দ্রিয়ে নহে, বুদ্ধিতে—আত্মায়। কিন্তু পশুদের প্রাণ ইন্দ্রিয়েই পড়িয়া রহিয়াছে, তাহারা ইন্দ্রিয়স্থথের জন্ম উন্মন্ত হয়; তাহারা এত আনন্দের সহিত ইক্রিয়স্থ ভোগ করিবে যে, মাহুষ সেরপ করনাও করিতে পারে না; আর এই হুখও যতথানি, ছু:খও তাহার সমপরিমাণ।

যতথানি হৃথ, ততথানি হৃংথ। যদি মহুয়েতর প্রাণীরা এত তীরভাবে হৃথ অহুভব করিয়া থাকে, তবে ইহাও সত্য যে তাহাদের হৃংথবাধও তেমনি তীর—মহুয়ের অপেক্ষা সহ্প্রথণে তীরতর, তথাপি তাহাদিগকে মরিতে হইবে! তাহা হইদে দাঁড়াইল এই, মাহুষ মরিতে যত কই অহুভব করিবে, অপর প্রাণী তাহার শতগুণ কই ভোগ করিবে; তথাপি তাহাদের কঠের বিষয় না ভাবিয়া আমরা তাহাদিগকে হত্যা করি। ইহাই মায়া। আর যদি আমরা মনে করি—একজন সঞ্জণ ঈশর আছেন, যিনি ঠিক মাহুষেরই মতো, যিনি সব সৃষ্টি করিয়াছেন, তাহা হইলে ঐ যে-সকল ব্যাখ্যা মত প্রভৃতি, যাহাতে বলে মন্দের মধ্য হইতে ভাল হইতেছে, তাহা যথেই হয় না। হউক না শত সহস্র উপকার—মন্দের মধ্য দিয়া উহা কেন আসিবে? এই সিদ্ধান্ত অহুসারে তবে আমিও নিজ পঞ্চেন্দ্রের হ্থেব জন্ম অপরের গলা কাটিব। হত্বাং ইহা কোন যুক্তি হইল না। কেন মন্দের মধ্য দিয়া ভাল হইবে? এই প্রশ্নের উত্তর দিতে হইবে, কিন্তু এই প্রশ্নের তো উত্তর দেওয়া যায় না; ভারতীয় দর্শন ইহা স্বীকার করিতে বাধ্য হইয়াছিল।

সকল প্রকার ধর্ম ও দর্শনের মধ্যে বেদান্তই অধিকতর সাহসের সহিত সত্য-অবেষণে অগ্রসর হইয়াছেন। বেদান্ত মাঝখানে এক জায়গায় গিয়া তাঁহার অমুসন্ধান ছগিত রাথেন নাই, আর তাঁহার পক্ষে অগ্রসর হইবার এক স্থবিধাও ছিল। বেদান্তধর্মের বিকাশের সময় পুরোহিত-সম্প্রদায় সত্যান্থেষি-গণের মুখ বন্ধ করিয়া রাখিতে চেষ্টা করেন নাই। ধর্মে সম্পূর্ণ স্বাধীনতা ছিল। ভারতে সহীর্ণতা ছিল—সামাজিক প্রণালীতে। এখানে (ইংলওে) সমাজ খুব স্বাধীন। ভারতে সামাজিক বিষয়ে স্বাধীনতা ছিল না, কিন্তু ধর্মত সম্বন্ধে ছিল। এখানে লোকে পোশাক ব্যরণ পরুক না কেন, কিন্তু বাহা ইচ্ছা কর্মক না কেন, কেহ কিছু বলে না বা আপত্তি করে না; কিন্তু চার্চে একদিন যাওয়া বন্ধ হইলেই, নানা কথা উঠে। সত্য চিন্তার সময় তাঁহাকে আগে হাজার বার ভাবিতে হয়, সমাজ কি বলে। অপর পক্ষে ভারতবর্ষে যদি একজন অপর জাতির হাতে থায়, অমনি সমাজ তাহাকে জাতিচ্যুত করিতে অগ্রসর হয়। পূর্বপূক্ষেরা বেরপ পোশাক পরিতেন, তাহা হইতে একটু পৃথক্রপ পোশাক পরিলেই বাস, তাহার সর্বনাশ! আমি ভনিয়াছি, প্রথম রেলগাড়ি দেখিতে গিয়াছিল বলিয়া একজন জাতিচ্যুত

হইয়াছিল। আছা, মানিয়া লইলাম ইহা সত্য নহে। কিছু আবার ধর্ম-বিষয়ে দেখিতে পাই—নান্তিক, জড়বাদী, বৌদ্ধ, সকল রকমের ধর্ম, সকল রকমের মত, অভুত রকমের ভরানক ভরানক মত লোকে প্রচার করিতেছে, শিক্ষাও পাইতেছে, এমন কি, মন্দিরের ঘারদেশে ব্রাহ্মণেরা জড়বাদিগণকেও দাড়াইয়া তাঁহাদেরই দেবতার নিশা করিতে দিতেছেন। তাঁহাদের এই উদারতা অবশ্য শীকার্য।

বৃদ্ধ খ্ব বৃদ্ধবন্ধসেই দেহরকা করেন। আমার একজন জামেরিকান বৈজ্ঞানিক বন্ধু বৃদ্ধদেবের জীবনচরিত পড়িতে বড় ভালবাসিতেন। তিনি বৃদ্ধদেবের মৃত্যুটি ভালবাসিতেন না; কারণ বৃদ্ধদেব ক্রুশে বিদ্ধ হন নাই। কি ভূল ধারণা! বড় লোক হইতে গেলেই খুন হইতে হইবে! ভারতে এরপ ধারণা প্রচলিত ছিল না। বৃদ্ধদেব ভারতের দেবদেবী, এমন কি জগদীশ্বরকে পর্বস্ত অস্বীকার করিয়া সর্বত্র ভ্রমণ করিয়াও বৃদ্ধবন্ধস পর্যস্ত বাঁচিয়াছিলেন। তিনি ৮০ বংসর বাঁচিয়া ছিলেন, আর তিনি অর্ধেক দেশকে তাঁহার ধর্মে আনিয়াছিলেন।

চার্বাকেরা ভয়ানক ভয়ানক মত প্রচার করিতেন—উনবিংশ শতাব্দীতেও লোক এরপ স্পষ্ট জড়বাদ প্রচার করিতে সাহস করে না। এই চার্বাকগণ মন্দিরে মন্দিরে নগরে নগরে প্রচার করিতেন: ধর্ম মিধ্যা, উহা পুরোহিতগণের স্বার্থ চরিতার্থ করিবার উপায় মাত্র, বেদ ভত্ত ধূর্ত নিশাচরদের রচনা—ঈশর নাই, আত্মাও নাই। যদি আত্মা থাকে, তবে স্ত্রী-পুত্রের ভালবাসার আকর্ষণে কেন ফিরিয়া আসে না। তাঁহাদের এই ধারণা ছিল যে, যদি আত্মা থাকে, তবে মৃত্যুর পরও তাহার ভালবাদা থাকে; ভাল থাইতে, ভাল পরিতে চায়। এইরূপ ধারণা সত্তেও কেহই চার্বাকদিগের উপরে কোন অত্যাচার করে নাই।

আমরা ধর্মবিষয়ে স্বাধীনতা দিয়াছিলাম, তাহার ফলস্বরূপ এথনও আমরা ধর্মজগতে মহাশক্তির অধিকারী। তোমরা সামাজিক বিষয়ে সেই স্বাধীনতা দিয়াছ, তাহার ফলে তোমাদের অতি স্থলন সামাজিক প্রণালী। আমরা সামাজিক উন্নতি-বিষয়ে কিছু স্বাধীনতা দিই নাই, স্থতরাং আমাদের সমাজ স্কীর্ণ। তোমরা ধর্মসন্ধন্ধে স্বাধীনতা দাও নাই, ধর্মবিষয়ে প্রচলিত মতের বাতিক্রম করিলেই অমনি বন্দুক, তরবারি বাহির হইত। তাহার ফল—ইওরোপে ধর্মভাব স্কীর্ণ। ভারতে সমাজের শৃদ্ধল খুলিয়া দিতে হইবে, আরু

ইওরোপে ধর্মের শৃঙ্খল খুলিয়া লইতে হইবে। তবেই উন্নতি হইরে। বদি আমরা এই আধ্যাত্মিক নৈতিক বা সামাজিক উন্নতির ভিতরে যে একত্ম রহিয়াছে, তাহা ধরিতে পারি, যদি জানিতে পারি উহারা একই পদার্থের বিভিন্ন বিকাশমাত্র, তবে ধর্ম আমাদের সমাজের মধ্যে প্রবেশ করিবে, আমাদের জীবনের প্রতি মৃহূর্তই ধর্মভাবে পূর্ণ হইবে। ধর্ম আমাদের জীবনের প্রতি কার্যে প্রবেশ করিবে—ধর্ম বলিতে যাহা কিছু ব্রায়, সেই-সব আমাদের জীবনে তাহার প্রভাব বিতার করিবে। বেদান্তের আলোকে তোমরা ব্রিবে—সব বিজ্ঞান কেবল ধর্মেরই বিভিন্ন বিকাশ মাত্র; জগতের আর সব জিনিসও প্রস্থা।

তবে আমরা দেখিলাম, স্বাধীনতা থাকাতেই ইওরোপে এই-সকল বিজ্ঞানের উৎপত্তি ও প্রীর্দ্ধি হইয়াছে; সকল সমাজেই দুইটি বিভিন্ন দল দেখিতে পাওয়া যায়। একদল জড়বাদী বিশ্বদ্ধবাদী, আর একদল নিশ্চিত-বাদী সংগঠনকারী। মনে কর সমাজে কোন দোব আছে, অমনি একদল উঠিয়া গালাগালি করিতে আরম্ভ করিল। ইহারা অনেক সমন্ন গোঁড়া হইন্না দাঁড়ায়। সকল সমাজেই ইহাদিগকে দেখিতে পাইবে; আর মেন্নেরা প্রান্থই এই চীৎকারে যোগ দিয়া থাকেন, কারণ তাঁহারা স্বভাবতই ভাবপ্রবণ। যে-কোন ব্যক্তি দাঁড়াইয়া কোন বিষয়ের বিশ্বদ্ধে বক্তৃতা করে, তাহারই দলবৃদ্ধি হইতে থাকে। ভাঙা সহজ ; একজন পাগল সহজে যাহা ইচ্ছা ভাঙিতে পারে, কিন্তু তাহার পক্ষে কিছু গড়া কঠিন।

সকল দেশেই এইরপ দেখিতে পাওয়া যায়, আর তাহারা মনে করে—
কেবল গালাগালি দিয়া, কেবল দোষ প্রকাশ করিয়া দিয়াই তাহারা
লে^কককে ভাল করিবে। তাহাদের দিক হইতে দেখিলে মনে হয় বটে, তাহারা
কিছু উপকার করিতেছে, কিন্তু বাস্তবিক তাহারা অনিটই বেশী করিয়া
থাকে। কোন জিনিস তো আর একদিনে হয় না। সমাজ একদিনে নির্মিত
হয় নাই, আর পরিবর্তন অর্থে—কারণ দ্র করা। মনে কর, এখানে
অনেক দোষ আছে, কেবল গালাগালি দিলে কিছু হইবে না, কিন্তু মূলে যাইতে
হইবে। প্রথমে ঐ দোষের হেতু কি নির্ণয় কর, তারপর উহা দ্র কর, তাহা
হইলে উহার-ফলস্বরূপ দোষ আপনিই চলিয়া যাইবে। গুরু প্রতিবাদে—
চীৎকারে কোন ফল হইবে না; তাহাতে বরং অনিটই হইবে।

আৰু এক শ্ৰেণীর লোকের হৃদরে সহাত্মভূতি ছিল। তাঁহারা বুঝিতে পারিশ্বাছিলেন যে, দোষনিবারণ করিতে হইলে উহার কারণ পর্যন্ত যাইতে হইবে। বড় বড় সাধু-মহাত্মাদের লইয়াই এই শ্রেণী গঠিত। একটি কথা তোমাদের স্মরণ রাথা আবশ্রক ষে, জগতের শ্রেষ্ঠ আচার্বগণ সকলেই বলিয়া গিয়াছেন—আমরা নষ্ট করিতে আসি নাই, পূর্বে যাহা ছিল ভাহাকে পূর্ণ করিতেই আদিয়াছি। অনেক সময় লোকে আচার্যগণের এইরূপ মহৎ উদ্দেশ্য না বুঝিয়া মনে করে, জাঁহারা প্রচলিত মতে সায় দিয়া জাঁহাদের অহুপযুক্ত কার্য করিয়াছেন; এখনও অনেকে এইরূপ বলিয়া থাকে যে, ইহারা যাহা সত্য বলিয়া ভাবিতেন তাহা প্রকাশ করিয়া বলিতে সাহস করিতেন না, ইহারা কতকটা কাপুরুষ ছিলেন। কিন্তু বান্তবিক তাহা নহে। এই-সকল একদেশদর্শীরা মহাপুরুষদের হাদয়স্থ প্রেমের অনস্ত শক্তি অতি অল্লই ৰুঝিতে পারে। তাঁহারা জগতের নরনারীগণকে তাঁহাদের সম্ভান-স্বরূপ দেখিতেন। তাঁহারাই যথার্থ পিতা, তাঁহারাই যথার্থ দেবতা, তাঁহাদের অন্তরে প্রত্যেকেরই জন্ম অনন্ত সহাহভৃতি ও ক্ষমা ছিল—তাঁহারা সর্বদা সহু ও ক্ষমা করিতে প্রস্তুত ছিলেন। তাঁহারা জানিতেন কি করিয়া মানবসমাজ গঠিত হইবে ; স্বতরাং তাঁহারা অতি ধীরভাবে অতিশয় সহিষ্ণুতার সহিত তাঁহাদের সঞ্জীবন-ঔষধ প্রয়োগ করিতে লাগিলেন। তাঁহারা লোককে গালা-গালি দেন নাই বা ভয় দেখান নাই, কিন্তু অতি ধীরে একটির পর একটি পা ফেলিয়া উন্নতির পথ দেখাইয়া লইয়া গিয়াছেন। ইহারা উপনিধদের রচয়িতা। তাহারা বেশ জানিতেন-জ্বরীয় প্রাচীন ধারণাসকল উন্নত নীতি-সঙ্গত ধারণার সহিত মেলে না। তাঁহারা জানিতেন—বৌদ্ধ ও নান্তিকগণ যাহা প্রচার করিতেন, তাহার মধ্যেও অনেক মহৎ সত্য আছে; কিন্তু তাঁহারা ইহাও জানিতেন—যাহারা পূর্বমতের সহিত কোন সম্বন্ধ বক্ষা না করিয়া নৃতন মত স্থাপন করিতে চায়, যাহারা যে স্ত্রে মালা গ্রাথিত তাহাকে ছিন্ন করিতে চায়, ৰাহারা শুক্তের উপর ন্তন সমাজ গঠন করিতে চায়, তাহারা সম্প্রপে অকৃতকার্য হইবে।

আমরা কখনই নৃতন কিছু নির্মাণ করিতে পারি না, আমরা বস্তর স্থান পরিবর্তন করিতে পারি মাত্র। বীজই বৃক্ষরূপে পরিণত হয়, স্তরাং আমাদিপ্তে ধৈর্বের সহিত শাস্তভাবে লোকের সত্যাহসন্থানের জন্ম নিযুক্ত শক্তিকে পরিচালন করিতে হইবে; ষে সত্য পূর্ব হইতেই জ্ঞাত, তাহারই সম্পূর্ণ ভাব জানিতে হইবে। স্থতরাং ঐ প্রাচীন ঈশ্বরধারণা বর্তমান কালের অক্রপযোগী বলিয়া একেবারে উড়াইয়া না দিয়া, তাঁহারা উহার মধ্যে যাহা সত্য আছে, তাহা অন্বেষণ করিতে লাগিলেন; তাহারই ফল বেদাস্তদর্শন। তাহারা প্রাচীন দেবতাসকল ও বিশ্বনিয়ন্তা এক ঈশরের ভাব অপেক্ষাও উচ্চতর ভাবসকল আবিষ্কার করিতে লাগিলেন—এইরূপে তাঁহারা যে উচ্চতম সত্য আবিষ্কার করিলেন, তাহাই নিগুণ পূর্ণব্রন্ধ নামে অভিহিত। এই নিগুণ ব্রন্ধের ধারণায় তাঁহারা জগতের মধ্যে এক অথণ্ড সন্তা দেখিতে পাইয়াছিলেন।

থিনি এই বছত্বপূর্ণ জগতে সেই এক অথগুস্বরূপকে দেখিতে পান, যিনি এই মরজগতে সেই এক অনস্ত জীবন দেখিতে পান, যিনি এই জড়তা-ও অজ্ঞানপূর্ণ জগতে সেই একস্বরূপকে দেখিতে পান, তাঁহারই শাশ্বতী শান্তি, আর কাহারও নহে।''

মায়া ও মুক্তি

[লগুনে প্রদত্ত বক্তৃতা : ২২শে অক্টোবর, ১৮৯৬]

কবি বলেন, 'পিছনে হিরগায় জলদজাল লইয়া আমরা জগতে প্রবেশ করি।'
কিন্তু সত্য কথা বলিতে গেলে, আমরা সকলেই এরপ মহিমামণ্ডিত হইয়া
সংশ্বারে প্রবেশ করি না; আমাদের অনেকেই কুল্লাটিকার কালিমা লইয়া জগতে
প্রবেশ করে; ইহাতে কোন সন্দেহ নাই। আমরা—সকলেই যেন যুদ্ধকেত্রে
যুদ্ধের জন্য প্রেরিত হইয়াছি। কাঁদিয়া আমাদিগকে এই জগতে প্রবেশ
করিতে হইবে—যথাসাধ্য চেষ্টা করিয়া এই অনন্ত জীবন-সমৃদ্রের মধ্যে পথ
করিয়া লইতে হইবে—সমুধে আমরা অগ্রসর হই, পিছনে অনন্ত যুগ পড়িয়া
রহিয়াছে, সমুধেও অনন্ত। এইরপেই আমরা চলিতে থাকি, অবশেষে মৃত্যু

১ কঠ উপ., হাহা১৩

আসিয়া আমাদিগকে এই যুদ্ধকেত হইতে অপসারিত করিয়া দেয়—জয়ী হইলাম, না পরাজিত হইলাম, তাহাও আমরা জানি না;—ইহাই মায়া।

বালকের হাদয়ে আশাই বলবজী। তাহার উন্মেষণীল নয়নের সম্থে সবকিছুই যেন একটি সোনার ছবি বলিয়া প্রতিভাত হয়; সে ভাবে—সকলের
উপর আমার ইচ্ছাই চলিবে। কিন্তু ষেই সে অগ্রসর হয়, অমনি প্রতি
পদক্ষেপে প্রকৃতি বজ্জদৃঢ় প্রাচীরের মতো দাঁড়ায়, এবং তাহার ভবিয়ৎ গতি
রোধ করে। বার বার এই প্রাচীর ভাঙিবার উদ্দেশ্যে সে বেগে তত্পরি
পতিত হইতে পারে। সারা জীবন যতই সে অগ্রসর হয়, ততই তাহার আদর্শ
যেন তাহার সমুথ হইতে সরিয়া যায়—শেষে মৃত্যু আসে, তথন হয়তো
নিন্তার;—ইহাই মায়া।

বৈজ্ঞানিক উঠিলেন—তাঁহার জ্ঞানের পিপাসা। এমন কিছুই নাই যাহা তিনি ত্যাগ করিতে না পারেন, কোন সংগ্রামই তাঁহাকে নিরুৎসাহ করিতে পারে না। তিনি ক্রমাগত অগ্রসর হইয়া একটির পর একটি প্রকৃতির গোপনতত্ব আবিষ্কার করিতেছেন—প্রকৃতির অস্তত্ত্বল হইতে আভ্যন্তরীণ গৃঢ় রহস্তাসকল উদ্ঘাটন করিতেছেন—কিন্তু কেন? এ-সব করিবার উদ্দেশ্য কি? আমরা এই বৈজ্ঞানিকের গৌরব করিব কেন? কেন তিনি যশোলাভ করিবেন? মাহ্য যাহা করিতে পারে, প্রকৃতি কি তাহা অনস্তগুলে অধিক করিতে পারে না? তাহা হইলেও প্রকৃতি কড়, অচেতন। অচেতন ক্রড়ের অম্করণে গৌরব কি? বক্র যত বিরাট হউক, প্রকৃতি উহাকে যে-কোন দ্রদেশে নিক্ষেপ করিতে পারে। যদি কোন মাহ্য তাহার তুলনায় সামান্য এতটুকু করিতে পারে, তবে আমরা তাহাকে একেবারে আকাশে তুলিয়া দিই। কিন্তু ইহার কারণ কি? প্রকৃতির অম্করণ, মৃত্যুর অম্করণ, জড়ের অম্করণ, অচেতনের অম্করণের ক্রম্ব কোন তাহার প্রশংসা করিব ?

মহাকর্ষণক্তি অতি বৃহত্তম পদার্থকৈ পর্যন্ত টানিয়া আনিয়া টুকরা টুকরা করিয়া ফেলিতে পারে, তথাপি উহা জড়শক্তি। জড়ের অহকরণে কি গৌরব ? তথাপি আমরা সারা জীবন কেবল উহার জগুই চেষ্টা করিতেছি;—ইহাই মায়া।

ইন্দ্রিয়গণ মান্ত্রকে টানিয়া বাহিরে লইয়া ষায়; ষেখানে কোনক্রমে হ্রথ পাওয়া বার না, মান্ত্র সেখানে হুখের অর্বেণ করিতেছে। অনস্ত যুগ ধরিয়া আমরা সকলেই উপদেশ শুনিভেছি—এ-সব বৃথা; কিন্তু আমরা শিণিতে পারি না। নিজের অভিজ্ঞতা ছাড়া শেখাও অসম্ভব। উপদেশ কাজে লাগাইতে হইবে—হয়তো তীব্র আঘাত পাইব। তাহাতেই কি আমরা শিণিব ? না, তথনও নহে। পতক বেমন পুন: পুন: অগ্নির অভিমুখে ধাবমান হয়, আমরাও তেমনি পুন: পুন: বিষয়সমূহের দিকে বেগে পতিত হইতেছি—যদি কিছু হুখ পাই। বার বার নৃতন উৎসাহে ফিরিয়া ষাইতেছি। এইরূপে আমরা চলিয়াছি, যতক্ষণ না দেহমন ভাঙিয়া যায়; শেষে প্রভাবিত হইয়া মরিয়া যাই;—ইহাই মায়া।

আমাদের বৃদ্ধিবৃত্তি সম্বন্ধেও একই কথা। আমরা জগতের রহস্ত-মীমাংসার চেটা করিতেছি—আমরা এই জিজ্ঞাসা, এই অমুসদ্ধান-প্রবৃত্তিকে বদ্ধ করিয়া রাখিতে পারি না; কিন্তু আমাদের ইহা জানিয়া রাখা উচিত—জ্ঞান লক্ষ্য বস্তু নহে। কয়েক পদ অগ্রসর হইলেই দেখা যায়, অনাদি অনস্ত কালের প্রাচীর দণ্ডায়মান, আমরা উহা লঙ্কন করিতে পারি না। কয়েক পদ অগ্রসর হইলেই অসীম দেশের ব্যবধান আসিয়া উপস্থিত হয়—উহাও অতিক্রম করা যায় না; সবই অপরিবর্তনীয়ভাবে কার্যকারণরূপ প্রাচীরে সীমাবদ্ধ। আমরা উহাদিগকে ছাড়াইয়া যাইতে পারি না। তথাপি আমরা চেটা করিয়া থাকি, চেটা আমাদিগকে করিতেই হয়;—ইহাই মায়া।

প্রতি নিংখাসে, হৃদয়ের প্রতি স্পন্দনে আমাদের প্রত্যেক গতিতে আমরা মনে করি—আমরা স্বাধীন, আবার দেই মৃহুর্তেই আমরা দেখিতে পাই—আমরা স্বাধীন নই। ক্রীতদাস, প্রকৃতির ক্রীতদাস আমরা; শরীর, মন, সর্ববিধ চিস্তা এবং সকল ভাবেই আমরা প্রকৃতির ক্রীতদাস;—ইহাই মায়া।

এমন জননীই নাই, যিনি তাঁহার সন্তানকে অসাধারণ শিশু—প্রতিভাবান্
পুরুষ বলিয়া বিখাস না করেন। তিনি সেই ছেলেটিকে লইয়াই মাতিয়া
থাকেন, সেই ছেলেটির উপর তাঁহার সারা মনপ্রাণ পড়িয়া থাকে। ছেলেটি
বড হইল—হয়তো মাতাল, পশুতৃল্য হইয়া উঠিল, জননীর প্রতি অসদ্যবহার
করিতে লাগিল। যতই এই অসদ্যবহার বাড়িতে থাকে, মায়ের ভালবাসাও
ততই বাড়িতে থাকে। জগৎ উহাকে মায়ের নিঃমার্থ ভালবাসা বলিয়া থ্ব
প্রশংসা করে; তাহারা স্বপ্নেও মনে করে না যে, সেই জননী জয়াবধি একটি
কীতদাদী মাতা—তিনি না ভালবাসিয়া থাকিতে পারেন না। সহস্রধার

ভাঁহার ইচ্ছা হয়—ভিনি উহা ভ্যাগ করিবেন, কিন্তু ভিনি পারেন না। ভিনি উহার উপর পুপরাশি ছড়াইয়া, উহাকেই আশুর্য ভালবাসা বলিয়া ব্যাখ্যা করেন,—ইহাই মায়া।

क्रगां ज्यामता मकलारे परेक्रा। नात्रमंख वक्षिन ख्रीकृष्टक विनातन, 'প্রস্থু, তোমার মায়া কেমন, তাহা দেখাও।' কয়েক দিন গত হইলে রুফ নারদকে সঙ্গে করিয়া একটি অরণ্যে লইয়া গেলেন। অনেক দূর গিয়া কৃষ্ণ বলিলেন, নারদ, আমি বড় ভৃষ্ণার্ড, একটু বল আনিয়া দিতে পারে।? নারদ বলিলেন 'প্রভু, কিছুক্ষণ অপেকা করুন; আমি জল লইয়া আসিতেছি।' এই বলিয়া নারদ চলিয়া গেলেন। ঐ স্থান হইতে কিছুদ্রে একটি গ্রাম ছিল; নারদ সেই গ্রামে জলের সন্ধানে প্রবেশ করিলেন। তিনি একটি ঘারে গিয়া আঘাত করিলেন, ঘার উন্মুক্ত হ্ইল, একটি পরমা স্বন্ধরী কল্পা তাঁহার সমুখে আসিল। ভাহাকে দেখিয়াই নারদ সব ভুলিয়া গেলেন। তাঁহার প্রভু যে জলের জন্ম অপেকা করিতেছেন, তিনি যে তৃষ্ণার্ড, হয়তো তৃষ্ণায় তাহার প্রাণ ওষ্ঠাগত, নারদ এ-সব ভূলিয়া গেলেন। তিনি সব ভূলিয়া সেই কক্সাটির সহিত আলাপ করিতে লাগিলেন, ক্রমে পরস্পরের প্রণয়সঞ্চার হইল। তথন নাবদ দেই কন্তার পিতার নিকট কন্তাটির পাণি প্রার্থনা করিলেন—বিবাহ হইয়া গেল, তাঁহারা দেই গ্রামে বাস করিতে লাগিলেন, ক্রমে তাঁহাদের সন্থান-সন্তুতি হইল। এইরূপে দাদশবর্ষ অতিবাহিত হইল। খন্তরের মৃত্যু হইলে তিনি তাঁহার সম্পত্তির উত্তরাধিকারী হইলেন এবং পুত্র-কলত্র ভূমি-পশু সম্পত্তি-গৃহ প্রভৃতি লইয়া বেশ স্থাথে স্বচ্ছন্দে কাল কাটাইডে লাগিলেন। অন্ততঃ তাঁহার বোধ হইতে লাগিল—ভিনি বেশ স্থাপ কছলে আছেন। এই সময় সেই দেশে বক্তা আদিল। একদিন রাত্রিকালে নদী ছুই কুল প্লাবিত করিল, আর সমগ্র গ্রামটিই জলমগ্ন হইল। অনেক বাড়ি পড়িতে লাগিল—মাত্র পশু দব ভাদিয়া গিয়া ডুবিয়া ষাইতে লাগিল, স্লোভের বেগে সবই ভাসিয়া গেল। নারদকে পলায়ন করিতে হইল। এক হাতে ভিনি স্ত্রীকে ধরিলেন, অপর হাতে তুইটি ছেলেকে ধরিলেন, কাঁধে আর একটি ছেলেকে লইয়া সেই ভয়ন্বর নদী হাঁটিয়া পার হইবার চেটা করিতে লাগিলেন।

কিছুদ্র অগ্রসর হইতেই তরঙ্গের বেগ অত্যম্ভ অধিক বোধ হইল। নারদ কাঁধের শিশুটিকে কোন রক্ষে রাখিতে পারিলেন না; সে পড়িয়া গিয়া তরকে ভাদিয়া গেল। নিরাশায়, তৃংথে নারদ চীংকার করিয়া উঠিলেন। সেটিকেরকা করিতে গিয়া আর একটি—যাহার তিনি হাত ধরিয়া ছিলেন—দে হাত কদ্কাইয়া তৃবিয়া গেল। তাহার পত্নীকে তিনি তাহার শরীরের সমস্ত শক্তিপ্রয়োগ করিয়া ধরিয়াছিলেন, তরদের প্রোত অবশেষে তাহাকেও তাঁহার হাত হইতে ছিনাইয়া লইল, তিনি ময়ং ক্লে নিক্ষিপ্ত হইয়া মাটিতে গড়াগড়ি দিতে দিতে অতি কাতরম্বরে বিলাপ করিতে লাগিলেন। এমন সময় কে যেন তাঁহার পিঠে মৃত্ আঘাত করিয়া বলিল, 'বৎস, কই জল কই ? তুমি যে জল আনিতে গিয়াছিলে, আমি তোমার জন্ম অপেকা করিতেছি। তুমি আধ ঘণ্টা হইল গিয়াছ।' আধ ঘণ্টা! নারদের মনে ঘাদশ বর্ষ অতিক্রান্ত হইয়াছে, আর আধ ঘণ্টার মধ্যে এই সমস্ত দৃগ্ম তাঁহার মনের ভিতর ঘটয়া গিয়াছে;—ইহাই মায়া।

কোন না কোনরপে আমরা এই মায়ার ভিতর রহিয়াছি। এ ব্যাপার ব্যাবড় কঠিন—বিষয়টিও বড় জটিল। ইহার তাৎপর্য কি ? ইহার তাৎপর্য এই—ব্যাপার বড় ভয়ানক; সকল দেশেই মহাপুরুষগণ এই ভদ্ধ প্রচার করিয়াছেন, সকল দেশের লোকই এই ভদ্ব শিক্ষা পাইয়াছে, কিন্তু খ্ব অল্ল লোকেই ইহা বিশ্বাস করিয়াছে; তাহার কারণ নিজে না ভূগিলে, নিজে না ঠেকিলে আমরা ইহা বিশ্বাস করিতে পারি না। বাস্তবিক বলিতে গেলে—স্ব কিছুই বৃথা, সবই মিথ্যা।

সর্বসংহারক কাল আসিয়া সবই গ্রাস করে, কিছু আর অবশিষ্ট রাথে না—পাপকে গ্রাস করে, পাপীকে গ্রাস করে; রাজা প্রজা স্থলর কুংনিত সকলকেই কাল গ্রাস করে, কাহাকেও ছাড়ে না। সকলেরই এক চরমগতি—সকলেই বিনাশের দিকে অগ্রসর হইতেছে। আমাদের জ্ঞান শিল্প বিজ্ঞান—সবই সেই এক অনিবার্থ মৃত্যুর দিকে অগ্রসর হইতেছে। কেহই এ তরঙ্গের গতিরোধে সমর্থ নহে, কেহই এ বিনাশম্থী গতিকে এক মৃহর্তের জ্ঞাও রোধ করিতে পারে না দ আমরা মৃত্যুকে ভূলিয়া থাকিবার চেষ্টা করিতে পারি, বেমন কোন দেশে মহামারী উপস্থিত হইলে ম্যাপান নৃত্য ও অ্ঞান্থ রুথা আমাদ-প্রমোদে লোকে সবকিছু ভূলিবার চেষ্টা করিয়া পক্ষাঘাতগ্রন্থের মতো চলচ্ছজিরহিত হয়। আমরাও এইরূপে এই মৃত্যুচিস্তাকে ভূলিবার চেষ্টা করিতেছি, করিতেছি—সর্ব প্রকার ইন্দ্রিয়ন্থথে ভূলিয়া থাকিতে চেষ্টা করিতেছি, করিতেছি, করিতেছি, বিবারিত হয় না।

লোকের সমূথে তুইটি পথ আছে। একটি পথ সকলেই জানেন, ভাহা এই: জগতে হু:খ আছে, কষ্ট আছে---সব সত্য, কিন্তু ও-সম্বন্ধে মোটেই ভাবিও না। 'যাবজ্জীবেং স্থং জীবেৎ ঋণং কৃত্বা দ্বতং পিবেং।' ছঃথ আছে বটে, কিছ ওদিকে নজর দিও না। যা একটু আধটু হুখ পাও, তাহা ভোগ করিয়া লও; এই সংসারের অন্ধকার দিকটা লক্ষ্য করিও না—কেবল উজ্জল দিকটাই লক্ষ্য করিও। এই মতে কিছু সত্য আছে বটে, কিছু ইহাতে ভয়ানক বিপদের আশঙ্কাও আছে। ইহার মধ্যে সত্য এইটুকু যে, ইহা আমাদিগকে কার্যে প্রবৃত্ত রাথে। আশা এবং এইরূপ একটা প্রত্যক্ষ আদর্শ আমাদিগকে কার্যে প্রবৃত্ত ও উৎসাহিত করে বটে, কিন্তু উহাতে এই এক বিপদ আছে যে, শেষে হতাশ হইয়া সব চেষ্টা ছাড়িয়া দিতে হয়। 'সংসারকে যেমন দেখিতেছ, তেমনই গ্রহণ কর; যতদুর স্বচ্ছদে থাকিতে পারো থাকো; তুঃখকষ্ট আদিলেও তাহাতে সম্ভুষ্ট থাকো; আঘাত পাইলে বলো—ইহা আঘাত নহে, পুস্পরুষ্ট ; দাসবৎ পরিচালিত হইলেও বলো—্মাুমি মুক্ত, স্বাধীন; অপরের নিকট এবং নিজের নিকট দিনরাত মিথ্যা বলো, কারণ সংসারে থাকিবার, জীবনধারণ করিবার ইহাই একমাত্র উপায়'--বাহারা এ-কথা বলেন, তাঁহাদিগকেও বাধ্য হইয়া অবশেষে সব চেষ্টা ছাড়িয়া দিতে হয়। ইহাকেই অবশ্য পাকা সাংসারিক জ্ঞান বলে, আর এই উনবিংশ শতাদীতে এই জ্ঞান যত প্রচলিত, কোনকালে এতটা ছিল না; তাহার কারণ এই—লোক এখন ধেমন তীব্র আঘাত পাইয়া থাকে, কোন কালে এত তীর আঘাত পাইত না, প্রতিদ্বন্দিতাও কখন এত তীর ছিল না; মাহুৰ এখন তাহার ভাতার প্রতি ষত নিষ্ঠুর, তত নিষ্ঠুর কখন ছিল না, আর এই জন্মই এখন এই সান্তনা দেওয়া হইয়া থাকে। বর্তমানকালে এই উপদেশই অধিক পরিমাণে দেওয়া হইয়া থাকে, কিন্তু এই উপদেশে এখন কোন ফল হয় না, কোনকালেই হয় নাই। গলিত শ্বকে কতকগুলি ফুল চাপা দিয়া রাধা যায় না—ইহা সম্ভব নহে; একদিন ঐ ফুলগুলি দব উড়িয়া ৰাইবে, তখন দেই শব পূর্বাপেকা বীভৎসরূপে দেখা দিবে। আমাদের সম্দন্ধ জীবনও এই প্রকার। আমরা আমাদের পুরাতন পচা ঘা সোনার আচ্ছাদনে মুড়িয়া রাখিবার চেষ্টা করিতে পারি, কিন্তু একদিন আসিবে যখন সেই সোনার পাত খদিয়া পড়িবে আর দেই ক্ষত অতি বীভংসভাবে প্রকাশিত হইবে।

তবে কি কোনই আশা নাই ? এ-কথা সত্য যে, আমরা সকলেই মায়ার দাস, আমরা মায়াতেই জন্মিয়াছি, মায়াতেই আমরা জীবিত। তবে কি কোন উপায় নাই, কোন আশা নাই ? আমরা যে সকলেই অতি হুর্দশাপন্ন, এই জগৎ যে বান্তবিক একটি কারাগার, আমাদের তথাকথিত পূর্বপ্রাপ্ত মহিমাও ষে একটি কারাগৃহ মাত্র, আমাদের বৃদ্ধি এবং মনও ষে কারাগার-স্বরূপ, তাহা শত শত যুগ ধরিয়া লোকে জানে। লোকে যাহাই বলুক না কেন, এমন কেহই নাই, যে কোন না কোন সময়ে ইহা প্রাণে প্রাণে অহভব না করিয়াছে। বুদ্ধেরা এটি আরও ভীব্রভাবে অহভব করিয়া থাকেন, কারণ তাঁহাদের সারাজীবনের সঞ্চিত অভিজ্ঞতা রহিয়াছে; প্রকৃতির মিথ্যা ভাষা তাঁহাদিগকে বড় বেশী ঠকাইতে পারে না। এই বন্ধন-অতিক্রমের উপায় কি ? এই বন্ধনগুলিকে অতিক্রম করিবার কি কোন উপায় নাই ? আমরা দেখিতেছি, এই ভয়ঙ্কর ব্যাপার, এই বন্ধন আমাদের সমূথে পশ্চাতে সর্বত্ত থাকিলেও এই ছঃখকট্টের মধ্যেই, এই জগতেই—বেখানে জীবন ও মৃত্যু একার্থক ---এখানেও এক মহাবাণী সকল যুগে, সকল দেশে, সকল ব্যক্তির হৃদয়ে যেন ধ্বনিত হইতেছে: দৈব ছেষা গুণময়ী মম মায়া ছুরতায়া। মামেব যে প্রপছস্তে মায়ামেতাং তরম্ভি তে।'— আমার এই দৈবী ত্রিগুণময়ী মায়া অতি কটে অতিক্রম করা যায়। যাহার। আমার শরণাপন্ন, তাহারা এই মায়া অতিক্রম করে। 'হে পরিশ্রাস্ত ও ভারাক্রাস্ত জীবগণ, আমার কাছে এস, আমি তোমাদিগকে বিশ্রাম ও শাস্তি দিব' ২—এই বাণীই আমাদিগকে ক্রমাগত সম্মুথের দিকে আগাইয়া লইয়া যাইতেছে। মাহুষ ইহা ভনিয়াছে এবং অনস্ত যুগ ধরিয়া শুনিতেছে। যথন মাহুষের স্বই নষ্টপ্রায় বলিয়া মনে হয়, ষ্থন আশা ভঙ্গ হইতে থাকে, ষ্থন মান্নুষের নিজ শক্তির উপর বিখাস চূর্গ হইয়া যায়, যথন সবই ষেন ভাহার আঙ্লের ফাঁক দিয়া গলিয়া যায় এবং জীবন একটি ভগ্নস্থপে পরিণত হয়, তখন দে এই বাণী ভনিতে পায়। আর ইহাই ধর্ম।

অতএব, একদিকে এই অভয়বাণী, এই আশাপ্রদ বাক্য যে, এ-সব কিছুই
নয়, এ সবই মায়া, ইহা উপলব্ধি কর, কিন্তু সেই সঙ্গে এই আশার বাণী হে,

১ গীতা, ৭৷১৪

St. Matthew, Ch. II, 28

মায়ার ঝহিরে ষাইবার পথ আছে। অপর দিকে, সাংদারিক বিষয়ে অভিজ ব্যক্তিগণ বলেন—'ধর্ম, দর্শন এ-সব বাজে জিনিস লইয়া মাথা ঘামাইও না। সংসারে বাস কর; এই সংসার নিতাম্ভ অভভপূর্ণ বটে, কিন্তু যতদূর পাবো, ইহার সন্থাবহার করিয়া লও।' সাদা কথায় ইহার অর্থ এই, দিবারাত্তি ভণ্ডামি, মিথ্যাচার ও প্রভারণার জীবন যাপন কর—ভোমার ক্ষতগুলি যতদ্র পারো ঢাকিয়া রাখো। তালির উপর তালি দাও, শেষে প্রকৃত জিনিসটিই বেন নষ্ট হইয়া যায়, আর তুমি কেবল একটি জোড়াতালির সমষ্টিতে পরিণত হও। ইহাকেই বলে—সাংসারিক জীবন। ষাহারা এইরূপ জোড়াভালি লইয়া সম্ভূষ্ট, ভাহারা কখন ধর্মলাভ করিতে পারিবে না! যখন জীবনের বর্তমান অবস্থায় ভয়ানক অশাস্তি উপস্থিত হয়, যথন নিজের জীবনের উপরও আর মমতা থাকে না, যথন এইরূপ 'তালি' দেওয়ার উপর ভরানক ঘুণা উপস্থিত হয়, যথন মিথ্যা ও প্রবঞ্চনার উপর ভয়ানক বিভৃষ্ণা জন্মায়, তথনই ধর্মের আরম্ভ। বুদ্ধদেব বোধিবৃক্ষের নিমে বসিয়া দুঢ়ম্বরে যাহা বলিয়াছেন, সে কথা যে প্রাণ হইতে বলিতে পারে, সেই কেবল ধার্মিক হইবার যোগ্য। সংসারী হইবার ইচ্ছা তাঁহারও হৃদয়ে একবার উদিত হইয়াছিল। তথন তাঁহার এই অবস্থা: তিনি স্পষ্ট বৃঝিতেছেন, এই সাংসারিক জীবনটা একেবারে ভুল; অথচ ইহা হইতে বাহির হইবার কোন পথ আবিষ্কার করিতে পারিতেছেন না। প্রলোভন একবার তাঁহার নিকট আবিভূত হইয়াছিল; দে যেন বলিল—সভ্যের অহুসন্ধান পরিভ্যাগ কর, সংসারে ফিরিয়া গিয়া পূর্বেকার মতো প্রতারণাপূর্ণ জীবন যাপন কর, সকল জিনিসকে তাহার ভূল নামে ডাকো, নিজের নিকট ও সকলের নিকট দিনরাত মিথ্যা বলিতে থাকো। কিন্তু সেই মহাবীর অতুল বিক্রমে তৎক্ষণাং উহাকে জয় করিয়া ফেলিলেন; তিনি বলিলেন—'কেবল খাইয়া পরিয়া মুর্থের মতো জীবন্যাপন অপেকা মৃত্যুও শ্রের: ; পরাজ্যের জীবনযাপন অপেক্ষা যুদ্ধকেতে মরা শ্রেয়:।' ইহাই ধর্মের ভিত্তি। বখন মাহ্য এই ভিত্তির উপর দখায়মান হয়, তখন সে সভ্যলাভ করিবার পথে চলিয়াছে, সে ঈশরলাভ করিবার পথে চলিয়াছে, বুঝিতে হইবে। ধার্মিক হইবার জ্বন্ত প্রথমেই এই দৃঢ় প্রতিজ্ঞা আবশ্রক। আমি নিজের পথ নিজে করিয়া লইব। সভ্য জানিব অথবা এই চেষ্টায় প্রাণ দিব; কারণ সংসাবের দিকে তো আর কিছু পাইবার আশা নাই, ইহা শৃশ্য—ইহা প্রতিদিন লয় পাইতেছে। আজিকার হৃদর আশাপূর্ণ তরুণ আগামী কাল বৃদ্ধ। আজিকার আশা আনন্দ হুথ—এ-দকল মৃকুলের মতো আগামী কাল শিশিরপাতেই নট্ট হুইবে। ইহা যেমন এক দিকের কথা, অপর দিকে তেমনি জয়ের আশা রহিয়াছে—জীবনের সমৃদয় অশুভ জয় করিবার সম্ভাবনা রহিয়াছে। এমন কি, জীবন ও জগতের উপর পর্যন্ত জয়ী হইবার আশা রহিয়াছে; এই উপায়েই মাল্ল্য নিজের পায়ের উপর ভর দিয়া দাড়াইতে পারে। অতএব যাহারা এই জয়লাভের জল্ল, সত্যের জল্ল, ধর্মের জল্ল চেষ্টা করিতেছে, তাহারাই ঠিক পথে রহিয়াছে এবং বেদসকল ইহাই প্রচার করেন—'নিরাশ হইও না; পথ বড় কঠিন—ধেন ক্রেধারের লায় হর্গম; তাহা হইলেও নিরাশ হইও না; উঠ—জাগো এবং তোমাদের চরম আদর্শে উপনীত হও।''

বিভিন্ন ধর্মসূহ যে আকারেই মামুষের নিকট আপন স্বরূপ অভিব্যক্ত করুক না কেন, তাহাদের সকলেরই এই এক মূলভিত্তি। সকল ধর্মই জগৎ হইতে বাহিরে যাইবার অর্থাৎ মুক্তির উপদেশ দিতেছে। এই-সকল বিভিন্ন ধর্মের উদ্দেশ্য — সংসার ও ধর্মের মধ্যে একটা আপস করিয়া লওয়া নহে, বরং ধর্মকে নিজ আদর্শে দৃঢ়প্রতিষ্ঠিত করা, স'পারের সঙ্গে আপদ করিয়া ঐ আদর্শকে ছোট করিয়া ফেলা নহে। প্রত্যেক ধর্মই এ-কথা প্রচার করিতেছে, আর বেদান্তের কর্তব্য--বিভিন্ন ধর্মভাবের মধ্যে দামগ্রস্থা-দাধন ; যেমন এইমাত্র আমরা দেখিলাম, এই মুক্তিতত্তে জগতের উচ্চতম ও নিম্নতম সকল ধর্মের মধ্যে সামঞ্জু রহিয়াছে। আমবা যাহাকে অত্যস্ত ঘূণিত কুসংস্থার বলি, আবার ষাহা সর্বে।চ্চ দর্শন, সবগুলিরই এই এক সাধারণ ভিত্তি যে, তাহারা সকলেই ঐ এক প্রকার সঙ্কট হইতে নিস্তারের পথ দেখাইয়া দেয় এবং এই-সকল ধর্মের অধিকাংশেই প্রপঞ্চতি পুরুষবিশেষের—প্রাকৃতিক নিয়ম দারা আবদ্ধ নহেন এরপ অর্থাৎ নিত্যমুক্ত পুরুষবিশেষের—সাহাষ্যে এই মুক্তিলাভ করিতে হয়। এই মৃক্ত পুরুষের স্বরূপ দল্পন্ধে নানা বিরোধ ও মতভেদ সং ও—দেই ব্রহ্ম সগুণ বা নিগুণ, মাহুষের স্থায় তিনি জ্ঞানসম্পন্ন কি না, তিনি পুরুষ, স্ত্রী বা উভয় ভাব-বর্জিত, এইরূপ অনম্ভ বিচারদত্বেও—বিভিন্ন মতের অতি।প্রবল

বিরোধসুত্বেও উহাদের সকলের মধ্যেই একছের যে স্থবর্গত্ত্ব উহাদিগকে গ্রাথিড করিয়া রাখিয়াছে, তাহা আমরা দেখিতে পাই; স্থতরাং ঐ-সকল বিভিন্নতা বা বিরোধ আমাদের ভীতি উৎপাদন করে না; আর এই বেদান্তদর্শনে এই স্থবর্গত্ত্ব আবিষ্কৃত হইয়াছে, আমাদের দৃষ্টির সমূথে একটু একটু করিয়া প্রকাশিত হইয়াছে, আর ইহাতে প্রথমেই এই তুল্ব উপলব্ধ হয় যে, আমরা সকলেই বিভিন্ন পথ দারা সেই এক মৃক্তির দিকে অগ্রসর হইতেছি। সকল ধর্মেরই এই সাধারণ ভাব।

আমাদের স্থ-তু:থ, বিপদ-কটের অবস্থার মধ্যেই আমরা এই আশ্চর্য ব্যাপার দেখিতে পাই ষে, আমরা ধীরে ধীরে সকলেই সেই মৃক্তির দিকে অগ্রসর হইতেছি। প্রশ্ন হইল: এই জগৎটা বাস্তবিক কি? কোথা হইতে ইহার উৎপত্তি, কোথায়ই বা ইহার লয় ? আর ইহার উত্তর : 'মৃক্তিতে ইহার উৎপত্তি, মুক্তিতে স্বিতি এবং অবশেষে মুক্তিতেই ইহার লয়।' এই যে মুক্তির ভাব, আমরা যে বান্তবিক মুক্ত — এই মহান্ ভাব ছাড়িয়া আমরা এক মুহুর্তও চলিতে পারি না, এই ভাব ব্যতীত আমাদের সকল কার্য, এমন কি জীবন পর্যস্ত বুথা। প্রতি মৃহুর্তে প্রকৃতি আমাদিগকে দাস বলিয়া প্রতিপন্ন করিতেছে, কিন্তু তাহার সঙ্গে সঙ্গেই এই অপর ভাবও আমাদের মনে উদিত হইতেছে যে, তথাপি আমরা মৃক্ত। প্রতি মুহুর্তে যেন আমরা মায়া দার। আহত হইয়া বদ্ধ বলিয়া প্রতিপন্ন হইভেছি, কিন্তু সেই মুহুর্তেই দেই আঘাতের সঙ্গে সঙ্গেই উপলব্ধি হইতেছে, আমরা মৃক্ত। আমাদের ভিতরে যেন কিছু আমাদিগকে বলিয়। দিতেছে, আমরা মুক্ত। কিন্তু এই মুক্তিকে প্রাণে প্রাণে উপলব্ধি করিতে, আমাদের মৃক্ত স্বভাবকে প্রকাশ করিতে যে-সকল বাধা উপস্থিত হয়, তাহাও একরপ অনতিক্রমণীয়। তথাপি ভিতরে, আমাদের অস্তরের অস্ততলে কে ষেন সর্বদা বলিভেছে- - আমি মৃক্ত, আমি মৃক্ত। আর যদি তুমি জগতের বিভিন্ন ধর্মত আলোচনা করিয়া দেখ, তবে তুমি ব্ঝিবে—ভাহাদের সব-গুলিতেই কোন না কোনৰূপে এই ভাব প্ৰকাশিত হইয়াছে। তুৰু ধৰ্ম নয়— ধর্ম-শব্দটিকে আপনারা অত্যন্ত সঙ্কীর্ণ অর্থে গ্রহণ করিবেন না---সমগ্র সামাজিক জীবনটি কেবল এই এক মুক্তভাবের অভিব্যক্তিমাত্র। সকল সামাজিক গভিই দেই এক মৃক্তভাবের বিভিন্ন প্রকাশ মাত্র। যেন সকলেই জ্ঞাতসারে বা অক্তাতসারে সেই শ্বর শুনিয়াছে—ধে শ্বর দিবারাত্রি বলিতেছে, 'পরিশাস্ত

ও ভারাক্রান্ত সকলে আমার কাছে এদ।'' একরপ ভাষায় বা একরপ ভলিতে উহা প্রকাণিত না হইতে পারে, কিন্তু মৃক্তির সেই বাণী কোন না কোনরূপে আমাদের সহিত বর্তমান রহিয়াছে। আমরা এখানে বে জিরিয়াছি, ভাহাও এ বাণীর জন্ত; আমাদের প্রত্যেক গতিই উহার জন্ত। আমরা জানি বা না জানি, আমরা সকলেই মৃক্তির দিকে চলিয়াছি, আমরা জ্ঞাতসারে বা অজ্ঞাতদারে সেই বাণীর অন্তুসরণ করিতেছি। যেমন সেই মোহন বংশীবাদক' বংশীধ্বনি ছারা গ্রামের বালকগণকে আকর্ষণ করিয়াছিল, আমরাও তেমনি না জানিয়াই এক মোহন বংশীর অন্তুসরণ করিতেছি।

আমরা যথন সেই বাণী অন্থলবন করি, তথনই আমরা নীতিপরায়ণ।
কেবল জীবাত্মা নয়, সেই নিয়তম জড়পরমাণু হইতে উচ্চতম মানব পর্যন্ত
সকলেই দে স্বর শুনিয়াছে, আর ঐ স্বরে গা ঢালিয়া দিতে চাহিয়াছে। আর
এই চেষ্টায় পরস্পর মিলিত হইতেছে, এ উহাকে ঠেলিয়া দিতেছে আর এইভাবেই প্রতিদ্বিতা আনন্দ চেষ্টা স্থ্য জীবন মৃত্যু—সব কিছুর উৎপত্তি;
আর এই অনস্ত বিশ্বজ্ঞাণ্ড ঐ বাণীর সমীপে উপস্থিত হইবার উন্মত্ত চেষ্টার
ফল ছাড়া আর কিছুই নয়। আমরা ইহাই করিয়া চলিয়াছি। ইহাই
প্রকৃতির অভিবাক্তি।

এই বাণী শুনিতে পাইলে কি হয় ? তথন আমাদের সমুখের দৃশ্য পরিবতিত হইয়া থাকে। ষথনই তুমি ঐ শ্বরকে জানিতে পারো, বুঝিতে পারো—উহা কি, তথন সমুখের সকল দৃশ্যই পরিবতিত হইয়া যায়। এই জগং, যাহার্ম পূর্বে মায়ার বীভংস যুদ্ধকেত্র ছিল, তাহা একটি হুন্দর ও মনোরম ছানে রূপান্তরিত হইয়াছে। প্রকৃতিকে অভিসম্পাত করিবার তথন আর আমাদের প্রয়োজন থাকে না, জগং অতি বীভংস অথবা এ-সবই বুথা—ইহা বলিবারও আমাদের প্রয়োজন থাকে না, আমাদের কাঁদিবার অথবা বিলাপ করিবারও কোন প্রয়োজন থাকে না। যথন ঐ বাণীর মর্ম বুঝিতে পারি, তথনই বুঝি—এই-সকল চেটা, এই যুদ্ধ প্রতিষ্থিতা, এই গোলমাল, এই নির্চুরতা, এই-সকল ক্তু ক্ষুত্র স্থ্থ-সভোগের প্রয়োজন কি। তথন বুঝিতে

St. Matthew, Ch. II, 28

[₹] The Pied Piper of Hamelin

পারা বায় বে, উহারা প্রকৃতির শ্বস্তাববশতই খটিয়া থাকে—আমরা জ্ঞাতসারে বা শক্ষাতসারে সেই বাণীর দিকে অগ্রসর হইতেছি বলিয়াই এইগুলি ঘটিয়া থাকে !

অতএব সমৃদয় মানবজীবন, সমৃদয় প্রস্কৃতি কেবল সেই মৃক্তভাবকে অভিব্যক্ত করিতে চেষ্টা করিতেছে মাত্র; স্থাও সেইদিকে চলিয়াছে, পৃথিবীও এজন্ম স্বর্ধের চতুর্দিকে ভ্রমণ করিতেছে, চক্রও ভাই পৃথিবীর চতুদিকে ঘুরিতেছে। সেই স্থানে উপস্থিত হইবার জন্ম সকল গ্রহ ভ্রমণ করিতেছে এবং বায়্ও বহিতেছে। সেই মৃক্তির জন্ম বজ্র ভীত্র নিনাদ করিতেছে, মৃত্যুও তাহারই জ্ঞা চতুর্দিকে ঘুরিয়া বেড়াইতেছে, সকলেই সেই দিকে ষাইবার জক্ত চেষ্টা করিতেছে। সাধু সেইদিকে চলিয়াছেন, তিনি না গিয়া থাকিতে পারেন না, তাঁহার পক্ষে উহা কিছু প্রশংসার কথা নহে। পাপীও চলিয়াছে, দানশীল ব্যক্তি সেই বাণী লক্ষ্য করিয়া গোজা সেই দিকে চলিয়াছেন, তিনি না গিয়া থাকিতে পারেন না; আবার ভয়ানক রূপণ ব্যক্তিও সেই লক্ষ্যে চলিয়াছে। মহান্ হিতকারী ব্যক্তিও অস্তরে অস্তরে সেই বাণী শুনিয়াছেন; তিনি সেই হিতকর্ম না করিয়া থাকিতে পাথেন না, আবার ভয়ানক অলস ব্যক্তিও সেইরূপ। একজনের অপেক্ষা অপর ব্যক্তির পদস্থলন বেশী হইতে পারে, আর ষে ব্যক্তির খুব বেশী পদস্থলন হয়, তাহাকে আমরা মন্দ বলি; আর যাহার পদখলন অল্ল হয়, তাহাকে আমরা ভাল বলি। ভাল-মন্দ এই তুইটি ভিন্ন বস্তু নহে, উহারা একই জিনিদ; উহাদের মধ্যে ভেদ প্রকারগত নহে, পরিমাণগত।

এখন দেখ, যদি এই মৃক্তভাবরূপ শক্তি বান্তবিক সমগ্র জগতে কার্য
করিতে থাকে, তবে আমাদের বিশেষ আলোচ্য বিষয়—ধর্মে উহা প্রয়োগ
করিলে দেখিতে পাই, সব ধর্মই ঐ এক ভাব ঘারাই নিয়ন্তিত হইয়াছে। অতি
নিয় তরের ধর্মগুলির কথা ধর, সেই-সকল ধর্মে হয়তো কোন মৃত পূর্বপূক্ষ
অথবা ভয়ানক নিষ্ঠ্র দেবগণ উপাসিত হন; কিছে তাহাদের উপাসিত এই
দেবতা বা মৃত পূর্বপূক্ষদদের মোটাম্টি ধারণাটা কি ? সেই ধারণ। এই যে—
তাহারা প্রকৃতি অপেক্ষা উরত, এই মায়া ঘারা তাঁহারা বন্ধ নন। অবশ্র
তাহাদের প্রকৃতি সম্বন্ধে ধারণ। খ্ব সামাক্ত। উপাসক একজন অক্ত ব্যক্তি,
তাহার ধারণা খ্ব সূল, সে গৃহ-প্রাচীর ভেদ করিয়া ঘাইতে পারে না, অথবা

শৃত্যে উড়িতে পারে না। হুতরাং এই-সকল বাধা অতিক্রম করা বা না করা বাতীত শক্তি সহকে তাহার উচ্চতর ধারণা নাই; হুতরাং সে এমন দেবগণের উপাসনা করে, যাহারা প্রাচীর ভেদ করিয়া অথবা আকাশের মধ্য দিয়া চলিয়া যাইতে পারেন, অথবা নিজরূপ পরিবর্তন করিতে পারেন। দার্শনিকভাবে লক্ষ্য করিলে এইরূপ দেবোপাসনার ভিতর কি রহস্থ নিহিত আছে? রহস্থ এই যে. এথানেও সেই মৃক্তির ভাব রহিয়াছে, তাহার দেবতার ধারণা পরিচিত প্রকৃতির ধারণা অপেক্ষা উন্নত। আবার যাহারা তদপেক্ষা উন্নত দেবতার উপাসক, তাহাদেরও সেই একই মৃক্তির সহক্ষে অন্থপ্রকার ধারণা। যেমন প্রকৃতি সম্বন্ধে আমাদের ধারণা উন্নত হইতে থাকে, তেমনি প্রকৃতির অধীশ্বর আত্মার ধারণাও উন্নত হইতে থাকে, আমারা একেশ্বরাদে উপনীত হই। এই মায়া, এই প্রকৃতি রহিয়াছেন, আর এই মায়ার প্রভূ একজন রহিয়াছেন—ইনিই আমাদের আশার স্থল।

যেথানে প্রথম এই একেশ্বরবাদের ভাব উদিত হয়, সেইথানে বেদান্তেরও আরম্ভ। বেদান্ত উহা অপেক্ষাও গভীরতর তত্তাহুসন্ধান করিতে চান। বেদান্ত বলেন—এই মায়াপ্রপঞ্চের পশ্চাতে যে চৈত্তা রহিয়াছেন, যিনি মায়ার প্রভূ যিনি মায়ার অধীন নন, তিনি যে আমাদিগকে তাঁহার দিকে আকর্ষণ করিতেছেন এবং আমরাও সকলে যে তাঁহারই দিকে ক্রমাগত চলিতেছি, এই ধারণা সত্য বটে, কিন্তু এখনও যেন ধারণা স্পষ্ট হয় নাই ; এখনও যেন এই দর্শন অস্পষ্ট ও অস্ফুট, যদিও উহা স্পষ্টতঃ যুক্তির বিরোধী নছে। যেমন আপনাদের স্তবগীতিতে আছে-'আমার ঈশ্বর তোমার শ্বতি নিকটে', বেদাস্তীর পক্ষেত্ত এই স্থতি খাটিবে, তিনি কেবল একটি শব্দ পরিবর্তন করিয়া বলিবেন—'আমার ঈশ্বর আমার অভি নিকটে।' আমাদের চরম উদ্দেশ্ত যে আমাদের অনেক দূরে প্রকৃতির পারে; আমরা যে তাহার নিকট ক্রমশঃ অগ্রসর হইতেছি, এই দূরবতী ভাবকে ক্রমশঃ আমাদের নিকটবর্তী করিতে হইবে, অবশ্য আদর্শের পবিত্রতা ও উচ্চতা বজায় রাখিয়া ইহা করিতে হইবে। যেন ঐ আদর্শ ক্রমশঃ আমাদের নিকট হইতে নিকটতর হইতে থাকে—অবশেষে সেই স্বৰ্গন্থ ঈশ্বর যেন প্রকৃতির ঈশ্বররূপে উপলব্ধ হন, শেষে ষেন প্রকৃতিতে ও দেই ঈশবে কোন প্রভেদ না থাকে, তিনিই ষেন এই দেহমন্দিরের অধিষ্ঠাত্তী দেবতারূপে, অবশেষে এই দেবমন্দিররূপে পরিণত হন,

তিনিই বেন শেবে জীবাত্মা ও মাহ্য বলিয়া পরিজ্ঞাত হন। এইখানেই বেদান্তের শেষ কথা।

বাঁহাকে ঋষিগণ বিভিন্ন স্থানে অন্বেষণ করিতেছিলেন, তাঁহাকে এতক্ষণে জানা গেল। বেদান্ত বলেন—তুমি যে বাণী ভনিয়াছিলে, তাহা সত্য; তবে তুমি উহা ভনিয়া ঠিক পথে চল নাই। মৃক্তির যে মহান্ আদর্শ তুমি অমুভব করিয়াছিলে, তাহা সভ্য বটে, কিন্তু তুমি উহা বাহিরে অন্বেষণ করিতে গিয়া ভুল করিয়াছ। ঐ ভাবকে তোমার কাছে—আরও কাছে অমূভব কর, যতদিন না তুমি জানিতে পারো যে ঐ মুক্তি, ঐ স্বাধীনতা তোমারই ভিতরে, উহা তোমার আত্মার অস্তরাত্মাম্বরণ। এই মৃক্তি বরাবরই তোমার স্বন্ধপ ছিল এবং মায়া ভোমাকে কখনই বন্ধ করে নাই। এই প্রকৃতি কথনই তোমার উপর শক্তি বিন্তার করিতে সমর্থ নয়। ভয়গ্রন্ত বালকের মতো তুমি স্বপ্ন দেখিতেছিলে যে, প্রকৃতি তোমাকে নাচাইভেছে, এই প্রকৃতি হইতে মুক্ত হওয়াই তোমার লক্ষ্য। ইহা শুধু বৃদ্ধিদারা জানা নহে, প্রত্যক্ষ করা, অপরোক্ষভাবে অমূভব করা—আমরা এই জগৎকে যত স্পষ্টভাবে দেখিতেছি, তাহা অপেকা সঠিকভাবে উপলব্ধি করা। তথনই আমরা মৃক্ত হইব, তথনই সকল গোলমাল চুকিয়া ষাইবে, তথনই হৃদয়ের সকল চঞ্চলতা স্থির হইয়া ষাইবে, তথনই সকল কুটিলত। সরল হইয়া যাইবে, তথনই এই বছত্বের ভ্রান্তি চলিয়া ষাইবে, তথনই এই প্রকৃতি—এই মায়া এখনকার মতো ভয়ানক অবদাদকর স্বপ্ন না হইয়া অতি ফুন্দররূপে প্রতিভাত হইবে, আর এই জগৎ এখন যেমন কারাগার ৰলিয়া প্রতীয়মান হইতেছে, তাহা না হইয়া ক্রীড়াক্ষেত্র-রূপে প্রতিভাত হইবে, তথন বিপদ বিশৃঙ্খলা, এমন কি আমরা ষে-দকল যন্ত্রণা ভোগ করি, দেগুলিও ব্রশ্বভাবে রূপায়িত হইবে—তাহারা তথন তাহাদের প্রকৃত রূপে প্রতিভাত হইবে, সকল বস্তুর পশ্চাতে সারসন্তারূপে তিনিই দাঁড়াইয়া রহিয়াছেন দেখা যাইবে, আর ব্ঝিতে পারা যাইবে যে তিনিই আমার প্রকৃত অন্তরাত্মা।

শৃত্যে উড়িতে পারে না। স্তরাং এই-সকল বাধা অতিক্রম করা বা না করা বাতীত শক্তি সম্বন্ধে তাহার উচ্চতর ধারণা নাই; স্বতরাং সে এমন দেবগণের উপাদনা করে, যাহারা প্রাচীর ভেদ করিয়া অথবা আকাশের মধ্য দিয়া চলিয়া যাইতে পারেন, অথবা নিজরূপ পরিবর্তন করিতে পারেন। দার্শনিকভাবে লক্ষ্য করিলে এইরপ দেবোপাসনার ভিতর কি রহস্থ নিহিত আছে? রহস্থ এই যে, এখানেও সেই মুক্তির ভাব রহিয়াছে, তাহার দেবতার ধারণা পরিচিত প্রকৃতির ধারণা অপেক্ষা উন্নত। আবার ঘাহারা তদপেক্ষা উন্নত দেবতার উপাসক, তাহাদেবও সেই একই মুক্তির সম্বন্ধে অক্তপ্রকার ধারণা। যেমন প্রকৃতি সম্বন্ধে আমাদের ধারণা উন্নত হইতে থাকে, ভেমনি প্রকৃতির অধীশ্বর আত্মার ধারণাও উন্নত হইতে থাকে, আমারা একেশ্বরাদে উপনীত হই। এই মায়া, এই প্রকৃতি রহিয়াছেন, আর এই মায়ার প্রভু একজন রহিয়াছেন—ইনিই আমাদের আশার স্থল।

ষেখানে প্রথম এই একেশ্বরাদের ভাব উদিত হয়, দেইখানে বেদাস্তেরও আরম্ভ। বেদাস্ত উহা অপেক্ষাও গভীরতর তত্তানুসন্ধান করিতে চান। বেদাস্ত বলেন - এই মায়াপ্রপঞ্চের পশ্চাতে যে চৈত্তা রহিয়াছেন, যিনি মায়ার প্রভূ যিনি মায়ার অধীন নন, তিনি যে আমাদিগকে তাঁহার দিকে আকর্ষণ করিতেছেন এবং আমরাও সকলে ধে তাহারই দিকে ক্রমাগত চলিতেছি, এই ধারণা সত্য বটে, কিন্তু এখনও যেন ধারণা স্পষ্ট হয় নাই; এখনও যেন এই দর্শন অস্পষ্ট ও অকুট, যদিও উহা স্পষ্টতঃ যুক্তির বিরোধী নহে। যেমন আপনাদের স্তর্গাতিতে আছে -- 'আমার ঈশ্বর তোমার শুতি নিকটে', বেদান্তীর পক্ষেত্র এই শুতি খাটিবে, তিনি কেবল একটি শব্দ পরিবর্তন করিয়া বলিবেন—'আমার ঈশ্বর আমার অতি নিকটে।' আমাদের চরম উদ্দেশ্য যে আমাদের অনেক দূরে প্রকৃতির পারে; আমরা ষে ভাহার নিকট ক্রমশঃ অগ্রসর হইতেছি, এই দূরবতী ভাবকে ক্রমণঃ আমাদের নিকটবর্তী করিতে হইবে, অবশ্য আদর্শের পবিত্রতা ও উচ্চতা বন্ধায় রাখিয়া ইহা করিতে হইবে। থেন ঐ আদর্শ ক্রমশঃ আমাদের নিকট হইতে নিকটতর হইতে থাকে—অবণেযে সেই স্বর্গন্থ ঈশ্বর যেন প্রকৃতির ঈশ্বরূপে উপলব্ধ হ্ন, শেষে যেন প্রকৃতিতে ও দেই ঈশ্বরে কোন প্রভেদ না থাকে, তিনিই যেন এই দেহমন্দিরের অধিষ্ঠাত্রী দেবতারূপে, অবশেষে এই দেবমন্দিররূপে পরিণত হন,

তিনিই বেন শেষে জীবাত্মা ও মাহ্য বলিয়া পরিজ্ঞাত হন। এইখানেই বেদাস্কের শেষ কথা।

যাঁহাকে ঋষিগণ বিভিন্ন স্থানে অম্বেষণ করিতেছিলেন, তাঁহাকে এভক্ষণে জানা গেল। বেদান্ত বলেন—তুমি যে বাণী ভনিয়াছিলে, তাহ। সভা; তবে তুমি উহা ভনিয়া ঠিক পথে চল নাই। মৃক্তির যে মহান্ আদর্শ তুমি অহভব করিয়াছিলে, তাহা সত্য বটে, কিন্তু তুমি উহা বাহিরে অন্বেষণ করিতে গিয়া ভূল করিয়াছ। ঐ ভাবকে তোমার কাছে—আরও কাছে অহভব কর, যতদিন না তুমি জানিতে পারো যে ঐ মৃক্তি, ঐ স্বাধীনত। ভোমারই ভিতরে, উহা তোমার আত্মার অন্তরাত্মান্তরূপ। এই মৃক্তি বরাবরই তোমার স্বরূপ ছিল এবং মায়া ভোমাকে কখনই বন্ধ করে নাই। এই প্রকৃতি কখনই তোমার উপর শক্তি বিস্তার করিতে সমর্থ নয়। ভয়গ্রস্ত বালকের মতো তুমি স্বপ্ন দেখিতেছিলে যে, প্রকৃতি তোমাকে নাচাইতেছে, এই প্রকৃতি হইতে মুক্ত হওয়াই তোমার লক্ষ্য। ইহ। শুধু বুদ্ধিদারা জানা নহে, প্রত্যক্ষ করা, অপরোক্ষভাবে অন্তভব করা—আমরা এই জগৎকে যত স্পষ্টভাবে দেখিতেছি, তাহা অপেকা সঠিকভাবে উপলব্ধি করা। তথনই আমরা মুক্ত হইব, তথনই সকল গোলমাল চুকিয়া যুাইবে, তথনই সদয়ের সকল চঞ্চলতা স্থিব হইয়া ষাইবে, তথনই সকল কুটিলত। সরল হইয়া যাইবে, তথনই এই বছত্বের ভ্রান্তি চলিয়া ষাইবে, তথনই এই প্রকৃতি—এই মায়া এথনকার মতো ভয়ানক অবদাদকর স্বপ্ন না হইয়া অতি স্থলররূপে প্রতিভাত হইবে, আর এই জগৎ এখন যেমন কারাগার ৰলিয়া প্রতীয়মান হইতেছে, তাহা না হইয়া ক্রীড়াক্ষেত্র-রূপে প্রতিভাত হইবে, তথন বিপদ বিশৃঙ্খলা, এমন কি আমরা যে-সকল যন্ত্রণা ভোগ করি, দেগুলিও ব্রহ্মভাবে রূপায়িত হইবে—তাহারা তথন তাহাদের প্রকৃত রূপে প্রতিভাত ছইবে, সকল বস্তুর পশ্চাতে সারস্ভারূপে তিনিই माँ एं हिया विशास्त्र एक्या याहेरप, जात त्विर्ण भाता याहेरत रय जिनिहे আমার প্রকৃত অন্তরাত্ম।

অনস্থ ব্রহ্ম যিনি, তিনি সসীম হইলেন কিরপে—অবৈত বেদান্তের এই বিষয়টি ধারণা করা অতি কঠিন। এই প্রশ্ন মানুষ পুনঃ পুনঃ জিজ্ঞাসা করিবে, কিন্তু এই প্রশ্ন চিরকাল থাকিবে—যিনি অনস্ত অসীম, তিনি সসীম হইলেন কিরপে? আমি এখন এই প্রশ্নটি লইয়া আলোচনা করিব। ভাল করিয়া বুঝাইবার জন্ম এই চিত্রটির সাহায্য গ্রহণ করিব।

চিত্রে (ক) ব্রহ্ম, (খ) জগং। ব্রহ্ম জগং হইয়াছেন। এখানে জগং অর্থে শুধু জড়জগৎ নহে, হুন্দ জগৎ, আধ্যাত্মিক জগৎও (ক) ব্ৰহ্ম তাহার সঙ্গে দঙ্গে বুঝিতে হইবে—ম্বর্গ-নরক, এক কথায় ষাহা কিছু আছে, জগৎ অর্থে সে-সবই বৃঝিতে হইবে। (গ) একপ্রকার পরিণামের নাম 'মন', আর একপ্রকার কাল পরিণামের নাম 'শরীর'—ইত্যাদি ইত্যাদি, এই-সব নিমিত্ত नरेशा कार। এই उन्न (क) कार (थ) इहेशाइन দেশ দেশ-কাল-নিমিত্তের (গ-এর) মধ্য দিয়া আসিয়া--ইহাই (খ)জগৎ অবৈতবাদের মূল কথা। দেশকালনিমিত্ত-রূপ কাচের মধ্য দিয়া ব্রহ্মকে আমরা দেখিতেছি, আর ঐরূপে নীচের দিক হইতে দেখিলে এই ব্ৰহ্ম জগদ্ৰপে দৃষ্ট হন। ইহা হইতে বেশ বোধ হইতেছে, ষ্েথানে ব্ৰহ্ম সেখানে দেশ-কাল-নিমিত্ত নাই। কাল সেখানে থাকিতে পারে না, কারণ সেখানে মন নাই, চিস্তাও নাই। দেশ দেখানে থাকিতে পারে না, কারণ সেখানে কোন পরিবর্তন নাই-পরিবর্তন, গতি এবং নিমিত্ত বা কার্যকারণ-ভাৰও থাকিতে পারে না। একমাত্র সতা বিরাজমান। এইটি বুঝা এবং বিশেষরূপে ধারণা করা আবশুক যে, যাহাকে আমরা কার্যকারণভাব বলি, তাহা ব্রহ্ম প্রপঞ্রপে অবন্তভাবাপন্ন হইবার পর—ষদি আমরা এই ভাষা প্রয়োগ করিতে পারি—তাহার পর আরম্ভ হয়, পূর্বে নহে; আর আমাদের ইচ্ছা বাসনা প্রভৃতি যাহা কিছু সব তাহার পর হইতে আরম্ভ হয়।

আমার বরাবর ধারণা এই ষে, শোপেনহাওয়ার (Schopenhauer)
বেদাস্থ বুঝিতে এই জায়গায় ভূল করিয়াছেন; তিনি এই 'ইচ্ছা'কেই সর্বস্থ
করিয়াছেন। তিনি ব্রন্ধের স্থানে এই 'ইচ্ছা'কেই ব্লাইতে চান। কিন্ত

পূর্ণব্রহ্মকে কথন 'ইচ্ছা' (Will) বলিয়া বর্ণনা করা বাইতে পারে না, কারণ 'ইচ্ছা' জগৎপ্রপঞ্চের অন্তর্গত ও পরিণামশীল, কিন্তু ব্রহ্মে—'গ'-এর অর্থাৎ দেশকালনিমিন্তের উপরে—কোনরপ গতি নাই, কোনরূপ পরিণাম নাই। ঐ গ-এর নিয়েই গতি—বাহ্ম বা আন্তর সর্বপ্রকার গতির আরম্ভ; আর এই আন্তর গতিকেই চিন্তা বলে। অতএব গ-এর উপরে কোনরূপ ইচ্ছা থাকিতে পারে না, হতরাং 'ইচ্ছা' জগতের কারণ হইতে পারে না। আরপ্ত নিকটে আসিয়া পর্যবেক্ষণ কর; আমাদের শরীরের সকল গতি ইচ্ছাপ্রযুক্ত নহে। আমি এই চেয়ারখানি নাড়িলাম। ইচ্ছা অবশ্য উহা নাড়াইবার কারণ, ঐ ইচ্ছাই পেশীর শক্তিরূপে পরিণত হইয়াছে, এ-কথা ঠিক বটে। কিন্তু যে শক্তি চেয়ারখানি নাড়াইবার কারণ, তাহাই আবার হলয় এবং ফুস্ফুস্কেও সঞ্চালিত করিতেছে, কিন্তু 'ইচ্ছা'রূপে নহে। এই তুই শক্তিই এক ধরিয়া লইলেও বথন উহা জ্ঞানের ভূমিতে আরোহণ করে, তথনই উহাকে 'ইচ্ছা' বলা বায়, কিন্তু ঐ ভূমিতে আরোহণ করিবার পূর্বে উহাকে ইচ্ছা বলিলে উহার ভূল নাম দেওয়া হইল বলিতে হইবে। ইহাতেই শোপেনহাওয়ারের দর্শনে বিশেষ গোলযোগ হইয়াছে।

ষাহা হউক, এখন আুলোচনা করা যাক—আমরা প্রশ্ন জিজ্ঞাদা করি কেন? একটি প্রস্তর পড়িল—আমরা অমনি প্রশ্ন করিলাম, উহার পতনের কারণ কি? এই প্রশ্নের ক্যাযাতা বা সন্তাবনীয়তা এই অন্থমান বা ধারণার উপর নিতর করিতেছে যে, কারণ ব্যতীত কিছুই ঘটে না। বিষয়টি সম্বন্ধে আপনাদিগকে খ্ব স্পষ্ট ধারণা করিতে অন্থরোধ করিতেছি, কারণ বখনই আমরা জিজ্ঞাদা করি, 'এই ঘটনা কেন ঘটল ?'—তখনই আমরা মানিয়া লইতেছি যে, দব জিনিদেরই, দব ঘটনারই একটি 'কেন' থাকিবে। অর্থাৎ উহা ঘটিবার পূর্বে আর কিছু উহার পূর্ববর্তী থাকিবে। এই পূর্ববর্তিতা ও পরবর্তিতাকেই 'নিমিন্ত' বা 'কার্যকারণ'ভাব বলে, আর যাহা কিছু আমরা দেখি শুনি বা অন্থভব করি—সংক্রেণে জগতের দবকিছুই একবার কারণ, আবার কার্যক্রণে অন্থভ্ত হাতেছে। একটি জিনিদ তাহার পরবর্তীটির কারণ, উহাই আবার তাহার পূর্ববর্তী কোন কিছুর কার্য। ইহাকেই কার্যকারণের নির্ম বলে, ইহাই আমাদের দ্বির বিশাদ। আমাদের বিশাদ জগতের প্রভ্যেক পরমাণুই অন্থান্ত দক্ষন বন্ধর সহিত, ভাহা যাহাই হউক না কেন, কোন না কোন

সম্বন্ধে জড়িত রহিয়াছে। আমাদের এই ধারণা কিরূপে আসিল, এই লইয়া অনেক বাদাহবাদ হইয়া গিয়াছে। ইওরোপে অনেক স্বজ্ঞা-সম্পন্ন দার্শনিক আছেন, তাঁহাদের বিশ্বাদ ইহা মানবজাতির স্বভাবগত ধারণা, আবার অনেকের ধারণা ইহা ভূয়োদর্শনলব্ধ, কিন্তু এই প্রশ্নের এখনও মীমাংসা হয় নাই। বেদান্ত ইহার কি মীমাংশা করেন, তাহা আমরা পরে দেখিব। অতএব আমাদের প্রথম বুঝা উচিত 'কেন' এই প্রশ্নটি এই ধারণার উপর নির্ভর করিতেছে যে, উহার পূর্ববর্তী কিছু আছে এবং উহার পরে আরও কিছু ঘটিলে। এই প্রশ্নে আর একটি বিশাদ অন্তর্নিহিত রহিয়াছে—জগতের কোন পদার্থই স্বতন্ত্র নয়, দকল পদার্থের উপর উহার বাহিরের কোন পদার্থ কার্য করে। জগতের সকল বস্তুই এইরূপ পরস্পর-সাপেক্ষ-একটি অপরটির অধীন, কেহই স্বতন্ত্র নহে। যথন আমরা বলি, 'ব্রহ্মের কারণ কি ? তথন আমরা এই ভুল করি যে, ব্রহ্মকে জগতের সামিল কোন বস্তুর স্থায় মনে করিয়া বদি। এই প্রশ্ন করিতে গেলেই আমাদিগকে অমুমান করিতে হইবে, সেই ব্রহ্মও অহা কিছুর অধীন—দেই নিরপেক্ষ ব্রহ্মদতাও অহা কিছুর দার। বদ্ধ। অর্থাৎ 'ব্রহ্ম' বা 'নিরপেক্ষ সত্তা' শব্দটিকে আমরা জগতের ত্যায় মনে করিতেছি। পূর্বোক্ত রেখার উপরে তো আর দেশকালনিমিত্ত নাই, কারণ উহা 'একমেবাদিভীয়ম্'—মনের অভীত। যাহা কেবল নিজের অন্তিজে নিজে প্রকাশিত, যাহ। একমাত্র—'একমেবাদিভীয়ম্,' ভাহার কোন কারণ থাকিতে পারে না। যাহা মৃক্তম্বভাব—স্বতন্ত্র, তাহার কোন কারণ থাকিতে পারে না, যেহেতু তাহা হইলে তিনি মুক্ত হইলেন না, বন্ধ হইয়া গেলেন। যাহার ভিতর আপেক্ষিকতা আছে, তাহা কথন মুক্তমভাব হইতে পারে না। অতএন দেখিতেছ, অনস্ত কেন সাস্ত হইল—এই প্রশ্নই ভ্রমাত্মক, উহা স্ববিরোধী।

এইসব সৃক্ষ বিচার ছাড়িয়া দিয়া সহজ ভাবেও আমরা এ-বিষয় ব্ঝাইতে পারি। মনে কর আমরা ব্ঝিলাম—ত্রন্ধ কিরপে জগৎ হইলেন, অনস্ত কিরপে সাস্ত হইলেন; তাহা হইলে ত্রন্ধ কি ত্রন্ধই থাকিবেন, অনস্ত কি অনস্তই থাকিবেন? তাহা হইলে তো অনস্ত ত্রন্ধ আপেক্ষিক হইয়া গেলেন। মোটাম্ট আমরা জ্ঞান বলিতে কি ব্ঝি? যে-কোন বিষয় আমাদের মনের বিষয়ীভূত হয় অর্থাৎ মনের বারা সীমাবন্ধ হয়, তাহাই আমরা জানিতে

পারি, আরুর ষধন উহা আমাদের মনের বাহিরে থাকে অর্থাৎ মনের বিষয়ীভূত না হয়, তথন আমরা উহা জানিতে পারি না। এখন স্পান্ত দেখা ঘাইতেছে, যদি সেই অনস্ত রক্ষ মনের হারা সীমাবদ্ধ হন, তাহা হইলে তিনি আর অনস্ত রহিলেন না; তিনি সসীম হইয়া গেলেন। মনের হারা যাহা কিছু সীমাবদ্ধ, সে-সবই সসীম। অতএব সেই 'ব্রহ্মকে জানা'—এ-কথা আবাব স্থবিরোধী। এই জন্মই এ প্রশ্নের উত্তর এ পর্যন্ত হয় নাই; কারণ যদি ইহার উত্তর পাওয়া যায়, তাহা হইলে ব্রহ্ম অসীম রহিলেন না; ঈশ্বর 'জ্ঞাত' হইলে তাহার আর ঈশ্বরত্ব থাকে না—তিনি আমাদেরই মতো একজন—এই চেয়ারখানার মতো একটা জিনিস হইয়া গেলেন। তাঁহাকে জানা যায় না, তিনি সর্বদাই অজ্ঞেয়।

তবে অছৈতবাদী বলেন, তিনি শুধু 'জ্বেয়' অপেক্ষা আরও কিছু বেশী। এ-কথাটি আবার বুঝিতে হইবে। ঈশ্বর অজ্ঞেয় মনে করিয়া ভোমরা খেন অজ্ঞেয়বাদীদের মতো বসিয়া থাকিও না। দৃষ্টাস্তস্বরূপ দেথ—সন্মুখে এই চেয়ারখানি রহিয়াছে, উহাকে আমি জানিতেছি, উহা আমার জ্ঞাত পদার্থ। আবার আকাশের বহির্দেশে কি আছে, সেখানে কোন লোকের বসতি আছে কি না, এ বিষয় হয়তো একেবারে অজ্ঞেয়। কিছু ঈশ্বর পূর্বোক্ত পদার্থগুলির স্থায় জ্ঞাতও নন, অজ্ঞেয়ও নন। ঈশর বরং যাহাকে 'জ্ঞাত' বলা হইতেছে, তাহা অপেকা আরও কিছু বেশী—ঈশ্বর অজ্ঞাত ও অজ্ঞেয় বলিলে ইহাই বুঝায়, কিছু যে অর্থে কেহ কেহ কোন কোন প্রশ্নকে অজ্ঞাত বা অজ্ঞেয় বলেন, সে অর্থে নহে। ঈশ্বর জ্ঞাত অপেক্ষা আরও কিছু অধিক। এই চেয়ার আমাদের জ্ঞাত ; কিন্তু ঈশ্বর তাহা অপেক্ষাও আমাদের অধিক জ্ঞাত, কারণ ঈশ্বরকে আগে জানিয়া—তাঁহারই ভিতর দিয়া—আমাদিগকে চেয়ারের জ্ঞান লাভ করিতে হয়। তিনি সাক্ষিশ্বরূপ, সকল জ্ঞানের তিনি অনস্ত সাক্ষিশ্বরূপ। ষাহা কিছু আমরা জানি, সবই আগে তাঁহাকে জানিয়া—তাঁহারই ভিতর দিয়া —ভবে জানিতে হয়। তিনিই আমাদের আত্মার সম্ভাবরণ। তিনিই প্রকৃত আমি—দেই 'আমি'ই আমাদের এই 'আমি'র স্বরূপ; আমরা সেই 'আমি'র ভিতর দিয়া ছাড়া কিছুই জানিতে পারি না, স্তরাং সবকিছুই আমাদিগকে ৰন্ধের ভিতর দিয়া স্থানিতে হইবে। অতএব এই চেয়ারখানিকে জানিতে হইলে ত্রন্ধের মধ্য দিয়া জানিতে হইবে। অতএব ত্রন্ধ চেয়ার অপেকা আমাদের

নিকটবর্তী হইলেন, কিন্তু তথাপি তিনি আমাদের নিকট হইতে অনেক দুবে রহিলেন। জ্ঞাতও নহেন, অজ্ঞাতও নহেন, কিন্তু উভয় হইতেই অনস্তপ্তণ উর্দের্ তিনি তোমার আত্মস্বরূপ। কে এই জগতে এক মৃহুর্তও জীবন ধারণ করিতে পারিত, কে এই জগতে এক মুহূর্তও খাদপ্রখাদকার্য নির্বাহ করিতে পারিত, ষদি দেই আনন্দশ্বরূপ ইহার প্রতি পরমাণুতে বিরাজমান না থাকিতেন ?' কারণ তাঁহারই শক্তিতে আমরা খাদপ্রখাদকার্য নির্বাহ করিভেছি এবং তাঁহারই অন্তিত্বে আমাদের অন্তিত্ব। তিনি 'বে স্থানবিশেষে অবস্থান করিয়া আমার রক্তসঞ্চালন করিতেছেন, তাহা নহে; ইহার তাৎপর্ব এই ষে, তিনিই সবকিছুর সত্তাশ্বরূপ—তিনি আমার আত্মার আত্মা; তুমি কোন-রূপেই বলিতে পার না যে, তুমি তাঁহাকে জানো—ইহা দারা তাঁকে অত্যস্ত নামাইয়া ফেলা হয়। তুমি নিজের ভিতর হইতে বাহির হইয়া আদিতে পার না, স্থতরাং তুমি তাঁহাকে জানিতেও পার না। জ্ঞান বলিতে 'বিষয়ীকরণ' (objectification)—কোন জিনিসকে বাহিরে আনিয়া বিষয়ের ক্তায়—জ্ঞেয় বস্তুর স্থায় প্রত্যক্ষ করা বুঝায়। উদাহরণস্বরূপ দেখ, স্মরণ-কার্যে তোমরা অনেক জিনিদকে জ্ঞানের 'বিষয়' করিতেছ—ধেন তোমাদের নিজেদের স্বরূপ হইতে বাহিরে প্রক্ষেপ করিতেছ! সমৃদয় স্মৃতি—ধাহা কিছু আমি দেখিয়াছি এবং যাহা কিছু আমি জানি, সবই আমার মনে অবস্থিত। ঐ-সকল বস্তুর ছাপ বা ছবি ষেন আমার অস্তুরে রহিয়াছে। যখনই উহাদের বিষয় চিম্ভা করিতে ইচ্ছা করি, উহাদিগকে জানিতে চাই, তথন প্রথমেই ঐগুলিকে বাহিরে প্রক্ষেপ করি। কিন্তু ঈশ্বর সম্বন্ধে এরূপ করা অসম্ভব, কারণ তিনি আমাদের আত্মার আত্মা, আমরা তাঁহাকে বাহিরে প্রক্ষেপ করিতে পারি না।

ছান্দোগ্য উপনিষদে আছে, 'স ষ এষোহণিমৈতদাস্থামিদং সর্বাং তৎ সভ্যং স আত্মা তত্ত্বমদি খেতকেতো' — ইহার অর্থ : সেই স্ক্রম্বরূপ জগৎকারণ সকল বস্তুর আত্মা, তিনিই সভ্যম্বরূপ ; হে শ্বেভকেতো, তুমি তাহাই। এই 'তত্ত্মদি' বাক্য বেদাম্ভের মধ্যে পবিত্রতম বাক্য, মহাবাক্য বলিয়া কথিত হয়,

১ কো হোকাম্বাৎ…। তৈন্তিরীয় উপ., ২।৭

২ ছান্দোগ্য উপ., ৬৷১৩৷৩

আর ঐ পূর্বোদ্ধত বাক্যাংশ বারা 'ত্রমদি'র প্রকৃত অর্থ কি, ভাহাও বুরা গেল। 'তুমিই দেই'—এভখাতীত অভ কোন ভাষায় তুমি ঈশরকে বর্ণনা করিতে পার না। ভগবানকে পিডা মাডা জাতা বা প্রিয় বন্ধু বলিলে তাঁছাকে 'বিষয়ীভূত' করিতে হয়—ভাঁহাকে বাছিরে আনিয়া দেখিতে হয়— ভাহা ভো কখন হইভে পারে না। ভিনি সকল বিষয়ের অনস্ত বিষয়ী। ষেমন আমি চেয়ারথানি দেখিতেছি, আমি চেয়ারথানির ভ্রষ্টা—আমি উহার বিষয়ী, তেমনি ঈশর আমার আত্মার নিত্যস্ত্রী—নিত্যজ্ঞাতা—নিত্যবিষয়ী ৷ কিরূপে তুমি তাঁহাকে—ভোমার আত্মার অন্তরাত্মাকে—লকল বন্ধর প্রকৃত সম্ভাকে 'বিষয়ীক্বড' করিবে, বাহিরে আনিয়া দেখিবে ? অতএব পুনরায় বলিতেছি, ঈশ্বর জ্ঞেয়ও নহেন, অজ্ঞেয়ও নহেন—তিনি জ্ঞেয় অজ্ঞেয় অপেকা অনস্তগুণ মহীয়ানু—তিনি আমাদের সহিত অভিন্ন; আর যাহা আমার সহিত এক, তাহা কখন আমার জেয় বা অজেয় হইতে পারে না, বেমন তোমার আত্মা, আমার আত্মা জ্ঞেয়ও নহে, অজ্ঞেয়ও নহে। তুমি তোমার আত্মাকে জানিতে পার না, তুমি আত্মাকে নাড়িতে পার না, অথবা উহাকে 'বিষয়' করিয়া দৃষ্টিগোচর করিতে পার না, কারণ তুমিই সেই, তুমি নিজেকে আত্মা হইতে পৃথুক্ করিতে পার না। আবার আত্মাকে অজ্ঞের বলিতে পার না, কারণ অজ্ঞেয় বলিতে গেলেও আগে আত্মাকে 'বিষয়' করিতে হইবে; তাহা তো করা যায় না। আর তুমি নিজে বেমন তোমার নিকট পরিচিত—জ্ঞাত, আর কোন্ বস্তু তদপেকা তোমার অধিক জ্ঞাত ? প্রকৃতপক্ষে উহা আমাদের জ্ঞানের কেন্দ্রবন্ধণ। ঠিক এই ভাবেই বলা বায় যে, ঈশর জ্ঞাতও নহেন, অজ্ঞেরও নহেন, তদপেকা অনম্ভণে মহীয়ান্, কারণ তিনিই আমাদের আত্মার অস্তরাত্মা।

অতএব প্রথমতঃ আমরা দেখিতেছি, 'পূর্ণব্রহ্মসন্তা হইতে কিরূপে জগৎ হইল।'—এই প্রশ্নই স্ববিরোধী; আর বিতীয়তঃ আমরা দেখিতে পাই, অবৈত-বাদে ঈশরের ধারণা এই একড়; স্বতরাং আমরা তাঁহাকে 'বিষয়ীভূত' করিতে পারি না, কারণ জাতসারেই হউক আর অজ্ঞাতসারেই হউক, আমরা সর্বদা তাঁহাতেই জীবিত এবং তাঁহাতে থাকিয়াই যাবতীয় কার্যকলাপ করিতেছি। আমরা যাহা করিতেছি, সবই সর্বদা তাঁহারই মধ্য দিয়া করিতেছি। এখন প্রশ্ন—এই দেশ-কাল-নিমিন্ত কি ? অবৈতবাদের মর্ম

তো এই—একটিমাত্র বস্তু আছে, তৃইটি নাই। আবার কিছ বলা হইতেছে সেই অনম্ভ ব্রহ্ম দেশ-কাল-নিমিত্তের আবরণের ভিতর দিয়া নানারূপে প্রকাশ পাইতেছেন। অতএব এখন বোধ হইতেছে, তৃইটি বস্তু আছে—সেই অনম্ভ ব্রহ্ম আরু মান্না অর্থাৎ দেশ-কাল-নিমিত্তের সমষ্টি। আপাততঃ তৃইটি বস্তু আছে, ইহাই বেন স্থিরসিদ্ধান্ত বলিয়া মনে হইতেছে। অবৈতবাদী ইহার উত্তরে বলেন, বাস্তবিক ইহাকে তৃই বলা যায় না। তৃইটি বস্তু থাকিতে হইলে ব্রহ্মের স্থায়—যাহার উপর কোন নিমিত্ত কার্য করিতে পারে না—এরপ তৃইটি স্বতন্ত্র বস্তু থাকা আবশ্রক। প্রথমতঃ দেশ-কাল-নিমিত্তের স্বতন্ত্র অন্তিত্ব বস্তু থাকা আবশ্রক। প্রথমতঃ দেশ-কাল-নিমিত্তের স্বতন্ত্র অন্তিত্ব কাল পরিবর্তিত হইতেছে, স্বতরাং উহার স্বতন্ত্র অন্তিত্ব নাই। কখন কখন স্বপ্রে দেখা যায়, যেন অনেক বংসর জীবনধারণ করিয়াছি—কখন কখন আবার বোধ হয় এক মূহুর্তের মধ্যে কয়েক মাস অতীত হইল।

অতএব দেখা গেল, কাল মনের অবস্থার উপর সম্পূর্ণ নির্ভর করিতেছে। দ্বিতীয়ত: কালের জ্ঞান সময় সময় একেবারে অন্তর্হিত হয়, স্থাবার অপর সময় আসিয়া থাকে। দেশ সম্বন্ধেও এইরপ। আমরা দেশের স্বরূপ জানিতে পারি না। তথাপি উহার লক্ষণ নির্দিষ্ট করা অসম্ভব মনে হইলেও উহা যে বহিয়াছে, তাহা অত্বীকার করিবার উপায় নাই; উহা আবার কোন পদার্থ হইতে পৃথক্ হইয়া থাকিতে পারে না। নিমিত্ত বা কার্যকারণভাব সম্বন্ধেও এইরূপ। এই দেশ-কাল-নিমিত্তের ভিতর এই একই বিশেষত্ব দেখিতেছি যে, উহারা অন্তান্ত বস্তু হইতে পৃথক্ভাবে অবস্থান করিতে পারে না। তোমরা শুদ্ধ 'দেশের' বিষয়-ভাবিতে চেষ্টা কর, ৰাহাতে কোন বর্ণ নাই, যাহার দীমা নাই, চারিদিকের কোন বস্তুর সহিত যাহার কোন শংশ্রব নাই। তুমি উহার বিষয় চিস্তাই করিতে পারিবে না। তোমাকে দেশের বিষয় চিস্তা করিতে হইলে তুইটি সীমার মধ্যস্থিত অথবা ভিনটি বস্তুর মধ্যে অবস্থিত দেশের বিষয় চিন্তা করিতে হইবে।. ভবেই দেখা গেল, দেশের অন্তিত্ব অন্ত বস্তুর উপর নির্ভর করিতেছে। কাল সম্বন্ধেও ভদ্ৰূপ; শুদ্ধ কাল সম্বন্ধে তুমি কোন ধারণা করিতে পার না; কালের ধারণা করিতে হইলে ভোমাকে একটি পূর্ববর্তী আর একটি পরবর্তী ঘটনা লইতে হইবে এবং কালের ধারণা ছারা ঐ ছইটিকে যোগ

করিতে হইবে। দেশ বেমন বাছিরের ছইটি বম্বর উপর নির্ভর করিতেছে, কালও তেমনি ছুইটি ঘটনার উপর নির্ভর করিতেছে। আর 'নিমিন্ত' বা 'কার্যকারণ'ভাবে ধারণ। এই দেশকালের উপর নির্ভর করিতেছে। 'দেশ-কাল-নিমিত্ত' এই সবগুলিরই ভিতর বিশেষত্ব এই যে, উহাদের স্বতন্ত্র সন্তা নাই। এই চেয়ারখানা বা ঐ দেয়ালটার বেরূপ অন্তিত্ব আছে, উহার ভাহাও নাই। ইহারা বেন সকল বম্বরই পিছনে ছায়ার মতো, তুমি কোনমতে উহাদিগকে ধরিতে পার না। উহাদের তো কোন সভা নাই— আবার উহারা যে কিছুই নয়, তাহাও বলিতে পারা যায় না ; কারণ উহাদেরই ভিতর দিয়া জগতের প্রকাশ হইতেছে। অতএৰ আমরা প্রথমত: দেখিলাম, এই দেশ-কাল-নিমিত্তের সমষ্টির অস্তিত্ব নাই এবং উহারা একেবারে অসৎ বা অন্তিত্বশূন্তও নহে। দ্বিতীয়তঃ উহারা আবার এক সময়ে একেবারে অন্তর্হিত হইয়া যায়। উদাহরণস্বরূপ সমূদ্রের উপর তরঙ্গ চিস্তা কর। তরঙ্গ অবশ্রই সমূদ্রের সহিত অভিন্ন, তথাপি আমরা মনে করি—ইহা তরক এবং সমূদ্র হইতে পৃথক্। এই পৃথক্-ভাবের কারণ কি? নাম ও রূপ। নাম অর্থাৎ দেই বস্তু-সম্বন্ধে আমাদের মনে যে একটি ধারণা রহিয়াছে, আর রূপ **অর্থা**ৎ আকার। আবার ভরত্বকে সমূল হইতে একেবারে পৃথক্রপে কি আমরা চিন্তা করিতে পারি ? কখনই না। উহা সকল সময়েই ঐ সমুদ্রের ধারণার উপর নির্ভর করিতেছে। যদি ঐ তরঙ্গ চলিয়া যায়, তবে রূপ**ও অন্তর্হি**ত হইল, কিন্তু ঐ রূপটি যে একেবারে ভ্রমাত্মক ছিল, তাহা নহে। যতদিন ঐ তরজ ছিল, ততদিন ঐ রূপটি ছিল এবং তোমাকে বাধ্য ছইয়া ঐ রূপ দেখিতে হইত; ইহাই মায়া। অতএব এই সমগ্র জগৎ বেন সেই ব্রহ্মের এক ৰিশেষ রূপ। ব্রন্ধই সেই সমূত্র এবং তুমি আমি সূর্য তারা সবই সেই সমুদ্রে ভিন্ন ভিন্ন তরক্ষাত্র। তরকগুলিকে সমুদ্র হইতে পৃথক্ করে কে ? রপ। আর ঐ রপ--দেশ-কাল-নিমিত্ত ব্যতীত আর কিছুই নহে। ঐ দেশ-কাল-নিমিত্ত আবার সম্পূর্ণরূপে ঐ তরক্ষের উপর নির্ভর করিডেছে। তরঙ্গও যেই চলিয়া যায়, অমনি তাহারাও অন্তর্হিত হয়। জীবাত্মা যথনই এই মায়া পরিত্যাগ করে, তথনই তাহার পক্ষে উহা অন্তর্হিত হইয়া যায়, সে মৃক্ত হইয়া যায়। আমাদের সমৃদয় চেষ্টাই এই দেশ-কাল-নিমিত্তের উপর নির্ভরতা হইতে নিজেকে বক্ষা করা। উহারা সর্বদাই আমাদের উন্নতির

পথে বাধা দিতেছে, আর আমরা সর্বদাই উহাদের কবল হইজে নিজেদের মুক্ত করিতে চেষ্টা করিতেছি।

পণ্ডিতেরা 'ক্রমবিকাশবাদ' কাহাকে বলেন? উহার ভিতর ছুইটি ব্যাপার আছে। একটি এই ষে, একটি প্রবল অন্তর্নিহিত শক্তি নিজেকে প্রকাশ করিতে চেষ্টা করিতেছে, আর বাহিরের অনেক ঘটনা উহাকে বাধা দিতেছে—পারিপার্শিক অবস্থাগুলি উহাকে প্রকাশিত হইতে দিতেছে না। স্থতরাং এই অবস্থাগুলির সহিত সংগ্রামের জন্ত ঐ শক্তি নব নব রূপ ধারণ করিতেছে। একটি ক্ষুত্রতম কীটাণু উন্নত হইবার চেষ্টায় আর একটি শরীর ধারণ করে এবং কভকগুলি বাধাকে জয় করিয়া ভিন্ন ভিন্ন শরীর ধারণের পর মহয়ারূপে পরিণত হয়। এখন যদি এই তত্তটিকে উহার স্বাভাবিক চরম সিদ্ধান্তে লইয়া যাওয়া যায়, তবে অবশু সীকার করিতে হইবে যে, এমন সময় আসিবে, ষখন যে শক্তি কীটাণুর ভিতরে ক্রীড়া করিতেছিল এবং যাহা অবশেষে মহয়ারূপে পরিণত হইয়াছে, ভাহা সমস্ত বাধা অতিক্রম করিবে, বাহিরের ঘটনাপুঞ্জ আর উহাকে কোন বাধা দিতে পারিবে না। এই তত্তটি দার্শনিক ভাষায় প্রকাশিত হইলে এইরূপ বলিতে হইবে—প্রত্যেক কার্যের তুইটি করিয়া অংশ আছে, একটি বিষয়ী, অপরটি বিষয়। একজন আমাকে ভিরস্কার করিল, আমি ছ:খ বোধ করিলাম—এ ক্ষেত্রেও এই ছুইটি ব্যাপার রহিয়াছে। আমার সারাজীবনের চেটা কি ? না, নিজের মনকে এডদূর সবল করা, যাহাতে বাহিরের অবস্থাগুলির উপর আমি আধিপত্য করিতে পারি, অর্থাৎ লোকে আমাকে তিরস্কার করিলেও আমি কিছু কট অন্থভব করিব না। এইরূপেই আমরা প্রকৃতিকে জয় করিবার চেষ্টা করিতেছি। নীতির অর্থ কি ? ব্রহ্ম-ভাবের চরম স্থরে বাঁধিয়া 'নিজে'কে শক্ত সবল করা, যাহাতে সদীম প্রকৃতি আর আমাদের উপর কর্তৃত্ব করিতে না পারে। আমাদের দর্শনের ইহাই যুক্তিগত দিদ্ধান্ত। এমন এক সময় আসিবে, যথন আমরা সর্বপ্রকার পরিবেশের **উপর জ**য়লাভ করিতে পারিব, কারণ প্রকৃতি সসীম।

এই একটি কথা আবার ব্ঝিতে হইবে—প্রকৃতি সদীম। প্রকৃতি সদীম কি করিয়া জানিলে? দর্শনের দারা উহা জানা যায়; প্রকৃতি সেই অনস্তেরই দীমাবদ্ধ ভাবমাত্র, অতএব উহা সদীম। অতএব এমন এক দময় আদিবে, যখন আমন্ত্রা বাহিরের অবস্থাগুলিকে জন্ন করিতে পারিব। উহাদিগকে জন্ম করিবার উপায় কি ? আমরা বাস্তবিকপক্ষে বাহিরের বিষয়গুলির কোন পরিবর্তন সাধন করিয়া উহাদিগকে জয় করিতে পারি না। ক্তকায় মৎস্তাট তাহার জনমধ্য হ শত্রু হইতে আতারকায় ইচ্ছুক। সে কি করিয়া আতারকা করে ? আকাশে উড়িয়া—পক্ষী হ**ইয়া। মংস্কৃটি জলে বা** বায়্তে কোন পরিবতন সাধন করিল না-পরিবর্তন যাহা কিছু ছুইল, তাহা তাহার নিজের ভিতরে, পরিবর্তন সর্বদাই 'নিজের' ভিতরেই হইয়া থাকে। এইরূপে আমরা দেখিতে পাই, সমৃদয় ক্রমবিকাশ-ব্যাপারটিতে 'নিজের' পরিবর্তনের ভিতর দিয়াই প্রকৃতিকে জয় করা হইতেছে। এই তত্তটি ধর্ম এবং নীতিতে প্রয়োগ কর—দেখিবে এখানেও 'অভভজয়' নিজের ভিতরে পরিবর্তনের ঘারাই সাধিত হইতেছে। অবৈত বেদান্তের সমগ্র শক্তি মাসুষের নিজের মনের বিকাশের উপর নির্ভর করে। 'অশুভ, তৃঃখ'—এ-সকল কথা বলাই ভুল, কারণ বহির্জগতে উহাদের কোন অভিত নাই। ক্রোধের কারণ পুন: পুন: ঘটলেও ঐ-সকল ঘটনায় স্থির থাকা যদি আমার অভ্যান হইয়া যায়, তাহা হইলেই আমার কথনই কোধের উদ্রেক হইবে না। এইরূপে লোকে আমাকে যভই ঘুণা কক্ষক, যদি সে-সকল আমি গান্নে না মাপি, ভাহা হইলে তাহাদের প্রতি আমার দ্বণার উত্তেক হইবে না। এইরূপে নিজের উন্নতি সাধন করিয়া 'অন্তভ' জয় করিতে হয়, অতএব তোমরা দেখিতেছ—অদৈতবাদই একমাত্র ধর্ম, যাহা আধুনিক বৈজ্ঞানিকগণের সিদ্ধান্তসমূহের সহিত ভৌতিক ও আধ্যাত্মিক উভন্ন দিকেই শুধু মেলে ভাহা নয়, বরং ঐ-সকল সিদ্ধান্ত অপেক্ষাও উচ্চতর সিদ্ধান্ত স্থাপন করে, আর এইজ্লুই ইছা আধুনিক বৈজ্ঞানিকগণের অস্তর এতথানি স্পর্শ করিয়াছে। তাঁহারা দেখিতেছেন, প্রাচীন দৈতবাদাত্মক ধর্মসমূহ তাঁহাদের পক্ষে পর্যাপ্ত নহে, উহাতে তাঁহাদের জ্ঞানের ক্ষ্যা মিটিভেছে না। কিন্তু এই অবৈভবাদে তাঁহাদের জ্ঞানের ক্থা মিটিভেছে। মাহুষের ওধু বিখাস থাকিলে চলিবে না, এমন বিখাস থাকা চাই, যাহাতে ভাহার জ্ঞানবৃত্তি চরিতার্থ হয়। যদি মাহুষকে বলা হয়—বাহা দেখিবে, ভাহাই বিশ্বাস কর, তবে শীঘ্রই তাহাকে উন্মাদাপারে ষাইতে হইবে।

একবার জনৈক মহিলা আমার নিকট একথানি পুন্তক পাঠাইয়া দেন— তাহাতে লেখা ছিল, সবকিছুই বিশাদ করা উচিত। ঐ পুন্তকে আরও লেখা ছিল যে, মাহবের আত্মা বা এরপ কিছুর অন্তিই নাই। তাবে স্বর্গে দেবদেরীগণ আছেন, আর একটি জ্যোতি: হত্য আমাদের প্রত্যেকের মন্তকের সহিত স্বর্গের সংযোগসাধন করিতেছে। গ্রন্থকর্ত্তী জানিলেন কিরূপে ?—তিনি প্রত্যাদিষ্ট হইয়া এ-সকল তত্ত্ব জানিতে পারিয়াছিলেন, আর তিনি আমাকেও এই-সকল বিশাস করিতে বুলিয়াছিলেন। আমি যথন তাঁহার এ-সকল কথা বিশাস করিতে অস্বীকৃত হত্যাম, তিনি বলিলেন, 'তুমি নিশ্চয়ই অতি ত্রাচার —তোমার আর কোন আশা নাই।'

যাহা হউক, এই উনবিংশ শতাব্দীর শেষভাগেও 'আমার পিতৃপিতামহের ধর্মই একমাত্র সভ্য, অক্ত যে-কোন স্থানে যে-কোন ধর্ম প্রচারিত হইয়াছে, তাহা অবশ্রুই মিথ্যা'—বহু স্থানে এইরূপ ধারণা বর্তমান থাকায় ইহাই প্রমাণিত হয় যে, আমাদের ভিতর এখনও কতকটা তুর্বলতা রহিয়াছে; এই তুর্বলতা দ্র করিতে হইবে। আমি এমন কথা বলিতেছি না ষে, এই হুর্বলতা শুধু এই দেশেই (ইংলণ্ডে) আছে—ইহা সকল দেশেই আছে; আর আমাদের দেশে ষেমন, তেমন আর কোথাও নাই,—দেখানে ইহা অতি ভয়ানক আকারে বর্তমান। সেখানে অবৈতবাদ কখন সাধারণ লোকের মধ্যে প্রচারিত হইতে দেওয়া হয় নাই, সম্যাসীরাই অরণ্যে উহার সাধনা করিতেন, সেইজ্গুই বেদাস্তের এক নাম হইয়াছিল 'আরণ্যক'। অবশেষে ভগবংরূপায় বুদ্ধদেব - আসিয়া আপামর সাধারণের ভিতর উহা প্রচার করিলেন, তথন সমস্ত জাতি বৌদ্ধর্মে জাগিয়া উঠিল। অনেক দিন পরে আবার যথন নাস্টিকেরা সমগ্র জাতিকে একেবারে ধ্বংদ করিয়া ফেলিবার উপক্রম করিল, তথন জ্ঞানিগণ দেখিলেন—অদ্বৈতবাদই ভারতকে এই জড়বাদ হইতে রক্ষা করিতে পারে। তুইবার এই অদৈতবাদ ভারতকে জড়বাদ হইতে রক্ষা করিয়াছে। প্রথম, বৃদ্ধদেবের আবিভাবের ঠিক পূর্বে অড়বাদ অতি প্রবল হইয়াছিল— ইওরোপ-আমেরিকার পণ্ডিতমণ্ডলীর মধ্যে এখন যে ধরনের জড়বাদ আছে. উহা সেরপ নহে, উহা অপেক্ষা অনেক জ্বন্য। আমি একপ্রকারের জড়বাদী, কারণ আমি একটি মাত্র সন্তায় বিশাস করি। আধুনিক জড়বাদীও এইরপ বিখাস করিতে বলেন, তবে তিনি শুধু উহাকে 'অড়' আখ্যা দেন. আর আমি উহাকে 'ব্রহ্ম' বলি। জড়বাদী বলেন—এই জড় হইডেই মাছবের আশা ভরসা ধর্ম সবই আসিয়াছে। আমি বলি—ব্রহ্ম হইতে সম্দয়

হইরাছে ৷ এরপ অড়বাদের কথা এখানে বলিতেছি না, আমি চার্বাক-মডের কথা বলিতেছি: খাও দাও, মুজা কর; ঈশর আত্মা বা স্বর্গ বলিয়া কিছু নাই; ধর্ম কভকগুলি ধৃর্ত ছৃষ্ট পুরোহিভের কল্পনামাত্র—'যাবজ্জীবেৎ স্থাং জীবেৎ ঋণং কৃষা মৃতং পিবেৎ।'—এইরপ নান্তিকতা বুদদেবের আবিভাবের পূর্বে এত বিস্তার লাভ করিয়াছিল বে, উহার এক নাম ছিল—'লোকান্নত-দর্শন'। এই অবস্থায় বুদ্ধদেব আসিয়া সাধারণের মধ্যে বেদক্তি প্রচার করিয়া ভারতবর্ষকে রক্ষা করিলেন। বুদ্ধদেবের তিরোভাবের সহস্র বৎসর পরে আবার ঠিক এইরূপ ব্যাপার ঘটন। আচণাল বৌদ্ধ হইতে লাগিল। নানাপ্রকার মাহুষ ও জাতি বৌদ্ধ হইতে লাগিল। অনেকে অতি নীচজাতি হইলেও বৌদ্ধর্ম গ্রহণ করিয়া বেশ সদাচারপরায়ণ হইল। ইহাদের কিন্তু নানাপ্রকার কুসংস্কার ছিল—নানা মন্ত্ৰতন্ত্ৰ, ভূত ও দেবতায় বিশাস ছিল। বৌদ্ধৰ্মপ্ৰভাবে ঐগুলি দিনকতক চাপা থাকিল বটে, কিন্তু দেগুলি আবার প্রকাশ হইয়া পড়িল। অবশেষে ভারতে বৌদ্ধর্ম নানাপ্রকার বিষয়ের থিচুড়ি হইয়া দাঁড়াইল। তখন আবার জড়বাদের মেঘে ভারতগগন আচ্ছন্ন হইল—নম্রাম্ভ লোক যথেচ্ছাচারী ও সাধারণ লোক কুসংস্থারাচ্ছর হইল। এমন সময়ে শহরাচার্য আসিয়া বেদাস্তকে পুনক্ষদীপিত করিলেন। জিনি উহাকে একটি যুক্তিসঙ্গত বিচারপূর্ণ দর্শনরূপে প্রচার করিলেন। উপনিষদে বিচারভাগ বড় অফুট। বুজদেব উপনিষদের নীতিভাগের দিকে থ্ব ঝোঁক দিয়াছিলেন, শহরাচার্য উহার জ্ঞানভাগের দিকে বেশী ঝোঁক দিলেন। উহা দারা উপনিষদের সিদ্ধান্তগুলি যুক্তিবিচারের সাহায্যে প্রমাণিত ও প্রণালীবদ্ধরূপে লোকের নিকট উপস্থাপিত হইয়াছে।

ইওরোপেও আজকাল ঠিক দেই অবস্থা উপস্থিত। এই অবিধাদীদের মৃক্তির জন্য—তাহারা যাহাতে বিধাদ করে দেজন্য—তোমরা জগৎ জুড়িয়া প্রার্থনা করিতে পারো, কিন্তু তাহারা বিধাদ করিবে না; তাহারা যুক্তি চায়। স্বতরাং ইওরোপের মৃক্তি এখন এই যুক্তিমৃলক ধর্ম—অবৈতবাদের উপর নির্ভ্রন করিতেছে; আর একমাত্র এই অবৈতবাদই, ব্রহ্মের এই নিন্তুর্ণ ভাবই পণ্ডিভদিগের উপর প্রভাব বিন্তার করিতে দমর্থ। যখনই ধর্ম দুগু হইবার উপক্রম হয়, অধর্মের অভ্যুথান হয়, তখনই ইহার আবির্ভাব হইয়া থাকে। এই জন্তই ইওরোপ ও আমেরিকায় ইহা প্রবেশ করিয়া দৃঢ়মৃল হইতেছে।

এই দর্শন সম্পর্কে আর একটি কথা বলিব। প্রাচীন উপনিষদ্ভাল অভি উচ্চ ন্থবের কবিন্থে পূর্ণ। এই-সকল উপনিষদ্ভা ঋষিগণ মহাকবি ছিলেন। প্লেটো বলিয়াছেন-কবিছের ভিতর দিয়া অগতে অলৌকিক সভ্যের প্রকাশ হইয়া থাকে। কবিত্বের মধ্য দিয়া উচ্চতম সত্যসকল জগৎকে দিবার জন্ম বিধাতা যেন উপনিষদের ঋষিগণকে সাধারণ মানব ছইতে বছ উর্ধেক বিরূপে স্ষ্টি করিয়াছিলেন। তাঁহারা প্রচার করিতেন না, দার্শনিক বিচার করিতেন না বা লিখিভেনও না। তাঁহাদের হৃদয় হইতে সন্দীতের উৎস প্রবাহিত হইত। বুদ্ধদেবের মধ্যে আমরা দেখি মহৎ দর্বজনীন হৃদয়, অনস্ত সহিষ্ণুতা; তিনি ধর্মকে সর্বদাধারণের উপযোগী করিয়া প্রচার করিলেন। অসাধারণ ধীশক্তি-সম্পন্ন শব্দবাচার্য উহাকে যুক্তির প্রথর আলোকে উদ্ভাসিত করিলেন। আমরা এখন চাই এই প্রথর জ্ঞানের সহিত বুদ্ধদেবের এই হাদয়—এই অভুত প্রেম ও করুণা সন্মিলিত হউক। খুব উচ্চ দার্শনিক ভাবও উহাতে থাকুক, উহা যুক্তিমূলক হউক, আবার স'দে সদে যেন উহাতে উচ্চ হদয়, গভীর প্রেম ও করুণার যোগ থাকে। তবেই মণিকাঞ্চনধোগ হইবে, তবেই বিজ্ঞান ও ধর্ম পরস্পরকে কোলাকুলি করিবে। ইহাই ভবিষ্যতের ধর্ম হইবে, আর ষদি আমরা উহা ঠিক ঠিক গড়িয়া তুলিতে পারি, তাহা হইলে নিশ্চয় বলা याहेटल भारत, উदा मर्वकान ७ मर्वावशांत्र উপयांशी हहेरत। यनि जाभनाता ৰাজি গিয়া হিরভাবে চিস্তা করিয়া দেখেন, তবে দেখিবেন সকল বিজ্ঞানেরই কিছু না কিছু ক্রটি আছে। তাহা হইলেও নিশ্চয় জানিবেন, আধুনিক বিজ্ঞানকে এই পথেই আদিতে হইবে—এখনই প্রায় এই পথে আদিয়া পড়িয়াছে। যথন কোন খ্রেষ্ঠ বিজ্ঞানাচার্য বলেন, সবই সেই এক শক্তির বিকাশ, তথন কি আপনাদের মনে হয় না যে, তিনি দেই উপনিষহক্ত ব্ৰহ্মেরই মহিম, কীর্তন করিতেছেন ?—

> 'অগ্নির্যথৈকো ভূবনং প্রবিষ্টো রূপং রূপং প্রতিরূপো বভূব। একতথা সর্বভূতান্তরাত্মা রূপং রূপং প্রতিরূপো বহিশ্চ॥''

—বেষন এক অগ্নি জগতে প্রবিষ্ট হইয়া নানারণে প্রকাশিত হইতেছেন, তজ্রণ সেই সর্বভূতের অস্তরাত্মা এক এক নানারণে প্রকাশিত হইতেছেন, আবার

১ কঠ উপ., হাহাই

তিনি ভাগতের বাহিরেও আছেন। বিজ্ঞানের গতি কোন্ দিকে, তাহা কি আপনারা ব্রিতেছেন না? হিন্দুছাতি মনতত্ত্বের আলোচনা করিতে করিতে দর্শনের ভিতর দিয়া অগ্রসর হইরাছিলেন। ইওরোপীয় জাতি বাহ্ প্রকৃতির আলোচনা করিতে করিতে অগ্রসর হইরাছিলেন। এখন উভরে এক স্থানে পৌছিতেছেন। মনতত্ত্বের ভিতর দিরা আমরা সেই এক অনন্ত সার্বভৌম সন্তায় পৌছিতেছি—বিনি সকল বন্তর অন্তরাত্মা, বিনি সকলের সার ও সকল বন্তর সত্যত্ত্বরূপ, বিনি নিত্যমূক্ত, নিত্যানক্ষময় ও নিত্যসভাত্বরূপ। জড়বিজ্ঞানের ছারাও আমরা সেই একই তত্ত্বে পৌছিতেছি। এই জগৎপ্রপঞ্চ সেই একেরই বিকাশ—তিনি জগতে যাহা কিছু আছে, সেই সকলেরই সমষ্টিত্বরূপ। আর সমগ্র মানবজাতিই মৃক্তির দিকে অগ্রসর হইতেছে, তাহাদের গতি কথনই বন্ধনের দিকে হইতে পারে না। মাহ্ব নীতিপরায়ণ হইবেকেন ? কারণ নীতিই মৃক্তির, এবং ভ্রীতিই বন্ধনের পথ।

অবৈতবাদের আর একটি বিশেষত্ব এই, অবৈতিদিদ্ধান্তের স্তরপাত হইতেই উহা অক্ত ধর্ম বা অক্ত মতকে ভাঙিয়া চুরিয়া ফেলিবার চেষ্টা করে না। ইহা অবৈতবাদের আর একটি মহত্ব—ইহা প্রচার করা মহা সাহসের কার্য যে,

> 'ন বুদ্ধিভেদং জনয়েদজ্ঞানাং কর্মদঙ্গিনাম্। ষোজ্যেৎ সর্বকর্মাণি বিধান্ যুক্তঃ সমাচরন্॥'

—জ্ঞানীরা অজ্ঞ ও কর্মে আসক্ত ব্যক্তিদিগের বৃদ্ধিভেদ জন্মাইবেন না, বিধান্ ব্যক্তি নিজে যুক্ত থাকিয়া তাহাদিগকে সকলপ্রকার কর্মে যুক্ত করিবেন।

অবৈতবাদ ইহাই বলে—কাহারও মতি বিচলিত করিও না, কিন্তু সকলকেই উচ্চ হইতে উচ্চতর পথে যাইতে সাহায্য কর। অবৈতবাদ যে-ঈশর প্রচার করেন, সেই ঈশর জগতের সমষ্টিম্বরূপ; এই মত যদি সত্য হয়, তবে উহা অবশ্রই সকল মতকে গ্রহণ করিবে। যদি এমন কোন সর্বজনীন ধর্ম থাকে, যাহার লক্ষ্য সকলকেই গ্রহণ করা, তাহা হইলে তাহাকে কেবল কতকগুলি লোকের গ্রহণোপযোগী ঈশরের ভাব প্রচার করিলে চলিবে না, উহা সর্বভাবের সমষ্টি হওয়া আবশ্রক।

> গীতা, ৩া২৬

অক্স কোন মতে এই সমষ্টির ভাব তত পরিফুট নছে। তাহা. হইলেও তাঁহারা সকলেই সেই সমষ্টিকে পাইবার জন্ম চেষ্টা করিতেছেন। খণ্ডের অন্তিত্ব কেবল এইজ্বল্য যে, উহা সর্বদাই সমষ্টি হইবার চেষ্টা করিতেছে। এইজ্ঞুই অবৈতবাদের সহিত ভারতের বিভিন্ন সম্প্রদায়ের প্রথম হইতেই কোন বিরোধ ছিল না। ভারতে আজকাল অনেক দৈতবাদী রহিয়াছেন; তাঁহাদের সংখ্যা সর্বাধিক। কারণ দৈতবাদ কম-শিক্ষিত লোকের মন স্বভাবতই আকর্ষণ করে। দৈতবাদীরা বলিয়া থাকেন, দৈতবাদ জগতের খুব স্বাভাবিক স্থবিধাজনক ব্যাখ্যা, কিন্তু এই দৈতবাদের সঙ্গে অদৈতবাদীর কোন বিরোধ নাই। দৈতবাদী বলেন: ঈশ্বর জগতের বাহিরে স্বর্গে—স্থানবিশেষে আছেন। অবৈতবাদী বলেন: ঈশর জগতের আত্মার অন্তরাত্মা; ঈশরকে দূরবর্তী বলাই যে নান্তিকতা। তাঁহাকে স্বর্গে বা অপর কোন দূরবর্তী স্থানে অবস্থিত বলো কি করিয়া? ঈশর হইতে মাহুষ পৃথক্—ইহা মনে করাও যে ভয়ানক। তিনি অ্যান্ত সকল বস্তু অপেকা আমাদের অধিকতর সন্নিহিত। 'তুমিই তিনি'—এই একত্বস্তুক বাক্য ব্যতীত কোন ভাষায় এমন কোন শব্দ নাই, যাহা দারা এই নিকটত প্রকাশ করা যাইতে পারে। যেমন দৈতবাদী অবৈতবাদীর কথায় ভয় পান, মনে করেন—উহা ঈশ্বর নিন্দা, অবৈতবাদীও তেমনি দৈতবাদীর কথায় ভয় পান ও বলেন,—'মাহুষ কি করিয়া ভাঁহাকে জ্ঞেয় বস্তুর ত্যায় ভাবিতে সাহস করে?' ভাহা হইলেও তিনি জানেন ধর্মজগতে বৈতবাদের স্থান কোথায়—তিনি জানেন বৈতবাদী তাঁহার দৃষ্টিকোণ হইতে ঠিকই দেখিতেছেন, স্বতরাং তাঁহার সহিত কোন বিবাদ নাই। যখন তিনি সমষ্টিভাবে না দেখিয়া ব্যষ্টিভাবে দেখিতেছেন, তখন তাঁহাকে অবশ্রই বহু দেখিতে হইবে। ব্যষ্টিভাবের দিক হইতে দেখিতে গেলে, তাঁহাকে অবশ্রই ভগবানকে বাহিরে দেখিতে হইবে—এরপ না হইয়া অক্তরপ হইতে পারে না। বৈতবাদী বলেন, তাঁহাদিগকে তাঁহাদের মতে থাকিতে দাও। তাহা হইলেও অবৈতবাদী জানেন, বৈতবাদীদের মতে অসম্পূর্ণতা যাহাই থাকুক না কেন, তাঁছারা সকলে সেই এক চরম লক্ষ্যে চলিয়াছেন। এইখানেই বৈতবাদীর সহিত তাঁহার সম্পূর্ণ প্রভেদ। পৃথিবীর সকল বৈতবাদী বভাবতই এমন এক সঙ্গ ঈশবে বিশাস করেন, যিনি একজন উচ্চশক্তিসম্পন্ন মহুশ্রমাত্র, এবং বেমন মাহবের কতকগুলি প্রিয়পাত্র থাকে আবার কতকগুলি অপ্রিয় ব্যক্তি থাকে,

ছৈতবাদীর ঈশবেরও তেমনি আছে। তিনি বিনা কারণেই কাহারও প্রতি সম্ভট, আবার কাহারও প্রতি বিরক্ত। আপনারা দেখিবেন—সকল জাতির মধ্যেই এমন কতকগুলি লোক আছেন, যাঁহারা বলেন, 'আমরাই ঈশ্বরের অস্তরক প্রিয়পাত্র, আর কেহ নহেন; যদি অহতপ্রহ্রদরে আমাদের শরণাগত হও, তবেই আমাদের ঈশর ভোমাকে স্কুপা করিবেন।' আবার কতকগুলি বৈতবাদী আছেন, তাঁহাদের মত আরও ভয়ানক। তাঁহাগা বলেন, 'ঈখর ষাহাদের প্রতি সদয়, যাহারা তাঁহার অম্বরদ, তাহারা পূর্ব হইতেই নির্দিষ্ট— আর কেহ যদি মাথা কুটিয়া মরে, তথাপি ঐ অন্তরক্স-দলের মধ্যে প্রবেশ করিতে পারিবে না।' আপনারা বৈতবাদাত্মক এমন কোন ধর্ম দেখান, যাহার ভিতর এই সমীর্ণতা নাই। এজ্ঞাই এই-সকল ধর্ম চিরকাল পরস্পারের সহিত বিবাদ করিতেছে এবং করিবে। আবার এই দ্বৈতবাদের ধর্ম সকল সময়েই লোকপ্রিয় হয়, কারণ ইহা অণিক্ষিতদের মন বেশী আকর্ষণ করে। দৈতবাদী ভাবেন, একজন দণ্ডধারী ঈশব না থাকিলে কোন প্রকার নীতিই দাড়াইতে পারে না। মনে কর, একটা ছেক্ডা গাড়ির খোড়া বক্তৃতা দিতে আরম্ভ করিল। সে বলিবে লণ্ডনের লোকগুলি বড খারাপ, কারণ প্রত্যন্থ তাহাদিগকে চাবুক মারা হয় না। সে নিজে চাবুক থাইতে অভ্যন্ত হইয়াছে। সে ইহা অপেকা আর বেশী কি বুঝিবে ? চাবুক কিন্তু লোককে আরও খারাণ করিয়া তোলে। গভীর চিন্তায় অক্ষম সাধারণ লোক সকলদেশেই দ্বৈত্বাদী হইয়া থাকে। গরীব বেচারারা চিরকাল নির্থাভিত হুইয়া আদিতেছে; স্থতরাং ভাহাদের মৃক্তির ধারণা শান্তি হইতে অব্যাহতি পাওয়া। অপরপক্ষে আমরা ইহাও জানি, সকল দেশের চিন্তাশীল মহাপুরুষগণই এই নিগুণ ব্রন্ধের ভাব লইয়া কাজ করিয়াছেন। এইভাবে অমুপ্রাণিত হইয়াই ঈশা বলিয়াছেন, 'আমি ও আমার পিতা এক।' এইরূপ ব্যক্তিই লক্ষ লক্ষ ব্যক্তির ভিতরে শক্তি-সঞ্চার করিতে সমর্থ। এই শক্তি সহস্র সহস্র বৎসর ধরিয়া মানবের প্রাণে ওভ মৃক্তিপ্রদ শক্তি সঞ্চার করিয়া থাকে। আমরা ইহাও জানি, সেই মহাপুরুষ অবৈতবাদী বলিয়া অপরের প্রতি দয়াশীল ছিলেন। তিনি সাধারণকে শিক্ষা দিয়াছেন, 'আমাদের স্বর্গন্থ পিতা'। সাধারণ লোকদিগকে, যাহারা সগুণ ঈশর অপেকা আর কোন উচ্চতর ভাব ধারণা করিতে পারে না, ভাহাদিগকে তিনি তাহাদের স্বর্গন্থ পিতার নিকট প্রার্থনা করিতে শিধাইলেন ; কিন্ত ইহাও বলিলেন: যখন সময় আসিবে তখন তোমরা জানিবে—'আমি তোমাদের মধ্যে, তোমরা আমাতে'। কিন্তু তিনি তাঁহার অন্তর্গ শিশুদিগকে আরও খোলাখুলিভাবে বলিয়াছিলেন, 'তোমরা সকলেই সেই পিতার সহিত একীভূত হইতে পারো, বেমন আমি ও আমার পিতা অভেদ।'

বুষদেব দেবতা ঈশর প্রভৃতি ব্যাপারে মন দিতেন না। সাধারণ লোক তাঁছাকে নাণ্ডিক ও জড়বাদী আখ্যা দিয়াছিল, কিন্তু তিনি একটি সামান্ত ছাগ-শিশুর জন্ম প্রাণ উৎসর্গ করিতে প্রস্তুত ছিলেন। মহয়জাতির পক্ষে সর্বোচ্চ যে নীভি গ্রহণীয় হইতে পারে, বুদ্ধদেব ভাহাই প্রচার করিয়া-ছিলেন। যেখানেই কোনপ্রকার নীতির বিধান দেখিবে, সেখানেই তাঁহার প্রভাব, তাঁহার আলোক লক্ষ্য করিবে। জগতের এই-সকল উচ্চহৃদয় ব্যক্তিকে তুমি সম্বীর্ণ গণ্ডির ভিতরে আবদ্ধ করিয়া রাখিতে পার না, বিশেষত: এখন মহন্তৰাতির ইতিহাদে এমন এক সময় আদিয়াছে, যাহা শতবর্গ পূর্বে কেহ স্বপ্নেও ভাবে নাই; এখন এমন জ্ঞানের উন্নতি হইয়াছে, এমন সব বৈজ্ঞানিক জ্ঞানের স্রোত প্রবাহিত হইয়াছে, যাহা পঞ্চাশ বৎসর পূর্বে কেহ স্বপ্নেও ভাবে নাই। এ-সময় কি আর লোককে ঐ-ধরনের সহীর্ণভাবে আবদ্ধ করিয়া রাখা যায়। লোকে পশুর মতো চিন্তাশক্তিহীন জড়পদার্থে পরিণত না হইলে ইহা অসম্ভব। এখন প্রয়োজন—উচ্চতম জ্ঞানের সহিত মহন্তম হৃদয়, অনস্ত জ্ঞানের সহিত অনস্ত প্রেমের সংযোগ। স্থতরাং বেদাস্তবাদী বলেন, দেই অনস্ক সন্তার দক্ষে এক ছওয়াই একমাত্র ধর্ম; আর তিনি ভগবানের এই তিনটি গুণের কথাই ৰলেন-অনস্ত সতা, অনস্ত জ্ঞান ও অনস্ত আনন্দ; আর বলেন, এই ডিনই এক। জ্ঞান ও আনন্দ ব্যতীত সত্তা কখন থাকিতে পারে না। আনন্দ বা প্রেম ব্যতীত জ্ঞান এবং জ্ঞান ব্যতীত আনন্দ বা প্রেম থাকিতে পারে না। আমরা চাই এই দশ্মিলন-- এই অনস্ত সত্তা জ্ঞান ও আনন্দের চরম উন্নতি--একদেশী উন্নতি নহে। আমরা চাই—সকল বিষয়ের সমভাবে উন্নতি। শঙ্করের মেধার সহিত বুদ্ধের হৃদয় লাভ করা সম্ভব। আশা করি, আমরা সকলেই সেই এক লক্ষ্যে পৌছিতে প্রাণপণে চেষ্টা করিব।

বহি**র্জগ**ৎ

[নিউইয়র্কে প্রদন্ত বস্কৃতা ১৯শে জামুজারি, ১৮৯৬]

হুন্দর কুহুমরাশি চতুর্দিকে হুবাস ছড়াইতেছে, প্রভাতের সূর্য অতি স্থন্দর লোহিতবর্ণ ধরিয়া উঠিতেছে। প্রকৃতি নানা বিচিত্র বর্ণে সঞ্চিত হইয়া পর্ম রমণীয় হইয়াছে। সমগ্র জগৎই ফুন্দর, আর মাত্র পৃথিবীতে আসিয়া অবধি এই সৌন্দর্য সম্ভোগ করিতেছে। গম্ভীরভাবব্যঞ্জক ও ভয়োদ্দীপক শৈলমালা, ধরলোতা সম্প্রগামিনী লোতবিনী, পদচিহুছীন মরুদেশ, অনস্ত অসীম সাগ্র, ভারকামণ্ডিভ গগন---এ-সকলই গম্ভীরভাবপূর্ণ ও ভয়োদীপক, অথচ মনোহর; প্রকৃতি-নামক সমৃদয় সভা স্বরণাতীত কাল হইতে মানবমনের উপর কাজ করিতেছে, মানবচিস্তার উপর ক্রমাগত প্রভাব বিস্তার করিতেছে, স্মার ঐ প্রভাবের প্রতিক্রিরাম্বরূপ ক্রমাগত মানবহৃদয়ে এই প্রশ্ন উঠিতেছে—এগুলি কি ? এবং ঐশুলির উৎপত্তিই বা কোথায় ? মানবের অতি প্রাচীন রচনা বেদের প্রাচীনতম ভাগেও এই প্রশ্ন বিজ্ঞাসিত হুইয়াছে দেখিতে পাই। কোথা হইতে ইহা আসিল? যখন 'অন্তি, নান্তি' কিছুই ছিল না, 'অন্ধকার খারা অন্ধকার আবৃত' ছিল, তখন কে এই জগৎ সৃষ্টি করিল ? কেমন করিয়াই বা করিল ? কে এই রহস্ত জানে ? বর্তমান সময় পর্যস্ত এই প্রশ্ন চলিয়া আসিরাছে; লক লক বার এই প্রশ্নের উত্তর দিবার চেষ্টা হইরাছে, আরও লক্ষ লক্ষ বার উছার উত্তর দিতে হইবে। ঐ প্রত্যেক উত্তরই বে ভ্রমপূর্ণ, তাহা নহে। প্রত্যেক উত্তরে কিছু না কিছু সভ্য আছে-কালের আবর্তনের সঙ্গে কাৰ্য কাৰ্য কাৰ্য কাৰ্য কৰিতেছে। আমি ভাৰতেৰ প্ৰাচীন দার্শনিকগণের নিকট ঐ প্রশ্নের যে উত্তর সংগ্রহ করিয়াছি, ভাহা বর্তমান কালের জানের সহিত মিলাইয়া আপনাদের সমকে ছাপন করিবার চেষ্টা করিব।

আমরা দেখিতে পাই, এই প্রাচীনতম প্রশ্নের কতকগুলি বিষয় পূর্বেই মীমাংসিত হইয়াছে। প্রথম বিষয় এই: এমন এক সময় ছিল, 'যখন অন্তি-

> बार्षण--नामगीय युङ

নান্তি কিছুই ছিল না, জগৎ ছিল না, এই গ্রহ-জ্যোতিষ্কগণ, সাগর মহাুসাগর, নদী শৈলমালা, নগর গ্রাম, মহয় ইতরপ্রাণী উত্তিদ, বিহল্পহ আমাদের জননী বস্থব্বা, এই অনম্ভ বিচিত্ৰ স্বাষ্ট ছিল না—এ বিষয় পূৰ্ব হইতেই জানা ছিল। আমরা কি এ বিষয়ে নি:দন্দিগ্ধ? কি করিয়া মাহুষ এই সিদ্ধান্তে উপনীত হইল, ভাহা আমরা বুঝিতে চেষ্টা করিব। মাহুষ নিজের চতুর্দিকে কি দেখে? একটি কুদ্র উদ্ভিদ লও। মাহুষ দেখে, উদ্ভিদটি ধীরে ধীরে মাটি **ঠেলিয়া উঠিতেছে, বাড়িতে বাড়িতে অবশেষে হয়তো একটি প্রকাণ্ড বৃক্ষ** হইয়া দাঁড়ায়, আবার মরিয়া যায়—রাখিয়া যায় কেবল বীজ। উহা যেন ঘুরিয়া ফিরিয়া একটি বৃত্ত সম্পূর্ণ করে। বীব হইতে উহা আসে, বৃক্ষ হইয়া দাড়ায়, অবশেষে বীজে উহার পুন:পরিণতি। একটি পাথিকে দেখ, কেমন উহা ডিম হইতে জন্মায়, স্থন্দর পাখির রূপ ধরে, কিছুদিন বাঁচিয়া থাকে, পরে আবার মারয়া যায়, রাখিয়া যায় কেবল কতকগুলি ভিম, ভবিয়াৎ পক্ষিকুলের বীজ। তির্থগ্জাতি সম্বন্ধেও এইরূপ, মাহ্য সম্বন্ধেও তাহাই। প্রত্যেক পদার্থেরই যেন কতকগুলি বীজ—কতকগুলি মূল উপাদান— কতকগুলি সুন্ম আকার হইতে আরম্ভ, এগুলি স্থুল হইতে স্থুলতর হইতে থাকে, কিছুকালের জন্ম এরপে চলে, পুনরায় স্কারণে চলিয়া গিয়া উহাদের লয় হয়। বৃষ্টির ফোঁটাটি, ষাহার মধ্যে স্থলর স্থিকিরণ থেলা করিভেছে, বাভাসে অনেক দূরে চলিয়া গিয়া পাহাড়ে পৌছায়, সেখানে বরফে পরিণত হয়, আবার বল হয়, আবার শত শত মাইল ঘুরিয়া উহার উৎপত্তিস্থান সমূত্রে মিলিত হয়। আমাদের চারিদিকের প্রকৃতির সকল বস্তু সম্বন্ধেই এইরূপ; আর আমরা জানি বর্তমানকালে হিমশিলা ও নদীগুলি বড় বড় পর্বতের উপর কাজ করিতেছে, ধীরে অথচ নিশ্চিতরূপে পর্বতগুলি চূর্ণ করিতেছে, গুঁড়াইয়া বালি করিতেছে, সেই বালি আবার সমূদ্রে বহিয়া চলিতেছে— সমূত্রতলে স্তরে স্থানেতেছে, পরিশেষে আবার পাহাড়ের মতো শক্ত হইতেছে, স্থূপীক্বত হইয়া ভবিষ্যতে পর্বত হইবে। আবার উহা পিট হইয়া গুঁড়া হইবে—এইরূপ চলিবে। বালুকা হইতে এই শৈলমালার উদ্ভব, আবার বালুকায় পরিণতি। বড় বড় জ্যোতিষ্ক সম্বন্ধেও এই কথা; আমাদের এই পৃথিবীও নীহারিকাময় পদার্থ হইতে আদিয়াছে—ক্রমশঃ শীন্তল হইতে শীতলতর হইয়া বিশেষ আকৃতিবিশিষ্ট আমাদের নিৰাদ-ভূমি হইয়াছে।

ভবিশ্বতে, উহা আবার শীতল হইতে শীতলতর হইয়া নই হইবে, খণ্ড খণ্ড হইবে, শেবে সেই মূল নীহারিকাময় স্ক্রমপে পরিণত হইবে। প্রতিদিন আমাদের সম্মুখে ইহা ঘটিতেছে। শ্বরণাতীত কাল হইতেই ইহা হইতেছে। ইহাই মাহুষের ইতিহাস, ইহাই প্রকৃতির সমগ্র ইতিহাস, ইহাই জীবনের সমগ্র ইতিহাস।

যদি ইহা সভ্য হয় যে, প্রকৃতি সর্বত্রই একরূপ; যদি ইহা সভ্য হয় এ পর্যন্ত কোন মহয়জানই ইহা থণ্ডন করে নাই—বে, একটি কুত্র বালুকণা যে-প্রণালী ও বে-নিয়মে স্ট, প্রকাণ্ড প্রকাণ্ড স্থ্ তারা এমন কি সমুদয় ব্রহ্মাণ্ডও সেই একই প্রণালীতে—একই নিয়মে স্ট ; ইহা যদি সভ্য হয় যে, একটি পরমাণু বে কৌশলে নির্মিত, সমৃদয় জগৎও সেই কৌশলে নির্মিত; বদি ইহা সভ্য হয় যে, একই নিয়ম সমৃদয় জগতে প্রতিষ্ঠিত, তবে প্রাচীন বৈদিক ভাষায় আমরা বলিতে পারি—'একখণ্ড মৃত্তিকাকে জানিয়া আমরা জগতের সমস্ত মৃত্তিকাকে জানিতে পারি।'' একটি কুত্র উদ্ভিদ লইয়া উহার জীবন-চরিত আলোচনা করিলে আমরা ব্রহ্মাণ্ডের স্বরূপ জানিতে পারি। একটি বালুকণার গতি পর্যবেক্ষণ করিলে সমুদয় জগতের রহস্ত জানিতে পারা ঘাইবে। স্থভরাং আমাদের পূর্ব আলোচনার ফল সমগ্র ব্রহ্মাণ্ডের উপর প্রয়োগ করিয়া প্রথমত: ইহাই পাইতেছি বে, আদি ও অন্ত প্রায় সদৃশ। পর্বতের উৎপত্তি বালুকা হইতে, বালুকায় আবার উহার পরিণতি; নদী বাষ্প হইতে আদে, আবার বান্দে যায়; উদ্ভিদ্জীবন আদে বীজ হইতে, আবার বীজেই ষার; মহয়জীবন আদে জীবাণু হইতে, আবার জীবাণুতেই ফিরিয়া যায়। নক্তপুঞ্জ, নদী, গ্রহ-উপগ্রহ নীহারিকাময় অবস্থা হইতে আসিয়াছে, আবার मिट नौटातिकां व्रव्या नाव । इटा ट्टेट **क्यान्या निधि कि ?** निधि এই বে, ব্যক্ত অর্থাৎ স্থুল অবস্থা—কাষ; আর স্ক্ষভাব—উহার কারণ। দর্শনের জনকল্পরূপ মহর্ষি কপিল অনেক দিন পূর্বে প্রমাণ করিয়াছেন, 'নাশঃ কারণলয়ঃ ।

বলি এই টেবিলটির নাশ হয় তো উহা কেবল উহার কারণরূপে ফিরিয়া বায় মাত্র—সেই প্রায়পত প্রমাণুতে ফিরিয়া বাইবে, বাহাদের সমিলনে

> ছানোগ্য উপ., ৬1>18

এই টেবিল নামক পদার্থটি উৎপন্ন হইয়াছিল। মাহুষ বধন মরে, তখন বে-সকল পদার্থে তাছার দেহ নির্মিত, সেইগুলিতেই ফিরিয়া যায়। এই পৃথিবীর ধ্বংস হইলে যে পদার্থ-সমষ্টি ইহাকে এই আকার দিয়াছিল, তাহাতে ফিরিয়া যাইবে। ইহাকেই বলে নাশ—কারণে লয়। হুতরাং আমরা শিখিলাম, কার্য কারণের সহিত অভেদ—ভিন্ন নহে, কারণটিই রূপ-বিশেষ ধারণ করিয়া কার্য নামে পরিচিত হয়। যে উপাদানগুলিতে ঐ টেবিলের উৎপত্তি, তাহাই কারণ; আর টেবিলটি কার্য, এবং ঐ কারণগুলি এথানে টেবিলব্ধণে বর্তমান। এই গেলাসটি একটি কার্য—উহার কভকগুলি কারণ ছিল, দেই কারণগুলি এই কার্যে এখনও বর্তমান দেখিতেছি। কাচ নামক কতকটা জিনিস আর সেই সঙ্গে গঠনকারীর হাতের শক্তি নিমিত্ত ও উপাদান এই তুইটি কারণ মিলিয়া গেলাদ-নামক এই আকারটি হইয়াছে। ঐ ছই কারণই উহাতে বর্তমান। যে শক্তিটি কোন যন্ত্রের চাকায় ছিল তাহা সংহতিশক্তিরূপে ইহাতে রহিয়াছে, তাহা না থাকিলে গেলাসের ঐ কৃত্র কৃত্র খণ্ডগুলির সব খনিয়া পড়িবে এবং উহার উপাদান কাচও ইহাতে বর্তমান। গেলাসটি কেবল ঐ সক্ষ কারণগুলির আর একরূপে পরিণতি এবং যদি এই গেলাসটি ভাঙিয়া ফেলা হয়, তবে যে শক্তিটি সংহতিরূপে উহাতে বর্তমান ছিল, তাহা ফিরিয়া নিজ উপাদানে মিশিবে, আর গেলাসের কুদ্র খণ্ডগুলি আবার পূর্বরূপ ধরিবে এবং সেইরূপেই থাকিবে, ষ্ডদিন না পুনরায় নৃতন আকার লাভ করে।

অতএব আমরা দেখিতে পাইলাম, কার্য কথন কারণ হইতে ভিন্ন নর; উহা সেই কারণের পুনরাবির্ভাব মাত্র। তাহার পর আমরা শিথিলাম এই কুলু বিশেষ বিশেষ রূপ বা আরুতি—বেগুলিকে আমরা উদ্ভিদ তির্বগ্জাতি বা মানব বলি, সেগুলি অনস্ককাল ধরিয়া উঠিয়া পড়িয়া খুরিয়া ফিরিয়া আসিতেছে। বীজ হইতে বৃক্ষ হয়, বৃক্ষ আবার বীজ হয়, আবার উহা আর এক বৃক্ষ হয়—আইরপ চলিতেছে, ইহার শেষ নাই। জলবিন্দু পাহাড়ের গা বাহিয়া সমূলে যায়, আবার বাপা হইয়া উঠে—পাহাড়ে বায়, আবার সমূলে ফিরিয়া আসে। উঠিতেছে, পড়িতেছে—চক্র খুরিতেছে। সমূদয় জীবন সম্ভেই এইরূপ—সমূদয় অন্তির, বাহা কিছু দেখিতে শুনিতে ভাবিতে বা করনা করিতে পারি,

বাহা কিছু আমাদের জানের দীমার মধ্যে তাহাই এই ভাবে চলিতেছে ঠিকু মহ্রাদেহে নিঃখান-প্রখাদের মতো। সম্পর স্থিই এইরপে চলিয়াছে, একটি তরক উঠিতেছে, একটি পড়িতেছে, আবার উঠিয়া আবার পড়িতেছে। প্রত্যেক তরকেরই দক্ষে সঙ্গে একটি করিয়া গছের, প্রত্যেক গহেরের দক্ষে দক্ষে একরপ বলিয়া সমগ্র ব্রহ্মাণ্ডেই বিভিন্ন অংশের মধ্যে সক্ষতি থাকার দক্ষন একই নিয়ম থাটিবে। অভএব আনরা দেখিতেছি বে, সমগ্র ব্রহ্মাণ্ডই যেন এককালে কারণে লীন হইতে বাধ্য; স্ব চন্দ্র তারা পৃথিবী মন শরীর—যাহ। কিছু এই ব্রহ্মাণ্ডে আছে, সকল বস্তই বেন নিজ স্ক্র কারণে লীন বা অস্তর্হিত হইবে—আপাতদৃষ্টিতে বিনই হইবে। বাস্তবিক কিন্তু উহারা স্ক্রমণে উহাদের কারণে থাকিবে; এইসব ক্ষরণ হইতে আবার তাহারা পৃথিবী চন্দ্র স্ব্র্য তারা রূপে বাহির হইবে।

এই উখান-পতন সম্বন্ধে আর একটি বিষয় জানিবার আছে। বৃক্ষ ছইতে বীজ আগে। বীজ তৎক্ষণাৎ বৃক্ষ হয় না। উহার কভকটা বিশ্রামের বা অভি ক্ষর অব্যক্ত কার্যের জন্ত সময়ের প্রয়োজন! বীজকে ধানিকক্ষণ মাটির নীচে থাকিয়া কার্য করিতে হয়। বীজ নিজেকে খণ্ড খণ্ড করিয়া ফেলে, নিজেকে খেন থানিকটা অধঃপতিত করে, এবং ঐ অবনতি হইতে উহার প্রক্রম হইয়া থাকে। অভ্এব এই সমগ্র আদাংকেই কিছু সময় আদৃশ্র ও অব্যক্তভাবে ক্ষরণে কার্য করিতে হয়, যাহাকে প্রলয় বা কৃষ্টির প্রাবহা বলে, তাহার পর আবার কৃষ্টি হয়। জগংপ্রবাহের একটি প্রকাশকে অর্থাৎ ক্ষর ভাবে ইহার পরিণতি, কিছুকাল সেই অবহায় ছিতি এবং প্রারাবিভারকে সংস্কৃতে 'কল্প' বলে। সমগ্র অন্যাপ্তই এইরূপে কল্পে কল্পে চলিয়াছে। বিশাল ব্রদ্ধান্ত ইত্তে উহার অন্তর্ধতী প্রত্যেক পর্মাণ্ পর্যন্ত সব জিনিসই এই তর্মাকারে চলিয়াছে।

এখন আবার একটি গুরুত্বপূর্ণ প্রাণ্গ আসিল—বিশেষতঃ বর্তমান কালের পক্ষে। আমরা দেখিতেছি ক্ষাতর রূপগুলি ধীরে ধীরে বাজ হইতেছে, ক্রমণঃ কুল হইতে কুলতর হইতেছে। আমরা দেখিয়াছি যে, কারণ ও কার্য অভ্যে—কার্য কারণের রূপান্তর মাত্র। অভএব এই সমগ্র বন্ধাণ্ড হইতে উভূত হইতে পারে না। কারণ ব্যতীত কিছুই আসিতে পারে না; তথু ভাহা নহে, কারণই কার্যের ভিতর আর একরূপে বর্তমান। তবে

এই বন্ধাও কোন্বৰ হইতে উভুত হইয়াছে? পূৰ্বকী ক্ষ বন্ধাও হইতে। মাছৰ কোন্ বন্ধ হইতে উভূত ? পূৰ্ববৰ্তী স্ক্ৰহ্মপ হইতে। বৃক্ কোথা হইতে হইল ? বীজ হইতে। সমুদয় বৃক্টি বীজে বর্তমান ছিল— উহা ব্যক্ত হইয়াছে মাত্র। অভএব এই সমগ্র ব্রহ্মাণ্ড এই জগতেরই স্ক্ষাবস্থা হইতে স্ট হইয়াছে। এখন উহা ব্যক্ত হইয়াছে মাঅ। উহা পুনরায় ঐ স্কারণে ঘাইবে, আবার ব্যক্ত হইবে। এখন আমরা দেখিলাম, স্ক্রপগুলি ব্যক্ত হইয়া সুল হইতে সুলভব হয়, ষভদিন না উহারা উহাদের চরম সীমার পৌছে; চরমে পৌছিলে ভাহারা আবার হক্ষ হইভে হক্ষতর হয়। এই স্কা হইতে আবিভাব, ক্রমশ: সুল হইতে সূলতররূপে পরিণতি 'ক্রমবিকাশ'-বাদ বলে। ইহা অভি সভ্য, সম্পূর্ণরূপে সভ্য; আমরা আমাদের জীবনে ইহা দেখিতেছি; বিচারশক্তিসম্পন্ন কোন মাহুষ্ট সম্ভবতঃ এই 'ক্রমবিকাশ'-বাদীদের সহিত বিবাদ করিবেন না। কিছু আমাদিগকে আরও একটি বিষয় জানিতে হইবে—ভাহা এই যে, প্রত্যেক ক্রমবিকাশের পূর্বেই একটি ক্রমদক্ষোচ-প্রক্রিয়া বর্তমান। বীজ বৃক্ষের জনক বটে, কিছ অপর এক বৃক্ষ আবার ঐ বীব্দের জনক। বীজই দেই স্ক্রূপ, যাহা হইতে বৃহৎ বৃক্টি আসিয়াছে, আবার আর একটি প্রকাণ্ড বৃক্ষ ঐ বীক্ষরণে ক্রম-সঙ্কৃচিত হইয়াছে। সমুদয় বৃক্টিই ঐ বীজে বর্তমান। শৃক্ত হইতে কোন বৃক্ষ জন্মিতে পারে না, কিন্তু আমরা দেখিতেছি বৃক্ষ বীজ হইতে উৎপন্ন হয়, আর বীজবিশেষ হইতে বৃক্ষবিশেষই উৎপন্ন হয়, অন্ত বৃক্ষ হয় না। ইহাতেই প্রমাণিত হইতেছে যে, দেই বৃক্ষের কারণ ঐ বীঞ্জ—কেবল ঐ বীঞ্জমাত্র; আব দেই বীজে সমুদর বৃক্টিই রহিয়াছে। সমুদয় মাত্রটাই একটি জীবাণুর ভিতরে, ঐ জীবাণুই আবার ধীরে ধীরে অভিব্যক্ত হইয়া মানবাকারে পরিণত হয়। সমৃদয় একাণ্ডই---স্ক একাণ্ডে ছিল। স্বই কারণে--উহার স্কারণে বহিয়াছে। অভএব 'ক্রমবিকাশ'-বাদ সভ্য। তবে ঐ সচ্চে ইহাও বুঝিতে হইবে বে, প্রত্যেক ক্রমবিকাশের পূর্বেই একটি ক্রমসঙ্কোচ-প্রক্রিয়া রহিয়াছে ; **শতএর যে ক্তু অ**ণ্টি পরে মহাপুরুষ হইল, উহা প্রত্নতপক্ষে সেই মহাপুরুষেরই ক্রমগন্ধুচিত ভাব, উহাই পরে মহাপুরুষরূপে ক্রমবিকশিত হয়। যদি ইহাই সভ্য হয়, ভবে ক্রমবিকাশবাদীদের (Darwin's Evolution) সহিত

আমাদের কোন বিবাদ নাই, কারণ আমরা ক্রমশ: দেখিব, যদি তাঁহারা এই ক্রমশংখাচ-প্রক্রিয়াট স্বীকার করেন, তবে তাঁহারা ধর্মের বিনাশক না হইয়া সহায়ক হইবেন।

আমরা দেখিলাম শৃশু হইতে কিছুর উৎপত্তি হয় না। সকল জিনিসই অনস্তকাল ধরিয়া বহিয়াছে এবং অনস্তকাল ধরিয়া থাকিবে। কেবল তর্জের স্থায় একবার উঠিডেছে, আবার পড়িতেছে। স্থা অব্যক্তভাবে একবার লয়, আবার সুল ব্যক্তভাবে প্রকাশ, দম্দয় প্রকৃতিতেই এই ক্রমদকোচ ও ক্রমবিকাশ-প্রক্রিয়া চলিভেছে। স্থতরাং সমৃদয় ব্রহ্মাণ্ড প্রকাশের পূর্বে অবশুই ক্রমসমূচিত বা অব্যক্ত অবস্থায় ছিল, এখন বিভিন্নরূপে ব্যক্ত হইয়াছে— আবার ক্রমসঙ্কৃচিত হইয়া অব্যক্তভাব ধারণ করিবে। উদাহরণস্ক্রপ একটি কুন্ত উদ্ভিদের জীবন ধর। আমরা দেখি ছুইটি বিষয় একতা মিলিভ হুইরাই ঐ উদ্ভিদ্কে এক অথও বস্তুরূপে প্রতীত করাইতেছে—উহার উৎপত্তি ও विकाम এবং উহার ক্ষয় ও বিনাশ। এই ছুইটি মিলিয়াই উদ্ভিদ্-জীবন নামক এই একত্ব বিধান করিভেছে। এইরূপে ঐ উদ্ভিদ্-জীবনকে প্রাণ-শৃত্বলের একটি পর্ব বলিয়া ধরিয়া আমরা সমুদয় বস্তরাশিকেই এক প্রাণপ্রবাহ বলিয়া কল্পনা করিতে পারি—জীবাণু ছইতে উহার আরম্ভ এবং পূর্ণমানৰে উহায় সমাপ্তি। মাহ্য ঐ শৃঙ্খলের একটি পর্ব; আর যেমন ক্রমবিকাশবাদীরা বলেন—নানারপ বানর, ভার পর আরও কৃত্র কৃত্র প্রাণী এবং উদ্ভিদ্গণ যেন ঐ প্রাণ-শৃল্পলের অস্তান্ত পর্ব। এখন যে কৃত্রতম কোষ হইতে আমরা আরম্ভ ক্রিরাছিলাম, দেখান হইতে এই সম্দর্কে এক প্রাণপ্রবাহ বলিয়া ধর, আর প্রত্যেক ক্রমবিকাশের পূবেই যে ক্রমদঙ্কোচ-প্রক্রিয়া বিষ্ণমান, ইভ:পূর্বে লব্ধ এ নিয়ম এছলে প্রয়োগ করিলে আমাদিগকে স্বীকার করিভে হইবে ষে, অতি নিয়ত্য জন্ত হইতে দৰ্বোচ্চ পূৰ্ণত্য মাহুষ পৰ্যন্ত সকল শ্ৰেণীই অবশ্ৰ অণর কিছুর ক্রমসঙ্চিত অবস্থা। কিসের ক্রমসঙ্কোচ ? ইহাই প্রখা। কোন্ পদার্থ ক্রম্বস্কৃচিত হইয়াছিল ? ক্রমবিকাশবাদী বলিবেন: ইহা যে ঈশবের ক্রমনকৃচিড অবস্থা—ভোমাদের এ ধারণা ভূল। কারণ ভোমরা বলো, চৈতগ্রই জগতের শ্রষ্টা, কিন্তু আমরা প্রতিদিন দেখিতেছি যে, চৈতক্ত অনেক পরে আদে। মাহুবে ও উচ্চতর অভতেই কেবল আমরা চৈতন্ত দেখিতে পাই, কিছ এই চৈডক্ত জন্মিবার পূর্বে এই জগতে লক্ষ লক্ষ বর্ব জ্বভীত হইয়াছে।

বাহা হউক, এই ক্রমবিকাশবাদীদের আপত্তি বুক্তিযুক্ত নর। আমরা এই মাত্র বে নিয়ম আবিদ্বার করিলাম, ভাহা প্রয়োগ করিয়া দেখা যাক---কি সিদ্ধান্ত দাঁড়ায়। বীজ হইতে বৃ:ক্ষর উত্তব আবার বীকে উহার পরিণাম— স্তরাং আরম্ভ ও পরিণাম একই। পৃথিবীর উৎপত্তি তাহার কারণ হইতে, আবার কারণেই উহার বিলয়। সকল বস্তু সম্বন্ধেই এই কথা—আমরা দেখিতেছি, আদি অন্ত উভয়ই সমান। এই সমৃদয় শৃখলের শেষ কি 🌣 আমরা জানি, আরভ জানিতে পারিলে পরিণামও জানিতে পারিব। এইরূপে অন্ত জানিতে পারিলেই আদি জানিতে পারিব। এই সমূদয় 'ক্রমবিকাশশীল' জীব-প্রবাহের—ষাহার এক প্রান্ত জীবাণু, অপর প্রান্ত পূর্ণমানব—এই-সবকে একটি জীবন বলিয়া ধর। / এই শ্রেণীর অস্তে আমরা পূর্ণ মানবকে দেখিতেছি, স্তরাং আদিতেও যে তিনি অব্হিত, ইহা নিশ্চিত। অতএব ঐ জীবাণু অবশ্যই উচ্চতম চৈত্তব্যের ক্রমদকুচিত অবস্থা। তোমরা ইহা স্পইরূপে না দেখিতে পারো, কিন্তু প্রকৃতপক্ষে দেই ক্রমসঙ্গুচিত চৈতগ্রই নিজেকে অভিব্যক্ত করিতেছে, আর এইরূপে নিজেকে অভিবাক্ত করিয়া চলিবে, ষভদিন না উহা পূর্ণতম মানবরূপে অভিব্যক্ত হয়। এই তত্ত্ব গণিতের দারা নিশ্চিতরূপে প্রমাণ করা যাইতে পারে। 'শক্তির নিত্যতা' নিয়ম (Law of Conservation of Energy) যদি সভা হয়, ভবে অবশ্রই স্বীকার করিতে হইবে যে, যদি তুমি কোন ষল্পে পূর্ব হইতেই কোন শক্তি-প্রয়োগ না করিয়া থাকো, ভবে ভূমি উহা হইতে কোন কার্যই পাইতে পার না। তুমি ইঞ্জিনে জল ও কয়লারণে যতটুকু শক্তি প্রয়োগ কর, উহা হইতে ঠিক ভডটুকু কার্য পাইয়া থাকো, এডটুকু বেশী নয়, ক্ষও নয়। আমি আমার দেহের ভিতরে বায়ু খাছা ও অক্তান্ত পদার্থক্সপে ষভটুকু শক্তি প্রয়োগ করিয়াছি, ঠিক ভডটুকু কার্য করিতে সমর্থ হই। কেবল ঐ শক্তিগুলি অন্তরণে পরিণত হইয়াছে মাত্র। এই বিশব্দাণ্ডে একবিন্দু বাড় বা এডটুকুও শক্তি বাড়াইতে অথবা কমাইতে পারা যায় না। যদি ভাই হয়, ভবে এই চৈত্ত কি ? ধদি উহা জীবাণুতে বৰ্তমান না পাকে, ভবে উহাকে অবশ্রই অকমাৎ উৎপন্ন বলিয়া স্বীকার করিতে হইবে—ভাহা হইলে ইহাও স্বীকার করিতে হয় যে, 'অসৎ' (কিছু না) হইতে 'সতে'র (কিছুর) উৎপত্তি হয়, কিন্তু ভাহা অসম্ভব। ভাহা হইলে ইহা একেবারে নি:সন্দেহে প্রমাণিত হইতেছে যে—যেমন অন্ত অন্ত বিষয়ে দেখা যায়, বেখানে আবস্ত

সেইখানেই শেষ; তবে কথন অব্যক্ত, কথন বা ব্যক্ত; সেইরূপ পূর্ণমানব, মৃত্তপূক্ষৰ দেবমানর বিনি প্রকৃতির নিয়মের বাহিরে গিয়াছেন, যিনি সম্দর অতিক্রম করিয়াছেন, বাহাকে আর এই অসমৃত্যুর ভিতর দিয়া যাইতে হয় না, বাহাকে খ্রীষ্টানরা খ্রীষ্টমানব বলেন, বৌদ্ধগণ বৃদ্ধমানব বলেন, বোগীরা মৃত্ত বলেন, সেই পূর্ণমানব এই শৃত্থালের এক প্রান্ত, আর তিনিই ক্রমসক্ষৃতিত হইয়া শৃত্থালের অপর প্রান্তে জীবাণুরূপে প্রকাশিত।

এখন এই ব্রহ্মাণ্ডের কারণ সম্বন্ধে কি সিদ্ধান্ত হইল—আলোচনা করা ৰাক। জগং-সম্বন্ধে মাহুষের চরম ধারণা কি ? চৈতক্ত-এক অংশের সহিত অপর অংশের সামজশু-বিধান, বুদ্ধির বিকাশ। প্রাচীন 'উদ্দেশু-বাদ' (Design Theory) এই ধারণারই অফুট আভাস। আমরা জড়বাদীদের সহিত মানিয়া লইতেছি যে, চৈতগ্ৰই জগতের শেষ বস্তু—স্টিক্রমের ইহাই শেষ বিকাশ, কিছু ঐ সজে আমরা ইহাও বলিয়া থাকি যে, ইহাই বদি শেষ বিকাশ হয়, তবে আদিতেও ইহা বর্তমান ছিল। অভ্বাদী বলিতে পারেন—বেশ কথা, কিছু মামুষ জন্মিবার পূর্বে লক্ষ লক্ষ বর্ষ অভীত হইয়াছে, তথন তো জানের অন্তিত্ব ছিল না। এ-কথায় আমাদের উত্তর এই, ব্যক্ত চৈত্ত তথন ছিল না বটে, কিন্তু অব্যক্ত চৈতক্ত ছিল—আর স্প্রীর শেষ—পূর্ণমানবরূপে প্রকাশিত চৈতক্ত; তবে আদি কি ছিল? আদিও সেই চৈতক্ত। প্রথমে সেই হৈতস্তুই ক্রমদঙ্কুচিত হয়, শেষে আবার উহাই ক্রমবিকশিত হয়। অতএব এই ব্ৰহ্মাণ্ডে এখন বে জ্ঞানৱাশি অভিব্যক্ত হইতেছে, ভাহার সমষ্টি অবশ্রই সেই ক্রমসঙ্কৃচিত সর্বব্যাপী চৈতত্তের অভিব্যক্তি মাত্র। এই সর্বব্যাপী বিশ্বজ্ঞনীন চৈতন্ত্রের নাম 'ঈশর'। উহাকে অক্ত যে-কোন নামে অভিহিত কর না কেন, ইহা শ্বির যে, আদিতে দেই অনস্ক বিশ্ব্যাপী চৈতক্ত ছিলেন। সেই বিশ্বন্ধনীন চৈতন্ত ক্রমসঙ্চিত হইয়াছিলেন, আবার তিনিই নিজেকে ক্রমণ: অভিব্যক্ত করিতেছেন—বভদিন না পূর্ণমানব, এটিমানব, বৃদ্ধমানবে পরিণভ হন। তথন তিনি নিজ উৎপত্তি-স্থানে ফিরিয়া আসেন। এই জগু সকল শাস্ত্রই বলেন, 'আমরা তাঁহাতেই জীবিভ, তাঁহাতেই চলি ফিরি, তাঁহাতেই আমাদের সতা।'' এই জন্মই সকল শান্তই বলেন,-'আমরা ঈশর হইতে আসিয়াছি এবং

১ তৈন্তি. উপ., ৬৷১

তাঁহাতেই ফিরিয়া যাইব।' বিভিন্ন পরিভাষা দেখিরা ভন্ন পাইও না— পরিভাষার যদি ভন্ন পাও, তবে তোমরা দার্শনিক হইবার যোগ্য হইবে না। এই বিশ্বব্যাপী চৈতক্তকেই তত্ত্বিদ্গণ 'ঈশ্বর' বলিয়া থাকেন।

আমাকে অনেকে অনেকবার জিজ্ঞাসা করিয়াছেন: আপনি পুরাতন শব্দ 'ঈশব' (God) ব্যবহার করেন কেন? ইহার উত্তর এই--পূর্বোক্ত বিশ্বব্যাপী চৈততা বুঝাইতে যত শব্দ ব্যবহৃত হইতে পারে, তন্মধ্যে উহাই স্বাপেকা উত্তম। উহা অপেকা ভাল শব্দ আর খুঁজিয়া পাইবে না, কারণ মামুবের সকল আশা-ভরসা, সকল হুধ ঐ এক শব্দে কেন্দ্রীভূত। এখন ঐ শব্দ পরিবর্তন করা অসম্ভব। যথন বড় বড সাধু-মহাত্মা ঐরপ শব্দ গড়েন, তথন তাঁহার। উহাদের অর্থ খুব ভালরপেই বুঝিতেন। ক্রমে সমাজে যথন ঐ শব্দগুলি প্রচারিত হইয়া পড়িল, তথন অজ্ঞ লোকেরা ঐ শব্দগুলি ব্যবহার করিতে লাগিল। তাহার ফলে শব্দগুলির মহিমা হ্রাসপ্রাপ্ত হইল। 'ঈশ্ব' শক্টি স্মরণাভীত কাল হইতে আসিয়াছে, আর বাহা কিছু মহৎ ও পবিত্র, এবং এক সর্বব্যাপী চৈতন্তের ভাব ঐ শব্দের ভিতর রহিয়াছে। কোন নির্বোধ ঐ শব্দ-ব্যবহারে আপত্তি করিলেই কি উহা তাাগ করিতে বলো? একজন আসিয়া বলিবে—আমার এই শকটি লও, অপরে আবার ভাহার শব্দটি লইতে বলিবে। স্থতবাং এই ধরনের বুথা শব্দের কোন অস্ত থাকিবে না। ভাই বলি, সেই প্রাচীন শব্দটিই ব্যবহার কর, কিন্তু মন হইতে কুদংস্কার দূর করিয়া দিয়া, এই মহৎ প্রাচীন শব্দের অর্থ কি—ভাহা ভালভাবে বুঝিয়া ঐ শক আরও ভালভাবে ব্যবহার কর। যদি ভোমরা ভাবাহুবঙ্গ-বিধানে'র (Law of Association of Ideas) শক্তি সম্বন্ধে অবহিত হও, তবে জানিবে এই শবের সহিত নানাপ্রকার মহান্ ওজন্বী ভাব সংযুক্ত রহিসাছে; লক্ষ লক্ষ মান্ত্য এই শব্দ ব্যবহার করিয়াছে, লক্ষ লক্ষ মান্ত্য ঐ শব্দের পূজা করিয়াছে, আর উহার সহিত যাহা কিছু অতি উচ্চ ও স্কর, ৰাহা কিছু যুক্তিযুক্ত, বাহা কিছু প্ৰেমাম্পদ, মহন্ত-প্ৰকৃতিতে বাহা কিছু মহৎ ও স্থলর, তাহাই যোগ করিয়াছে। অতএব উহা এ-সকল ভাবের উদ্দীপক কারণশ্বরূপ, স্বভরাং উহাকে ভ্যাগ করিতে পারা যায় না। যাহা হউক, আমি যদি আপনাদিগকে ভুধু এই বলিয়া বুঝাইতে চেষ্টা করিতাম বে, ঈশ্বর অগৎ স্টে করিয়াছেন, তাহা হইলে আপনাদের নিকট উহা কোনরণ অর্থ প্রকাশ করিত না । তথাপি এই-সকল বিচারের পর আমরা সেই প্রাচীন পরম পুরুষের নিকটেই পৌছিলাম।

আমরা এখন দেখিলাম যে, জড় শক্তি মন চৈতন্ত বা অন্ত নামে পরিচিড বিভিন্ন জাগতিক শক্তি সেই বিশ্ববাপী চৈতত্ত্বেরই প্রকাশ। আমরা ভবিশ্বতে তাঁহাকে 'পরম প্রভূ' বলিয়া অভিহিত করিব। বাহা কিছু দেখ, শোন বা অমুভব কর, সবই তাঁহার স্ষ্টি—ঠিক বলিডে গেলে, তাঁহারই পরিণাম—আরও ঠিক বলিতে গেলে বলিতে হয়, তিনি স্বন্ধ:। তিনি সূর্ব ও ভারকারণে উজ্জ্বভাবে প্রকাশ পাইভেছেন, ডিনিই জননী বহুদ্বা, ভিনিই স্বয়ং সমুদ্র। তিনিই মৃত্ বৃষ্টিধারাব্ধণে পড়িতেছেন, তিনিই মৃত্ব বাডাস—বাহা আমরা নি:খাদের দহিত গ্রহণ করিতেছি, তিনিই দেহে শক্তিরণে কার্য করিতেছেন। তিনিই বক্তৃতা, ডিনিই বক্তা, ডিনিই এই শ্রোভূমওলী। তিনিই এই বকৃতা-মঞ্চ-- যাহার উপর আমি দুখায়মান, তিনিই ঐ আলোক---ষাহা **ষারা আমি ভোমাদের মৃথ দেখিতেছি, এ-সবই তিনি**। তিনি **অগতে**র উপাদান ও নিমিত্ত কারণ, তিনিই ক্রমসক্ষ্চিত হইয়া অণু হন, আবার ক্রমবিকশিত হইয়া পুনরায় ঈশব হন ; ডিনিই নীচে নামিয়া আসিয়া অভি নিয়তম পরমাণু হন; আবার ধীরে ধীরে নিজম্বরূপ প্রকাশ করিয়া স্বরূপে পুনর্মিলিত হন-ইহাই জগতের রহস্ত। 'তুমিই পুরুষ, তুমিই স্ত্রী, তুমিই বৌৰন-গর্বে ভ্রমণশীল যুবা, তুমিই কুমারী, তুমিই বৃষ-দণ্ড ধরিয়া কোনরূপে চলিভেছ, তুমিই সকল বস্তুতে—হে প্রভূ, তুমিই সবকিছু''—জগৎপ্রপঞ্চের এই ব্যাখ্যাতেই কেবল মানবযুক্তি মানববুদ্ধি পরিতৃপ্ত হয়। এক কথায় বলিতে গেলে, আমরা তাঁহা হইভেই জন্মগ্ৰহণ করি, তাঁহাভেই জীবিভ এবং তাঁহাভেই আবার প্রতাবর্তন করি।

১ বেতাখ-উপ., ৪।৩

২ তৈন্তি উপ., ৩া১

জগৎ (২)

কুড বন্দাও

[নিউইযার্ক প্রদন্ত, ২৬শে জামুআবি, ১৮৯৬]

মহুশ্বমন স্বভাবতই বহিমুখী। মন ধেন শরীরের বাহিরে ইন্দ্রিয়গুলির মধ্য দিয়া উকি মারিতে চায়। চকু অবশ্রই দেখিবে, কর্ণ অবশ্রই শুনিবে, ইন্দ্রিগণ অবশ্রই বহির্জগৎ প্রভাক করিবে। তাই স্বভাবতই প্রকৃতিব तोन्मर्य ७ महत्व क्षथरमहे माक्र्रिय पृष्ठि चाकर्यन करत्र। मानवाचा क्षथरमहे বহির্জগতের সহত্বে ক্রিজ্ঞাসা করিয়াছিল—আকাশ নক্ষত্রপুঞ্জ, অন্তরীকে অক্তান্ত পদার্থনিচয়, পৃথিবী নদী পর্বত সমুদ্র প্রভৃতি সম্বন্ধে প্রশ্ন জিজ্ঞাসিত हहेशाहिन, चात चामना नकन लांहीन धर्महे हेहात किছू किছू भविहन्न পাই। প্রথমে মানবমন অন্ধকারে অত্নদ্ধান করিতে করিতে বাহিরে যাহা কিছু দেখিত, ভাহাই ধরিতে চেষ্টা করিত। এইরূপে দে নদীব একজন দেবতা, আকাশের অধিষ্ঠাত্তী আর একজন, মেঘের অধিষ্ঠাত্তী একজন, আবার বৃষ্টির অধিষ্ঠাত্রী আর এক দেবতায় বিশ্বাদী হইল। যেগুলিকে আমরা প্রফুতির শক্তি বলিয়া জানি, তাহারাই সচেতন পদার্থে রূপাস্তরিত হইল। কিন্তু ষতই গভীব হইতে গভীরতর অনুসন্ধান হইতে লাগিল, ততই এই বাহ্ দেবতাগণে আর মাহুষের তৃপ্তি হইল না। তথন মাহুষের সমগ্র শক্তি তাহার নিজের ভিতরে চালিত হুইল—তাহার নিজ আত্মা সম্বন্ধ প্রশ্ন জিঞাসিত হইতে লাগিল। বহিজগৎ হইতে ঐ প্রশ্ন গিয়া অন্তর্জগতে পৌছিল। বহির্জগৎ বিশ্লেষণ করিয়া শেষে মাহ্য অন্তর্জগৎ বিশ্লেষণ করিতে আরম্ভ করিল। উচ্চতর সভ্যতার স্তরে, প্রকৃতির সম্বন্ধে গভীরতর অন্তর্দৃষ্টি হুইতে, উন্নতির উচ্চত্নর ভূমিতে এই ভিতরের মাহুষ দম্বন্ধে প্রশ্ন উথিত হয়।

এই ভিতরের মাহ্বই আজিকার অপরাহের আলোচ্য বিষয়। এই ভিতরের মাহ্ব দম্বদ্ধ প্রশ্ন মাহ্বের ঘতথানি প্রিয় ও তাহার হৃদয়ের যত সন্নিহিত, আর কিছুই তত নহে। কত দেশে কত লক্ষ বার এই প্রশ্ন জিজ্ঞাসিত হইয়াছে। কি অরণ্যবাসী সন্ন্যাসী, কি রাজা, কি দরিদ্র, কি ধনী, কি সাধু, কি পাপী, প্রত্যেক নরনারী সকলেই কোন না কোন সময়ে এই প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছেন—এই ক্ষণভঙ্গুর মানবজীবনে নিত্য কি কিছুই নাই ? এই শ্রীর

व्यतिलाख अपन किছू कि नारे, यांशा भरत ना? यथनरे धरे मतीत ध्निपाछ পরিণত হয়, তথন কি কিছুই জীবিত থাকে না? অগ্নি শরীরকে ভস্মসাৎ করিলে ভাহার পর আর কিছুই কি অবশিষ্ট থাকে না? যদি থাকে, ভবে ভাহার নিয়তি কি ? উহা যায় কোথায় ? কোথা হইভেই বা উহা আদিয়াছিল ? এই প্রশ্নগুলি বার বার ক্রিকাসিত হইয়াছে আর বতদিন এই স্পষ্ট থাকিবে, যতদিন মানব-মন্তিক চিম্ভা করিবে, ততদিনই এই প্রশ্ন জিজ্ঞাসিত হইবে। ইহার উত্তর যে কখনও পাওয়া যায় নাই, তাহা নহে; যথনই প্রশ্ন জিঞাসিত হইয়াছে, তথনই উত্তর আসিয়াছে; আর ষত সময় ঘাইতেছে, ভতুই উহা উত্তরোত্তর অধিক বল সূংগ্রহ করিতেছে। ব্রাস্তবিকপক্ষে সহত্র সহত্র বর্ষ পূর্বে ঐ প্রশ্নের উত্তর চিরদিনের জ্ব্য প্রদত্ত হইয়াছিল, আর পরবর্তী সময়ে ঐ উত্তরই আবার কথিত, স্পষ্টভাবে ব্যাগ্যাত হইয়া আমাদের বুদ্ধির নিকট উজ্জ্লভররপে প্রকাশিত হইয়াছে মাত্র। অভএব আমাদিগকে কেবল ঐ উত্তরের পুনরাবৃত্তি করিতে হইবে ৷ সকলের চিতাকর্ষক এ**ই সম**স্থা-গুলির উপর নৃতন আলোকপাত করিব, এমন ভান করি না। আমাদের আকাজ্ঞা এই যে, সেই সনাতন মহানু সভ্য বর্তমান কালের ভাষায় প্রকাশ করিব, প্রাচীনদিগের চিন্তা আপধুনিকদিগের ভাষায় ব্যক্ত করিব, দার্শনিকদিগের চিন্তা লৌকিক ভাষায় বলিব—দেবতাদের চিন্তা মানবের ভাষায় বলিব, ঈখবের চিন্তা তুর্বল মাহুষের ভাষায় প্রকাশ করিব, যাহাতে লোকে উহা বুঝিতে পারে। কারণ আমরা পরে দেখিব, যে ঐশী সন্তা হইতে ঐ-সকল ভাব প্রস্ত, তাহা মানবেও বর্তমান--্যে সভা ঐ চিস্তাগুলিকে স্থলন করিয়াছিলেন. তিনিই মাহুষে প্রকাশিত হইয়া নিজেই ইহা বুঝিবেন।

আমি ভোমাদিগকে দেখিতেছি। এই দর্শনক্রিয়ার জন্ম কভগুলি জিনিসের আবশুক ? প্রথমতঃ চক্—চক্ অবশুই থাকা চাই। আমার অন্যান্ত ইন্দ্রিয় অবিকল থাকিতে পারে, কিন্তু ধনি আমার চক্ষ্ না থাকে, তবে আমি তোমাদিগকে দেখিতে পাইব না। অতএব প্রথমতঃ অবশুই আমার চক্ষ্ থাকা চাই। বিত্তীয়তঃ চক্র পশ্চাতে আর একটা কিছু থাকা আবশুক, সেটিই প্রকৃত দর্শনে ক্রিয়। তাহা না থাকিলে দর্শনক্রিয়া অসম্ভব। চক্ বাশুবিক ইন্দ্রিয় নয়, উহা দর্শনের ব্রুমাত্র; যথার্থ ইন্দ্রিয়টি চক্র পশ্চাতে অবস্থিত—উহা মন্তিক্ত্র লায়্কেক্ত। যদি ঐ কেন্দ্রটি নই হইয়া বায়, তবে মাহুকের

অতি নিৰ্মণ ঘুটি চক্ষু ধাকিতেও সে কিছুই দেখিতে পাইবে না।, অতএৰ দর্শনক্রিয়ার জন্ম ঐ প্রকৃত ইন্দ্রিয়টি থাকা বিশেষ আবশ্যক। আমাদের জন্মান্ত ই স্রিয়সম্বন্ধেও সেইরূপ। বাহিরের কর্ণ কেবল ভিতরে শব্দ লইয়া ষাইবার যত্রমাত্র। উহা মন্তিজন্ত কেন্দ্রে পৌছানো চাই। তবু ইুহাই অবণক্রিয়ার পক্ষে যথেষ্ট হইল না। কখন কখন এরপ হয়, তুমি ভোমার গ্রন্থাারে বদিয়া একাগ্রমনে কোন পুন্তক পড়িভেছ—এমন সময় ঘড়িতে বারোটা বাঞ্চিল, কিন্তু তুমি ভনিতে পাইলে না। কেন ভনিতে পাইলে না? এখানে কিসের অভাব ছিল? মন ঐ ইন্দ্রিয়ে সংযুক্ত ছিল না। অতএব আমরা দেখিতেছি, ভৃতীয়ত: মন অবশ্রই থাকা চাই। প্রথম বাহুষয়; ভার পর এই বাহুষয়টি ইন্দ্রিরের নিকট যেন ঐ বিষয়কে বহন করিয়া লইয়া যায়; ভারপর আবার মন ইন্সিয়ে যুক্ত হওয়া চাই। ষথন মন ঐ মন্তিদ্ব কেন্দ্রে যুক্ত না থাকে, তথন কর্ণ-যন্ত্রে এবং মন্তিষ্কস্থ কেন্দ্রে বিষয়ের ছাপ পড়িতে পারে, কিন্তু আমরা উহা বুঝিতে পারিব না। মনও কেবল বাহক মাত্র, উহাকে এই বিষয়ের ছাপ আরও ভিতরে বহন করিয়া বৃদ্ধিকে প্রদান করিতে হয়। বৃদ্ধি নিশ্চয়াত্মিকা বৃত্তি। তবু ষথেষ্ট হইল না। বৃদ্ধিকে আবার আরও ভিতরে লইয়া গিয়া এই শরীরের অধীশর আত্মার নিকট উহাকে সমর্পণ করিতে হয়। তাঁহার নিকট পৌছিলে তবে তিনি আদেশ করেন—'কর' অথবা 'করিও না'। তথন ষে যে ক্রমে উহা ভিতরে গিয়াছিল, সেই সেই ক্রমে আবার বাহিরে আনে— প্রথমে বৃদ্ধিতে, তারণর মনে, তারণর মন্তিক্ষকেন্দ্রে, তারণর বহির্যন্তে; তথনই বিষয়জ্ঞান সম্পূর্ণ হইল, বলা যায়।

ষন্ত্রগুলি মাহবের স্থলদেহে—বাহিরেই অবস্থিত। মন কিন্তু তাহা নহে, বৃদ্ধিও নহে। হিন্দু দর্শনে উহাদের নাম সক্ষা শরীর, খ্রীষ্টান ধর্মশাস্ত্রে আগাজ্যিক শরীর। উহা এই শরীর হইতে অনেক সক্ষা বটে, কিন্তু উহা আজা নহে। আজা এই সকলের অতীত। স্থল শরীর অল্প দিনেই ধ্বংস হইয়া যায়—থ্ব সামাত্ত কারণে উহার ভিতরে গোলযোগ ঘটে এবং উহা ধ্বংস হইয়া যাইতে পারে। সক্ষা শরীর এত সহক্ষে নই হয় না, কিন্তু উহাও কথন সবল, কথন বা তুর্বল হয়। আমরা দেখিতে পাই—র্দ্ধ লোকের মনে তত বল থাকে না, আবার শরীর সবল থাকিলে মনও সবল থাকে, নানাবিধ ঔবধ মনের উপর কার্য করে, বাহিরের সকল বস্তুই মনের উপর কার্য

করে, স্থাবার মনও বাছ জগভের উপর কার্য করিয়া থাকে। পরীরের বেমন উন্নতি-অবনতি আছে, মনেরও তেখনি আছে; অতএব মন কখনও আছা হইতে পারে না। কারণ আত্মার ক্ষর বা অধঃপতন নাই। আমরা কিভাবে উহা জানিতে পারি ? কি করিয়া জামরা জানিতে পারি যে, মনের পশ্চাতে আরও কিছু আছে ? কারণ স্বপ্রকাশ জান কথন অড়ের ধর্ম হইতে পারে না। এমন কোন জড় বন্ধ দেখা বায় না, চৈতন্ত বাহার পর্য । অচেতন ব্ৰড় পদাৰ্থ কখন নিব্ৰেকে নিব্ৰে প্ৰকাশ করিতে পারে না। জ্ঞানই স্মৃদয় জড়কে প্রকাশ করে। এই যে সমুখে হল (hall) দেখিতেছ, জ্ঞানই ইহার মৃল বলিতে হইবে, কারণ কোন না কোন জানের সহায়তা ছাড়া উহার অন্তিৰ্ট জানা যাইত না। এই শরীর স্বপ্রকাশ নহে। যদি তাহা হইত, ভবে মৃত ব্যক্তির দেহও স্বপ্রকাশ হইত। মন বা আধ্যাত্মিক শরীরও স্প্রকাশ হইতে পারে না, উহা চৈতক্তস্বরূপ নহে। যাহা স্বপ্রকাশ, তাহার কথনও ক্ষয় হয় না। যাহা অপরের আলোকে আলোকিড, ডাহার আলোক কথন থাকে, কখন থাকে না। কিছু যাহা স্বয়ং আলোকস্বরূপ, ভাহার খালোকের আবিভাব-ভিরোভাব, হ্রাস-বৃদ্ধি আবার কি ? আমরা দেখিতে পাই, চন্দ্রের ক্ষয় হয়, আবার উহার কলাবৃদ্ধি হইতে থাকে-ভাহার কারণ উহা সুর্যের আলোকে আলোকিত। যদি অগ্নিতে লোহপিও ফেলিয়া দেওয়া বায়, আর বদি উহাকে লোহিড-ভপ্ত করা যায়, ভবে উহা আলোক বিকিরণ করিতে থাকিবে, কিন্তু ঐ আলোক অপরের বলিয়া উহা চলিয়া যাইবে। অতএব ক্ষয় কেবল সেই আলোকেই সম্ভব, যাহা অপরের নিকট হইতে গৃহীত, যাহা স্থাকাশ ভাহাতে নহে।

আমরা দেখিলার এই সুলদেহ স্বপ্রকাশ নহে, উহা নিজেকে নিজে
জানিতে পারে না। মনও নিজেকে নিজে জানিতে পারে না। কেন ?
কারণ মনের শক্তির প্রাস-র্জি আছে, কখন উহা সবল, আবার কখন ত্র্বল
হয়; বাহ্য সকল বস্তুই উহার উপর কার্য করিয়া উহাকে সবল বা ত্র্বল করিতে
পারে। অভএব মনের মধ্য দিয়া বে আলোক আসিতেছে, তাহা মনের নিজের
নহে। তবে এ আলো কাহার? উহা অবস্তুই এমন কাহারও যাহার পক্ষে
উহা নিজ্বরূপ, যাহা অপর আলোকের প্রতিফলন নহে, কিছ যাহা স্বয়ং
আলোকস্বরূপ; অভএব সেই আলোক বা জান সেই প্রব্বের স্বরূপ বলিয়া তাহার

কথন নাশ বা কর হর না, উহা কথন প্রবল বা কথন মৃত্ হইতে পারে না। উহা সপ্রকাশ—উহা আলোকস্বরূপ। আত্মা জানেন—তাহা নহে, আত্মা জ্ঞানস্বরূপ; আত্মা ক্ষিত্ব আছে—তাহা নহে, আত্মা অভিত্ব স্বরূপ; আত্মা স্থা—ভাহা নহে, আত্মা স্থাস্বরূপ। বে স্থা, তাহার স্থ অপর কাহারও নিকট জ্ঞানলাভ করিয়াছে। যাহার জ্ঞান আছে, দে অপর কাহারও নিকট জ্ঞানলাভ করিয়াছে। যাহার অভিত্ব আছে, তাহার সেই অভিত্ব অপর কাহারও অভিত্বের উপর নির্ভর করিতেছে, উহা অপর কাহারও অভিত্বের প্রতিফলন। যেখানেই গুণ ও গুণীর ভেদ আছে, দেখানেই বৃথিতে হইবে দেই গুণগুলি গুণীর উপর প্রতিফলিত হইয়াছে। কিছু জ্ঞান, অভিত্ব বা আনন্দ—এগুলি আত্মার ধর্ম নহে, আত্মার স্বরূপ।

পুনরায় প্রশ্ন হইতে পারে আমরা এ-কথা স্বীকার করিয়া লইব কেন? কেন আমরা স্বীকার করিব যে, আনন্দ অন্তিত্ব-জ্ঞান আত্মার স্বরূপ, অপরের নিকট হইতে প্রাপ্ত নহে? ইহার উত্তর এই—আমরা পূর্বেই দেখিয়াছি, শরীরের প্রকাশ মনের প্রকাশে; যভক্ষণ মন থাকে ভতক্ষণ উহার প্রকাশ, মন চলিয়া গেলে আর দেহের প্রকাশ থাকে না। চকু হইতে মন চলিয়া গেলে আমি তোমার দিকে চাহিয়া থাকিতে পারি, কিন্তু ভোমার দেখিতে পাইব না, অথবা শ্রবণেন্দ্রিয় হইতে মন চলিয়া গেলে তোমাদের কথা মোটেই শুনিতে পাইব না। সকল ইন্দ্রিয় সম্বন্ধেই এইরূপ। স্থতরাং আমরা দেখিতে পাইলাম শরীরের প্রকাশ-মনের প্রকাশে। আবার মন সম্বন্ধেও সেইরূপ। বহির্জগতের সকল বস্তুই উহার উপর কার্য করিতেছে, সামাক্ত কারণেই উহার পরিবর্তন ঘটিতে পারে, মস্তিক্ষের মধ্যে একটু সামাস্ত গোলঘোগ হইলেই উহার পরিবর্তন ঘটিতে পারে। অতএব মনও স্বপ্রকাশ হইতে পারে না, কাৰণ আমরা সমুদয় প্রকৃতিতেই দেখিতেছি, যাহা কোন বস্তুর স্বরূপ, তাহার পরিবর্তন হইতে পারে না। কেবল যাহা অপর বন্ধর ধর্ম, যাহা অপর বস্তু হইতে গৃহীত, তাহারই পরিবর্তন হয়। কিন্তু প্রশ্ন হইতে পারে— আত্মার প্রকাশ, আত্মার জ্ঞান, আত্মার আনন্দও ঐরপ অপরের নিকট হইতে গৃহীত বলিয়া স্বীকার কর না কেন ? এইব্রপ স্বীকার করিলে দোষ এই হইবে যে, এরপ স্বীকৃতির কোন অস্ত পাওয়া ষাইবে না। আবার প্রশ্ন উঠিবে, নে কাহার নিকট হইতে আলোক পাইল ? যদি বলো, অপর কোন আত্ম

হইতে, ভবে আবার প্রশ্ন উঠিবে, নেই বা কোথা হইতে আলোক পাইল ? অভএব অবশেষে আমাদিগকে এমন এক আরগায় আদিতে হইবে, যাহার আলো অপরের নয়, নিজের। অভএব ফ্রায়দকত দিদ্ধান্ত এই—যেখানে প্রথমেই অপ্রকাশত দেখিতে পাওয়া যাইবে, লেইখানেই থামা, এবং আর অগ্রদর-না হওয়া।

অতএব আমরা দেখিলাম, মাছবের প্রথমতঃ এই সুল দেহ, তারপর স্কান্ত শরীর, উহার পশাতে মাছবের প্রকৃত স্করপ—আত্মা রহিয়াছেন; আমর। দেখিয়াছি, সুল দেহের সম্দয় গুণ ও শক্তি মন হইতে গৃহীত—মন আবার আত্মার আবোকে আলোকিত।

আত্মার স্বরূপ সম্বন্ধে আবার নানা প্রশ্ন উঠিতেছে। আত্মা স্বপ্রকাশ, সচিদানন্ট আত্মার স্বরণ—এই যুক্তি হইতে যদি আত্মার অভিত স্বীকার করিতে হয়, তবে স্বভাবতই প্রমাণিত হইতেছে যে, উহা শৃত্য হইতে স্ট হইতে পারে না। যাহা স্বপ্রকাশ—অপর বস্তু-নিরপেক, তাহা কথন শৃক্ত হইতে উৎপন্ন হইতে পারে না। আমরা দেখিয়াছি, এই অভ্যাৎও শৃক্ত হইতে হয় নাই—আত্মা তো দ্বের কথা। অতএব সর্বদাই উহার অন্তিত্ব ছিল। এমন সময় কথন ছিল না, যথন উহার অন্তিত্ব ছিল না; কারণ বদি বলো-এক সময়ে আত্মার্য অন্তিত ছিল না, ডবে 'কাল' কোথায় অবস্থিত ছিল; কাল তো আত্মার মধ্যেই অবস্থিত। যথন আত্মার শক্তি মনের উপর প্রতিফলিত হয়, আর মন চিম্বা করে, তথনই কালের উৎপত্তি। স্তরাং যথন আত্মা ছিল না, তথন চিস্তাও ছিল না, আর চিস্তা না থাকিলে কালও থাকিতে পারে না। অতএব ধখন কাল আত্মাতে রহিয়াছে, তখন আত্মা বে কালে অবস্থিত, ইহা কি করিয়া বলা ধাইতে পারে ? আত্মার জন্মও নাই, মৃত্যুও নাই, উহা কেবল বিভিন্ন সোপানের মধ্য দিয়া ভাগ্যর হইভেছে মাত্র। উহা ধীরে ধীরে নিজেকে নিয় অবস্থা হইতে উচ্চ ভাবে প্রকাশ করিতেছে। আত্মা মনের ভিতর দিয়া শরীরের উপর কার্য করিয়া নিজ মহিমা বিকাশ করিভেছে, এবং শরীরের ঘারা বাহ্য জগৎ গ্রহণ করিয়া উহাকে ৰুঝিতেছে। উহা একটি শরীর গ্রহণ করিয়া উহাকে ব্যবহার করিভেছে, এবং যথন সেই শরীরের খারা আর কোন কাজ হইবার সম্ভাবনা, পাকে না, ভখন আত্মা আর এক শরীর গ্রহণ করে।

এখন আবার আত্মার পুনর্জন্ম সহদ্ধে প্রশ্ন দেখা দিল। অনেক সময় বোকে এই পুনর্জন্মের কথা শুনিলেই ভয় পায়, আর লোকের কুশংস্কার এত প্রবল যে, চিস্তাশীল লোকেও বিশাস করিবে—আমরা শৃত্য হইতে উৎপন্ন হইয়াছি, তারপর আবার চমৎকার যুক্তির সহিত সিদ্ধান্ত স্থাপন করিতে চেষ্টা করিবে, যদিও আমরা শৃষ্ত হইতে উৎপন্ন, পরে আমরা ্অনস্তকাল ধরিয়া থাকিব। যাহারা শৃষ্য হইতে আদিয়াছে তাহারা অবশুই শৃক্তে যাইবে। তুমি আমি বা উপস্থিত কেহই শৃত্য হইতে আদে নাই, স্তরাং শৃত্যে যাইবে না। আমরা অনস্তকাল ধরিয়া রহিয়াছি এবং ধাকিব, আর ব্রন্নাণ্ডে এমন কোন শক্তি নাই, যাহা আমাদিগকে শৃক্তে পরিণত করিতে পারে। এই পুনর্জন্মবাদে ভয় পাইবার কোন কারণ নাই, উহাই মাহুষের নৈতিক উন্নতির প্রধান সহায়ক। চিস্তাশীল ব্যক্তিদের ইহাই থুক্তিসঙ্গত সিদ্ধান্ত। যদি পরে ভোমার অনস্তকাল অন্তিত্ব সন্তব হয়, তবে ইহাও সভ্য যে, তুমি অনস্তকাল ধরিয়া ছিলে; অগু কোনরূপ হইতে পারে না। এই মতের বিরুদ্ধে যে-সকল আপত্তি শুনিতে পাওয়া যায়, সেগুলি নিরাকরণ করিতে চেষ্টা করিতেছি। যদিও ভোমরা অনেকে এই আপত্তি-গুলিকে অকিঞ্চিৎকর বোধ করিবে, তথাপি ঐগুলির উত্তর দিতে হইবে, কারণ কখন কখন আমর্বা দেখিতে পাই, মহাচিস্তাশীল ব্যক্তিও অতি মৃর্থোচিত কথা বলিয়া থাকে। লোকে যে বলিয়া থাকে, 'এমন অসঙ্গত মতই নাই, যাহা সমর্থন করিবার জ্ঞা কোন-না-কোন দার্শনিক জ্ঞাসর না হন'---এ-কথা অতি সত্য। এ-বিষয়ে প্রথম আপত্তি এই--জনাস্ভবের কথা আমাদের স্মরণ থাকে না কেন? আমরা কি এই জ্বেরেই স্বতীত ঘটনা সব স্মরণ করিতে পারি ? তোমাদের মধ্যে কয়জনের শৈশবকালের কথা মনে পড়ে ? শৈশ্বকালের কথা তোমাদের কাহারও মনে পড়ে না; আর ষদি শ্বভি-শক্তির উপর তোমার অন্তিত্ব নির্ভর করে, তবে ভোমার মনে নাই বলিয়া ঐ শৈশবাবস্থায় তোমার অন্তিত্বও ছিল না—এই কথা বলিতে হইবে। আমরা যদি স্মরণ করিতে পারি, তবেই পূর্বজন্মের অন্তিত্ব স্বীকার করিব, ইহা বলা চরম নিব্জিতা। আমাদের প্রজন্মের কথা যে স্মরণ থাকিবেই—ইহার কি

> Reincarnation or transmigration of the Soul

কোন হেতু আছে ? সেই মন্তিক নাই, ভাহা একেবারে ধ্বংস হইরা গিয়াছে, এবং নৃতন একটি মন্তিক হইরাছে। অভীতে অজিত সংস্থারগুলির সমষ্টি আমাদের মন্তিকে আদিয়াছে—উহা লইরা মন এই শরীরে বাস করিভেছে।

এইক্ষণে আমি ঠিক বেমনটি আছি, তাহা আমার অনস্ত অতীতের কর্ম-ফলস্বরূপ। আর সেই সম্গ্র অভীতকে শারণ করারই বা আমার কি প্রয়োজন ? কুদংস্কারের এমনি প্রভাব যে, যাহারা এই পুনর্জন্মবাদ অন্বীকার করে, ভাহারাই আবার বিশাদ করে, এক সময়ে আমরা বানর ছিলাম; কিছু তাহাদের বানরজন্ম কেন স্মরণ হয় না---এ বিষয়ে অমুসন্ধান করিছেও ভরসা করে না। যথন শুনি, কোন প্রাচীন ঋষি বা সাধু সভ্য প্রভ্যক্ষ করিয়াছেন, আমরা আধুনিকেরা তাঁহাকে নির্বোধ বলিয়া থাকি; কিন্তু যদি কেহ বলে, হাক্সলি ইহা বলিয়াছেন, টিগুল ইহা বলিয়াছেন, তথন আমরা বলি উহা অবশ্রই পত্য হইবে—অমনি আমরা তাহা মানিয়া লই। প্রাচীন কুদংস্কারের পরিষর্ভে আমরা আধুনিক কুদংস্কাব আনিয়াছি, ধর্মের প্রাচীন পোপের পরিবর্তে আমরা বিজ্ঞানের আধুনিক পোপ বদাইয়াছি। অভএব আমরা দেখিলাম, শ্বৃতি সম্বন্ধে যে আপত্তি, তাহা সত্য নহে। আর এই পুনর্জন্ম সম্বন্ধ যে গুরুতর আপত্তি উঠিয়া থাকে, তাহার মধ্যে ইহাই একমাত্র আপত্তি, যাহা বিজ্ঞ লোকে আলোচনা করিতে পারেন। যদিও দেখিয়াছি, পুনর্জন্মবাদ প্রমাণ করিতে হইলে তাহার দলে দলে স্থতিও থাকিবে—ইহা প্রমাণ করার কোন প্রয়োজন নাই, তথাপি আমরা ইহা দৃঢ়ভাবে বলিভে পারি যে, অনেকের এরপ শ্বতি দেখা যায়, আর তোমরাও সকলে যে-জন্মে মৃক্তিলাভ করিবে, দেই ভন্মে এই স্থৃতি লাভ করিবে। কেবল তথনই জানিতে পারিবে—জগৎ স্বপ্নাত্র, তথনই অস্তরের অস্তরে বৃঝিবে ধে, আমরা এই জগঠত অভিনেতামাত্র, আর এই জগৎ রক্তৃমি, তথনই প্রবলবেগে অনাসক্তির ভাব ভোমাদের ভিতর আদিবে, তখনই ষত ভোগভৃষ্ণা—জীবনের উপর এই ভীত্র আগ্রহ-এই সংসার চিরকালের জন্ম চলিয়া যাইবে। তথন তৃষি স্পষ্টই দেখিবে, তৃমি জগতে কডবার আদিয়াছ, কড লক্ষ লক্ষ বার তৃমি পিতামাতা পুত্ৰকন্তা স্বামী-ন্ত্ৰী বন্ধু এশ্বৰ্ষ শক্তি লইয়া কাটাইয়াছ। কতবার এই-সকল আসিয়াছে, কতবার চলিয়া গিয়াছে। কতবার তুমি সংসার-তরদের উচ্চ চূড়ায় উঠিয়াছ, আবার কতবার তুমি নৈরাঞ্চের গভীর গহ্বরে নিমজ্জিত হইয়াছ। যথন শ্বৃতি তোমার নিকট এই-সকল আনিয়া দিবে, তথনই কেবল তুমি বীরের স্থায় দাঁডাইবে, এবং জগং তোমায় জ্রভদী করিলে তুমি শুধু হাসিবে। তথনই তুমি বীরের স্থায় দাঁড়াইয়া বলিতে পারিবে—'মৃত্যু, তোমাকেও আমি গ্রাহ্ম করি না, তুমি আমাকে কি ভয় দেখাও ?' যথন তুমি জানিতে পারিবে, তোমার উপর মৃত্যুর কোন শক্তি নাই, তথনই তুমি মৃত্যুকে জয় করিতে পারিবে। আর সকলেই কালে এই অবস্থা লাভ করিবে।

আত্মার যে পুনর্জন্ম হয়, ভাহার কি কোন যুক্তিযুক্ত প্রমাণ আছে? এভক্ষণ আমরা কেবল শহানিরাগ করিতেছিলাম, দেখাইতেছিলাম, পুনর্জন্মবাদ খণ্ডন করিবার যুক্তিগুলি অকিঞ্চিংকর। এখন পুনর্জন্মের সপক্ষে ষে-সব যুক্তি আছে, তাহা বিবৃত হইতেছে। পুনর্জন্মবাদ ব্যতীত জ্ঞান অসম্ভব। মনে কর, আমি বান্তায় গিয়া একটা কুকুরকে দেখিলাম। উহাকে কুকুর বলিয়া জানিলাম কিরপে ? যথনই উহার ছাপ আমার মনের উপর পড়িল, উহার সহিত মনের ভিতরকার পূর্বদংস্কারগুলিকে মিলাইতে লাগিলাম। দেখিলাম—আমার যাবতীর পূর্বসংস্কার স্তরে সাজানো বহিয়াছে। নৃতন কোন বিষয় আদিবামাত্রই আমি ঐটিকে সেই প্রাচীন সংস্কারগুলির সহিত মিলাইয়া দেখি। যথনই দেখি, দেই ভাবের জার কতকগুলি সংস্থার রহিয়াছে, অম্নি আমি উহাদিগকে তাহাদের সহিত মিলাই, তথনই আমার তৃপ্তি আদে। আমি তথন উহাকে কুকুর বলিয়া জানিতে পারি, কারণ উহা পূর্বাবস্থিত কতক-গুলি সংস্থাবের সহিত মেলে। যথন উহার তুল্য সংস্থার আমার ভিতরে দেখিতে পাই না, তথনই আমার অতৃপ্তি আদে, এইরূপ হইলে উহাকে 'অজ্ঞান' বলে। আর তৃপ্তি হইলেই উহাকে 'জ্ঞান' বলে। খখন একটি আশেল পড়িল, তখনই মাহুষের মধ্যে অতৃপ্তি আদিল। ভারপর মাহুষ ক্রেমশঃ এরণ কতকগুলি ঘটনার মধ্যে একটি শ্রেণীবিভাগ দেখিতে পাইল। কি সেই খেণী? সকল আপেলই পড়িয়া থাকে। মাহুষ উহার 'মাধ্যাকর্বণ' সংজ্ঞা দিল। অতএব আমরা দেখিলাম—পূর্বে কতকগুলি অমুভূতি না পাকিলে নৃতন অমুভূতি অদন্তব, কারণ ঐ নৃতন অমুভূতির সহিত মিলাইবার আর কিছু পাওয়া যাইবে না। অতএব কতিপয় ইওরোপীয় দার্শনিকের মতে 'বালক ভূমিষ্ঠ হইবার সময় সংস্কারশৃষ্ঠ মন লইয়া আসে'---এ-কথা

যদি সভা হয়, ভবে এক্স বালক কথনও কিছুমাত্র মানদিক শক্তি অর্জন ক্রিতে পারিবে না, কারণ ভাছার নৃতন অহভূতিগুলি মিলাইবার অস্ত আর কোন সংস্থার নাই। অভএৰ দেখিলাম, এই পূর্বসঞ্চিত জ্ঞানভাগ্রার ব্যতীত নৃতন কোন জান হওয়া অসম্ভব। বাতবিক আমাদের সকলকেই পূর্বদঞ্চিত জ্ঞানভাণ্ডার দলে করিয়া লইয়া আদিতে হইয়াছে। অভিক্সতা হইতে জানলাভ হয়, আর কোন পথ নাই। যদি আমরা এখানে এ জান লাভ না করিয়া থাকি, অবশুই আমরা অপর কোথাও উহা লাভ করিয়া থাকিব। মৃত্যুভয় সর্বএই দেখিতে পাই কেন? একটি কুকুট এইমাত্র ডিম হইতে বাহির হইয়াছে—একটি বাজপাধি আসিল, অমনি সে ভয়ে মায়ের কাছে পলাইয়া গেল। কোথা হইতে ঐ কুকুটশাবকটি শিখিল যে, কুরুট বাজের ভক্য ় ইহার একটি পুরাতন ব্যাখ্যা আছে, কিন্তু উহাকে ব্যাখ্যাই বলা যাইতে পারে না। উহাকে স্বাভাবিক সংস্কার (instinct) বলা হয়। যে কৃত কুকুটটি এইমাত্র ডিম্ব হইভে বাহির হইয়াছে, ভাহার এরপ মরণভীতি আদে কোথা হইতে ? ডিম্ব হইতে সন্থ বহির্গত হংস জলের নিকট আসিলেই, জলে ঝাঁপ দিয়া পড়ে এবং সাঁতার দিতে থাকে কেন ? উহা কথন সাঁভার দেয় নাই, অথবা কাহাকেও সাঁভার দিতে দেখে নাই। লোকে বলে উহা 'স্বান্তাবিক জ্ঞান'। 'স্বান্তাবিক জ্ঞান' বলিলে একটা খুব नश-চওড়া কথা বলা হইল বটে, কিন্তু উহা আমাদিগকে নৃতন किছूरे निथारेन ना।

এই যাভাবিক জ্ঞান কি, তাহা আলোচনা করা যাক। আমাদের
নিজেদের ভিতরই শত প্রকারের যাভাবিক জ্ঞান রহিয়াছে। মনে কর,
একজন পিরানো বাজাইতে শিথিতে আরম্ভ করিল। প্রথমে তাহাকে
প্রত্যেক পরদার দিকে নজর রাখিয়া তবে উহার উপর অকুলি প্ররোগ করিতে
হয়; কিছু জনেক মান, অনেক বৎসর অভ্যাস করিতে করিতে উহা
যাভাবিক হইয়া দাঁড়ায়, আপনা-আপনি হইতে থাকে। এক সময়ে ইহাতে
জ্ঞানপূর্বক ইচ্ছার প্রয়োজন হইত, এখন আর উহার প্রয়োজন থাকে না,
জ্ঞানপূর্বক ইচ্ছার প্রয়োজন হইত, এখন আর উহার প্রয়োজন থাকে না,
জ্ঞানপূর্বক ইচ্ছার ব্যতীতই উহা নিপার হইতে পারে, ইহাকেই বলে স্বাভাবিক
জ্ঞান। প্রথমে ইহা ইচ্ছানহ কৃত ছিল, পরিশেষে উহাতে আর ইচ্ছার
প্রয়োজন রহিল না। কিছু স্বাভাবিক জ্ঞানের তত্ত্ব এখনও সম্পূর্ণ বলা হয়

নাই, অর্ধেক কথা বলিতে এখনও বাকি আছে। যে-সকল কার্য এখন আমাদের ঘাভাবিক, তাহার প্রায় সবগুলিকেই আমাদের ইচ্ছার অধীনে আনা বাইতে পারে। শরীরের প্রত্যেক পেশীই আমাদের অধীনে আনা বাইতে পারে। এ বিষয়টি আজকাল সাধারণের ভালভাবেই জানা আছে। অতএব অন্বয়ী ও ব্যতিরেকী—ছই উপায়েই প্রমাণিত হইল যে, যাহাকে আমরা খাভাবিক জ্ঞান বলি, তাহা ইচ্ছাকৃত কার্যের অবনত ভাব মাত্র। অতএব ধখন সমৃদয় প্রকৃতিতেই এক নিয়ম রাজ্য করিতেছে, তখন সমগ্র স্বষ্টিতে 'উপমান'-প্রমাণের প্রয়োগ করিয়া অবশ্রই দিয়ান্ত করিতে পারা যায়, নিয়তর প্রাণীতে এবং মাছবে যাহা আভাবিক জ্ঞান বলিয়া প্রতীয়মান হয়, তাহা ইচ্ছার অবনত ভাবমাত্র।

আমরা বহির্জগতে যে নিয়ম পাইয়াছিলাম, অর্থাৎ প্রত্যেক ক্রমবিকাশপ্রক্রিয়ার পূর্বেই একটি ক্রমসঙ্কোচ-প্রক্রিয়া বর্তমান, আর ক্রমসঙ্কোচ হইলেই
উহার সঙ্গে ক্রমবিকাশও থাকিবে—এই নিয়ম খাটাইয়া আমরা স্বাভাবিক
জ্ঞানের কি ব্যাখ্যা লাভ করি? স্বাভাবিক জ্ঞান তাহা হইলে বিচারপূর্বক কার্যের ক্রমসঙ্কোচভাব হইয়া দাঁড়াইল। অভএব মাসুষে বা পশুডে
বাহাকে স্বাভাবিক জ্ঞান বলি, তাহা অবশুই পূর্ববর্তী ইচ্ছাকৃত কার্যের
ক্রমসঙ্কোচভাব হইবে। আর ইচ্ছাকৃত কার্য বলিলেই পূর্বে আমরা অভিজ্ঞতা
লাভ করিয়াছিলাম, স্বীকার করা হইল। পূর্বকৃত কার্য হইতে এ সংস্কার
আসিয়াছিল, আর এ সংস্কার এখনও বর্তমান। এই মৃত্যুভীতি, এই
জ্মিবামাত্র ক্রলে সস্তরণ আর মহয়ের মধ্যে বাহা কিছু অনিচ্ছাকৃত স্বাভাবিক
কার্য রহিয়াছে, সবই পূর্ব কার্য ও পূর্ব অহ্নভূতির ফল—এখন স্বাভাবিক
জ্ঞানুক্রপে পরিণত হইয়াছে।

এতক্ষণ আমরা বিচারে বেশ অগ্রসর হইলাম, আর এতদ্র পর্যন্ত আধুনিক বিজ্ঞানও আমাদের সহায়। আধুনিক বিজ্ঞানবিদেরা ক্রমে ক্রমে প্রাচীন ঋবিদের শহিত একমত হইতেছেন, এবং তাঁহাদের যতটুকু প্রাচীন ঋবিদের সক্ষে মিলে ততটুকুতে কোন গোল নাই। বৈজ্ঞানিকেরা খীকার করেন যে, প্রত্যেক মাঠ্য এবং প্রত্যেক জীবজন্তই কতকগুলি অহুজুতির সমন্তি লইয়া জন্মগ্রহণ করে; তাঁহারা ইহাও মানেন যে, মনের এই-সকল কার্য পূর্ব অহুজুতির ফল। কিন্তু তাঁহারা এইখানে আর এক শন্ধা তুলিরা থাকেন।

তাঁহারা বলেন, ঐ অহত্তিগুলি বে আত্মার, ইহা বলিবার আবশুকতা কি ? উহা কেবল শরীরেরই ধর্ম বলিলেই তো হয়। উহা 'বংশাহজনিক সঞ্চার' (Hereditary transmission) এ-কথা বলিলেই তো হয়। ইহাই শেব প্রশ্ন। আমি বে-সকল সংস্কার লইয়া জ্মিয়াছি, তাহা আমার পূর্বপ্রুষদের সঞ্চিত সংস্কার, ইহাই বলো না কেন? স্কৃত্র জীবাণু হইতে সর্বশ্রেষ্ঠ মহয় পর্যন্ত সকলেরই কর্মসংস্কার আমার ভিতরে রহিয়াছে, কিন্তু উহা বংশাহজনিক সঞ্চারবশেই আমাতে আসিয়াছে। এইরূপ হইলে আর কি গোল থাকে? এই প্রশ্নটি অতি স্কলর। আমরা এই বংশাহজমিক সঞ্চারের কতক অংশ মানিয়াও থাকি। কতটুকু মানি? মানি কেবল এইটুকু বে উহা আমাদিগকে ভবিশ্বং শরীরের উপাদান প্রদান করে; আমরা আমাদের পূর্বকর্মের যারা শরীরবিশেষ আশ্রের করিয়া থাকি, আর বে-সকল পিতামাতা তাঁহাদের কার্মের হারা ঐ আত্মাকে সন্তানরূপে পাইবার উপযুক্ত হইয়াছেন, তাঁহাদের নিকট হইতেই নৃতন শরীরের উপাদান সংগৃহীত হয়।

বংশাস্ক্রমিক সঞ্চারবাদ বিনা প্রমাণেই একটি অভুত দিদ্ধান্ত স্বীকার করিয়া থাকে যে, মনের সংস্থাররাশির ছাপ জড়ে সঞ্চিত হইতে পারে। যথন আমি ভোমার দিকে ভাকাই, ভখন আমার চিত্তহ্রদে একটি ভরক উঠে। ঐ তরক চলিয়া যায়, কিন্তু স্থা তরকাকার থাকে। আমরা ইহা বুঝিতে পারি। শরীরের সংস্থার যে শরীরে থাকিতে পারে, তাহা আমরা বুঝি। কিন্তু শরীর ষধন নষ্ট হয়, তখন মানসিক সংস্কার শরীরে বাস করে, ইহার প্রমাণ কি ? কিসের দারা ঐ সংস্কার সঞ্চারিত হয় ? মনে কর, মনের প্রত্যেক সংস্কারের শরীরে বাদ করা দম্ভব ; মনে কর, আদিম মাহুষ হইতে আরম্ভ করিয়া বংশাহক্রমে দকল পূর্বপুরুষের সংস্কার আমার পিতার শরীরে রহিয়াছে এবং পিতার শরীর হইতে আমাতে আসিতেছে। কেমন করিয়া? তোমরা বলিবে—জীবাণ্-কোষের (bio-plasmic cell) খারা। কিন্তু কি করিয়া ইহা সম্ভব হইবে, কারণ পিতার শ্রীর তো সম্ভানে সম্পূর্ণ আসে না ? একই পিতামাভার অনেকগুলি সম্ভানসম্ভতি থাকিতে পারে। স্থতরাং এই বংশাহক্রমিক সঞ্চার-বাদ স্বীকার করিলে, ইছাও স্বীকার করা অবশ্রস্তাবী হইয়া পড়ে ষে, পিতা-মাভা প্রত্যেক সম্ভানের জন্মের সঙ্গে সঙ্গে তাঁহাদের নিজ মনোর্ভির কিঞ্চিংশ হারাইবেন, কারণ তাঁহাদের মতে সঞ্চারক ও সঞ্চার্য এক অর্থাং ভৌতিক;

আর যদি বলো, তাঁহাদের মনোবৃত্তিই সঞ্ারিত হয়, তবে বলিতে হয় প্রথম সম্ভানের জন্মের পরই তাঁহাদের মন সম্পূর্ণরূপে শৃক্ত হইয়া যাইবে।

আবার যদি জীবাণুকোষে চিরকালের অনস্ত সংস্থারসমষ্টি থাকে, তবে জিজ্ঞাস্ত এই, উহা কোথায় কিরূপেই বা থাকে ? ইহা একটি অত্যম্ভ অসম্ভব দৃষ্টি-ভদী। আর ষতদিন না এই জড়বাদীরা প্রমাণ করিতে পারেন, কি করিয়া ঐ সংস্কার ঐ কোষে থাকিতে পারে, আর কোথায়ই বা থাকিতে পারে, এবং 'মনোবৃত্তি শরীর কোষে নিদ্রিত থাকে', এই বাক্যেরই বা অর্থ কি, যতদিন না তাঁহারা বুঝাইতে পারেন, ততদিন তাঁহাদের দিদ্ধান্ত স্বীকার করিয়া লওয়া ষাইতে পারে না। এ পর্যন্ত বেশ স্পষ্ট বুঝা গেল যে, এই সংস্কার মনেরই মধ্যে বাস করে, মনই জন্মজনান্তর গ্রহণ করিতে আদে; মনই আপন উপযোগী উপাদান গ্রহণ করে, আর যে মন বিশেষ প্রকার শরীর ধারণ করিবার উপযুক্ত কর্ম করিয়াছে, যতদিন পর্যন্ত না সে তাহা নির্মাণ করিবার উপযোগী উপাদান পাইতেছে, ততদিন তাহাকে অপেকা করিতে হইবে। ইহা আমরা বুঝিতে পারি। অতএব আত্মার দেহ গঠনের উপযোগী উপাদান প্রস্তুত করা পর্যস্তুই বংশাহুক্রমিক সঞ্চারবাদ স্বীকার করা যাইতে পারে। আত্মা কিন্তু জন্মান্তর গ্রহণ করেন—শরীরের পর শরীর নির্মাণ করেন; আর আমরা যে-কোন চিন্তা করি, যে-কোন কার্য করি, তাহাই স্ক্রভাবে থাকিয়া যায়, আবার সময় হইলেই উহারা স্থল ব্যক্তভাব ধারণ করিতে উনাুথ হয়।

আমার যাহা বক্তব্য, তাহা তোমাদিগকে আরও স্পষ্ট করিয়া বলিতেছি।

যথনই আমি তোমাদের প্রতি দৃষ্টপাত করি, তথনই আমার মনে একটি তরক

উঠে। উহা যেন চিত্তঃদের ভিতর ডুবিয়া যায়, ক্রমশ: স্ক্র হইতে স্ক্রতর

হইতে থাকে, কিন্তু উহার একেবারে নাশ হয় না। যে-কোন মূহুর্তে

যুভিরূপ তরকাকারে উঠিতে প্রস্তুত হইয়া উহা মনের মধ্যেই বর্তমান থাকে।

এইরূপেই এই সমৃদ্য় সংস্কারসমন্তি আমার মনেই রহিয়াছে, আর মৃত্যুকালে

উহাদের সমন্তি আমার দক্ষেই বাহির হইয়া যায়। মনে কর, এই ঘরে একটি

বল রহিয়াছে, আর আমরা প্রত্যেকেই হাতে একটি ছড়ি লইয়া সব দিক

হইতে ইহাকে আঘাত করিতে আরম্ভ করিলাম; বলটি ঘরের এক ধার হইতে

আর এক ধারে বাইতে লাগিল, দরজার কাছে পেঁ!ছিবামাত্র, উহা বাহিরে

চলিয়া গেল। উহা কোন্ শক্তি লইয়া বাহিরে চলিয়া বায় ?—বভগুলি ছড়ি

মারা হইতেছিল, ভাহাদের শমবেত শক্তি। উহার গতি কোন্ দিকে হইবে, তাহাও এ-সকলের সমবেড ফলে নির্ণীত হইবে। এইরপ, শরীরের পতন হইলে আত্মার কোন্ দিকে গতি হইবে, ভাহা কে নির্ণয় করে? এ আত্মা বে-সকল কার্য করিয়াছে, বে-সকল চিস্তা করিয়াছে, দেইগুলিই উহাকে কোন বিশেষ দিকে পরিচালিত করিবে। ঐ আত্মানিজের মধ্যে ঐ-সকলের সংস্থার লইয়া গস্তব্যপথে অগ্রসর হইবে। যদি সমবেত কর্মফল এরপ হয় যে, পুন্র্বার ভোগের জন্ম উহাকে একটি নৃতন শরীর গড়িতে হইবে, তবে উহা এমন পিতা-মাতার নিকট যাইবে, যাহাদের নিকট হইতে সেই শরীবগঠনের উপধোগী উপাদান পাওয়া যাইতে পারে, আর সেই-সকল উপাদান লইয়া উহা একটি নৃতন শরীর গ্রহণ করিবে। এইরূপে ঐ আত্মা দেহ হইতে দেহাস্তরে যাইবে, কখন স্বর্গে যাইবে, আবার পৃথিবীতে আদিয়া মানবদেহ পরিগ্রহ করিবে; অথবা অক্স কোন উচ্চতর বা নিম্নতর জীবশরীর পরিগ্রহ করিবে। এইরূপে উহা অগ্রসর হইতে থাকিবে, ষতদিন না উহার অভিজ্ঞতা অর্জন শেষ হয়, এবং পূর্বস্থানে প্রত্যাবৃত্ত হয়। তথনই উহা নিব্দের স্বরূপ জানিতে পারে। তথন সমৃদয় অজ্ঞান চলিয়া যায়, নিজের শক্তিসমূহ প্রকাশিত হয়। তিনি তথন সিদ্ধ হইয়া ধান, পূর্ণতা লাভ করেন, ত্র্থন তাঁহার পক্ষে স্থূলশরীরের দাহায্যে কার্য করার কোন প্রয়োজন থাকে না—কুন্মশরীরের দারা কার্য করিবারও প্রয়োজন থাকে না। তথন তিনি স্বয়ংক্যোতি: ও মৃক্ত হইয়া যান, তাঁহার আর ক্রম বা মৃত্যু किছ्र हम ना।

এ সহদ্ধে আমরা এখন আর বিশেষ আলোচনা করিব না। পুনর্জন্মবাদ
সহদ্ধে আর একটি কথা বলিয়াই নিবৃত্ত হইব। এই মতই কেবল জীবাদ্মার
খাধীনতা ঘোষণা করে। এই মতই কেবল আমাদের সমৃদর ত্র্বলতার দোষ
অপর কাহারও ঘাড়ে চাপায় না। নিজের দোষ পরের ঘাড়ে চাপানোট।
মাহ্যের দাধারণ ত্র্বলতা। আমরা নিজেদের দোষ দেখিতে পাই না। চক্
কথনও নিজেকে দেখিতে পায় না। উহা অপর সকলের চক্ দেখিতে পায়।
মাহ্যে আমরা, ষতক্রণ অপরের ঘাড়ে দোষ চাপাইতে পারি, ততক্রণ নিজেদের
ত্র্বলতা, নিজেদের ক্রটি খীকার করিতে বড় নারাজ। মাহ্য সাধারণতঃ
নিজের দোষগুলি, নিজের অমক্রটিগুলি তাহার প্রতিবেশীর ঘাড়ে চাপাইতে
চায়, তাহা বদি না পারে, তবে ঈশবের ঘাড়ে চাপায়; তাহা না হইলে

অদৃষ্ট নামক একটি ভূতের কল্পনা করে এবং তাহারই উপর দোষারোপ করিয়া নিশ্চিন্ত হয়; কিন্তু কথা এই, 'অদৃষ্ট' নামে এই বস্তুটির স্বন্ধপ কি এবং উহা থাকেই বা কোথায় ? আমরা তো যাহা বপন করি, তাহাই পাইয়া থাকি।

আমরাই আমাদের অদৃষ্টের নির্মাতা। আমাদের অদৃষ্ট মন্দ হইলে কাহাকেও দোষী করিতে পার। যায় না, আবার ভাল হইলে প্রশংসাও অপর কেহ পায় না। বাতাস সর্বদাই বহিতেছে। যে-সকল জাহাজের পাল ধাটানো থাকে, সেইগুলিভেই বাতাস লাগে—তাহারাই পালভরে অগ্রসর হয়। যাহাদের পাল গুটানো থাকে, তাহাদিগের উপর বাতাস লাগে না। ইহা কি বায়ুর দোষ ? আমরা যে কেহ স্থী, কেহ বা দুঃখী, ইহা কি সেই করুণাময় পিতার দোষ ? তাঁহার কুপা-বাতাস দিবারাত্র অবিরত বহিতেছে, তাঁহার দয়ার শেষ নাই। আমরাই আমাদের অদৃষ্টের রচয়িতা। তাঁহার স্থ ত্বল বলবান্—সকলের জ্ঞা উদিত হয়। তাঁহার বায়ু সাধু পাপী—সকলের জ্ঞাই সমানভাবে বহিতেছে। তিনি সকলের প্রভু, সকলের পিতা, দয়াময়, সমদশী। তোমরা কি মনে কর, কুন্ত কুন্ত বস্ত আমরা যে দৃষ্টিতে দেখি, তিনিও দেই দৃষ্টিতে দেখিয়া থাকেন ? ঈশ্বর সম্বন্ধে ইহা কি ক্ষুত্র ধারণা ! আমরা ছোট ছোট কুকুরছানার মতো এখানে জীবন-মরণ সংগ্রাম করিতেছি এবং নির্বোধের মতো মনে করিতেছি, ভগবানও ঐ বিষয়গুলি ঠিক তেমনি গুরুত্বের সঙ্গে গ্রহণ করিবেন। এই কুরুবছানার খেলার অর্থ কি, ভাহা ভিনি বিলক্ষণ জানেন। তাঁহার উপর সব দোষ চাপানো, তাঁহাকে দণ্ড-পুরস্কারের কর্তা বলা নিরু দ্বিতামাত্র। তিনি কাহারও দণ্ডবিধান করেন না, কাহাকেও পুরস্কার দেন না। । সর্ব দেশে, সর্ব কালে, সর্ব অবস্থায় সকলেই তাঁহার অনস্ক দয়া পাইবার অধিকারী। উহার ব্যবহার কিরুপে করিব, ভাহা আমাদের উপরু নির্ভর করিতেছে। মাহুষ, ঈশ্বর বা অপর কাহারও উপর দোষারোপ করিও না। যথন নিজে কষ্ট পাও, তথন তাহার জন্ত নিজেকেই দোষী বলিয়া ধির কর এবং যাহাতে আপনার মঙ্গল হয়, তাহারই চেষ্টা কর।

পূর্বোক্ত সমস্তার ইহাই মীমাংসা। ষাহারা নিজেদের তৃঃখ-কটের জক্ত অপরের উপর দোষারোপ করে—হঃখের বিষয়, এমন লোকের সংখ্যাই দিন

১ গীতা, ৫।১৫

দিন বাড়িতেছে—তাহারা সাধারণতঃ হতভাগ্য তুর্বলমন্তিক লোক; তাহারা নিজেদের কর্মদোষে এ অবস্থায় আসিয়া পড়িয়াছে, এখন তাহারা অন্তের উপর দোষারোপ করিতেছে, কিন্তু তাহাতে তাহাদের অবস্থার কিছুমাত্র পরিবর্তন হয় না, উহাতে ভাহাদের কিছুমাত্র উপকার হয় না বরং অপরের ৰাড়ে দোষ চাপাইবার এই চেষ্টা ভাহাদিগকে আরও তুর্বল করিয়া ফেলে। অভএব ভোমার নিজের দোষের জন্ম কাহাকেও নিন্দা করিও না, নিজের পায়ে নিজে দাঁড়াও, সমৃদয় দায়িত নিজ ক্ষতে গ্রহণ কর। বলো, আমি যে কষ্ট ভোগ করিতেছি, তাহা আমারই কৃতকর্মের ফল। ইহা ঘারা প্রমাণিত হয় যে, আমার বারাই এই ত্ঃধকট দ্রীভূত হইবে। আমি বাহা স্ষ্টি করিয়াছি, আমিই ভাহা ধ্বংস করিতে পারি; অপরে যাহা স্ষ্টি করিয়াছে, আমি কখনও তাহা ধাংস করিতে সমর্থ হইব না। অতএব উঠ, সাহসী হও, বীর্ষবান্ হও। সব দায়িত নিজের উপর গ্রহণ কর—জানিয়া রাখো, তুমিই ভোমার অদৃষ্টের স্ষ্টিকর্তা। তুমি যে কিছু শক্তি বা সহায়তা চাও, তাহা তোমার ভিতরেই রহিয়াছে। অতএব তুমি এখন এই জ্ঞানবলে বলীয়ান্ হইয়া নিজের ভবিশ্বৎ গঠন করিতে থাকো। 'গভন্ত শোচনা নান্তি' —অনস্ত ভবিশ্বৎ ভোমার ≯সমুখে। সর্বদা মনে রাখিও, ভোমার প্রত্যেক চিন্তা, প্রত্যেক কার্যই সঞ্চিত থাকিবে; ইহাও শ্বরণ রাখিবে, ষেমন ভোমার ক্বত প্রত্যেক অনৎ চিন্তা ও অনৎ কার্ব তোমার উপর ব্যাদ্রের মতো লাফাইয়া পড়িতে উন্নত, তেমনি তোমার সংচিস্তা ও সংকার্যগুলি সহস্র দেবতার শক্তি লইয়া দর্বদা তোমাকে বক্ষা করিতে প্রস্তুত।

[আমেরিকার প্রদত্ত বক্তৃতা]

জীবাত্মার অমরত সম্বন্ধে প্রশ্ন মাহুষ যতবার জিজ্ঞাসা করিয়াছে, ঐ তত্তের রহস্ত উদ্ঘাটন করিতে মাহ্য সমগ্র জগৎ যত অধিক খুঁজিয়াছে, ঐ প্রশ মান্ব-জ্বদয়ের যেমন অন্তর্তর ও প্রিয়ত্র, ঐ প্রশ্ন আমাদের অন্তিজ্বের সহিত ষেমন অচ্ছেম্বভাবে জড়িত, তেমন আর কোন্ প্রশ্ন হইতে পারে ? কবিদিগের ইহা কল্পনার বিষয়, সাধু মহাত্মা জ্ঞানী—সকলেরই ইহা মহা চিস্তার বিষয়, সিংহাসনে উপবিষ্ট রাজা ইহা আলোচনা করিয়াছেন, পথের ভিখারীও এই অমরবের স্বপ্ন দেখিয়াছে। শ্রেষ্ঠ মানবগণ এই প্রশ্নের উত্তর পাইয়াছেন---অপরুষ্ট মাছ্যেরাও ইহা পাইবার আশা করিয়াছে। এই বিষয়ে লোকের আগ্রহ এখনও চলিয়া যায় নাই এবং ষতদিন মানবপ্রকৃতি থাকিবে, ততদিন যাইবে না। জগতে এই সম্বন্ধে অনেকে অনেক উত্তর দিয়াছেন। আবার ইতিহাদের প্রত্যেক যুগে দেখা ষায় যে, সহস্র সহস্র ব্যক্তি এই আলোচনা একেবারে অনাবখ্যক বলিয়া পরিত্যাগ করিয়াছেন, তথাপি এই প্রশ্ন তেমনি চিরনৃতন রহিয়াছে। অনেক সময় জীবন-সংগ্রামে ব্যস্ত থাকিয়া এই প্রশ্ন আমরা যেন ভূলিয়া যাই। হঠাৎ কেহ কালগ্রাদে পতিত হইল—এমন কেহ যাহাকে আমি হয়তো থুব ভালবাসিতাম, যে আমার প্রাণের প্রিয়তম ছিল, হঠাৎ মৃত্যু ভাহাকে আমাদের নিকট হইতে কাড়িয়া লইল, তথন যেন মৃহুর্তের জন্ম এই সংদারের দদ কোলাহল—সব থামিয়া গেল, আর আত্মার গভীরতম প্রদেশ হইতে দেই প্রাচীন প্রশ্ন জিজ্ঞাসিত হইতে লাগিল—ইহার পরে কি ? দেহাস্তে আ্থার কি গতি হয় ?

অভিজ্ঞতা হইতেই মাহুষের জ্ঞান হয়; হুখ দুঃখ সব অহুভব না করিলে আমরা কোন বিষয় শিক্ষা করিতে পারি না। আমাদের বিচার, আমাদের জ্ঞান এই-সকল সামাগ্রীকৃত অভিজ্ঞতার উপর নির্ভর করে। শ্রেণীবদ্ধ বিভিন্ন অভিজ্ঞতা ও উহাদের সামঞ্জশু সাধন করিয়াই আমরা জ্ঞান লাভ করি। চতুর্দিকে চাহিয়া আমরা কি দেখিতে পাই ? ক্রমাগ্রভ পরিবর্তন! বীল হইতে বৃক্ষ হয়, আবার ঘুরিয়া উহা বীলরপে পরিণত হয়। কোন প্রাণী জন্ম গ্রহণ করিল, কিছুদিন বাঁচিয়া মরিয়া গেল—এইরূপে খেন

একটি ব্লুভ সম্পূর্ণ হইল। মাছ্য সহছেও ভেমনি। এমন কি, পর্বভদ্মুহ **পर्य भीदा व्यथ** निन्धिज्ञा **अं** ड़ांडेग्रा बांडेर्डाह, नहीमकन भीदा व्यथह নিশ্চিভভাবে শুকাইয়া যাইভেছে। সমুদ্র হইভে বৃষ্টি আদিভেছে, উহা আবার সমূত্রে ষাইভেছে। সর্বত্রই এক একটি বৃত্ত--জন্ম বৃদ্ধি ও নাশ বেন নিভূল-ভাবে ষথাসময়ে একটির পর আর একটি আসিভেছে। ইহাই আমাদের প্রতিদিনের অভিজ্ঞতা। তথাপি কৃত্তম প্রমাণু হইতে আরম্ভ করিয়া উচ্চতম দিছপুরুষ পর্যন্ত লক্ষ লক্ষ প্রকারে বিভিন্ন নামরপযুক্ত বল্ভরাশির অভ্যম্ভবে ও অম্বরালে আমরা এক অধণ্ডভাব দেখিতে পাই। প্রতিদিনই আমরা দেখিতে পাই, যে তুর্ভেছ প্রাচীর এক পদার্থ হইতে আর এক পদার্থকে পৃথক্ করিতেছে বলিয়া মনে করা হইত, ভাহা আৰু ভাঙিয়া ঘাইতেছে; আধুনিক বিজ্ঞান সমৃদয় পদার্থকে একই বস্তু বলিয়া বুঝিতেছে, কেবল যেন দেই এক প্রাণশক্তিই নানাভাবে ও নানারপে আকারে প্রকাশ পাইভেছে, উহা ষেন সব কিছুর মধ্যে এক শৃঙ্খলরূপে বিভয়ান— এই-সকল বিভিন্ন রূপ যেন ভাহার এক একটি অংশ--জনম্বরূপে বিস্তৃত অথচ সেই এক শৃন্ধলেরই অংশ। ইহাকেই ক্রমোরতিবাদ বলে। এই ধারণা অতি প্রাচীন—মহয়সমাজ যত প্রাচীন, এই ধারণাও তত প্রাচীন। কেবল মাহুষের জ্ঞান যত বৃদ্ধি পাইতেছে, তত্ই উহা যেন আমাদের চকে আরও উজ্জলতররূপে প্রতিভাত হইতেছে। প্রাচীনেরা আর একটি বিষয় বিশেষরূপে ব্রিয়াছিলেন—'ক্রমদক্ষোচ'। কিন্তু আধুনিকেরা এই তত্তটি তত ভালরণ বুঝেন না। বীজই বৃক্ষ হয়, একবিন্দু বালুকণা কৰনও বৃক্ষ হয় না। পিতাই পুত্ৰ হয়, মৃত্তিকাখণ্ড কখন সন্তান-রূপে করে না। প্রশ্ন এই--এই ক্রমবিকাশ-প্রক্রিয়া আরম্ভ হইবার পূর্বের व्यवशां कि ? वीक भूर्व कि छिन ? उदा त्रहे वृक्तक्रत हिन। जे বীজে ভবিশ্বং একটি বৃক্ষের সন্তাবনা রহিয়াছে। ক্স শিশুতে ভবিশ্বং মামবের সম্দর শক্তি অন্তর্নিহিত বহিয়াছে। সর্বপ্রকার ভবিষ্যৎ জীবনই অব্যক্তভাবে বীব্দে রহিয়াছে। ইহার তাৎপর্ঘ কি ? ভারতের প্রাচীন দার্শনিকের। ইহাকে 'ক্রমণকোচ' বলিতেন। অতএব আমরা দেখিতে পাইভেছি, প্রভ্যেক ক্রমবিকাশের আদিতেই একটি 'ক্রমসংকাচ'-প্রক্রিয়া विशाहि। यादा भूर्व इटें छित ना, जाहात कथन क्रमिकान हरेए পারে না। এখানেও আধুনিক বিজ্ঞান আমাদিগকে দাহায্য করিয়া

থাকেন। গণিভের যুক্তি ছারা সঠিকভাবে প্রতিপন্ন হইয়াছে যে, জগতে যত শক্তির বিকাশ দেখা যায়, তাহাদের সমষ্টি সর্বদাই সমান। তুমি একবিন্দু জড় বা একটুকু শক্তি বাড়াইতে বা কমাইতে পার না। অতএব শৃষ্ঠ হইতে কখনই ক্রমবিকাশ হয় না; ভবে কোথা হইতে হয়? অবশ্য ইহার পূর্বে ক্রমদকোচ প্রক্রিয়া হইয়া থাকিবে। পূর্ববয়স্ক মাছ্যের ক্রমসকোচে শিশুর উৎপত্তি, আবার শিশু হইতে ক্রমবিকাশ-প্রক্রিয়ায় মাহুষের উৎপত্তি। সর্বপ্রকার জীবনের উৎপত্তির সম্ভাবনা তাহাদের বীব্দে রহিয়াছে। এখন এই সমস্তা যেন কিছু সরল হইয়া আদিতেছে। এখন এই তত্ত্বির সঙ্গে পূর্বকথিত সমৃদয় জীবনের অথগুত্বের বিষয় আলোচনা কর। কৃত্রতম জীবাণু হইতে পূৰ্ণতম মানব পৰ্যন্ত বান্তবিক একটি সত্তা-একটি জীবনই বর্তমান। যেমন এক জীবনেই আমরা শৈশব, যৌবন, বার্ধক্য প্রভৃতি বিবিধ অবস্থা দেখিতে পাই, সেইরূপ শৈশব-অবস্থার পূর্বে কি আছে, তাহা দেখিবার জন্ম বিপরীত দিকে অগ্রসর হইয়া দেখ, ষতক্ষণ না ভূমি জীবাণুতে উপনীত হও। এইরপে ঐ জীবাণু হইতে পূর্ণতম মাহষে পর্যন্ত ধেন একটি জীবনস্ত্র বিভয়ান। ইহাকেই ক্রমবিকাশ বলে এবং আমরা দেখিয়াছি, প্রত্যেক ক্রমবিকাশের পূর্বেই একটি ক্রমদঙ্কোচ রহিয়াছে। বে জীবনীশক্তি এই কৃত্ৰ জীবাণু হইতে আরম্ভ করিয়া ধীরে ধীরে পূর্ণভম মানৰ বা পৃথিবীতে আবিভূতি ঈশবাবতাররূপে ক্রমবিকশিত হয়—এই সবগুলি অবশ্বই জীবাণুতে স্ক্ষভাবে অবস্থান করিতেছিল। এই সমগ্র শ্রেণীটি সেই এক জীবনেরই অভিব্যক্তি মাত্র, আর এই সমৃদয় ব্যক্ত জগৎ সেই এক জীবাণুতেই অব্যক্তভাবে নিহিত ছিল। এই সমগ্র প্রাণশক্তি-এমন কি মর্ত্যে অবতীর্ণ ঈশর পর্যন্ত উহার মধ্যে অন্তর্নিহিত ছিলেন, অবতার-শ্রেণীর মানব পর্যন্ত অন্তর্নিহিত ছিলেন; কেবল ধীরে ধীরে, অতি ধীরে ক্রমশঃ অভিব্যক্তি হইয়াছে মাত্র। সর্বোচ্চ চরম অভিব্যক্তি যাহা, ভাহাও অবশ্রই জীবভাবে স্ক্রাকারে উহার ভিতরে বর্তমান ছিল—ভাহা হইলে যে এক শক্তি হইতে সমগ্র শ্রেণী বা শৃঞ্লটি আসিয়াছে, উহা কাহার ক্রম-সংহাচ ? সেই সর্বব্যাপী প্রাণশক্তির ক্রমসংহাচ আর এই বে ক্রভম জীবাণু নানা জটিল-যন্ত্ৰসম্বিত উচ্চতম বুদ্ধিশক্তির আধাররূপ, মানবাকারে অভিব্যক্ত হইতেছে, কোন্ বন্ধ ক্রমদক্ষিত হইয়া ঐ জীবাণু-জাকারে অবহান

করিভেছিল ? উহা সর্বব্যাপী চৈতস্ত্র—উহাই ঐ জীবাণুতে ক্রমসঙ্চিত হইয়া বর্তমান ছিল। উহা প্রথম হইতে পূর্ণভাবে বর্তমান ছিল। উহা বে একটু একটু করিয়া বাড়িতেছে, ভাহা নয়। বৃদ্ধির ভাব মন হইতে একেবারে দ্ম করিয়া দাও। বৃদ্ধি বলিলেই যেন বোধ হয়, বাহির হইতে কিছু আসিতেছে। বৃদ্ধি মানিলে জন্মীকার করিতে হয়—অনস্ত সকল প্রাণে অন্ধনিহিত আছে এবং উহা সর্বপ্রকার বাহ্যবন্ত্র-নিরপেক্ষ। এই সর্বব্যাপী চৈতন্তের কখন বৃদ্ধি হয় না, উহা সর্বদাই পূর্ণভাবে বর্তমান ছিল, কেবল এখানে অভিব্যক্ত হইল মাত্র।

বিনাশের অর্থ কি ? এই একটি প্লাস বহিয়াছে। আমি উহা ভূমিতে ফেলিয়া দিলাম, উহা চূর্ণবিচ্র্ণ হইয়া গেল। প্রশ্ন এই— গ্লাসটির কি হইল ? উহা স্ক্ররণে পরিণত হইল মাত্র। তবে বিনাশের কি অর্থ হইল? স্থুলের স্ক্ষভাবে পরিণতি। উহার উপাদান-পরমাণুগুলি একত্র হইয়া গ্লাস নামক 'কার্ষে' পরিণত হইয়াছিল। উহারা আবার উহাদের কাবণে চলিয়া যায়, আর ইহারই নাম নাশ—কারণে লয়। কার্য কি ? না, কারণের ব্যক্তভাব। নতুবা কার্য ও কারণে স্বরূপত: কোন ভেদ নাই। আবার ঐ গ্লাদের কথাই ধর। উহার উপাদানগুলি এবং উহার নির্মাতার ইচ্ছার সহযোগে উহা উৎপন্ন। এই হুইটিই উহার কারণ এবং উহাতে বর্তমান। নির্মাতার ইচ্ছাশক্তি এখন উহাতে কি ভাবে বর্তমান ?—সংহতিশক্তিরূপে। ঐ শক্তি না থাকিলে উহার প্রত্যেক পরমাণু পৃথক্ পৃথক্ হইয়া যাইত। তবে এখন কার্ঘটি কি ? উহা কারণের সহিত অভেদ, কেবল উহা আর একরূপ ধারণ করিয়াছে মাত্র। যথন কারণ নির্দিষ্ট কালের জন্ম বা নির্দিষ্ট স্থানের ভিতর পরিণত, ঘনীভূত ও সীমাবদ্ধ ভাবে অবস্থান করে, তথন ঐ কারণটিকেই 'কার্য' বলে। আমাদের ইহা মনে করিয়া রাখা উচিত। এই তত্তটিকে আমাদের জীবনের ধারণা-সম্বন্ধে প্রয়োগ করিলে দেখিতে পাই যে, জীবাণু ছইতে পূর্ণতম মাতুষ পর্যস্ত সমৃদয় শ্রেণীই ব্দবস্থা সেই বিশ্বসাপিনী প্রাণশক্তির সহিত অভেদ।

কিছ অমৃতত্ব সহজে প্রশ্ন এখানেও মিটিল না। আমরা কি পাইলাম ? আমরা পূর্বোক্ত বিচার হইতে এইটুকু পাইলাম বে, জগতে কিছুরই ধ্বংস হয় না। নৃতন কিছুই নাই—কিছু হইবেও না। সেই একই প্রকারের বছরাশি চক্রের জার পুন: পুন: উপস্থিত হইতেছে। অগতে যত গতি আছে,

সবই তরজাকারে একবার উঠিতেছে, একবার পড়িতেছে। কোটি কোটি বন্ধাও স্ক্ষত্র রূপ হইতে প্রস্ত হইতেছে—স্থূল রূপ ধারণ করিতেছে; আবার লয়প্রাপ্ত হইয়া স্ক্ষভাব ধারণ করিতেছে। আবার ঐ স্ক্ষভাব হইতে তাহাদের সুলভাবে আগমন – কিছুদিনের জন্ম দেই অবস্থায় স্থিতি, আবার ধীরে ধীরে সেই কারণে গমন। তবে কি যায় ? না—রূপ, আরুতি। দেই রূপটি নষ্ট হইয়া যায়, আবার আদে। একভাবে ধরিতে গেলে, এই শরীর পর্যন্ত অবিনাশী। একভাবে দেহদকল এবং রূপদকলও নিত্য। মনে কর, আমরা পাশা থেলিভেছি, ৬।৩।৯ পড়িল। আমরা আবার খেলিভে লাগিলাম। এইরপে ক্রমাগত খেলিতে খেলিতে এমন এক সময় নিশ্চয় আসিবে, যথন আবার ভাতান পড়িবে। আবার খেলিতে থাকো, আবার উহা পড়িবে, কিন্তু অনেককণ পরে। আমি এই জগতের প্রত্যেক পরমাণুকেই এক একটি পাশার সহিত তুলনা করিতেছি। এইগুলিকেই বার বার ফেলা হইতেছে, উহারা বারংবার নানাভাবে পড়িতেছে। এই ভোমাদের সমুখে ষে-সকল পদার্থ রহিয়াছে, তাহারা পরমাণুগুলির এক বিশেষ প্রকার সন্নিবেশে উৎপন্ন। এই এখানে গেলাদ, টেবিল, জলের কুঁজা প্রভৃতি রহিয়াছে। উহারা ঐ পরমাণ্ গুলির সমবায়বিশেষ—মৃহুর্ভ্ পরেই হয়তো ঐ সমবায়গুলি নষ্ট হইয়া যাইতে পারে। কিন্তু এমন এক সময় অবশ্রই আদিবে, যথন আবার ঠিক ঐ সমবায়গুলি আসিয়া উপস্থিত হইবে—যখন তোমরা এখানে উপস্থিত থাকিবে, এই কুঁজা ও অন্যান্য যাহা কিছু বহিয়াছে, তাহারাও ঠিক ভাহাদের যথাস্থানে থাকিবে, **আর ঠিক এই বিষয়েই আলোচনা হইবে। অনস্ত** বার এইরূপ হইয়াছে এবং অনস্ত বার এইরূপ হইবে। আমরা স্থুল, বাহু বস্তুসমূহের ভালোচনা করিয়া উহা হইতে কি তব পাইলাম? পাইলাম, অনন্তকাল ধরিয়া এই ভৌতিক পদার্থসমূহের সমবায়ের পুনরাবৃত্তি হইভেছে।

এই দক্তে আর একটি প্রশ্ন আদে—ভবিশ্বৎ জানা সম্ভব কি না ? আপনারা অনেকে হয়তো এমন লোক দেখিয়াছেন, যিনি কোন ব্যক্তির ভূত-ভবিশ্বৎ সব বিলিয়া দিতে পারেন। যদি ভবিশ্বৎ কোন নিয়মের অধীন না হয়, তবে ভবিশ্বৎ সম্বন্ধে বলা কিরণে সম্ভব ? কিন্তু আমরা পূর্বেই দেখিয়াছি, অতীত ঘটনারই ভবিশ্বতে পুনরাবৃত্তি হইরা থাকে। যাহা হউক, ইহাতে কিন্তু আন্থাব

কিছুমাত্র কভিবৃদ্ধি নাই। নাগরদোলার কথা মনে কর। উহা অনবর্থত ঘূরিতেছে। একদল লোক আসিতেছে—ভাহার এক একটাতে বসিতেছে। সেটি ঘূরিয়া আবার নীচে আলিতেছে। সেই দল নামিয়া গেল—আর একদল আদিল। কৃত্রতম জন্ধ হইতে উচ্চতম মাহ্র্য পর্যন্ত প্রকৃতির এই প্রত্যেক রূপটিই বেন এই একটি দল, আর প্রকৃতিই এই বৃহৎ নাগরদোলা ও প্রত্যেক শ্রীর বা রূপ এই নাগরদোলার এক একটি ঘর্ষরূপ। এক এক দল নৃতন আত্মা উহাদের উপর আবোহণ করিতেছে এবং যতদিন না পূর্ণ হইতেছে, ততদিন উচ্চ হইতে উচ্চতর পথে ঘাইতেছে এবং ঐ নাগরদোলা হইতে বাহির হইয়া আসিতেছে। কিন্তু ঐ নাগরদোলা থামিতেছে না, উহা সর্বদা চলিতেছে—সর্বদাই অপরকে গ্রহণ করিবার জন্ম প্রস্তুত হইয়া আছে; এবং যতদিন শরীরগুলি এই চক্রের ভিতর, এই নাগরদোলার ভিতর রহিয়াছে, ততদিন শিশুরই গণিতের মতো সঠিকভাবে বলা ঘাইতে পারে যে, এগুলি কোথার ঘাইবে, কিন্তু আত্মা সম্বন্ধে তাহা বলা অসম্ভব। অতএব প্রকৃতির ভূত ও ভবিত্রৎ গণিতের মতো সঠিকভাবে বলা সম্ভব।

আমরা দেখিলাম, জড়-পরমাণ্দকল এখন যেভাবে সংহত রহিয়াছে, সময়বিশেষে পুনরায় তাহাদের অফ্রপ সংহতি হইয়া থাকে। অনস্তকাল ধরিয়া এই জগৎ প্রবাহরূপে নিত্য। কিন্তু ইহাতে তো আত্মার অমরত্ব প্রতিপন্ন হইল না। আমরা ইহাও দেখিয়াছি যে, কোন শক্তিরই নাশ হয় না, কোন জড়বস্তকে একেবারে ধ্বংস করা যাইতে পারে না।

তবে জড়বন্ধর কি হয়? উহার নানারপ পরিণাম হইতে থাকে, অবশেষে ষেখান হইতে উহার উৎপত্তি হইয়াছিল, সেইখানে উহা প্নরার্ত্ত হয়। সরলরেখার কোন গতি হইতে পারে না। প্রত্যেক বন্ধই ঘ্রিয়া ফিরিয়া আবার পূর্বহানে প্রত্যাগৃত্ত হয়, কারণ সরলরেখা অনম্ভভাবে বর্ষিত করিলে রুত্তে পরিণত হয়। তাহাই ষদি হইল, তবে কোন আত্মারই অনম্ভকালের জ্বল্থ অবনতি হইতে পারে না—উহা হইতেই পারে না। এই জগতে প্রত্যেক জিনিসই শীল্ল বা বিলম্বে নিজ রিজ রুত্তগতি সম্পূর্ণ করিয়া আবার নিজের উৎপত্তিহানে উপনীত হয়। তুমি, আমি আর এই-সকল আত্মা কি ? আমরা পূর্বে ক্রমসন্ধোচ-ও ক্রমবিকাশ-তত্ত্ব আলোচনা করিবার সময় দেখিরাছি, তুমি আমি সেই বিরাট বিশ্বব্যাপী চৈতত্ত্ব বা প্রাণ বা

মনের অংশবিশেষ; আমরা উহারই ক্রমদকোচ। স্বতরাং আমরা আবার ঘ্রিয়া ক্রমবিকাশ-প্রক্রিয়া অন্থারে দেই বিশ্বব্যাপী চৈতক্তে ফিরিয়া বাইব—এ বিশ্বব্যাপী চৈতক্তই ঈশর। দেই বিশ্বব্যাপী চৈতক্তকেই লোকে প্রভু, ভগবান, গ্রীষ্ট, বৃদ্ধ বা ব্রহ্ম বলিয়া থাকে—জড়বাদীরা উহাকেই শক্তিরূপে উপলব্ধি করে এবং অক্তেয়বাদীরা ইহাকেই দেই অনস্ত অনির্বচনীয় সর্বাতীত বস্ত বলিয়া ধারণা করে। উহাই দেই বিশ্বব্যাপী প্রাণ, উহাই বিশ্বব্যাপী চৈতক্ত, উহাই বিশ্বব্যাপিনী শক্তি এবং আমরা সকলেই উহার অংশস্ক্রপ।

কিন্তু আত্মার অমরত্ব-প্রমাণে ইহাও পর্যাপ্ত হইল না। এখনও অনেক সংশয়—অনেক আশহা বহিয়া গেল। কোন শক্তির নাশ নাই—এ-কথা শুনিতে প্র মিষ্ট বটে, কিন্তু বাস্তবিক আমরা যত শক্তি দেখিতে পাই, সবই ামপ্রণোংপন্ন; যত রূপ দেখিতে পাই, তাহাও মিপ্রণোৎপন্ন। যদি তৃমি শক্তিসহন্ধে বিজ্ঞানের মত ধরিয়া উহাকে কতকগুলি শক্তির সমষ্টিমাত্র বলো, তবে তোমার 'আমিত্ব' থাকে কোথায়? যাহা কিছু মিপ্রণে উৎপন্ন, তাহাই শীঘ্র বা বিলম্বে ইহাদের উপাদান-পদার্থে লন্ন পাইবে; যাহা কিছু কতকগুলি কারণের সম্বায়ে উৎপন্ন, তাহারই মৃত্যু—বিনাশ অবশ্রম্ভাবী। শীদ্র বা বিলম্বে উহা বিশ্লিপ্ত হইবে, ভগ্ন হইবে, উহাদের উপাদান-পদার্থে পরিণত হইবে। আত্মা শারীরিক শক্তি বা চিম্বাশক্তি নহে। উহা চিম্বাশক্তির প্রহা; কিন্তু উহা চিম্বাশক্তি নহে। উহা শরীরের গঠনকর্তা, কিন্তু উহা শরীর নহে। কেন ? শরীর কথন আত্মা হইতে পারে না; কারণ শরীর চৈতত্যবান্ নহে। মৃত ব্যক্তি অথবা কদাই-এর দোকানের একথণ্ড মাংস কথন চৈতত্যবান্ নহে। আমরা 'চৈতত্য' শব্দে কি বুঝি ?—প্রতিক্রিয়া-শক্তি।

শার একটু গভীরভাবে এই তন্তটি আলোচনা করা যাক। সমুখে এই কুঁজাটি দেখিতেছি। এখানে ঘটতেছে কি ? এ কুঁজা হইতে কভকগুলি আলোককিরণ আসিয়া আমার চক্ষে প্রবেশ করিতেছে। উহারা আমার অক্ষিজালের (retina) উপর একটি চিত্র প্রক্ষেপ করিতেছে। আর এ ছবি যাইয়া আমার মন্তিছে উপনীত হইতেছে। শরীরতত্তবিদ্দাণ যাহাদিগকে সংক্ষাবহ সায় বলেন, তাহাদিগের দারা এ চিত্র ভিতরে মন্তিকে নীত হয়। তথাপি তথন পর্যন্ত দর্শনক্রিয়া সম্পূর্ণ হয় না। কারণ এ পর্যন্ত ভিতর হুট্তে কোন প্রতিক্রিয়া আগে নাই। মন্তিকের ভিতর সায়ুকেন্দ্র উহাকে

মনের নিকট লইয়া বাইবে, আর মন উহার উপর প্রতিক্রিয়া করিবে। এই প্রতিকিরা হইবামাত ঐ কুঁজা আমার সমূধে ভাগিতে থাকিবে। একটি সহজ উদাহরণের ছারা ইহা অনায়াসেই বুঝা হাইবে। মনে কর, খুব একাগ্র-মনে আমার কথা শুনিভেছ, আর একটি মশা ভোমার নাদিকাগ্রে দংশন করিভেছে, কিন্তু তুমি আমার কথা শুনিতে এতদ্র অভিনিবিষ্ট বে, তুমি মশার কামড় মোটেই অহভব করিতেছ না। এখানে কি ব্যাপার হইতেছে ? মশাটি তোমার চামড়ার থানিকটা দংশন করিয়াছে; সেই স্থানে অবশ্র কতকগুলি প্রায়ু আছে; ঐ প্রায়ুগুলি মহিছে সংবাদ বহন করিয়া লইয়া গিয়াছে; দেই ধারণা দেখানে রহিয়াছে; কিন্তু মন অক্তদিকে নিযুক্ত থাকায় প্রতিক্রিয়া করে নাই, স্থতরাং তুমি মশকের দংশন টের পাও নাই। আমাদের সামনে নৃতন চিত্র আসিল, কিন্তু মনে প্রতিক্রিয়া হইল না—এরপ হইলে আমরা উহার সম্বন্ধ জানিতেই পারিব না, কিছ প্রতিক্রিয়া হইলেই উহার জ্ঞান আদিবে—তখনই আমরা দেখিতে, শুনিতে এবং অমুভব করিতে সমর্থ হুইব। এই প্রক্রিয়ার সঙ্গে সঙ্গে জ্ঞানের প্রকাশ হুইয়া থাকে। অভএব আমরা বুঝিভেছি, শরীর প্রকাশ করিতে পারে না, কারণ আমরা দেখিভেছি যে, যথন আমার মনোযোগ ছিল না, তথন আমি অহতেব করি নাই। এমন ঘটনা জানা গিয়াছে, যাহাতে বিশেষ অবস্থায় একজন—বে-ভাষা কখন শিখে নাই, সেই ভাষা বলিতে সমর্থ হইয়াছে। পরে অহুণন্ধান করিয়া জানা গিয়াছে, সেই ব্যক্তি অতি শৈশবাৰস্থায় এমন জাতির ভিতর বাস করিত, ষাহারা ঐ ভাষায় কথা বলিত—সেই সংস্কার তার মন্তিক্ষের মধ্যেই ছিল। সেইগুলি সেখানে সঞ্চিত ছিল; তারপর কোন কারণে মনে প্রতিক্রিয়া হইল —তথনই জ্ঞান আদিল। আর দেই ব্যক্তি দেই ভাষা বলিতে সমর্থ হইল। ইহাতেই আবার দেখা ঘাইতেছে, কেবল মনই পধাপ্ত নয়, মনও কাহারও হাতে যন্ত্ৰ মাত্ৰ। ঐ লোকটির বাল্যকালে তাহার মনের ভিতরই সেই ভাষা ছিল-কিছ সে উহা জানিত না, কিছ অবশেষে এমন এক সময় আদিল, যথন দে উহা জানিতে পারিল। ইহা ছারা প্রমাণিত হয় যে, মন ছাড়া আর কেহ আছেন—লোকটির শৈশবে সেই 'আর কেহ' ঐ শক্তির ব্যবহার করেন নাই, কিছু ব্ধন দে বড় হইল তখন তিনি উহার ব্যবহার করিলেন। প্রথম-এই শরীর, ভারপর মন অর্থাৎ চিস্তার বন্ত্র, ভারপর এই মনের পশ্চাভে

দেই 'আত্মা'। আধুনিক দার্শনিকগণ বেহেতু মনে করেন, চিস্তা মন্তিকস্থ পরমাণুর পরিবর্তনের সহিত অভিন্ন, দেকত তাঁহারা পূর্বোক্ত ব্যাপারটি ব্যাখ্যা করিতে পারেন না; সেইজত তাঁহারা সাধারণতঃ উহা একেবারে অত্থীকার করিয়া থাকেন।

যাহা হউক, মনের সহিত কিন্তু মন্তিকের বিশেষ সমন্ধ এবং শরীরের নাশ হইলে উহা কার্য করিতে পারে না। আত্মাই একমাত্র প্রকাশক-মন উহার ষত্রশ্বরূপ; বহিঃস্থ চক্ষরাদি যন্ত্রে বিষয়ের চিত্র পতিত হয়, উহারা আবার ঐ চিত্রকে ভিতরে মন্তিষ্ককেন্দ্রে লইয়া যায়—কারণ তোমাদের স্মরণ রাখা কর্তব্য যে, চক্ষু কর্ণ প্রভৃতি কেবল ঐ চিত্রের গ্রাহকমাত্র; ভিডরের যন্ত্র অর্থাৎ মন্তিদকে দ্রুসমূহই কার্য করিয়া থাকে। সংস্কৃত ভাষায় ঐ মন্তিদকে দ্রুপ্তলিকেই ইন্দ্রির বলে—তাহারা ঐ চিত্রগুলিকে লইয়া মনের নিকট সমর্পণ করে; মন আবার উহাদিগকে আরও ভিতরে নিজেরই আর এক স্তর চিত্তের মধ্য দিয়া দিংহাসনে আসীন মহামহিমান্তিত রাজার রাজা আত্মার সমুথে স্থাপন করে। তিনি সব দেখিয়া যাহ। আবশুক, তাহা আদেশ করেন। তথনই মন ঐ মতিক্ষকেন্দ্র অর্থাৎ ইন্দ্রিয়গুলির উপর কার্য করে, উহারা আবার স্থূল শরীরের উপর কার্য করে। মাহুষের আত্মাই বাস্তবিক এই সমুদয়ের অহুভবকর্তা, শান্তা, স্রষ্টা--সবই। আমরা দেখিয়াছি, আত্মাশরীর নহে, মনও নহে। আত্মা কোন যৌগিক পদার্থ হইতে পারে না। কেন? কারণ বাহা কিছু যৌগিক পদার্থ, তাহাই আমাদের দর্শন বা কল্পনার বিষয়। যে জিনিস আমরা দর্শন বা কল্পনা করিতে পারি না, যাহাকে আমরা ধরিতে পারি না, যাহা শক্তি বা পদার্থ নহে, যাহা কারণ বা কার্য কিছুই নহে, তাহা যৌগিক হইতে পারে না। মনোজগৎ পর্যস্তই যৌগিক পদার্থের অধিকার—চি**ন্তাজগ**ৎ **আরও ব্যাপ**ক। ষৌগিক পদার্থ সমৃদয়ই নিয়মের রাজ্যের মধ্যে—নিয়মের রাজ্যের বাহিবে উহারা থাকিতে পারে না ; যদি থাকে তবে আর যৌগিক অবস্থায় নয়।

আরও পরিকার করিয়া বলা যাক। এই গেলাস একটি যৌগিক পদার্থ

—ইহার কারণগুলি মিলিত হইয়া এই কার্যরূপে পরিণত হইয়াছে। স্করাং
এই কারণগুলির সংহতি-রূপ গেলাস নামক যৌগিক পদার্থটি কার্যকারণ-নিয়মেব
অন্তর্গত। এইরূপে যেখানে যেখানে কার্যকারণ-সম্বন্ধ দেখা যাইবে—সেখানে
সেখানেই যৌগিক পদার্থের অন্তিম্ব স্বীকার করিতে হইবে। তাহার কাহিরে

উহার অভিত্যের কথা বলা বাতুলতা মাত্র। উহাদের বাহিরে আর কার্যকারণ-সম্বন্ধ খাটিতে পারে না--আমরা বে-জগৎ সম্বন্ধে চিস্তা ব। কল্পনা করিতে পারি, অথবা বাহা দেখিতে ভনিতে পারি, ভাহারই ভিতর কেবল নিয়ম খাটিভে পারে। আমরা আরও দেখিয়াছি যে, যাহা আমরা ইন্দ্রিয়দারা অহতব বা করনা করিতে পারি, ভাহাই আমাদের জগৎ; উহা বাহ্যবন্ধ হইলে আমরা ইক্রির্ছারা প্রত্যক্ষ করিভে পারি, আর ভিতরের বস্ত হইলে উহা মানস-প্রত্যক বা করনা করিতে পারি; অতএব যাহা আমাদের শরীরের বাহিরে, তাহা ইন্দ্রিয়ের বাহিরে এবং ৰাহা কল্পনার বাহিষে, ভাহা আমাদের মনের বাহিষে, স্থভরাং আমাদের জগতের বাহিরে। অতএব কার্যকারণ-সম্বন্ধের বাহিরে স্বাধীন শান্তা আস্থা বহিরাছেন; এবং এই আত্মা কার্যকারণ-নিরমের অন্তর্গত সব কিছু শাসন করিতেছেন। এই আত্মা নিয়মের অভীত, স্থতরাং অবশ্রুই তিনি মৃক্তস্থভাব; তিনি কোনরূপ মিশ্রণোৎপন্ন পদার্থ হুইতে পারেন না অথবা কোন কারণের কার্ব হইতে পারেন না। তাঁহার কখন বিনাশ হইতে পারে না, কারণ 'বিনাশ' অর্থে কোন যৌগিক পদার্থের স্বীয় মৌলিক উপাদানে প্রত্যাবর্তন। স্তরাং যাহা কথন সংযোগোৎপত্র ছিল না, তাহার বিনাশ হইবে কিরূপে ? তাহার মৃত্যু হয় বা বিনাশ হয় বলা নিছক প্রলাপেকি।

কিন্ত এখানেই প্রশ্নের চূড়ান্ত মীমাংসা হইল না। এইবারে আমরা বড় কঠিন জারগার আসিরা পৌছিরাছি—বড় স্কা সমস্তার আসিরা পড়িরাছি। তোমাদের মধ্যে অনেকে হয়তো ভর পাইবে। আমরা দেখিরাছি—পদার্থ শক্তি ও চিন্তা-রূপ ক্র জগতের অতীত বলিরা আআা একটি মূলবন্ত; স্তরাং উহার বিনাশ অসম্ভব। বাহার মৃত্যু নাই, তাহার জীবনও অসম্ভব। জার ও মৃত্যু একই জিনিলের এপিঠ ওপিঠ মাত্র। মৃত্যুর আর এক নাম জীবন এবং জীবনের আর এক নাম মৃত্যু। অভিব্যক্তির একটি রূপকে আমরা জীবন বলি, আবার উহারই অক্তপ্রকার রূপকে মৃত্যু বলি। তর্ত্বের উথানকে জীবন, আর পতনকে মৃত্যু বলি। বদি কোন বন্ত মৃত্যুর অতীত হয়, তবে ইহাও বৃঝিতে হইবে বে, ভাহা জারারও অতীত। প্রথম সিদ্ধান্তই এখন অবণ কর বে, মানবান্ধা সেই সর্ব্যাপী শক্তি অথবা ঈশবের প্রকাশমাত্র। আমরা এখন পাইলাম, আলা জারমৃত্যু উভয়েরই অতীত। ভোমার কখনও জার হয় নাই, ভোমার মৃত্যুও কথন হইবে না। জারমৃত্যু কি, কাহারই বা

হয়? জনমৃত্যু দেহের—আত্মা তো সদা সর্বদা বর্তমান। এ কিরুপে সম্ভব ? আমরা এই এখানে এতগুলি লোক বসিয়া রহিয়াছি, আর আপনি বলিতেছেন আত্মা সর্বব্যাপী! নিশ্চয়, ষে-জিনিস নিয়মেয় বাহিরে, কার্যকারণ-সম্বন্ধের বাহিরে, তাহাকে কিসে সীমাবন্ধ করিয়া রাখিতে পারে ? এই গেলাসটি সসীম—ইহা সর্বব্যাপী নহে, কারণ চারি-দিকের জড়রাশি উহাকে এরূপ বিশেষ আঞ্বতি-বিশিষ্ট হইরা থাকিতে বাধ্য করিয়াছে—উহাকে সর্বব্যাপী হইতে দিতেছে না। চারিদিকের সমুদয় বস্তুই উহার প্রভাব বিন্ডার করিতেছে—এই হেতু উহা সীমাবদ হইয়া বহিয়াছে। কিন্তু যাহা সকল নিয়মের বাহিরে, যাহার উপর কার্য করিবার কেহই নাই, ভাহাকে কিসে সীমাবদ্ধ করিয়া রাখিতে পারে ? উহা অবশ্রই সর্বব্যাপী হইবে। তুমি জগতের সর্বত্রই রহিয়াছ। তবে 'আমি জিমিলাম, মরিব'---এ-সকল ভাব কি ? এগুলি অজ্ঞানের কথা মাত্র, বুঝিবার ভূল। তুমি কথন জন্মাও নাই, মরিবেও না। তোমার জন্ম হয় নাই, পুনর্জন্মও কখন হইবে না। যাওয়া-আসার অর্থ কি? কেবল পাগলামি মাত্র। তুমি সর্বত্রই রহিয়াছ। তবে এই যাওয়া-আসার অর্থ কি? উহা কেবল স্ক্র শরীর—ষাহাকে ভোমরা মন বলো, ভাহারই নানাবিধ পরিণাম-প্রস্ত ভ্রম-মাত্র। যেন আকাশের উপর দিয়া একখণ্ড মেঘ ষাইভেছে। উহা ষধন চলিতে থাকে, তখন মনে হয় আকাশই চলিতেছে। অনেক সময় ভোমরা দেখিয়া থাকিবে, চাঁদের উপর মেঘ চলিভেছে। ভোমরা মনে কর, চাঁদই এখান হইতে ওখানে যাইতেছে, কিন্তু বান্তবিক পক্ষে মেঘই চলিতেছে। আরও দেখ, যথন রেলগাড়িতে যাও, মনে হয় সমুখের গাছপালা মাঠ-স্ব যেন দৌড়াইভেছে; যখন নৌকায় চলিতে থাকো, তখন মনে হয় যে জনই চলিতেছে। বাস্তবিক পক্ষে, তুমি কোথাও বাইতেছ না, আনিতেছ না —ভোমার জন্ম হয় নাই, কখন হইবেও না; তুমি অনন্ত, সর্ব্যাপী, সকল কার্যকারণ-সম্বন্ধের অতীত, নিত্যমৃক্ত, অজ ও অবিনাশী। বধন জন্মই নাই, তখন বিনাশের আবার অর্থ কি? বাজে কথা মাত্র—তোমরা সকলেই সর্বব্যাপী।

কিন্ধ নির্দোষ যুক্তিসকত সিন্ধান্ত কাত করিতে হইলে আমাদিগকে আর এক ধাপ অগ্রসর হইতে হইবে। মধ্যপথে আপস করা চলিবে না।

তোমরা দার্শনিক, ভোমরা যদি খানিক দুর বিচারে অগ্রসর হইয়া বলো, 'আর পারি না, কমা করুন,' ভাহা ভোষাদের পকে সাজে না। ষ্থ্য আমরা সমুদয় নিয়মের অতীত, তথন অবশুই আমরা সর্বঞ্জ, নিত্যানন্দস্বরূপ ; অবশ্য সকল জানই আমাদের ভিতরে আছে, সর্বপ্রকার শক্তি-সর্বপ্রকার কল্যাণ আমাদের মধ্যে নিহিত আছে। অবশ্য ভোমরা সকলেই সর্বজ্ঞ, সর্বব্যাপী; কিছ এমন পুরুষ কি জগতে বহু থাকিতে পারে? কোটি কোটি সর্বব্যাপী পুরুষ কেমন করিয়া থাকিবে ? অবশ্রুই থাকিতে পারে না। তবে আমাদের কি হইবে ? বাস্তবিক একজনই আছেন, একটি আত্মাই আছেন, আর সেই এক আত্মা ভূমিই। এই কৃত্ত প্রকৃতির পশ্চাতে রহিয়াছে সেই এক আত্মা। এক পুরুষই আছেন—ধিনি একমাত্র সন্তা, ধিনি নিত্যানন্দ-স্বরূপ, যিনি সর্বব্যাপী, সর্বজ্ঞ, জন্ম ও মৃত্যু-রহিত। তাঁহার আজ্ঞায় আকাশ বিস্তৃত হইয়া রহিয়াছে, তাঁহার আজ্ঞায় বায়ু বহিতেছে, সুর্ব কিরণ দিতেছে, দকলেই প্রাণধারণ করিভেছে। ভিনিই প্রকৃতির ভিত্তিমূরণ; প্রকৃতি দেই সভ্যম্বরূপের উপর প্রতিষ্ঠিত, তাই সভ্য বলিয়া মনে হইভেছে। তিনি ভোমার আত্মারও ভিত্তিত্বরূপ। তথু ভাহাই নহে, তুমিই তিনি। তুমি তাঁহার সহিত অভেদ। বৈধানেই ছই—সেধানেই ভয়, সেইধানেই বিপদ, **म्हिशालक वन्द, महिशालक विवाह। यथन मन्द्रे এक, उथन काहारक द्युवा** করিব, কাছার সহিত হল্ব করিব? যথন স্বাই ডিনি, ডখন কাছার দহিত যুদ্ধ করিব ? ইহাডেই জীবন-সমস্তার মীমাংসা হইয়া যায়, ইহাডেই বস্তুর স্বরূপ ব্যাখ্যাত হইয়া যায়। ইহাই সিদ্ধি বা পূর্বভা এবং ইহাই ঈখর। বধন তুমি বহু দেখিতেছ, তখনই ব্ঝিতে হইবে—তুমি অঞানের ভিতর বহিয়াছ।^২ এই বছত্বপূর্ণ জগতের ভিতর, এই পরিবর্তনশীল জগতের অন্তরে অবস্থিত নিত্য পুরুষকে বিনি নিজের আত্মান আত্মা বলিয়া জানিতে পারেন—নিজের স্বরূপ বলিয়া ব্রিতে পারেন, তিনিই মুক্ত, তিনিই পূর্ণানন্দে বিভোর হইয়া থাকেন, তিনিই সেই পর্য পদ লাভ করিন্নাছেন। অভএব জানিন্না রাখো যে, তুমিই তিনি, তুমিই জগতের ইখর—'তত্ত্বসি'; আর এই যে আমাদের বিভিন্ন ধারণা—যথা, **আমি পুরু**ষ

১ বৃহ. উপ., ৪।৫।১৫; ছান্দোগ্য উপ., ৭।২৪

२ कर्त देश, २१३१३३

বা ত্রী, তুর্বল বা সবল, স্থা বা অস্থা, আমি অমুককে মণা করি বা অমুককে ভালবাদি, আমার ক্ষমতা অল্প বা আমার অনেক শক্তি আছে, এপ্তলি ভ্রমনাত্র। এই-সব ভাব ছাড়িয়া দাও। কিলে তোমাকে তুর্বল করিতে পারে? কিলে তোমাকে ভীত করিতে পারে? একমাত্র তুমিই জগতে বিরাজ করিতেছ। কিলে তোমাকে ভন্ত করিতে পারে? অতএব উঠ, মৃক্ত হও। জানিয়ারাঝা, বে-কোন চিন্তা বা বাক্য আমাদিগকে তুর্বল করে, একমাত্র ভাহাই অপ্তভ; বাহা কিছু মাহ্যকে তুর্বল করে, ভীত করে, একমাত্র ভাহাই অপ্তভ; তাহাই পরিহার করিতে হইবে। কিলে তোমাকে ভীত করিতে পারে? যদি শত শত পূর্য স্থানচ্যত হয়, কোটি কোটি চন্দ্র প্রভাইয়া যায়, কোটি কোটি বন্ধাও বিনই হয়, তাহাতে তোমার কি? অচলবৎ দণ্ডায়মান হও, তুমি অবনানী। তুমি জগতের আত্মা, করর। বলো, 'শিবোহহং শিবোহহং, আমি পূর্ণ সচিদানন্দ'। সিংহ যেমন পিঞ্জর ভাঙিয়া ফেলে, সেইরূপ এই শৃন্ধল ছি ডিয়া ফেলো এবং অনস্ভকালের জন্ম মৃক্ত হও। কিলে ভোমাকে ভন্ন দেখাইতে পারে? কিলে তোমাকে বাঁধিয়া রাথিতে পারে?—কেবল অজ্ঞান, কেবল ভ্রম; আর কিছুই তোমাকে বাঁধিতে পারে না; তুমি ভন্তস্বরপ, নিত্যানন্দময়।

নির্বোধেরাই বলিয়া থাকে—ভোমরা পাপী, অতএব এক কোণে বিদিয়া হা-হতাশ কর। এরপ বলা নির্জিতা—ছ্টামিও শঠতা। ভোমরা সকলেই ঈশর। তোমরা কি ঈশরকে দেখিতেছ না এবং তাঁহাকেই মাহ্য বলিতেছ না ! অতএব যদি ভোমরা সাহসী হও, তবে এই বিশাসের উপর দণ্ডায়মান হইয়া সমগ্র জীবনকে ঐ ছাঁচে গঠন কর। যদি কোন ব্যক্তি ভোমার গলা কাটিতে আসে, তাহাকে 'না' বলিও না, কারণ তুমি নিজেই নিজের গলা কাটিতেছ। কোন গরীব লোকের যদি কিছু উপকার কর. তাহা হইলে বিন্দুমাত্র অহঙ্কত হইও না। উহা ভোমার পক্ষে উপাসন। মাত্র; উহাতে অহঙ্কারের কিছুই নাই। সমুদ্র জগৎই কি তুমি নও! এমন কোথায় কি জিনিস আছে, যাহা তুমি নও! তুমি জগতের আত্মা। তুমিই প্র্য, চন্ত্র, ভারা। সমুদ্র জগৎই তুমি। কাহাকে ম্বণা করিবে! কাহার সহিত হন্দ করিবে? অতএব জানিয়া রাথো, ভিনিই তুমি—আর সমুদ্র জীবন ঐ ছাঁচে গঠন কর। যে-ব্যক্তি এই তত্ত্ব জানিয়া এই ভাবে ভাহার জীবন গঠন করে, সে আর কথনও অদ্ধকারে দুটাইয়া পড়িবে না।

বহুত্বে একত্ব

[লণ্ডনে প্রদন্ত বড়ভা, ৩রা নভেম্বর, ১৮১৬]

পরাঞ্চি থানি ব্যত্ণৎ স্বয়ভ্তমাৎ পরাঙ্ পশুতি নাম্বরাত্মন্। কশ্চিদ্দীরঃ প্রত্যগাত্মান্মেক্দাবৃত্তচক্রমৃত্তমিচ্ছন্ । '

> পরাচ: কামানমুষস্তি বালান্তে মৃত্যোর্যন্তি বিভতত পাশম্। অথ ধীরা অমৃতত্বং বিদিত্বা গ্রুবমগ্রুবেন্বিহ ন প্রার্থয়ন্তে॥

—বালকবৃদ্ধি ব্যক্তিরা বাহিরের কাম্যবন্তর অহসরণ করে। এইজগুই তাহারা সর্বতোব্যাপ্ত মৃত্যুর পাশে আবদ্ধ হুয়, কিন্ত জ্ঞানীরা অমৃতত্তকে জানিয়া অনিত্য বন্তসমূহের মধ্যে নিত্য বন্তর অহসন্থান করেন না। এখানেও ঐ একই ভাব পরিকৃট হইল যে, সদীম-বন্তপূর্ণ বাহ্তসগতে অনস্তকে

> কঠ. উপ., ২1212

२ अ., राधर

দেখিবার চেষ্টা করা বৃথা—অনস্থেই অনস্তকে অধেষণ করিতে হুইবে এবং আমাদের অন্তর্বর্তী আত্মাই একমাত্র অনস্ত বন্ধ। শরীর, মন—বে জগৎপ্রপঞ্চ আমরা দেখিতেছি, অথবা আমাদের চিন্তারাশি—কিছুই অনস্ত হুইতে পারে না। উহাদের সকলেরই কালে উৎপত্তি ও কালে বিলয়। বে ত্রন্তা সাক্ষী পুরুষ সব-কিছু দেখিতেছেন, অর্থাৎ মাহুবের আত্মা, যিনি সদা জাগ্রত, তিনিই একমাত্র অনস্ত, তিনিই জগতের কারণ-স্বরূপ; অনস্তকে অনুসন্ধান করিতে হুইলে আমাদিগকে অনস্ত আত্মাতেই বাইতে হুইবে—দেইখানেই আমরা তাঁহাকে দেখিতে পাইব।

যদেবেহ তদম্ত বদম্ত তদন্বিহ। মৃত্যো: স মৃত্যুমাপ্নোতি য ইহ নানেব পশুতি॥

— যিনি এখানে, তিনিই সেখানে; বিনি সেখানে, তিনিই এখানে। বিনি এখানে 'নানা' দেখেন, তিনি মৃত্যুর পর মৃত্যুকে প্রাপ্ত হন। সংহিতাভাগে দেখিতে পাই, আর্থগণের অর্গে যাইবার বিশেষ ইচ্ছা। যথন তাঁহারা অগংপ্রপঞ্চে বিরক্ত হইয়া উঠিলেন, তথন স্বভাবতই তাঁহাদের এমন একস্থানে যাইবার ইচ্ছা হইল, ষেখানে কেবল ছংখদপ্পর্কশৃষ্ণ হুখ। এই খানগুলির নাম স্বর্গ—ষেখানে কেবল আনন্দ, ষেখানে শরীর অন্ধর অমর হুইবে, মনও পরিপূর্ণ হুইবে, তাঁহারা দেখানে চিরকাল পিতৃগণের সহিত বাস করিবেন। কিছু দার্শনিক চিন্তার অভ্যুদয়ে এইরূপ স্বর্গের ধারণা অসম্বত ও অসম্ভব বলিয়া বোধ হুইতে লাগিল। অনম্ভ কাল খানবিশেষে বিভ্যান—এই ভাবই যে স্ববিরোধী। দেশ অবশ্রই কালে উৎপন্ন ও নাই হুইবে, স্কুরাং অনম্ভ স্বর্গের ধারণা ত্যাগ করিতে হুইল। আর্থগণ ক্রমণঃ ব্রিলেন, এই স্বর্গনিবাদী দেবতাগণ এককালে এই জগতে মহন্ত ছিলেন, পরে হুয়তো কোন সংকর্মবশে দেবতা হুইয়াছেন; স্কুরাং এই দেবজ বিশেষ অবস্থা বা বিভিন্ন পদের নাম মাত্র। বৈদিক কোন দেবতাই স্বায়ী ব্যক্তিবিশেষ নন।

ইন্দ্র বা বরুণ কোন ব্যক্তিবিশেষের নাম নহে। উহারা বিভিন্ন পদের নাম। তাঁহাদের মতে যিনি পূর্বে ইন্দ্র ছিলেন, এখন আর তিনি ইন্দ্র নহেন, তাঁহার এখন আর ইন্দ্রত্ব-পদ নাই, আর একজন এখান হইতে গিয়া সেই পদ

অধিকার করিয়াছেন। সকল দেবভার সহকেই এইরূপ বুঝিতে হইবে। বে-সকল মাত্র্য কর্মবলে দেবল-পদের যোগ্য হইয়াছেন, তাঁহারাই এই-সকল পদে সময়ে সময়ে প্রভিষ্টিভ হন। কিছ ইহাদেরও বিনাশ আছে। প্রাচীন আখেদে দেবভাগণ সম্বন্ধে এই 'অমরম্ব' শব্দের ব্যবহার দেখিতে পাই বটে, কিন্ত পরবর্তীকালে উহা একেবারে পরিত্যক্ত হইয়াছে, কারণ ঋষিরা দেখিতে পাইলেন—এই অমরত্ব দেশকালের অতীত বলিয়া কোন শরীর সহজে প্রযুক্ত হইতে পারে না, উহা যভই পুন্ম হউক। উহা যভই পুন্ম হউক না কেন, দেশকালে উহার উৎপত্তি, কারণ আত্বতির প্রধান উপাদান দেশ। দেশ-ব্যতীত আকৃতি ভাবিতে চেষ্টা কর, উহা অসম্ভব। দেশই আকার নির্মাণ করিবার একটি বিশিষ্ট উপাদান—এই আকৃতির নিবস্তর পরিবর্তন হইতেছে। দেশ ও কাল মান্নার ভিতরে। আর স্বর্গ বে এই পৃথিবীরই মতো দেশকালে দীমাবদ্ধ-এই ভাবটি উপনিষদের নিম্নলিখিত শ্লোকাংশে ব্যক্ত হইয়াছে: 'ষদেবেহ তদমুত্ত ষদমূত্র ভদন্বিহ''—যাহা এখানে ভাহা সেখানে, যাহা সেখানে ভাহা এখানে। ষদি এই দেবতারা থাকেন, তবে এথানে যে নিম্নম, সেই নিম্নম সেখানেও খাটিবে ; আর সকল নিয়মের চরম উদ্বেশ্য-ধ্বংস এবং পুনরায় নৃতন রূপ-ধারণ। এই নিয়মের বারা সম্দয় অভ বিভিন্নরূপে পরিবর্তিত হইতেছে, আবার ভগ্ন হইয়া চূৰ্ণ-বিচূৰ্ণ হইয়া সেই জড়কণায় পরিণত হইতেছে। বে-কোন বস্তুর উৎপত্তি আছে, তাহারই বিনাশ হইয়া থাকে। অতএব যদি স্বর্গ থাকে, তবে ভাছাও এই নিয়মের অধীন।

আমরা দেখিতে পাই, এই জগতে সর্বপ্রকার হথের পশ্চাতে ছারার মতো ছাংখ আসিয়া থাকে। জীবনের পশ্চাতে উহার ছারাখরূপ মৃত্যু রহিয়াছে। উহারা সর্বদা একসন্থেই থাকে। কারণ উহারা পরস্পার বিরোধী নহে, উহারা ছইটি পৃথক্ সন্তা নহে, উহারা একই বস্তর বিভিন্ন রূপ, সেই এক বস্তই জীবন-মৃত্যু, ছংখ-স্থুখ, ভাল-মন্দ প্রভৃতিরূপে প্রকাশ পাইতেছে। ভাল আর মন্দ-এই ছইটি বে সম্পূর্ণ পৃথক্ বস্তু, আর উহারা বে জনজ্ঞকাল ধরিয়া রহিয়াছে, এ ধারণা একেবারেই জনজ্ঞ। উহারা বাস্তবিক একই বস্তর বিভিন্ন রূপ—উহা কথন ভালরূপে, কথন বা মন্দরূপে প্রতিভাত হইতেছে মাত্র।

১ कई छेत्र., २।३।३०

বিভিন্নতা প্রকারগত নহে, পরিমাণগত। বস্তুতঃ উহাদের প্রভেদ মাত্রার ভারতম্যে। আমরা বাস্তবিক দেখিতে পাই, একই স্নায়্প্রণালী ভাল-মন্দ উভয়বিধ প্রবাহই বহন করিয়া থাকে। কিন্তু সায়ুমণ্ডলী যদি কোনরূপে বিক্বত হয়, তাহা হইলে কোনৰূপ অহভূতিই হইবে না। মনে কর, কোন একটি বিশেষ স্বায়ু পক্ষাঘাতগ্ৰস্ত হইল, তখন তাহার মধ্য দিয়া যে স্থকর অহুভূতি আসিত, তাহা আসিবে না,—আবার হৃঃথকর অহুভূতিও আসিবে না। এই স্থ-তৃঃখ কখনই পৃথক্ নয়, উহারা সর্বদাই ষেন একতা রহিয়াছে। স্পাবার একই বস্তু জীবনে বিভিন্ন সময়ে কখন হৃখ, কখন বা হৃ:খ উৎপাদন করে। একই বস্তু কাহারও হুখ, কাহারও হুংখ উৎপাদন করে। মাংসভোজনে ভোক্তার হৃথ হয় বটে, কিন্তু যে প্রাণীর মাংস খাওয়া হয়, তাহার ভো ভয়ানক কষ্ট। এমন কোন বিষয়ই নাই, যাহা সকলকে সমভাবে স্থপ দিতেছে। কতকগুলি লোক স্থী হইতেছে, খাবার কতকগুলি লোক অস্থী হইতেছে। এইরপ চলিবে। অভএব স্পষ্টই দেখা গেল, বৈভভাব বাছবিক মিথ্যা। ইহা হইতে কি পাওয়া গেল? আমি পূর্ব বক্তৃতায় বলিয়াছি, জগতে এমন অবস্থা কথন আদিতে পারে না, যখন দবই ভাল হইয়া যাইবে, মন্দ কিছুই থাকিবে না। ইহাতে অনেকের চিরপোষিত আশা চূর্ণ হইতে পারে বটে, অনেকে ইহাতে ভয়ও পাইতে পারেন বটে, কিন্তু ইহা সীকার করা ব্যতীত আমি অন্ত উপায় দেখিভেছি না। অবশ্য আমাকে যদি কেহ বিপরীতটি বুঝাইয়া দিতে পাৰে, তবে আমি ব্ঝিতে প্রস্তুত আছি; কিন্তু বতদিন না কেহ আমাকে উহা বুঝাইয়া দিতেছে, আমি এরপ বলিতে পারি না।

আমার এই দৃঢ় উজিব বিরুদ্ধে আপাতদৃষ্টিতে এই যুক্তি আছে:
ক্রমবিকাশের গতিক্রমে কালে যাহা কিছু অভত দেখিতেছি, সব চলিরা

যাইবে—ইহার ফল এই হইবে যে, এইরপ কমিতে কমিতে লক্ষ লক্ষ বংসর
পরে এমন এক সময় আসিবে, যখন সম্দয় অভভের উচ্ছেদ হইরা কেবল
ভভ অবশিষ্ট থাকিবে। আপাততঃ ইহা খ্বই অখণ্ডনীয় যুক্তি বলিয়া বোধ

হইতেছে বটে, ঈশরেচ্ছায় ইহা সত্য হইলে বড়ই হথের হইত, কিছ এই

যুক্তিতে একটি দোব আছে। তাহা এই: উহা ধরিয়া লইতেছে যে, ভভ
ভ অভভ—এই ত্ইটির পরিমাণ তিরনির্দিষ্ট। উহা শীকার করিয়া লইতেছে

বে, একটি নির্দিষ্ট পরিমাণ অভত আছে, ধর তাহা যেন ১০০, আবার

এইরপ নির্দিষ্ট পরিমাণ শুভও আছে, আর অশুভ ক্রমশ: কমিতেছে. ভডটি কৈবল অবশিষ্ট থাকিয়া যাইডেছে; কিন্তু বান্তবিক কি ভাই ? অগতের ইতিহাস সাক্ষ্য দিতেছে বে, ভতের স্তায় অভতও একটি ক্রমবর্ধমান দামগ্রী। সমাজের থুব নিয়ন্তরের ব্যক্তির কথা ধর--সে জহলে বাস করে, ভাহার ভোগস্থ অভি অল, স্তরাং ভাহার হঃখও অল। ভাহার হঃখ কেবল ইন্দ্রিয়বিবয়েষ্ট্র আবন্ধ। সে যদি প্রচুর আহার না পায়, ভবে সে হৃঃখিভ হয়। ভাহাকে প্রচুর খাখ দাও, ভাহাকে স্বাধীনভাবে ভ্রমণ ও শিকার করিতে দাও, সে ঠিক ঠিক স্থী হইবে। তাহার স্থ-ছ:খ সবই কেবল ইন্দ্রিয়ে আবন্ধ। মনে কর, সেই ব্যক্তির আনের উন্নতি হইল। তাহার হথ বাড়িতেছে, ভাহার বুদ্ধি খুলিভেছে, দে পূর্বে ইন্দ্রিয়ে বে হুধ পাইত, এখন বুদ্ধিবৃদ্ধির চালনা করিয়া সেই হুখ পাইভেছে। সে এখন একটি হুন্দর কবিতা পাঠ করিয়া অপূর্ব স্থথ আখাদন করে। গণিতের যে-কোন সমস্তার মীমাংসায় তাহার সারা জীবন কাটিয়া যার, তাহাতেই সে পরম হথ ভোগ করে। কিন্ত দকে দকে অসভা অবস্থায় যে তাত্র যন্ত্রণা সে অস্কুভব করে নাই, ভাহার স্বায়্গণ সেই তীত্র যন্ত্রণা অস্ক্তব করিতে ক্রমশ: অভ্যন্ত হইয়াছে, অভএব সে তীত্র মানসিক কষ্ট ভোগ করে। একটি খুব সোজা উদাহরণ লও: ভিকতে বিয়াহু নাই, স্তরাং দেখানে প্রেমের ঈর্ষাও নাই; কিছু তথাপি আমরা জানি, বিবাহ অপেকাক্ত উন্নত সমাজের পরিচায়ক। তিকাতীরা নিঞ্লন্ধ সামী ও নি<u>ছলত জীর বিশুক্ষ দাম্পত্যপ্রেমের স্থ জানে না।</u> কিন্তু তাহারা সঙ্গে সঙ্গে ইহাও জানে না—একজন ভ্রষ্ট বা ভ্রষ্টা হইলে অপরের মনে কি ভয়ানক ঈর্যা, কি ভন্নানক অন্তর্দাহ উপস্থিত হয়! একদিকে এই উচ্চ ধারণায় তাহাদের হুখের বৃদ্ধি হইল বটে, কিন্তু অপর দিকে ইহাতে হু:খেরও বৃদ্ধি হইল।

তোমাদের নিজেদের দেশের কথাই ধর—পৃথিবীতে ইহার মতো ধনী দেশ, বিলাদিতার দেশ আর নাই—আবার কি গভীর তৃঃধকষ্ট এখানে বিরাজ করিতেছে, তাহাও দেখ। অক্সান্ত আতির তৃলনার এদেশে পাগলের সংখ্যা কত অধিক! ইহার কারণ এখানকার লোকের বাসনাসমূহ অতি তীত্র, অতি প্রবল। এখানে লোককে সর্বলাই উচু চাল বজার রাখিয়া চলিতে হয়। তোমরা এক বছরে যত টাকা ধরচ কর, একজন ভারতবাসীর পক্ষে তাহা শারাজীবনের সম্পদ্। ভোমরা অপরকে উপদেশ দিতে পার না বে, অপেক্ষাকৃত

অল্প টাকায় জীবনধাতানিবাঁহ করিতে চেষ্টা কর, কারণ এখানে সামাজিক च्यवश्राष्ट्रे এইরূপ বে, এত টাকার কমে চলিবেই না। এই সমাজ-চক্র দিবারাত্ত ঘুরিতেছে—উহা বিধবার অশ্র বা অনাথের চীৎকারে কর্ণপাতও করিতেছে না। এথানে সর্বত্রই এই অবস্থা। ভোমাদের ভোগের ধারণাও অনেক পরিমাণে বিকাশপ্রাপ্ত হইয়াছে, তোমাদের সমাজও অক্তান্ত সমাজ হইতে অনেক হুন্দর। তোমাদের ভোগেরও নানাবিধ উপায় আছে। কিন্তু ষাহাদের ঐক্নপ ভোগের উপকরণ অল্প, ভাহাদের আবার ভোষাদের অপেক্ষা ত্রঃধ অল্প। এরপই দর্বত্র দেখিতে পাইবে। তোমার মনে যতদ্র উচ্চাভিলায থাকিবে, ভোমার ভত বেশী হুখ, আবার সেই পরিমাণেই ছ:খ। একটি বেন অপরটির ছায়াম্বরূপ। অশুভ চলিয়া ষাইতেছে, ইহা সত্য হইতে পারে, কিন্তু তাহার সঙ্গে শঙ্গে শুভও চলিয়া যাইতেছে, বলিতে হইবে। কিন্তু বাস্তবিকপক্ষে তৃ:ধ বেমন একদিকে কমিভেছে, ভেমনি কি আবার অগুদিকে কোটিগুণ বাড়িতেছে না ? প্রকৃত কথা এই, স্থ যদি সমযুক্তাস্তর নিয়মান্ত্রপারে বাড়িতে থাকে, তৃঃখ তাহা হইলে সমগুণিতাম্বর নিয়মান্ত্রপারে वां फ़िर्फिर्फ, विनिष्ठ हरेरि । हेरांत्र नामरे माना । हेरा क्विन स्थवान नरह, কেবল ছ:ধবাদও নছে। বেদান্ত বলে না বে, জগং কেবল ছ:ধময়। একপ বলাই ভূল। আবার এই জগৎ হুধ-স্বাচ্ছন্দ্যে পরিপূর্ণ, এরপ বলাও ঠিক নছে। এই জগৎ কেবল মধুময়-এখানে কেবল হুখ, এখানে কেবল ফুল, এখানে কেবল সৌন্দর্য, কেবল মধু—বালকদিগকে এরপ শিক্ষা দেওয়া ভূল। আমরা সারা জীবনটাই এই রূপ স্বপ্ন দেখি। আবার কোন ব্যক্তি অন্তের অপেকা অধিক তৃ:খভোগ করিয়াছে বলিয়া সবই তৃ:খময়, বলাও ভুল। জগং এই হৈতভাবপূর্ণ ভাল-মন্দের খেলা। বেদান্ত আবার ইহার উপর আর একটি কথা বলে। মনে করিও না যে, ভাল-মন্দ তৃইটি সম্পূর্ণ পৃথক্ বস্তু, বাস্তবিক উহারা একই বস্থ, সেই এক বস্থই বিভিন্ন রূপে, বিভিন্ন আকারে আবিভূতি হইন্না এক ব্যক্তিরই মনে বিভিন্ন ভাব স্বষ্টি করিভেছে। অতএব বেদাম্ভের প্রথম কার্যই হইতেছে, এই বিভিন্ন রূপে প্রতীয়মান বাহুত্বগতের মধ্যে একত্ব আবিকার করা। পারদীকদের মত-ভুইটি দেবতা মিলিয়া জগৎ স্থাই করিয়াছেন; এ মতটি অবশ্য অতি অহনত মনের পরিচায়ক। তাঁহাদের মতে ভাল দেবতা বিনি, তিনি সব হুথ বিধান করিতেছেন, আর মন্দ দেবতা সব মন্দ বিষয়

বিধান করিতেছেন। ইহা বে অসম্ভব, তাহা তো স্পাইই বোধ ছইতেছে; কারণ বান্তবিক এই নিয়মে কার্ব ছইলে প্রত্যেক প্রাকৃতিক নিয়মেরই ছইটি করিয়া অংশ থাকিবে—কথন একজন দেবতা উহা চালাইতেছেন, তিনি সরিয়া গেলেন, আবার আর একজন আসিয়া উপস্থিত ছইলেন। কিন্তু প্রকৃতিশক্ষে আমরা দেখিতে পাই, বে-শক্তি আমাদিগকে থাল দিতেছে, তাহাই আবার দৈবত্বিপাক বারা অনেককে সংহার করিতেছে। এই মত খীকার করিলে আর একটি মৃশকিল হয় এই যে, একই সময়ে তুই জন দেবতা কার্য করিতেছেন। একস্থানে এক দেবতা কাহারও উপকার করিতেছেন, অক্সন্থানে অক কেবতা কাহারও উপকার করিতেছেন, অক্সন্থানে অক কেবতা কাহারও উপকার করিতেছেন। অবচ ছইজনে আপনাদের মধ্যে সামঞ্জল বজায় রাখিতেছেন—ইহা. কি করিয়া ছইতে পারে ? অবশ্র এ মত জগতের হৈতেতন্ব প্রকাশ করিবার খ্ব অপরিণত প্রণালীমাত্র—ইহাতে কোন সন্দেহ নাই।

এখন উচ্চতর দর্শনসমূহে এই বিষয়ের কিরুপ সিদ্ধান্ত করা হইরাছে, তাহা আলোচনা করা যাক। ঐগুলিতে সুল তত্ত্বের কথা ছাড়িয়া দিয়া স্ক্র ভাবের দিক দিয়া বলা হয়, জগৎ কতক ভাল, কতক মন্দ। পূর্বে বে যুক্তিপরম্পরা বিবৃত হইরাছে, তদমুসারে ইহাও অসম্ভব।

অতএব দেখিতেছি, কেবল স্থবাদ বা কেবল তৃ:থবাদ—কোন মতের বারাই জগতের ব্যাখ্যা বা বথার্থ বর্ণনা হয় না। এ জগৎ স্থা-তৃ:থের মিশ্রাণ। ক্রমণ: আমরা দেখিব, সমূদয় দোব প্রকৃতির ক্ষম হইতে আমাদের নিজেদের উপর লওয়া হইতেছে। সজে সজে বেদান্ত আমাদিগকে মৃক্তির পথ দেখাইয়া দিতেছে। বেদান্ত অমলল অত্যীকার না করিয়া জগতের সমূদয় ঘটনার সমূখীন হইয়া বিলেষণ করে,—কোন বিষয় গোপন করিতে চাহে না; উহা মাছ্যকে একেবারে নিরাশা-সাগরে ভাসাইয়া দেয় না। উহা অজ্ঞেয়বাদীও নহে। উহা এই স্থাছ্য প্রতীকারের উপায় আবিকার করিয়াছে, আর ঐ প্রতীকারের উপায় বজ্লছ ভিন্তির উপর প্রতিষ্ঠিত। উহা এমন কোন উপারের কথা বলে না, বাহাতে কেবল ছেলেদের মৃথ বন্ধ করিয়া দেওয়া যায় বা ভাহাদের চোখে ধৃলি দেওয়া যাইতে পারে। তাছায়া উহা সহজেই ধরিয়া ফেলিবে। আমার মনে আছে—যথন আমি বালক ছিলাম, ভখন কোন যুবকের পিতা মারা যায়, সে অতি দরিজ

হইয়া পড়ে, একটি বড় পরিবার ভাহার ঘাড়ে পড়িল। সে দেখিল, ভাহার পিতার বন্ধুগণই ভাহার প্রধান শক্ত। একদিন একজন ধর্মবাজকের **শহিত শাক্ষাৎ হওয়াতে দে তাহার নিজ হু:খের কাহিনী তাঁহাকে বলিতে** লাগিল—তাহাকে সাম্বনা দিবার জন্ম ধর্মধাজকটি বলিলেন, 'যাহা হইভেছে, সবই মন্দের জন্ত ; যাহা কিছু হয়, সব ভালোর জন্তই হয়।' পুরাতন ক্ষভকে সোনার পাত দিয়া মৃড়িয়া রাখা ষেমন, ধর্মধান্তকের পূর্বোক্ত বাক্যটিও ঠিক ভেমনি। ইহা আমাদের নিজেদের তুর্বলতা ও অঞানের পরিচয় মাত্র। ছয় মাস বাদে সেই ধর্মধাজকের একটি সম্ভান হইল, সেই উপলক্ষে উৎসবে যুবকটি নিমন্ত্রিত হইল। ধর্মধাক্ষক ভগবানের উপাসনা আরম্ভ করিয়া বলিতে লাগিলেন, 'ঈখরের রূপার জন্ম তাঁহাকে ধ্যাবাদ।' তখন যুবকটি উঠিয়া বলিল, 'কি বলিভেছেন—তাঁহার রুপা কোথা ? এ যে ঘোর অভিশাপ !' ধর্মধাজক জিজ্ঞাসা করিলেন, 'কেন ?' যুবক উত্তর দিল, 'যথন আমার পিতার মৃত্যু হইল, তথন তাহা আপাতত: অমদল হইলেও উহাকে মক্ত বলিয়াছিলেন। এখন আপনার সম্ভানের জন্মও আপাতত: মঙ্গলকর বলিয়া প্রতীত হইতেছে বটে, কিন্তু বান্তবিক উহা আমার নিকট মহা অমঙ্গল বলিয়া বোধ হইতেছে।' এইভাবে জগতের ছু:খ, অমঙ্গলের বিষয় চাপিয়া রাখাই কি জগতের তৃ:খনিবারণের উপায় ? নিজে ভাল হও এবং ষাহারা কট পাইভেছে, তাহাদের প্রতি করুণা প্রকাশ কর। জোড়াডালি দিয়া রাখিবার চেষ্টা করিও না, তাহাতে জাগতিক ছঃথ দূর হইবে না। স্মামাদিগকে স্কগতের বাহিরে ষাইতে হইবে।

এই জগৎ সর্বদাই ভালমন্দের মিশ্রণ। যেখানে ভাল দেখিবে, জানিবে—
তাহার পশ্চাতে মন্দও রহিয়াছে। কিন্তু এই-সকল ব্যক্ত ভাবের পশ্চাতে—
এই-সকল বিরোধী ভাবের পশ্চাতে—বেদান্ত সেই একছই খুঁজিয়া পায়।
বেদান্ত বলে, মন্দ ত্যাগ কর, আবার ভালও ত্যাগ কর। তাহা হইলে
বাকি রহিল কি? বেদান্ত বলে, শুধু ভালমন্দেরই অন্তিম্ব আছে, ভাহা
নহে। ইহাদের পশ্চাতে এমন জিনিস রহিয়াছে, বাহা প্রকৃতপক্ষে তোমার,
বাহা তোমার স্বরূপ, বাহা সর্বপ্রকার শুভ ও সর্বপ্রকার অশুভের বাহিরে—সেই
বন্ধই শুভ বা অশুভরূপে প্রকাশ পাইতেছে। প্রথমে এই তন্ত জানো—তখন,
কেবল তখনই তুমি পূর্ণ স্থবাদী হইতে পারিবে। ভাহার পূর্বে নহে।

তাহা হইলেই তুমি সম্দর জয় করিতে পারিবে। এই আপাতপ্রতীয়ধান
ব্যক্তভাবগুলি আয়ত কর, তাহা হইলে তুমি দেই সভ্যবন্তকে ধেরপে ইছা
প্রকাশ করিতে পারিবে। তথনই তুমি উহাকে—শুভরপেই হউক আর
অশুভরপেই হউক—বেভাবে ইছা, প্রকাশ করিতে পারিবে। কিন্তু প্রথমেই
তোমাকে নিজের প্রভু হইতে হইবে। উঠ, নিজেকে মৃক্ত কর, এইসকল নিয়মের বাহিরে যাও, কারণ এই নিয়মগুলি ভোমাকে সর্বতোভাবে নিয়ন্তিত করে না, উহারা ভোমার প্রকৃত অয়পের অভি সামান্ত
মাত্র প্রকাশ করে। প্রথমে জানো—তুমি প্রকৃতির দাস নও, কখনও
ছিলে না, কখন হইবেও না; প্রকৃতিকে আপাততঃ অনন্ত বলিয়া মনে হয়
বটে, কিন্তু বাভবিক উহা সমীম, উহা সমুদ্রের এক বিন্দুমাত্র; তুমিই বাভবিক
সমুক্তব্রপ, তুমি চন্দ্র পূর্ব তারা—সকলেরই অতীত। ভোমার অনন্ত অরুপের
তুলনায় উহারা বৃর্দ্মাত্র। ইহা জানিলে তুমি ভালমন্দ ত্ই-ই জয় করিতে
পারিবে। তথনই ভোমার সমগ্র দৃষ্টি একেবারে পরিবর্ভিত হইয়া বাইবে,
তথন তুমি দাড়াইয়া বলিতে পারিবে: মদল কি স্ক্রের! অম্বন্ধ কি অভ্ত!

বেদান্ত ইহাই করিতে বলে । বেদান্ত বলে না, সোনার পাত মৃড়িরা ক্ষতন্থান ঢাকিরা রাখাে, আর ষতই ক্ষত পচিতে থাকে, আরও বেশী সোনার পাত দিরা মৃড়িতে থাকাে। এই জীবন একটা কঠিন সমস্তা, সন্দেহ নাই। যদিও ইহা বছাবং তুর্ভেগ্য মনে হয়, তথাপি যদি পারাে, সাহসপূর্বক ইহার বাহিরে যাইবার চেটা কর—আ্যা এই দেহ অপেকা অনন্তগুণে শক্তিমান্। বেদান্ত ভোমার কর্মফলের জন্ত ছোটথাটো দেবতাদের উপর দায়িত অপ্ন করে না
, তুমি নিজেই তােমার অদ্টের নির্মাতা। তুমি নিজ কর্মফলে ভালমন্দ তুই-ই ভাগে করিতেছ, তুমি নিজেই নিজের চােথে হাত দিয়া বলিতেছ—
আহকার। হাত সরাইয়া লও—আলাে দেখিতে পাইবে। তুমি জ্যোতিঃঅর্কার। হাত সরাইয়া লও—আলাে দেখিতে পাইবে। তুমি জ্যোতিঃবর্মপ—তুমি পূর্ব হইতেই সিদ্ধ। শ্বতাাঃ স মৃত্যুমাপ্রাতি য ইহ নানেব
পশ্বতি''—এখন আমরা এই শ্রুতির অর্থ বুঝিতে পারিতেছি।

কি করিয়া আমরা এই তত্ত জানিতে পারিব ? এই মন বাহা এত ভাত, এত চুর্বল, বাহা এত সহজে বিভিন্ন দিকে ধাবিত হয়, এই মনকেও স্বল

১ কঠ উপ, ২।১।১•

করা যাইতে পারে, যাহাতে উহা সেই জ্ঞানের—সেই একত্বের আভাস পার। তথন সেই জ্ঞানই আমাদিগকে পুনঃ পুনঃ মৃত্যু হইতে রক্ষা করে। 'যথোদকং তুর্গে বৃষ্টং পর্বতেষ্ বিধাবতি। এবং ধর্মান্ পৃথক্ পশুংস্তানেবাছ-বিধাবতি॥''—উচ্চ তুর্গম ভূমিতে বৃষ্টি হইলে জল বেমন পর্বতসমূহের পার্ম দিয়া বিকীর্ণভাবে ধাবিত হয়, সেইরূপ যে শক্তিসমূহকে পৃথক্ করিয়া দেখে সে তাহাদেরই জ্ম্বর্তন করে। বাস্তবিক শক্তি এক, কেবল মায়াতে বহু হইয়াছে। বহুর পিছনে ধাবিত হইও না, সেই একের দিকে জ্ঞাসর হও।

হংস: শুচিষদ্বস্থারক্ষদদোতা বেদিষদতিথিত্ রোণসং।
ন্যদ্রসদৃতসন্থোমসদজা গোজা ঋতজা অদ্রিজা ঋতং বৃহৎ ॥

--সেই আত্মা আকাশবাসী সূর্য, অস্তরীক্ষবাসী বায়, বেদিতে অবস্থিত অগ্নি
ও কলদন্থিত সোমরস। তিনি মহায়, দেবতা, ষজ্ঞ ও আকাশে আছেন।
তিনি জলে, পৃথিবীতে, ষজ্ঞে এবং পর্বতে আছেন; তিনি সত্য ও মহান্।

অগ্নির্যথেকো ভূবনং প্রবিষ্টো রূপং রূপং প্রতিরূপো বস্তৃব। একস্তথা সর্বভূতান্তরাত্মা রূপং রূপং প্রতিরূপো বহিশ্চ॥ বায়ুর্বথৈকো ভূবনং প্রবিষ্টো রূপং রূপং প্রতিরূপো বস্তৃব। একস্তথা সর্বভূতান্তরাত্মা রূপং রূপং প্রতিরূপো বহিশ্চ॥°

—যেমন একই অগ্নি ভূবনে প্রবিষ্ট হইয়া দাছবস্তর রূপভেদে ভিন্ন ভিন্ন রূপ ধারণ করেন, তেমনি এক সর্বভূতের অস্তরাত্মা নানাবস্তভেদে সেই সেই বস্তরপ ধারণ করিয়াছেন, এবং সম্দরের বাহিরেও আছেন। বেমন একই বায়ু ভূবনে প্রবিষ্ট হইয়া নানাবস্তভেদে সেই সেই রূপ লাভ করিয়াছেন, তেমনি সেই এক সর্বভূতের অস্তরাত্মা নানাবস্তভেদে সেই সেই রূপ ধারণ করিয়াছেন এবং ভাহাদের বাহিরেও আছেন।

যথন তুমি এই একত্ব উপলব্ধি করিবে, তখনই এই অবস্থা হয়, তাহার পূর্বে নহে। সর্বত্র তাঁহাকে দর্শন করাই প্রকৃত স্থধবাদ। এখন প্রশ্ন এই, বদি ইহা সত্য হয়, বদি সেই শুদ্ধত্বরূপ অনম্ভ আত্মা এই-সকলের ভিতর প্রবিষ্ট হইয়া থাকেন, তবে তিনি কেন স্থধহাধ ভোগ করেন, কেন তিনি

১ কঠ উপ., ২1১।১৪

२ वै., शरार

७ द्वै., शशक-३०

অপবিত্র হইরা হংখভোগ করেন ? উপনিবদ্ বলেন, তিনি হংখ অহভেব করেন না।

স্বো ৰথা সৰ্বলোকত চকুন লিপ্যতে চাকুবৈৰ্বাহ্নবোৰে:।
একতথা সৰ্বভৃতান্তরাত্মা ন লিপ্যতে লোকত্বেন বাহু:॥

—সর্বলোকের চক্ষরণ সূর্ব বেমন চক্প্রান্থ বান্থ অশুচি বস্তুর সহিত লিপ্ত হন না, তেমনি একমাত্র সর্বভূতাস্তরাস্থা সংসারের তৃংখের সহিত লিপ্ত হন না, কারণ তিনি আবার অগতের অতীত। আমার এমন রোগ থাকিতে পারে, বাহাতে আমি সবই পীতবর্ণ দেখি, কিন্তু তাহাতে সূর্বের কিছুই হয় না।

একো বনী সর্বভৃতান্তরাত্মা একং রূপং বহুধা যঃ করোতি।

ভমাত্মহং বেহহুপশুন্তি ধীরাত্তেবাং হৃথং শাশ্বতং নেতরেধান্ ॥
- বিনি এক, সকলের নিয়ন্তা এবং সর্বভূতের অন্তরাত্মা; বিনি স্বকীয়
এক রূপকে বছপ্রকার করেন, তাঁহাকে ধে-জ্ঞানিগণ নিজেদের মধ্যে দর্শন
করেন, তাঁহাদেরই নিত্য হৃথ, অন্তের নহে।

নিভ্যোহনিত্যানাং চেতনশেতনানামেকো বহুনাং বো বিদ্ধাতি কামান্। তমাত্মহং বেহহুপশুন্তি ধীন্ধান্তেষাং শান্তি: শাশ্বতী নেতরেষাম্॥° বিনি অনিকা ব্যৱসাহের মধ্যে নিজা বিনি চেতনাবান্দিগের মধে

—বিনি অনিত্য বস্তুসমূহের মধ্যে নিত্য, বিনি চেতনাবান্দিগের মধ্যে চেতন, বিনি এক হইয়াও বছ জীবের কাম্যবস্তুসকল বিধান করিতেছেন, তাঁহাকে বে জ্ঞানিগণ আত্মস্কপে দর্শন করেন, তাঁহাদেরই নিত্য শান্তি, অপরের নহে।

বাহ্ জগতে তাঁহাকে কোথায় পাওয়া বাইবে ? স্ব চম্ৰ বা ভারায় তাঁহাকে কিব্লপে পাইবে ?

ন তত্ত্ব স্থাপি ব চন্দ্রভারকং নেমা বিহ্যতো ভান্তি ক্ভোহয়মগ্নি:। ভষেব ভান্তমহভাত্তি দর্বং তত্ত্ব ভাসা দর্বমিদং বিভাতি।⁸

—সেধানে ক্র্ব, চন্ত্র, ভারকা সব নিশুভ, বিহ্যুৎসমূহও প্রকাশ পায় না, এ অগ্নি সেধানে কোধার ? তাঁহারই আলোভে সকলে আলোকিভ, তাঁহারই দীপ্তিতে সব কিছু দীপ্তি পাইভেছে।

> কঠ উপ, ২৷২৷১১

२ वे., रारा>२

७ ঐ., शशाव

८ वै., रारा३६

'উর্ধ্বস্লোহবাক্শাথ এষোহখথ: সনাতন:। তদেব শুক্রং তদ্রশ্ব তদেবামৃতস্চাতে। তন্মি লোকা: প্রিতা: সর্বে তত্ব নাত্যেতি কন্সন। এতার তং।''
—উর্ধন্স ও নিম্নামী শাখা সহ এই চিরম্ভন অথথবৃক্ষ অর্থাৎ সংসাববৃক্ষ
রহিয়াছে। তিনিই উজ্জ্বন, তিনিই ব্রহ্ম, তিনিই অমৃতরূপ উক্ত হন। সমৃদয়
লোক তাঁহাতে আপ্রিত হইয়া রহিয়াছে। কেহই তাঁহাকে অতিক্রম করিতে
পারে না। ইনিই সেই আ্যা।

বেদের ব্রাহ্মণভাগে নানাবিধ স্বর্গের কথা আছে। উপনিষদের মত এই যে, এই স্বর্গে ঘাইবার বাদনা ত্যাগ করিতে হইবে। ইন্দ্রলোকে, বঙ্গণলোকে যাইলেই যে ব্রহ্মদর্শন হয়, তাহা নহে, বরং এই আত্মার ভিতরেই ব্রহ্মদর্শন স্থাপট্রপে হইয়া থাকে।

'ৰথাদৰ্শে তথাজ্মনি ষথা স্বপ্নে তথা পিতৃলোকে। ষথাব্দা পরীব দদৃশে তথা গন্ধবলোকে ছায়াতপয়োরিব ব্রহ্মলোকে ॥' - - বেমন আরশিতে মানুষ আপনার প্রতিবিম্ব পরিছাররূপে দেখিতে পায়, ভেমনি আত্মাতে ব্রহ্মদর্শন হয়। বেমন স্বপ্নে আপনাকে অস্পষ্টরূপে অমুভব করা যায়, তেমনি পিতৃলোকে ত্রহ্মদর্শন হয়। বেমন জলে লোকে আপনার রূপ দর্শন করে, তেমনি গদ্ধবঁলোকে ব্রহ্মদর্শন হয়। ষেমন আলোক ও ছায়া পরস্পর পৃথক্, সেইরূপ ব্রন্ধলোকে ব্রন্ধ ও জগতের পার্থক্য স্পষ্ট উপলব্ধি হয়। কিন্তু তথাপি পূর্ণরূপে ব্রহ্মদর্শন হয় না। অতএব বেদাস্ক বলে, আমাদের নিজ আত্মাই সর্বোচ্চ স্বর্গ, মানবাত্মাই পূজার সর্বভেষ্ঠ মন্দির, সর্বপ্রকার স্বর্গ হইতে ভেষ্ঠ, কারণ এই আত্মার মধ্যে ষেভাবে সেই সত্যকে স্থম্পট্ট অহতেব করা যায়, আর কোথাও ডত স্পষ্ট অহুভব হয় না। এক খান হইতে খানাস্তরে গেলেই যে এই আত্মদর্শন সম্বন্ধ বিশেষ কিছু দাহাদ্য হয়, তাহা নহে। ভারতবর্ষে যখন ছিলাম, তথন মনে হইত, কোন গুহায় বাস করিলে হয়তো খুব স্পষ্ট ব্রহ্মামুভূতি হইবে; দেখিলাম, তাহা নহে। তারপর ভাবিলাম, হয়তো বনে গেলে স্থবিধা হইবে, তারপর কাশীর কথা মনে হইল। সব স্থানই একরপ, কারণ আমরা निक्क्तारे निष्कत्वत्र क्रां गर्यन क्रिया नरे। यमि व्यापि व्यमाधु रहे, मप्त्र

১ কঠ উপ., ২া৩া১

२ वे., २१७१६

জগৎ আমার পক্ষে মন্দ বলিয়া মনে হইবে। উপনিষদ ইহাই বলেন। আর সেই একই নিরম সর্বত্র থাটিবে। বদি এখানে আমার মৃত্যু হয় এবং বদি স্বর্গে যাই, সেথানেও এখানকারই মতো দেখিব। যতক্ষণ না তুমি পবিত্র হইতেছ, ততক্ষণ গুহা অরণ্য বারাণদী অথবা স্বর্গে বাওয়ায় বিশেষ কিছু লাভ নাই; আর যদি ভোমার চিত্তদর্পণকে নির্মল করিতে পারো, তবে যেথানেই থাকো না কেন, তুমি প্রকৃত সত্য অমুভব করিবে। অভএব এখানে ওখানে যাওয়া র্থা শক্তিকয় মাত্র—সেই শক্তি যদি চিত্তদর্পণের নির্মলতা-সাধনে ব্যয়িত হয়, তবেই ঠিক হয়। নিয়লিখিত শ্লোকে আবার ঐ ভাব বর্ণিত হইয়াছে:

ন সন্দ শে তিষ্ঠতি রূপমশু, ন চক্ষা পশুতি কশ্চনৈনম্।
হলা মনীষা মনসাভিক,প্রো য এতবিহুরমূতান্তে ভবস্তি॥

—ইহার রূপ দর্শনের বিষয় হয় না। কেহ তাঁহাকে চক্ষারা দেখিতে পায়
না। হলয়, সংশয়রহিত বৃদ্ধি এবং মনন যারা তিনি প্রকাশিত হন। যাঁহারা
এই আত্মাকে জানেন, তাঁহারা অমর হন।

যাঁহারা আমার রাজযোগের বক্তাগুলি শুনিয়াছেন, তাঁহাদিগের অবগতির জন্ম বলিতেছি, দে-যোগ জানযোগ হইতে কিছু ভিন্ন রকমের। জানযোগের লক্ষণ এইরূপ কথিত হইয়াছে:

যদা পঞ্চাবতিষ্ঠন্তে জ্ঞানানি মনসা সহ। বুদ্ধিশ্চ ন বিচেইভি তামাহঃ পরমাং গভিম্॥

— বথন ইন্দ্রিয়গুলি— পঞ্চ জ্ঞানেন্দ্রিয় সংযত হয়, মাছ্য বথন ঐগুলিকে নিজের দাদের মতো করিয়া রাথে, যথন উহারা আর মনকে চঞ্চল করিতে পারে না, তথনই যোগী পরমগতি লাভ করেন।

ষদা সর্বে প্রমৃচ্যন্তে কামা বেহস্ত হাদি প্রিতা:।

অথ মর্ত্যোহমুতো ভবত্যত্র ব্রহ্ম সমগ্লুতে।

যদা সর্বে প্রভিন্তন্তে হাদমুস্তে গ্রন্থয়:।

অথ মর্ত্যোহমুতো ভবত্যেতাবদ্যমুশাসনম্।

"

—বে-সকল কামনা মর্ত্যজীবের হানমুকে আশ্রয় করিয়া আছে, সেই সম্নয় ব্ধন

১ কঠ উপ , ২।০৷৯ ২ ঐ., ২।০৷১৽ ৩ ঐ., ২৷৩৷১৪-১৫

বিনষ্ট হয়, তথন মর্ত্য অমর হয় এবং এথানেই ব্রহ্মকে প্রাপ্ত হয়। বথন ইহলোকে হৃদয়ের গ্রন্থিনমূহ ছিন্ন হয়, তথন মর্ত্য অমর হয়—এইমাত্র উপদেশ।

সাধারণতঃ লোকে বলিয়া থাকে বেলাস্ক, শুধু বেদাস্ক কেন, ভারতীয়
সকল দর্শন ও ধর্মপ্রণালীই এই জগং ছাড়িয়া উহার বাহিরে ঘাইতে
বলিতেছে। কিন্তু পূর্বোক্ত শ্লোকঘর হইতেই প্রমাণিত হইবে যে, আমাদের
দার্শনিকগণ স্বর্গ অথবা আর কোথাও যাইতে চাহিতেন না, বরং তাঁহারা
বলেন, স্বর্গের ভোগ ও হ্থ-তঃখ কণছায়ী। বতদিন আমরা ত্র্বল থাকিব,
ততদিন আমাদিগকে স্বর্গ-নরকে ঘুরিতেই হইবে, কিন্তু বস্তুতঃ আত্মাই
একমাত্র সত্য। তাঁহারা ইহাও বলেন, আত্মহত্যা ঘারা এই জন্মমৃত্যুপ্রবাহ
অতিক্রম করা যায় না। তবে অবশ্য প্রকৃত পথ পাওয়া বড় কঠিন।
পাশ্চাত্যদিগের আয় হিন্দুরাও সব হাতে-কলমে করিতে চান; তবে জীবন
সম্পর্কে আমাদের দৃষ্টিভিন্নি পৃথক্। পাশ্চাত্যগণ বলেনঃ বেশ ভাল একখানি
বাড়ি কর, উত্তম থাজ ও পরিচছদ সংগ্রহ কর, বিজ্ঞানের চর্চা কর, বুদ্ধিবৃত্তির
উন্নতি কর। এইগুলি করিবার সময় তাঁহারা থ্ব কাজের লোক। কিন্তু
হিন্দুরা বলেন, জ্ঞান-মর্থে আত্মজ্ঞান—তাঁহারা দেই আত্মজ্ঞানের আনন্দে
বিজ্ঞার হইয়া থাকিতে চাহেন।

আমেরিকায় একজন বিখ্যাত অজ্ঞেয়বাদী বক্তা' আছেন—তিনি খুব ভাল লোক এবং স্থবক্তা। তিনি ধর্ম সম্বন্ধে একটি বক্তৃতা দেন; তাহাতে তিনি বলেন, ধর্মের কোন প্রয়োজন নাই, পরলোক লইয়া মাথা ঘামাইবার আমাদের কিছুমাত্র আবশুকতা নাই। তাহার মত বুঝাইবার জন্ম তিনি এই উপমাটি প্রয়োগ করিয়াছিলেন: জগৎঙ্কপ এই কমলালের্টি আমাদের সম্মুখে রহিয়াছে, উহার সব রসটা আমরা বাহির করিয়া লইতে চাই। আমার সক্ষে তাহার একবারমাত্র সাক্ষাৎ হয়। আমি তাঁহাকে বলি, আমিও আপনার সঙ্গে একমত, আমারও নিকট একটি ফল রহিয়াছে—আমিও ইহার রসটুকু সব থাইতে চাই। তবে আমাদের মতভেদ কেবল ঐ ফলটি কি, এই লইয়া। আপনি উহাকে কমলালের্ মনে করিতেছেন—আমি ভাবিতেছি আম। আপনি মনে করেন, জগতে আসিয়া খাইতে পরিত্তে পাইলেই যথেও হইল এবং কিছু বৈজ্ঞানিক তব্ব জানিতে পারিলেই চূড়ান্ত হইল; কিন্তু

> Robert Ingersoll.

আপনার বলিবার কোনই অধিকার নাই বে, উহা ছাড়া মাহুষের আর কিছু কর্তব্য নাই। আমার পক্ষে ঐ ধারণা একেবারে কিছুই নয়।'

আপেল ভূমিতে কিরূপে পড়ে, অথবা বৈহ্যতিক প্রবাহ কিরূপে সায়্কে উত্তেলিত করে, যদি কেবল এইটুকু জানাই জীবনের একমাত্র কাজ হয়, ভবে তো আমি এখনই আত্মহত্যা করি। আমার সংকল্প-সকল বস্তুর মর্মছল অমুদন্ধান করিব—জীবনের প্রকৃত রহস্থ কি, ডাহা জানিব। ভোমরা প্রাণের ভিন্ন ভিন্ন বিকাশের আলোচনা কর, আমি প্রাণের স্বন্ধপ জানিতে চাই। আমার দর্শন বলে—জগৎ ও জীবনের সমৃদয় রহস্তই জানিতে হইবে— স্বৰ্গ নরক প্রভৃতি কুসংস্কার দূর করিয়া দিতে হইবে, যদিও এই পৃথিবীর মতো ঐগুলির ব্যাবহারিক সভা রহিয়াছে। আমি এই আত্মার অন্তরাত্মাকে জানিব—উহার প্রকৃত স্বরূপ জানিব—উহা কি, তাহা জানিব; ভগু উহা কিভাবে কাজ করিতেছে এবং উহার প্রকাশ কি, তাহা জানিলেই আমার তৃপ্তি হইবে না। আমি সকল জিনিসের 'কেন?' জানিতে চাই; 'কেমন করিয়া হয় ?'--এ অমুসন্ধান বালকেরা করুক। বিজ্ঞান আর কি ? তোমাদের দেশের একজন বলিয়াছেন, 'নিগারেট খাইবার সময় ষাতা যাতা ঘটে, তাতা যদি আমি লিখিয়া রাখি, তাহাই দিগারেটের বিজ্ঞান হইবে।' অবশ্য বিজ্ঞানবিং হওয়া খুব ভাল এবং গৌরবের বিষয় বটে, ঈশ্বর বৈজ্ঞানিকদের অহুসন্ধানে সহায়তা করুন, তাঁহাদের আশীবাদ করুন; কিন্তু যথন কেহ বলে, এই বিজ্ঞানচর্চাই সব, ইহা ছাড়া জীবনের আর কোন উদ্দেশ্য নাই, তথন সে নির্বোধের মতো কথা বলিতেছে, বুঝিতে হইবে। বুঝিতে হইবে—দে কথনও জীবনের মূল রহস্য জানিতে চেটা করে নাই, প্রকৃত বস্তু কি, সে-সম্বন্ধে সে কথনও আলোচনা করে নাই। আমি অনায়াসেই যুক্তি দারা বুঝাইয়া দিতে পারি যে, তোমাদের যত কিছু জ্ঞান, স্ব ভিত্তিহীন। প্রাণের বিভিন্ন বিকাশগুলি লইয়া ভোমরা আলোচনা করিছেছ, কিছ যদি জিজাসা করি, 'প্রাণ কি ?' বলিবে, জানি না। অবখ ভোমাদের যাহা ভাল লাগে, ভাহা করিতে ভোমাদিগকে কেহ বাধা দিতেছে না, কিছু আমাকে আমার ভাবে থাকিভে দাও।

আর ইহাও লক্ষ্য করিও বে, আমি আমার ভাবে খ্বই কাজের লোক। অতএব অমুক কাজের লোক নয়, অমুক কাজের লোক, এ-সব বাজে কথা। তুমি একভাবে কাজের লোক, আমি আর একভাবে। প্রাচ্যদেশে কাহাকেও যদি বলা যায়, এক পায়ে দাড়াইয়া থাকিলে সত্যবস্ত লাভ করিবে, ডবে দে ঐ প্রণালী অবলম্বন করিবে। আর পাশ্চাভ্যে কেছ যদি শোনে— অমুক জায়গায় সোনার খনি আছে, কিন্তু উহার চতুর্দিকে অসভ্য লোকের বাস, ছাজার লোক সোনার আশায় বিপদের সমুখীন হইবে, হয়তো একজন ক্বতকার্য হইবে। এ-সকল লোক এ-কথাও শুনিয়াছে—আত্মা বলিয়া কিছু আছে, কিন্তু তাহারা পুরোহিতবর্গের উপর উহার ভার দিয়াই নিশ্চিস্ত। প্রথমোক্ত ব্যক্তি কিন্তু দোনার জ্ব্য অসভ্যদিগের কাছে ষাইতে রাজি নয়। দে বলে, উহাতে বিপদের আশহা আছে; কিন্তু যদি তাহাকে বলা যায়, এভারেস্ট পর্বতের শিখরে, সমুদ্র-পৃষ্ঠের ৩০,০০০ ফিট উপরে এমন একজন আশ্চর্য সাধু, আছেন, ধিনি ভাহাকে আত্মজ্ঞান দিতে পারেন, অমনি সে কাপড়-চোপড় লইয়া অথবা কিছুমাত্র না লইয়াই একেবারে যাইতে প্রস্তুত; এই চেষ্টায় হয়তো ৪০,০০০ লোক মারা যাইতে পারে, একজন হয়তো সভ্য লাভ করিবে। ইহারাও একদিকে থুব কাব্দের লোক, তবে লোকের ভুল হয় এইটুকু—তুমি ষেটুকুকে জগৎ বলো, সেইটুকুই সব, এই চিস্তা করা। ভোমাদের জীবন ক্ষণস্থায়ী ইন্দ্রিয়ভোগমাত্র—উহাতে নিত্য কিছুই নাই, বরং উহা উত্তরোত্তর তৃঃথ আনয়ন করে। আমার পথে অনস্ত শাস্তি, তোমার পথে অনম্ভ তৃঃখ।

আমি বলি না যে, তৃমি ষাহাকে প্রকৃত কাজের পথ বলিতেছ, তাহা লম। তৃমি নিজে যেরপ ব্রিয়াছ, তাহা কর। ইহাতে পরম মদল হইবে, কিন্তু তা বলিয়া আমার মতকে নিন্দা করিও না। আমার পথও আমার ভাবে আমার পক্ষে কার্যকর পথ। এস, আমরা সকলে নিজ নিজ প্রণালীতে কাজ করি। ঈশ্বরেচ্ছায় যদি আমরা উভয় দিকেই কর্মকুশল হইতাম, তাহা হইলে বড় ভাল হইত। আমি এমন অনেক বৈজ্ঞানিক দেখিয়াছি, বাহারা বিজ্ঞান ও অধ্যাত্মতন্ত উভয়দিকেই কাজের লোক; আর আমি আশা করি, কালে সমৃদ্য় মানবজাতি এভাবে উভয়ত্ত কাজের লোক হইবে। মনে কর, এক কড়া জল গরম হইতেছে—সেই সময় কি হইতেছে, তাহা যদি লক্ষ্য কর, দেখিবে এক কোণে একটি বৃদ্দ উঠিতেছে, অপর কোণে আর একটি উঠিতেছে। এই বৃদ্দগুলি ক্রমশং বাড়িতে থাকে—চার-পাঁচটি একত্র

र्य, जन्दार्य नन्छनि धक्क रहेया धक धनन गणि जायछ र्य। धरे जन्दछ এইরপ। প্রভাক ব্যক্তিই যেন এক একটি ব্রুদ, আর বিভিন্ন জাতি যেন কতকগুলি বৃদ্দের সমষ্টি। ক্রমশঃ জাতিতে জাতিতে মিলন হইতেছে---আমার নিশ্চয় ধারণা, এমন এক দিন আসিবে, যথন আতি বলিয়া কিছু থাকিবে না—জাতিতে জাতিতে প্রভেদ চলিয়া যাইবে। আমরা ইচ্ছা করি বা না করি, আমরা যে একত্বের দিকে অগ্রসর হইভেছি, ভাছা একদিন না একদিন প্রকাশিত হইবেই হইবে। বাস্তবিক আমাদের সকলের মধ্যে ভ্রাতৃ-সম্বন্ধ খাভাবিক-কিন্ত আমরা এখন সকলে পৃথক্ হইয়া রহিয়াছি। এমন সময় অবশ্য আসিবে, ষথন এই-সকল ভিন্ন ভাব একত্র মিলিত হইবে-প্রত্যেক ব্যক্তিই বৈজ্ঞানিক বিষয়ে যেমন, আধ্যাত্মিক বিষয়েও তেমনি কাজের লোক হইবে—তথন সেই একত্ব, সেই মিলন জগতে প্রকাশিত হইবে। তথন দকলে জীবন্মুক্ত হইবে। আমাদের ঈর্বা, ঘুণা, মিলন ও বিরোধের মধ্য मित्रा व्याप्रता तम्हे अकि कि कि कि कि । अकि धिवन नमी मप्रस्त पिरक চলিতেছে। ক্ত ক্ত কাগজের টুকরা, খড়কুটা প্রভৃতি এদিকে ওদিকে ষাইবার চেষ্টা করিতে পারে, কিন্তু অবশেষে তাহাদিগকে অবশ্রই সমুদ্রে যাইতে হইবে। এইরূপ তুমি আমি—এমন কি সমৃদয় প্রকৃতিই কৃত্র কৃত্র কাগজের টুকরার মতো দেই অনস্ত পূর্ণভার সাগর—ঈশবের দিকে অগ্রসর হইতেছি; আমরা এদিক ওদিক ঘাইবার চেষ্টা করিতে পারি, কিন্তু অবশেষে সেই জীবন ও আনন্দের অনম্ভ সমূত্রে পৌছিব।

সর্ববস্তুতে ব্রহ্মদর্শন

[লণ্ডনে প্রদত্ত বক্তৃতা, ২৭শে অক্টোবর, ১৮৯৬]

আমরা দেখিয়াছি, আমরা হৃ:খ দূর করিতে যতই চেষ্টা করি না কেন, আমাদের জীবনের বেশীর ভাগই অবশ্য তৃঃধপূর্ণ থাকিবে। আর এই তৃ:খরাশি আমাদের পক্ষে একরূপ সীমাহীন। আমরা অনাদি কাল হইতে এই দৃঃখ প্রতিকারের চেষ্টা করিতেছি, কিন্তু বাস্তবিক উহা ষেমন তেমনই রহিয়াছে। আমরা যতই হু:খ-প্রতিকারের উপায় বাহির করি, ততই আমরা নিজেদের স্ক্রতর তৃঃথবাশি দারা পরিবেষ্টিত দেখিতে পাই। আমরা আরও দেখিয়াছি, সকল ধর্মই বলিয়া থাকে, এই তুঃখ-চক্রের বাহিরে ষাইবার একমাত্র উপায় ঈশর। সকল ধর্মই বলিয়া থাকে—আধুনিক কর্মকুশল লোকদের উপদেশমত ব্দগৎকে যেমন দেখিতেছ, তেমনি গ্রহণ করিলে আমাদের ভাগ্যে তৃংখ ছাড়া আর কিছুই থাকিবে না। কিন্তু সকল ধর্মই বলে— এই জগতের অতীত আরও কিছু আছে। এই পঞ্চেক্রিয়গ্রাহ্ম জীবনই সবটুকু নয়, উহা প্রকৃত জীবনের অতি সামান্ত অংশ মাত্র, বাস্তবিক উহা অতি ্ স্থুল ব্যাপার। উহার পশ্চাতে, উহার অতীত প্রদেশে দেই অনস্ত রহিয়াছেন, বেখানে তুঃধের লেশমাত্র নাই—উহাকে কেহ গড়, কেহ আল্লা, কেহ জিহোভা, কেহ জোভ্, কেহ বা আর কিছু বলিয়া থাকেন। বেদাস্তীরা উহাকে 'ব্রহ্ম' বলিয়া থাকেন।

কিন্ত জগতের অতীত প্রদেশে যাইতে হইবে, এ-কথা দত্য হইলেও আমাদিগকে এই জগতে জীবনধারণ করিতে তো হইবে? এখন ইহার মীমাংসা কোথায়?

শগতের বাহিরে যাইতে হইবে—সকল ধর্মের এই উপদেশ হইতে আপাততঃ
এই ভাবই মনে উদিত হয় যে, আত্মহত্যা করাই বুঝি শ্রেয়:। প্রশ্ন এই—
শীবনের হংখরাশির প্রতিকার কি ? আর তাহার যে উত্তর দেওয়া হয়,
তাহাতে আপাততঃ মনে হয়—জীবনটাকে ত্যাগ করাই ইহার একমাত্র
প্রতিকার। ইহার উত্তরে আমাদের একটি প্রাচীন গল্পের কথা মনে পড়ে।
একজনের মাথার উপরে একটা মশা বিসিয়াছিল, তাহার এক বয়ু ঐ মশাটাকে
মারিতে গিয়া তাহার মন্তকে এমন তীত্র আঘাত করিল যে, সেই লোকটি

মারা গেল, মশাটিও মরিল। তৃ:ধ প্রতিকারের যে উপায়ের কথা ধর্ম বলে, তাহা এইরূপই।

जीवन रा प्रःथभूर्व, जान रा प्रःथंभूर्व-जाना जानरक रा विश्ववद्वतभ জানিয়াছে, দে আর অস্বীকার করিতে পারে না। কিন্তু সকল ধর্ম ইহার প্রতিকারের কি উপায় বলে ? ধর্মগুলি বলে, অগৎ কিছুই নয়; এই জগতের বাহিরে এমন কিছু আছে, যাহা প্রকৃত সত্য। এইখানেই বিবাদ। উপায়টি যেন আমাদের যাহা কিছু আছে, সবই নষ্ট করিয়া ফেলিতে উপদেশ দিতেছে। তবে কি করিয়া উহার প্রতিকারের উপায় হইবে ? তবে কি কোনই উপায় নাই ? প্রতিকারের অস্ততঃ আর একটি উপায় প্রস্তাবিত হইয়াছে। বেদাস্ত বলে, বিভিন্ন ধর্ম যাহা বলিভেছে, তাহা সম্পূর্ণ সত্য, কিন্তু ঐ কথার যথার্থ তাৎপর্য কি, তাহা ব্ঝিতে হইবে। অনেক সময় লোকে বিভিন্ন ধর্মের উপদেশ সম্পূর্ণ বিপরীতভাবে ব্ঝিয়া থাকে, ধর্মগুলিও ঐ বিষয়ে খুব স্পষ্ট করিয়া কিছু বলে না। আমাদের হৃদয় ও মন্তিক উভয়ই প্রয়োজন। হাদয় অবশ্য থ্ব বড় জিনিস—হাদয়ের ভিতর দিয়াই জীবনের মহৎ প্রেরণাগুলির মুরণ হয়। হদয়শৃক্ত কেবল মন্তিঙ অপেকা যদি আমার মন্ত্রিষ না-ই থাকে, শুধু একটু হানয় থাকে, তাহা আমি শতবার পছন্দ করিব। যাহার হাদয় আছে, তাহারই ষ্থার্থ জীবন —তাহারই উন্নতি সম্ভব; কিন্তু যাহার এডটুকু হদয় নাই, কেবল মন্ডিম্ব আছে, সে ওঙ্কতায় মরিয়া যায়।

কিন্ত আমরা ইহাও জানি, ধিনি কেবল নিজের হাদয় ঘারা পরিচালিত হন, তাঁহাকে অনেক তৃঃপ ভোগ করিতে হয়, কারণ তাঁহার প্রায়ই শ্রমে পড়িবার সন্তাবনা। আমরা চাই—হাদয় ও মন্তিক্রের মিলন। আমার কথার তাৎপর্য ইহা নহে যে, কিছুটা হাদয় ও কিছুটা মন্তিক্রের মধ্যে আপস করিতে হইবে, কিন্তু প্রত্যেক ব্যক্তিরই অনস্ত হাদয়ায়ভূতি থাকুক এবং ভাহার সঙ্গে সক্ষে অনস্ত পরিমাণ বিচারবৃদ্ধিও থাকুক।

এই জগতে আমরা যাহা কিছু চাই, তাহার কি কোন সীমা আছে ? জগৎ কি জনস্ত নয় ? জগতে অনস্তপরিমাণ ভাববিকাশের এবং তাহার সঙ্গে সঙ্গে অনস্তপরিমাণ শিক্ষামূলীলন ও বিচারের অবকাশ আছে। অব্যাহতভাবে এ ছই ভাবই একসঙ্গে আফুক—উভয়েই সমাস্তবালভাবে চলিতে থাকুক। অধিকাংশ ধর্মই, জগতে যে তৃংথরাশি বিভয়ান—এ ব্যাপারটি বৃথেন এবং লগত ভাষাতেই উহার উল্লেখ করিয়া থাকেন বটে, কিন্তু সকলেই বোধ হয় একই ভ্রমে পড়িয়াছেন, তাঁহারা সকলেই হদয়ের হারা, ভাবের হারা পরিচালিত হইয়া থাকেন। জগতে তৃংখ আছে, অতএব সংসারত্যাগ কর—ইহা খ্ব বড় উপদেশ এবং একমাত্র উপদেশ, সন্দেহ নাই। 'সংসারত্যাগ কর'—সত্য জানিতে হইলে অসত্য ত্যাগ করিতে হইবে—ভাল পাইতে হইলে মন্দ ত্যাগ করিতে হইবে, জীবন পাইতে হইলে মৃত্যু ত্যাগ করিতে হইবে—এ সহজে কোন মতহৈধ হইতে পারে না।

কিন্তু যদি এই মতবাদের তাৎপর্য এই হয় বে, পঞ্চেন্দ্রিরগ্রাহ্ জীবন—
আমরা হাহাকে জীবন বলিয়া জানি, আমরা জীবন বলিতে যাহা বৃঝি, তাহা
ত্যাগ করিতে হইবে, তবে আর আমাদের থাকে কি? যদি আমরা উহা
ত্যাগ করি, তবে তো আমাদের আর কিছুই থাকে না।

যথন আমরা বেদান্তের দার্শনিক অংশের আলোচনা করিব, তথন আমরা এই তব্ব আরও ভালভাবে বৃঝিব, কিন্তু আপোততঃ আমি কেবল ইহাই বলিতে চাই যে, বেদান্তেই কেবল এই সমস্থার যুক্তিসক্ত মীমাংসা পাওয়া যার। এখানে কেবল বেদান্তের প্রকৃত উপদেশ কি, তাহাই বলিব—বেদান্ত শিক্ষা দেয় জগংকে ব্রহ্মভাবে দর্শন করিতে।

বেদান্ত প্রকৃতপক্ষে জগৎকে একেবারে উড়াইয়া দিতে চায় না। বেদান্তে যেমন চ্ড়ান্ত বৈরাগ্যের উপদেশ আছে, তেমন আর কোথাও নাই, কিছ ঐ বৈরাগ্যের অর্থ আত্মহত্যা নহে—নিজেকে শুকাইয়া ফেলা নহে। বেদান্তে বৈরাগ্যের অর্থ জগতের ব্রহ্মভাব—জগংকে আমরা যেভাবে দেখি, উহাকে আমরা যেমন জানি, উহা যেভাবে প্রতিভাত হইতেছে, তাহা ত্যাগ কর এবং উহাব প্রকৃত স্বরূপ অবগত হও। জগংকে ব্রহ্মভাবে দেখ—বান্তবিকও উহ। ব্রহ্ম ব্যতীত আর কিছুই নহে; এই কারণেই আমরা প্রাচীনতম উপনিষদে—বেদান্ত সম্বন্ধে লিখিত প্রথম পুত্তকে—দেখিতে পাই, জিশাবান্তমিদং সর্বং বং কিঞ্চ জগত্যাং জগং''—জগতে যাহা কিছু আছে, তাহা ঈশবের হারা আচ্ছাদিত করিতে ইইবে।

১ ঈশ উপ.,—১ম লোক

সমুদ্ধ অগংকে ঈশরের ঘারা আফাদিত করিতে হইবে—জগতে যে অভভ তুঃখ আছে ভাহার দিকে না চাহিয়া, মিছামিছি সবই মললময় – সবই সুখময় বা সবই ভবিশ্রৎ মঙ্গলের অস্ত এরূপ প্রান্ত প্রথাদ অবলম্বন করিয়া নহে, কিছ বান্তবিক প্রভাকে বস্তর ভিতরে ঈশ্বর দর্শন করিয়া। এই ভাবে আমাদিগকে 'দংদার' ভ্যাগ করিতে হইবে—আর যখন দংদারভ্যাগ হয়, ভখন অবশিষ্ট থাকে কি ?-- ঈশর। এই উপদেশের ভাৎপর্য কি ? ভাৎপর্য এই-তামার ন্ত্ৰী থাকুক, তাহাতে কোন ক্ষতি নাই, তাহাদিগকে ছাড়িয়া চলিয়া যাইতে হুইবে, ভাহা নয়; কিন্তু ঐ স্ত্রীর মধ্যে ভোমাকে ঈশর দর্শন করিভে হুইবে। সন্তান-সন্ততিকে ত্যাগ কর-ইহার অর্থ কি ? ছেলেগুলিকে লইয়া কি রাভায় ফেলিয়া দিতে হইবে—ধেমন সকল দেশে নর-পশুরা করিয়া থাকে ? কথনই নয়; উহা তো পৈশাচিক কাও-উহা তো ধর্ম নহে। তবে কি ? সন্তান-সম্ভতিগণের মধ্যে ঈশ্বর দর্শন কর। এইরূপ সকল বস্ততেই, জীবনে-মরণে, হথে-ছ:থে-সকল অবস্থাতেই সমৃদয় জগৎ ঈশ্বপূর্ণ; কেবল নয়ন উন্মীলন করিয়া তাঁহাকে দর্শন কর। বেদাস্ত ইহাই বলে; তুমি জগৎকে যেরূপ অহুমান করিয়াছ, ভাহা ভ্যাগ কর ; কারণ ভোমার অহুমান আংশিক অহুভূতির উপর —খুব সামাক্ত যুক্তির উপর—মোট কথা, ভোমার নিজের ত্র্পতার উপর প্রভিষ্ঠিত। ঐ আহমানিক জ্ঞান ত্যাগ কর—আমরা এতদিন জগংকে যেরপ ভাবিতেছিলাম, এতদিন যে-জগতে আসক্ত ছিলাম, তাহা আমাদের নিজেদের স্ট মিথ্যা জগৎ মাত্র; উহা ত্যাগ কর। নয়ন উন্মীলন করিয়া দেখ, আমরা যেভাবে এডদিন জগৎকে দেখিতেছিলাম, প্রকৃত পক্ষে কখনই উহার সেরপ অন্তিত্ব ছিল না—আমরা স্বপ্নে এরপ দেখিতেছিলাম —মায়ায় আচ্ছর হইয়া আমাদের এক্লণ ভ্রম হইতেছিল, অনন্তকাল ধরিয়া সেই প্রভূই একমাত্র বিশ্বমান। ভিনিই সম্ভান-সম্ভতির ভিতরে, তিনিই স্ত্রীর মধ্যে, তিনিই খামীতে, ভিনিই ভালয় মন্দে, ভিনিই পাপে ও পাপীতে, ভিনিই হত্যাকায়ীতে, তিনিই জীবনে এবং মরণেও তিনিই রহিয়াছেন।

বিষম প্রস্তাব বটে! কিন্তু বেদান্ত ইহাই প্রমাণ করিতে, শিক্ষা দিতে ও প্রচার করিতে চায়। ইহা তো ওধু বেদান্তের আরম্ভ!

আমরা এইভাবে দূর্বত্র ব্রহ্মদর্শন করিয়াই জীবনের বিপদ ও তঃধরাশি এড়াইভে পারি। কিছু চাহিও না। আমাদিগকে অস্থ্যী করে কিদে? আমরা বে-সকল তৃ:খভোগ করিয়া থাকি, বাসনা হইতেই সেগুলির উৎপত্তি। তোমার কিছু অভাব আছে, আর সেই অভাব পূর্ণ হইতেছে না, ফল—তৃ:খ। অভাব বদি না থাকে, তবে তৃ:খও থাকিবে না। যথন আমরা সকল বাসনা ত্যাগ করিব, তথন কি হইবে? দেয়ালের কোন বাসনা নাই, উহ। কথন তৃ:খ ভোগ করে না। ইহা সত্য, কিন্তু দেয়ালের কোনরপ উন্নতিও হয় না। এই চেয়ারের কোন বাসনা নাই, কোন কষ্টও নাই, কিন্তু উহা যে চেয়ার, সেই চেয়ারই থাকে। হুখভোগের ভিতরেও এক মহান্ ভাব আছে, তৃ:খভাগের ভিতরেও আছে। যদি সাহস করিয়া বলা যায়, তাহা হইলে ইহাও বলিতে পারি যে, তৃ:থেরও উপকারিতা আছে। আমরা সকলেই জানি, তৃ:খ হইতে কি মহৎ শিক্ষা হয়। জীবনে শত শত কাজ করিয়াছি; পরে বোধ হয়, না করিলেই ছিল ভাল, কিন্তু তাহা হইলেও ঐ-সকল কাজ আমাদের মহান্ শিক্ষকের কাজ করিয়াছে। নিজের সহদ্ধে বলিতে পারি, কিছু ভাল করিয়াছি বলিয়া আমি আনন্দিত, আবার অনেক খারাপ কাজ করিয়াছি বলিয়াও স্থী—আমি কিছু সংকার্য করিয়াছি বলিয়া আনন্দিত, আবার অনেক ভ্রমে পড়িয়াছি বলিয়াও স্থী, কারণ উহাদের প্রত্যেকটিই আমাকে মহৎ শিক্ষা দিয়াছে।

আমি এখন যাহা, তাহা আমার পূর্ব কর্ম ও চিস্তাসমষ্টির ফলম্বরূপ। প্রত্যেক কার্য ও চিস্তারই একটি না একটি ফল আছে, এবং এই ফলগুলির সমষ্টি আমার এই অগ্রগতি—এই উন্নতি। তবেই এখন সমস্তা কঠিন হইয়া পড়িল। আমরা সকলেই বৃঝি—বাসনা বড় খারাপ জিনিস, কিন্তু বাসনাত্যাগের অর্থ কি? বাসনা ত্যাগ করিলে দেহধাত্রানির্বাহ হইবে কিরুপে? ইহাও কি সেই মশা মারার জন্ত মাহুষ মারা নয়? বাসনাকে সংহার কর, তাহার সঙ্গে বাসনাযুক্ত মাহুষটাকেও মারিয়া ফেলো! তবে শোন ইহার উত্তর-কি: তোমার যে বিষয়-সম্পত্তি থাকিবে না, তাহা নহে; প্রয়োজনীয় জিনিস, এমন কি বিলাসের জিনিস পর্যন্ত রাখিবে না, তাহা নহে। যাহা কিছু তোমার আবশুক, এমন কি তদ্তিরিক্ত জিনিস পর্যন্ত প্রমি রাখিতে পারো—তাহাতে কিছুমাত্র ক্ষতি নাই। কিছু তোমার প্রথম ও প্রধান কর্তব্য এই যে, সত্যকে জানিতে হইবে—প্রত্যক্ষ করিতে হইবে।

এই ধন—ইহা কাহারও নয়। কোন পদার্থে স্বামিষ্টের ভাব রাখিও না। তুমি তো কেহ নও, আমিও কেহ নহি, কেহই কিছু নহে। সবই সেই প্রভূর বস্তু; কুশোপনিষদের প্রথম শ্লোকে বলা হইরাছে—ঈশ্বরকে সর্ববস্তুর ভিতরে ছাপন কর। ঈশ্বর ভোমার ভোগ্য ধনে রহিয়াছেন, ভোমার মনে বে-সকল বাসনা উঠিতেছে, ভাছাতে রহিয়াছেন; ভোমার বাসনা থাকাতে তৃমি ষে ষে প্রব্য ক্রম করিভেছ, সেগুলির মধ্যেও ভিনি, ভোমার ফ্রম্মর বস্ত্রের মধ্যেও ভিনি, ভোমার ফ্রম্মর বস্ত্রের মধ্যেও ভিনি, ভোমার ফ্রম্মর অলহারেও ভিনি। এইরূপে চিন্তা করিতে হইবে। এইভাবে সকল জিনিস দেখিতে আরম্ভ করিলে ভোমার দৃষ্টিভে সকলই পরিবর্ভিত হইয়া ঘাইবে। যদি ভোমার প্রভ্যেক চালচলনে, ভোমার বস্ত্রে, ভোমার কথাবার্তায়, ভোমার শরীরে—আকৃতিতে, সকল জিনিসে ভগবানকে ছাপন কর, ভবে ভোমার চক্রে সকল দৃশ্য বদলাইয়া ঘাইবে এবং জগৎ তৃঃথরূপে প্রতিভাত না হইয়া ম্বর্গরূপে পরিণত হইবে।

যীশু বলিয়াছেন, 'স্বর্গরাজ্য ভোমার ভিতরে'। বেদান্তও বলে, উহা পূর্ব হইতেই তোমার অভ্যন্তরে অবস্থিত। দকল ধর্মই এই কথা বলিয়া থাকে, দকল মহাপুরুষই ইহা বলিয়া থাকেন। 'ষাহার দেখিবার চক্ষু আছে, দে দেখুক; যাহার শুনিবার কর্ণ আছে, দে শুরুক।' আমরা যে-দত্য এন্দেন আয়েষণ করিতেছি, তাহাপূর্ব হইতেই আমাদের অন্তরে বর্তমান, আব বেদান্ত শুধু যে উহার উল্লেখমাত্র কত্তে তাহা নহে, ইহা যুক্তিবলে প্রমাণ করিতেও প্রস্তত্ত । অজ্ঞানবশতঃ আমরা মনে করি, আমরা সত্য হারাইয়া ফেলিয়াছি, এবং উহা পাইবার জন্ম কেবল কাদিয়া, কন্তে ভূগিয়া সমগ্র জগতে ঘুরিতেছিলাম, কিন্তু উহা সর্বদাই আমাদের নিজেদের অন্তরের অন্তন্তনে বর্তমান ছিল। এই ভব্বদৃষ্টি-সহায়ে জগতে জীবনষাপন করিতে হইবে।

'সংসার ত্যাগ কর'—এই উপদেশ যদি সত্য হয়, আর যদি স্থল এবং প্রতীয়মান অর্থে ইহা গ্রহণ করা যায়, তবে এই দাঁড়ায়—আমাদের কোন কাজ করিবার আবশুকতা নাই, অলস হইয়া মাট্রি চিপির মতো বসিয়া থাকিলেই হইল, কিছু চিস্তা করিবার বা কোন কাজ করিবার কিছুমাত্র আবশুকতা নাই; অদৃষ্টবাদী হইয়া, ঘটনাচক্রে তাড়িত হইয়া, প্রাক্ষতিক নিয়মের দারা পরিচালিত হইয়া ইতন্তত: বিচরণ করিলেই হইল। ইহাই ফল দাঁড়াইবে। কিছ পূর্বোক্ত উপদেশের অর্থ বান্তবিক তাহা নহে। আমাদিগকে অবশু কার্য করিতে হইবে। স্থারণ মাস্থ্র, যাহারা রুথা বাসনায় ইতন্তত: ঘুরিয়া বেড়াইতেছে, তাহারা কাজের কি জানে? যে-ব্যক্তি নিজের ভাবরাশি ও ইন্দ্রিয়গণ ঘারা পরিচালিভ, দে কাজের কি বুঝে? তিনিই কাল করিতে পারেন, যিনি কোনরূপ বাসনা ঘারা, কোনরূপ স্বার্থপরতা ঘারা পরিচালিভ নন। তিনিই কাজ করিতে পারেন, যাঁহার অক্ত কোন কামনা নাই। তিনিই কাজ করিতে পারেন, যাঁহার কোন লাভের প্রত্যাশা নাই।

একখানি চিত্র কে বেশী উপভোগ করে? চিত্র-বিক্রেভা, না চিত্রক্তা ? বিক্রেতা তাহার হিসাব-কেতাব লইয়াই ব্যস্ত, তাহার কত লাভ হইবে ইত্যাদি চিস্তাতেই মগ্ন। ঐ-সকল বিষয়ই তাহার মাথায় ঘূরিতেছে। সে কেবল নিলামের হাতৃড়ির দিকে লক্ষ্য করিতেছে এবং দর কত চড়িল, তাহা ভনিতেছে। দর কিরূপ তাড়াতাড়ি উঠিতেছে, তাহা ভনিতেই দে ব্যন্ত। চিত্র দেখিয়া সে আনন্দ উপভোগ করিবে কখন? তিনিই চিত্র সম্ভোগ করিতে পারেন, যাহার বেচা-কেনার কোন মতলব নাই। তিনি ছবিখানির দিকে চাহিয়া থাকেন, আর অতুল আনন্দ উপভোগ করেন। এইভাবে সমগ্র ব্রহ্মাণ্ডই একটি চিত্রস্বরূপ; যথন বাসনা একেবারে চলিয়া যাইবে, তখনই মামুষ জগৎকে উপভোগ করিবে, তখন আর এই কেনা-বেচার ভাব, এই ভ্রমাত্মক অধিকার-বোধ থাকিবে না। তথন ঋণদাতা নাই, ক্রেতা নাই, বিক্রেডাও নাই, জগৎ তথন একখানি স্থন্দর চিত্রের মতো। ঈশব সম্বন্ধে নিম্রোক্ত কথার মতো স্থন্দর কথা আমি আর কোথাও পাই নাই: তিনিই মহং কবি, প্রাচীন কবি—সমগ্র জগং তাঁহার কবিতা, উহা অনস্ত আনন্দোচ্ছাসে লিখিত, এবং নানা শ্লোকে, নানা ছন্দে, নানা তালে প্রকাশিত। বাসনা-ত্যাগ হইলেই আমরা ঈশবের এই বিশ্ব-কবিতা পাঠ করিয়া সম্ভোগ করিতে পারিব। তথন সবই ব্রহ্মভাব ধারণ করিবে। আনাচ-কানাচ, গলি-ঘুঁজি, অন্ধকার স্থান – ষাহা আমরা পূর্বে এত অপবিত্র ভাবিয়াছিলাম, উহাদের উপর যে-সকল দাগ এত কালো বোধ হইয়াছিল, স্বই ব্রহ্মভাব ধারণ করিবে। তাহারা সকলেই তাহাদের প্রকৃত স্বরূপ প্রকাশ করিবে। ডখন আমরা নিজেরাই নিজেদের পূর্ব আচরণের কথা ভাবিয়া হাসিয়া উঠিব-এই-সকল কালা-চীৎকার কেবল ছেলেথেলা মাত্র, আর আমরা জননীর মতো বরাবর কাছে দাঁড়াইয়া ঐ থেলা দেখিতেছিলাম।

বেদান্ত বলে, এইরূপ ভাব আশ্রয় করিলেই আমরা ঠিক ঠিক কার্য করিতে সক্ষম হইব। বেদান্ত আমাদিগকে কার্য করিতে নিবেধ করে না, ভবে ইহাও বলে যে, প্রাথমে 'সংসার' ত্যাগ করিতে হইবে, এই আপার্তপ্রতীর্মান মায়ার জগৎ ভ্যাগ করিতে হইবে। এই ভ্যাগের वर्ष कि ? भूर्व वन। इहेब्राट्स, छारभद श्रव्य खारभर्य-मर्वज देश्वत्रमर्गन। সর্বত্র ঈশ্বরবৃদ্ধি করিতে পারিলেই প্রকৃতপক্ষে কার্য করিতে সক্ষম হইবে। যদি ইচ্ছা হয়, শতবর্ষ বাঁচিবার ইচ্ছা কর, যত কিছু দাংদারিক বাদনা আছে ভোগ করিয়া লও, কেবল ঐগুলিকে ত্রহারূপে দর্শন কর, স্বর্গীয় ভাবে পরিণত করিয়া লও, তারপর শতবর্ধ জীবন্যাপন কর। এই জগতে দীর্ঘকাল আনন্দে পূর্ণ হইয়া কার্য করিয়া জীবন সম্ভোগ করিবার ইচ্ছা কর। এইরূপে কার্য করিলে তুমি প্রকৃত পথ পাইবে। ইহা ব্যতীত অক্ত কোন পথ নাই। যে-ব্যক্তি সভ্য কি, না জানিয়া নির্বোধের স্থায় সংসারের বিলাদ-বিভ্রমে নিমগ্ন হয়, বুঝিতে হইবে দে প্রকৃত পথ পায় নাই, তাহার পা পিছলাইয়া গিয়াছে। অপরদিকে খেঁ-ব্যক্তি জগৎকে অভিসম্পাত করিয়া বনে গিয়া নিজের শরীরকে কট্ট দিতে থাকে, ধীরে ধীরে শুকাইয়া আপনাকে মারিয়া ফেলে, নিজের হৃদয় একটি ভঙ্ক মক্ষভূমি করিয়া ফেলে, নিজের সকল ভাব মারিয়া ফেলে, কঠোর বীভংস ভঙ্ক হইয়া যায়, সেও পথ ভুলিয়াছে—বুঝিতে হইবে। এই ছুইটিই বাড়াবাড়ি—হুইটিই ভ্রম, এদিক আর ওদিক। উভয়েই লক্ষ্যভাষ্ট—উভয়েই পথভাষ্ট।

বেদান্ত বলে, এইভাবে কার্য কর—সকল বস্তুতে ঈশ্বরবৃদ্ধি কর, সর্বভৃতেই তিনি আছেন জানো, নিজের জীবনকেও ঈশ্বরায়প্রাণিত, এমন কি ঈশ্বর-শ্বরূপ চিন্তা কর—জানিয়া বাখো, ইহাই আমাদের একমাত্র কর্তব্য, ইহাই আমাদের একমাত্র জিজ্ঞাস্ত, কারণ ঈশ্বর সকল বস্তুতেই বিজ্ঞমান, তাঁহাকে লাভ করিবার জন্ম আবার কোথায় ঘাইবে ? প্রত্যেক কার্বে, প্রত্যেক চিন্তায়, প্রত্যেক ভাবে তিনি পূর্ব হইতেই অবস্থিত। এইরূপ জানিয়া আমাদিগকে অবশু কার্য করিয়া ঘাইতে হইবে। ইহাই একমাত্র পর্থ—আর কোন পথ নাই। এইরূপ করিলে কর্মফল আমাদিগকে আবদ্ধ করিছে পারিবে না। কর্মফল আর আমাদের কোন অনিষ্ট করিতে পারিবে না। আমরা দেখিয়াছি, আমরা হত কিছু তৃঃখ-কট ভোগ করি, তাহার কারণ এই-সকল বুথা বাসনা। কিন্তু যথন এই বাসনাগুলি ঈশ্বরবৃদ্ধি ছারা বিশুদ্ধ ভাব ধারণ করে, ঈশ্বর-শ্বরূপ হইয়া যায়, তশ্বন

উহারা আর কোন অনিষ্ট করে না। যাহারা এই রহস্ত জানে নাই, তাহাদিগকে ইহা না জানা পর্যন্ত এই আস্থরিক জগতে বাদ করিতে হৈবে। লোকে জানে না, এখানে তাহাদের চতুদিকে দর্বত্র কি অনস্ত আনন্দের খনি রহিয়াছে, কিন্তু তাহারা এখনও আবিষ্কার করিতে পারে নাই। আস্থরিক জগতের অর্থ কি ? বেদাস্ত বলে—অজ্ঞান।

বেদান্ত বলে, আমবা বিশাল স্রোত্যতীর তীরে বিদয়া তৃফায় মরিতেছি।
রাশীক্বত থাতের সম্থে বসিয়া আমরা ক্ষ্ণায় মরিতেছি। এইথানেই আনন্দময়
জগৎ রহিয়াছে, আমরা উহা খ্জিয়া পাইতেছি না। আমরা উহার মধ্যে
রহিয়াছি, উহা সর্বদাই আমাদের চতৃদিকে রহিয়াছে, কিন্তু আমরা সর্বদাই
উহাকে অন্ত কিছু বলিয়া ভূল করিতেছি। বিভিন্ন ধর্ম আমাদিগকে সেই
আনন্দময় জগৎ দেখাইয়া দিতে অগ্রসর। সকল হাদয়ই এই আনন্দময় জগতের
অ্যেশন করিয়াছে। সকল জাতিই ইহার অ্যেশন করিয়াছে, ইহাই ধর্মের
একমাত্র লক্ষ্য, আর এই আদর্শই বিভিন্ন ভাষায় প্রকাশিত হইয়াছে; বিভিন্ন
ধর্মের মধ্যে যে সামান্ত মতভেদ আছে, দেগুলি ভাষার বিভিন্নতা মাত্র
—বাস্তবিক কিছু নয়। একজন একটি ভাব একয়েপ প্রকাশ করিতেছে,
আর একজন একটু অন্তভাবে প্রকাশ করিতেছে, কিন্তু আমি যাহা বলিতেছি,
তৃমি হয়তো অন্ত ভাষায় ঠিক তাহাই বলিতেছ। কেহ হয়তো স্থ্যাতিলাভের আশায় অথবা সবকিছু নিজের মনের মতো করিতে চায় বলিয়া বলে,
'এ আমার মৌলিক মত।' ইহা হইতেই আমাদের জীবনে হন্দ ও সংগ্রামের
উৎপত্তি।

এ-দয়জে আবার এখন নানা তর্ক উঠিতেছে। যাহা বলা হইল, তাহা
মুখে বলা তো খুব সহজ। ছেলেবেলা হইতেই শুনিয়া আসিতেছি: সর্বত্র
ব্রহ্মবৃদ্ধি কর —সব ব্রহ্মময় দেখ, তবেই ঠিকঠিক এ সংসার সজোগ করিতে
পারিবে। কিছু যখনই সংসারক্ষেত্রে নামিয়া কয়েকটি ধালা খাই, অমনি
ব্রহ্মবৃদ্ধি উড়িয়া যায়। আমি রাস্তায় ভাবিতে ভাবিতে চলিয়াছি, সকল
মাহ্মবেই ঈশ্বর বিরাজমান—একজন বলবান লোক আসিয়া আমার ধালা দিল,
অমনি চিৎপাত হইয়া পড়িয়া গেলাম, চটপট উঠিলাম, রক্ত মাথায় চড়িয়া
গেল—মৃষ্টি বন্ধ হইল—বিচারশক্তি হারাইলাম, একেবারে উন্মন্ত হইয়া
উঠিলাম, শ্বতিত্রংশ হইল—শেই ব্যক্তির ভিতর ঈশ্বর না দেখিয়া শয়তান

দেখিলাম। জন্মিবামাত্র উপদেশ পাইতেছি, সর্বত্র ঈশর দর্শন কর। সকল ধর্মই ইহা শিখাইয়াছে—সর্বস্থতে, সর্বপ্রাণীর ভিতরে সর্বত্র ঈশর দর্শন কর। নিউ টেস্টামেন্টে যীশুলীপ্তও এ-বিষয়ে স্পষ্ট উপদেশ দিয়াছেন। সকলেই আমরা এই উপদেশ পড়িয়াছি, কিন্তু কাজের বেলাতেই আমাদের অস্থবিধা শুক হয়।

ঈশপ-রচিত একটি গল্পে আছে: এক বৃহৎ স্কার হরিণ ব্রদে নিক প্রতিবিষ দেখিরা তাহার শাবককে বলিতেছিল, 'দেখ, আমি কেমন বলবান্, আমার মাথা দেখ—কেমন চমৎকার! আমার অকপ্রতাদ দেখ—কেমন দৃঢ় ও মাংসল! আমি কত শীল্প দৌড়াইতে পারি!' সে এ-কথা বলিতেছিল, এমন সময়ে দ্ব হইতে ক্কুরের ডাক ভনিতে পাইল। যাই শোনা, অমনি ক্রতপদে পলায়ন। অনেক দ্বে দৌড়িয়া গিয়া আবার হাঁপাইতে হাঁপাইতে শাবকের নিকট ফিরিয়া আসিল। হরিণশাবক বলিল, 'এইমাত্র বলিতেছিলে, তুমি খ্ব বলবান্—তবে কুকুরের ডাকে পলাইলে কেন?' উত্তরে হরিণ বলিল, 'তাই তো, কুকুর ডাকিলেই আমার আর কিছু জ্ঞান থাকে না।' আমরাও সারাজীবন এরপ করিতেছি। আমরা তুর্বল মহয়জাতি সম্বন্ধে কত উচ্চ আশা পোষণ করিতেছি, কিন্তু কুকুর ডাকিলেই হরিণের মতো পলাইয়া যাই। তাই যদি হইল, তবে এ-সকল শিক্ষার কি প্রয়োজন ? বিশেষ প্রয়োজন আছে। বৃঝিয়া রাখা উচিত, একদিনে কিছু হয় না।

'আত্মা বা অরে শ্রোতব্যা মন্তব্যো নিদিধ্যাসিতব্য:।''—আত্মা সম্বন্ধ প্রথমে শুনিতে হইবে, পরে মনন অর্থাৎ চিন্তা করিতে হইবে, পরে ক্রমাগত ধ্যান করিতে হইবে। সকলেই আকাশ দেখিতে পায়, এমন কি, যে সামাশ্য কীট ভূমিতে বিচরণ করে, সেও উপরের দিকে দৃষ্টিপাত করিলে নীলবর্ণ আকাশ দেখিতে পায়, কিন্তু উহা আমাদের নিকট হইতে কড—কত স্বে রহিয়াছে, বলো দেখি! ইচ্ছা করিলে তো মন সবহানে গমন করিতে পারে, কিন্তু এই শরীরের পক্ষে হামাগুড়ি দিয়া চলিতে শিখিতেই কত সময় অতিবাহিত হয়! আমাদের সম্দয় আদর্শ সম্বন্ধেও এইরপ। আদর্শগুলি আমাদের অনেক দ্বে বহিয়াছে, আর আমরা কত নীচে পড়িয়া

১ বৃহ, উপ., হাঙাঃ ; ঃ।।৬

রহিরাছি। তথাপি আমরা জানি, আমাদের একটি আদর্শ থাকা আবশ্রক। তথু তাহাই নহে, আমাদের সর্বোচ্চ আদর্শ থাকাই আবশুক। চূর্ভাগ্যবশতঃ অধিকাংশ ব্যক্তি এই জগতে কোনরূপ আদর্শ ছাড়াই জীবনের অন্ধকারে পথ হাতড়াইরা বেড়াইতেছে। যাহার একটি নির্দিষ্ট আদর্শ আছে, সে বদি হাজারটি ল্রমে পতিত হয়, যাহার কোনরূপ আদর্শ নাই, সে তবে পঞ্চাশ হাজার ল্রমে পতিত হইবে; ইহা নিশ্চয়। অতএব একটি আদর্শ থাকা ভাল। এই আদর্শ সম্বন্ধে যত বেশী পারা যায়, শুনিতে হইবে; ততদিন শুনিতে হইবে— যতদিন না উহা আমাদের অন্তরে প্রবেশ করে, আমাদের মন্তিক্ষে প্রবেশ করে, যতদিন না উহা আমাদের রক্তের ভিতর প্রবেশ করে, যতদিন না উহা আমাদের রক্তের ভিতর প্রবেশ করে, যতদিন না উহা আমাদের প্রক্রের রক্তের ব্যাপ্ত হইরা যায়। অতএব আমাদিগকে প্রথমে এই আয়তত্ব শ্রবণ করিতে হইবে। কথিত আছে যে, 'হদয় পূর্ণ হইলেই মৃথ কথা বলে', দেইরূপ হৃদয় পূর্ণ হইলে হাতও কাজ করিয়া থাকে।

চিস্তাই আমাদের কর্মপ্রবৃত্তির প্রেরণাশক্তি। মনকে সর্বোচ্চ চিস্তা দারা পূর্ণ করিয়া রাখো, দিনের পর দিন এ-সকল ভাব শুনিতে থাকো, মাসের পর মাস উহা চিস্তা করিতে থাকো। প্রথম প্রথম সফল না হও, ক্ষতি নাই, এই বিফলতা সম্পূর্ণ স্বাভাবিক, ইহা মানবজীবনের সৌন্দর্য। এরূপ বিফলতা না থাকিলে জীবনটা কি হইত? যদি জীবনে এই বিফলতাকে জন্ম করিবার চেষ্টা না থাকিত, তবে জীবন ধারণ করিবার কোন মূল্য থাকিত না। উহা না थाकिल कीवत कविच काथाय थाकिछ? এই विकन्छा, এই ভ্ৰম थाकिनई বা ; গৰুকে কখন মিখ্যা কথা বলিতে শুনি নাই, কিন্তু উহা চিরকাল গৰুই থাকে, কখনই মানুষ হয় না। অতএব বার বার বিফল হও, কিছুমাত্র কতি নাই ; শহস্রবার ঐ আদর্শ হদয়ে ধারণ কর, আর যদি সহস্রবার অকৃতকার্য হ্e, আর একবার চেষ্টা করিয়া দেখ। সর্বভূতে ব্রহ্মদর্শনই মাহুষের আদর্শ —উদ্দেশ্য। যদি সকল বস্তুতে তাঁহাকে দেখিতে না পারো, অস্ততঃ বাহাকে দর্বাপেকা ভালবাসো, এমন এক ব্যক্তির মধ্যে উাহাকে দর্শন করিভে চেটা কর—তারপর আর এক ব্যক্তির মধ্যে; এইরূপে **অগ্রসর হইতে পারো**। আত্মার সমুখে তো অনস্ত জীবন পড়িয়া রহিয়াছে,—অধ্যবসায়ের সহিত চেষ্টা করিলে ভোমার শুভ বাসনা পূর্ণ হইবে।

'অনেজদেকং মনসো জবীরো নৈনদেবা আগুবন্ পূর্মর্বং।
' তদাবতোহস্তানত্যতি তির্চং তদ্মিরপো মাতরিখা দধাতি ॥
তদেজতি তল্পৈজতি তদ্বে তদ্বজিকে।
তদস্তরত্য সর্বত্য তত্ব সর্বত্যাত্য বাহতঃ ॥
যন্ত সর্বাণি ভূতানি আত্মন্তেবাহ্নপশ্যতি।
সর্বভূতের চাত্মানং ততো ন বিজ্ঞানতে ॥
যদ্মিন্ সর্বাণি ভূতানি আগ্রেবাভ্দিজানতঃ।
তত্ত্ব কো মোহঃ কঃ শোক একত্মহ্নপশ্যতঃ ॥''

—তিনি অচল, এক, মন অপেকাও ক্রত কম্পনশীল! ইন্দ্রিয়গণ পূর্বে গমন করিয়াও তাঁহাকে প্রাপ্ত হয় নাই। তিনি ছির থাকিয়াও অন্তান্ত ক্রতগামী পদার্থের অগ্রবর্তী। তাঁহাতে থাকিয়াই হিরণ্যগর্ত সকলের কর্মফল বিধান করিতেছেন। তিনি সচল, তিনি হিব, তিনি দ্রে, তিনি নিকটে; তিনি এই সকলের ভিতরে, আবার তিনি এই সকলের বাহিরে। যিনি আত্মাব মধ্যে স্বভূতকে দর্শন করেন, আবার স্বভূতে আত্মাকে দর্শন করেন, তিনি কিছু গোপন করিতে ইচ্ছা করেন না। যে অবস্থায় জ্ঞানী ব্যক্তির পক্ষে স্বভূত আত্মন্তরূপ ইইয়া যায়, সেই একড্দশী পুরুষের সেই অবস্থায় শোক বা মোহের বিষয় কি থাকে?

সর্ব পদার্থের এই একত্ব বেদান্তের আর একটি প্রধান বিষয়। আমরা পরে দেখিব, বেদান্ত কিরপে প্রমাণ করে যে, আমাদের সম্দর তৃঃথ অজ্ঞান-প্রস্ত , অজ্ঞান আর কিছুই নয়—এই বহুত্বের ধারণা—এই ধারণা যে, মাহুষে মাহুষে ভিন্ন, নর নারী ভিন্ন, যুবা ও শিশু ভিন্ন, জাতি হইতে জাতি পৃথক, চক্র হইতে পৃথিবী পৃথক, সূর্ব হইতে চক্র পৃথক, একটি পরমাণু হইতে আর একটি পরমাণু পৃথক্। এই পৃথক্ জানই সকল তৃঃধের কারণ। বেদান্ত বলেন, এই প্রভেদ বান্তবিক নাই। এই প্রভেদ প্রাভিভাসিক, উপরে উপরে দেখা বান্ন মাত্র। বন্ধর অক্তন্তলে সেই একত্ব এখনও বিরাজমান। যদি ভিতরে চলিয়া যাও, তবে এই একত্ব দেখিতে পাইবে—মাহুষে মাহুষে একত্ব, নরনারীতে একত্ব, জাতিতে জাতিতে একত্ব, উচ্চনীচে একত্ব, ধনী-দরিক্রে একত্ব, দেবতা-

> ঈर्णाशनिष्, ४, १

মহ্যো একছ, সকলেই এক; যদি আরও অভ্যন্তরে প্রবেশ কর—দেখিবে ইতর জীবজন্ত —সবই এক। বিনি এইরপ একছদর্শী হইয়াছেন, তাঁহার আর মোহ থাকে না। তিনি তথন সেই একছে পৌছিয়াছেন, ধর্মবিক্ষানে বাহাকে 'ঈশ্বর' বিলয়া থাকে। তাঁহার আর মোহ কিরপে থাকিবে? কিসে তাঁহার মোহ জয়াইতে পারে? তিনি সকল বস্তর আভ্যন্তরিক সত্য জানিয়াছেন, সকল বস্তর রহস্ত জানিয়াছেন। তাঁহার পকে আর হংথ থাকিবে কিরপে? তিনি আর কি বাসনা করিবেন? তিনি সকল বস্তর মধ্যে প্রকৃত সত্য আন্থেশ করিয়া জগতের কেন্দ্রন্থর স্বীছয়াছেন, তিনি সকল বস্তর একত্ব-স্বরূপ; তিনিই অনস্ত সত্যা, অনস্ত জ্ঞান ও অনস্ত আনন্দ। সেথানে মৃত্যু নাই, রোগ নাই, হংথ নাই, শোক নাই, আণান্তি নাই। আছে কেবল পূর্ণ একত্ব—পূর্ণ আনন্দ। তথন তিনি কাহার জন্তু শোক করিবেন? বান্তবিক সেই কেন্দ্রে, দেই পরম সত্যে প্রকৃতপক্ষে মৃত্যু নাই, হংথ নাই, কাহারও জন্ত শোক করিবার নাই।

'দ পর্যগাচ্ছুক্রমকায়মত্রণমন্নাবিরং শুদ্ধমপাপবিদ্ধম্।

কবির্মনীষী পরিভঃ স্বয়ন্ত্র্ধাথাতথ্যতোহর্থান্ ব্যদধাচ্ছাশ্বতীভ্যঃ সমাভ্যঃ ॥''
—তিনি চতুর্দিক বেষ্টন করিয়া আছেন, তিনি উচ্ছল দেহশৃষ্ঠ ত্রণশৃষ্ঠ
স্পায়শৃন্ত পবিত্র ও নিস্পাপ, তিনি কবি, মনের নিয়ন্তা, সকলের শ্রেষ্ঠ ও স্বয়ন্ত্র;
তিনিই চিরকাল যথাযোগ্যরূপে সকলের কাম্যবন্ত বিধান করিতেছেন।

যাহারা এই অবিভাময় জগতের উপাসনা করে, তাহারা অন্ধকারে প্রবেশ করে। যাহারা এই জগংকে ব্রন্মের ভায় সত্যজ্ঞান করিয়া উহার উপাসনা করে, তাহারাও অন্ধকারে ভ্রমণ করিতেছে, কিন্তু যাহারা চিরজীবন এই সংসারের উপাসনা করে, উহা হইতে উচ্চতর আর কিছুই লাভ করিতে পারে না, ভাহারা আরও গভীরতর অন্ধকারে প্রবেশ করে। বিনি এই পরমহন্দব প্রকৃতির রহস্ত জ্ঞাত হইয়াছেন, যিনি প্রকৃতির সাহায্যে দৈবী প্রকৃতির চিন্তা করেন, তিনি মৃত্যু অতিক্রম করেন এবং দৈবী প্রকৃতির সাহায্যে অমৃতত্ব সম্ভোগ করেন।

১ ঈশ উপ., ৮

২ ঈশ উপ., ৯-১২

'হিরথায়েন পাত্রেণ সভ্যক্ষাপিহিতং ম্থম্। তত্ত্বং প্যরপার্ণু সভ্যধর্মায় দৃষ্টয়ে॥ …তেনো যত্তে রূপং কল্যাণভমং ভত্তে পশ্রামি যোহসাবসো পুরুষঃ সোহহমিমি॥''

—হে স্ব, হিরণায় পাত্র বারা তুমি সত্যের মৃথ আর্ত করিয়াছ। সভ্যধর্মা আমি বাহাতে তাহা দেখিতে পারি, এই জন্ত আবরণ অপসারিত কর।
আমি তোমার পরম রমণীয় রূপ দেখিতেছি—তোমার মধ্যে ঐ যে পুরুষ রহিয়াছেন, তাহা আমিই।

অপরোক্ষানুভূতি

[লগুনে প্রদত্ত বক্তৃতা, ২৯শে অক্টোবর, ১৮৯৬]

আমি তোমাদিগকে আর একথানি উপনিষদ্ হইতে পাঠ ক্রিয়া শুনাইব।
ইহা অভি সরল অথচ অভিশয় কৰিত্বপূর্ণ; ইহার নাম 'কঠোপনিষদ'।
তোমাদের অনেকে বোধ হয়, সার এড়ইন আর্নন্ড-কত ইহার অহ্বাদ পাঠ
করিয়াছ। আমরা পূর্বে দেখিয়াছি, জগতের আদি কোথায়, স্পষ্ট কি
ভাবে হইল, এই প্রশ্নের উত্তর বহির্জগৎ হইতে পাওয়া যায় নাই,
স্তরাং এই প্রশ্নের উত্তর পাইবার জন্ত সন্ধান-চেষ্টা অস্তজগতে প্রবেশ
করিল। কঠোপনিষদে এই মাহ্যবের স্বরূপ সম্বন্ধে অহ্বদ্ধান আরম্ভ
ইইয়াছে। পূর্বে প্রশ্ন হইতেছিল, 'কে এই বাহ্যজগৎ স্পষ্ট করিল? ইহার
উংপত্তি কি করিয়া হইল?' ইত্যাদি। কিন্তু এখন এই প্রশ্ন আসিল,
মাহ্যবের ভিতর এমন কি বস্ত আছে, যাহা তাহাকে জীবিত রাথিয়াছে,
যাহা তাহাকে চালাইতেছে এবং মৃত্যুর পরই বা মাহ্যবের কি হয়?
পূর্বে লোকে এই জড় জগৎ লইয়া ক্রমণঃ ইহার অন্তর্দেশে যাইতে
চেষ্টা করিয়াছিল এবং তাহাতে পাইয়াছিল বড় জোর জগতের একজন
শাসনকর্তা—একজন ব্যক্তি—একজন মহন্ত মাত্র; হইতে পারে—মাহ্যবের

১ ঈশ উপ., ১৫, ১৬

শুণরাশি অনস্ত পরিমাণে বর্ধিত করিয়া তাঁহাতে আরোপিত হইয়াছে, কিন্তু কার্ধতঃ তিনি একটি মহয়মাত্র। এই মীমাংসা কথনই পূর্ণসত্য হইতে পারে না। খুব জোর আংশিক সত্য বলিতে পারো। আমরা মহয়দৃষ্টিতে এই জগৎ দেখিতেছি, আর আমাদের ঈশ্বর ইহারই মানবীয় ব্যাখ্যা মাত্র।

মনে কর, একটি গরু যেন দার্শনিক ও ধর্মজ্ঞ হইল—দে জ্বগৎকে তাহার গরুর দৃষ্টিতে দেখিবে, সে এই সমস্থার মীমাংসা গরুর ভাবেই করিবে, সে যে আমাদের ঈশ্বরকেই দেখিবে, তা না-ও হইতে পারে। বিড়ালেরা যদি দার্শনিক হয়, তাহারা 'বিড়াল-জ্বগৎ' দেখিবে, তাহারা সিদ্ধান্ত করিবে, এক বিরাট বিড়াল এই জ্বগৎ শাসন করিতেছে।

অতএব আমরা দেখিতেছি, জগং সম্বন্ধে মানবীয় ধারণা স্বটুকু ব্যাখ্যা করিতে পারে না, জগৎসমস্তার সমাধান করা তো দরের কথা ৷ জগৎ সম্বদ্ধে মাছ্য যে দারুণ স্বার্থপর মীমাংসা করে, তাহা গ্রহণ করিলে প্রচণ্ড ভ্রমে পড়িতে হইবে। বাহুজগং হইতে জগৎসম্বন্ধে যে মীমাংদা পাওয়া যায়, তাহার দোষ এই ষে, আমরা যে-জগৎ দেখি, তাহা আমাদের নিজেদের জগৎমাত্র, সত্য সম্বন্ধে আমাদের যতটুকু দৃষ্টি, ততটুকু মাত্র। প্রকৃত সত্য--সেই পর্মার্থ বস্তু কথন ইন্দ্রিয়গ্রাহ্য ২ইতে পারে না, কিন্তু আমরা জগৎকে তভটুকুই জানি, যতটুকু পঞ্চেন্দ্রিয় দারা অন্তভূত হয়। মনে কর, আমাদের আর একটি ইন্দ্রিয় হইল-তাহা হইলে সমৃদয় ব্রহ্মাণ্ড আমাদের দৃষ্টিতে অবশ্রুই আর একরূপ ধারণ করিবে। মনে কর, আমাদের একটি চৌম্বক ইন্দ্রিয় হইল, জগতে হয়তো এমন লক্ষ লক্ষ শক্তি আছে, যাহা অন্তভ্য করিবার জন্ম আমাদের কোন ইন্দ্রিয় নাই —তথন সেইগুলির উপলব্ধি হইতে লাগিল। আমাদের ইন্দ্রিয়গুলি সীমাবদ্ধ— বান্তবিক অতি সীমাবদ্ধ, আর ঐ সীমার মধ্যেই আমাদের সমগ্র জগৎ অবস্থিত, এবং আমাদের ঈশ্বর আমাদের এই ক্ষুদ্র জগতের মীমাংসা মাত্র। কিন্তু তাহা কখনও যাবতীয় সমস্থার মীমাংসা হইতে পারে না। কিন্তু মামুষ তো থামিতে পারে না। মাহুষ চিন্তাশীল প্রাণী—দে এমন এক মীমাংদা ক্রিতে চায়, যাহাতে জগতের সকল সমস্তার মীমাংসা হইয়া যাইবে।

প্রথমে এমন এক জগৎ আবিদ্ধার কর, এমন এক পদার্থ আবিদ্ধার কর, যাহা সকল জগতের এক সাধারণ তত্ত্বরূপ—যাহাকে আমরা ইন্দ্রিয়গোচর , করিতে পারি বা না পারি, কিন্তু যাহাকে যুক্তিবলে সকল জগতেব ভিত্তিভূমি, সকল জগতের ভিতরে মণিগণমধ্য সূত্রস্থরণ বলিয়া বিবেচনা করা ষাইতে পারে। ষদি আমরা এমন এক পদার্থ আবিদ্ধার করিতে পারি, যাহাকে ইন্দ্রিয়গোচর করিতে না পারিলেও কেবল অকাট্য যুক্তিবলে উচ্চ নীচ সর্বপ্রকার ভরের সাধারণ ভূমি—সর্বপ্রকার অন্তিরের ভিত্তিভূমি—বলিয়া সিদ্ধান্ত করিতে পারি, তাহা হইলে আমাদের সমসা কতকটা মীমাংসার কাছাকাছি হইল বলা যাইতে পারে; স্কুতরা আমাদের দৃষ্টিগোচর এই জ্ঞাত জগৎ হইতে মীমাংসার সন্তাবনা নাই, কারণ ইহা সমগ্র ভাবের আংশিক অমুভূতি মাত্র।

অতএব এই সমস্থার মীমাংসার একমাত্র উপায়—অভ্যন্তরে প্রবেশ করিতে হইবে। অতি প্রাচীন মননশীল ব্যক্তিরা বুঝিতে পারিয়াছিলেন, কেন্দ্র হইতে তাঁহারা যতদূরে যাইতেছেন, ততই বিভেদ বাডিতেছে, আর যতই কেন্দ্রের নিকটবর্তী হইতেছেন, ততই একত্ব বাড়িতেছে। আমরা যতই এই কেন্দ্রের নিকটবর্তী হই, ততই আমরা একটি সাধারণ ভূমিতে সকলে একত্র ২ইতে পারি, আর যতই উহা হইতে দরে সরিয়া ষাই, ততই অপরের সহিত আমাদের পার্থক্য আরম্ভ হয়। এই বাহ্বজগৎ দেই কেন্দ্র হইতে অনেক দূরে, অতএব ইহার মধ্যে এমন কোন সাধারণ ভূমি থাকিতে পারে না, ষেথানে সকল অন্তিত্বেব একটি সাধারণ মীমাংসা হইতে পানে। যত কিছু ব্যাপার আছে, এই জ্বগৎ বড় জোর, ভাহার একটি অংশ মাত্র। আবিও কত ব্যাপার বহিয়াছে, মনোজগতের ব্যাপাব, নৈতিক জগতের ব্যাপার, ৰুদ্ধিরাজ্যের ব্যাপার—এইনপ আরও কত ব্যাপার রহিয়াছে। ইহার মধ্যে কেবল একটি মাত্র লইয়া তাহা হইতে সমূদয় জগৎ-সমস্তার মীমাংসা করা অসম্ভব। অতএব আমাদিগকে প্রথমত: কোথাও এমন একটি কেন্দ্র বাহির করিতে হইবে, যেখান হইতে অন্তান্ত বিভিন্ন 'লোক' উংপন্ন হইয়াছে। সেই কেন্দ্র হইতে আমরা এই প্রশ্ন মীমাংসার চেষ্টা করিব। ইহাই এখন প্রস্তাবিত বিষয়। সেই কেন্দ্র কোথায় ? উহা আমাদের ভিতরে —এই মাছুৰের ভিতর ষে-মাছুষ রহিয়াছেন, তিনিই সেই কেন্দ্র। ক্রমাগত অস্তরের অস্তরে ষাইয়া, মহাপুরুষেরা দেখিতে পাইলেন, জীবাত্মার গভীরতম প্রদেশেই সমৃদন্ন ব্রহ্মাণ্ডের কেন্দ্র। যত প্রকার অন্তিম আছে, সবই আসিয়া শেই এক কেন্দ্রে মিলিত হইতেছে। এখানেই বাস্তবিক সবকিছুর একটি

সাধারণ ভূমি—এথানে দাঁড়াইয়া আমরা একটি সার্বভৌম সিদ্ধান্তে উপনীত হইতে পারি। অতএব কে জগং স্থষ্ট করিয়াছেন, এই প্রশ্নটিই বড় দার্শনিকযুক্তি-সিদ্ধ নহে, এবং উহার মীমাংসাও বিশেষ কিছু কাজের নহে।

পূর্বে যে কঠোপনিষদের কথা বলা হইয়াছে, উহার ভাষা বড় অলম্বারপূর্ণ। অতি প্রাচানকালে এক অতিশয় ধনী ব্যক্তি ছিলেন। তিনি এক সময়ে এক যজ্ঞ করিয়াছিলেন। তাহাতে এই নিয়ম ছিল যে, সর্বস্থ দান করিতে হইবে। এই ব্যক্তির ভিতর বাহির এক ছিল না। তিনি যজ্ঞ করিয়া খুব মান-যশ পাইবার ইচ্ছা করিতেন। এদিকে কিন্তু তিনি এমন সব জিনিস দান করিতেছিলেন, যাহা ব্যবহারের সম্পূর্ণ অমুপ্যোগী—তিনি কতকগুলি জরাজীর্ণ মৃতপ্রায় বন্ধ্যা কান। থোঁড়া গাভী লইয়া দেগুলিই ব্রাহ্মণগণকে দান করিতেছিলেন। নচিকেতা নামে তাঁহার এক অল্পবয়স্ক পুত্র ছিল। পিতা ঠিক ঠিক তাঁহার ত্রত পালন করিতেছেন না, বরং উহা ভঙ্গ করিতেছেন দেখিয়া সে মর্মে মর্মে পীড়িত হইল। ভারতবর্ষে পিতামাতা প্রত্যক্ষ জীবস্ত দেবতা বলিয়া বিবেচিত হইয়া থাকেন, সস্তানেরা তাঁহাদের সমুখে কিছু বলিতে বা করিতে সাহস পায় না, কেবল চুপ করিয়া দাঁড়াইয়া থাকে। অতএব সেই বালক পিতার সম্মুখীন হইয়া অতিশয় শ্রদ্ধা ও বিনয়ের সহিত তাঁহাকে কেবলমাত্র এই কথা জিজ্ঞাসা করিল, 'পিতা, আপনি আমায় কাহাকে দিবেন ? আপনি তো যজ্ঞে সর্বম্ব-দানের সম্বল্প করিয়াছেন।' পিতা অতিশয় বিরক্ত হইয়া বলিলেন, 'ও কি বলিতেছ, বংস! পিতা নিজ পুত্রকে দান করিবে—এ কেমন কথা ?' বালকটি দ্বিভীয়বার ভৃতীয়বার তাঁহাকে এই প্রশ্ন করিল; তখন পিতা ক্রুদ্ধ হইয়া বলিলেন, 'ভোকে মৃত্যুর হাতে সমর্পণ করিব—যমকে দিব।' তারপর আখ্যায়িকা এই:

বালকটি সভাই যমের নিকট গেল। মৃত্যুম্থে পতিত প্রথম মানব ষমদেবতা হন—তিনি স্বর্গে গিয়া সমৃদয় পিতৃগণের অধিপতি হইয়াছেন। সাধুব্যক্তিগণের মৃত্যু হইলে তাঁহারা ইহার নিকট গিয়া অনেক দিন ধরিয়া বাস
করেন। এই ষম একজন অতি শুদ্ধস্থভাব সাধুপুরুষ বলিয়া বর্ণিত। বালকটি
ষমলোকে গমন করিল। দেবতারাও সময়ে সময়ে বাড়ি থাকেন না, অভএব
নচিকেতাকে তিন দিন সেথানে তাঁহার অপেক্ষায় থাকিতে হইল। চতুর্থ দিনে
ষম বাডি ফিরিলেন।

ষম কহিলেন, 'হে বিছন্, ভূমি প্জার যোগ্য অতিথি হইয়াও তিন দিন আমার গৃহে অনাহারে অবস্থান করিভেছ। হে ব্রাহ্মণ, তোমাকে প্রণাম, আমার কল্যাণ হউক! আমি গৃহে ছিলাম না বলিয়া বড় হঃথিত। কিন্তু এই অপরাধের প্রায়শ্চিত্তবন্ধপ তোমাকে আমি প্রতিদিনের জন্ত একটি করিয়া তিনটি বর দিতে প্রস্তুত, ভূমি বর প্রার্থনা কর।' বালক এই প্রার্থনা করিল, 'আমার প্রথম বর এই দিন বে, আমার প্রতি পিতার ক্রোধ ষেন চলিয়া যায়, তিনি ষেন আমার প্রতি প্রসন্ধ হন, আর আপনি আমাকে এস্থান হইতে বিদার দিলে বথন পিতার নিকট যাইব, তিনি ষেন আমার চিনিতে পারেন।' যম বলিলেন, 'তথাস্ক'।

নচিকেতা দিতীয় বরে স্বর্গপ্রাপক যজ্ঞ-বিশেষের বিষয় জানিতে ইচ্ছ। করিলেন। আমরা পূর্বেই দেখিয়াছি, বেদের সংহিতাভাগে আমরা কেবল স্বর্গের কথা পাই---দেখানে সকলের জ্যোতির্ময় শরীর, দেখানে তাঁহারা পিতৃপুরুষদিগের সহিত বাদ করেন। ক্রমশ: অক্সান্ত ভাব আদিল, কিন্ত এ-সকলে কিছুভেই মাহুষ সম্পূর্ণ তৃপ্ত হইল না। এই স্বর্গ অপেক্ষা আরও উচ্চতর কিছুর আবশ্যক। স্বর্গে বাস এই জগতে বাস হইতে বড় কিছু ভিন্ন বকমের নহে। বড় জোর একজন স্বস্থকায় ধনীর জীবন যেরূপ, ইহা দেইরূপই—সম্ভোগের জিনিদ অপর্যাপ্ত, আর নীরোগ স্বস্থ বলির্চ শরীর। উহা তো এই জড়জগৎই হইল, না হয় আর একটু উচু স্তরের; আর আমরা পূর্বেই ষথন দেখিয়াছি, এই জড়জগৎ পূর্বোক্ত সমস্তার কোন মীমাংসা করিতে পারে না, তথন এই স্বৰ্গ হইতেই বা উহার কি মীমাংদা হইবে ? অতএৰ ষতই স্বর্গের উপর স্বর্গ কল্পনা কর না কেন, কিছুতেই সমস্থার প্রকৃত মীমাংসা হইতে পারে না। যদি এই জগৎ ঐ সমস্থার কোন মীমাংসা করিতে না পারিল, তবে এইরূপ কতকগুলি জ্বাৎ কেমন করিয়া উহার মীমাংসা করিবে ? কারণ, আমাদের মনে রাধা উচিত—স্থুল প্রপঞ্চ প্রাকৃতিক সমৃদয় ব্যাপারের অতি সামাগ্র অংশমাত্র।

আমাদের জীবনের প্রত্যেক মৃহুর্তে দেখ না কেন, ইহাতে কডটা আমাদের চিন্তার ব্যাপার, আর কডটাই বা বাহুবির ঘটনা! কডটা তুমি কেবল অহতের কর, আর কডটাই বা বান্তবিক দর্শন ও স্পর্শ কর! এই জীবন-প্রবাহ কি প্রবল বেগেই চলিতেছে—ইহার কার্যক্ষেত্রও কি বিস্তৃত—

কিন্ত ইহাতে মানসিক ঘটনাবলীর তুলনায় ইন্দ্রিয়গ্রাহ্ ব্যাপারসমূহ কডটুকু! স্বৰ্গবাদের ভ্ৰম এই যে, উহা বলে, আমাদের জীবন ও জীবনের ঘটনাবলী কেবল রূপ-রুস-গদ্ধ-স্পর্শ-শব্দের মধ্যেই আবদ্ধ। কিন্তু এই অর্থ্যে, যেখানে জ্যোতির্ময় দেহ পাইবার কথা, অধিকাংশ লোকের তৃপ্তি হইল না। তথাপি এথানে নচিকেতা স্বৰ্গপ্ৰাপক ষজ্ঞ-সম্বন্ধীয় জ্ঞান দ্বিতীয় বরের দারা প্রার্থনা করিতেছে। বেদের প্রাচীন ভাগে আছে, দেবতারা যজ্ঞদারা সম্ভষ্ট হইয়া মাহ্রকে স্বর্গে লইয়া যান। সকল ধর্ম আলোচনা করিলে নি:সংশয়ে এই দিদ্ধান্ত পাওয়া যায় যে, যাহা কিছু প্রাচীন, তাহাই কালে পবিত্রতা-ম**ন্ডিড** হইয়া থাকে। আমাদের পিতৃপুরুষের। ভূর্জ-ত্বকে লিখিতেন, অবশেষে তাঁহারা কাগজ প্রস্তুত করিবার প্রণালী শিখিলেন, কিস্তু আজও ভূর্জ-ত্বক পবিত্র বলিয়া বিবেচিত হয়। প্রায় নয় দশ সহস্র বর্ষ পূর্বে আমাদের পূর্বপুরুষেরা যে কার্চে কার্চে ঘর্ষণ করিয়া অগ্নি উৎপাদন করিতেন, সেই প্রণালী আজও বর্তমান। যজের সময় অন্ত কোন প্রণালীতে অগ্নি উৎপাদন করিলে চলিবে না। এশিয়াবাসী আর্যগণের আর এক শাখা সম্বন্ধেও দেইরূপ। এথনও তাহাদের বর্তমান বংশধরগণ বৈহ্যতাগ্রি রক্ষা করিতে ভালবাসে। ইহাদার। প্রমাণিত হইতেছে, ইহারা পূর্বে এইভাবে অগ্নি উৎপন্ন করিত; ক্রমে ইহারা তুইখানি কাঠ ঘষিয়া অগ্নি উৎপাদন করিতে শিখিল; পরে যথন অগ্নি উৎপাদন করিবার অক্যান্ত উপায় শিখিল, তথনও প্রথমোক্ত উপায়গুলি তাহারা ত্যাগ করিল না; সেগুলি পবিত্র আচার হইয়া দাড়াইল।

হিক্রদের সম্বন্ধেও এইরপ। তাহারা পূর্বে পার্চমেন্টে লিখিত। এখন তাহারা কাগজে লিখিয়া থাকে, কিন্তু পার্চমেন্টে লেখা তাহাদের চক্ষে মহা পরিত্র আচার বলিয়া পরিগণিত। এইরপ সকল জাতি সম্বন্ধেই। এখন যে-আচারকে শুদ্ধাচার বলিয়া বিবেচনা করিতেছ, তাহা প্রাচীন প্রথামাত্র। এই যক্তগুলিও সেইরপ প্রাচীন প্রথামাত্র ছিল। কালক্রমে যথন মাহুষ্ পূর্বাপেক্ষা উত্তম প্রণালীতে জীবন্যাত্রা নির্বাহ করিতে লাগিল, তখন তাহাদের ধারণাসকল পূর্বাপেক্ষা উন্নত হইল, কিন্তু ঐ প্রাচীন প্রথাগুলি রহিয়া গেল। সময়ে সময়ে ঐগুলির অহুষ্ঠান হইত—উহারা পবিত্র আচার বলিয়া পরিগণিত হইত। তারপর একদল লোক এই যজ্ঞকার্য নির্বাহের ভার গ্রহণ করিলেন। ইহারাই পুরোহিত। ইহারা যক্ত সম্বন্ধে গভীর গবেষণা করিতে লাগিলেন—

যজ্ঞই তাঁহাদের বথাসর্বন্ধ হইয়া দাঁড়াইল। তাঁহাদের এই ধারণা তথন বদ্দ্দ্দ হইল—দেবতারা বজ্ঞের গদ্ধ আদ্রাণ করিতে আসেন, যজ্ঞের শক্তিতে জগতে সবই হইতে পারে। যদি নির্দিষ্টসংখ্যক আছতি দেওয়া যায়, কতকগুলি বিশেষ বিশেষ স্থোত্র গীত হয়, বিশেষাকৃতিবিশিষ্ট কতকগুলি বেদী প্রস্তুত হয়, তবে দেবতারা সব করিতে পারেন, এই প্রকার মতবাদের স্থাষ্টি হইল। নচিকেতা এই জন্মই দিতীয় বরে জিজ্ঞাসা করিতেছেন, কিভাবে বজ্ঞের দারা স্বর্গপ্রাপ্তি হইতে পারে।

ভারপর নচিকেতা তৃতীয় বর প্রার্থনা করিলেন, আর এখান হইতেই প্রক্ত উপনিষদের আরম্ভ। নচিকেতা বলিলেন, কৈহ কেহ বলেন, মৃত্যুর পর আস্মা থাকে; কেহ বলেন, থাকে না; আপনি আমাকে এই বিষয়ের যথার্থ তত্ত্ব বুঝাইয়া দিন।

যম ভীত হইলেন। তিনি পরম আনন্দের সহিত নচিকেতার অন্ত চুইটি বর পূর্ণ করিয়াছিলেন। এখন তিনি বলিলেন, 'প্রাচীনকালে দেবতাদের এ বিষয়ে সংশয় ছিল। এই স্কাধ্য স্ববিজ্ঞেয় নহে। হে নচিকেতা, তুমি অন্ত কোন বর প্রার্থনা কর, এ বিষয়ে আমাকে আর অন্তরোধ করিও না— আমাকে ছাডিয়া দাও।'

নচিকেতা দৃঢ়প্রতিজ্ঞ ছিলেন, তিনি বলিলেন, 'হে ষমরাজ্ঞ ! মৃত্য ! দেবতারাও এ বিষয়ে সংশয় করিয়াছিলেন, আর ইহা বুঝাও সহজ্ঞ ব্যাপার নহে, সত্য বটে ! কিন্তু আমি আপনার ন্তায় এ বিষয়ের বক্তাও পাইব না, আর এই বরের তুলা অন্ত বরও নাই।'

যম বলিলেন, 'শতায়ু পুত্র-পৌত্র, পশু-হন্তী, স্থবৰ্ণ-অথ প্রার্থনা কর। এই পৃথিবীতে রাজত্ব কর এবং যতদিন তুমি বাঁচিয়া থাকিতে ইচ্ছা কর, ততদিন বাঁচিয়া থাকো। অক্ত কোন বর যদি তুমি ইহার সমান মনে কর, তবে তাহাও প্রার্থনা কর—অর্থ এবং দীর্ঘজীবন প্রার্থনা কর। হে নচিকেতা, তুমি বিভ্ত পৃথিবীমণ্ডলে রাজত্ব কর, আমি ভোমাকে সর্বপ্রকার কাম্যবস্তুর অধিকারী করিব। পৃথিবীতে যে-সকল কাম্যবস্তু হুর্লভ, সেগুলি প্রার্থনা কর। এই রথাধিরুঢ়া গীতবাগুনিপুণা রমণীগণকে মাহুষ লাভ করিতে পারে না। হে নচিকেতা, আমার প্রদন্ত এই-সকল কামিনী তোমার সেবা ক্রক, কিছ তুমি মৃত্যু-সম্বন্ধ জ্ঞানা করিও না।'

নচিকেতা বলিলেন, 'এ-সকল বস্তু কেবল ছ্দিনের জন্য—ইহারা ইন্দ্রিরের তেজ হরণ করে। অতি দীর্ঘ জীবনও অনস্তকালের তুলনায় বান্তবিক অতি জন্ম। অতএব এই-সকল হন্তী অশ্ব রথ গীতবাত আপনারই থাকুক। মানুষ বিভবারা তৃপ্ত হইতে পারে না। আপনাকে যখন দেখিতে হইবে—মৃত্যু যখন স্থনিশ্চিত, তখন কি এই ধনসম্পদ রাখিতে পারিব ? আপনি যতদিন ইচ্ছা করিবেন, ততদিনই আমরা জীবিত থাকিব। আমি যে-বর প্রার্থনা করিয়াছি, তাহা ছাড়া আর কিছু চাহি না।'

বালকের সন্ধন্নে সন্থন্ত হইয়া যম বলিলেন, 'পরম কল্যাণ (শ্রেয়ঃ) ও আপাতরম্য ভোগ (প্রেয়ঃ)—এই ত্ইটির উদ্দেশ্ত ভিন্ন; কিন্তু ইহারা উভয়েই মাহ্যকে বদ্ধ করে। যিনি ত্ইটির মধ্যে 'শ্রেয়ঃ'কে গ্রহণ করেন, তাঁহার কল্যাণ হয়, আর যে আপাতরম্য 'প্রেয়ঃ' গ্রহণ করে, সে লক্ষ্যভন্ত হয়। এই শ্রেয়ঃ ও প্রেয়ঃ—উভয়ই মাহ্যকের নিকট উপন্থিত হয়। জ্ঞানী ব্যক্তি বিচার করিয়া একটি হইতে অপরটি পৃথক্ বলিয়া জানেন। তিনি শ্রেয়ঃকে প্রেয়ঃ অপেক্ষা বড় বলিয়া গ্রহণ করেন, কিন্তু অ-জ্ঞানী ব্যক্তি নিজ দেহের স্থের জ্যু 'প্রেয়ঃ'কেই গ্রহণ করে। হে নচিকেতা, তুমি আপাতরম্য বিষয়গুলির নশ্বতা চিন্তা করিয়া সেগুলি পরিত্যাগ করিয়াছ।' এই কথার পর নচিকেতাকে প্রশংসা করিয়া অবশেষে যম তাঁহাকে পরম ভব্বের উপদেশ দিতে আরম্ভ করিলেন।

এখন আমরা বৈদিক বৈরাগ্য ও নীতির এই সমুন্নত ধারণা পাইলাম যে, যতদিন না মান্ন্য ভোগবাসনা জয় করিতেছে, ততদিন তাহার হৃদয়ে সত্য-জ্যোতির প্রকাশ হইবে না। যতদিন এই-সকল র্থা বিষয়-বাসনা তুম্ল কোলাহল করিতেছে, ষতদিন উহারা প্রতিমূহুর্তে আমাদিগকে যেন বাহিরে টানিয়া লইয়া ষাইতেছে এবং আমাদিগকে প্রত্যেক বাহ্ বস্তব—একবিন্দু রূপের, একবিন্দু আষাদের, একবিন্দু স্পর্ণের দাস করিতেছে, ততদিন আমরা যতই জ্ঞানের গরিমা করি না কেন, সত্য কিভাবে আমাদের হৃদয়ে প্রকাশিত হইবে ?

যম বলিতেছেন, 'যে-আত্মার সম্বন্ধে, যে-পরলোকতত্ত্ব সম্বন্ধে তুমি প্রশ্ন করিয়াছ, তাহা চিন্তাশৃশ্য বালকের হৃদয়ে প্রতিভাত হয় না। এই জগতেরই অন্তিম্ব আছে, পরলোকের অন্তিম্ব নাই—এরপ চিন্তা করিয়া মান্ত্য পুনঃ পুনঃ আমার বশে আসে।'

আবার এই সভ্য বুঝাও বড় কঠিন। খনেকে ক্রমাগত এই বিষয় শুনিয়াও ব্ঝিতে পারে না, এ বিষয়ের 'বক্তাও 'আশ্চর্য' হইবেন, শ্রোতাও অহরপ হইবেন। শুরুর অভুত শক্তিসম্পন্ন হওয়া আবশ্যক, শিশ্বেরও তেমনি হওয়া চাই। মনকে আবার বুথা তর্কের দারা চঞ্চল করা উচিত নহে। কারণ পর্<u>মার্থতত্ত তর্কের বিষয় নহে, প্রত্যক্ষের বিষয়।</u> আমরা বরাবর ভনিয়া আসিতেছি, প্রত্যেক ধর্মই বিখাদের উপর খুব জোর দেয়। আমরা অন্ধবিখাস করিতে শিক্ষা পাইয়াছি। অবশ্য এই অন্ধবিখাস যে মন্দ জিনিস, তাহাতে কোন সংশয় নাই, কিন্তু এই অন্ধবিশাস ব্যাপারটিকে একটু তলাইয়া দেখিলে বুঝিব, ইহার পশ্চাতে একটি মহান্ সত্য আছে। যাহারা অন্ধবিশাদের কথা বলে, তাহাদের বাস্তবিক উদ্দেশ্য এই অপরোকাহভৃতি —আমরা এখন ইহার আলোচনা করিতেছি। মনকে বুথা তর্কের ছারা চঞ্চল করিলে চলিবে না, কারণ তর্কদারা কথন ঈশ্বলাভ হয় না। ঈশ্ব প্রত্যক্ষের বিষয়, তর্কের বিষয় নহেন। সমৃদয় যুক্তি ও তর্কই কতকগুলি অমুভ্তির উপর স্থাপিত। এইগুলি ব্যতীত তর্ক হইতেই পারে না। আমরা পূর্বে যে-সকল বিষয় নিশ্চিতরূপে প্রত্যক্ষ করিয়াছি, এমন কতকগুলি বিষয়ের তুলনার প্রণালীকে যুক্তি বলে। এই হৃনিশ্চিত প্রত্যক্ষ বিষয়গুলি না থাকিলে যুক্তি সম্ভব নয়! বাহ্যজগৎ সম্বন্ধে যদি ইহা সত্য হয়, তবে অন্তৰ্জগৎ সম্বন্ধেই বা তাহা না হইবে কেন ?

আমরা পুন: পুন: এই মহাত্রমে পড়িয়া থাকি, আমরা স্বীকার করিয়া লই, বহিবিষয়ের জ্ঞান প্রত্যাক্ষর উপর নির্ভর করে। দেখানে কেই বির্দাস করিয়া লইতে বলে না, বিষয় ও ইন্দ্রিয়ের সম্বন্ধ-বিষয়ক নিয়মাবলী কোন যুক্তির উপর নির্ভর করে না; প্রত্যাক্ষায়ভূতির দারাই উহারা লক হয়। আবার সকল তর্কই কতকগুলি প্রত্যাক্ষায়ভূতির উপর স্থাপিত। রসায়নবিদ্ কতকগুলি প্রব্যা লইলেন—তাহা হইতে আর কতকগুলি প্রব্যা উৎপন্ন হইল। ইহা একটি ঘটনা। আমরা উহা স্পাই দেখি, প্রত্যাক্ষ করি এবং উহাকে ভিত্তি করিয়া রসায়নের সকল বিচার করিয়া থাকি। পদার্থবিদ্রাও তাহাই করিয়া থাকেন—সকল বিজ্ঞান সম্বন্ধই এইরপ। স্বপ্রপ্রার জ্ঞানই কতকগুলি বিষয়ের অন্তন্ত্রির উপর স্থাপিত। তাহাদের উপর নির্ভর করিয়াই আমরা যুক্তি-বিচার করিয়া থাকি। কিন্তু আন্তর্বের বিষয় অধিকাংশ লোক বিশেষতঃ

বর্তমানকালে ভাবিয়া থাকে, ধর্মে প্রত্যক্ষ করিবার কিছু নাই ; ধদি ধর্ম লাভ করিতে হয়, তবে বাহিরের রুণা তর্কের মারাই তাহা লাভ করিতে হইবে। ধর্ম কিন্তু কথোপকথনের ব্যাপার নয়-প্রত্যক্ষের বিষয়। আমাদিগকে আমাদের আত্মার ভিতরে অন্নেষণ করিয়া দেখিতে হইবে, দেখানে কি আছে। আমাদিগকে বুঝিতে হইবে, আর যাহা বুঝিব, তাহা উপলব্ধি করিতে হইবে। ইহাই ধর্ম। যতই কথা বলো না কেন, তাহা দারা ধর্ম লাভ হইবে না। অভএব একজন ঈশ্বর আছেন কি না, তাহা বুথা তর্কের দারা প্রমাণিত হইবার নহে, কারণ যুক্তি উভয় দিকেই সমান। কিন্তু যদি একজন ঈশ্বর থাকেন, তিনি আমাদের অস্তরে আছেন। তুমি কি কথন তাঁহাকে দেখিয়াছ ? ইহাই প্রশ্ন। জগতের অন্তিত্ব আছে কি না—এই প্রশ্ন এখনও মীমাংসিত হয় নাই, প্রত্যক্ষবাদ ও বিজ্ঞানবাদের (Realism and Idealism) তর্ক অনস্তকাল ধরিয়া চলিয়াছে। এই তর্ক চলিতেছে সত্য, কিছু আমরা জানি—জগং রহিয়াছে এবং চলিতেছে। আমরা কেবল একটি শব্দের ভিন্ন ভিন্ন অর্থ করিয়া এই তর্ক করিয়া থাকি। আমাদের জীবনের অক্সান্ত সকল প্রশ্ন সম্বন্ধেও তাই—আমাদিগকে প্রত্যক্ষাহভূতি লাভ করিতে হইবে। যেমন বহিবিজ্ঞানে তেমন প্রমার্থবিজ্ঞানেও আমাদিগকে কতকগুলি সভা ঘটনা প্রভ্যক্ষ করিতে হইবে, মতামত সেগুলির উপরই স্থাপিত হইবে। অবশু ধর্মের যে-কোন মতবাদ হউক না, ভাহাতেই বিশ্বাস স্থাপন করিতে হইবে— এই অথৌক্তিক দাবী স্বীকার করা অসম্ভব, ইহা মামুষের মন অবনত করে। ধে-ব্যক্তি তোমাকে সকল বিষয় বিশাদ করিতে বলে, সে নিজেকে অবনত করে, আর তুমি যদি তাহার কথায় বিখাস কর, তুমিও অবনত হইবে। জগতের সাধুপুরুষদের আমাদিগকে শুধু এইটুকু বলিবার অধিকার আছে যে, তাঁহারা তাঁহাদের নিজেদের মনকে বিশ্লেষণ করিয়াছেন, তাঁহাদের উপলব্ধ সত্যের কথাই তাঁহার। বলিতেছেন; তাঁহারা আশ্বাস দেন যে, আমরা সত্য লাভ করিব। ঐক্নপ করিলে তথনই আমরা বিখাস করিব, তাহার পূর্বে নহে। ধর্মের মূল ভিত্তি এইথানে। কিন্তু বাস্তবক্ষেত্রে দেখিবে যাহারা ধর্মের বিরুদ্ধে তর্ক করে, তাহাদের মধ্যে শতকরা নিরানকাই জন নিজেদের মন বিশ্লেষণ করিয়া দেখে নাই, তাহারা সভ্য লাভ করিবার চেষ্টাই করে নাই। অভএব ধর্মের বিক্লভে ভাহাদের যুক্তির কোন মূল্য নাই। যদি কোন অন্ধ ব্যক্তি দাঁড়াইয়া

বলে, 'ভোমরা, ষাহারা কর্ষের অন্তিত্বে বিশাদী, তাহারা দকলেই প্রান্ত'—
তাহার কথার বতটুকু মূল্য, ইহাদের কথারও মূল্য ততটুকু। অতএব যাহারা
নিজেদের মন বিশ্লেষণ করে নাই, অথচ ধর্মকে একেবারে উড়াইয়। দিতে—
লোপ করিতে অগ্রদর, তাহাদের কথার আমাদের কিছুমাত্র আহা হাপন
করিবার প্রয়োজন নাই।

এই বিষয়টি বিশেষ করিয়া বুঝা এবং অপরোক্ষাহুভূতির ভাব সর্বদা মনে জাগরুক রাখা উচিত। ধর্ম লইয়া এই-দকল গণ্ডগোল, মারামারি, বিবাদ-বিসম্বাদ তথনই চলিয়া ধাইবে, যখনই আমর। বুঝিব, ধর্ম-গ্রন্থ বা মন্দিরে আবন্ধ নয় অথবা ইন্দ্রিয় হারাও উহার অহভৃতি সম্ভব নয়। ধর্ম অভীন্দ্রিয় তবের প্রত্যক্ষামূভূতি। যিনি ঈশর ও আত্মা উপলব্ধি করিয়াছেন, তিনিই প্রকৃত ধার্মিক। প্রত্যক্ষামূভ্তিশৃত্য উচ্চতম ধর্মশান্ত্রবিৎ, যিনি অনুর্গল ধর্মবক্তৃতা করিতে পারেন, তাঁহার সহিত অতি সামান্ত অজ্ঞ জড়বাদীর কোন প্রভেদ নাই। আমরা সকলেই নান্তিক—ইহা স্বীকার করি না কেন? কেবল তর্ক বিচার করিয়া ধর্মের তত্তগুলিতে সম্মতি দিলেই ধার্মিক হওয়া যায় না। একজন এটান বা মুসলমান অথবা অন্ত কোন ধর্মাবলম্বীর কথা ধর; এটির দেই 'শৈলোপদেশের' কথা মনে কর; ষে-কোন ব্যক্তি ঐ উপদেশ কার্যে পালন করে, সে তৎক্ষণাৎ দেবতা হইয়া যায়, সিদ্ধ হইয়া যায়; তথাপি লোকে বলে, পৃথিবীতে কোটি কোটি খ্রীষ্টান আছে। তুমি কি বলিতে চাও, ইহারা দকলে খ্রীষ্টান ? বান্ডবিক ইহার অর্থ এই, ইহারা কোন-না-কোন সময়ে এই উপদেশাসুষায়ী কার্য করিবার চেষ্টা করিতে পারে। ত্রই কোটি লোকের ভিতর একজন প্রকৃত গ্রীষ্টান আছে কিনা সন্দেহ।

ভারতবর্ধেও বলা হয়, ত্রিশ কোটি বৈদান্তিক আছেন; য়িদ প্রত্যক্ষাহ্নভৃতিসম্পন্ন ব্যক্তি সহত্রে একজনও থাকিতেন, তবে এই জগং পাঁচ মিনিটে আর
এক আকার ধারণ করিত। আমরা সকলেই নান্তিক, কিন্তু ষে-ব্যক্তি উহা
স্পন্ত শীকার করে, তাহার সহিতই আমরা বিবাদে প্রবৃত্ত হই। সকলেই
আমরা অন্ধকারে পড়িয়া রহিয়াছি। ধর্ম আমাদের কাছে যেন কিছু নয়,
কেবল বিচারলন্ধ কভকগুলি মতের অন্থমোদন মাত্র, কেবল কথার কথা—
অমুক বেশ ভাল বলিতে পারে, অমুক পারে না। কিন্তু ইহা ধর্ম নয়; শশ্বষোলনা করিবার স্করে কৌশল, আলহারিক বর্ণনার ক্ষমতা, নানাপ্রকারে

শাম্বের শোক্যাখ্যা—এই-সকল কেবল পণ্ডিতদের আমাদের নিমিন্ত, মৃক্তির জন্ম নয়।'' যথনই আত্মা প্রত্যক্ষভাবে অফুড্ত হইবে, তথনই ধর্ম আরম্ভ হইবে। তথনই তুমি ধার্মিক হইবে, তথন—কেবল তথনই নৈতিক জীবনও আরম্ভ হইবে। আমরা এখন পশুদের অপেক্ষা বড় বেশী নীতি-পরায়ণ নই। আমরা এখন কেবল সমাজের শাসন-ভয়েই বড় উচ্চবাচ্য করি না। যদি সমাজ আজ বলে, চুরি করিলে আর শান্তি হইবে না, আমরা অমনি অপরের সম্পত্তি চুরি করিতে ছুটিব। আমাদের সচ্চরিত্র হইবার কারণ প্রশিশ। সামাজিক প্রতিপত্তি-লোপের আশকাই আমাদের নীতিপরায়ণ হইবার অনেকটা কারণ, আর বাস্তবিক আমরা পশুদের চেয়ে অতি সামান্তই উন্নত। আমরা যখন নিজ নিজ গৃহের নিভ্ত কোণে বিসিয়া নিজেদের ভিতরটা অহুসন্ধান করি, তখনই বুঝিতে পারি, এ-কথা কতদ্ব সত্য। অতএব এস, আমরা এই কপটতা ত্যাগ করি। এস, স্বীকার করি—আমরা ধার্মিক নই এবং অপরের প্রতি ঘুণা করিবার আমাদের কোন অধিকার নাই। আমাদের সকলের মধ্যে বাস্তবিক ভাত্সম্বন্ধ, আর আমাদের ধর্মের প্রত্যক্ষামুভূতি হুইলেই আমরা নীতিপরায়ণ হুইবার আশা করিতে পারি।

মনে কর, তুমি কোন দেশ দেখিয়াছ। কোন ব্যক্তি তোমায় কাটিয়া টুকরা টুকরা করিয়া ফেলিতে পারে, কিন্তু তুমি নিজের অন্তরের অন্তরে কথন এ-কথা বলিতে পারিবে না যে, তুমি সেই দেশ দেখ নাই। অবশ্য অতিরিক্ত শারীরিক বলপ্রয়োগ করিলে তুমি মুখে বলিতে পারো বটে—আমি দেই দেশ দেখি নাই; কিন্তু তুমি মনে মনে জানিতেছ, তুমি তাহা দেখিয়াছ। বাহ্যজগংকে তুমি যেরপ প্রত্যক্ষ কর, যথন তাহা অপেকাও একান্তিকভাবে ধর্ম ও ঈশরকে প্রত্যক্ষ করিবে, তথন কিছুই তোমার বিশাস নাই করিতে পারিবে না, তথনই প্রকৃত বিশাস আরম্ভ হইবে। বাইবেলের কথা, 'যাহার একস্বপ-পরিমাণ বিশাস আছে, সে পাহাড়কে সরিয়া যাইতে বলিলে পাহাড় তাহার কথা শুনিবে' —এ কথার তাৎপর্য এই, তথন তুমি স্বয়ং সত্যন্বরূপ হইয়া গিয়াছ বলিয়াই সত্যকে জানিতে পারিবে, কেবল বিচারপূর্বক সত্যে সম্মতি দেওয়াতে কোন লাভ নাই।

১ বিবেকচ্ডামণি, ৬০

२ St. Matthew, Ch. 17, V. 20

একমাত্র প্রশ্ন এই—প্রত্যক্ষ হইয়াছে কি ? ইহাই বেদান্তের মূলকথা—ধর্ম সাক্ষাৎ কর, কেবল কথার কিছু হইবে না; কিন্তু সাক্ষাৎকার বড় কঠিন।
বিনি পরমাণ্র অভ্যন্তরে অভি গৃঢ়ভাবে অবস্থান করিতেছেন, সেই পুরাণ পুরুষ প্রত্যেক মানবহৃদরের অন্তরতম প্রদেশে অবস্থান করিতেছেন। সাধুগণ তাঁহাকে অন্তর্গ প্রাণা উপলন্ধি করিয়াছেন এবং হুথ তৃ:থ উভয়েরই পারে গিয়াছেন। আমরা যাহাকে ধর্ম বলি, আমরা যাহাকে অধর্ম বলি—শুভান্তভ সকল কর্ম, সং-অসং—সকলেরই পারে তিনি গিয়াছেন, যিনি তাঁহাকে দেখিয়াছেন। তিনি যথার্থই সত্য দর্শন করিয়াছেন। কিন্তু তাহা হইলে মর্গের কথা কি হইল ? স্বর্গ সম্বন্ধ আমাদের ধারণা এই বে, উহা তৃ:থেশ্ল্য হুথ; অর্থাৎ আমরা চাই সংসারের সব স্থুখ, উহার তৃ:থগুলিকে কেবল বাদ দিতে চাই। অবশ্য ইহা অতি হুন্দর ধারণা বটে, ইহা স্বাভাবিকভাবেই আসিয়া থাকে বটে, কিন্তু ঐ ধারণাটি একেবারে আগাগোড়াই ভূল, কারণ চরম হুখ বা চরম তু:খ বলিয়া কোন জিনিস নাই।

রোমে একজন খ্ব ধনী ব্যক্তি ছিলেন। তিনি একদিন জানিলেন, তাঁহার
সম্পত্তির মধ্যে দশ লক্ষ পাউণ্ড মাত্র অবশিষ্ট আছে। শুনিরাই তিনি বলিলেন,
'তবে আমি কাল কি করিব ?'—বলিয়াই আত্মহত্যা করিলেন। দশ লক্ষ্
পাউণ্ড তাঁহার পক্ষে দারিত্র্যা, কিছু আমার পক্ষে নহে। উহা আমার সারা
জীবনের প্রয়োজনের অতিরিক্ত। বাস্তবিক স্থাই বা কি, আর হঃখই বা কি ?
উহারা ক্রমাগত বিভিন্ন রূপ ধারণ করিতেছে। আমি যখন অতি শিশু ছিলাম,
তখন আমার মনে হইত—কোচোয়ান হইতে পারিলে স্থের পরাকাঠা লাভ
করিব। এখন তাহা মনে হয় না। এখন তুমি কোন্ স্থকে ধরিয়া থাকিবে ?
এইটি আমাদের বিশেষ করিয়া ব্ঝিতে চেটা করা উচিত।

এই কুদংস্বারই আমাদের অনেক বিলম্বে ঘুচে; প্রত্যেকের হুথের ধারণা ভিন্ন ভিন্ন। আমি একটি লোককে দেখিয়াছি, সে প্রতিদিন একতাল আফিম না ধাইলে হুখী হয় না। সে হয়তো ভাবিবে, হুর্গের মাটি দব আফিম-নির্মিত। কিছু আমার পক্ষে দে-স্বর্গ বড় হুবিধাজনক হইবে না। আমরা আরবী ববিভায় পাঠ করিয়া থাকি, স্বর্গ নানা মনোহর উভানে পূর্ব, সেখানে অসংখ্য

১ কঠ উপ., ১া২৷২• ; ৰেতাৰ উপ., ৩৷২•

নদী প্রবাহিত হইতেছে। আমার জীবনের অধিকাংশ সময় আমি এমন এক দেশে বাদ করিয়াছি, যেখানে অত্যন্ত অধিক জল, প্রতি বৎসর অনেক গ্রাম এবং সহস্র সহস্র ব্যক্তি জলপ্লাবনে মারা যায়। অভএব আমার স্বর্গ নিয়দেশে নদী-প্রবাহ্যুক্ত উভানপূর্ণ হইলে চলিবে না; আমার স্বর্গে অল স্বল্ল বৃষ্টি হইবে। আমাদের জীবন সম্বন্ধেও তদ্রুপ, আমাদের স্থাবের ধারণা ক্রুমাগত বদলাইতেছে। যুবক যদি স্বর্গের ধারণা করিতে যায়, ভবে ভাহার কল্পনায় উহা পরমাস্থলরী জীগণের দারা পূর্ণ হওয়া আবশুক। সেই ব্যক্তিই আবার বৃদ্ধ হইলে তাহার আর স্ত্রীর আবশুকতা থাকিবে না। আমাদের প্রয়োজনই আমাদের স্বর্গের নির্মাতা, আর আমাদের প্রয়োজনের পরিবর্তনের সঙ্গে সঙ্গে আমাদের স্বর্গন্ত বিভিন্ন রূপ ধারণ করে। যদি আমরা এমন এক স্বর্গে যাই, যেখানে অনস্ত ইন্দ্রিয়স্থলাভ হইবে, দেখানে আমাদের বিশেষ কিছু উন্নতি হইবে না-যাহারা বিষয়ভোগকেই জীবনের একসাত্র উদ্দেশ্য বলিয়া মনে করে, তাহারাই এইরূপ স্বর্গ প্রার্থনা করিয়া থাকে। ইহা বাস্তবিক মঙ্গলকর না হইয়া মহা অমঙ্গলকর হইবে। এই কি আমাদের চরম গতি—একটু হাসিকালা, তার পর কুকুরের মতো মৃত্যু ? যথন এই-সকল বিষয়ভোগের প্রার্থনা কর, তথন তোমরা মানবজাতির যে কি ঘোর অমঙ্গল কামনা করিতেছ, তাহা জান না। বাস্তবিক ঐহিক স্থপভোগের কামনা করিয়া তুমি তাহাই করিতেছ, কারণ তুমি জান না, প্রকৃত আনন্দ কি। বান্তবিক, দর্শনশাস্ত্র আনন্দ বা হুথ ত্যাগ করিতে উপদেশ দেয় না, প্রকৃত আনন্দ কি তাহাই শিক্ষা দেয়। নরওয়েবাসীদের স্বর্গ সম্বন্ধে ধারণা—উহা একটি ভয়ানক যুদ্ধক্ষেত্র, সেথানে সকলে ওডিন (Odin) দেবতার সশ্মুখে উপবেশন করিয়া থাকে—কিয়ৎকাল পরে বন্তবরাহ-শিকার আরম্ভ হয়। পরে তাহারা নিজেরাই যুদ্ধ করে এবং পরস্পরকে খণ্ডবিখণ্ড করিয়া ফেলে। কিন্তু এরপ যুদ্ধের থানিকক্ষণ পরেই কোন না কোনক্রপে ইহাদের ক্ষতগুলি আরোগ্য হইয়া যায়—তাহারা তথন একটি বৃহৎ কক্ষে গিয়া দেই শৃকরের মাংদ পোড়াইয়া ভোজন করে ও আমোদ-প্রমোদ করিতে থাকে। পরদিন আবার সেই বরাহটি জীবিত হয়, আবার সেইরূপ শিকারাদি হইয়া থাকে। এ আমাদের ধারণারই অহুরূপ, তবে আমাদের ধারণাট না হয় একটু মার্কিত। আমরা সকলেই এইরূপ 'শৃকর' শিকার করিতে ভালবাসি—আমরা এমন

একছানে বাইতে চাই, যেখানে এই ভোগ পূর্ণমাত্রায় ক্রমাগত চলিবে, বেখানে ঐ নরওয়েবাসীরা বেমন করনা করে—বাহারা স্বর্গে বায়, ভাহারা প্রতিদিন ব্যুশ্কর শিকার করিয়া উহা খাইয়া থাকে, আবার প্রদিন শ্করটি পুনরায় বাচিয়া উঠে—সেইরূপ ঘটবে।

দর্শনশাল্রের মতে, নিরপেক অপরিণামী আনন্দ বলিয়া কিছু আছে, অতএব আমরা সাধারণত: যে ঐহিক স্থভোগ করিয়া থাকি, ভাহার সঙ্গে এ-স্থাবে কোন সম্বন্ধ নাই। আবার বেদান্তই প্রমাণ করে যে, এই জগতে যাহা কিছু আনন্দকর আছে, তাহা সেই প্রকৃত আনন্দের অংশমাত্র, কারণ বান্তবিক সেই ব্রহ্মানন্দেরই অন্তিম্ব আছে। আমরা প্রতিমৃহুর্তেই সেই ব্রহ্মানন্দ ভোগ করিতেছি, কিন্তু উহাকে এক্ষানন্দ বলিয়া জানি না। বেখানেই দেখিবে কোনৰূপ আনন্দ, এমন কি চোৱের চৌর্য-কার্যে যে আনন্দ, তাহাও বাস্তবিক সেই পূর্ণানন্দ, কেবল উহা কতকগুলি বাহ্যবন্ধর সংস্পর্শে মলিন হইয়াছে। কিছ সেই আনন্দ উপলব্ধি করিতে হইলে প্রথমে আমাদিগকে সমৃদয় এছিক স্থভোগ ত্যাগ করিতে হইবে। উহা ত্যাগ করিলেই প্রকৃত আনন্দ লাভ হইবে। প্রথমে অঞ্জান এবং যাহা কিছু মিখ্যা তাহা ত্যাগ করিতে হইবে, তবেই সত্যের প্রকাশ হইবে। বঁখন আমরা সত্যকে দৃঢ়ভাবে ধরিতে পারিব, তথন প্রথমে আমরা যাহা কিছু ত্যাগ করিয়াছিলাম, তাহাই আর একরপ ধারণ করিবে, নৃতন আকারে প্রতিভাত হইবে, তথন সৰই—সমগ্র ব্রহ্মাণ্ডই— ব্ৰহ্ময় হইয়া যাইবে, তথন স্বই উন্নত ভাব ধারণ করিবে, তথন আমরা স্কল পদার্থকে নৃতন আলোকে বৃঝিব। কিছ প্রথমে আমাদিগকে সে-সব ত্যাগ করিতেই হইবে, পরে সত্যের অন্ততঃ এক বিন্দু আভাদ পাইলে আবার তাহাদিগকে গ্রহণ করিব, কিন্তু অক্তরূপে—ব্রহ্মাকারে পরিণভরূপে। অভএক আমাদিগকে ছোটখাটো স্থ তৃ:খ---সব ত্যাগ করিতে ছইবে। এগুলি একই অমুভৃতির বিভিন্ন মাত্রা। 'বেদসকল যাঁহাকে ঘোষণা করেন, সকল প্রকার তপস্থা বাহাকে পাওয়ার জন্ম অহুটিত হয়, বাহাকে লাভ করিবার জন্ম লোকে ব্রহ্মচর্ষের অহুষ্ঠান করে, আমি সংক্ষেপে তাঁহার সহয়ে তোমাকে বলিৰ—তিনি ওঁ।'' বেদে এই ওঁকারের **অ**তিশয় মহিমা ও পবিত্রতা ঘোষিত रहेबाट्ड।

১ কঠ উপ., ২া২।১৫

ষম নচিকেতার প্রশ্নের উত্তর দিতেছেন: মানুষের মৃত্যুর পর তাহার কি অবস্থা হয় ?—'বিপশ্চিৎ' বা অবিলুপ্তচৈতন্ত আবা কথন মূরেন না, কখন জ্মানও না; ইনি কোন কিছু হইতে উৎপন্ন হন না; ইনি অজ নিত্য শাখত ও পুরাণ। দেহ নষ্ট হইলেও ইনি নষ্ট হন না। 'হস্তা যদি মনে করেন, আমি কাহাকেও হনন করিতে পারি, অথবা হত ব্যক্তি যদি মনে করেন, আমি হত হইলাম, তবে উভয়কেই সত্যসম্বন্ধে অনভিজ্ঞ বুঝিতে হইবে। আত্মা কাহাকেও হত্যা করেন না অথবা নিজেও হত হন না।^{১১} এ তো ভয়ানক কথা দাঁড়াইল। প্রথম শ্লোকে আত্মার বিশেষণ 'বিপশ্চিৎ'-শন্ধটি বিশেষ-ভাবে লক্ষ্য কর। ক্রমশঃ দেখিবে, বেদাস্তের প্রকৃত মত এই বে, সমৃদয় জ্ঞান, সমৃদয় পবিত্রভা প্রথম হইতেই আত্মায় অবস্থিত, কোথাও হয়তো উহার বেশী প্রকাশ, কোথাও বা কম প্রকাশ। এই মাত্র প্রভেদ। মামুষের সহিত মামুষের অথবা এই ব্রন্ধাণ্ডের যে-কোন বম্বর পার্থক্য প্রকারগত নয়, পরিমাণগত। প্রত্যেকের অন্তরে অবধিত সত্য সেই একমাত্র অনস্ত নিত্যানন্দময় নিত্যশুদ্ধ নিভাপূর্ণ বন্ধ। তিনিই দেই আত্মা—তিনি পুণ্যবান্ পাপী, স্থী তু:থী, স্বন্ধর কুৎদিত, মহুয় পশু—দর্বত্র একরপ। তিনিই জ্যোতির্ময়। তাঁহার প্রকাশের তারতমোই নানারণ প্রভেদ। কাহারও ভিতর ভিনি বেশী প্রকাশিত, কাহারও ভিতর অল্ল; কিন্তু সেই আত্মার নিকট এই ভেদের কোন অর্থই নাই। কাহারও পোশাকের ভিতর দিয়া ভাহার শরীরের অধিকাংশ দেখা যাইতেছে, আর এক জনের পোশাকের ভিতর দিয়া তাহার শরীরের অল্লাংশ मिथा बाहेरलह — हेशाल भन्नीत कान भार्थका हहेरलह ना। क्वन महित्र অধিকাংশ বা অল্লাংশ আবরণকারী পরিচ্ছদেই ভেদ দেখা যাইতেছে। অর্থাৎ দেহ ও মনের তারতম্য অনুসারে আত্মার শক্তি ও পবিত্রতা প্রকাশ পাইতে থাকে। অতএব এইখানেই বুঝিয়া রাখা ভাল যে, বেদাস্কদর্শনে ভাল মন্দ বলিয়া তুইটি পৃথক্ বস্তু নাই। সেই এক জিনিসই ভাল মন্দ-- তুই হইতেছে, আর উহাদের মধ্যে বিভিন্নতা কেবল পরিমাণগভ, এবং বাস্তবিক কার্যক্ষেত্রেও আমরা তাহাই দেখিতেছি। আজ বে-জিনিদকে আমি স্থকর বলিতেছি, কাল আবার একটু ভাল অবস্থা হইলে ভাহা ত্রংথকর বলিয়া দ্বণা

১ কঠ উপ., **১**|২।১৮

করিব। অতএব বান্ডবিক বস্তুটির বিকাশের বিভিন্ন মাত্রার অন্তই ভেদের উপলব্ধি হয়, মেই জিনিসটিতে বান্তবিক কোন ভেদ নাই। বান্তবিক ভাল-মন্দ বলিয়া কিছু নাই। বে-অগ্নি আমার শীতনিবারণ করিতেছে, তাহাই কোন শিশুকে দথ্য করিতে পারে। ইহা কি অগ্রির দোষ? ; অতএব **ষ**দি আত্মা শুদ্ধসন্ত্রপ ও পূর্ণ হয়, তবে যে-ব্যক্তি অসংকার্ব করিছে যায়, সে স্বরূপের বিপরীত আচরণ কারতেছে—সে নিজ স্বরূপ জানে না। সাতক-ব্যক্তির ভিতরেও শুদ্ধস্বভাব আত্মা রহিয়াছেন। সে ভ্রমবশতঃ উহাকে আবৃত বাধিয়াছে মাত্র, উহার জ্যোতিঃ প্রকাশ হইতে দিভেছে না। আর বে-ব্যক্তি মনে করে, সে হত হইল, তাহারও আত্মা হত হন না। আত্মা নিত্য—কখন তাঁহার ধ্বংস হইতে পারে না।^১ 'অণ্র অণু, বৃহতেরও বৃহৎ, সেই সকলের প্রভু প্রত্যেক মানবহৃদয়ের গভীরে অবস্থান করিভেছেন। নিপাপ ব্যক্তি বিধাতার কুপায় তাঁহাকে দেখিয়া শোক-শৃষ্ট হন। যিনি দেহশৃষ্য হইয়া দেহে অবস্থিত, বিনি দেশবিহীন হইয়াও দেশে অবস্থিতের স্থায়, সেই অনস্ত ও সর্বব্যাপী আত্মাকে এইরূপ জানিয়া জ্ঞানী ব্যক্তিরা একেবারে তৃঃখণুক্ত হন।' 'এুই আত্মাকে বক্তভাশক্তি, ভীক্ষ মেধা বা বেদাধ্যয়ন ছারা লাভ করা যায় না।'॰

এই ষে 'বেদের ছারা লাভ করা যায় না,' এ-কথা বলা ঋষিদের পক্ষে বড় সাহসের কার্য। পূর্বেই বলিয়াছি, ঋষিরা চিন্তাজগতে বড় সাহসী ছিলেন, তাঁহারা কিছুতেই থামিবার পাত্র ছিলেন না। হিন্দুরা বেদকে ষেত্রপ সম্মানের চক্ষে দেখিতেন, জ্রীষ্টানরা বাইবেলকে কথন সেরপ ভাবে দেখে নাই। গ্রীষ্টানের ঈশ্বরবাণীর ধারণা এই, কোন মহন্ত ঈশ্বরাহপ্রাণিত হইয়া উহা লিখিয়াছে, কিন্তু হিন্দুদের ধারণা জগতে যে-সকল বিভিন্ন পদার্থ রহিয়াছে, তাহার কারণ—বেদে ঐ-সকল বন্ধর নাম উল্লিখিত আছে। তাঁহাদের বিশাস—বেদের ঘারাই জগৎস্টে হইয়াছে। জ্ঞান বলিতে যাহা কিছু বুঝায়, সবই বেদে আছে। যেমন জীয়াল্বা অনাদি অনন্ত, তেমনি বেদের প্রত্যেকটি শক্ষ পবিত্র ও অনন্ত। স্টেকর্ডার মনের সমৃদ্য্য ভাবই বেন এই গ্রন্থে

> कर्ठ छेत्र. शरार•

२ 🗗)।२।२०

७ 🗗 भ्रास्ट

প্রকাশিত। তাঁহারা এইভাবে বেদকে দেখিতেন। এই কার্য নীতিসকত কেন? না, বেদ উহা বলিতেছেন। এই কার্য জন্তার কেন? না, বেদ বলিতেছেন। বেদের প্রতি প্রাচীনদিগের এতটা প্রদা সন্থেও এই ঋষিগণের সত্যাহসদ্ধানে কি সাহস দেখ, তাঁহারা বলিলেন, না, বারংবার বেদপাঠ করিলেও সত্যলাভের কোন সন্থাবনা নাই। সেই আত্মা বাঁহার প্রতি প্রসদ্ধ হন, তাঁহার নিকটেই তিনি নিজ্পর্মপ প্রকাশ করেন।' কিছু ইহাতে এই এক আশহা উঠিতে পারে যে, তাঁহার পক্ষপাতিছদোষ হইল। এইজন্ত নিম্নলিখিত বাক্যগুলিও এই সঙ্গে কথিত হইয়াছে। 'বাহারা অসং-কর্মকারী ও বাহাদের মন শাস্ত নহে, তাহারা কথন আত্মাকে লাভ করিতে পারে না।' কেবল বাঁহাদের হৃদয় পবিত্র, বাঁহাদের কার্য পবিত্র, বাঁহাদের ইন্দিরগণ সংষত, তাঁহাদিগের নিকটেই সেই আত্মা প্রকাশিত হন।"

আত্মা সম্বন্ধ একটি হৃদ্দর উপমা দেওয়া হইয়াছে। আত্মাকে রথী,
শরীরকে রথ, বৃদ্ধিকে সারথি, মনকে রিশ্ব এবং ইন্দ্রিয়গণকে অখ বিলিয়া
জানিবে। যে-রথে অখগণ উত্তমক্রণে সংযত থাকে, যে-রথের লাগাম খুব
মজবৃত ও সারথির হত্তে দৃচ্রুপে ধৃত থাকে, সেই রথই বিফ্রুর সেই পরমপদে
পৌছিতে পারে। কিন্তু যে-রথে ইন্দ্রিয়রপ অখগণ দৃচ্ভাবে সংযত থাকে না,
মনরূপ রিশিও দৃচ্ভাবে সংযত থাকে না, সেই রথ অবশেষে বিনষ্ট হয়।
সকল প্রাণীর মধ্যে অবস্থিত আত্মা—চক্ অথবা অহ্য কোন ইন্দ্রিয়ের নিকট
প্রকাশিত হন না, কিন্তু যাঁহাদের মন পবিত্র হইয়াছে, তাঁহারাই তাঁহাকে
দেখিতে পান। যিনি শব্দ স্পর্শ রূপ রস গন্ধের অতীত, যিনি অব্যয়, যাঁহার
আদি-অন্ত নাই, বিনি প্রকৃতির অতীত, অপরিণামী, তাঁহাকে যে উপলব্ধি
করে, সে মৃত্যু হইতে মৃক্ত হয়। কিন্তু তাঁহাকে উপলব্ধি করা বড় কঠিন
—এই পথ শাণিত ক্র্রথারের হ্যায় ছর্গম। পথ বড় দীর্ঘ ও বিপংসক্ল্ল, কিন্তু
নিরাশ হইও না, দৃচ্ভাবে অগ্রসর হও, উঠ, জাগো এবং যে পর্যন্ত না সেই
চরম লক্ষ্যে পৌছিতে পারো, সে পর্যন্ত হইও না।

১ কঠ উপ., ১৷২৷২৩

चाराद कि ७ । इ। इ। इ

इटालाट कि व दलालाट कि 8

८। १०।८ छ ।

এখন দেখিতেছি, সমগ্র উপনিষদের ভিতর প্রধান কথা এই 'অপরোঁকাছভৃতি'। এই বিষয়ে সময়ে সময়ে মনে নানা প্রশ্ন উঠিবে— বিশেষতঃ আধুনিক ব্যক্তিগণের মনে ইহার উপকারিতা সম্বন্ধে প্রশ্ন জাগিবে— আরও নানা সন্দেহ উঠিবে, কিন্তু সকল ক্ষেত্রে দেখিব, আমরা আমাদের পূর্ব-শংস্কারের ছারা চালিত হইতেছি। আমাদের মনে এই পূর্ব সংস্কারের প্রভাব খুব বেশী। যাহারা বাল্যকাল হইতে কেবল সগুণ ঈশরের এবং মনের ব্যক্তিত্বের কথা শুনিতেছে, তাহাদের পক্ষে পূর্বোক্ত কথাগুলি অবশ্য কর্কশ লাগিবে, কিন্তু যদি আমরা ঐগুলি শ্রবণ করি, আর যদি দীর্ঘকাল ধরিয়া চিস্তা করি, তবে দেগুলি আমাদের প্রাণে গাঁথিয়া বাইবে, আমরা আর ভয় পাইব না। প্রধান প্রশ্ন অবশ্য দর্শনের উপকারিতা—কার্যকারিতা সম্বন্ধে। উহার কেবল একই উত্তর দেওয়া ষাইতে পারে। যদি প্রয়োজন-বাদীদের মতে হুথের অন্বেষণ করা মাসুষের কর্তব্য হয়, ভবে আধ্যাত্মিক চিন্তায় যাহাদের হুখ, তাহারা কেন না আধ্যাত্মিক চিন্তায় হুখ অবেষণ করিবে ? অনেকে বিষয়ভোগে স্থী হয় বলিয়া বিষয়-স্থের অন্বেষণ করে, কিন্তু আবার এমন অনেক লোক থাকিতে পারে, যাহারা উচ্চতর ভোগের অন্বেষণ করে। কুকুর স্থী কেবল আহারে ও পানে। বৈজ্ঞানিক কিন্ত বিষয়স্থে জলাঞ্চলি দিয়া কেবল কয়েকটি ভারার অবস্থান জানিবার জন্ম হয়তো কোন পর্বভচ্ডায় বাস করিতেছেন; তিনি যে অপূর্ব স্থাের আসাদ লাভ করিভেছেন, কুকুর তাহা বুঝিতে অক্ষম। কুকুর ভাঁহাকে দেখিয়া ছাসিয়া উঠিবে, তাঁছাকে পাগল মনে করিবে। হয়তো বৈজ্ঞানিক বেচারার বিবাহ পর্যন্ত করিবার সন্ধৃতি নাই। ভিনি হয়তো কয়েক টুকরা রুটি ও একটু জল থাইয়াই পর্বতচ্ড়ায় বদিয়া আছেন। কিন্তু বৈজ্ঞানিক বলিলেন, 'ভাই কুকুর, তোমার হুথ কেবল ইন্সিয়ে আবদ্ধ ; তুমি ঐ হুথ ভোগ করিতেছ ; উহা হইতে উচ্চতর হুথ তুমি কিছুই জান না; কিন্তু আমার পকে ইহাই সর্বাপেকা সুথকর। আর ভোমার যদি নিজের ভাবে হুথ-অন্বেষণ করিবার অধিকার থাকে, তবে আমারও আছে।' এইটুকু আমাদের ভ্রম হয় যে, আমরা সমগ্র জগৎকে নিজের ভাবে পরিচালিত করিতে চাই। আমরা আমাদের মনকেই সমগ্র জগতের মাপকাঠি করিতে চাই। তোমার পকে ইন্দ্রিয়ের বিষয়গুলিতেই সর্বাপেকা অধিক হুখ, কিন্ত আমার হুখও যে ঐ

ভাবেই হইবে, তাহার কোন অর্থ নাই। যথন তুমি ঐ বিষয় লইয়া জেদ কর, তথন তোমার সহিত আমার মতভেদ হয়। সাংসারিক উপযোগবাদীর (Utilitarian) সহিত ধর্মতত্ত্বাদীর এই প্রভেদ। সাংসারিক উপযোগবাদী বলেন, 'দেখ, আমি কেমন স্থী। আমার কিছু টাকা আছে, কিন্তু ধর্মতত্ত্ব লইয়া আমি মাথা ঘামাই না। ধর্ম অহুসন্ধানের অতীত; উহার অৱেষণে ना याहेशा व्याप्ति त्वन ऋरव व्याहि।' त्वन, छान कथा। উপযোগবাদিগণ, তোমরা যাহাতে স্থথে থাকো, তাহা বেশ। কিন্তু এই সংসার বড় ভয়ানক। যদি কোন ব্যক্তি তাহার ভাতার কোন অনিষ্ট না করিয়া স্থুখলাভ করিডে পারে, ঈশর তাহার উন্নতি করুন। কিন্তু যখন সেই ব্যক্তি আসিয়া আমাকে তাহার মতাহ্যায়ী কার্য করিতে পরামর্শ দেয়, আর বলে, 'যদি এরপ না কর, তবে তুমি মূর্থ'; আমিও বলি, 'তুমি ভ্রাস্ত, কারণ তোমার পক্ষে যাহা স্থকর, তাহা যদি আমাকে করিতে হয়, আমি প্রাণধারণে সমর্থ হইব না। ষদি আমাকে কয়েক টুকরা সোনার পিছনে দৌড়াইতে হয়, তবে আমার জীবনধারণ রুথা হইবে। ধার্মিক ব্যক্তি হিতবাদীকে এই মাত্র উত্তর দিবেন। বান্তবিক কথা এই, যাহাদের এই নিম্নতর ভোগবাসনা শেষ হইয়াছে, তাহাদের পক্ষেই ধর্মাচরণ সম্ভব। ভোগ করিয়া ঠেকিয়া আমাদিগকে শিখিতে হইবে; যতদূর আমাদের দৌড়, দৌড়াইয়া লইতে হইবে। যথন আমাদের ইহুসংসারে দৌড় নিবৃত্ত হয়, তখনই আমাদের দৃষ্টির সমুখে পরলোক প্রতিভাত হইতে থাকে।

এই প্রদক্ষে আর একটি বিশেষ সমস্তা আমার মনে উদিত হইতেছে।
কথাটা শুনিতে খ্ব কর্কশ বটে, কিন্তু উহা বাস্তবিক সত্য কথা। এই
বিষয়সোগবাসনা কথন কথন আর এক রূপ ধারণ করিয়া উদিত হয়—
তাহাতে বড় বিপদাশকা আছে, অথচ উহা আপাতরমণীয়। এ-কথা
তোমরা সকল সময়েই শুনিতে পাইবে। অতি প্রাচীনকালেও এই ধারণা
ছিল—ইহা প্রত্যেক ধর্মবিশাসেরই অন্তর্গত। উহা এই ষে, এমন এক
সমর আদিবে, যথন জগতের সকল তৃঃখ চলিয়া যাইবে, কেবল স্থগুলিই
অবশিষ্ট থাকিবে, আর পৃথিবী স্বর্গরাজ্যে পরিণত হইয়া যাইবে। আমি
এ-কথা বিশাস করি না। আমাদের পৃথিবী বেমন তেমনই থাকিবে।
অবশ্য এ-কথা বলা বড় ভয়ানক বটে, কিন্তু না বলিয়া তো আর প্র

দেখিতেছি না। জগতের তৃঃথ দেহে পুরাতন বাতব্যাধির মতো; শরীরের এক অৰ্দ হইতে ভাড়াইয়া দিলে বাত পায়ে ষাইবে, পা হইতে ভাড়াইয়া দিলে অক্সত্র ষাইবে। ষাহা কিছু কর না কেন, উহা কোনমতে দ্র হইবে না, কোথাও না কোথাও থাকিবেই। তৃ:খও সেইরূপ। অতি প্রাচীনকালে লোকে বনে বাস করিত এবং পরস্পরকে মারিয়া খাইয়া ফেলিড। বর্তমান-কালে পরস্পরের মাংস খায় না বটে, কিন্তু পরস্পরকে প্রবঞ্চনা করিয়া থাকে। লোকে প্রতারণা করিয়া নগরকে নগর দেশকে দেশ ধ্বংস করিয়া ফেলিভেছে। অবশ্য ইহা থুব উন্নতির পরিচায়ক নহে। আর ভোমরা বাহাকে উন্নতি বলো, তাহাও তো আমি বড় বুঝিয়া উঠিতে পারি না—উহা তো বাসনারই ক্রমাগত বৃদ্ধি। যদি আমি কোন বিষয় অতি স্পষ্টভাবে বুঝিয়া থাকি, জাহা এই ষে, বাদনা কেবল ছঃখই আনে—উহা ভো ভিক্কের অবস্থা। সর্বদাই কিছু চাওয়া—কোন দোকানে গিয়া কিছু দেখিয়া তৃপ্তি হইতে পারে না—অমনি কিছু পাইবার ইচ্ছা হয়, কেবল চাই—চাই— সব জিনিস চাই। সমগ্র জীবন কেবল তৃষ্ণাতুর যাচকের অবস্থা-বাসনার ত্রপনের তৃষ্ণ। বাদনা পূরণ করিবার শক্তি ষে-নিয়মে বর্ধিত হয়, বাদনার শক্তি তদপেকা বছগুণ বেগে বর্ধিত হইয়া থাকে। অনস্ক জগতের সমৃদয় হুখত্ঃখের সমষ্টি সর্বদাই সমান। সমুদ্রে কোথাও যদি একটি তরঙ্গ উত্থিত হয়, আর কোথাও নিশ্চয়ই একটি গহরর উৎপন্ন হইবে। যদি কোন মাহুষের স্থুখ উৎপন্ন হয়, ভবে নিশ্চয়ই অগ্ন কোন মাহুষের অথবা কোন জীবন্ধস্কর ত্রংথ উৎপন্ন হইয়া থাকে। মাহুষের সংখ্যা বাড়িতেছে—পশুর সংখ্যা কমিতেছে। আমরা তাহাদিগকে বিনাশ করিয়া ভাহাদের ভূমি কাড়িয়া লইতেছি; আমরা ভাহাদের সমৃদয় খাছত্রব্য কাড়িয়া লইভেছি। তবে কেমন করিয়া বলিব—স্থুখ ক্রমাগত বাড়িতেছে? প্রবল জাতি ত্র্বল ছাভিকে গ্রাদ করিতেছে, কিন্তু ভোমরা কি মনে কর, প্রবল জাতি বেশী স্থী হইবে 📍 না. ভাহারা আবার পরস্পরকে সংহার করিবে । কিভাবে স্থের যুগ আসিবে, তাহা তো আমি বুঝিতে পারি না। এ তো প্রত্যক্ষের বিষয়। শাহ্মানিক বিচার দ্বারাও আমি দেখিতে পাই, ইহা কখনও হইবার নয়।

পূর্ণতা সর্বদাই অনস্থ। আমরা বান্তবিক সেই অনস্থর্মপ—সেই নিজস্বরূপ অভিব্যক্ত করিবার চেষ্টা করিভেছি মাত্র। তুমি, আমি—সকলেই সেই নিজ

নিজ অনস্ত শ্বরূপ অভিব্যক্ত করিবার চেষ্টা করিতেছি মাত্র। এ পর্যস্ত বেশ কথা, কিন্তু ইহা হইতে কয়েকজন জার্মান দার্শনিক বড় এক অভূত দার্শনিক নিদ্বান্ত বাহির করিবার চেটা করিয়াছেন—তাহা এই যে, এইরূপে **খনস্ত** ক্রমশ: অধিক হইতে অধিকতর ব্যক্ত হইতে থাকিবেন, ষতদিন না আমরা পূর্ণ ব্যক্ত হই, যতদিন না আমরা সকলে পূর্ণমানব হইতে পারি। পূর্ণ অভিব্যক্তির অর্থ কি ? পূর্ণতার অর্থ অনস্ত, আর অভিব্যক্তির অর্থ সীমা----অতএব ইহার এই তাৎপর্ষ দাড়াইল বে, আমরা অসীমভাবে সদীম হইব— এ-কথা তো অসম্বন্ধ প্রলাপমাত্র। শিশুগণ এ মতে সম্ভষ্ট হইতে পারে; ছেলেদের সম্ভষ্ট করিবার জন্ম ইহা বেশ উপযোগী বটে, কিন্তু ইহাতে তাহাদিগকে মিথ্যাবিষে ভর্জরিত করা হয়—ধর্মের পক্ষে ইহা মহা অনিষ্টকর। আমাদের জানা উচিত, জগৎ এবং মানব—ঈশবের অবনত ভাবমাত্র; তোমাদের বাইবেলেও আছে—আদম প্রথমে পূর্ণমানব ছিলেন, পরে ভ্রষ্ট হইয়াছিলেন। এমন কোন ধর্মই নাই, বাহা শিক্ষা দেয় না বে, মাহ্রয পূর্বাবস্থা হইতে হীন অবস্থায় পতিত হইয়াছে। আমরা পশু হইয়া পড়িয়াছি। এখন আমরা আবার উন্নতির পথে যাইতেছি, এই বন্ধন হইতে বাহির হইবার চেষ্টা করিতেছি, কিন্তু আমরা কথনও অনস্তকে এথানে অভিব্যক্ত করিতে পারিব না। আমরা প্রাণপণ চেষ্টা করিতে পারি, কিন্ত দেখিব—ইহা অসম্ভব। এমন এক সময় আদিবে, যথন আমরা দেখিব যে, যতদিন আমরা ইন্দ্রিয়ের দারা আবদ্ধ, ততদিন পূর্ণতালাভ অসম্ভব; তথন আমরা বে-দিকে অগ্রসর হইতেছিলাম, সেই দিক হইতে ফিরিয়া মূল অবস্থা—অনস্থের দিকে যাত্রা আরম্ভ করিব।

ইহারই নাম ত্যাগ। আমরা বে-জালের ভিতর পড়িয়াছি, তাহা হইতে আমাদের বাহির হইতে হইবে—তথনই নীতি ও দয়াধর্ম আরম্ভ হইবে। সমৃদর নৈতিক অফুশাসনের মৃলমন্ত্র কি? 'নাহং নাহং, তুঁহু তুঁহু।' আমাদের পশ্চাতে বে অনস্ত রহিয়াছেন, তিনি নিজেকে বহির্জগতে ব্যক্ত করিতে গিয়া এই 'অহং'-এর আকার ধারণ করিয়াছেন। দেই অনস্ত হইতেই এই কৃত্র আমি-তৃমির উৎপত্তি। অভিব্যক্তির চেষ্টায় ইহার উৎপত্তি—এখন এই 'আমি'কে আবার পিছু হঠিয়া গিয়া উহার নিজ স্বরূপ অনস্তে মিশিতে হইবে। তিনি বৃবিবেন, এতদিন তিনি বৃধা চেষ্টা করিতে-

ছিলেন; নিজেকে চক্রে ফেলিয়াছেন—উাহাকে ঐ চক্র হইতে বাহির হইতে হইবে। প্রতিদিনই ইছা আমাদের প্রত্যক্ষ হইতেছে। যতবার তুমি বলো—'নাহং নাহং, তুঁহ তুঁহ,' ততবারই ফিরিবার চেটা কর, আর যতবার তুমি অনস্তকে অভিব্যক্ত করিতে চেটা কর, তত্তরারই তোমাকে বলিতে হয়—'আমি' আমি; তুমি নও।' ইহা হইতে জগতে প্রতিবন্দিতা, সংঘর্ষ ও অনিষ্টের উৎপত্তি, কিন্তু অবশেষে ত্যাগ—অনস্ত ত্যাগ আরম্ভ হইবেই হইবে। 'আমি, মরিয়া যাইবে। আমার জীবনের জক্ত তথন কে যত্ন করিবে? এখানে থাকিয়া এই জীবন সভোগ করিবার বে-সব র্থা বাসনা, আবার তারপর অর্গে গিয়া এইরপভাবে থাকিবার বাসনা—সর্বদা ইন্দ্রিয় ও ইন্দ্রিয়ন্থবে লিগু থাকিবার বাসনাই মৃত্যু আনমন্দ্রন করে।

আমরা যদি পশুগণের উন্নত অবস্থামাত্র হই, তবে বে-বিচারে ঐ দিছান্ত হইল, তাহা হইতে ইহাও সিদ্ধান্ত হইতে পারে যে, পশুগণ মান্ন্রের অবনত অবস্থামাত্র। তুমি কেমন করিয়া জানিলে তাহা নয়? তোমরা দেখিয়াছ, ক্রমবিকাশবাদের প্রমাণ কেবল এই: নিয়তম হইতে উচ্চতম প্রাণী পর্যন্ত সকল দেহই পরস্পর সদৃশ; কিন্তু উহা হইতে তুমি কি করিয়া দিদ্ধান্ত কর বে, নিয়তম প্রাণী হইতে ক্রমশ: উচ্চতর প্রাণী জন্মিয়াছে এবং উচ্চতম হইতে ক্রমশ: নিয়তর ক্রেম নাই? ছিদকেই যুক্তি সমান—আর বদি এই মতবাদে বাশুবিক কিছু সত্য থাকে, তবে আমার বিশাস এই যে, একবার নিয় হইতে উচ্চে, আবার উচ্চ হইতে নিয়ে ঘাইতেছে—ক্রমাগত এই দেহশ্রেণীর আবর্তন হইতেছে। ক্রমস্বোচবাদ শীকার না করিলে ক্রমবিকাশবাদ কিভাবে সত্য হইতে পারে? যাহা হউক, আমি যে-কথা বলিতেছিলাম বে, মান্ন্রের ক্রমাগত অনন্ত উন্নতি হইতে পারে না, তাহা বেশ বুঝা গেল।

'অনস্ক'—জগতে অভিব্যক্ত হইতে পারে, ইহা বদি আমাকে কেহ ব্ঝাইয়া দিতে পারে, ভাহা ব্ঝিভে প্রস্তুত আছি; কিন্তু আমরা ক্রমাগত সরলরেথায় উরতি করিয়া চলিতেছি, এ-কথা আমি আদৌ বিশাস করি না। ইহা অসম্বন্ধ প্রলাপমাত্র। সরলরেথায় কোন গতি হইতে পারে না। যদি ভূমি ভোমার সম্মুখদিকে একটি প্রস্তুর নিক্ষেপ কর, ভবে এমন এক সময় আসিবে, বথন উহা ঘূরিয়া বৃদ্ধাকারে ভোমার নিকট ফিরিয়া আসিবে। ভোমরা কি গণিতের সেই শ্বভ:লিন্ধ পড় নাই বে, সরলরেথা অনস্করূপে বর্ধিত হইলে বৃত্তাকার ধারণ করে ? অবশ্ব ইহা এইরূপই হইবে, তবে হয়তো পথে ঘুরিবার সময় একটু এদিক ওদিক হইতে পারে। এই কারণে আমি সর্বদা পুরাতন ভাবকেই ধরিয়া থাকি। যখন দেখি—কি এটি, কি বৃদ্ধ, কি বেদান্ত, কি বাইবেল সকলেই বলিতেছেন: এই অপূর্ণ জগৎকে ত্যাগ করিয়াই কালে আমরা পূর্ণতা লাভ করিব। এই জগৎ কিছুই নয়। থুব জোর, উহা সেই সত্যের একটি ভয়ানক বিসদৃশ অহাকৃতি—ছায়ামাত্র। সকল জ্ঞানহীন ব্যক্তিই এই ইক্রিয়ন্থ সম্ভোগ করিবার জন্ম দৌড়াইতেছে।

ইন্দ্রিয়ে আদক্ত হওয়া খুব সহজ। আরও সহজ—আমাদের পুরাতন অভ্যাসের বশবর্তী থাকিয়া কেবল পানাহাবে মত্ত থাকা। কিন্তু আমাদের আধুনিক দার্শনিকেরা চেষ্টা করেন, এই-সকল স্থথকর ভাব লইয়া তাহার উপর ধর্মের ছাপ দিতে। কিন্তু ঐ মত সত্য নহে। ইন্দ্রিয়ের মৃত্যু আছে---আমাদিগকে মৃত্যুর অভীত হইতে হইবে। মৃত্যু কথনই সত্য নছে। ভ্যাগই আমাদিগকে সত্যে লইয়া যাইবে। নীতির অর্থই ত্যাগ। আমাদের প্রকৃত জীবনের ভিত্তিই ত্যাগ। আমরা জীবনের সেই সেই মুহুর্তেই বাস্তবিক সাধু-ভাবাপন্নহই এবং প্রকৃত জীবন যাপন করি, যে যে মৃহুর্তে আমরা 'আমি'র চিস্তা হইতে বিরত হই। 'আমি'র ষথন বিনাশ হয়—আমাদের ভিতরের 'পুরাতন মামুষ'—কুন্ত আমিবের মৃত্যু হয়, তথনই আমর। সত্যে উপনীত হই। আর বেদাম্ব বলেন—সেই সভাই ঈশব, তিনিই আমাদের প্রকৃত স্বরূপ—ভিনি দর্বদাই আমাদের সহিত আছেন, ওগু তাহাই নহে, আমাদের মধ্যেই রহিয়াছেন। তাঁহাতেই আমরা সর্বদা বাদ করিব। যদিও ইহা বড় কঠিন বোধ হয়, তথাপি ক্রমশঃ ইহা সহজ হইয়া আদিবে। তথন আমরা দেখিব, তাঁহাতে অবহানই একমাত্র আনন্দপূর্ণ অবহা— আর সকল অবহাই মৃত্যু। আত্মার ভাবে পূর্ণ থাকাই জীবন-আর সকল ভাবই মৃত্যুমাত্র। আমাদের বর্তমান জীবনকে কেবল শিক্ষার জন্ম একটি বিভালয় বলিতে পারা ষায়। প্রকৃত জীবন লাভ করিতে হইলে আমাদিগকে ইহার বাহিরে ষাইতে হইবে।

আত্মার মুক্তস্বভাব

িলগুনে প্রদত্ত—এই নভেম্বর, ১৮৯৬]

আমরা পূর্বে যে কঠোপনিবদের আলোচনা করিতেছিলাম, তাহা এখন ৰাহার আলোচনা করিব, সেই ছান্দোগ্য উপনিষদের অনেক পরে রচিত হইয়াছিল। কঠোপনিবদের ভাষা অপেকাত্বত আধুনিক, উহার চিস্তাপ্রণালীও সর্বাপেক্ষা অধিক প্রণালীবদ্ধ। প্রাচীনতর উপনিষদ্গুলির ভাষা আর একরুপ, অতি প্রাচীন—অনেকটা বেদের সংহিতাভাগের ভাষার মতো। আবার উহাদের মধ্যে—অনেক সময় অনেক অনাবশ্রক বিষয়ের মধ্যে ঘুরিয়া ফিরিয়া তবে ভিতরের সার মতগুলিতে আদিতে হয়। এই প্রাচীন উপনিষদ্টিতে বেদের কর্মকাণ্ডের যথেষ্ট প্রভাব আছে—এই কারণে ইহার অর্ধাংশের বেশী এখনও কর্মকাণ্ডাত্মক। কিন্তু অতি প্রাচীন উপনিষদ্গুলি পাঠ করিলে একটি পরম লাভ হইয়া থাকে। লাভ এই ষে, ঐগুলি অধ্যয়ন করিলে আধ্যাত্মিক ভাবসমূহের ঐতিহাসিক বিকাশ বুঝিতে পারা যায়। অপেকাঞ্বত আধুনিক উপনিষদ্গুলিতে আধ্যাত্মিক ভাবগুলি একত্র সংগৃহীত ও সক্ষিত— উদাহরণস্বরূপ আমরা ভগবদ্গীতার উল্লেখ করিতে পারি। এই ভগবদগীতাকে দৰ্বশেষ উপনিষদ বলিয়া ধরা স্বাইতে পারে, উহাতে কর্মকাণ্ডের লেশমাত্র নাই। গীতার প্রতি শ্লোক কোন-না-কোন উপনিষদ হইতে সংগৃহীত—হেন কতকগুলি পুষ্প লইয়া একটি তোড়া নিৰ্মিত হুইয়াছে। কিন্তু উহাতে তুমি ঐ-সকল তত্ত্বের ক্রমবিকাশ দেখিতে পাইবে না।

এই আধ্যাত্মিক তত্ত্বের ক্রমবিকাশ ব্রিবার স্থবিধাই অনেকে বেদপাঠের একটি বিশেষ উপকারিতা বলিয়া উল্লেখ করিয়াছেন। বাস্তবিক ইছা সভ্যক্ষা; কারণ বেদকে লোকে এভ পবিত্র চক্ষে দেখে বে, জগতের অক্যান্ত ধর্মশাল্রের ভিতর ষেমন নানাবিধ গোঁজামিল আছে, বেদে ভাছা নাই। বেদে অভি উচ্চ চিন্তা, আবার অভি নিম্ন চিন্তার সমাবেশ—সার, অসার, অভি উন্নত চিন্তা, আবার সামান্ত খুঁটিনাটি—স্বই সন্নিবেশিত আছে, কেছই উহার কিছু পরিবর্তন বা পরিবর্ধন করিতে সাহস করে নাই। অবশ্য টীকাকারেরা আদিয়া ব্যাখ্যার বলে অভি প্রাচীন বিষয়সমূহ হইতে অভ্ত অভ্ত নৃতন ভাব বাহির করিতে আরম্ভ করিলেন বটে, সাধারণ অনেক বর্ণনার ভিতরে

তাহারা আধ্যাত্মিক তত্ত্বকল দেখিতে লাগিলেন বটে, কিছ মূল বেমন তেমনই রহিয়া গেল—এই মূলের ভিতর ঐতিহানিক গবেবণার বিবর বংগই আছে। আমরা জানি, লোকের চিন্তাশক্তি ষতই উরত হইতে পাকে, তত্তই তাহারা প্রত্যেকটি ধর্মের পূর্বভাব পরিবর্তিত করিয়া তাহাতে নৃতন নৃতন উচ্চ ভাবের সংযোজন করিতে থাকে। এখানে একটি, ওখানে একটি নৃতন কথা বসানো হয়—কোথাও বা এক-আধটি কণা উঠাইয়া দেওয়া হয়—তারপর টীকাকারেরা তো আছেনই। সম্ভবতঃ বৈদিক সাহিত্যে এরূপ কথন করা হয় নাই—আর বদি হইয়া থাকে, তাহা ধরাই যায় না। আমাদের ইহাতে লাভ এই বে, আমরা চিন্তার মূল উৎপত্তিহলে যাইতে পারি—দেখিতে পাই, কি করিয়া ক্রমশং উচ্চ হইতে উচ্চতর চিন্তার, কি করিয়া ত্বল আধিভৌতিক ধারণা হইতে স্ক্রতর আধ্যাত্মিক ধারণাগুলির বিকাশ হইতেছে—অবশেষে কিভাবে বেদান্তে ঐগুলি চরম পরিণতি লাভ করিয়াছে। বৈদিক সাহিত্যে অনেক প্রাচীন আচার-ব্যবহারেরও আভাস পাওয়া যায়, তবে উপনিষদে ঐ-সকলের বর্ণনা বড় বেশী নাই। উহা এমন এক ভাষায় লিখিত, যাহা খ্ব সংক্ষিপ্ত এবং খ্ব সহজে মনে রাখা যাইতে পারে।

এই গ্রন্থের লেখকগণ বেন কেবল কতকগুলি ঘটনা মনে রাখিবার উপায়স্বরূপ লিখিতেছেন; তাঁহাদের যেন ধারণা—এ-সকল কথা সকলেই জানে;
ইহাতে মৃশকিল হয় এইটুকু যে, আমরা উপনিষদে লিখিত গলগুলির বাত্তবিক্
তাৎপর্য সংগ্রহ করিতে পারি না। ইহার কারণ এই—এগুলি বাহাদের
সময়ে লেখা, তাঁহারা অবশু ঘটনাগুলি জানিতেন, কিছু এখন সেগুলির
কিংবদন্তী পর্যন্ত নাই—আর সামান্ত বেটুকু আছে, তাহা আবার অভিরঞ্জিত
হইয়াছেঁ। এগুলির এত নৃতন ব্যাখ্যা হইয়াছে বে, বখন আমরা প্রাণে
ঐ-সকলের বিবরণ পাঠ করি, তখন দেখিতে পাই সেগুলি উচ্ছাসাত্মক কাব্য
হইয়া দাঁড়াইয়াছে।

পাশ্চাত্য জাতিগুলির রাজনীতিক উন্নতির বিষয়ে আমরা একটি বিশেষ ভাব লক্ষ্য করি যে, তাহারা কোনপ্রকার বেচ্ছাতন্ত্র বা একনায়কত্ব সহু করিতে পারে না; সর্বপ্রকার বন্ধনের বিরুদ্ধে সর্বদা সংগ্রাম করিয়া ভাহারা ক্রমশঃ উচ্চ হইতে.উচ্চতর গণতান্ত্রিক শাসনের দিকে অগ্রসর হইতেছে, বাহ্য স্বাধীনতার উচ্চ হইতে উচ্চতর ধারণা লাভ করিভেছে; ভারভেও ঠিক সেইরূপ ব্যাপার ঘটিরাছে, তবে দর্শন ও আধ্যাত্মিক জীবনের ক্লেডে—এইমাত্র প্রভেদ। বহুদেববাদ হইতে ক্রমণ: মাহ্রব একেশরবাদে উপনীত হয়—উপনিষদে আবার বেন এই একেশরের বিক্লে বিজ্ঞাহ ঘোষণা করা হইরাছে। জগতের অনেক শাসনকর্তা তাঁহাদের অদৃষ্ট নিয়ন্ত্রিত করিতেছেন, তথু এই ধারণাই তাঁহাদের অসহ্ হইল তাহা নহে, একজন তাঁহাদের অদৃষ্টের বিধাতা হইবেন, এ ধারণাও তাঁহারা সহ্ করিতে পারিলেন না। উপনিষদ্ আলোচনা করিতে গিয়া এইটিই প্রথমে আমাদের দৃষ্টি আকর্ষণ করে। এই ধারণা ধীরে ধীরে বাড়িয়া অবশেষে চরম পরিণতি লাভ করিরাছে। প্রায় সকল উপনিষদের শেষেই দেখিতে পাই—জগতের 'একেশর' সিংহাসনচ্যত!

ঈশবের সগুণ ধারণা দ্র হইয়া নিগুণি ধারণা উপস্থিত হয়। ঈশর আর জগতের শাসনকর্তা একজন ব্যক্তি নন, তিনি আর অনস্বগুণসম্পন্ন মহয়ধর্মবিশিষ্ট কেহ নন, তিনি তখন ভাব-মাত্র, এক পরম ভত্মাত্ররূপে জ্ঞাত হন—আমাদের ভিতর, জগতের সকল প্রাণীর ভিতর, এমন কি সমৃদর জগতে সেই তত্ত ওতপ্রোতভাবে বিরাজিত। আর অবশ্য যথন ঈশবের সপ্তণ ধারণা হইতে নিগুণ ধারণায় পৌছানো গেল, তখন মাহ্যও আর সগুণ থাকিতে পারে না। অতএব মাহুষের সগুণত্বও তিরোহিত হইল, মাহুষেরও একটি ভাবত্রপ গড়িয়া উঠিল। সঞ্জণ ব্যক্তি বাহিরে দৃশ্রমান, প্রকৃত তত্ত্ব অস্তরে। এইরূপে উভর দিক হইতেই ক্রমশ: সপ্তণভাব চলিয়া ঘাইতে থাকে এবং নিও ল ভাবের আবির্ভাব হয়। সগুণ ঈশর ক্রমশঃ নিও লের কাছে আসিতে থাকেন; এবং সপ্তণ মাহুষও নিশুণ মাহুষভাবের কাছে আসিতে থাকে; তারপর নিশুণ মাহুষভাব ও নিশুণ ঈশ্ব-ভাব ক্রমশঃ অগ্রসর হইয়া কয়েকটি স্তরের অমুভূতির পর মিলিত হয়। আর এই ছুইটি ধারা ষে-ষে ক্রমে অগ্রসর হইয়া মিলিত হয়, উপনিষদ্ ভাহার বর্ণনায় পরিপূর্ণ এবং প্রত্যেক উপনিষদের শেব বাণী—'তত্বমদি'। একমাত্র নিত্য আনন্দময় পুরুষই আছেন, এবং দেই পরমৃতত্ত্ব এই জগৎরূপে—বহুজাবে প্রকাশিত হইয়াছেন।

এইবার দার্শনিকেরা আসিলেন। উপনিষদের কার্য এইথানেই ফুরাইল—
দার্শনিকেরা তাহার পর অক্তান্ত প্রশ্ন লইয়া বিচার আরম্ভ করিলেন। উপনিষদে
ম্থ্য কথাগুলি পাওয়া গেল—বিন্তারিত ব্যাখ্যা ও বিচার দার্শনিকদিগের জক্ত বহিল। অভাবতই পূর্বোক্ত সিদ্ধান্ত হইতে নানা প্রশ্ন মনে উদিত হয়। বদিই শীকার করা বার, এক নিশু নভাবই পরিদৃশ্যমান নানারপে প্রকাশ পাইতেছে, তাহা হইলে এই জিল্পাশ্য—'এক' কেন 'বহু' হইল ? এ সেই প্রাচীন প্রশ্ন—
বাহা মাহ্যের অমাজিত ব্রিতে সুলভাবে উদিত হয় : জগতে হৃঃধ—অভভ বহিয়াছে কেন ? সেই প্রশ্নটিই স্থুলভাব পরিত্যাগ করিয়া স্ক্রম্তি পরিগ্রহ করিয়াছে। এখন আর আমাদের বাহ্দৃষ্টি বা ইন্দ্রিয়াহ্ণভৃতি হইতে ঐ প্রশ্ন জিল্পাসিত হইতেছে না, এখন ভিতর হইতে—দার্শনিক দৃষ্টিতে ঐ প্রশ্নের বিচার। সেই এক তত্ত্ব কেন বহু হইল ? আর উহার উত্তর—শ্রেষ্ঠ উত্তর—ভারতবর্ষে প্রদত্ত হইয়াছে। ইহার উত্তর—মায়াবাদ ; বাভবিক সেই এক তত্ত্ব বহু হয় নাই, বাভবিক উহার প্রকৃত স্বরূপের কিছুমাত্ত হানি হয় নাই। এই বহুত্ব আপাত-প্রতীয়মান মাত্র, মাহ্য আপাতদৃষ্টিতে ব্যক্তি বলিয়া প্রতীয়মান হইতেছে, কিন্তু তাহার প্রকৃত স্বরূপ নিগুণ। ঈশ্বরও আপাততঃ দগুণ বা ব্যক্তিরূপে প্রতীয়মান হইতেছেন, বাভবিক ভিনি এই সমস্ত বিশ্বজ্বাত্তে অবস্থিত নিগুণি প্রকৃষ।

এই উত্তরও একেবারে আদে নাই, ইহারও বিভিন্ন সোপান আছে। এই উত্তর সম্বন্ধে দার্শনিকগণের ভিতর মতভেদ আছে। মায়াবাদ ভারতীয় সকল দার্শনিকের সমত নয়। সম্ভবতঃ তাঁহাদের অধিকাংশই এ মত স্বীকার করেন না। দৈতবাদীরা আছেন—তাহাদের মত দৈতবাদ, অবশ্য তাঁহাদের ঐ মত বড় উন্নত বা মার্জিত নয়। তাঁহারা এই প্রশ্নই জিজাসা করিতে দিবেন না—এ প্রশ্নের উদয় হইতে না হইতে তাঁহারা উহাকে চাপিয়া দেন। তাঁহারা বলেন: তোমার এরণ প্রখ জিজ্ঞানা করিবার অধিকার নাই—কেন এরপ হইন, ইহার ব্যাখ্যা জিজ্ঞাসা করিবার তোমার কিছুমাত্র অধিকার নাই। উহা ঈ্বরের ইচ্ছা—শাস্তভাবে আমাদিগকে উহার নিকট আত্ম-সমর্পণ করিতে হইবে। জীবাত্মার কিছুমাত্র স্বাধীনতা নাই। সবই পূর্ব হইতে নির্দিষ্ট---আমরা কি করিব, আমাদের কি কি অধিকার, কি কি স্থ-তুঃখ ভোগ করিব--- সবই পূর্ব ংইতে নির্দিষ্ট আছে; আমাদের কর্তব্য-ধীরভাবে সেইগুলি ভোগ করিয়া যাওয়া। যদি তাহা না করি, আমরা আরও বেশী কট পাইব। কেমন করিয়া তুমি ইহা জানিলে?—বেদ বলিতেছেন। তাঁহারাও বেদের প্লোক উদ্ধৃত করেন; তাঁহাদের মতাহযায়ী বেদের অর্ধণ্ড আছে; প্রমাণ বলিয়া তাঁহারা সেইগুলিই সকলকে মানিভে বলেন এবং তদমুদারে উপদেশ দেন।

আরও অনেক দার্শনিক আছেন, তাঁহারা মায়াবাদ স্বীকার না করিলেও তাঁহাদের মত মায়াবাদী ও বৈভবাদিগণের মাঝামাঝি। তাঁহারা পরিণাম-বাদী। তাঁহারা বলেন: সমূদর অগৎ যেন ভগবানের শরীর। ঈখর সমগ্র প্রকৃতির ও সকল আত্মার আত্মা। স্টির অর্থ ঈশবের স্বরূপের বিকাশ--কিছুকান এই বিকাশ চলিয়া আবার সকোচ হইতে থাকে। প্রত্যেক জীবাত্মার পক্ষে এই সঙ্কোচের কারণ অসংকর্ম। মাত্র অসংকার্য করিলে তাহার আত্মার শক্তি ক্রমশ: সঙ্কৃচিত হইতে থাকে--্রতদিন না সে আবার সংকর্ম করিতে আরম্ভ করে, তথন আবার উহার বিকাশ হইতে থাকে। ভারতীয় এই-সকল বিভিন্ন মতের ভিতর—এবং আমার মনে হয়, জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে জগতের সকল মতের ভিতরই—একটি সাধারণ ভাব দেখিতে পাওয়া যায়, আমি উহাকে 'মাহুষের দেবত্ব' বলিতে ইচ্ছা করি। জগতে এমন কোন মত নাই, এমন কোন ষ্থাৰ্থ ধৰ্ম নাই, ষাহা কোন-না-কোনরপে—পৌরাণিক বা রূপকভাবে হউক অথবা দর্শনের মার্দ্রিত স্থস্পষ্ট ভাষায় হউক, এই ভাব প্রকাশ না করে যে, জীবাহাা ষেই হউক অথবা ঈশরের সহিত তাহার সমন্ধ বাহাই হউক, উহা স্বরূপত: ওন ও পূর্ণ। জীবাত্মার প্রকৃত স্বরূপ আনন্দ ও শক্তি—ছ:খ ও তুর্বলতা নয়। এই হু:খ কোনরূপে তাহাতে আসিয়া পড়িয়াছে। অমার্ক্তি মতগুলি এই তৃঃধকে মৃতিমান্ অভভ, শয়তান বা আহিমান বলিয়া কলনা ও বাাখ্যা করিতে পারে। অক্তাক্ত মত একাধারে ঈশর ও শয়তান হুইয়ের ভাব আরোপ করিতে পারে এবং কোনরপ যুক্তি না দিয়াই বলিতে পারে, তিনি কাহাকেও স্থী, কাহাকেও বা হুঃখী করিতেছেন। আবার অপেকারত চিন্তাশীল ব্যক্তিগণ 'মান্নাবাদ' প্রভৃতি দারা উহা ব্যাখ্যা করিবার চেষ্টা করিতে পারেন। কিন্তু একটি বিষয় সকল মতেই অতি স্পষ্টভাবে প্রকাশিত—উহা আমাদের প্রস্থাবিত বিষয়---আত্মার মুক্তবভাব। এই-সকল দার্শনিক মত ও প্রণালী কেবল মনের ব্যায়াম-ৰুদ্ধির চালনামাত্র। একটি মহং উচ্জল ধারণা —ষাহা আমার নিকট অভি ম্পষ্ট বলিয়া বোধ হয় এবং বাহা সকল **एए अक्न धर्मद क्रिश्चाद्रवाभिद्र मध्य क्रिश क्षेत्रक्ष भारे एक्** তাহা এই বে, মাহ্মব দেবস্থভাব, দেবভাবই আমাদের স্বভাব—আমরা বদ্দরণ।

বেদাস্ত বলেন, অক্ত বাহা কিছু তোহা উপাধি মাত্র। কিছু বেন তাঁহার উপর আরোণিত হইয়াছে, কিন্তু তাঁহার দেবভাবের কিছুভেই বিনাশ হয় না। অতি সাধু প্রকৃতিতে যেমন, অতিশয় পতিত ব্যক্তিতেও তেমনি উহা বর্তমান। ঐ দেবম্বভাবের উদ্বোধন করিতে হইবে, ভবেই উহার কার্ব হইতে থাকিবে। আমাদের ঐ দেবভাবকে আহ্বান করিতে হইবে, তবেই উহা নিজে নিজেই প্রকাশিত হইবে। প্রাচীনেরা ভাবিতেন, চকমকি-পাথরে আগুন খুমাইয়া থাকে, সেই আগুনকে বাহির করিতে হইলে কেবল ইস্পাতের ঘর্ষণ আবশুক। অগ্নি দুই খণ্ড শুষ্ক কার্চের মধ্যে বাস করে, উহাকে প্রকাশ করিবার জম্ম কেবল ঘৰ্ষণ আবিশ্ৰক। অভএব এই অগ্নি—এই স্বাভাবিক মুক্তভাব ও পবিত্রতা প্রত্যেক আত্মার স্বভাব, আত্মার গুণ নহে; কারণ গুণ উপার্জন করা ষাইতে পারে, স্থভরাং উহা আবার নষ্টও হইতে পারে। মৃক্তি বা মৃক্তবভাব বলিতে যাহা ব্ঝায়, আত্মা বলিতেও তাহাই ব্ঝায়--এইরূপ সন্তা বা অন্তিত্ব এবং জ্ঞানও আত্মার স্বরূপ—আত্মার সহিত অভেদ। এই সং-চিৎ-আনন্দ আত্মার স্বভাব---আমাদের জন্মগত অধিকার; আমরা বে-সকল অভিব্যক্তি দেখিতেছি, দেগুলি আত্মার স্বরূপের বিভিন্ন প্রকাশ মাত্র—উহা কথন নিষ্ণেকে মৃত্, কথন বা উজ্জ্বভাবে প্রকাশ করিতেছে। এমন কি, মৃত্যু বা বিনাশও সেই প্রকৃত সন্তার প্রকাশমাত্র। জন্ম মৃত্যু, ক্ষয় বৃদ্ধি, উন্নতি অবনতি—সকলই সেই এক অখণ্ড সন্তার বিভিন্ন প্রকাশমাত্র। এইরূপ আমাদের সাধারণ জ্ঞানও-উহা বিতা বা অবিতা যেরপেই প্রকাশিত হউক না, দেই চিং-এর--জ্ঞানম্বরপেরই প্রকাশমাত্ত; উহাদের বিভিন্নতা প্রকারগত নয়, পরিমাণগত। কুদ্র কীট, যাহা তোমার পায়ের নিকট বেড়াইতেছে, তাহার জ্ঞান এবং স্বর্গের শ্রেষ্ঠ দেবতার জ্ঞানে প্রভেদ প্রকারগত নয়, পরিমাণগত। এই কারণে বৈদান্তিক মনীবিগণ নির্ভয়ে বলেন যে, আমাদের জীবনে আমরা ষে-সকল স্থভোগ করি, এমন কি অতি স্থণিত স্থ পর্যন্ত আত্মার স্বরূপ দেই এক ব্রহ্মানন্দের প্রকাশমাত্র।

এই ভাবটিই বেদান্তের সর্বপ্রধান ভাব বলিয়া বোধ হয়; আর আমি পূর্বেই বলিয়াছি, আমার বোধ হয়, সকল ধর্মেরই এই মন্ত। আমি এমন কোন ধর্মের কথা জানি না, বাহার মূলে এই ভাব নাই। সকল ধর্মের ভিভরেই এই সার্বভৌম ভাব রহিয়াছে। উদাহরণশ্বরূপ বাইবেলের কথা ধর—উহাতে রূপকভাবে বর্ণিত আছে, প্রথম সানৰ আলম অভি পবিত্র ছিলেন, অবশেষে পাপকাৰ্বের ধাৰা ভাঁহার ঐ পবিজ্ঞভা নষ্ট হইল। এই ৰূপক-বৰ্ণনা হইছে প্রমাণিত হয়, ঐ গ্রন্থকে বিশাস করিতেন বে, আদিম মানবের—অথবা ভাঁহারা উহা বেভাবেই বর্ণনা করুন না কেন—অথবা প্রকৃত মানবের স্বরূপ প্রথম হইতেই পূর্ণ ছিল। আমরা বে-সকল ত্র্বভা দেখিভেছি, আমরা বে-সকল অপবিত্রভা দেখিডেছি, সেগুলি উহার উপর আরোপিত আবরণ বা উপাধিমাত্র এবং খৃষ্টধর্মেরই পরবর্তী ইভিহাস ইহা দেখাইভেছে— প্টানরা সেই পূর্ব অবহা পুনরার লাভ করিবার সভাবনায়, ওধু তাহাই নহে, ভাহার নিশ্চয়ভায় বিশাদ করেন। পুরাতন ও নৃতন টেস্টামেণ্ট লইয়া সমগ্র বাইবেলেরও এই ইতিহাস। মুসলমানদের সহদ্ধেও এইরূপ। তাঁহারাও আদম ও আদমের জ্ঞার পবিত্রভায় বিশাসী, আর তাঁহাদের ধারণা—মহম্মদের আগমনের পর হইতে সেই পুপ্ত পৰিত্রভার পুনক্ষারের উপায় হইয়াছে। বৌদদের সমদেও তাহাই; তাঁহারাও নির্বাণনামক অবস্থাবিশেষে বিশাসী; উহা এই বৈভন্তগতের অভীত অবস্থা। বৈদান্তিকেরা যাহাকে ব্রহ্ম বলেন, ঐ নির্বাণ-অবস্থাও ঠিক ভাই; স্থার বৌদ্ধদের সমৃষক্র উপদেশের মর্ম এই---সেই বিনষ্ট নিৰ্বাণ-অবহা পুনৱায় লাভ করিতে হইবে। এইরূপে দেখা যাইতেছে, দৰল ধর্মেই এই এক ভত্ব পাওয়া বাইভেছে—বাহা ভোমার নয়, ভাহা ভূমি কখন পাইতে পার না। এই বিশবক্ষাণ্ডের কাহারও নিকট ভূমি ঋণী নও। তুমি ভোমার নিজের জরগভ অধিকারই প্রার্থনা করিবে। একজন প্রধান বৈদান্তিক আচার্য এই ভাষটি ভাঁহার নিজক্বত কোন গ্রন্থের নামপ্রদানচ্ছলে বড় স্থন্দরভাবে ব্যক্ত করিয়াছেন। প্রস্থানির নাম-'স্বারাজ্যসিদ্ধি' অর্থাৎ আমার নিজের রাজ্য, যাহা দারাইরাছিল, তাহার পুনঃপ্রাপ্তি। সেই রাজ্য আমাদের; আমরা উহা হারাইরাছি, আমাদিগকে পুনরার উহা লাভ করিতে হইবে। তবে যায়াবাদী বলেন, এই বাজ্যনাশ একটি ভ্ৰমমাত, তুমি কখনও বাজ্যভ্ৰষ্ট হও নাই—এই মাত্ৰ প্ৰভেষ।

বদিও সকল ধর্মপালীই এই বিষয়ে একমত বে, আমাদের বে রাজ্য ছিল, তাহা আমরা হারাইয়া ফেলিয়াছি, তথাপি তাঁহারা উহা ফিরিয়া পাইবার উপান্ন লখনে বিভিন্ন উপদেশ দিয়া থাকেন। কেহ বলেন, বিশেষ কতকঙালি কিয়াকাণ করিয়া প্রতিমাদির পূজা-অর্চনা করিলে এবং নিজে কোন বিশেষ

নিয়মে জীবনধাপন করিলে সেই রাজ্যের উদ্ধার হইতে পারে। স্পাবার কেহ কেহ বলেন, 'প্রক্বতির অতীত কোন পুরুষের সন্মুখে তুমি যদি পতিও হইয়া কাদিতে কাদিতে ভাঁহার নিকট ক্ষা প্রার্থনা কর, তবে তুমি সেই রাজ্য ফিরিয়া পাইবে।' আবার কেহ কেহ বলেন, 'তুমি বদি এরপ প্রুষকে সর্বাস্তঃকরণে ভালবাসিতে পারো, তবে তুমি ঐ রাজ্য পুন:প্রাপ্ত হইবে।' উপনিষদে এই বিভিন্ন রকমের উপদেশই পাওয়া যায়। ক্রমশঃ যত ভোমাদিপকে উপনিষদ বুঝাইব, ততই ইহা বুঝিতে থাকিবে। কিন্তু সর্বশ্রেষ্ঠ শেষ উপদেশ এই : রোদনের কিছুমাত্র প্রয়োজন নাই। তোমাদের এই-সকল ক্রিয়াকলাপের কিছুমাত্র প্রয়েজন নাই, কি করিয়া রাজ্য প্নঃপ্রাপ্ত হইবে, সে চিস্তারও তোমাদের কিছুমাত্র আবশুকতা নাই, কারণ তোমাদের রাজ্য কখন নষ্ট হয় নাই। যাহা তোমরা কখনই হারাও নাই, তাহা পাইবার জন্ত আবার চেটা করিবে কি ? তোমরা স্বভাবতঃ মৃক্ত, তোমরা স্বভাবতঃ শুদ্ধভাব। বদি ভোমরা নিজদিগকে মুক্ত বলিয়া ভাবিতে পারো, ভোমরা এই মুহুর্ভেই মুক্ত হইয়া যাইবে; আর বদি নিজেদের বন্ধ বলিয়া বিবেচনা কর, ভবে বন্ধই থাকিবে। শুধু তাহাই নহে; এইবার যাহা বলিব, তাহা আমাকে অভি সাহসের সহিত বলিতে হইবে—এই-সকল বক্তৃতা **আরম্ভ করিবার পূর্বে**ই তোমাদিগকে দে-কথা বলিয়াছি। ইহা শুনিয়া তোমাদের ভয় হইতে পারে, কিন্তু ভোমরা ষতই চিম্বা করিবে এবং প্রাণে প্রাণে অমূভব করিবে, ততই দেখিবে আমার কথা সভ্য কিনা। মনে কর, মুক্তভাব ভোমাদের স্বভাবসিদ্ধ নয়; ভবে ভোমরা কোনরূপেই মৃক্ত হইতে পারিবে না। মনে কর, ভোমরা মৃক্ত ছিলে, এখন কোনরূপে সেই মৃক্তভাব হারাইয়া বন্ধ হইয়াছ, ভাহা হইলে ইহাই প্রমাণিত হইতেছে, তোমরা প্রথম হইতে মুক্ত ছিলে না। यদি মুক্ত ছিলে, তবে কিসে তোমায় বন্ধ করিল ? যে খতন্ত্র, সে কথন পরতন্ত্র হুইতে পারে না; যদি হয়, তবে প্রমাণিত হইল, সে কখন খতত্ত্ব ছিল না-এই স্বাতন্ত্র-প্রতীতিই ভ্রম ছিল।

তাহা হইলে এই হুই পক্ষের কোন্টি গ্রহণ করিবে? উভন্ন পক্ষের যুক্তিপরম্পরা বিরত করিলে এইরূপ দাঁড়ায়: যদি বলো, আত্মা স্থভাবত: শুদ্ধরূপ ও মূক্ত, তবে অবশু শিশ্বাস্ত করিতে হুইবে, লগতে এমন কিছুই নাই, যাহা আত্মাকে বন্ধ করিতে পারে। কিন্তু বদি জগতে এমন কিছু থাকে.

দাহা আত্মাকে বন্ধ করিতে পারে, তবে অবশ্য বলিতে হইবে আত্মা মুক্তসভাব ছিলেন না. স্তরাং তুমি বে আত্মাকে মৃক্তস্বভাব বলিয়াছিলে, তাহা ভোমার ল্মমাত্র। অভএব অবশুই ভোমাকে এই দিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে যে, আত্মা বভাৰতই মৃক্ত। অন্তরণ হইতে পারে না। মৃক্তবভাবের অর্ধ-বাহ্ন সকল বস্তুর অধীনতা হইতে মুক্ত। অর্থাৎ বাহিরের কোন বস্তুই উহার উপর কারণরূপে কোন কার্য করিতে পারে না। আত্মা কার্যকারণ-সম্বন্ধের অতীত, ইহা হইতেই আত্মা সম্বন্ধে আমাদের উচ্চ উচ্চ ধারণা আসিয়া থাকে। আত্মার অমরত্বের কোন ধারণা স্থাপন করা বাইতে পারে না, যদি না স্বীকার করা যায় যে, আত্মা স্বভাবতঃ মৃক্ত অর্থাৎ বাহিরের কোন বস্তুই আছার উপর কার্য করিতে পারে না। কারণ মৃত্যু আমার বহি:হ কোন কিছুর খারা ক্বত কার্ব। ইহাতে বুঝাইতেছে বে, আমার শরীরের উপর বহিঃস্থ অপর কিছু কার্য করিতে পারে, আমি থানিকটা বিষ থাইলাম, তাহাতে আমার মৃত্যু হইল—ইহাতে বোধ হইতেছে, আমার শরীবের উপর বিষনামক বহিঃ হ কোন বন্ধ কাৰ্য করিতে পারে। যদি আন্ধা সম্বন্ধে ইহা দত্য হয়, তবে আত্মাও বন্ধ। কিন্তু যদি ইহা সত্য হয় যে, আত্মা মুক্ত-বভাব, তবে ইহাও স্বতঃসিদ্ধ যে, বাহিরের কোন বস্তুই উহার উপর কার্য করিতে পারে না, কখনও পারিবে না। তাহা হইলে আত্মা কখনও মরিবেন না, আত্মা কার্যকারণ-সম্বন্ধের অতীত। আত্মার মৃক্তভাব, অমর্থ এবং আনন্দ —সকলই এই ভাবের উপর নির্ভর করিতেছে বে, আত্মা কার্যকারণ-সম্বন্ধর অতীত,—মান্নার অতীত। ভাল কথা; যদি বলো, আত্মার বভাব প্রথমে দম্পূর্ণ মুক্ত ছিল, এখন বদ্ধ হইন্নাছে; ভাহাতে ইহাই বোধ হয়, বান্তবিক উহা মুক্তস্বভাব ছিল না। তুমি বে বলিতেছ, উহা মুক্তস্বভাব ছিল, তাহা অগত্য। কিন্তু অপর পক্ষে পাইতেছি, আমরা বান্তবিক মৃক্তবভাব; এই বে ৰন্ধ হইরাছি বোধ হইতেছে, ইহাই ভাভিমাত। এই গৃই পক্ষের কোন্ পক্ষ লইব ? হয় বলিভে হইবে—প্রথমটি প্রান্তি, নতুবা বিভীয়টিকে পুণ বলিয়া স্বীকার করিতে হইবে। আমি অবশ্র বিভীয়টিকে প্রাস্থি বলিব। ইংাই **আমার সম্দর ভাব ও অমুভূতির সহিত অধিকত**র স**দ**তিপূর্ণ। আমি শশ্ৰ্কিশে আমি, আমি বভাৰতঃ মৃক্ত ; বন্ধভাৰ সত্য ও মৃক্তভাৰ এমাত্মক— কণকালের জন্তও আমি এ-কথা মানিয়া লইতে পারি না।

দর্শনেই স্থুলভাবে এই বিচার চলিতেছে। এমন কি, থ্র আধুনিক দর্শনেও এই আলোচনার স্চনা দেখিতে পাওয়া বায়। ছই দল আছেন; এক দল বলিতেছেন, আত্মা বলিয়৷ কিছুই নাই, আত্মার ধারণা প্রাক্তিমাতা। এই প্রান্তির কারণ জড়কণাগুলির পুন: পুন: স্থানপরিবর্তন; এই সংহতি—যাহাকে তোমরা শরীর মন্তিক প্রভৃতি নামে অভিহিত করিতেছ, তাহারই স্পান্দন, তাহারই গতিবিশেষ এবং উহার মধ্যম্ব অংশগুলির ক্রমাগত ম্থানপরিবর্তনে এই মৃক্তমভাবের ধারণা আদিতেছে। কয়েকটি বৌম্বসম্প্রদায় ছিলেন, তাঁহারা বলিতেন—একটি মশাল লইয়া চতুর্দিকে ক্রত মুরাইতে থাকিলে একটি আলোকের বৃত্ত দেখা বাইবে। বাস্তবিক এই আলোক্রতের কোন অন্তিত্ব নাই, কারণ এ মশাল প্রতি মৃহুর্তে স্থান পরিবর্তন করিতেছে। সেইরূপ আমরাও ক্ষুদ্র ক্রু পর্মাণুর সমষ্টিমাত্র, উহাদের ক্রত ঘূর্ণনে এই 'অহং'-ভ্রান্তি জয়িতেছে।

অতএব একটি মত হইল এই ষে, শরীরই সত্যা, আত্মার অন্তিত্ব নাই। অপর মত এই বে, চিম্ভাশক্তির ক্রত স্পন্দনে জড়রূপ এক ভাস্তির উৎপত্তি হইতেছে, বান্তবিক জড়ের অন্তিম নাই। এই হুই পক্ষ আধুনিক কাল পর্যস্ত চলিতেছে—একজন বলিতেছেন আত্মা ভ্রমমাত্র, অপরে আবার জড়কে ভ্রম বলিতেছেন। কোন্মতটি লইব ? অবশুই আত্মবাদের পক্ষ গ্রহণ করিয়া জড়বাদ অস্বীকার করিব। যুক্তি তুইদিকেই সমান, কেবল আত্মার নিরপেক অন্তিবের দিকে যুক্তি অপেকাক্বত প্রবল ; কারণ জড় কি, তাহা কেহ কখন দেখে নাই। আমরা কেবল নিজদিগকেই অহতেব করিতে পারি। আমি এমন লোক দেখি নাই, যিনি নিজের বাহিরে গিয়া জড়কে জছভব করিতে পারিশ্বাছেন। কেহ কথন লাফাইশ্বা নিজ আব্বার বাহিবে ুবাইতে পারে না। অতএব আত্মার দিকে যুক্তি একটু দৃঢ়তর **হইল। বিভীয়ত: আত্ম**বাদ জগতের স্থানর ব্যাখ্যা দিতে পারে, জড়বাদ পারে না। অভএৰ জড়বাদের দিক হইতে জগতের ব্যাখ্যা অধ্যেক্তিক। পূর্বে বে আত্মার স্বাভাবিক মৃক্ত ও বন্ধভাব-সম্বনীয় বিচারের প্রসন্ধ উঠিয়াছিল, জড়বাদ ও আত্মবাদের তর্ক ভাহারই স্থলভাবমাত্র। দর্শনসমূহকে স্থলভাবে বিশ্লেষণ করিলে দেখিনে, ভাহাদের মধ্যেও এই ছুইটি মভের সংঘর্ষ চলিয়াছে। খুব আধুনিক দর্শনসমূহেও আমরা অন্ত আকারে দেই প্রাচীন বিচারই দেখিতে পাই। এক দল বলেন,

মানবের তথাকথিত পবিত্র ও মৃক্ত খতাব ভ্রমাত্র—অপরে আবার বন্ধভাবকেই ভ্রমাত্মক বলেন। এথানেও আমরা বিতীর দলের সহিত একমত, বন্ধভাব বে ভ্রমাত্মক—আমরা এই মতই পোষণ করি।

অভএব বেদান্তের সিকান্তই এই—আমরা বন্ধ নই, আমরা নিত্যমৃক্ত।
তথু তাই নর, আমরা বন্ধ—এই কথা বলা বা ভাবাই অনিষ্টকর, উহা ভ্রম
—উহা নিজেকে নিজে সম্মোহিত করে মাত্র। যথনই তুমি বলো আমি বন্ধ,
আমি তুর্বল, আমি অসহায়, তথনই ভোমার তুর্ভাগ্য আরম্ভ, তুমি নিজের পারে
আর একটি শিকল জড়াইতেছ মাত্র। এরপ বলিও না, এরপ ভাবিও না।

আমি এক ব্যক্তির কথা শুনিরাছি—ভিনি বনে বাস করিতেন এবং দিবারাত্র 'শিবোহহং, শিবোহহং' উচ্চারণ করিতেন। একদিন এক ব্যান্ত তাঁহাকে
আক্রমণ করিরাহত্য। করিবার জন্ত টানিরা লইরা বাইতে লাগিল। নদীর অপর
পারের লোকে ইহা দেখিল আর শুনিল—গেই ব্যক্তির কণ্ঠনিংস্ত 'শিবোহহং শিবোহহং' ধ্বনি। বতক্ষণ তাঁহার কথা কহিবার শক্তি ছিল, ব্যাত্রের কবলে
পড়িরাও তিনি 'শিবোহহং' উচ্চারণ করিতে বিরত হন নাই। এরপ অনেক
ব্যক্তির কথা শুনা বায়। এর্মন অনেক ব্যক্তির কথা শুনা বায়, বাহারা শক্ত কর্তৃক ধশু-বিশ্বও হইরাও তাহাকে আশীর্বাদ করিয়াছেন। 'সোহহং সোহহং'
—আমি সেই, আমি সেই, তুমিও সেই। আমি নিশ্চরই মৃক্ত পূর্ণস্বরূপ,
আমার সকল শক্রও তাই। 'তুমিই তিনি: আমিও তিনি'—ইহাই বীরের
কথা।

তথাপি বৈতবাদীদের ধর্মে অনেক অপূর্ব মহৎ ভাব আছে—প্রকৃতি হইতে পূথক আমাদের উপাক্ত প্রেমাম্পদ সগুণ ঈশরবাদ অতি অপূর্ব —অনেক সময় এগুলি প্রাণ শীতল করিয়া দেয়; কিছ বেদান্ত বলেন, প্রাণের এই শীতলভা আফিং-এর নেশার মতো অখাভাবিক। ইহা আবার হুর্বলভা আনরন করে, আর পূর্বে বভ না প্রয়োজন ছিল, এখন ভদপেকা বেশী প্রয়োজন এই বলসঞ্চার—শক্তিসঞ্চার। বেদান্ত বলেন, হুর্বলভাই সংসারের সন্দয় ছৃংখের কারণ, ছুর্বলভাই হৃংখভোগের একমাত্র কারণ। আমরা হুর্বল বলিয়াই এত ছৃংখভোগে করি। আমরা হুর্বল বলিয়াই চুরি ভাকাতি মিধ্যা জ্বাচুরি বা অভাত্ত পাপ করিয়া থাকি। হুর্বল বলিয়াই আমরা মৃত্যুমুখে পভিত্ত হুই। বেখানে আমাদিগকে হুর্বল করিবার কিছুই নাই, শেখানে মৃত্যু

বা কোনরূপ ছংখ থাকিতে পারে না। আমরা ভ্রান্তিবশভই ছংখভোগ করিতেছি। এই ভ্রান্তি ত্যাগ কর, সব ছংখ চলিয়া ষাইবে। ইহাঁ তো খ্ব সহজ সাদা কথা। এই-সকল দার্শনিক বিচার ও কঠোর মানসিক ব্যায়ামের ভিতর দিয়া আমরা সমৃদ্য় জগতের মধ্যে স্বাপেকা সহজ ও সরল আধ্যাত্মিক সিদ্ধান্তে উপনীত হইলাম।

অবৈত বেদান্ত যেভাবে আধ্যাত্মিক সত্য প্রকাশ করেন, তাহাই সর্বাপেক্ষা সহজ ও সরল। ভারতে এবং অক্সত্র এ-বিষয়ে একটি গুরুতর ভূল হইয়াছিল। বেদান্তের আচার্যগণ দ্বির করিয়াছিলেন, এই শিক্ষা সর্বজনীন করা যাইতে পারে না, কারণ তাঁহারা যে-সিদ্ধান্তসমূহে উপনীত হইয়াছিলেন, সেইগুলির দিকে লক্ষ্য না রাখিয়া যে-প্রণালীতে তাঁহারা ঐ-সকল সিদ্ধান্ত লাভ করিয়াছিলেন, সেই প্রণালীর দিকেই বেশী লক্ষ্য রাখিলেন—অবশ্য ঐ প্রণালী অভিশয় জটিল। এই ভয়ানক দার্শনিক ও নৈয়ায়িক উক্তিগুলি দেখিয়া তাঁহারা ভয় পাইয়াছিলেন। তাঁহারা সর্বদা ভাবিতেন, এগুলি প্রাত্যহিক কর্মজীবনে শিক্ষা করা যাইতে পারে না, আর এরপ দর্শনেব আবরণে অত্যন্ত নৈতিক শিথিলতা দেখা দিবে।

কিন্তু আমি আদে বিশ্বাদ করি না যে, জগতে অবৈততত্ব প্রচারিত হইলে হ্নীতি ও হ্বলতার প্রাহ্রতাব হইবে। বরং ইহা বিশ্বাদ করিবার কারণ আছে যে, ইহাই হ্নীতি ও হ্বলতা নিবারণ করিবার একমাত্র প্রথ। ইহাই যদি সত্য হয়, তবে যখন নিকটে অমৃতের স্রোড বহিতেছে, তখন লোকে পরিল জল পান করিতেছে কেন? যদি ইহাই সত্য হয় যে, দকলে ভদ্ধরূপ, তবে এই মৃহুর্তেই সমৃদয় জগৎকে এই শিক্ষা দাও না কেন? সাধু-অসাধু, নর-নারী, বালক-বালিকা, বড়-ছোট—সকলকেই বজ্রনির্ঘোহে ইহা শিশা দাও না কেন? যে-কেহ করিবে—সিংহাসনে উপবিষ্ট রাজা, ঝাড়ুদার, ধনী, দরিত্র—সকলকেই ইংা শিক্ষা দাও না কেন? অমাম বিষ্টু রাজা, ঝাড়ুদার, ধনী, দরিত্র—সকলকেই ইংা শিক্ষা দাও না কেন?—আমি রাজার রাজা, আমা অপেক্ষা বড় রাজা নাই। আমি দেবতার দেবতা, আমা অপেক্ষা বড় দেবতা নাই।

এখন ইহা বড় কঠিন কার্য বলিয়া বোধ ছইতে পারে, অনেকের পক্ষে ইং। বিম্ময়কর বলিয়া বোধ হয়, কিন্তু তাহা কুসংস্কারের জন্ত, অন্ত কারণে নং। সকল প্রকার কর্মব ও তুম্পাচ্য খাছ্য থাইয়া এবং উপবাস করিয়া করিয়া

আমরা নিজদিগকে অখাভ খাইবার অহুপযুক্ত করিয়া ফেলিয়াছি। আমরা শিশুকাল হইতে ছুর্বলভার কথা শুনিয়া আসিতেছি। এ ঠিক ভূত-মানার মভো। লোকে সর্বদা বলিয়া থাকে আমরা ভূত মানি না—কিন্তু খুব কম লোক দেখিবে, বাহাদের অন্ধকারে একটু গা ছমছম না করে। ইছা কুসংস্কার। ঠিক এইরূপেই লোকে বলিয়া থাকে, আমরা ইহা মানি না, উহা মানি না ইত্যাদি, কিন্তু কাৰ্যকালে অবস্থাবিশেষে অনেকেই মনে মনে বলিয়া থাকেন--যদি কেহ দেবতা বা ঈশ্বর থাকো, আমায় রক্ষা কর। বেদাস্ত হইতে এই অবৈত ভাব পাওয়া যায়, এবং এই ভাবটিই চিরদিন থাকিবে। বেদাস্বগ্রন্থলি কালই নষ্ট হইয়া যাইতে পারে। এই তত্ত্ব প্রথমে হিক্রদের মন্তিকে অথবা উত্তরমেকনিবাদীদের মন্তিকে উদিত হইয়াছিল, তাহাতে কিছু আদে বার না। কিন্তু ইহা সত্য, আর বাহা সত্য তাহা সনাতন, আর সভ্য আমাদিপকে ইহাই শিক্ষা দেয় যে, উহা কোন ব্যক্তিবিশেষের সম্পত্তি নয়। মামূষ পশু দেবতা—সকলেই এই এক সত্যের অধিকারী। ভাহাদিপকে এই সভ্য-শিখাও, জীবনকে তৃ:খময় করিবার প্রয়োজন কি? লোককে নানাপ্রকার কুদংস্কারে পড়িতে দাও কেন? কেবল এখানে (ইংলওে) নয়, এই তত্ত্বের ব্দরাভূমিতেই তুমি যদি লোককে বেদান্তের উপদেশ দাও, তাহারা ভন্ন পাইবে। তাহারা বলে: ইহা সন্ন্যাসীদের জ্ঞল—সংসার ভ্যাগ করিয়া বাছারা বনে বাস করে, ভাছাদের পকে ইহা ঠিক; কিন্ত আমরা সামান্ত গৃহস্থ লোক; ধর্ম করিতে গেলে আমাদের কোন না কোন প্রকার ভয়ের দরকার, আমাদের ক্রিয়াকাণ্ডের দরকার ইত্যাদি।

বৈতবাদ অনেক দিন অগৎকে শাসন করিয়াছে, আর ইহাই তাহার ফল। ভাল, একটি নৃতন পরীকা কর না কেন? হয়তো সকল ব্যক্তির ইহা ধারণা করিতে লক্ষ বংসর লাগিবে, কিছু এখনই আরম্ভ কর না কেন? বদি আমরা আমাদের জীবনে কুড়িটি লোককে ইহা বলিতে পারি, আমরা খ্ব বড় কাজ করিলার।

ভারতবর্বে আবার একটি মহতী শিক্ষা প্রচলিত আছে, বাহা পূর্বোক্ত তত্তপ্রচারের বিরোধী বলিয়া বোধ হয়। তাহা এই: 'আমি তজ, আমি আনন্দ্রত্বরূপ; এ কথা মূখে বলা বেশ, কিন্তু জীবনে তো আমি সর্বদা ইহা দেখাইতে পারি না।' এ কথা আমরা শীকার করি। আদর্শ সকল সমরেই বড় কঠিন। প্রত্যেক শিশুই আকাশকে নিজের মন্তকের অনেক উপরে দেখে, কিছু তাই বলিয়া দে আকাশে পৌছিতে পারে না, এইজ্লুই কি আমরা দে দিকে বাইতে চেষ্টা করিব না? কুসংস্থারের দিকে গেলেই কি লব ভাল হইবে? যদি অমৃতত্ব লাভ করিতে না পারি, তবে কি বিষপান করিলেই মঙ্গল হইবে? আমরা সত্য কথনই অহুভব করিতে পারিতেছি না বলিয়া কি অন্ধকার, তুর্বলতা ও কুসংস্থারের দিকে গেলেই মঙ্গল হইবে?

নানাপ্রকারের বৈতবাদ সহত্বে আমার কোন আপত্তি নাই, কিছু বে-কোন উপদেশ তুর্বলতা শিকা দেয়, তাহাতে আমার বিশেষ আপত্তি। নর-নারী, বালক-বালিকা যখন দৈহিক মানসিক বা আধ্যাত্মিক শিকা পাইতেছে, আমি তাহাদিগকে এই এক প্রশ্ন করিয়া থাকি—তোমরা কি বল পাইতেছে? কারণ আমি জানি, একমাত্র সত্যই বল বা শক্তি প্রদান করে। আমি জানি, সত্যই একমাত্র প্রাণপ্রদ, সত্যের দিকে না গেলে আময়া কিছুতেই বীর্ববান্ হইব না, আর বীর না হইলে সত্যেও বাওয়া বাইবে না। এইজন্তই বেকোন মত, বে-কোন শিকাপ্রণালী মনকে ও মন্তিছকে তুর্বল করিয়া কেলে, মাহ্যবেক কুসংস্কারাবিষ্ট করিয়া তোলে, যাহাতে মাহ্যব অক্কারে হাতড়াইয়া বেড়ার, যাহাতে সর্বদাই মাহ্যবেক সকলপ্রকার বিক্তমন্তিকপ্রস্ত অসম্ভব আজগুবি ও কুসংস্কারপূর্ণ বিষয়ের অন্তেয়ণ করায়—আমি সেই প্রণালীগুলি পছন্দ করি না, কারণ মাহ্যবের উপর তাহাদের প্রভাব বড় ভয়ানক, আর সেগুলিতে কিছুই উপকার হয় না, সেগুলি নিতান্ত নিফ্ল।

বাহারা ঐগুলি লইয়া নাড়াচাড়া করিছেছেন, তাঁহারা আমার দহিত এ
বিষয়ে একমত হইবেন ষে, ঐগুলি মহুগ্যকে বিকৃত ও চুর্বল করিয়া ফেলে—
এত চুর্বল করে ষে, ক্রমশং তাহার পক্ষে সত্যলাভ করা ও সেই সত্যের
আলোকে জীবনবাপন করা একরপ অসম্ভব হইয়া উঠে। অতএব আমাদের
আবশ্যক একমাত্র বল বা শক্তি। শক্তি এই পার্থিব চুর্তোগের একমাত্র
মহৌষধ। দরিদ্রগণ যথন ধনিগণের হারা পদদলিত হয়, তথন শক্তিই
দরিদ্রদের একমাত্র ঔষধ। মূর্থ যথন বিহানের হারা উৎপীড়িত হয়, তথন
এই শক্তিই মূর্থের একমাত্র ঔষধ। আর যথন পাপীরা অভ্য পাপীদের হারা
উৎপীড়িত হয়, তথনও শক্তিই একমাত্র ঔষধ। আর অবৈত্রাদ বেরুল বল,
বেরুপ শক্তি প্রদান করে, আর কিছুই সেরুপ করিতে পারে না। অবৈত্রাদ

আমাদিগকে বেরূপ নীতিপরারণ করে, আর কিছুই দেরূপ করিতে পাঁরে
না। বর্থন সকল দারিত্ব আমাদের উপর পড়ে, তথন আমরা সর্বশক্তি
প্ররোগ করিয়া বত ভালভাবে কাল করিতে পারি, আর কোন অবহাতেই
ভেমন পারি না। আমি ভোমাদের সকলকেই আহ্বান করিতেছি, বলো
দেখি, বদি একটি ছোট শিশুকে ভোমাদের হাতে দিই, ভোমরা ভাহার প্রতি
কিরূপ ব্যবহার করিবে? মূহুর্তে ভোমাদের জীবন বদলাইয়া বাইবে।
ভোমাদের অভাব বেমন হউক না কেন, ভোমরা অভতঃ সেই সময়ের জভ্ত
সম্পূর্ণ নিংবার্থ হইয়া বাইবে। ভোমাদের উপর দারিত্ব চাপাইলে ভোমাদের
পাপর্ত্তি সব পলায়ন করিবে, ভোমাদের উপর দারিত্ব চাপাইলে ভোমাদের
পাপর্ত্তি সব পলায়ন করিবে, ভোমাদের উপর দারিত্ব চাপাইলে ভোমাদের
ক্রেণ হইবে; বথন আমাদের উপর পড়ে, তথনই আমাদের মধ্যে শ্রেট ভাবের
ক্রেণ হইবে; বথন আমাদের সম্দয় দোষ অপর কাহারও উপর চাপাইতে
হয় না, বথন শয়ভান বা ঈশর—কাহাকেও আমরা আমাদের দোবের অভ্য
দারী করি না, তথনই আমরা বথাশক্তি ভালভাবে কাল করি। আমিই
আমার অদৃষ্টের জন্ত দারী। আমিই নিজের শুভাভভের কর্তা, আমিই শুক্
ও আনক্ষথরপ। বিরোধী ভাবগুলি বর্জন করিতে হইবে।

ন মৃত্যুৰ্ন শকা ন মে জাতিভেদঃ পিতা নৈব মে নৈব মাতা ন জয়।
ন বন্ধুৰ্ন মিত্ৰং শুক্লনৈব শিশ্বশিচদানন্দক্ষণঃ শিবোহহং শিবোহহম্ ॥
ন পৃণ্যং ন পাপং ন সৌখ্যং ন ছংখং ন মন্ত্ৰং ন তৌৰ্থং ন বেদা ন যজ্ঞাঃ।
অহং ভোজনং নৈব ভোজাং ন ভোজা চিদানন্দক্ষপঃ শিবোহহং শিবোহহম্ ॥

**

বেদান্ত বলেন, এই তবই সাধারণের একমাত্র অবলম্বনীর। ইহাই সেই
চরম লক্ষ্যে পৌছিবার একমাত্র উপায়—নিজেকে এবং সকলকে বলা বে,
আমিই সেই। পুনঃ পুনঃ এইরপ বলিতে থাকিলে শক্তি আসে। যে প্রথমে
থোড়াইরা চলে, সে ক্রমশঃ পায়ে বল পাইরা মাটির উপর পা সোজা রাখিরা
চলিতে থাকে। 'শিবোহহং'-রূপ এই অভয়বাণী ক্রমশঃ গভীর হইতে
গভীরতর হইরা আমালের হালর অধিকার করে—পরিশেবে আমালের প্রতি
শিরার—প্রতি ধ্যনীতে—শরীরের প্রত্যেক অংশে পরিব্যাপ্ত হইরা জ্ঞানস্ব্রের কিরণ বতই উজ্জল হইতে উজ্জলতর হইতে থাকে, ততই মোহ চলিয়া

> निर्वागवष्ट्रकम्--- भक्ताठार्व

যায়, অজ্ঞানরাশি দূর ছয়—ক্রমশ: এমন এক সময় আসে, বধন সম্দয় অজ্ঞান একেবারে চলিয়া যায় এবং একমাত্র জ্ঞান-স্বই অবশিষ্ট থাকে।

অবশ্রই এই বেদান্ততত্ত্ব অনেকের পক্ষে ভয়ানক বলিয়া বোধ হইতে পারে, কিন্তু তাহার কারণ যে কুদংস্কার, তাহা আমি পূর্বেই বলিয়াছি। এই দেশেই (ইংলণ্ডেই) এমন অনেক লোক আছেন, তাঁহাদিগকেই আমি বদি বলি শয়তান বলিয়া কেছ নাই, তাঁহারা ভাবিবেন, ষা:--সব ধর্ম গেল। অনেক লোক আমাকে বলিয়াছেন, শয়তান না থাকিলে ধর্ম কিরূপে থাকিতে পারে ? তাঁহারা বলেন, আমাদিগকে পরিচালিত করিবার কেহ না থাকিলে আর ধর্ম কি হইল ? কেছ আমাদিগকে শাসন করিবার না থাকিলে আমরা জীবনষাত্রা নির্বাহ করিব কিরূপে? বাস্তবিক কথা এই, আমরা এভাবে নিয়ন্ত্রিত হইতে চাই। আমরা এইভাবে থাকিতে অভ্যন্ত হইয়াছি, স্বতরাং ইহা আমাদের ভাল লাগে। প্রতিদিন কেহ না কেহ আমাদের তিরস্কার না করিলে আমরা স্থী হইতে পারি না। সেই কুদংস্কার! কিন্তু এখন ইহা যত ভয়ানক বলিয়া বোধ হউক, এমন এক সময় আদিবে, যখন আমরা সকলেই অতীতের ইতিহাস শ্বরণ করিয়া, শুদ্ধ অনস্ত আত্মাকে যে-সকল কুদংস্কার আবৃত করিয়া রাখিয়াছিল, সেগুলির প্রত্যেকটি স্মরণ করিয়া হাসিব, এবং আনন্দ ও দৃঢ়তার সহিত সত্যই বলিব—আমিই তিনি, চিরকাল ভাহাই ছিলাম এবং সর্বদা ভাছাই থাকিব।

কৰ্মজীবনে বেদাস্ত

প্রথম প্রস্তাব

[লপ্তনে প্রদন্ত, ১০ই নভেম্বর, ১৮৯৬]

কর্মদীবনে বেদান্তদর্শনের উপযোগিতা সহদ্ধে অনেকে আমাকে কিছু ৰলিতে ৰলিয়াছেন। আমি পূৰ্বেই বলিয়াছি, মতবাদ খুব ভাল বটে, কিছ কিভাবে উহা কার্যে পরিণত করা যাইবে, তাহাই প্রকৃত সমস্তা। যদি কার্যে পরিণত করা একেবারে অদম্ভব হয়, তবে বৃদ্ধির একটু ব্যায়াম ব্যতীত কোন মতবাদের কোন মৃল্যই নাই। অতএব বেদান্ত যদি ধর্মের আসন অধিকার করিতে চায়, তবে উহাকে একাম্ভভাবে কার্যকর হইতে হইবে। আমাদের জীবনের সকল অবস্থায় উহাকে কার্যে পরিণত করিতে হইবে। শুধু তাহাই নহে, আধ্যাত্মিক ও ব্যাবহারিক জীবনের মধ্যে যে একটা কাল্লনিক ভেদ আছে, তাহাও দূর করিয়া দিতে হইবে, কারণ বেদাস্ত এক অখণ্ড বন্ত দমত্বে উপদেশ দেন—বেদান্ত বলেন, এক প্রাণ সর্বত্ত বিরাজিত। ধর্মের আদর্শসমূহ সমগ্র জীবনকে যেন আচ্ছাদন করে, আমাদের প্রত্যেক চিস্তার ভিতরে বেন প্রবেশ করে এবং কার্ষেও বেন ঐগুলির প্রভাব উত্তরোত্তর বুদ্ধি পাইতে থাকে। আমি ক্রমশঃ কর্মজীবনে বেদান্তের প্রভাবের কথা বলিব। কিন্তু এই বকৃতাগুলি ভবিশ্বৎ বকৃতাসমূহের উপক্রমণিকারণে সম্বন্ধিত, স্থতরাং আমাদিগকে প্রথমে মন্তবাদগুলির বিষয়েই আলোচনা করিতে হইবে। আমাদিগকে বুঝিতে হইবে, পর্বভগহরর ও নিবিড় অরণ্য হইতে সমৃত্যুত হইয়া কিরূপে মতবাদগুলি আবার কর্মমুখর নগরীর রাজপথে কার্যে পরিণত হইতেছে। আমরা এই মতগুলির আরও একটু বিশেষত্ব দেখিব ধে, চিম্বাগুলির অধিকাংশ নির্জন অরণ্যবাসের ফলে নছে, পরস্ত যে-সকল ব্যক্তিকে আমরা সর্বাপেকা বেশী কর্মে ব্যস্ত বলিয়া মনে করি, সিংহাসনে উপৰিষ্ট সেই রাজারাই এগুলির প্রণেতা।

খেতকেতৃ ' আফুণি ঋষির পুত্র। এই ঋষি বোধ হয় বানপ্রছী ছিলেন। খেতকেতৃ বনেই প্রতিপালিত হইয়াছিলেন, কিন্তু তিনি পাঞ্চাল-জনপদের সভায় রাজা প্রবাহণ জৈবলির নিকট গমন করিলেন। রাজা তাঁহাকে জিঞাসা করিলেন, 'মৃত্যুকালে প্রাণিগণ কিরূপে এ লোক হইতে গমন করে, ভাহা কি তুমি জানো ?'—'না'। 'কিরুপে ভাহারা এখানে পুনরায় আসিয়া থাকে, তাহা কি তুমি জানো ?'—'না'। 'তুমি কি পিতৃষান ও দেববানের বিষয় অবগত আছ ?' রাজা এইরূপ আরও অনেক প্রশ্ন করিলেন। খেতকেতু কোন প্রশ্নেরই উত্তর দিতে পারিলেন না, তাহাতে রাজা তাঁহাকে বলিলেন, 'তুমি কিছুই জান না।' বালক পিতার নিকট ফিরিয়া গিয়া ঐ কথা বলাতে পিতা বলিলেন, 'আমিও এ-সকল প্রশ্নের উত্তর জানি না। যদি জানিতাম, তাহা হইলে কি তোমায় শিখাইতাম না ?' তখন পিতা-পুত্ৰ রাজসরিধানে উপনীত হইয়া রাজাকে এই রহস্ত-বিভা শিখাইবার জভ অহরোধ করিলেন। রাজা বলিলেন, 'এই বিভা—এই ব্রহ্মবিভা কেবল রাজারাই জানেন, যজ্ঞকারী ব্রাহ্মণেরা কখনই ইহা জানিতেন না।' যাহা হউক, তিনি এ-সম্বন্ধে যাহা জানিতেন, তাহা শিক্ষা দিতে আরম্ভ করিলেন। এইরপে আমরা অনেক উপনিষদে এই কথা পাইতেছি যে, বেদাস্তদর্শন কেবল অরণ্যে ধ্যানলব্ধ নয়, পরস্ক ইহার সর্বোৎকৃষ্ট অংশগুলি সাংসারিক কার্যে বিশেষ ব্যস্ত ব্যক্তিদের ঘারাই চিন্তিত ও প্রকাশিত। সক্ষ সক্ষ প্রজার শাদক সার্বভৌম রাজা অপেক্ষা অধিকত্তর কর্ম-ব্যস্ত মাছ্য আর করনা করা যায় না; কিন্তু তথাপি এই রাজারা গভীর চিন্তাশীল ছিলেন।

এইরপে নানাদিক হইতে দেখিলে ইহা স্পাইই অমুমিত হয় যে, এই দর্শনের আলোকে জীবনগঠন ও জীবনযাপন করা অবশ্রই সম্ভব, আর যথন আমরা পরবর্তী কালের জগবদ্গীতা আলোচনা করি—আপনারা জনেকেই বোধ হয় ইহা পড়িয়াছেন, ইহা বেদাস্কদর্শনের একটি সর্বোত্তম ভাগ্নস্করপ—তথন দেখিতে পাই, আশ্চর্যের বিষয় যুদ্ধক্ষেত্র এই উপদেশের স্থান বিশ্বরা নির্বাচিত হইয়াছে, সেধানেই জ্রীকৃষ্ণ অর্জুনকে এই দর্শনের উপদেশ দিতেছেন, আর গীতার প্রত্যেক পৃষ্ঠায় এই মত উজ্জ্লভাবে প্রকাশিত রহিয়াছে—ভীত্র কর্মশীলতা, কিন্তু তাহার মধ্যে আবার চির শাস্কভাব! এই তত্তকে 'কর্মরহন্ত' বলা হইয়াছে, এই অবস্থা লাভ করাই বেদাস্কের লক্ষ্য। আমরা অকর্ম বলিতে সচরাচর যাহা বুঝি অর্থাৎ নিশ্চেষ্টতা, তাহা অবশ্ব আমাদের আদর্শ হইতে পারে না। তাহা যদি হইত, তবে তো আমাদের চতৃপার্শ্বর্তী দেয়ালগুলিই

পরমজানী হইড, ভাহারা ভো নিশ্চেট। মৃত্তিকাখণ, গাছের ওঁড়ি—এই গুলিই ভো ভাহা হইলে জগতে মহাতপখী বলিয়া পরিগণিত হইড, ভাহারাও ভো নিশ্চেট। আবার কামনাযুক্ত হইলেই যে নিশ্চেটভা কর্মে পরিণত হয়, ভাহাও নয়। বেছাছের আফর্শ যে প্রকৃত কর্ম, ভাহা অনম্ভ স্থিরতার সহিত জড়িত—খাহাই কেন ঘটুক না, সে শ্বিরভা কখন নট হইবার নয়—চিছের সে সমতা কখন নট হইবার নয়। আর আমরা বহুদশিভার ঘারা জানিয়াছি, কার্য করিবার পক্ষে এইরূপ মনোভাবই স্বাপেক্ষা ভাল।

আমাকে অনেকে অনেকবার জিজ্ঞাসা করিয়াছেন, আমরা কার্যের জন্ম বেমন একটা আগ্রহ বোধ করিয়া থাকি, তেমন আগ্রহ না থাকিলে কেমন করিয়া কাজ করিব ? আমিও পূর্বে এইরূপ মনে করিতাম, কিন্তু যতই আমার বয়দ হইভেছে, যতই আমি অভিজ্ঞতা লাভ করিতেছি, ততই দেখিতেছি, উহা সভ্য নহে। কার্থের ভিভরে যত কম আগ্রহ বা কামনা থাকে, আমরা ভতই ফুন্দরভাবে কান্দ করিতে সমর্থ হই। আমরা যতই শাস্ত হই, ভতই আমাদের নিজেদের মদল, ততই আমহা আরও বেশী কাল করিতে পারি। যথন আমরা ভাববণে পরিচালিত হুই, তখনই আমাদের শক্তির বিশেষ অপবায় হয়, আমাদের সায়ুমর্তুলী বিক্বত হয়, মন চঞ্চল হইয়া উঠে, কিন্ত কার্য খুব কমই হয়। যে-শক্তি কার্যক্রপে পরিণত হওয়া উচিত ছিল, তাহা ওধু জদয়াবেগেই পর্ববসিত হয়। মন বধন খুব শাস্ত ও ছির থাকে, কেবল তখনই আমাদের সমৃদয় শক্তিটুকু সংকার্যে নিয়োজিত হইয়া থাকে। যদি ভোমরা জগতে বড় বড় কর্মকুশল ব্যক্তির জীবনী পাঠ কর, দেখিবে তাঁহারা অভূত শান্তপ্রকৃতির লোক ছিলেন। কিছুই তাঁহাদের চিভের সমতা নষ্ট করিতে পারিত না। এই জন্ম বে-ব্যক্তি সহজেই রাগিরা যার, সে বড় একটা কাজ করিতে আর যে কিছুভেই

া, সে স্বাপেক্ষা বেশী কাজ করিতে পারে। বে-ব্যক্তি ক্রোধ ম্বণা বা কোন রিপুর বশীভূত হইয়া পড়ে, সে এ-জগতে বড় একটা কিছু করিতে পারে না, সে নিজেকে যেন খণ্ড খণ্ড করিয়া ফেলে, সে বড় একটা কাজের লোক হয় না। কেবল শাস্ত ক্ষাশীল স্থিনটিস্ত ব্যক্তিই স্বাপেক্ষা বেশী কাজ করিয়া থাকেন।

त्वांच यांगां निगरक यांनर्भ नयस्त्र छे थान निया थारकन, यांत्र यांनर्भ অবশু বান্তব হইতে অর্থাৎ যাহাকে আমরা কার্যকর বলিতে পারি, ভাহা হইতে অনেক উচ্চে। আমাদের জীবনে ছুইটি প্রবণভা দেখিতে পাওয়া যায়—একটি আমাদের আদর্শকে জীবনের উপযোগী করা, আর অপরটি এই জীবনকে আদর্শের উপধোগী করা। এই তুইটির পার্থক্য বিশেষভাবে হৃদয়ক্ষম করা উচিত, কারণ আমাদের আদর্শকে জীবনের উপবোগী করিয়া লইতে-নিজেদের মতো করিয়া লইতে—আমরা অনেক সময় প্রলুক হই। আমার ধারণা, আমি কোন এক বিশেষ ধরনের কান্ধ করিতে পারি; হয়তো তাহার অধিকাংশই মন্দ। অধিকাংশের পশ্চাতেই হয়তো ক্রোধ, ম্বণা অথবা স্বার্থপরভারূপ অভিদন্ধি আছে। এখন কোন ব্যক্তি আমাকে কোন বিশেষ আদর্শ সম্বন্ধে উপদেশ দিলেন—অবশ্য তাঁহার প্রথম উপদেশ এই হইবে যে, স্বার্থপরতা—আত্মস্থ ত্যাগ কর। আমি ভাবিলাম, ইহা কার্যে পরিণত করা অসম্ভব। কিন্তু যদি কেহ এমন এক আদর্শ বিষয়ে উপদেশ দেন, যাহা আমার সমূদয় স্বার্থপরতার---সমূদয় অসাধু ভাবের সমর্থন করে, আমি অমনি বলিয়া উঠি, ইহাই আমার আদর্শ। জামি সেই আদর্শ অমুসরণ করিতে ব্যস্ত হইয়া পড়ি। ষেমন 'শান্তীয়' 'অশান্তীয়' কথা লইয়া লোকে গোল্যোগ করিয়া থাকে; আমি যাহা বুঝি, তাহাই শান্ত্রীয়, আর তোমার মত অশান্ত্রীয়। কাৰ্যকর (practical) কথাটি লইয়াও এইরূপ গোলবোগ হইয়াছে। আমি ষাহাকে কাব্দে লাগাইবার মতো বলিয়া বোধ করি, ব্দগতে তাহাই একমাত্র कार्यकत। यनि व्यामि माकानमात्र इहे, व्यामि मत्न कति, माकानमातिहे একমাত্র কার্যকর ধর্ম। আমি যদি চোর হুই, আমি মনে করি, চুরি করিবার উত্তম কৌশলই সর্বোত্তম কার্যকর ধর্ম। তোমরা দেখিতেছ, আমরা কেমন এই 'কার্যকর' শক্টি—কেবল আমরাই বর্তমান অবস্থায় যাহা করিতে পারি, সেই বিষয়েই প্রয়োগ করিয়া থাকি। এই হেতু আমি ভোমাদিগকে বুঝিতে ৰলি যে, যদিও বেদাস্ত চূড়াস্বভাবে কার্যকর বটে, কিন্তু সাধারণ অর্থে নছে; উহা আদর্শ-হিদাবে কার্যকর। ইহার আদর্শ যতই উচ্চ হউক না কেন, ইহা কোন অসম্ভব আদর্শ আমাদের সন্মুখে স্থাপন করে না, অথচ এই আদর্শই 'আদর্শ' নামের উপযুক্ত। এক কথায় ইহার উপদেশ 'তত্তমদি'—'তুমিই সেই ব্রহ্ম'—ইহাই সমুদয় উপদেশের শেষ পরিণতি। নানাবিধ তর্ক বিচারের পর

এই সিদান্ত পাওয়া বাম বে, মানবাদ্মা শুদ্ধকতাৰ ও সৰ্বজ্ঞ। আত্মার সম্বন্ধে অন্ম বা মৃত্যুর কথা বলা বাতুলতা মাত্র। আত্মা কখন জ্মান নাই, কখন মরিবেন না; আর আমি মরিব বা মরিতে ভীত-এ-সব কুসংস্থার মাত্র। আমি ইহা করিতে পারি বা পারি না—ইহাও কুসংস্কার। আমি সব করিতে পারি। বেদান্ত মাত্রকে প্রথমে নিজের উপর বিশাস স্থাপন করিতে বলেন। ষেমন জগতের কোন কোন ধর্ম বলে—বে-ব্যক্তি নিজ হইতে পৃথক্ সগুণ ঈশবের অন্তিত্ব ত্বীকার করে না, সে নান্তিক; সেইরূপ বেলান্ড বলেন—বে-ব্যক্তি নিজেকে বিশাস করে না, সে নান্তিক। আত্মার মহিমার বিশাস ছাপন না করাকেই বেদাস্ত নান্তিকভা বলে। অনেকের পক্ষে এই ধারণা বড় ভয়ানক, ভাহাতে কোন সন্দেহ নাই; আর আমরা অনেকেই মনে করি, আমরা কখনই এই আদর্শে পৌছিতে পারিব না, কিন্তু বেদান্ত দুচ্ভাবে বলেন বে, প্রভ্যেকেই এই সভ্য জীবনে প্রভাক্ষ করিতে পারেন। এ বিষয়ে স্ত্রী-পুরুষের ভেদ নাই, বালক-বালিকার ভেদ নাই, জাতিভেদ নাই---আবালযুদ্ধবনিতা জাতিধর্মনির্বিশেষে এই সভ্য উপলব্ধি করিতে পারে—কোন কিছুই ইছাকে বাধা দিতে পারে না; কারণ বেদান্ত দেখাইয়া দেন, উহা পূর্ব হইভেই অহুভূত হইয়াছে—পূর্ব হইতেই রহিয়াছে।

ব্রহ্মাণ্ডের সমৃদ্য় শক্তি পূর্ব হাইতৈই আমাদের রহিরাছে। আমরা নিজেরাই নিজেদের চোথে হাত দিয়া 'অলকার, অলকার' বলিয়া চীৎকার করিতেছি। হাত সরাইয়া লও, দেখিবে সেখানে প্রথম হইতেই আলোক ছিল। অলকার কথনই ছিল না, তুর্বলতা কথনই ছিল না, আমরা নির্বোধ বলিয়াই চীৎকার করি—'আমরা তুর্বল'; আমরা নির্বোধ বলিয়াই চীৎকার করি—'আমরা অপবিত্র'। এইরূপে বেদাস্ত শুধু যে বলেন—আদর্শকে কার্যে পরিণত করিতে পারা যায়, তাহা নহে, উপরন্ধ বলেন—উহা পূর্ব হইতেই আমাদের উপলব্ধ; আর যাহাকে আমরা এখন আদর্শ বলিতেছি, তাহাই বাস্তব সন্তা—তাহাই আমাদের স্বরূপ। আর ধাহা কিছু দেখিতেছি, সবই মিগ্যা। যখনই তুমি বলো, 'আমি মর্ত্য ক্ষুত্র জীবমাত্র', তথনই তুমি মিধ্যা বলিতেছ; তুমি যেন যাত্রলে নিজেকে অসৎ, তুর্বল, তুর্ভাগা করিয়া ফেলিতেছ।

বেদান্ত পাপ শ্বীকার করেন না, ভ্রম শ্বীকার করেন। আর বেদান্ত বলেন, দ্বাপেকা বিষম ভ্রম এই: নিজেকে তুর্বল, পাপী ও হতভাগ্য জীব বলা; এরূপ বলা বে, আমার কোন শক্তি নাই, আমি ইছা করিতে পারি না, আমি উছা করিতে পারি না। কারণ যখনই তুমি ঐরপ চিন্তা কর, তখনই তুমি বেন বন্ধন-শৃঞ্জালকে আরও দৃঢ় করিতেছ, তোমার আআকে পূর্ব হইতে অধিক মায়ার আবরণে আর্ড করিতেছ। অতএব বে-কেছ নিজেকে ত্র্বল বলিয়া চিন্তা করে, সে লাস্ত; বে-কেছ নিজেকে অপবিত্র বলিয়া মনে করে, সে লাস্ত; বে-কেছ নিজেকে অপবিত্র বলিয়া মনে করে, সে লাস্ত; কেরণতে বিতার করে। আমাদের সর্বদা মনে রাখিতে ছইবে: বেদান্তে আমাদের এই বর্তমান জীবনকে—এই মায়াময় মিধ্যা জীবনকে আদর্শের সহিত মিলাইবার কোন চেট্টা নাই। কিন্তু বেদান্ত বলেন, এই মিধ্যা জীবনকে পরিত্যাগ করিতে ছইবে, তাহা হইলেই ইছার অন্তর্নালে বে সত্যজীবন সদা বর্তমান, তাহা প্রকাশিত ছইবে। মাহুষ পূর্বে কিছুটা পবিত্র ছিল, আরও পবিত্র ছইল—এমন নছে। কিন্তু বাত্তবিক সে পূর্ব ছইতেই শুদ্ধ—তাহার সেই শুদ্ধ অভাব একটু একটু করিয়া প্রকাশ পাইতেছে মাত্র। আবরণ চলিয়া যায় এবং আআ্রার যাভাবিক পবিত্রতা প্রকাশিত ছইতে আরম্ভ করে। এই অনস্ত পবিত্রতা, মৃক্তম্বভাব, প্রেম ও ঐশ্র্ব পূর্ব ছইতেই আমাদের মধ্যে বিভ্যমান।

বেলান্ত আরও বলেন, ইহা যে শুধু বনে অথবা পর্বতগুহার উপলব্ধি করা যাইতে পারে, তাহা নয়। আমরা পূর্বেই দেখিয়াছি, প্রথমে বাঁহারা এই-সকল সভ্য আবিদ্ধার করিয়াছিলেন, তাঁহারা বনে অথবা পর্বতগুহার বাস করিতেন না, অথবা তাঁহারা সাধারণ মাহয়ও ছিলেন না, কিন্ত—আমালের বিশাস করিবার যথেষ্ট কারণ আছে—তাঁহারা অভ্যন্ত কর্ময় জীবন যাপন করিতেন, তাঁহালিগকে সৈত্যপরিচালনা করিতে হইত, সিংহাসনে বসিয়া প্রজাবর্গের মললামলল দেখিতে হইত। তথনকার কালে রাজারাই সর্বময় কর্তা ছিলেন, এখনকার মতো সাক্ষিগোপাল ছিলেন না; তথাপি তাঁহারা এই-সকল তত্ত চিন্তা এবং সেগুলি জীবনে পরিণত করিবার এবং মানবজাতিকে শিক্ষা দিবার সময় পাইতেন। অতএব তাঁহাদের অপেক্ষা আমালের ঐ-সকল তত্ত্ব অমৃত্ব করা তো অনেক সহজ, কারণ তাঁহাদের সঙ্গে তুলনায় আমালের জীবনে অনেক অবসর, স্তরাং আমালের যখন কাজ এত কম, আমরা যখন তাঁহাদের অপেক্ষা আনেকটা খাধীন, তখন আমরা যে ঐ-সকল সভ্য অমৃত্ব করিতে পারি না, ইহা আমালের পক্ষে অত্যন্ত লক্ষার বিষয়। পূর্বকালীন সর্বময়

সমাটগণের প্রয়োজনের সহিত তুলনার আমাদের অভাব তো কিছুই নয়।
কুলক্ষেত্রের যুদ্ধক্ষেত্রে অবস্থিত অগণিত অকোহিণী-পরিচালক অর্জুনের তুলনায়
আমার প্রয়োজন কিছুই নয়, ভথাপি এই যুদ্ধকোলাহলের মধ্যে তিনি উচ্চতম
দর্শনের কথা শুনিবার এবং উহা কার্যে পরিণত করিবার সময় পাইলেন;
স্থতরাং আমাদের এই অপেক্ষাকৃত অচ্ছন্দ ও আরামের জীবনে ইহা পারা
উচিত। আমরা যদি বাস্তবিক সন্তাবে সময় কাটাইতে ইচ্ছা করি, ভাহা হইলে
দেখিব, আমরা যতটা ভাবি তাহা অপেকা আমাদের অনেকেরই যথেষ্ট সময়
আছে। আমাদের যতটা অবকাশ আছে, তাহান্তে যদি আমরা বাস্তবিক ইচ্ছা
করি, তবে একটা আদর্শ কেন, পঞ্চাশটি আদর্শ অন্সরণ করিতে পারি,
কিন্তু আদর্শকে কথনই নীচু করা উচিত নয়। এ আমাদের জীবনের একটি
প্রলোভন। অনেকে আছে—তাহারা আমাদের মিধ্যা অভাব ও বাসনাগুলির
জন্ম নানাপ্রকার আপত্তি দেখায় আর আমরা মনে করি, উহা হইন্তে
উচ্চতর আদর্শ বুঝি আর নাই, কিন্তু বাস্তবিক তাহা নয়। বেদান্ত এরপ
শিক্ষা কথনই দেন না। প্রত্যক্ষ জীবনকে আদর্শের সহিত একীভূত করিতে
হইবে, বর্তমান জীবনকে অনস্ত জীবনের সহিত মিলাইয়া দিতে হইবে।

তোমাদের সর্বদা মনে রাখিতে হইবে যে, বেদান্তের মৃলকথা—এই একজ্ব বা অথগুভাব। ছই কোথাও নীই, ছইপ্রকার জীবন নাই, অথবা ছইটি জগংও নাই। তোমরা দেখিবে, বেদ প্রথমতঃ স্বর্গাদির কথা বলিতেছেন, কিন্তু শেষে যথন দর্শনের উচ্চতম আদর্শের বিষয় বলিতে আরম্ভ করিয়াছেন, তখন ও-সকল কথা একেবারে পরিত্যক্ত হইয়াছে। একমাত্র জীবন আছে, একমাত্র জগং আছে, একমাত্র অন্তিম্ব আছে। সবই সেই একসন্তা; প্রভেদ শুর্ পরিমাণগত, প্রকারগত নহে। ভিন্ন ভিন্নজীবনের মধ্যে প্রভেদ প্রকারগত নহে। পশুগণ মহুয় হইতে সম্পূর্ণ পৃথক্ এবং ঈশ্বর তাহাদিগকে, আমাদের খাত্তরূপে ব্যবহৃত হইবার জন্ত স্থি করিয়াছেন—বেদান্ত এরূপ কথা একেবারে অস্বীকার করেন।

কতকগুলি লোক দয়াপরবশ হইয়া 'জীবিত-ব্যবচ্ছেদ-নিবারণী সভা' (Anti-vivisection Society) দ্বাপন করিয়াছেন। আমি এই সভার জনৈক সভ্যকে একবার জিজাসা করিয়াছিলাম, 'বন্ধু, আপনারা খাতের জ্ঞা পশুহত্যা সম্পূর্ণ ক্যায়সক্ত মনে করেন, অথচ বৈজ্ঞানিক পরীকার জ্ঞা তুই-

একটি পশুহত্যার এত বিরোধী কেন ?' তিনি উত্তর দিলেন, 'শীবিত-ব্যবচ্ছেদ বড় ভয়ানক ব্যাপার, কিন্তু পশুগুলি আমাদের থাছের জক্ত দেওরা হইয়াছে।' কি ভয়ানক কথা! বান্তবিক পশুগুলিও তো সেই অথও সভারই অংশ। ষদি মাহুষের জীবন অমর হয়, পশুর জীবনও অমর। প্রভেদ কেবল পরিমাণগত, প্রকারগত নর। আমিও যেমন, একটি ক্ষুত্র জীবাণুও তেমন— প্রভেদ কেবল পরিমাণগত, আর সেই সর্বোচ্চ সন্তার দিক হইতে দেখিলে এ প্রভেদও দেখা যায় না। অবশ্য তৃণ ও একটি কুত্র বৃক্ষের মধ্যে অনেক . প্রভেদ দেখা যায়, কিন্তু যদি অতি উচ্চে আরোহণ কর, তবে ঐ তৃণ ও বৃহত্তম বৃক্ষ সমান গোধ হইবে। এইরূপ সেই উচ্চতম সন্তার দৃষ্টিতে এ-সবই সমান ; আর যদি তুমি ঈশ্বরের অন্তিত্বে বিশ্বাসী হও. তবে তোমাকে মানিতে হইবে, নিয়তম পশু এবং উচ্চতম প্রাণী সমান, তাহা না হইলে প্রতিপন্ন হয়—ভগৰান মহাপক্ষপাতী। যে-ভগৰান মহন্তনামক তাঁহার সন্তানগণের প্রতি এত পক্ষপাতসম্পন্ন, আর পশুনামক তাঁহার সম্ভানের প্রতি এত নির্দয়. তিনি মাহুষ অপেকাও অধম। এরপ ঈশবের উপাসনা করা অপেকা বরং আমি শত শত বার মরিতেও প্রস্তত। আমার সমৃদয় জীবন এরপ ঈশরের বিক্লে যুদ্ধে অভিবাহিত হইবে। কিন্তু বাস্তবিক ঈশ্বর ভো এরূপ নহেন। যাহারা এরপ বলে, তাহারা জানে না, তাহারা কত দায়িত্তীন-ছদয়হীন! তাহারা কি বলিতেছে, তাহা জানে না। একেত্রে আবার 'কার্যকর' শব্দটি ভুগ অর্থে ব্যবহৃত হইতেছে। বাস্তবিক কথা এই, আমরা থাইতে চাই. তাই খাইয়া থাকি। আমি নিজে একজন সম্পূর্ণ নিরামিষভোজী না হইতে পারি, কিন্তু আমি নিরামিষ-ভোজনের আদর্শটি বুঝি। যথন আমি মাংস খাই, তথন আমি জানি, আমি অন্তায় করিতেছি। ঘটনাবিশেষে আমাকে উচা ধাইতে বাধা হইতে হইলেও আমি জানি—উহা অক্তায়। আমি আদর্শকে ন'মাইয়া আমার ত্র্বতার সমর্থন করিতে চেষ্টা করিব না। আদর্শ এই---মাংসভোজন না করা, কোন প্রাণীর অনিষ্ট না করা; কারণ পশু মাত্রই আমার ভাই, বিড়াল কুকুরও। যদি তাহাদিগকে এরপ ভাবিতে পারো, তবে তুমি সর্বপ্রাণীর প্রতি ভ্রাহভাবের দিকে এক ধাপ অগ্রদর হইয়াছ--মহুব্যজাতির প্রতি প্রাতৃভাবের তো কথাই নাই! উহা তো ছেলেখেলা মাত্র। ভোমরা সচণাচর দেখিবে, এরূপ উপদেশ অনেকের রুচিসম্বত হয় না-কারণ

তাহাদিগকে বান্তব ত্যাগ করিয়া আদর্শের দিকে বাইতে শিকা দেওয়া হয়, কিন্তু তুমি বদি এমন কোন মতের কথা বলো, বাহাতে তাহাদের বর্তমান কার্বের—বর্তমান আচরণের সহিত থাপ থায়, তবেই তাহার। বলে ইহা কার্বকর।

মহয়-সভাবে ভয়ানক রক্ণশীল প্রবৃত্তি রহিয়াছে; আমরা সন্মুধে এক পা-ও অগ্রদর হইতে চাহি না। তুষারময় ব্যক্তিদের সম্বন্ধে বেমন পড়া ষার, মহয়জাতির সম্বন্ধেও আমার দেইরূপই বোধ হয়। শুনা যার, এরূপ অবস্থায় লোক ঘুমাইতে চায়। যদি ভাহাদিগকে জোর করিয়া জাপাইতে চাও, তাহারা নাকি বলে, 'আমাদের খুমাইতে দাও—বরফে খুমাইতে বড় আরাম !' তাহাদের দেই নিদ্রাই মহানিক্রায় পরিণত হয়। আমাদের প্রকৃতিও তেমনি। আমরাও সারাজীবন ভাহাই করিতেছি—পা হইতে উপরের দিক বরফে জমিয়া যাইতেছে, তথাপি আমরা ঘুমাইতে চাহিতেছি। অতএব সর্বদাই আদর্শে পৌছিবার চেষ্টা করিবে; যদি কোন ব্যক্তি আদর্শকে থাটো করিয়া ভোমার ভরে নামাইয়া আনিতে চায়, যদি কেহ শিক্ষা দেয়—থর্ম উচ্চতম আদর্শ নহে, ভবে তাহার কথায় কর্ণপাত করিও না। ঐরূপ ধর্মচরণ আমার পক্ষে অসম্ভব; কিন্তু যদি কেহ আসিয়া আমায় বলে, 'ধর্মই জীবনের সর্বোচ্চ প্রয়াস', তবে আমি তীহার কথা শুনিতে প্রস্তুত আছি। এই বিষয়ে বিশেষ সাবধান হইতে হইবে। যখন কোন ব্যক্তি কোনক্ষপ ত্র্বলতা সমর্থন করিতে চেটা করে, তখন বিশেষ সাবধান হইও। আমরা একে তো ইন্দ্রিয়সমূহে আবদ্ধ হইয়া নিজদিগকে একেবারে অপদার্থ করিয়া কেলিয়াছি, তারপর আবার যদি কেহ আসিয়া পূর্ব্যেক্ত ভাবে শিকা দিতে চার এবং তুমি ঐ উপদেশ অহসরণ কর, তবে কিছুমাত্র উন্নতি করিতে পারিবে না। আমি এরপ অনেক দেখিয়াছি, জগৎ সহত্তে কিছু অভিজ্ঞতা লাভ করিয়াছি। আমার দেশে ধর্মদশ্রদায়গুলি ব্যাঙের ছাতার মতো বৃদ্ধি পাইয়া থাকে। প্রতিবংসর নৃতন নৃতন সম্প্রদায় উৎপন্ন হইতেছে। কিন্তু একটি বিনিস বিশেষভাবে লক্ষ্য করিয়াছি, বে-সম্প্রদায়গুলি সংসার ও ধর্ম একসঙ্গে মিশাইয়া ফেলিতে চেষ্ট। করে না, তাহারাই উরতি করিয়া থাকে—আর বেখানে উচ্চতম আদর্শ সাংসারিক অনিভ্য বাসনার সহিত মিলিভ করার—ঈশরকে মাছুদের স্তরে টানিয়া আনি ার মিথা চেষ্টা হইয়াছে,

সেখানেই রোগ প্রবেশ করে। মানুষ বেখানে পড়িয়া আছে, সেখানে পড়িয়া থাকিলে চলিবে না—ভাহাকে দেবতে উন্নীত করিতে হইবে।

এ প্রশ্নের আবার আর একটি দিক আছে। আমরা ষেন অপরকে ঘুণার চক্ষে না দেখি। আমরা সকলেই সেই লক্ষ্যের দিকে চলিয়াছি। তুর্বলতা ও শক্তির মধ্যে প্রভেদ কেবল পরিমাণগত। আলো ও অন্ধকারের মধ্যে প্রভেদ কেবল মাত্রাগত, পাপ ও পুণ্যের মধ্যে প্রভেদ কেবল মাত্রাগত, জীবন ও মৃত্যুর মধ্যে প্রভেদ কেবল মাত্রাগত ; যে-কোন বস্তুর সহিত অপর বস্তুর প্রভেদ কেবল মাত্রাগত-পরিমাণগত; প্রকারগত নয়। কারণ প্রকৃতপক্ষে স্বই সেই এক অথণ্ড বন্তমাত্র। সবই এক—চিম্ভাব্নপেই হউক, জীবনব্ধপেই হউক. আত্মা-রূপেই হউক, সবই এক--প্রভেদ কেবল পরিমাণের তারতম্যে, মাত্রার তারতম্যে। তাই অন্তে ঠিক আমাদের মতো উন্নতি করিতে পারে নাই বলিয়া তাহাদের মুণা করা উচিত নয়। কাহারও নিন্দা করিও না, দাহায্য করিতে পারো তো কর; যদি না পারো হাত গুটাইয়া লও, সকলকে ষাশীর্বাদ কর, সকলকে নিজ নিজ পথে চলিতে দাও। গাল দিলে, নিন্দা করিলে কোন উন্নতি হয় না। এভাবে কখনও কাহারও উন্নতি হয় না। অস্ত্রের নিন্দা করিলে কেবল বুথা শক্তিক্ষয় হয়। সমালোচনা ও নিন্দা দারা বুথা শক্তিক্ষয় হয় মাত্র, আর শেষে আমরা দেখিতে পাই, অত্যে যে দিকে চলিতেছে আমরাও ঠিক দেই দিকেই চলিতেছি; আমাদের অধিকাংশ মতভেদ ভাষার বিভিন্নতামাত্র।

এমন কি, পাপের কথা ধর। বেদান্তের ধারণা এবং 'মাহ্ম পাপী ইত্যাদি' ধারণা—এই হইটি ভাবই কার্যতঃ এক, তবে একটি ভূল দিকে চলিয়াছে। প্রচলিত মত নেতিভাবাপর, বেদান্ত ইভিভাবাপর। একমত মাহ্মকে তাহার হর্বলতা দেখাইয়া দের, অপরে বলে—হ্র্বলতা থাকিতে পারে, কিন্তু সে দিকে লক্ষ্য করিও না; আমাদিগকে উন্নতি করিতে হইবে। মাহ্ম যথন প্রথম জন্মিয়াছে, তথনই তাহার রোগ কি জানা গিয়াছে। সকলেই জানে নিজের কি রোগ; অপর কাহাকেও তাহা বলিয়া দিতে হয় না। আমরা বহির্জগতের সমক্ষে কপট আচরণ করিতে পারি, কিন্তু অন্তরের অন্তরে আমরা আমাদের হ্র্লতা জানি। কিন্তু বেদান্ত বলেন, কেবল হ্র্লতা স্মরণ করাইয়া দিলেই বেশী উপকার হইবে না, তাহাকে ঔষধ দাও,

মাহ্যকে কেবল সর্বদা রোগগ্রন্থ ভাবিতে বলা রোগের ও্রধ নয়—রোগ প্রতিকারের উপার নয়। মাহ্যকে দর্বদা ভাহার ত্র্বলভার বিষয় ভাবিতে বলা ভাহার ত্র্বলভার প্রতীকার নয়—ভাহার শক্তিয় কথা শারণ করাইয়া দেওয়াই প্রতিকারের উপায়। ভাহার মধ্যে বে-শক্তি পূর্ব হইতেই বিরাজিত, ভাহার বিষয় শারণ করাইয়া দাও। মাহ্যকে পাপী না বলিয়া বেদান্ত বরং ঠিক বিপরীত পথ দেখাইয়া বলেন: তুমি পূর্ণ ও ওজ্বরূপ, তুমি যাহাকে পাপ বলো, ভাহা ভোমাতে নাই। পাপগুলি ভোমার খ্ব নিয়ভম প্রকাশ; যদি পারো, উচ্চতরভাবে নিজেকে প্রকাশিত কর। একটি জিনিস আমাদের মনে রাখা উচিত—ভাহা এই বে, আমরা সবই পারি। কথনও 'না' বলিও না, কথনও 'পারি না' বলিও না। ওরুপ কথনও হইতেই পারে না, কারণ তুমি অনস্বন্ধপ। ভোমার শ্বরপের তুলনায় দেশকালও কিছুই নয়। ভোমার যাহা ইচ্ছা ভাহাই করিতে পারো, তুমি স্বশক্তিমান্।

অবশ্র বাহা বলা হইল, তাহা নীতির মূলস্ত্র মাত্র। আমাদিগকে মতবাদ হইতে নামিয়া আদিয়া জীবনের বিশেষ বিশেষ অবস্থায় ইহা প্রয়োগ করিতে হইবে। আমাদিগকে দেখিতে হইবে, কির্মণে এই বেদান্ত আমাদের প্রাত্যহিক জীবনে, নাগরিক জীবনে, গ্রাম্য ক্লীবনে, প্রত্যেক জাতির জীবনে—প্রত্যেক জাতির গার্হয়্য জীবনে কার্যে পরিণত করিতে পারা যায়। কারণ, মাহ্য় যে-অবস্থায় আছে, সেই অবস্থায় ধর্ম যদি তাহাকে সাহায়্য করিতে না পারে, তবে ধর্মের বিশেষ কোন মূল্য নাই—উহা কয়েকজন ব্যক্তির জন্ম মতবাদর্রণেই থাকিয়া যাইবে। ধর্ম হায়। যদি সমগ্র মানবজাতির কল্যাণ করিতে হয়, তবে ধর্মকে এমন হইতে হইবে যে, মাহ্য় যেখানে যে-অবস্থায় আছে, দেইখানেই উহার সাহায়্য পাইতে পারে,—দাসত্বে বা পূর্ণ স্বাধীনতায়, অধংপাতের গহররে বা পবিত্রতার উচ্চশিখরে—সর্বদা সমভাবে ধর্ম যেন মানবজাতিকে সাহায়্য করিতে পারে। তবেই কেবল বেদান্তের তত্ত্তিলি অথবা ধর্মের আদর্শ অথবা উহাদের বে-নামই দাও না কেন, কাজে আসিবে।

আত্মবিশ্বাসরূপ আনুর্শ ই মানবজাতির স্বাধিক কল্যাণসাধন করিতে পারে। বদি এই আত্মবিশ্বাস আরও বিস্তারিতভাবে প্রচারিত ও কার্থে পরিণত করা হইত, আমার দৃচ বিশ্বাস, জগতে যত তৃঃখ-কট রহিয়াছে, তাহা বেশীর ভাগ দ্রীভৃত হইত। সমগ্র মানবজাতির ইতিহাসে মহাপ্রাণ

নরনারীদের মধ্যে যদি কোন প্রেরণা বিশেষ শক্তিসঞ্চার করিয়া থাকে, ভাহা আত্মবিশাস। তাঁহারা এই চেতনাসহ জন্মিয়াছিলেন যে, তাঁহারা মহৎ হইবেন, এবং তাঁহারা মহৎ হইয়াছিলেন। মাহুষ যতদূর সম্ভব অবনত হউক না কেন, এমন এক সময় অবশু আসিবে, যখন ঐ অবস্থায় বিরক্ত হইয়াই ভাহাকে উন্নতির চেষ্টা করিতে হুইবে, তখন সে নিজের উপর বিখাস করিতে শিখে। গোড়া হইতেই আমাদের ইহা জানিয়া রাখা ভাল। আমরা আত্মবিখাস শিখিতে কেন এত ঘুরিয়া মরিব ? আমরা বুঝিতে পারি, মাহুষে মাহুষে প্রভেদের কারণ—ভাহাদের মধ্যে এই আত্মবিশাস অথবা ইহার অভাব। এই আত্মবিখাদের বলে সকলই সম্ভব হইবে। আমি নিজের জীবনে ইহা দেখিয়াছি, এখনও দেখিতেছি, আর যতই আমার বয়দ হইতেছে, ততই এই বিশাস দৃঢ় হইতে দৃঢ়তর হইতেছে। যে নিজেকে বিশাস করে না, সেই নান্তিক। প্রাচীন ধর্ম বলিত, ষে ঈশরে বিশ্বাস করে না, সে নান্তিক। নৃতন ধর্ম বলিতেছে, যে নিজেকে বিশাদ করে না, সেই নান্তিক। কিন্তু এই বিশাদ কেবল ক্স্ত্র 'আমি'কে লইয়া নয়, কারণ বেদাপ্ত 'একত্ববাদ' শিকা দিতেছেন। এই বিশ্বাদের অর্থ সকলের প্রতি বিশ্বাস, কারণ সকলের মধ্যেই 'তুমি' রহিয়াছ। আত্মপ্রীতির অর্থ সর্বভূতে প্রীতি—সকল জীব-জন্তব প্রতি প্রীতি, দকল বস্তব প্রতি প্রীতি। এই মহান্ বিশাদ-বলেই অগতের উন্নতি হইবে। ইহা আমার ধ্রুব ধারণা। তিনিই শ্রেষ্ঠ মহুয়া, যিনি সাহস করিয়া বলিতে পারে<u>ন—আমি আমার নিজের সম্বন্ধে সব জানি</u>; তোমরা কি জানো, তোমাদের এই দেহের ভিতর কত শক্তি, কত ক্ষমতা এখনই লুকায়িত রহিয়াছে? কোন্ বৈজ্ঞানিক একটি মাহুষের ভিতরে বাহা আছে, ভাহা দৰই জানিয়াছেন ? লক্ষ লক্ষ বংদর পূর্ব হইতে মাহুষ পৃথিগীতে বাদ করিতেছে, কিন্তু তাহার শক্তির অতি সামাশ্র অংশই এ-যাবং প্রকাশিত হইয়াছে। অতএব তুমি নিজেকে তুর্বল বলো কি করিয়া ? আপাতপ্রতীয়মান এই অবনতির পশ্চাতে কি বহিয়াছে, তাহা কি তুমি জ্বানো? ভোমার ভিতরে কি আছে, তাহা জানো কি? তোমার পশ্চাতে অনম্ভ শক্তি ও আনন্দের সমুদ্র রহিয়াছে।

'আ্আ বা অরে <u>শোভব্য</u>:'—এই আ্আর কথা প্রথমে শুনিতে হইবে। দিনরাত্তি শ্রবণ কর; তুমিই দেই আ্আ। দিনরাত্তি পুন: পুন: বলিতে

থাকো, যে পর্যন্ত না ঐ ভাব ভোমার প্রতি রক্তবিদ্যুতে, প্রতি শিরায় ও <u>ধুমনীতে স্পন্দিত হয়, যে পর্যন্ত না উহা তোমার মজাগত হইয়া যায় । সমূদয়</u> দেহটিই ঐ এক আদর্শের ভাবে পূর্ণ করিয়া ফেলো; 'আমি জন্মহীন, অবিনাশী, আনন্দময়, সর্বজ্ঞ, সর্বশক্তিমান, নিভা, জ্যোতির্ময় আতা'— দিবারাত্রি <u>এই চিস্কা কর—যে পর্যন্ত না উহা তোমার প্রাণে প্রাণে গাঁথিয়া যায়।</u> ঐ ভাব ধাান করিতে থাকো,—উহা হইতেই পরে কর্ম আসিবে। 'হুদ্য পূর্ণ হইলে মুখ কথা বলে—হদয় পূর্ণ হইলে হাতও কাজ করিয়া থাকে।' <u>স্তরাং এরপ অবহাডেই যথার্থ কার্ব করিতে সক্ষম হইবে। নিজেকে ঐ</u> আদর্শের ভাবে পূর্ণ করিয়া ফেলো—বাহা কিছু কর, পূর্বে সে সম্বন্ধে ভালভাবে চিন্তা <u>কর</u>। তথন <u>ঐ চিন্তাশক্তি-প্রভাবে তোমার সমুদয় কর্মই পরিবর্তিভ</u> হইয়া উন্নত দেবভাবাপন হইয়া যাইবে। জড় যদি শক্তিশালী হয়, চিস্তা তবে সর্বশক্তিমান্। সেই চিস্তা, সেই ধ্যান লইয়া আইস, নিজেকে নিজের <u>সর্বশক্তিমতা ও মহত্তের ভাবে পূর্ণ করিয়া ফেলো।</u> ঈশরেচ্ছায় ভোমাদের মাধায় কুদংস্কারপূর্ণ ভাবগুলি যদি মোটেই প্রবেশ না করিত! ঈশরেচ্ছায় ষদি আমরা এই কুসংস্কারের প্রভাব, তুর্বলভা ও নীচত্বের দারা পরিবেষ্টিড না হইতাম! ঈখরেচ্ছায় যদি মাহুয় অপেক্ষাকৃত সহজ উপায়ে উচ্চতম মহত্তম সভ্যসমূহে পৌছিতে পারিত! কি**ন্ত** মা**হু**ষকে এই-সকলের মধ্য দিয়াই ষাইতে হয়; যাহারা তোমার পরে আসিতেছে, তাহাদের জন্ম পথ তুর্গমতর করিও না।

অনেক সময় এই-সকল তত্ত্ব লোকের নিকট ভয়ানক বলিয়া মনে হয়।
আমি জানি, অনেকে এই-সকল উপদেশ শুনিয়া ভীত হইয়া থাকে, কিন্তু
যাহারা যথার্থ ই এই ভাব কার্যে পরিণত করিতে চায়, তাহাদের পক্ষে ইহাই
প্রথম শিক্ষা। নিজেকে অথবা অপরকে তুর্বল বলিও না। যদি পারো
লোকের ভাল কর, জগতের অনিষ্ট করিও না। অন্তরের অন্তরে জানো যে,
ভোমাদের ক্র ক্র ভাব—নিজদিগকে কাল্লনিক ব্যক্তির সমকে অবনত
করিয়া রোদন করা—কুশংস্কার মাত্র। আমাকে এমন একটি উদাহরণ দেখাও,
বেধানে বাহির হইতে এই প্রার্থনাগুলির উত্তর পাওয়া গিবাছে। যাহা কিছু
উত্তর আসিয়াছে, ভাহা নিজের হৃদয় হইতে। ভোময়া অনেকেই মনে
কর, ভূত নাই, কিন্তু অন্ধ্কারে গা একটু ছমছম করিতে থাকে। ইহার

কারণ অতি শৈশবকাল হইতেই এই-সব ভয় মাথায় ঢুকাইয়া দেওয়া হইয়াছে। সমাজের ভয়ে, লোকে কি বলিবে—এই ভয়ে, বন্ধু-বান্ধবের ঘুণার ভয়ে, কুসংস্কার নট্ট হইবার ভয়ে অপরকে এগুলি শিখাইবে না। এই-সকল প্রবৃত্তি জয় কর। ধর্মবিষয়ে শিখাইবার আর বেশী আছে কি ?—কেবল বিশের একত ও নিজের উপর বিখাস।

শিক্ষা দিবার আছে কেবল এইটুকু। লক্ষ লক্ষ বৎসর ধরিয়া মাহুষ এই একম্ব অমূভব করিবার চেষ্টাই করিয়া আসিয়াছে, আর এখনও করিতেছে। আমরা জানি, তোমরাও এখন ইহা শিকা দিতেছ। সকল দিক হইভেই এই শিক্ষা আমরা পাইডেছি। কেবল দর্শন ও মনোবিজ্ঞান নয়, জড়বিজ্ঞানও ইহাই ঘোষণা করিভেছে। এমন বৈজ্ঞানিক কি দেখাইভে পারো, যিনি আব্দ জগতের একত্ব অস্বীকার করিতে পারেন ? ব্দগতের নানাত প্রচার করিতে কে এখন সাহস করে? এই সবই তো কুসংস্থারমাত্র। একমাত্র প্রাণ বিভ্যান, একমাত্র জগৎ বিভ্যান, আর তাহাই আমাদের চক্ষে 'নানা' রূপে প্রতিভাত হইতেছে, যেমন স্বপ্নদর্শনকালে একটি স্বপ্নের পরে আর একটি স্বপ্ন আদে। স্বপ্নে ষাহা দেখ, তাহা তো সত্য নয়। একটি স্বপ্নের পর আর একটি স্বপ্ন আসে—বিভিন্ন দৃষ্ঠ চোখের সামনে উদ্ভাদিত হইতে থাকে। এই জগৎ সম্বন্ধেও এইরূপ। এখন ইহা পনর আনা তুঃখ ও এক আনা স্থরণে প্রতিভাত হইতেছে। হয়তো কিছুদিন পরে ইহাই পনর আনা স্থাপ পরিপূর্ণ মনে হইবে—তখন আমরা ইহাকে স্বর্গ বলিব। কিন্তু সিদ্ধ হইলে এমন এক অবস্থা আদিবে, যথন এই সমুদয় জগৎপ্রপঞ্চ আমাদের সমুধ হইতে অন্তর্হিত হইবে—উহা ব্রহ্মরূপে প্রতিভাত হইবে এবং আমাদের আত্মাকেও আমরা এক্স বলিয়া অহুভব করিব। অতএব নানা জগৎ, নানা জীবন বলিয়া কিছু নাই। এই বহু সেই একেরই বিকাশমাত্র। সেই একই আপনাকে বহুরূপে প্রকাশ করিতেছেন—জড় বা চৈতন্ত, মন বা চিস্তা-শক্তি অথবা অগ্য কোনরূপে। সেই একই নিজেকে বহুরূপে প্রকাশিত করিভেছেন। অভএব আমাদের প্রথম সাধন—নিজেকে ও অপরকে এই তত্ত শিক্ষা দেওয়া।

পৃথিবীতে এই মহান্ আদর্শের ঘোষণা প্রতিধ্বনিত হউক—কুসংস্থারগুলি দ্র হউক। তুর্বল মাহুষকে শুনাইতে থাকো, ক্রমাগত শুনাইতে থাকো:

তৃষি শুদ্ধরূপ; ওঠ, আগো; হে বহান্, এই নিজা তোমার লাভে না। ওঠ, এই মোহ তোমার লাভে না। তৃমি নিজেকে ত্র্ল ও তৃঃ থা মনে করিতেছ? হে পর্বশক্তিমান্, ওঠ, জাগো; নিজস্বরূপ প্রকাশ কর। তৃমি নিজেকে পাপী বলিয়া মনে কর, তোমার পক্ষে ইহা শোভা পায় না। তৃমি নিজেকে ত্র্ল বলিয়া ভাবো, ইহা তোমার উপযুক্ত নয়। জগংকে বলিতে থাকো, নিজেকে বলিতে থাকো—দেখ ইহার কি শুভফল হয়, দেখ কেমন বিতৃাৎ-ঝলকে সকল তত্ত প্রকাশিত হয়, সবকিছু পরিবর্তিত হইয়া যায়। মহয়জাতিকে বলিতে থাকো—ভাহাদের শক্তি দেখাইয়া দাও। তাহা হইলেই দৈনিক জীবনে ইহা অহুশীলন করিতে শিথিব।

বিবেক সহয়ে আমাদের প্রতি কার্যে কিন্তাবে সদসৎ বিচার করিতে হয়, কিন্তাবে সত্যাসত্য নির্ধারণ করিতে হয়। সত্যের পরীক্ষা কি আমাদের জানিতে হয়। সত্যের পরীক্ষা কি আমাদের জানিতে হয়ন তাহা এই পবিত্রতা, একতা। বাহাতে একত হয়, ষাহাতে মিলন হয়, তাহাই সত্যা। প্রেমই সত্যা, কারণ উহা মিলনকারক; য়ণা অসত্যা, কারণ উহা বহুত্বের ভাব আনে—পৃথক্ করে। য়ণাই তোমা হইতে আমাকে পৃথক্ করে—অভএব ইহা অয়ৢয় ও অসত্যা, ইহা একটি বিভাজনী শক্তি, ইহাতে পৃথক্ করে—বিনষ্ট করে।

প্রেমে মিলায়, প্রেম একজ্মশাদক। সকলে এক হইয়া য়ায়—মা সম্ভানের সহিত একজ্ব প্রাপ্ত হন, পরিবারগুলি নগরের সহিত একজ্ব প্রাপ্ত হয়। এমন কি সমৃদয় একাও সকল প্রাণীর সহিত এক হইয়া য়ায়। কারণ প্রেমই বাস্তবিক অন্তিজ, প্রেমই অয়ং ভগবান, আর সবই প্রেমের বিভিন্ন বিকাশ—স্পষ্ট বা অস্পাইরূপে প্রকাশিত। প্রভেদ কেবল মাত্রার তারতম্যে, কিন্তু বাস্তবিক সকলই প্রেমের প্রকাশ। অভএব দেখিতে হইবে, আমাদের কর্মগুলি একজ্মস্পাদক, না বহুজবিধায়ক। যদি বহুজবিধায়ক হয়, তবে এগুলি ভ্যাগ করিতে হইবে, আর যদি একজ্মস্পাদক হয়, তবে এগুলি ভাগে করিতে হইবে, আর বদি একজ্মস্পাদক হয়, তবে এগুলি সংকর্ম বলিয়া জানিবে। চিন্তাসম্বন্ধেও এইরূপ। দেখিতে হইবে, উহা বহুজবিধায়ক বা একজ্মস্পাদক; দেখিতে হইবে—উহা আত্রায় আত্রায় মিলাইয়া দিয়। এক মহাশক্তি উৎপাদন করিতেছে কি-না। যদি ভাহা করে, তবে এরূপ ভাব গ্রহণ করিতে হইবে—বদি না করে, তবে উহা পাপচিন্তা বলিয়া পরিত্যাগ করিতে হইবে।

বৈদান্তিক নীতিবিজ্ঞানের সার কথাই এই—উহা কোন অজ্ঞেয় বন্তর উপর নির্ভর করে না, অথবা উহা অজ্ঞেয় কিছু শিখায়ও না, কি'ছ সেণ্ট পল বেমন বোমকগণকে বলিয়াছিলেন ভেমনি বলে, 'বাঁহাকে ভোষরা অজ্ঞেয় মনে করিয়া উপাসনা করিতেছ, আমি তাঁহার সম্বন্ধেই তোমাদিগকে শিকা দিতেছি।' আমি এই চেয়ারখানির জ্ঞানলাভ করিতেছি, কিন্ত এই চেয়ারখানিকে জানিতে হইলে প্রথমে আমার 'আমি'র জ্ঞান হয়, তারপর চেয়ারটির জ্ঞান হয়। আত্মার ভিতর দিয়াই চেয়ারটি জ্ঞাত হয়। এই আত্মার মধ্য দিয়াই আমি তোমার জ্ঞান লাভ করি---সমৃদয় জগতের জ্ঞান লাভ করি। অতএব আত্মাকে অজ্ঞাত বলা প্রলাপ মাত্র। আত্মাকে সরাইয়া লও, সমৃদয় জগৎই উড়িয়া যাইবে; আত্মার ভিতর দিয়াই সমৃদয় জ্ঞান আদে, অতএব ইহাই সৰ্বাপেক্ষা অধিক জ্ঞাত। ইহাই 'তুমি'—ষাহাকে তুমি 'আমি' বলো। তোমরা ভাবিয়া আশ্চর্য হইতে পারো যে, আমার 'আমি' আবার ভোমার 'আমি' কিরূপে হইবে ? ভোমর। আশ্চর্য বোধ করিতে পারো, এই সাস্ত 'আমি' কিরূপে অনন্ত অসীম হইবে ? কিন্তু বান্তবিক তাই; সাস্ত 'আমি' গল্পকথামাত। সেই অনস্তের উপর যেন একটা আবরণ পড়িয়াছে, আর উহার কতকাংশ এই 'আমি'-রূপে প্রকাশিত হইতেছে, কিন্তু উহা বান্তবিক দেই অনম্ভের অংশ। বান্তবিকপক্ষে অসীম কথন সসীম হন না—'সদীম' কথার কথামাত্র। অতএব সেই আত্মা নর-নারী, বালক-বালিকা, এমন কি পশু-পক্ষী---সকলেরই জ্ঞাত। তাঁহাকে না জানিয়া আমরা ক্ষণকালও জীবনধারণ করিতে পারি না। সেই সর্বেশ্বর প্রভুকে না জানিয়া আমরা একটি নিখাস ফেলিতে বা জীবনধারণ করিতে পারি না; আমাদের গতি শক্তি চিন্ত। জীবন—সকলই তাঁহা ছারা পরিচালিত। বেদাস্থের ঈথর সর্বাধিক জ্ঞাত,—কথনও কল্পনাপ্রস্ত নহেন।

যদি এই ঈবর প্রত্যক্ষ না হন, তবে আর প্রত্যক্ষ ঈবর কি ? ঈবর, বিনি সকল প্রাণীতে বিরাজিত,—আমাদের ইন্দ্রিয়গণ হইতেও অধিক সত্য। আমি যাঁহাকে সমুখে দেখিতেছি, তাঁহা হইতেও প্রত্যক্ষ ঈবর আর কি দেখিতে চাও ? কারণ তুমিই তিনি, সেই সর্বব্যাপী সর্বশক্তিমান্ ঈবর; আর বদি বলি, ভূমি তাহা নও, তবে আমি মিধ্যা কথা বলিতেছি। সকল সময়ে আমি ইহা উপলব্ধি করি বা না করি, তথাপি আমি ইহা জানি। তিনিই এক অথও সত্তা, সর্বস্থার একত্বদ্ধপ, সম্দয় জীবন ও অভিত্রের বথার্থস্ক্রপ।

বেদান্তের এই-সকল ভাব পুঞামূপুঞ্জপে কার্বে পরিণত করিতে হইবে। অতএব একটু ধৈর্য অবলম্বন করা প্রয়োজন। পূর্বেই বলিয়াছি, আমাদিগকে ইহা বিস্তারিভভাবে আলোচনা করিভে হইবে—বিশেষভ: জীবনের প্রভ্যেক ঘটনায় কিন্তাবে উহা কার্যে পরিণত করা যায় দেখিতে হইবে, আর ইহাও দেখিতে হইবে, কিন্তাবে এই আদর্শ নিয়তর আদর্শসমূহ হইতে ক্রমশ: বিকশিত হইতেছে, কিন্তাবে এই একত্বের আদর্শ আমাদের পারিপার্ষিক সমৃদয় ভাব হইতে ধীরে ধীরে বিকশিত হইয়া ক্রমশঃ সর্বজ্ঞনীন প্রেমে পরিণত হইতেছে; সব দিক দিয়া এগুলি আলোচনা করা আমাদের অবশ্র কর্তব্য, ভাহা হইলে আমরা আর বিপদে পড়িব না। কিন্তু সমগ্র জগৎ ভো আর নিয়তম আদর্শ হইতে ক্রমশ: উচ্চে আরোহণ করিবার সময় নাও পাইতে পারে; কিন্ত উচ্চতর সোপান-আরোহণে কি সার্থকতা—যদি পরবর্তিগণকে আমরা ঐ সত্য সহজে শিক্ষা না দিতে প্রারি? অতএব বিষয়টি বিশেষরূপে তর ভর করিয়া আলোচনা করা আবশুক, আর প্রথমত: উহার জ্ঞানভাগ—বিচারাংশ বিশেষরূপে ৰুঝা আবশ্যক, ধদিও আমরা জানি, বিচারের বিশেষ কিছু মূল্য নাই, হাদয়েরই প্রয়োজন বেশী। হাদয়ের ছারাই ভগবৎসাক্ষাৎকার হয়, বৃদ্ধি দারা নয়। বৃদ্ধি কেবল ঝাডুদারের মতো রাস্তা পরিদার করিয়া দেয় —উহা গৌণভাবে আমাদের উন্নতির সহায়ক হইতে পারে। বৃদ্ধি প্রহরীর মতো, কিন্তু সমাজের হুষ্ঠু পরিচালনার জন্ম প্রহরীর বেশী প্রয়োজন নাই। তাহাকে কেবল গোলমাল থামাইতে হয়, অক্তায় নিবারণ করিতে হয়। বিচারশক্তির-ৰুদ্ধির কার্যও ততটুকু। এইরূপ বুদ্ধি-বিচারের পুস্তক যথন পড়া হয়, তখন একবার উহা আয়ত হইলে সকলেরই তো মনে হয়, ঈশরেচ্ছায় ইহা হইতে বাহির হইয়া বাঁচিলাম। কারণ বিচার-শক্তি অভ, ইহার নিজের গতিশক্তি নাই, হাত-পাও নাই। হাদয়—অহভবই বাস্তবিক কাজ করে, উহা বিহাৎ অথবা আরও ফ্রন্ডগামী বস্তু অপেক্ষা ক্রন্ত গমন করিয়া থাকে। প্রশ্ন এই—তোমাদের হৃদয় আছে কি? যদি থাকে, তবে তৃমি

তাহা ধারাই ঈশ্বরকে দেখিবে। আজ বে তোমার হৃদয়ে এতটুকু অন্তত্তবশক্তি আছে, তাহাই প্রবল হইবে, ক্রমণঃ বাড়িতে থাকিবে—দেবভাবাপর
হইতে থাকিবে, ষতদিন না উহা সবকিছুতে, সর্বস্থতে একত্ব অন্তত্তব করিতে
পারে—নিজের মধ্যে ও অপরের মধ্যে ঈশ্বরকে অন্তত্তব করিতে পারে। বৃদ্ধি
তাহা পারে না। 'বিভিন্নরূপে শক্ষোজনার কৌশল, শাস্ত্রব্যাখ্যা করিবার
বিভিন্ন কৌশল কেবল পণ্ডিতদের আমোদের জন্ত, মুক্তির জন্তা নহে।'

তোমাদের মধ্যে যাহারা টমাস-আ-কেম্পিসের 'ঈশা-অন্থসরণ' পুস্তক পাঠ করিয়াছ, তাহারাই জানো, প্রতি পৃষ্ঠায় কেমন তিনি অন্থভবের উপর বোক দিতেছেন। জগতের প্রায় সকল মহাপুরুষই অন্থভবের উপর জোর দিয়াছেন। বিচার আবশুক, বিচার না করিলে আমরা নানাপ্রকার জমে পড়ি। বিচারশক্তি জ্রম নিবারণ করে, এতত্যাতাত বিচারের ভিত্তিতে আর কিছু নির্মাণ করিবার চেষ্টা করিও না। উহা একটি নিজ্জিয় গৌণ সহায়মাত্র; প্রকৃত সাহায়্য অন্থভবে, প্রেমে। তুমি কি অপরের জন্ম প্রাণে প্রমুভব করিতেছ? যদি কর, তবে তোমার হৃদয়ে একত্বের ভাব বর্ধিত হইতেছে। যদি না কর, তবে তুমি একজন বড় বুজিজীবী হইতে পারো, কিন্তু তোমার কিছুই হইবে না—কেবল ভঙ্ক বুজিবাদী হইয়াই থাকিবে। আর যদি তোমার হৃদয় থাকে, তবে একখানি বই পড়িতে না পারিলেও, কোন ভাষা না জানিলেও তুমি ঠিক পথে চলিতেছ। ঈশ্বর তোমায় সহায় হইবেন।

জগতের ইতিহাদে মহাপুরুষদের শক্তির কথা কি পাঠ কর নাই? এ
শক্তি তাঁহারা কোথা হইতে পাইয়াছিলেন?—বৃদ্ধি হইতে? তাঁহাদের মধ্যে
কেহ কি দর্শনসম্বন্ধীয় স্থানর পুস্তক লিখিয়া গিয়াছেন? অথবা আয়ের কূট
বিচার লইয়া কোন গ্রন্থ লিখিয়াছেন? কেহই এরপ করেন নাই। তাঁহারা
কেবল গুটিকতক কথামাত্র বলিয়া গিয়াছেন। খ্রীষ্টের আয় হায়্মসম্পন্ন হও,
তৃমিও খ্রীষ্ট হইবে; বৃদ্ধের আয় হায়য়বান্ হও, তৃমিও একজন বৃদ্ধ হইবে।
হায়য়ই জীবন, হায়য়ই বল, হায়য়ই তেজ—হায়য় ব্যতীত যতই বৃদ্ধির চালনা কর
না কেন, কিছুতেই ঈশ্বরলাভ হইবে না।

বৃদ্ধি ধেন চালনাশক্তিশৃত্য অঙ্গ-প্রত্যাক্তের তায়। যথন হাদয় তাহাকে অফুপ্রাণিত করিয়া গতিযুক্ত করে, তথনই তাহা জ্পরের হাদয় স্পর্শ করিয়া

১ বিবেকচূড়ামণি, ৬০

থাকে। জগতে চিরকালই এরপ হইয়া আদিয়াছে, হুভরাং এই বিষয়টি তোমাদের শরণ রাখা বিশেষ আবশুক। বৈদান্তিক নীভিভত্তে ইহা একটি বিশেষ কার্যকরী শিক্ষা; কারণ বেদান্ত বলেন, ভোমরা সকলে মহাপুরুষ— ভোমাদের সকলকেই মহাপুরুষ হইতে হইবে। কোন শাস্ত্র ভোমার কার্বের প্রমাণ নহে, কিন্তু তুমিই শাল্পের প্রমাণ। কোন্ শাল্প কি সভ্য বলিভেছে---তাহা কি করিয়া জানিতে পারো? তুমিও সেইরূপ অহভেব কর বলিয়া। বেদাস্ত ইহাই বলেন। জগতের এটি ও বুদ্ধগণের বাক্যের প্রমাণ কি ? না, তুমি-আমিও সেইরূপ অহভব করিয়া থাকি, তাহাতেই তুমি-আমি ব্ঝিতে পারি—দেগুলি সত্য। আমাদের দিব্য-আত্মা তাঁহাদের দিব্য-আত্মার প্রমাণ। এমন কি, ভোমার দেবছই ঈশবের প্রমাণ। যদি তুমি, বান্তবিক মহাপুরুষ না হও, তবে ঈশর সম্বন্ধেও কোন কথা সত্য নহে। তুমি যদি ঈশর না হও, তবে কোন ঈশ্বর নাই, কথন হইবেনও না। বেদান্ত বলেন, এই আদর্শ অনুসরণীয়। আমাদের প্রত্যেককেই মহাপুরুষ হইতে হইবে--আর তুমি স্বরূপত: মহাপুরুষই আছ; কেবল উহা অবগত হও। কথনও ভাবিও না, আত্মার পক্ষে কিছু অসম্ভব। এরপ বলা ভয়ানক নান্তিকতা। ষদি পাপ বলিয়া কিছু থাকে, তবে 'আমি তুর্বল' বা 'অন্তে তুর্বল' এক্লপ বলাই একমাত্র পাপ।

কর্মজীবনে বেদান্ত

—বিতীয় প্ৰস্তাব

[লণ্ডনে প্রদত্ত বকৃতা, ১২ই নভেম্বন, ১৮৯৬]

আমি ছান্দোগ্য উপনিষদ্ হইতে একটি গল্প বলিব—একটি বালকের কিল্পপে জ্ঞানলাভ হইয়াছিল। গল্লটি প্রাচীন ধরনের বটে, কিন্তু উহার ভিতরে একটি সারতত্ত্ব নিহিত আছে। একটি অল্লবয়স্ক বালক তাহার মাতাকে বলিল, 'মা, আমি বেদশিক্ষা করিতে যাইব, আমার পিতার নাম কি ও আমার কি গোত্র, তাহা বলুন।'

তাহাত্র মাতা বিবাহিতা ছিলেন না, আর ভারতবর্ষে অবিবাহিতা নারীর সম্ভান সমাজে নগণ্যরূপে বিবেচিত—কোন কার্যেই তাহার অধিকার নাই, বেদপাঠ করা তে। দ্রের কথা। তাই তাহার মাতা বলিলেন, 'আমি যৌবনে অনেকের পরিচর্ষা করিতাম, দেই অবস্থায় তোমায় লাভ করিয়াছি, স্ক্তরাং ভোমার পিতার নাম এবং ভোমার কি গোত্র, তাহা জানি না; এইটুকু মাত্র জানি হে, আমার নাম জবালা।'

বালক ঋষিগণের নিকট গমন করিলে ঋষিগণ তাহাকে সেই প্রশ্নই জিজ্ঞাসা করেন। সে ব্রহ্মচারী শিশু হইতে প্রার্থনা করিলে তাহারা জিজ্ঞাসা করিলেন, 'তোমার পিতার নাম কি এবং তোমার গোত্র কি ?' বালক মাতার নিকট ষাহা শুনিয়াছিল, তাহাই আর্ত্তি করিল। অনেকেই এই উত্তরে সম্ভই হইলেন না, কিন্তু তাহাদের মধ্যে একজন বলিলেন, 'বংস, তুমি সত্য বলিয়াছ, তুমি ধর্মপথ হইতে বিচলিত হও নাই—এই সত্যবাদিতাই ব্রাহ্মণের লক্ষণ; অতএব তোমাকে আমি ব্রাহ্মণ বলিয়া গণ্য করিলাম—তোমাকে শিশু করিব।' এই বলিয়া তিনি তাহাকে আপনার নিকটে রাখিয়া শিক্ষা দিতে লাগিলেন। বালকের নাম রাখিলেন সত্যকাম, অর্থাৎ যে সত্য কামনা করে।

প্রাচীন শিক্ষাপ্রণালী অমুসারে সত্যকামের শিক্ষা হইতে লাগিল। গুরু সত্যকামকে কয়েক শত গরুর দেবার ভার দিয়া বলিয়া দিলেন, 'এইগুলি লইয়া তুমি অরণ্যে যাও—যথন সর্বস্থ সহস্র গরু হইবে, তথন ফিরিয়া আসিবে।' সে ভাহাই করিল। কয়েক বৎসর পরে সেই গরুগুলির মধ্যে একটি প্রধান বুষ সভ্যকামকে বলিল, 'আমরা এখন এক সহস্র হইয়াছি, আমাদিগকে লইয়া তোমার গুরুর নিকট ফিরিয়া যাও। আমি তোমাকে ব্ৰহ্ম সম্বন্ধে কিছু শিকা দিব।' সভ্যকাম বলিল, 'বলুন, প্ৰভূ!' বৃষ বলিল, উত্তরদিক ত্রন্ধের এক অংশ; পূর্বদিক, দক্ষিণদিক, পশ্চিমদিকও তাঁহার এক এক অংশ। চারিদিক ব্রহ্মের চারি অংশ। অগ্নি তোমাকে আরও কিছু শিক্ষা দিবেন।' তথনকার কালে অগ্নি ব্রক্ষের বিশিষ্ট প্রভীকরণে পৃঞ্জিত হইতেন। প্রত্যেক ব্রহ্মচারীকেই অগ্নিচয়ন করিয়া তাহাতে আছতি দিতে হইত। ধাহা হউক, সভ্যকাম স্নানাদি করিয়া অগ্নিতে হোম করিয়া তাঁহার নিকটে উপবিষ্ট আছে, এমন সময় অগ্নি হইতে একটি বাণী ভনিতে পাইল— 'সত্যকাম!' সত্যকাম বলিল, 'প্রভু, আজ্ঞা করুন।' ভোমাদের স্মরণ থাকিতে পারে, ওল্ড টেন্টামেন্টে এইরূপ একটি গল্প আছে—স্তামুয়েল এইরূপ এক অভুত বাণী শুনিয়াছিলেন। যাহা হউক, অগ্নি বলিলেন, 'আমি ভোমাকে ব্ৰহ্ম সম্বন্ধে কিছু শিকা দিব। এই পৃথিণী ব্ৰহ্মের এক অংশ। অস্তনীক এক অংশ, স্বৰ্গ এক অংশ, সমুদ্ৰ এক অংশ। একটি হংস ভোমাকে কিছু শিক্ষা দিবেন।' একটি হংদ একদিন আদিয়া সভ্যকামকে বলিল, 'আমি তোমাকে ব্ৰহ্ম সম্বন্ধে কিছু শিক্ষা দিব।^{*} ছে সভ্যকাম! এই **অ**গ্নি, তুমি বাহার উপাদনা করিতেছ, ভাহা ব্রহ্মের এক অংশ, সূর্য এক অংশ, চন্দ্র এক অংশ, বিহাৎও এক অংশ। মদ্ও নামক এক পক্ষী তোমাকে আরও কিছু ৰিখাইবেন।' একদিন দেই পক্ষী আসিয়া ভাহাকে বলিল, 'আমি ভোমাকে ব্ৰহ্ম সম্বন্ধে কিছু শিখাইব। প্ৰাণ তাঁহার এক অংশ, চক্ষু এক অংশ, প্ৰবণ এক অংশ এবং মন এক অংশ।' তাহার পর বালক তাহার গুরুর নিকট উপনীত হইল; গুরু দূর হইতেই ভাহাকে দেখিয়া বলিলেন, 'বংস, ভোমার মৃ্ধ বে ব্ৰহ্মবিদের মতো উদ্ভাগিত দেখিতেছি।' কে ভোষাকে শিক্ষা দিল ? সত্যকৃষ বলিল, 'কোন যাহুষে নয়। কিছু আপনি অহুগ্রহ করিয়া আরও কিছু শিক্ষা দিন, কেন না আমি শুনিয়াছি আপনাদের স্থায় শুক্রর নিকট শিক্ষা লাভ করিলে বিভা কল্যাণের কারণ হয়।' দেবভাগণ পূর্বে তাহাকে যে শিক্ষা দিয়াছিলেন, অবি তাহাকে সেই শিক্ষাই দিলেন। বালক গুক্তকে ব্ৰহ্ম সম্বন্ধে আরও উপদেশ দিবার জন্ত বলিল। ভিনি বলিলেন, ব্রহ্ম সম্বন্ধে কিছু তুমি পূর্বেই জানিয়াছ।

এই-সকল রূপক ছাড়িয়া দিয়া বৃষ কি শিখাইল, অগ্নি কি শিখাইল, আরু সকলে কি শিথাইল---এ-সৰ কথা ছাড়িয়া দিয়া যদি আমরা লক্ষ্য করিয়া দেখি, তবে বুঝিব, চিস্তার গতি কোন্ দিকে যাইতেছে। আমরা এখান হইতে এই তত্ত্বের আভাদ পাইতেছি যে, এই-সকল বাণী আমাদেরই ভিতরে। আমরা আরও অধিক দূর পাঠ করিয়া গেলে ৰুঝিব, অবশেষে এই তত্ত্ব পাওয়া ষাইতেছে যে, ঐ বাণী বান্তবিক আমাদের হৃদয়ের ভিতর হইতে উথিত। শিশ্ব বরাবরই সত্য সম্বন্ধে উপদেশ পাইতেছেন, কিন্তু তিনি ইহার যে ব্যাখ্যা দিতেছেন অর্থাৎ উহা বাহির হইতে পাওয়া যাইতেছে, তাহা সত্য নহে। আর এক তত্ত্ব পাওয়া যাইতেছে—কর্মজীবনেই ব্রহ্মোপলন্ধি বা ব্যাবহারিক জীবনে ব্ৰশ্বজ্ঞানের প্রয়োগ। ধর্ম হইতে কার্যতঃ কি সভ্য পাওয়া ষাইতে পারে, ইহাই সকলে সর্বদা অন্নেষণ করিতেছে; আর এই-সব গল্প পাঠ করিয়া আমরা দেখিতে পাই, একত্বের ধারণা কিভাবে দিন দিন ব্যাবহারিক জীবনের অন্তর্গত হইয়া যাইতেছে। তাঁহাদিগকে যে-সকল বম্বর সংস্পর্শে সর্বদা আসিতে হইত, সেগুলির মধ্যেই তাঁহারা ত্রন্ধ উপলব্ধি করিতেছেন। ষে অগ্নি তাহারা উপাদনা করিতেন, তাহাই ব্রহ্ম—এই পৃথিবী সেই ব্রহেন্ত্র একাংশ ইত্যাদি।

পরবর্তী উপাধ্যানটি সত্যকামের এক শিশ্বসম্বদ্ধীয়। ইনি সত্যকামের নিকট শিক্ষালাভের জন্ম তাঁহার নিকট কিছুকাল বাস করিয়াছিলেন। সত্যকাম কার্যরুশতঃ কোন স্থানে গিয়াছিলেন। তাহাতে শিশ্বটি একেবারে ভয়হদয় হইয়া পড়িলেন। যথন গুরুপত্নী তাঁহার নিকট আসিয়া জিজ্ঞাসা করিলেন, 'বৎস, তুমি কিছু খাইতেছ না কেন?' তথন বালক বলিলেন, 'আমার মন এত থারাপ যে, কিছু থাইতে ইচ্ছা হইতেছে না।' এমন সময় তিনি যে অগ্নিতে হোম করিতেছিলেন, তাহা হইতে এই বাণী উথিত হইল, 'প্রাণ ব্রহ্ম, হুথ ব্রহ্ম, আকাশ ব্রহ্ম, তুমি ব্রহ্মকে জানো।' তথন তিনি বলিলেন, 'প্রাণ যে ব্রহ্ম, তাহা আমি জানি, কিছু তিনি যে আকাশ—হুথ-স্বরূপ, তাহা আমি জানি না।' তথন অগ্নি আরও বলিতে লাগিলেন, 'এই পৃথিবী, এই অন্ধ, এই হুর্য—তুমি খাহার উপাদনা করিতেছ, তিনি এই-সকলে বাস করিতেছেন, তিনি তোমাদের

সকলের মধ্যেও আছেন। বিনি ইছা জানেন এবং এইরণে উপাসনা করেন, তাঁহার, সকল পাপ নই হইরা বার, তিনি দীর্ঘজীবন লাভ করেন ও স্থী হন। বিনি দিক্সকলে বাস করেন, আমিই তিনি। বিনি এই প্রাণে, এই আকাশে, স্বর্গসমূহে ও বিহ্যতে বাস করেন, আমিই তিনি।

এখানেও আমরা কর্মজীবনে ধর্মামুভূতির কথা পাইতেছি। বাহাদিগকে তাঁহারা অগ্নি, সূর্ব, চন্দ্র প্রভৃতিরূপে উপাসনা করিতেন, যে-সকল বন্ধর সহিত তাঁহারা পরিচিত ছিলেন, তাহাদেরই ব্যাখ্যা করা হইতে লাগিল, ভাহাদেরই একটি উচ্চতর অর্থ দেওয়া হইতে লাগিল, আর ইহাই বান্তবিক বেদান্তের সাধনকাণ্ড। বেদান্ত জগংকে উড়াইয়া দেয় না, উহাকে ব্যাখ্যা করে। বেদান্ত বাজিকে উড়াইয়া দেয় না, ব্যাখ্যা করে—আমিত্বকে বিনাশ করিতে উপদেশ দেয় না, প্রকৃত আমিত্ব কি তাহা ব্রাইয়া দেয়। বেদান্ত বলে না বে, জগৎ বৃথা অথবা উহাব অন্তিত্ব নাই, বরং বলে, জগৎ কি তাহা বৃঝ, যাহাতে জগং তোমার কোন অনিষ্ট করিতে না পারে।

সেই বাণী সত্যকাম বা তাঁহার শিশ্বকে এ-কথা বলে নাই যে, অগ্নি সূর্ব চন্দ্র অথবা বিহাৎ অথবা আর কিছু—যাহা তাঁহার। উপাসনা করিতেছিলেন, তাহা একেবারে ভূল, কিছু বলিয়াছিল, বে-চৈতক্ত সূর্য চন্দ্র বিহাৎ অগ্নি এবং পৃথিবীর ভিতবে রহিয়াছেন, তিনি তাঁহাদের ভিতরেও রহিয়াছেন; স্তরাং তাঁহার চক্ষে সবই আর এক রূপ ধারণ করিল। যে-অগ্নি পূর্বে কেবল হোম করিবার জড় অগ্নি ছিল, তাহা এক নৃতন রূপ ধারণ করিল এবং প্রকৃতিশক্ষে ঈশ্বরম্বরূপ হইল। পৃথিবী আর এক রূপ ধারণ করিল, প্রাণ আর এক রূপ ধারণ করিল; সূর্য চন্দ্র তারা বিহাৎ—সকলই আর এক রূপ ধারণ করিল, ব্যাণ আর এক রূপ ধারণ করিল। তথন তাহাদের প্রকৃত ম্বরূপ জানা গেল। কারণ আমাদের ইহা বিশেবরূপে জানা উচিত বে, বেদান্তের উদ্দেশ্রই এই-সকল বস্বতে ভগবান দর্শন করা, বস্বগুলি বেরূপ আপাততঃ প্রতীয়মান হইতেছে, সেগুলিকে সেভাবে না দেখিয়া তাহাদের প্রকৃত ম্বরূপে জানা।

তারপর আর একটি বিষয় শিক্ষা দেওরা হয়, ইহা একটু অভূত রকমের। 'বিনি চক্ষের মধ্যে দীপ্তি পাইতেছেন, তিনি ব্রহ্ম, তিনি স্থানর ও জ্যোতির্ময়; তিনি সমুদয় জগতেই দীপ্তি পাইতেছেন।' এখানে ভাক্তকার বলেন, পবিত্রাত্মা পুরুষগণের চক্ষে যে এক বিশেষপ্রকার জ্যোতির আবির্ভাব হয়, তাহাই এখানে

চাক্ষ জ্যোতির অর্থ। উহাকে সেই সর্বব্যাপী আত্মার জ্যোতিঃ বলিয়া বর্ণনা করা হইয়া থাকে। সেই জ্যোতিই গ্রহগণে এবং স্থ-চন্দ্র-তারায়,প্রকাশ পাইতেছে।

তোমাদের নিকট এখন জন্ম মৃত্যু প্রভৃতি সহদ্ধে এই প্রাচীন উপনিবদ্সকলের কতকগুলি অভুত মতের' কথা বলিব। হয়তো ইহা তোমাদের ভাল
লাগিতে পারে। খেতকেতু পাঞ্চালরাজের নিকট গমন করিল। রাজা
তাছাকে এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করিলেন: 'তুমি কি জানো, মৃত্যু হইলে
লোকেরা কোথায় যায়? তুমি কি জানো, তাহারা কিরুপে আবার
ফিরিয়া আদে? তুমি কি জানো, পৃথিবী একেবারে পরিপূর্ণ হইয়া যায় না
কেন, শৃত্যুই বা হয় না কেন?' বালক বলিল, 'না, আমি এ-সকল কিছুই জানি
না।' সে তখন তাহার পিতার নিকট গমন করিয়া তাঁহার নিকট ঐ
প্রশ্নগুলি জিজ্ঞাসা করিল। পিতা বলিলেন, 'আমিও ঐ-সকল প্রশ্নের যথার্থ
উত্তর অবগত নহি।' তখন তাঁহারা উভয়ে রাজার নিকট ফিরিয়া গেলেন।
রাজা বলিলেন, 'এই জ্ঞান পূর্বে বান্ধণদের জানা ছিল না, রাজারাই ঐ জ্ঞান
অর্জন করেন এবং সেই জ্ঞানবলেই পৃথিবী শাসন করিয়া থাকেন।'

তখন তাঁহারা উভয়ে কিছুদিন রাজার সেবা করিলেন, অবশেষে রাজা তাঁহাদিগকে শিক্ষা দিতে স্বীকৃত হইলেন। তিনি বলিতে লাগিলেন, 'হে গৌতম, তুমি যে এই অগ্নির উপাদনা করিতেছ, তাহা বাস্তবিক অতি নিয়ন্তরের। এই পৃথিবী দেই অগ্নিস্বরূপ, দহৎদর উহার কার্ছ, রাত্রি উহার ধ্ম, দিক্দকল উহার শিথাস্বরূপ, কোণদকল উহার বিক্ষ্লিক। এই অগ্নিতে দেবতারা রৃষ্টিরূপ আন্ততি দিয়া থাকেন, তাহা হইতে অন্ন উৎপন্ন হয়।' রাজা এইরূপে নানাবিধ উপদেশ দিতে লাগিলেন। এই-দকল উপদেশের তাৎপর্য এই—তোমার এই কৃত্র অগ্নিতে হোম করিবার কোন প্রয়োজন নাই, দম্দয় জগৎ দেই অগ্নি এবং দিবারাত্র তাহাতে হোম হইতেছে। দেবতা মানব দকলেই দিবারাত্র উপাদনা করিতেছেন,—'হে গৌতম, মহন্তশ্রীরই দর্বপ্রেষ্ঠ অগ্নি।'

আমরা এখানেও আবার দেখিতেছি ধর্মকে কার্যে পরিণত করা যাইতেছে, ব্রহ্মকে সংসারের ভিতর আনা হইতেছে। আরু এই-সকল গল্পের রূপকে এই

১ ছান্দোগ্য উপ., ৫।৪-১০

একটি তত্ত দেখিতেছি বে, মাহবের কৃত প্রতিমা লোকের হিতকর ও সহায়ক হইতে পারে, কিছ উহা হইতে শ্রেষ্ঠ প্রতিমা পূর্ব হইতেই রহিয়াছে। যদি ঈশর-উপাসনা করিবার নিমিত্ত প্রতিমার আবশুক হয়, তাহা হইলে জীবস্ত মানব-প্রতিমা তো রহিয়াছে। যদি ঈশর-উপাসনার জন্ম মন্দির নির্মাণ করিতে টাও বেশ, কিছ পূর্ব হইতেই ঐ মন্দির অপেকা উচ্চতর, মহত্তর মানবদেহরূপ মন্দির তো রহিয়াছে।

আমাদের শারণ রাখা উচিত বে, বেদের তুই ভাগ—কর্মকাও ও জ্ঞানকাও। উপনিষদের অভ্যাদর-সময়ে কর্মকাও এত জটিল ও বর্ধিতারতন হইরাছিল যে, তাহা হইতে মৃক্ত হওরা একরপ অসম্ভব ব্যাপার হইরা পড়িরাছিল। উপনিষদে কর্মকাও একেবারে পরিত্যক্ত হইরাছে বলিলেই হয়, কিন্তু ধীরে ধীরে বুঝাইবার চেষ্টা করা হইরাছে বে, প্রত্যেক কর্মকাওের ভিতর একটি উচ্চতর, গভীরতর অর্থ আছে। অভি প্রাচীনকালে এই-সকল যাগযক্ত কর্মকাও প্রচলিত ছিল, কিন্তু উপনিষদের যুগে জ্ঞানিগণের অভ্যাদর হইল। তাঁহারা কি করিলেন? আধুনিক সংস্থারকগণের মতো তাঁহারা বাগযক্তাদির বিরুদ্ধে প্রচার করিয়া ঐগুলিকে একেবারে মিথ্যা বলিয়া উড়াইয়া দিবার চেষ্টা করিলেন না, কিন্তু ঐগুলির উচ্চতর তাৎপর্য বুঝাইয়া দিরা মাম্বকে একটা ধরিবার জ্ঞিনিস দিলেন।

তাহারা বলিলেন, 'অয়িতে হোম কর—আত উত্তম কথা, কিছ এই পৃথিবীতে দিবারাত্র হোম হইতেছে। এই ক্ষুদ্র মন্দির রহিয়াছে; বেশ, কিছ সম্দয় ব্রহ্মাণ্ডই যে আমার মন্দির, যেখানেই আমি উপাসনা করি না কেন, কিছুমাত্র ক্ষতি নাই। তোমরা বেদী নির্মাণ করিয়া থাকো, কিছু আমার পক্ষে জীবস্ত চেতন মহায়ুদেহরূপ বেদী রহিয়াছে এবং এই মহায়ুদেহ-রূপ বেদীতে পূজা অক্যান্ত অচেতন প্রতীকের পূজা অপেক্ষা অনেক বড়।'

এখানে আর একটি বিশেষ মত বর্ণিত ছইতেছে। আমি ইহার অধিকাংশ ব্ঝি না। যদি ভোমরা উহার ভিতর হইতে কিছু সংগ্রন্থ করিতে পারো, ভাই ভোমাদের নিকট উপনিষদের ঐ অংশ পাঠ করিতেছি। যে ব্যক্তি ধ্যানবলে বিশুছচিত্ত হইয়া আনলাভ করিয়াছে, সে যখন মৃত্যুম্থে পতিত হয়, তখন সে প্রথমে অচিপথে, ভারপর ক্রমান্ত্রে দিন শুক্রপক্ষ ও উত্তরায়ণ-ছয়মাসের নিকট গমন করে; মাস হইতে বৎসরে, বৎসর হইতে স্থলোকে,

স্র্বলোক হইতে চন্দ্রলোকে, চন্দ্রলোক হইতে বিহ্যল্লোকে গমন করে। দেখানে কোন অমানব সভা ভাহাকে ব্ৰহ্মলোকে লইয়া যান। ইহাঁদ্ৰই নাম 'দেবধান'। ধথন ঋষি ও জ্ঞানীদের মৃত্যু হয়, তাঁহারা এই পথ দিয়া পমন করেন। এই মাদ বৎসর প্রভৃতি শব্দের অর্থ কি, কেহই ভাল করিয়া ৰুঝেন না। সকলেই স্বকপোল-কল্পিত অর্থ করিয়া থাকেন, আবার অনেকে বলেন-এই-সৰ বাজে কথামাত্র। এই চদ্রলোক, সুর্যলোক প্রভৃতিতে যাওয়ার অর্থ কি ? আর এই যে অমানব ব্যক্তি আসিয়া বিহ্যুল্লোক হইতে ব্রহ্মলোকে লইয়া যান, ইহারই বা অর্থ কি? হিন্দুদের মধ্যে একটি ধারণা ছিল যে, চদ্রলোকে প্রাণীর বাদ আছে—ইহার পরে আমরা পাইব, কি করিয়া চন্দ্রলোক হইতে পতিত হইয়া মাহৰ পৃথিবীতে উৎপন্ন হয়। বাহারা জ্ঞানলাভ করে নাই, কিন্তু এই জীবনে শুভকর্ম করিয়াছে, তাহাদের যথন মৃত্যু হয়, তাহারা প্রথমে ধুমপথে গমন করে, পরে রাত্রি, তারপরে রুঞ্চপক্ষ, তারপরে দক্ষিণায়ন-ছয়মাস, তারপর বংসর হইতে তাহারা পিত্লোকে গমন করে। পিতৃলোক হইতে আকাশে, আকাশ হইতে চন্দ্রলোকে গমন করে। চন্দ্রলোকে দেবতাদের খাত্তরূপে পরিণত হইয়া দেবজন্ম গ্রহণ করে। ষতদিন তাহাদের পুণ্যক্ষয় না হয়, ততদিন চন্দ্রলোকে বাদ করিতে থাকে। আর কর্মফল শেষ হইলে পুনর্বার তাহাদিগকে পৃথিবীতে আসিতে হয়। তাহারা প্রথমে আকাশরূপে পরিণত হয়; তারপরে বায়ু, তারপরে ধৃম, তারপরে মেঘ প্রভৃতিরূপে পরিণত হইয়া শেষে বৃষ্টিকণাকে আশ্রয় করিয়া ভৃপৃষ্ঠে পতিত হয়। দেখানে শস্যক্ষেত্রে শশুরূপে পরিণত হইয়া মহয়ত-কর্তৃক থাছরূপে গৃহীত হয়, অবশেষে তাহাদের সন্তানাদিরপে পরিণত হয়। ষাহারা সৎকর্ম করিয়াছিল, তাহারা সহংশে জন্মগ্রহণ করে, আর যাহারা অসৎকর্ম করিয়াছে, তাহাদের অতি নীচজন্ম হয়, এমন কি ভাহাদিগকে কখন কখন শৃকরজন্ম পর্যস্ত গ্রহণ করিতে হয়। আবার যে-সকল প্রাণী দেবধান ও পিতৃধান নামক এই ছই পথের কোন পথে গমন করিতে পারে না, তাহারা পুন: পুন: জন্মগ্রহণ করে এবং পুন: পুন: মৃত্যুমুখে পতিত হইয়া থাকে। এই জন্তই পৃথিবী একেবারে পরিপূর্ণ হয় না, একেবারে শৃত্যও হয় না। আমরা ইহা হইতেও কভকগুলি ভাৰ পাইতে পারি, আর পরে হয়তো আমরা ইহার অর্থ অনেকটা ৰুঝিতে পারিব। শেষ কথাগুলি অর্থাৎ স্বর্গে গমন করিয়া জীব আবার কিরুপে

ফিরিয়া আনে, তাহা প্রথম কথাঙালি অপেকা বেন কিছু স্পাইতর বোধ হর, কিছু এই-দকল উজির তাৎপর্য বোধহয় এই বে, ব্রহ্মাস্ট্তি ব্যতীত বর্গাদিলাত র্থা। মনে কর, অনেকে আছেন—উাহারা এখনও ব্রহ্ম অস্থতব করিতে পারেন নাই, কিছু ইহলোকে কডকগুলি সৎকর্ম করিয়াছেন, আর সেই কর্ম আবার ফল-কামনায় করা হইয়াছে, তাঁহাদের মৃত্যু হইলে তাঁহারা এখান ওখান নানা স্থান দিয়া গিয়া স্বর্গে উপস্থিত হন; আর আমরাও যেমন এখানে জয়য়া থাকি, তাঁহারাও ঠিক সেইক্রপ দেবতাদের সন্তানক্রপে জয়য়া থাকেন, আর বতদিন তাঁহাদের শুভ-কার্বের ফল শেষ না হয়, ততদিন তাঁহারা স্বর্গে বাদ করেন। ইহা হইতেই বেদান্তের একটি মৃলতত্ত পাওয়া যায় বে, যাহার নাম-রূপ আছে তাহাই নশ্ব। স্বতরাং স্বর্গও অবশ্য নশ্ব হইবে, কারণ সেখানেও নাম-রূপ রহিয়াছে। 'অনন্ত স্বর্গ' স্বরিক্র বাক্যমাত্র, যেমন এই পৃথিবী কখন অনন্ত হইতে পারে না; কারণ যে-কোন বছর নাম-রূপ আছে, কালে তাহার উৎপত্তি, কালেই হিতি এবং কালেই বিনাশ। বেদান্তের এই সিদ্ধান্ত স্থিব; স্বতরাং অনন্ত স্থর্গের থারণা পরিত্যক্ত হইল।

আমরা দেখিরাছি, বেদের সংহিতাভাগে অনম্ভ মর্গের কথা আছে, ষেমন
ম্সলমান ও গ্রীষ্টানদের আছে। ম্সলমানেরা আবার মর্গের অভিশয় সূল
ধারণা করিয়া থাকেন। তাঁছারা বলেন, মর্গে বাগান আছে, ভাছার নীচে
নদী প্রবাহিত হইতেছে। আরবের মন্ধতে জল একটি অভি বাঞ্চনীয় পদার্থ,
এই জন্ত ম্সলমানেরা মর্গকে সর্বদাই জলপূর্ণ বলিয়া বর্ণনা করেন। আমার
বেখানে জন্ম, সেখানে বৎসরের মধ্যে ছয়মাস জল। আমি হয়তো মর্গকে
ভক্ষ বলিয়া কয়না করিব, ইংরেজয়াও তাহাই করিবেন। সংহিতার এই
মর্গ জনজ, মৃত ব্যক্তিরা মর্গে গমন করিয়া থাকে। তাহারা সেখানে ম্থলর
দেহ লাভ করিয়া তাহাদের পিতৃগণের সহিত অতি মুখে চিরকাল বাস
করিতে থাকে, সেখানে ভাছাদের সহিত পিতা-মাতা স্তী-পুল্রাদির সাক্ষাৎ
হয়, আর তাহারা সর্বাংশে এখানকারই মতো, তবে অপেকারুত অধিক
মুখের জীবন বাপন করিয়া থাকে। তাহাদের ম্বর্গের ধারণা এই যে, এই
জীবনে স্থেবর বে-সকল বাধাবিস্প আছে, সেগুলি সব চলিয়া যাইবে, কেবল
মুখকর অংশগুলিই অবশিষ্ট থাকিবে। স্বর্গের এই ধারণা আমাদের মুব্

হথকর বটে, কিন্তু হথকর ও সত্য—এ তৃইটি সম্পূর্ণ পৃথক্। বাস্তবিক চরম
সীমায় না উঠিলে সভ্য কখনও হথকর হয় না। মাহ্নবের স্থভাব বড় রক্ষণশীল
—মাহ্র একবার কোন বিশেষ কার্য করে, আর একবার আরম্ভ করিলে ভাহা
ভ্যাগ করা ভাহার পক্ষে কঠিন হইয়া দাঁড়ায়। ভাহার মন কোন ন্তন
চিন্তা গ্রহণ করিতে চায় না, কারণ উহা বড় কটকর।

উপনিষদে আমরা পূর্বপ্রচলিত ধারণার বিশেষ ব্যতিক্রম দেখিতেছি। উপনিষদে কথিত হইয়াছে—এই-সকল স্বৰ্গ, ষেথানে গিয়া মাত্ৰ পিতৃপুক্ষষের সহিত বাস করে, সেগুলি কখন নিত্য হইতে পারে না, কারণ ষে-বস্তর নাম-রূপ আছে, তাহা বিনাশশীল। যদি রূপময় স্বর্গ থাকে, তবে কালে অবশ্য সেই স্বর্গের ধ্বংস হইবে। হইতে পারে লক্ষ লক্ষ বৎসর পরে, কিন্তু এমন এক সময় আসিবে, ৰখন ভাহার ধ্বংস হইবেই হইবে। আর এক ধারণা ইতিমধ্যে লোকের মনে উদিত হইয়াছে যে, এই-সকল আত্মা আবার এই পৃথিবীতে ফিরিয়া আদে, এবং স্বর্গ কেবল তাহাদের শুভকর্মের ফলভোগের স্থানমাত্র। এই ফলভোগ হইয়া গেলে তাহারা আবার পৃথিবীতে আসিয়া জন্মগ্রহণ করে। একটি কথা বেশ স্পষ্ট বোধ হইভেছে যে, মামুষ অতি প্রাচীনকাল হইতেই কার্য-কারণের তত্ত্ব জানিত। পরে আমরা দেখিব, আমাদের দার্শনিকেরা দর্শন ও স্থায়ের ভাষায় এই তত্ত্ব বর্ণনা করিতেছেন, কিন্তু এখানে একরূপ শিশুর অম্পষ্ট ভাষায় ইহা কথিত হইয়াছে। এই-সকল গ্রন্থ পাঠ করিবার সময় তোমরা বোধ হয় লক্ষ্য করিয়াছ যে, এইগুলি সবই অস্তরের অনুভূতি। যদি তোমরা জিজাসা কর, ইহ। কার্যে পরিণত হইতে পারে কি না, আমি বলিব, ইহা আগে কার্যে পরিণত হইয়াছে, তারপর দর্শনে রূপায়িত হইয়াছে। তোমরা দেখিতেছ, এইগুলি প্রথমে অমুভূত, পরে লিখিত হুইয়াছে। প্রাচীন ঋষিগণের নিকট বিশ্বপ্রকৃতি কথা বলিত; পশুপক্ষী, চদ্রুত্ব তাঁহাদের সহিত কথা বলিত। তাঁহারা একটু একটু করিয়া সকল জিনিস অহভেব করিতে লাগিলেন, প্রকৃতির অস্তত্তে প্রবেশ করিতে লাগিলেন। তাঁহারা চিস্তা দারা বা বিচার দারা উহা লাভ করেন নাই, কিংবা আধুনিক কালের প্রথা অহ্যায়ী অপরের মন্তিকপ্রস্ত কতকশুলি বিষয় সংগ্রহ করিয়া একখানি গ্রন্থ প্রণয়ন করেন নাই, অথবা আমি ষেমন তাঁহাদেরই একথানি গ্রন্থ লইয়া স্থদীর্ঘ বক্ততা করিয়া

থাকি, ভাহাও করেন নাই; তাঁহাদিগকে সভ্য আবিদার করিতে হইয়াছিল। অভ্যাসই ইহার সাধন ছিল, আর চিরকালই এরপ থাকিবে। ধর্ম চিরকালই ব্যাবহারিক বিজ্ঞানরণে থাকিবে। শুধু দেবতা-ভবের উপর প্রভিত্তি ধর্ম কথন ছিল না, কখন হইবেও না। প্রথমে অভ্যাস, ভারপর জ্ঞান। জীবাত্মা যে এখানে ফিরিয়া আলে, এ ধারণা উপনিবদেই রহিয়াছে। বাহারা ফল কামনা করিয়া কোন সংকর্ম করে, ভাহারা সেই সংকর্মের ফল প্রাপ্ত হয়, কিছ ঐ ফল নিভ্য নহে। কার্যকারণবাদ এখানে অভি স্থল্মরন্থপে বর্ণিত হইয়াছে—কথিত হইয়াছে বে, কারণ অস্থলারেই কার্য হইয়া থাকে; কারণ বাহা, কার্যও ভাহাই হইবে; কারণ যথন অনিভ্য, তথন কার্যও অনিভ্য হইবে। কারণ নিভ্য হইলে কারণগুলি মনিভ্য হইলে কার্যও নিভ্য হইবে। কিছু 'সংকর্ম করা'-রূপ কারণগুলি অনিভ্য—সমীম, স্থভরাং ভাহার ফল কথনই নিভ্য হইডে পারে না।

এই তদ্বের আর একদিক দেখিলে ইহা বেশ বোধগম্য হইবে, বে-কারণে অনম্ভ মার্ ইতে পারে না, সেই কারণেই অনম্ভ নরক হওয়াও অসম্ভব। মনে কর, আমি একজন খুব খারাপ লোক। মনে কর, আমি জীবনের প্রতি মূহুর্তে অগ্রায় কর্ম করিতেছি, তথাপি এই জীবনটা অনম্ভ জীবনের তুলনায় কিছুই নয়। যদি অনম্ভ শান্তি থাকে, তাহার অর্থ এই হইবে বে, সসীম কারণের বারা অনম্ভ ফলের উৎপত্তি হইল। এই জীবনের কর্মরূপ সাম্ভ কারণ বারা অনম্ভ ফলের উৎপত্তি হইল। এই জীবনের কর্মরূপ সাম্ভ কারণ বারা অনম্ভ ফলের উৎপত্তি হইল। তাহা হইতে পারে না। সারা জীবন সংকর্ম করিলেও অনম্ভ ম্বর্গ-লাভ হয় না; হয়—মনে করিলে ঐ একই ভূল হইয়া থাকে। পূর্বে বে-সকল পথের কথা বর্ণিত হইয়াছে, সেগুলি ছাড়া—যাহারা সভ্যকে জানিয়াছেন, তাঁহাদের জন্ত আর একটি পথ আছে। ইহাই মারার আবরণ হইতে বাহির হইবার একমাত্র উপায়— 'গভ্যকে অমুভব করা'; আর উপনিষদ্সমূহ বুঝাইতেছেন এই সভ্যাম্বভব কাহাকে বলে।

ভালমন্দ কিছুই দেখিও না, দকল বস্তু এবং দকল কার্যই আত্মা হইতে প্রস্তুত বলিয়া চিন্তা করিবে। আত্মা দকলের মধ্যেই রহিয়াছেন। বলো— জগৎ বলিয়া কিছু নাই, বাহ্যদৃষ্টি কন্ধ কর, স্বর্গ-নরক দর্বত্র দেই প্রভূকে দেখ। কি মৃত্যু, কি জীবন—দর্বত্রই তাঁহাকে উপলব্ধি কর। আমি পূর্বে তোমাদিগকে বাহা পড়িয়া শুনাইয়াছি, তাহাতেও এই ভাব—এই পৃথিবী সেই ভগবানের একপাদ, আকাশ ভগবানের একপাদ ইত্যাদি। সকলই ব্রহ্ম। ইহা দেখিতে হইবে, অহভব করিতে হইবে, কেবল ঐ বিষয় আলোচনা করিলে বা চিন্তা করিলে চলিবে না। মনে কর, জীবাত্মা জগতের প্রভাকে বন্ধর ত্বরূপ ব্রিতে পারিল, প্রত্যেক বন্ধই ব্রহ্মময় বোধ করিতে লাগিল, তথন উহা অর্গেই যাক, নরকে বা অন্তব্ধ বেখানেই যাক, কিছুই আলে যায় না। আমি পৃথিবীতেই জন্মগ্রহণ করি অথবা স্বর্গেই যাই, তাহাতে কিছুই আলে যায় না। আমার পক্ষে এগুলির আর কোন অর্থই নাই; কারণ আমার পক্ষে তথন সব জায়গা সমান, সকল স্থানই ভগবানের মন্দির, সকল স্থানই পবিত্র; কারণ স্বর্গে, নরকে বা অন্তব্ধ আমি ভগবানের মন্দির, সকল স্থানই পবিত্র; কারণ স্বর্গে, নরকে বা অন্তব্ধ আমি ভগবানের সন্তাই অহভব করিতেছি। ভাল-মন্দ বা জীবন-মৃত্যু বলিয়া কিছু নাই—ভধু এক অনম্ভ ব্রহ্মই আছেন।

বেদাস্তমতে মাহ্য যথন এই অহুভূতিসম্পন্ন হয়, তথন দে মুক্ত হইয়া ষায়; আর বেদাস্ত বলেন, সেই ব্যক্তিই কেবল জগতে বাস করিবার উপযুক্ত, অন্তে নহে। যে-ব্যক্তি জগতে অন্তায় দেখে, সে কিরূপে জগতে বাস করিতে পারে ? তাহার জীবন তো তৃঃথময়। যে-ব্যক্তি এথানে নানা বাধা বিদ্ন বিপদ দেখে, তাছার জীবন তো তুঃখময়; যে-ব্যক্তি জগতে মৃত্যু দেখে, তাছার জীবন তো তুঃখময়। যে-ব্যক্তি প্রতি বস্তুতে সেই সত্যম্বরূপ দর্শন করিয়াছে, দেই ব্যক্তিই কেবল **জগ**তে বাস করিবার উপযুক্ত; সে-ই কেবল বলিতে পারে—আমি এই জীবন সম্ভোগ করিতেছি, আমি এই জীবন লইয়া বেশ হুখী। এখানে আমি বলিয়া রাখিতে পারি যে, বেদে কোথাও নরকের কথা নাই। বেদের অনেক পরবর্তী পুরাণে এই নরকের প্রসঙ্গ আছে। বেদের সর্বাপেক্ষা অধিক ষে শান্তির কথা পাওয়া যায়—ভাহা পুনর্জন্ম, অর্থাৎ আর একবার উন্নতির স্থবিধা লাভ করা। প্রথম হইতেই ব্যক্তিহীন ভাব আসিডেছে, দেখিতে পাওয়া যায়। পুরস্কার ও শান্তির ভাব পুরই ব্দড়ভাবাত্মক, আর কেবল মাহুষের মতো সগুণ ঈশ্বর-ভাবের সঙ্গেই ইহার সঙ্গতি আছে, যিনি আমাদেরই মতো একজনকে ভালবাসেন, অপরকে বাসেন না। এরূপ ঈশবধারণার সহিতই পুরস্কার ও শান্তির ভাব সম্বত হইতে পারে। সংহিতার ঈশ্বর এইরূপ ছিলেন। সেখানে ঐ ধারণার সঙ্গে ভয়ও মিল্লিড ছিল, কিন্তু উপনিষদে এই ভয়ের ভাব একেবারে লোপ পাইয়াছে; ইহার সহিত

নিগুণের ধারণা আসিতেছে—আর প্রত্যেক দেশেই এই ব্যক্তি-ভাবশৃত্ত নিগুণের ধারণা অত্যন্ত কঠিন ব্যাপার। মাহ্র সর্বদাই সপ্তণ ব্যক্তি লইয়া থাকিতে চায়।

অনেক বড় বড় মনীষী—অভতঃ জগৎ বাহাদিগকে খুব চিন্তাশীল বলিয়া থাকে, ভাঁহারা এই নিগুর্ণবাদের উপর বিরক্ত, কিন্তু মানবদেহধারী ঈশবের চিস্তা করা আমার নিকট অবান্তব, আমার নিকট এই সপ্তণবাদ অতিশয় হাস্তাম্পদ, নিমভাবাপন্ন, অতি স্থল, এমন কি অধর্ম বলিয়া বোধ হয়। বালকের পক্ষে ভগবানকে একজন সাকার মহন্ত বলিয়া ভাবা শোভা পায়, সে ওরূপ ভাবিলে তাহাকে ক্ষমা করা ষাইতে পারে; কিন্তু বয়ক ব্যক্তির পক্ষে, চিস্তাশীল নরনারীর পক্ষে ভগবানকে স্ত্রী-পুরুষ বলিয়া চিস্তা করা বড় লজ্জার কথা। উচ্চতর ভাব কোন্টি—জীবিত ঈখর বা মৃত ঈখর ? ষে-ঈশ্বরকে কেহ দেখিতে পায় না, যাঁহার সম্বন্ধে কেহ কিছু জানে না—সেই ঈশ্বর অথবা অহুভূত ঈশ্বর ? সময়ে সময়ে তিনি জগতে তাঁহার এক এক জন দৃতকে প্রেরণ করিয়া থাকেন, যাঁহার এক হন্তে তরবারি, অপর হন্তে অভিশাপ, আর আমরা ষদি তাঁহার কথায় বিখাস না করি, তবে একেবারে ধ্বংস! তিনি নিজে আসিয়া, আমাদের কি করিতে হুটবে বলিয়া দেন না কেন? কেন ডিনি ক্রমার্গত দৃত পাঠাইয়া আমাদিগকে শাস্তি ও অভিশাপ দিতেছেন ? কিন্তু এই বিশ্বাসেই অনেকে সন্তুষ্ট। আমাদের কল্পনার কি দীনতা।

অপর পক্ষে, নিগুল ঈশ্বকে জীবস্তরূপে আমার সমুখে দেখিতেছি; তিনি একটি তত্তমাত্র। সগুল নিগুলের মধ্যে প্রভেদ এই—সগুল ঈশ্বর ব্যক্তিমাত্র, আর নিগুল ঈশ্বর দেবদ্ত, মাহ্ম্ম, পশু এবং আরও কিছু, মাহা আমরা দেখিতে পাই না; কারণ নিগুলের মধ্যে সব সগুল ভাবই রহিয়াছে—উহা জগতের সমৃদ্য বস্তর সমষ্টি এবং তদতিরিক্ত আরও অনেক কিছু। 'বেমন একই অগ্নি জগতে ভিন্ন ভিন্ন রূপে প্রকাশ পাইতেছে, আবার তদতিরিক্ত অগ্নির্থ অন্তিম্ব আরিপ্ত তদ্ধেপ।

আমরা জীবস্ত ঈশরকে পূজা করিতে চাই। আমি সারা জীবন ঈশর ব্যতীত আর কিছুই দেখি নাই; তুমিও দেখ নাই; এই চেয়ারখানিকে দেখিতে

> कर्ठ छेत्र. राराव

হইলে তোমাকে প্রথমে ঈশরকে দেখিতে হয়, তারপর তাঁহারই ভিতর দিয়া চেয়ারথানিকে দেখিতে হয়। তিনি দিবারাত্র জগতে থাকিয়া 'জামি আছি, আমি আছি' বলিতেছেন। যে মৃহুর্তে তুমি বলো—'আমি আছি', সেই মৃহুর্তেই তুমি সেই সন্তাকে জানিতেছ। কোথায় তুমি ঈশরকে খুঁজিতে যাইবে, যদি তুমি তাঁহাকে নিজ হদয়ে, সকল প্রাণীর ভিতরে না দেখিতে পাও, যদি তাঁহাকে ঐ যে লোকটা রাভায় মোট বহিয়া গলদ্ঘর্ম হইতেছে, তাহার ভিতর না দেখিতে পাও?

'বং স্ত্রী বং পুমানসি বং কুমার উত বা কুমারী। বং জীর্ণো দণ্ডেন বঞ্চনি বং জাতো ভবনি বিশ্বতোমুখঃ॥'ং

— তুমি স্ত্রী, তুমি প্রুষ, তুমি বালক, তুমি বালিকা, তুমি বৃদ্ধ দণ্ডে ভর দিয়া বেড়াইতেছ, তুমিই জগতে জন্মগ্রহণ করিতেছ। তুমি এই দব। কি অভুত জীবস্ত ঈশর! জগতের মধ্যে তিনিই একমাত্র বস্তু—ইহা অনেকের পক্ষে ভয়ানক বলিয়া বোধ হয়; বান্ডবিক ইহা প্রচলিত ঈশর-ধারণার বিরোধী বটে; দেই ঈশর কোন বিশেষ স্থানে কোন আবরণের পশ্চাতে ল্কাইয়া রহিয়াছেন, তাঁহাকে কেহই কখন দেখিতে পায় না। পুরোহিতরা আমাদিগকে কেবল এই আশাদ দেন যে, যদি আমরা তাঁহাদের কথা শুনিয়া চলি, তাঁহাদের পদধূলি গ্রহণ করি এবং তাঁহাদিগকে পূজা করি, তাহা হইলে আমরা এই জীবনে ঈশরকে দেখিব না বটে, কিছু মৃত্যুর সময় তাঁহারা আমাদিগকে একথানি ছাড়পত্র দিবেন—তখন আমরা ঈশর দর্শন করিতে পারিব! এ কথা বেশ বৃঝিতে পারা যায়—এই স্থাবাদ প্রভৃতি পুরোহিতদের মূর্থতা ছাড়া আর কি ?

অবশ্য নিগুণবাদ অনেক কিছু ভাঙিয়া ফেলে, উহা পুরোহিতদের
নিকট হইতে সব ব্যবসা কাড়িয়া লয়—উহাতে মন্দির গির্জা প্রভৃতি সব
উড়িয়া যায়। ভারতে এখন ফ্ভিক্ষ চলিতেছে, কিছু সেথানে এমন অনেক
মন্দির আছে, যাহাতে অসংখ্য হীরাজহরত রিংয়াছে। যদি লোককে এই
নিশুণ ব্রক্ষের বিষয় শেখানো যায়, পুরোহিতদের ব্যবসা চলিয়া যাইবে।

১ শ্বেতাখতর উপ., ৪।৬

তৰু আমাদিগকে পৌরোহিত্য ছাড়িয়া নিঃমার্থভাবে শিথাইতে হইবে। তুমিও ঈশ্বর, আমিও ঈশ্বর—ভবে কে কাহার আজ্ঞা পালন করিবে? কে কাহার উপাদনা করিবে ? তুমিই ঈশবের সর্বশ্রেষ্ঠ মন্দির ; আমি কোন মন্দিরে কোনরূপ প্রতিমা বা কোনরূপ শাস্ত্র উপাদনা না করিয়া বরং তোমার উপাসনা করিব। লোকে এত পরস্পর-বিরোধী চিস্তা করে কেন ? লোকে বলে, আমরা প্রভ্যক্ষবাদী; বেশ কথা, কিন্তু এইখানে ভোমার উপাসনা অপেকা আর কি অধিকতর প্রভ্যক্ষ হইতে পারে? আমি তোমাকে দেখিতেছি, তোমাকে বেশ অহুভব করিতেছি, আর জানিতেছি— তুমি ঈশর। মুদলমানেরা বলেন, আলা ব্যতীত ঈশর নাই; কিন্তু বেদাস্ত বলেন, মাহুষ ব্যতীত ঈশ্বর নাই। ইহা শুনিয়া তোমাদের অনেকের ভয় হইতে পারে, কিন্তু তোমরা ক্রমশঃ ইহা বুঝিবে। জীবস্ত ঈশ্বর তোমাদের সঙ্গে রহিয়াছেন, তথাপি তোমরা মন্দির-গির্জ। নির্মাণ করিতেছ, আর সর্বপ্রকার কাল্পনিক মিথ্যা বস্তুতে বিশ্বাস করিতেছ। মানবাত্মা অথবা মানবদেহই একমাত্র উপাশু ঈশ্বর। অবশ্য অন্ত জীবজন্তরাও ভগবানের মন্দির বটে, কিন্তু মাহ্যবই সর্বশ্রেষ্ঠ মন্দির---মন্দিরের মধ্যে তাজমহল। যদি মাহ্যবের মধ্যে তাহার উপাসনা করিতে না পারিলাম, তবে কোন মন্দিরেই কিছু উপকার হইবে না। যে-মুহুর্তে আমি প্রত্যেক মহুর্যুদেছরূপ মন্দিরে উপবিষ্ট ঈশবকে উপলব্ধি করিতে পারিব, যে-মৃহুর্তে আমি প্রত্যেক মহয়ের সন্মুখে শ্রদ্ধা সহকারে দাঁড়াইতে পারিব, আর বান্ডবিক তাহার মধ্যে ঈশ্বরকে দেখিব, বে-মৃহুর্তে আমার ভিতরে এই ভাব আদিবে, দেই মুহুর্তেই আমি সমৃদয় বন্ধন হইতে মুক্ত হইব—অশু স্ব-কিছুই অন্তৰ্হিত হইবে, আমি মৃক্ত হইব।

ইহাই স্বাপেক্ষা অধিক কাৰ্যকরী উপাসনা। মতান্তর লইয়া আমার কোন প্রয়োজন নাই। কিন্তু এ-কথা বলিলে অনেক লোকে ভয় পায়। তাহারা বলে, ইহা ঠিক নয়। ভাহারা ভাহাদের পিতামহেরা কি বলিয়া গিয়াছেন, সেই কথা লইয়া মতবাদ রচনা করিবে। পিতামহেরা আবার বিশ হাজার বংসর পূর্বেকার প্রপিতামহদের নিকট শুনিয়াছিলেন, অর্গের কোন হানে অবস্থিত একজন ঈশ্বর কাহাকেও বলিয়াছিলেন—আমি ঈশ্বর। সেই সময় হইতে কেবল মতমতা্স্তরের আলোচনাই চলিতেছে। তাহাদের মতে—ইহাই কাজের কথা, আর আমাদের ভাবগুলি কার্যে পরিণত করা যায় না।

বেদান্ত বলেন, সকলেই নিজ নিজ পথে চলুক ক্ষতি নাই, কিন্ত ইহাই আদর্শ।
ক্ষান্ত ঈশবের উপাসনা প্রভৃতি মন্দ নয়, কিন্ত ইহা সত্যে পৌছিবার
সোপানমাত্র। ঐগুলিতে ফুন্দর মহৎ ভাব আছে, কিন্ত বেদান্ত প্রতিপদে
বলেন: বয়ু, তৃমি যাঁহাকে অজ্ঞাত বলিয়া উপাসনা করিতেছ এবং সারা
জগতে যাঁহাকে খুঁজিয়া বেড়াইতেছ, তিনি সর্বদা এখানেই রহিয়াছেন।
তৃমি যে জীবিত আছ, তাহাও তিনি আছেন বলিয়া—তিনিই জগতের নিভ্য
সাকী। সম্দয় বেদ যাঁহার উপাসনা করিতেছেন, শুধু তাহাই নহে, যিনি
নিভ্য 'আমি'তে সদা বর্তমান, তিনি আছেন বলিয়াই সম্দয় ব্রহ্মাণ্ড রহিয়াছে।
তিনি সম্দয় ব্রহ্মাণ্ডের আলোকস্বরূপ। তিনি যদি তোমাতে বর্তমান না
থাকিতেন, তবে তৃমি স্ব্কেও দেখিতে পাইতে না, সব কিছুই ভোমার নিক্ট
শৃক্ত অন্ধকার জড়রাশি বলিয়া প্রতীত হইত। তিনিই দীপ্ত রহিয়াছেন
বলিয়া তৃমি জগৎকে দেখিতেছ।

এ বিষয়ে সাধারণত: একটি প্রশ্ন করা হইয়া থাকে—ইহাতে তো ভয়ানক গোলযোগ উপস্থিত হইতে পারে। আমাদের সকলেই মনে করিবে, 'আমি ঈশ্ব'—অতএব যাহা কিছু আমি ভাবি বা করি, তাহাই ভাল ; ঈশবের আবার পাপ কি ?' প্রথমতঃ এই প্রকার অপব্যাখ্যার আশঙ্কা স্বীকার করিয়া লইলেও ইহা কি প্রমাণ করা ষাইতে পারে যে, অপর পক্ষে অমুরূপ আশস্কা নাই ? লোকে পৃথক্ স্বৰ্গন্থ ঈশবের উপাসনা করিতেছে, তাঁহাকে তাহার। খুব ভয় করিয়া থাকে। তাহারা ভয়ে কাঁপিতে কাঁপিতে জনিয়াছে এবং সারা জীবনই এইভাবে কাঁপিয়া কাটাইয়া দেয়। ইহাতে কি জগৎ প্রাপেকা ভাল হইয়াছে? অপর পক্ষকে ঐ প্রশ্ন জিজ্ঞাসা কর। বাঁহারা ব্যক্তিভাবাপন্ন সগুণ ঈশ্ববাদ ৰুবিন্না উপাদনা করিতেছেন, এবং যাঁহারা ব্যক্তি-ভাৰশৃক্ত নিগুণি ঈশরতত্ত বুঝিয়া উপাসনা করিতেছেন, উভয়ের মধ্যে কোন্ সম্প্রদায়ের ভিতর হইতে জগতে বড় বড় লোকের আবির্ভাব হইয়াছে ? বড় বড় কর্মী ও চরিত্রবান্ ব্যক্তির আবির্ভাব অবশুই নিগুর্ণ সাধকদের মধ্য হইতে হইয়াছে। ভয় হইতে উচ্চ নৈতিকশক্তি-সম্পন্ন মাহ্ৰ জন্মিৰে, ইহা কিরুপে আশা করিতে পারে। ? ইহা কথনই হইতে পারে না। 'যেথানে একজন অপরকে' দেখে, যেথানে একজন অপরকে হিংসা করে, সেখানেই মায়া। যেখানে একজন অণরকে দেখে না, একজন অণরকে হিংসা করে না, বেখানে সবই আত্মাময়

হইয়া যায়, সেথানে আর মায়া থাকে না।' তথন সবই তিনি, অথবা সবই আমি—তথন আত্মা মলিনতা-মৃক্ত হইয়াছে। তথন—কেবল তথনই আমরা বৃঝিতে পারি প্রেম কাহাকে বলে। ভয় হইতে কি এই প্রেমের উৎপত্তি দম্ভব? প্রেমের ভিত্তি মৃক্তভাব। মৃক্তস্বভাব হইলে তবেই প্রেম দেখা দের, তথনই আমরা বাহুবিক জগৎকে ভালবাসিতে আরম্ভ করি এবং সর্বজনীন লাত্ভাবের অর্থ বৃঝিতে পারি—তাহার পূর্বে নহে।

অতএব এই মত অহুসরণ করিলে সমৃদয় জগতে ভয়ানক পাপের স্রোত প্রবাহিত হইবে, এমন কথা বলা উচিত নয়; যেন অপর মতটি কথন মাহ্যকে অক্টায়ের দিকে লইয়া য়ায় না, উহা যেন সমন্ত জগৎ রক্তে প্লাবিত করে না, উহা যেন মাহ্যকে পরস্পর পৃথক্ করিয়া সাম্প্রদায়িকতার স্টে করে না! 'আমার ঈথরই সর্বশ্রেষ্ঠ। এস, য়ৢদ্ধ করিয়া সত্যতা প্রমাণ করি।' ছৈতবাদ হইতে জগতে এই ফল হইয়াছে। ক্ষুদ্র সকীর্ণ পথ হইতে প্রশন্ত উদার দিবালোকে এস। মহৎ অনস্ত আত্মা কি করিয়া সন্ধীর্ণভাবে আবদ্ধ হইয়া থাকিতে পারেন ? আমাদের সমূথে এই আলোকময় বিশ্বজ্ঞগৎ রহিয়াছে, ইহার প্রত্যেকটি বস্তু আমাদের। বাহু প্রসারিত করিয়া—সমৃদয় জগৎকে প্রেমে আলিকন করিতে চেটা কর। যদি কথন এরপ করিবার ইচ্ছা অহুভব করিয়া থাকো, তবেই তুমি স্থারকে অহুভব করিয়াছ।

বৃদ্ধদেবের জীবনচরিতের মধ্যে তোমাদের দেই অংশটি অবশুই মনে আছে, তিনি কিরণে উত্তর-দক্ষিণে, পূর্ব-পশ্চিমে, অধঃ উর্ধ্বে—সর্বত্র প্রেমের চিস্তাপ্রবাহ প্রেরণ করিতেন, ষভক্ষণ না সমৃদয় জগৎ সেই মহান্ অনস্ক প্রেমে পূর্ণ হইয়া যাইত। যখন সেই ভাব ভোমাদের মধ্যে আসিবে, তখনই বৃদ্ধিবে যথার্থ ব্যক্তিত্ব কাহাকে বলে। সমৃদয় জগৎ তখন এক ব্যক্তি হইয়া যায়—কৃত্র কৃত্র জিনিসের প্রতি আর মন থাকে না। এই অনস্ত হ্রেরা আয়—কৃত্র কৃত্র স্থা পরিত্যাগ কর। এই কৃত্র কৃত্র আনন্দ লইয়া তোমার লাভ কি ? বাত্তবিক কিন্তু ঐ কৃত্র কৃত্র স্থাও ভোমায় ছাড়িতে হয় না, কারণ ভোমাদের মনে থাকিতে পারে, পূর্বেই আমরা দেখাইয়াছি—সগুণ নিশ্তবির অন্তর্গত। অভএব ঈশ্বর সগুণ এবং নিশ্তবি তৃইই। মাহ্যব—

১ वृह्मात्रगुक छेत्र., ८।२८ ७ ८।১८ , ছास्मात्रा छेत्र., १।२८

অনস্তম্বরণ নিগুণ মাহ্যও—নিজেকে সগুণরূপে, ব্যক্তিরূপে দেখিতেছেন। অনস্তস্বরূপ আমরা বেন নিজদিগকে কৃত্র কৃত্র রূপে সীমাবদ্ধ করিয়া ফেলিয়াছি। বেদাস্ত বলেন, ইহার কারণ ব্ঝিতে না পারিলেও এইটুকু বলা যায় যে, ইহা আমাদের প্রত্যক্ষদৃষ্ট ব্যাপার—ইহা অম্বীকার করিবার উপায় নাই। আমরা আমাদের কর্মঘারা নিজেদের সীমাবদ্ধ করিয়া ফেলিতেছি এবং ভাহাই ষেন আমাদের গলায় শিকল দিয়া আমাদিগকেও বাঁধিয়া রাখিয়াছে। শৃত্যল ভাঙিয়া ফেলো, মৃক্ত হও। নিয়মকে পদদলিত কর। মহয়ের প্রকৃত বরূপে কোন বিধি নাই, কোন দৈব নাই, কোন অদৃষ্ট নাই। অনত্তে বিধান বা নিয়ম থাকিবে কিরূপে? স্বাধীনভাই ইহার মূলমন্ত্র, স্বাধীনভাই ইহার স্বরূপ— ইহার জন্মগত অধিকার। প্রথমে মৃক্ত হও, তারপর যত ইচ্ছা ক্ষুত্র ব্যক্তিয রাথিতে হয়, রাথিও; তথন আমরা রহমঞে অভিনেতাদের মতো অভিনয় করিব। যেমন একজন যথার্থ রাজা ভিথারীর বেশে রঙ্গমঞ্চে অবভীর্ণ হইলেন, কিন্তু এদিকে যে বাস্তবিক ভিক্কক, দে রাস্তায় রাস্তায় ভ্রমণ করিতেছে। দৃশ্য উভয়ত্র সমান, কথাবার্ডাও হয়তো এক, কিন্তু কি পার্থক্য ! ভিক্কের অভিনয় করিয়া একজন আনন্দ উপভোগ করিতেছেন, অক্তজন দারিন্ত্রে কষ্ট পাইতেছে। কেন এই পার্থক্য হয়? কারণ একজন মুক্ত, অগুজন বন্ধ। বাজা জানেন, তাঁহার এই দারিদ্রা সত্য নয়,—ভধু অভিনয়ের জ্ঞ তিনি ইহা অবলম্বন করিয়াছেন, কিন্তু মথার্থ ভিক্ষুক জ্ঞানে—এ তাহার চিরকালের অবস্থা—ইচ্ছা থাকুক বা না থাকুক, তাহাকে এ দারিদ্র্য সহ করিতেই হইবে। তাহার পক্ষে ইহা বিধির বিধান, স্থতরাং দে কট্ট পায়। তুমি আমি—যতক্ষণ না আমাদের স্বরূপ জ্ঞাত হইতেছি, ততক্ষণ আমরা ভিকুক-মাত্র, প্রকৃতির অন্তর্গত প্রত্যেক বস্তুই আমাদিগকে দাস করিয়া রাখিয়াছে। আমরা সমৃদয় জগতে সাহায্যের জ্ঞা চীৎকার করিয়া বেড়াইতেছি—শেষে পৌরা। নক কাল্লনিক প্রাণীদের নিকটও সাহায্য চাহিতেছি, কিন্তু এই সাহায্য কখনও পাইলাম না, তথাপি ভাবিতেছি, এইবার সাহায্য পাইব—ভাবিয়া কাঁদিতেছি, চীৎকার করিতেছি, আশা করিয়া বসিয়া আছি; এইভাবে একটা জীবন কাটিল, আবার দেই খেলা চলিতে থাকে।

মুক্ত হও; অপর কাহারও নিকট কিছু আশা করিও না। আমি নিশ্চিত ভাবে বলিতে পারি, তোমরা যদি তোমাদের জীবনের অতীত ঘটনা

শ্বৰ কর, তবে দেখিবে—তোমরা সর্বদাই অক্তের নিকট সাহাষ্য পাইবার বুথা চুেটা করিয়াছ, কখনও সাহায্য পাও নাই; বেটুকু সাহায্য পাইয়াছ, সব নিজের ভিতর হইতে। বে-কাজে তুমি নিজে চেটা করিয়াছ, তাহারই ফল পাইয়াছ; তথাপি কি আশ্চর্য, তুমি সর্বদাই অন্তের নিকট সাহায্য প্রার্থনা করিয়াছ। ধনীদের বৈঠকথানায় খানিকক্ষণ বসিয়া যদি লক্ষ্য কর, তাহা হইলে বেশ তামাদা দেখিতে পাইবে। দেখিবে, উহা দৰ্বদাই পূৰ্ব, কিন্তু এখন উহাতে বে-দল রহিয়াছে, সে-দলকে আর বিতীয়বার দেখিবে না,— দর্বদাই তাহারা আশা করিতেছে, ধনী ব্যক্তির নিকট হইতে কিছু আদায় করিবে, কিন্তু কথনই কিছু করিতে পারিতেছে না। আমাদের জীবনও সেইরূপ; কেবল আশা করিয়াই চলিয়াছি, ইহার শেষ নাই। বেদাস্ত বলে, এই আশা ত্যাগ কর। কেন আশা করিতে যাইবে ? সবই তোমার রহিয়াছে। তুমি আত্মা, তুমি সমাটস্বরূপ, তুমি আবার কিসের আশা করিতেছ ? যদি त्राका भागन हरेग्रा निक (मटन 'त्राका (काथाय, त्राका (काथाय?') विजय খুঁজিয়া বেডান, তিনি কথনই রাজার সন্ধান পাইবেন না, কারণ তিনি নিজেই ষে রাজা। তিনি তাঁহার রাজ্যের প্রত্যেক গ্রাম, প্রত্যেক নগর—এমন কি প্রত্যেক গৃহ পর্যন্ত তন্ন তন্ন করিয়া দেখিতে পারেন, বিলাপ করিয়া ক্রন্দন করিতে পারেন, তথাপি রাজীর উদ্দেশ পাইবেন না; কারণ তিনি নিজেই ধে রাজা। আমরা যদি জানিতে পারি, আমরা রাজা, এবং এই রাজার অন্বেষণব্ধপ অনুর্থক চেষ্টা ত্যাগ করিতে পারিলেই মঙ্গল। বেদান্ত বলেন, এইরপে নিজ্ঞদিগকে রাজা বলিয়া জানিতে পারিলেই আমরা স্থী ও সম্ভুষ্ট হইতে পারি। নির্বোধের মতো এ-সব অন্বেষণ ছাড়িয়া দিয়া শিশুর মতো জগতে খেলা করিতে থাকো।

এইরপ অবস্থা লাভ করিতে পারিলে আমাদের দৃষ্টি পরিবর্তিত হইয়া বায়। অনস্ত কারাস্থরপ না হইয়া এ-জগং ক্রীড়াঙ্গনে পরিণত হয়, প্রতিবোগিতার ক্ষেত্র না হইয়া ইহা ভ্রমরগুল্ধনপূর্ণ বসস্তকালের রূপ ধারণ করে। পূর্বে বে জগং নরককৃত্ত বলিয়া মনে হইতেছিল, তাহাই বেন স্বর্গে পরিণত হয়। বন্ধের দৃষ্টিতে জগং এক মহা মন্ত্রণার স্থান, কিন্তু মৃক্ত ব্যক্তির দৃষ্টিতে ইহাই স্বর্গ—স্বর্গ অক্সত্র নাই। এক প্রাণই সর্বত্র বিরাজিত। প্রর্জনাণি স্বাহা কিছু—সব এথানেই হইয়া থাকে। দেবতা সবই এখানে

—তাঁহারা মান্থবেরই প্রতিরূপ। দেবতারা মান্থবকে তাঁহাদের আদর্শে নির্মাণ করেন নাই, কিন্তু মানুষ্ই দেবতা স্বষ্ট করিয়াছে! এখানে ইন্দ্র রহিয়াছেন, তাঁহার চতুর্দিকে বিখের দেবতারা উপবিষ্ট রহিয়াছেন। তোমরাই তোমাদের নিজেদেরই এক অংশকে বাহিরে প্রক্ষেপ করিতেছ, তোমরাই কিন্তু মূল, আদল জিনিদ—তোমরাই প্রকৃত উপাস্ত দেবতা। ইহাই বেদাস্তের মত এবং এই জন্মই ইহা যথার্থ কাজে লাগাইবার যোগ্য। অবশু আমরা ষ্থন মুক্ত হইব, তথ্ন উন্মত্ত হইয়া সমাজ ত্যাগ করিয়া অরণ্যে বা গুহায় মরিতে যাইব না। তুমি ষেধানে ছিলে সেইথানেই থাকিবে, ভবে পার্থক্য হইবে এইটুকু যে, তুমি সমৃদয় জগতের রহস্ত অবগত হইবে। পূর্ব দৃশ্য—সবই আদিবে, কিন্তু উহাদের অর্থ তথন অন্তরূপ বৃঝিবে। তোমরা এখনও জগতের স্বরূপ জান না; মুক্ত হইলেই কেবল উহার স্বরূপ বুঝা যায়। স্তরাং আমরা দেখিতেছি—বিধি, দৈব বা অদৃষ্ট আমাদের প্রকৃতির অতি ক্ষুদ্র অংশ লইয়াই ব্যাপৃত। এটি কেবল আমাদের প্রকৃতির একদিক, অপর দিকে মুক্তি সর্বদা বিরা**জিত,** আর আমরা শিকারীর দ্বারা অহস্তত শশকের ভাষ মাটিতে নিজেদের মুখ লুকাইয়া নিজদিগকে অশুভ হইতে রক্ষা করিবার চেষ্টা করিতেছি।

অতএব দেখা গেল, ভ্রমবশতঃ আমরা আমাদের স্বরূপ ভূলিতে চেটা করিয়াছি, কিন্তু ভূলিতে পারি নাই, সর্বদাই উহা কোন না কোনরূপে আমাদের সম্মুথে আসিতেছে। আমরা যে দেবতা ঈশ্বর প্রভূতির অমুসন্ধান করিয়া থাকি, আমরা যে বহির্জগতে স্বাধীনতা-লাভের জন্ত প্রাণপণ চেটা করিয়া থাকি, এ-সব আর কিছুই নয়—আমাদের মুক্ত প্রকৃতি যেন কোন না কোনরূপে নিজেকে প্রকাশ করিবার চেটা করিতেছে। ইহা সর্বদাই আমাদিগকে আহ্বান করিতেছে। ভাবিতেছি—কোথা হইতে এই বাণী উঠিতেছে; তাহা ব্রিতে আমরা ভূল করিয়াছি মাত্র। আমরা প্রথমে ভাবি, এই বাণী অগ্নি স্র্য্ চন্দ্র তারা বা কোন দেবতা হইতে উথিত—অবশেষে আমরা দেখিতে পাই, এই বাণী আমাদেরই ভিতরে। এই সেই অনন্ত বাণী—অনন্ত মৃক্তির সমাচার ঘোষণা করিতেছে। এই সন্থীত অনন্তকাল ধরিয়া চলিয়াছে। আ্বার সন্ধীতের কিয়দংশ এই পৃথিবী, এই নিয়ম, এই বিশ্বজ্যৎ-রূপে পরিণত ছইয়াছে, কিন্তু এই সন্ধীত—এই ধ্বনি সর্বদা আমাদের কিলেকেই ছিল, এবং

চিরকাল ভাহাই থাকিবে। এক কথায় বেদান্তের আদর্শ—জগতে মনুরোর উপাসনা, আর বেদান্তের ইহাই ঘোষণা বে, যদি তুমি ঈখরের ব্যক্তিরূপ ভোষার প্রাভাকে উপাসনা করিতে না পারো, ভবে অক্ত কোথাও ভোষার অক্ত কিছু উপাসনা বিখাসযোগ্য নয়।

তোষাদের কি বাইবেলের সেই কথা শারণ নাই: যদি তুমি তোমার লাতাকে—বাহাকে তুমি দেখিয়াছ—ভাল না বাসিতে পারো, তবে যে-ঈশরকে কথন দেখ নাই, তাঁহাকে কি করিয়া ভালবাসিবে? যদি তাঁহাকে দেবভাবাপর মহয়ের মুখে না দেখিতে পারো, তবে তাঁহাকে মেযে অথবা অন্ত কোন জড় পদার্থে অথবা তোমার নিজ মন্তিকের কল্লিত গল্লে কি করিয়। দেখিবে? যে-দিন হইতে তোমরা সকল নরনারীতে ঈশর দেখিতে থাকিবে, সেই দিন হইতে আমি তোমাদিগকে ধার্মিক বলিব, তথনই তোমরা বুঝিবে, তান গালে চড় কেহ মারিলে তাহার দিকে বাঁ গাল ফিরানোর অর্থ কি। যথন তুমি মাহ্যকে ঈশরেরণে দেখিবে, তথন সকল বস্ত্ব—এমন কি ব্যাত্ম পর্যন্ত তোমার নিকট আসিলে তাহাকে স্থাগত জানাইবে। যাহা কিছু তোমার নিকট আসে, সবই সেই অনস্ত আনন্দময় প্রভু নানারণে আসিতেছেন—তিনি আমাদের পিতা মাতা বন্ধু। আমাদের আতাই আমাদের সঙ্গে থেলা করিতেছেন।

ভগবানকে 'পিতা' বলা অপেক্ষা উচ্চতর ভাব আছে; তাঁহাকে সাধকেরা 'মাতা' বলিয়া থাকেন। তাহা অপেক্ষাও পবিত্রতর ভাব আছে—তাঁহাকে 'প্রিয়সথা' বলা। তাহা অপেক্ষাও শ্রেষ্ঠ ভাব—তাঁহাকে 'আমার প্রেমাস্পদ' বলা। ইহার কারণ এই—প্রেম ও প্রেমাস্পদে কিছু প্রভেদ না দেখাই সর্বোচ্চ ভাব। তোমাদের সেই প্রাচীন পারস্তদেশীয় গল্পের কথা স্মরণ থাকিতে পারে। একজন প্রেমিক আসিয়া তাঁহার প্রেমাস্পদের ঘরের দর্জায় আঘাত করিলেন। প্রশ্ন জিজ্ঞাসিত হইল, 'কে ?' তিনি বলিলেন, 'আমি।' ঘার খুলিল না।' বিতীয়বার তিনি আসিয়া বলিলেন, 'আমি আসিয়াছি', কিছু ঘার খুলিল না। তৃতীয়বার তিনি আসিয়া বলিলেন, আবার জিজ্ঞাসিত হইল, 'কে ?' তথন তিনি বলিলেন, 'প্রিয়, আমি তৃমিই'; তথন ঘার উদ্ঘাটিত হইল। ভগবান এবং আমাদের মধ্যেও তেয়নি। 'তৃমি সকলেতে, তৃমিই সব কিছু।' প্রত্যেক নয়নারীই সেই প্রত্যক্ষ জীবস্থ আনক্ষময় ঈশ্বের রূপ।

'কে বলে, তুমি অজ্ঞাত? কে বলে, ভোমাকে অধ্যেষণ করিতে ছইবে? আমরা তোমাকে অনস্ককালের জন্ত পাইয়াছি। আমরা ভোমাতে অনস্ককালের জন্ত বাদ করিতেছি—দর্বত্র অনস্ককালের জন্ত বিজ্ঞাত, অনস্ককাল ধরিয়া উপাদিত ভোমাকে আমরা পাইয়াছি।'

আর একটি কথা এই প্রসন্দে বুঝিতে হইবে যে, বেদাস্ত বলেন—অক্সান্ত প্রকারের উপাদনা ভূল নছে। এই বিষয়টি কোনমতে বিশ্বত হওয়া উচিত নহে যে, যাহারা নানাপ্রকার ক্রিয়াকাণ্ড ছারা ভগবানের উপাসনা করে---আমর। এগুলিকে যতই অপরিণত মনে করি না কেন-তাহারা বান্তবিক ভ্রম্থি নহে। কারণ মাহ্য সত্য হইতে সংত্য, নিয়তর সত্য হইতে উচ্চতর সভ্যে আরোহণ করিয়া থাকে। অন্ধকার বলিলে বুঝিতে হইবে—অল্প আলে।; মন্দ বলিলে বুঝিতে হইবে—অল ভাল; অপবিত্রতা বলিলে বুঝিতে হইবে — অল্ল পৰিত্ৰতা। অভএৰ সভ্য-ধাৰণাৰ ইহাও একটি দিক যে, অক্সকে প্ৰেম ও সহাত্ত্তির চক্ষে দেখিতে হইবে। আমরা ষে-পথ দিয়া আদিয়াছি, তাহারাও দেই পথ দিয়া চলিভেছে। যদি তুমি বাস্তবিক মুক্ত ছও, তবে ভোমাকে অবশ্যই জানিতে হইৰে—ভাহারাও শীঘ্র বা বিলম্বে মৃক্ত হইবে। আর ষথন তুমি মুক্তই হইলে, তথন তুমি অনিভা দেখ কি করিয়া? যদি তুমি বান্তবিক পবিত্র হও, তবে তুমি অপবিত্রতা দেখ কিভাবে ? কারণ ষাহা ভিতরে থাকে, তাহাই বাহিরে দেখিতে পাওয়া যায়। আমাদের নিজেদের ভিতরে অপবিত্রতা না থাকিলে বাহিরে কখনই অপবিত্রতা দেখিতে পাইতাম না। বেদান্তে ইহা সাধনার একটি দিক। আশা করি, আমরা সকলে ইহা জীবনে রূপায়িত করিতে চেষ্টা করিব। ইহা অভ্যাদ করিবার জ্ঞা সারা জীবন পড়িয়া রহিয়াছে কিন্তু এই-সকল বিচার-আলোচনায় আমরা এই ফল লাভ করিলাম বে, জুশান্তি ও অসন্তোষের পরিবর্তে আমরা শান্তি ও সন্তোষের সহিত কার্য করিব। কারণ আমরা জানিলাম, সবকিছুই আমাদের ভিতরে—আমাদেরই রিংয়াছে, আমাদের জন্মগত অধিকার। আমাদের কাজ শুরু এই সভ্য প্রকাশ করা, প্রত্যক্ষ ভাবে অমূভব করা।

কৰ্মজীবনে বেদান্ত

—তৃতীয় প্রস্তাব

[লণ্ডনে প্রদন্ত বক্তা, ১৭ই নভেম্বর, ১৮৯৬]

পূর্বোক্ত (ছান্দোগ্য) উপনিষদ্ হইতেই আমরা পাইতেছি যে, দেববি
নারদ এক সময় সনৎকুমারের নিকট আগমন করিয়া অনেক প্রশ্ন জিঞ্জাদা
করিলেন। সনৎকুমার তাঁহাকে দোপানারোহণ-ন্যায়ে ধীরে ধীরে লইয়া গিয়া
অবশেষে আকাশতবে উপনীত হইলেন। 'আকাশ তেজ হইতে মহন্তর,
কারণ আকাশে চন্দ্র সূর্য বিদ্যুৎ তারা—সকলই রহিয়াছে। আকাশেই
আমরা শ্রবণ করিতেছি, আকাশেই জীবনধারণ করিয়া আছি, আকাশেই
আমরা মরিতেছি।' এখন প্রশ্ন হইতেছে—আকাশ হইতে মহন্তর কিছু
আছে কিনা ? সনৎকুমার বলিলেন, প্রাণ আকাশ হইতেও বড়। বেদান্তমতে
এই প্রাণই জীবনের মূলীভূত শক্তি। আকাশের স্থায় ইহাও একটি সর্বব্যাপী
তিত্ব, আর আমাদের শরীরে বা অন্তন্ধ বাহা কিছু গতি দেখা বায়, সবই
প্রাণের কার্য। প্রাণ আকাশ হইতেও মহন্তর। প্রাণের ধারাই সকল বন্ধ
বাচিয়া রহিয়াছে, প্রাণই মাতা, প্রাণই পিতা, প্রাণই ভগিনী, প্রাণই আচার্য,
প্রাণই জ্ঞাতা।

আমি তোমাদের নিকট ঐ উপনিষদ হইতেই আর এক অংশ পাঠ
করিব। খেতকেতু পিতা আরুণির নিকট সত্য সম্বন্ধ প্রশ্ন করিতে
লাগিলেন। পিতা তাঁহাকে নানা বিষয় শিথাইয়া অবশেষে বলিলেন, 'এইসকল বস্তুর যে ক্ত্রু কারণ, ভাহ। হইতেই ইহারা নির্মিত, ইহাই সব, ইহাই
সত্য; হে খেতকেতো, তুমি তাহাই।' তারপর তিনি ইহা বুঝাইবার জল্প
নানা উদাহরণ দিতে লাগিলেন। 'হে খেতকেতো, যেমন মধুমক্ষিকা বিভিন্ন
পূপ হইতে মধু সঞ্চয় করিয়া একর করে এবং এই বিভিন্ন মধু বেমন আনে না,
ভাহারা কোথা হইতে আদিয়াছে, দেইরূপ আমরাও সেই সং হইতে উৎপন্ন
হইয়াও ভূলিয়া গিয়াছি। হে খেতকেতো, তুমি ভাহাই।' 'বেমন বিভিন্ন
নদী বিভিন্ন হানে উৎপন্ন হইয়া সমুদ্রে পতিত হয়, কি য় এই নদীসকল বেমন

১ ছান্দোগ্য উপ , ৭৷১২৷১ ''

জানে না, ইহারা কোথা হইতে উৎপন্ন হইয়াছে, সেইরূপ আমরাও সেই সংস্করণ হইতে আসিয়াছি বটে, কিন্তু আমরা জানি না যে আমরা ভাহাই। হে স্বেতকেতো, তুমি তাহাই।'' পিতা পুত্রকে এইরূপ উপদেশ দিতে লাগিলেন।

এখন কথা এই, সকল জ্ঞানলাভের ছুইটি মূলস্ত্র আছে। একটি স্ত্র এই—বিশেষকে সাধারণে এবং সাধারণকে আবার সার্বভৌম ভবে সমাধান করিয়া জ্ঞানলাভ করিতে হইবে। দিতীয় স্ত্র এই: বে-কোন বস্থ ব্যাখ্যা করিতে হইবে, যতদ্র সন্তব সেই বস্তর স্বরূপ হইতেই তাহার ব্যাখ্যা অন্তেষণ করিতে হইবে। প্রথম স্ত্রেটি ধরিয়া আমর। দেখিতে পাই, আমাদের স্মৃদ্য জ্ঞান বাস্তবিক উচ্চ হইতে উচ্চতর শ্রেণীবিভাগ মাত্র। একটা কিছু যথন ঘটে, তথন আমরা বেন অত্থ হই। যথন ইহা দেখানো যায় যে, সেই একই ঘটনা পুন: পুন: ঘটতেছে, তথন আমরা তৃথ্য হই এবং উহাকে 'নিয়ম' আখ্যা দিয়া থাকি। যথন একটি প্রস্তর অথবা আপেল পড়িতে দেখি, তথন আমরা অতৃথ্য হই; কিন্তু যথন দেখি, সকল প্রস্তর বা আপেলই পড়িতেছে, তথন আমরা উহাকে মাধ্যাকর্ষণের নিয়ম বলি এবং তৃথ্য হই। ব্যাপার এই, আমরা বিশেষ হইতে সাধারণ ভব্তে গমন করিয়া থাকি। যদি ধর্মতত্ব আলোচনা করিতে চাই, দেখানেও ইহাই একমাত্র বৈজ্ঞানিক প্রণালী।

ধর্মতত্ব আলোচনা করিতে গেলে এবং উহাকে বৈজ্ঞানিকভাবে করিতে গেলে আমাদিগকে এই মূলস্ত্ত্বের অনুসরণ করিতে হইবে। বাস্তবিক আমরা দেখিতে পাই, এই প্রণালীই অনুসত হইয়াছে। এই উপনিষদ, যাহ। হইতে ভোমাদিগকে শুনাইতেছি, ভাহাতেও দেখিতে পাই, সর্বপ্রথমে এই ভাবের উদয় হইয়াছে—বিশেষ হইতে সাধারণে গমন। আমরা দেখিতে পাই—কিভাবে দেবতাগল ক্রমশঃ পরস্পর অন্তর্ভুক্ত হইয়া এক তত্ত্বমণে পরিণত হইতেছেন; জগতের ধারণায়ও তাহারা ক্রমশঃ কেমন অগ্রসর হইতেছেন, কেমন স্কল্প ভূত হইতে তাহারা স্কল্পত্তর ও ব্যাপকতর ভূতে যাইতেছেন, কেমন তাহারা বিশেষ বিশেষ ভূত হইতে আরম্ভ করিয়া অবশেমে এক সর্বব্যাপী আকাশতত্বে উপনীত হইয়াছেন, কিভাবে দেখান হইতেও

১ ছান্দোগ্য উপ., ৬١৯-১•

অগ্রদর হইয়া তাঁহারা প্রাণ-নামক রর্ব্যাপিনী শক্তিতে উপনীত হইতেছেন, আর এই-সকলের ভিতরে আমরা এই এক তত্তই পাইতেছি যে, একটি বস্তু লক্তন বস্তু হইতে পৃথক নহে। আকাশই স্ক্রতররূপে প্রাণ এবং প্রাণ আবার সুল হইয়া আকাশ হয়, আকাশ আবার সুল হইতে সুলতর হইতে থাকে, ইত্যাদি।

সগুণ ঈশর এই মৃলস্তের আর একটি উদাহরণ। আমরা পূর্বেই দেখিয়াছি, সগুণ ঈশবের ধারণাও এইরূপ সামাগ্রীকরণের ফল। ইহা হ্ইতে পাওয়া গিয়াছে এইটুকু যে, সগুণ ঈশব সম্দন্ধ জ্ঞানের সমষ্টিশ্বরূপ। কিন্ত ইহাতে একটি শঙ্কা উঠিতেছে, ইহা ভো পর্যাপ্ত সামাষ্ট্রীকরণ হইল না! আমরা প্রাকৃতিক ঘটনার একটা দিক অর্থাৎ জ্ঞানের দিক লইলাম, ভাহা হইতে সামাশ্রীকরণ-প্রণালীতে সগুণ ঈশবে উপনীত হইলাম, কিন্তু বাকি প্রকৃতির অন্তদিক বাদ গেল। স্তরাং প্রথমতঃ এই দামান্তীকরণ অসম্পূর্ণ। ইহাতে আর একটি ক্রটি আছে, তাহা দিতীয় শত্রের অন্তর্গত। প্রত্যেক বস্তকে তাহার নিজের ভাব হইতেই ব্যাখ্যা করিতে হইবে। অনেক লোক হয়তো এক সময়ে ভাবিত, মাটিতে যাহা কিছু পড়ে, তাহা ভূতেই ফেলিতেছে, কিন্তু মাধ্যাকৰ্ষণই বান্তবিক ইহার ব্যাখ্যা; আর যদিও আমরা জানি, ইহা সম্পূর্ণ ব্যাখ্যা নহে, তথাপি ইহা অপর ব্যাখ্যা হইতে যে শ্রেষ্ঠ, তাহা নিশ্চয়; কারণ একটি ব্যাখ্যা বস্তুর বহিঃস্থ কারণ হইতে, অন্তটি বস্তুর স্তাব হইতে লব। এইরূপ আমাদের সমৃদয় জ্ঞানের সহছেই। যে-কোন ব্যাখ্যা বস্তুর প্রকৃতি হইতে লক, তাহা বৈজ্ঞানিক; আর ষে-কোন ব্যাখ্যা বস্তুর বহির্দেশ হইতে লব্ধ, ভাগা অবৈজ্ঞানিক।

এখন 'সগুণ ঈশ্ব জগতের সৃষ্টিকর্তা'—এই তত্ত্তিকেও এই স্তাট হারা পরীকা করা যাক। যদি এই ঈশ্বর প্রকৃতিব বহির্দেশে থাকেন, যদি প্রকৃতির সঙ্গে তাঁহার কোন সহজ না থাকে এবং যদি এই প্রকৃতি শৃশু হইতে—সেই ঈশবের আক্রা হইতে উৎপর হয়, তাহা হইলে সভাবতই ইহা অতি অবৈক্রানিক মত হইয়া দাঁড়াইল। আর চিরকাল সগুণ ঈশববাদের ইহাই একটি তুর্বলতা। এই মতে ঈশব মানবগুণসম্পন্ন, কেবল মানবীয় গুণগুলি অনেক পরিমাণে বর্ধিত। ঈশব শৃশু হইতে এই জগৎ সৃষ্টি দোষ দেখিতে পাওয়া যায়।

আমরা পূর্বেই দেখিয়াছি, প্রথমতঃ সপ্তণ ঈশ্ববাদ পর্বাপ্ত সামাক্তীকরণ নয়। বিতীয়তঃ ইহা প্রকৃতি হইতে প্রকৃতির ব্যাখ্যা নয়। এই মৃতবাদে কারণ হইতে কার্য সম্পূর্ণ পৃথক্। কিন্তু মাহ্ব ষতই জ্ঞানলাভ করিতেছে, ততই তাহার এই ধারণা বাড়িতেছে যে, কার্য কারণের রূপান্তরমাত্র। আধুনিক বিজ্ঞানের সমৃদয় আবিক্রিয়া এই দিকেই ইন্ধিত করিতেছে, আর আধুনিক সর্ববাদিসম্বত ক্রমবিকাশবাদের তাৎপর্বই এই যে, কার্য কারণের রূপান্তরমাত্র। এই কারণও আবার এক পুরাতন কারণের কার্য। শৃষ্ণ হইতে স্কৃতি—আধুনিক বৈজ্ঞানিকদের নিক্ট উপহাসের বিষয়।

ধর্ম কি পূর্বোক্ত তৃইটি পরীক্ষার পর টিকিয়া থাকিতে পারে? যদি এমন কোন ধর্মত থাকে, যাহা এই তৃইটি পরীক্ষায় টিকিয়া যায়, তাহাই আধুনিক চিন্তাশীল মনের প্রাহ্ হইবে। যদি আক্ষকালকার মাহ্মকে পুরোহিত, গির্জা অথবা কোন শাল্পের নজির দেখাইয়া কোন মত বিশ্বাস করিতে বলা যায়, তবে সে উহা বিশ্বাস করিতে পারিবে না; তাহার ফল দাঁড়াইবে—যোর অবিশ্বাস। যাহারা বাহিরে দেখিতে থ্ব বিশ্বাসী, তাহারা বান্তবিক ভিতরে প্রচণ্ড অবিশ্বাসী। অবশিষ্ট লোকে ধর্ম একেবারে ছাড়িয়া দেয়, উহা হইতে দ্রে পলাইয়া যায়, যেন ধর্মের সহিত কোন সম্পর্কই রাখিতে চায় না, ধর্মকে তাহারা পুরোহিতদের জ্য়াচুরি মনে করে।

ধর্ম এখন একপ্রকার জাতীয় ভাবে পরিণত হইয়াছে। ধর্ম আমাদের প্রাচীন সমাজের একটি মহান্ উত্তরাধিকার, অতএব ইহাকে থাকিতে দাও— ইহাই আমাদের ভাব। কিন্তু আধুনিক লোকের পূর্বপূরুষ ধর্মের জন্ত বে প্রকৃত আগ্রহ বোধ করিতেন, এখন ভাহা নাই; লোকে ধর্মকে এখন আর যুক্তিসঙ্গত মনে করে না। এইরূপ সপ্তণ ঈশ্বর ও স্থাইর ধারণা, যাহাকে সকরাচর সকল ধর্মেই 'একেশ্রবাদ' বলে, ভাহাতে এখন লোকের প্রাণ তৃপ্ত হয় না, আর ভারতে বৌজদের প্রভাবে একেশ্রবাদ প্রবল হইতে পারে নাই; এব' এই বিষয়েই বৌজেরা প্রাচীনকালে জয়লাভ করিয়াছিলেন। তাঁহারা দেখাইয়। দিলেন যে, যদি প্রকৃতিকে অনজ্বলক্তিসম্পন্ন বলিয়া মানা যায়, যদি প্রকৃতি নিজের অভাব নিজে পূরণ করিতে পারে, তবে প্রকৃতির অভীত কিছু আছে, ইহা শীকার করা অনাবশ্বক। আত্মার অন্তিত্ব একটি তর্ক-বিতর্ক চলিয়া আসিতেছে। এখনও সেই প্রাচীন কুসংস্কার বর্তমান রহিয়াছে—দ্রব্য ও গুণের বিচার।

ইওরোপে মধ্যযুগে, এমন কি হঃখের সহিত আমাকে বলিতে হইভেছে. তাহার অনেকদিন পরেও একটি বিশেষ বিচারের বিষয় ছিল: ৩৩% কি দ্রব্যের ভিতরে আছে, না গুণ ব্যতীত দ্রব্যের অন্তিত আছে ্ দৈর্ঘ্য, প্রস্থ, বেধ কি জড়পদার্থ-নামক স্রব্যবিশেষে লাগিয়া আছে? আর এই গুণগুলি না থাকিলেও দ্রব্যটির অন্তিত্ব থাকে কি না ? বৌদ্ধ দার্শনিক বলিতেছেন, এক্সপ একটি দ্রব্যের অন্তিম্ব স্বীকার করার কোন প্রয়োজন নাই, এই গুণগুলিরই কেবল অন্তিত্ব আছে। ইহার অভিরিক্ত তুমি আর কিছুই দেখিতে পাও না। ইহাই অধিকাংশ আধুনিক অজ্ঞেয়বাদীদের মত, এই দ্রব্যগুণের বিচার আর একটু উচ্চভূমিতে লইয়া গেলে দেখা যায়, ইহা ব্যাবহাবিক ও পারমার্থিক সন্তার বিচারে পরিণত হইয়াছে। এই দৃশ্য জ্বগৎ—নিত্যপরিণামশীল জ্বগৎ রহিয়াছে, এবং ইহার পিছনে এমন কিছু রহিয়াছে, যাহার কখন পরিণাম হয় না; কেহ কেহ বলেন, এই দ্বিধ পদার্থেরই অন্তিত্ব আছে। আবার অধিকতর যুক্তির সহিত অপরে বলেন, এই উভয় পদার্থ মানিবার কোন আবশুকতা নাই, আমরা যাহা দেখি, অহুভব করি বা চিম্বা করি, ভাহা 'দৃশু' মাত্র। দৃশ্যের অতিরিক্ত কোন পদার্থ মানিবার কোন অধিকার আমাদের নাই। এই কথার কোন সঙ্গত উত্তর প্রাচীনকালে কেছ দিতে পারেন নাই। কেবল বেদান্তের অবৈতবাদ হইতে আমরা ইহার উত্তর পাইয়া থাকি--কেবল একটি বস্তুর অন্তিত্ব আছে, ভাহাই কখন দ্রষ্টানপে কখন বা দুখরণে প্রকাশ পাইতেছে। ইহা সত্য নহে ধে, পরিণামশীল বস্তুর সত্তা আছে, আর তাহারই অভ্যম্করে—অপরিণামী বস্তও রহিয়াছে; সেই এক অপরিণামী বস্তই পরিণামশীল বলিয়া প্রতিভাত হইতেছে।

ব্বিবার উপযুক্ত একটি দার্শনিক সিদ্ধান্ত করিবার জন্ম আমরা দেহ, মন, আত্মা প্রভৃতি নানা ভেদ করিয়া থাকি, কিন্তু প্রকৃতপক্ষে একটি সভাই বিরাজিত। সেই এক বস্তুই নানারূপে প্রতিভাত হইতেছে। অবৈতবাদীদের চিরপরিচিত উপমা অহুসারে বলিতে গেলে বলিতে হয়, রজ্জ্ই সর্পাকারে প্রতিভাত হইতেছে। অন্কারবলতঃ অথবা অন্ত কোন কারণে অনেকে বজ্জ্কে সর্প বলিয়া শ্রম করিয়া থাকে, কিন্তু জ্ঞানের উদয় হইলে সর্প্রম

ঘূচিয়া যায়, তথন রজ্জ্কে রজ্জ্ব বলিয়াই বোধ হয়। এই উদাহরণের দারা আমরা বেশ ব্ঝিতেছি—মনে বখন দর্পজ্ঞান থাকে, তখন রজ্জ্ঞান থাকে না, আবার যখন রজ্জ্ঞানের উদয় হয়, তখন দর্পজ্ঞান চলিয়া যায়। যখন আমরা ব্যাবহারিক সন্তা দেখি, তখন পারমার্থিক সন্তা থাকে না; আবার যখন আমরা সেই অপরিণামী পারমার্থিক সন্তা দেখি, তখন অবশ্রই ব্যাবহারিক সন্তা আর প্রতিভাত হয় না।

এখন আমরা প্রত্যক্ষবাদী ও বিজ্ঞানবাদী (Realist and Idealist) উভয়েরই মত বেশ পরিষ্কার বৃঝিতেছি। প্রত্যক্ষবাদী কেবল ব্যাবহারিক সন্তা দেখেন, আর বিজ্ঞানবাদী পারমার্থিক সন্তার দিক দেখিতে চেটা করেন। প্রকৃত বিজ্ঞানবাদী, যিনি অপরিণামী সন্তাকে প্রত্যক্ষ করিয়াছেন, তাঁহার পক্ষে পরিণামশীল জ্বগং আর থাকে না; তাঁহারই কেবল বলিবার অধিকার আছে যে, জ্বগং সমন্তই মিথ্যা, পরিণাম বলিয়া কিছুই নাই। প্রত্যক্ষবাদী কিন্তু পরিণামের দিকেই লক্ষ্য করিয়া থাকেন, তাঁহার পক্ষে অপরিণামী সন্তা বলিয়া কিছু নাই, স্তরাং তাঁহার বলিবার অধিকার আছে—এ-সবই সন্তা।

এই বিচারের ফল কি হইল? ফল হইল এই ষে, ঈশবের সগুণ ধারণা যথেই নহে। আমাদিগকে আরও উচ্চতর ধারণা অর্থাৎ নিশুণের ধারণা করিতে হইবে। উহা দ্বারা যে সগুণ ধারণা নাই হইবে, তাহা নহে। সগুণ ঈশবের অন্তিম্ব নাই—প্রমাণ করিতেছি না, কিন্তু দেখাইতেছি, শাহা আমরা প্রমাণ করিলাম, ভাহাই একমাত্র প্রায়সলত সিদ্ধান্ত। মাহ্বকেও আমরা এইরূপে সগুণ-নিগুণ উভয়াত্মক বলিয়া থাকি। আমরা সগুণও বটে, আবার নিশুণিও বটে। অতএব আমাদের প্রাচীন ঈশবধারণা, অর্থাৎ ঈশবের সগুণ ধারণা, তাঁহাকে কেবল একটি ব্যক্তি বলিয়া ধারণা—অবশ্রুই চলিয়া যাওয়া চাই, কারণ মাহ্বকে যেভাবে সগুণ নিশুণ উভয়ই বলা যায়, আর একটু উচ্চতর ভাবে ঈশবকেও সেইভাবে সগুণ নিগুণ তুইই বলা যায়। অতএব সগুণের ব্যাখ্যা করিতে হইলে অবশ্রুই আমাদিগকে অবশেষে নিগুণ ধারণায় ঘাইতে হইবে, কারণ নিগুণ ধারণা সগুণ ধারণা হইতে আরও ব্যাপক। কেবল নিগুণই অনম্ভ হইতে পারে, সগুণ সাম্ভ মাত্র। অতএব এই ব্যাখ্যা দ্বারা আমরা সগুণকে রক্ষাই করিলাম, উড়াইয়া দিলাম না। অনেক সময়ে, এই সংশন্ধ আলে—নিগুণ

ক্রখবের ধারণায় সত্তণ ধারণা নই হইরা ষাইবে, নিগুণ জীবাজার ধারণায় সন্তণ, জীবাজার ভাব নই হইয়া বাইবে; বাত্তবিক কিন্তু বেদান্তমতে 'আমিজের' নাশ হয় না, উহাকে প্রকৃতভাবে রক্ষা করা হইয়া থাকে। আমরা সেই অনন্ত সন্তার সমাধান না করিয়া ব্যক্তির অন্তিত কোন-রূপে প্রমাণ করিতে পারি না। যদি আমরা ব্যক্তিকে সমৃদয় জগৎ হইতে পৃথক্ করিয়া ভাবিতে চেষ্টা করি, তবে কথনই ভাহাতে সমর্থ হইব না, কণকালের জন্তও এরপ ভাবা যায় না।

ছিতীয়তঃ পূর্বোক্ত বিতীয় তত্ত্বের আলোকে আমরা আরও কঠিন ও ত্র্বোধ্য তত্ত্বে উপনীত হই। সামান্তীকরণ-প্রক্রিয়ার আমরা যে দর্বোচ্চ তত্ত্বে উপনীত হইরাছি, যদি দকল বস্তুকে তদস্বারী তাহার স্বরূপ হইতে ব্যাখ্যা করিতে হয়, তাহা হইলে এই দাঁড়ায় যে, দেই নিশুণ পুরুষ আমাদের ভিতরেই রহিয়াছেন, বান্তবিকপক্ষে আমরা তিনিই। 'হে শেভকেতো, তত্ত্বমিন''—তৃমি তিনিই, তৃমিই দেই নিশুণ দত্তা; তৃমিই দেই ব্রুক্ষ, যাঁহাকে দম্দয় অগতে খ্ঁজিয়া বেড়াইতেছ, দর্বদাই তৃমি দেই! কিন্তু 'ব্যক্তি'—অর্থে 'তৃমি' নহে, নিশুণ-অর্থে। আমরা এই যে মাস্থ্যকে আনিতেছি, যাঁহাকে ব্যক্ত দেখিতেছি, তিনি দশুণ বাক্তি হইয়াছেন, কিন্তু তাহার প্ররুত সন্তা নিশুণ অব্যক্ত। এই সন্তণকে জানিতে হইলে আমাদিগকে নিশুণের ভিতর দিয়া আনিতে হইবে। দেই নিশুণ স্বাই বান্তবিক সত্য, তিনিই মান্তবের আত্মা—এই দশুণ ব্যক্ত পুরুষকে সেই সত্য বলা হয় নাই।

এ-সম্বন্ধে অনেক প্রশ্ন উঠিবে। আমি ক্রমশং সেইগুলির উত্তর দিবার চেষ্টা করিব। অনেক কৃট প্রশ্ন উঠিবে, কিন্তু ঐগুলির মীমাংসার পূর্বে আমরা বৃথিতে চেষ্টা করি—অবৈত্বাদ কি বলেন। এই যে ব্রহ্মাণ্ড দেখিতেছি, ইহারই একমাত্র অন্তিত্ব আছে, সন্ত্যের অন্তেমণ অন্তত্র করিতে হইবে না। স্থলস্ক্র—সবই এখানে; কার্যকারণ—সবই এখানে, জগতের ব্যাখ্যা এখানেই বহিয়াছে। যাহা বিশেষ বলিয়া পরিচিত, তাহা সেই স্বাহ্মস্যুত সন্তারই স্ক্রভাবে পুনরাবৃত্তিমাত্র। আমরা আমাদের আত্মা সম্বন্ধে আলোচনা করিয়াই

১ ছান্দোগা উপ., ভাদাণ

জগৎ সম্বন্ধে একটা ধারণা করিয়া থাকি। এই অন্তর্জগৎ সম্বন্ধে যাহা সভ্য, বহিৰ্জগং সম্বন্ধেও তাহাই সত্য। স্বৰ্গ নৱক বলিয়া বাস্তবিক যদি কোন ছান থাকে, সেণ্ডলিও এই জগতের অন্তর্গত, সম্দয় মিলিয়া এই এক ব্ৰহ্মাও হইয়াছে। অভএব প্রথম কথা এই, নানা ক্স ক্স পরমাণ্র সমষ্টিস্বরূপ এই 'এক' অখণ্ড বস্তু রহিয়াছে, আর আমাদের প্রত্যেকেই ধেন সেই একের অংশস্বরূপ। ব্যক্ত-জীবভাবে আমরা যেন পৃথক্ হইয়া রহিয়াছি, কিন্তু সেই একই সত্যম্বরূপ; আর ষতই আমরা নিজদিগকে উহা হইতে কম পৃথক্ মনে করিব, তত্ই আমাদের পক্ষে মঙ্গল। যত্ই আমরা ঐ সমষ্টি হইতে নিজেদের পৃথক্ মনে করিব, ততই আমাদের হুংথ বাড়িবে। এই অবৈততত্ত্ব হইতেই আমরা নীতির ভিত্তি প্রাপ্ত হইলাম; আমি স্পর্ধা করিয়া বলিতে পারি, আর কোন মত হইতে আমরা কোনরূপ নীভিতত্ব পাই না। আমরা জানি, নীতির প্রাচীনতম ধারণা ছিল-কোন পুরুষবিশেষ অথবা কতকগুলি পুরুষের ইচ্ছা। এখন আর কেহ উহা মানিতে প্রস্তুত নয়; কারণ উহা আংশিক ব্যাখ্যা মাত্র। হিন্দুরা বলেন—এই কার্য করা উচিত নয়, কারণ বেদ উহা নিষেধ করিতেছেন, কিন্তু খ্রীগ্রান বেদের প্রামাণ্য স্বীকার করিতে প্রস্তুত নন। খ্রীষ্টান আবার বলেন-এ-কাজ করিও না, ও-কাজ করিও না, কারণ বাইবেলে এ-সকল কার্য নিষিদ্ধ। ষাহারা বাইবেল মানে না, তাহারা অবশ্য এ-কথা শুনিবে না। আমাদিগকে এমন এক তত্ত্ব বাহির করিতে হইবে, যাহা এই নানাবিধ ভাবের সমন্বয় করিতে পারে। যেমন লক্ষ লক্ষ লোক সম্ভণ স্ষ্টিকর্তায় বিশ্বাস করিতে প্রস্তুত, দেইরূপ এই জগতে সহস্র সহস্র মনীযী আছেন, যাঁহাদের পক্ষে ঐ ধারণা পর্যাপ্ত বলিয়া বোধ হয় না। তাঁহারা ইহা অপেকা উচ্চতর কিছু চাহিয়াছেন; আর যখনই ধর্মসম্প্রদায়গুলি এই মনীষীগণকে নিজেদের অস্তর্ভ করিবার মতো উদারভাবাপর হয় নাই, তথনই সমাজের উজ্জনতম রত্বগুলি সংগঠিত ধর্মবিশাস (organised faith) ত্যাগ করিয়াছেন, আর বর্তমান কালে বিশেষতঃ ইওরোপে ইহা ষ্ড স্পষ্ট দেখা যাইতেছে, আর কখনও কোথাও এরপ হয় নাই।

মনীষীদিগকে ধর্মের ভিতর রাখিতে হইলে ধর্মকে অবশ্য খুব উদার হইতে হইবে। ধর্ম যাহা কিছু বলে, সবই যুক্তির কষ্টিতে ফেলিয়া পরীক্ষা করা আবশ্যক। কেহই বলিতে পারে না, সকল ধর্মই কেন এই এক দাবি করিয়া

থাকে যে, তাহারা যুক্তির বারা পরীক্ষিত হইতে চায় না। বাত্তবিক ইহার কারণ গোড়াভেই গলদ আছে। যুক্তির মানদণ্ড ব্যতীত ধর্মবিষয়েও কোনরূপ বিচার বা দিছান্ত সম্ভব নছে। কোন ধর্ম হয়তো কিছু বীভংস ব্যাপার করিতে আজা দিল।…মনে কর, মুসলমানধর্মের কোন আদেশের প্রতি একজন খ্রীষ্টান দোষারোপ করিল। তাহাতে ম্সলমান স্বভাবতই জিজাসা করিবে—কি করিয়া তুমি জানিলে আদেশটি ভাল কি মন্দ? তোমার ভালমন্দের ধারণা তো ভোমার শাস্ত্র হইতে! আমার শাস্ত্র বলিতেছে, 'ইহা সৎকার্য।' যদি তুমি বলো, ভোমার শাল্প প্রাচীন, ভাহ। इहेरल रवोरकता विलयन—आमाराहत भाक आत्र थाहीन। आवात हिन्<u>र</u> বলিবেন—আমার শান্ত সর্বাপেকা প্রাচীন। অতএব শান্তের দোহাই দিলে চলিবে না। তোমার আদর্শ কোথায়, যাহা লইয়া তুমি সম্দয় তুলনা করিতে भारता ? औष्ट्रीन विनिद्यन, क्रेमात 'ट्रेमलाभरमम' एमच , मूननभान विनिद्यन, 'কোরানের নীতি' দেখ। মুদলমান বলিবেন—এ হুয়ের মধ্যে কোন্টি শ্রেষ্ঠ, তাহা কে বিচার করিবে, মধ্যস্থ কে হইবে ? বাইবেল ও কোরানে ষথন বিবাদ, তথন উভয়ের মধ্যে কেহই মধ্য হইতে পারে না। কোন স্বভন্ত বাক্তি মীমাংদক হইলেই ভাল হয়। কোন গ্রন্থ মীমাংদক হইতে পারে না, সার্বভৌম কোন-কিছু দারাই মীমাংসা হওয়া চাই। যুক্তি অপেকা সার্বভৌম আর কি আছে? কেহ কেহ বলেন, যুক্তি সকল সময়ে সত্যাহ্মান সমৰ্থ নহে। অনেক সময় যুক্তি ভূল করে বলিয়া এই সিদ্ধান্ত করা হইয়াছে যে, কোন পুরোহিত-সম্প্রদায়ের শাসনে বিখাস করিতে হইবে। আমি কিন্তু বলি, যুক্তি যদি তুর্বল হয়, তবে পুরোহিত-সম্প্রদায় আরও ত্র্বল, আমি তাহাদের কথা না ভনিয়া যুক্তিই ভনিব, কারণ যুক্তিতে ষতই দোষ থাকুক, উহাতে কিছু সত্য পাইবার সন্তাবনা আছে, কিন্তু অন্ত উপায়ে সভ্যলাভের কোন সম্ভাবনাই নাই।

অতএব আমাদিগকে যুক্তির অনুসরণ করিতে হইবে, আর যাহারা যুক্তির অনুসরণ না করিয়া কোন বিশাসে উপনীত হয়, তাহাদের প্রতিও আমাদিগকে সহাত্মভৃতি দেখাইতে হইবে। কারণ কাহারও মতে মত দিয়া বিশ লক্ষ্ণ দেবতা বিশাস করা অপেকা যুক্তির অনুসরণ করিয়া নান্তিক হওয়াও ভাল! আমরা চাই উন্নতি, বিকাশ, প্রত্যকাত্মভৃতি। কোন মত অবলম্বন করিয়াই মাহ্ব বড় হয় নাই। কোট কোট শাস্ত্ৰ আমাদিগকে পৰিত্ৰ হইতে সাহায্য করে না। এরপ হইবার একমাত্র শক্তি আমাদের ভিতরেই আছে। প্রত্যক্ষাহ্মভৃতিই আমাদিগকে পবিত্র হইতে সাহায্য করে, আর ঐ প্রত্যক্ষাহ্মভৃতি মননের ফল। মাহ্ব চিন্তা করুক। মৃত্তিকাথণ্ড কথন চিন্তা করে না; ইহা মানিয়া লওয়া যাক যে, উহা সবই বিশাদ করে, তথাপি উহা মৃত্তিকাই থাকিয়া যায়। একটি গাভীকে বাহা ইচ্ছা বিশাদ করানো যাইতে পারে। কুকুর সর্বাপেক্ষা চিন্তাহীন জন্তু। ইহারা কিন্তু যে কুকুর, যে গাভী, যে মৃত্তিকা তাহাই থাকে, কিছুই উন্নতি করিতে পারে না। কিন্তু মাহুবের মহন্তু এই যে, দে মননশীল জীব; পশুদিগের দহিত আমাদের ইহাই প্রভেদ। মাহুবের এই মনন শ্বভাবদিদ্ধ ধর্ম, অতএব আমাদিগকে অবশ্য মনের চালনা করিতে হইবে। এই জন্তুই আমি যুক্তিতে বিশাদ কবি এবং যুক্তির অন্থ্যবৰ্গ করি, শুরু লোকের কথায় বিশাদ করিয়া কি অনিট হয়, তাহা বিশেষক্রপে দেখিয়াছি; কারণ আমি যে দেশে জন্মিয়াছি, সেথানে এই অপরের বাক্যে বিশাদ করার চূডান্ত হইয়া গিয়াছে।

হিন্দ্রা বিশ্বাস করেন, বেদ হইতে সৃষ্টি হইয়াছে। একটা গো আছে, কিরূপে জানিলে? কারণ 'গো' শব্দ বেদে রহিয়াছে। মাছ্য আছে কি করিয়া জানিলে? কারণ বেদে 'মহ্ছা' শব্দ রহিয়াছে। হিন্দ্রা ইহাই বলেন। এ যে বিশ্বাসের চূড়ান্ত!—আমি যেভাবে ইহার আলোচনা করিভেছি, সেভাবে ইহার আলোচনা হয় না। কতকগুলি তীক্ষর্দ্ধি ব্যক্তি ইহা লইয়া কতকগুলি অপূর্ব দার্শনিক তত্ত্ব বাহির করিয়াছেন, এবং সহস্র সহস্র বৃদ্ধিমান্ ব্যক্তি সহস্র সহস্র বৎসর এই তত্ত্ব কার্যে রূপায়িত করিতে জীবন উৎসর্গ করিয়াছেন। লোকের কথায় বিশ্বাসের শক্তি অনেক, উহাতে বিপদও অনেক! এরপ বিশ্বাস মহস্যক্ষাতির উন্নতির স্রোত অবক্ষম করে, আর আমাদের বিশ্বত হওয়া উচিত নয় যে, উন্নতিই আমাদের আবশ্রক। প্রকৃত সত্য অপেক্ষা আপেক্ষিক সত্যেব অহসদ্ধানেও আমাদের মনের চালনা আবশ্রক হইয়া থাকে। মননই আমাদের জীবন।

অবৈতবাদের এই টুকু গুণ যে, ধর্মতের ভিতর এই মতটিই অনেকটা নি:সংশয়ে প্রমাণ করা যায়। নিগুণ ঈখর, প্রকৃতিতে তাঁহার অবস্থিতি আর প্রকৃতি যে নিগুণ পুরুষের পরিণাম, এই সতাগুলি অনেকটা প্রমাণের যোগ্য, আর অক্ত সম্দর ভাব—যথা ইবরের আংশিক কুদ্র ব্যক্তিভাবাপর সগুণ ধারণাঞ্চলি—বিচারসহ নহে। যুক্তিস্বত এই ইবরবাদের আর একটি গুণ এই বে, ইহা প্রমাণ করে ঐ আংশিক ধারণাগুলি এখনও অনেকের পক্ষে আবশুক। এই মতগুলির অন্তিত্বের প্রয়োজনীয়তার পক্ষে ইহাই একমাত্র যুক্তি। দেখিবে, অনেক লোকে বলিয়া থাকে, এই সগুণবাদ অযোক্তিক, তথাপি ইহা বড় শান্তিপ্রদ। তাহারা সথের ধর্ম চাহিয়া থাকে; আর আমরা ব্বিতে পারি, তাহাদের জক্ত ইহার প্রয়োজন আছে। অতি অল্ল লোকই সত্যের বিমল আলোক সন্থ করিতে পারে, তদম্পারে জীবনখাপন করা তো দ্রের কথা। অতএব এই সথের ধর্মও থাকা দরকার; ইহা অনেককে উচ্চতর ধর্মলাভে সাহায় করে। যে ক্ষুদ্র মনের পরিধি সীমাবদ্ধ এবং ক্ষুদ্র ক্ষুদ্র সামান্ত বস্তুই যে মনের উপাদান, সে মন কথন উচ্চ চিন্তার রাজ্যে বিচরণ করিতে সাহস করে না। ক্ষুদ্র দেবতা, প্রতিমা ও আদর্শ সম্বন্ধ তাহাদের ধারণা উত্তম ও উপকারী, কিন্তু তোমাদিগকে নিগুর্ণবাদও ব্রিতে হইবে, আর এই নিগুর্ণবাদের আলোকেই এইগুলির উপকারিতা ব্যাখ্যাত হইতে পারে।

উদাহরণস্বরূপ জন স্টুয়াট মিলের কথা ধর। তিনি ঈশরের নিও ণিভাব ব্ঝেন ও বিশাস করেন—জিনি বলেন, সগুণ ঈশরের অন্তিও প্রমাণ করা যায় না। আমি এ-বিষয়ে তাঁহার সহিত একমত; তবে আমি বলি, মহয়বৃদ্ধিতে নিগুণের যতদ্র ধারণা করা যাইতে পারে, তাহাই সগুণ ঈশর। আর বাত্তবিকই জগওটা কি? বিভিন্ন মন সেই নিগুণেরই যতদ্র ধারণা করিতে পারে, তাহাই; উহা যেন আমাদের সম্মুথে প্রসারিত এক একথানি পুত্তক-স্বরূপ, আর প্রত্যেকেই নিজ নিজ বৃদ্ধি দারা উহা পাঠ করিতেছে, আর প্রত্যেককেই উহা নিজে নিজে পাঠ করিতে হয়। সকল মাহ্যেরই বৃদ্ধি কতকটা একরূপ, সেইজ্যু মহয়বৃদ্ধিতে কতকগুলি জিনিস একরূপ মনে হয়। তৃমি আমি উভয়েই একখানা চেয়ার দেখিতেছি। ইহাতে প্রমাণিত হইতেছে, আমাদের উভয়ের মনই কতকটা একভাবে গঠিত। মনে কর, অপর কোন ইন্দ্রিরসম্পন্ন জীব আদিল; সে আর আমাদের অহ্ভূত চেয়ার দেখিবে না, কিছ যাহারা এক প্রকৃতির, তাহারা সব একরূপ দেখিবে। অতএব এই জ্বণৎ সেই নিরপেক্ষ অপবিণামী পার্মার্থিক সন্তা; আর ব্যাবহারিক সন্তা ভাহাকেই বিভিন্নভাবে দর্শনমাত্র। ইহার কারণ প্রথমতঃ ব্যাবহারিক সন্তা ভাহাকেই

স-দীম। আমরা ষে-কোন ব্যাবহারিক সন্তা দেখি, অহন্তর করি বা চিছা করি, দেখিতে পাই—উহা অবশ্রই আমাদের জ্ঞানের বারা সীমাবদ্ধ, স্বত্রব সদীম হইয়া থাকে; আর সন্তণ ঈরর সদ্ধন্ধ আমাদের ষেরূপ ধারণা, তাহাতে তিনিও ব্যাবহারিক মাত্র। কার্যকারণ-ভাব কেবল ব্যাবহারিক জগতেই সন্তব, আর তাঁহাকে যখন জগতের কারণ বলিয়া ভাবিতেছি, তখন অবশ্রই তাঁহাকে স-সীমরূপে ধারণা করিতে হইবে। তাহা হইলেও কিন্তু তিনি সেই নিগুণ ব্রহ্ম। আমরা পূর্বেই দেখিয়াছি, এই জ্বগৎই আমাদের বৃদ্ধির মধ্য দিয়া দৃষ্ট সেই নিগুণ ব্রহ্মমাত্র। প্রকৃতপক্ষে জ্বগৎ সেই নিগুণ সন্তা মাত্র, আর আমাদের বৃদ্ধির হার। উহার উপর নাম-রূপ দেওয়া হইয়াছে। এই টেবিলের মধ্যে যত্রকু সত্য তাহা সেই সন্তা, আর এই টেবিলের আকৃতি ও অক্যান্ত যাহা কিছু—সবই সদৃশমানব-বৃদ্ধি বারা তাহার উপর আরোপিত হইয়াছে।

উদাহবণশ্বরূপ গতির বিষয় ধর। ব্যাবহারিক সম্ভার উহা নিত্যসহচর।
উহা কিছু সেই সার্বভৌম পারমার্থিক সন্তা সম্বন্ধে প্রযুক্ত হইতে পারে না।
প্রত্যেক কুদ্র অণ্, জগতের অন্তর্গত প্রত্যেক পরমাণ্ সর্বদাই পরিবর্তনশীল ও
গতিশীল, কিছু সমষ্ট হিসাবে জগৎ অপরিণামী, কারণ গতি বা পরিণাম
আপেন্দিক ভাবমাত্র, আমরা কেবল গতিহীন পদার্থের সহিত তুলনায় গতিশীল
পদার্থের কথা ভাবিতে পারি। গতি ব্ঝিতে গেলেই হুইটি পদার্থের আবশুক।
সম্পয় সমষ্টিজগৎ এক অথগুসভাশ্বরূপ, উহার গতি অসম্ভব। কাহার সহিত
তুলনায় উহার গতি হুইবে? উহার পরিণাম হয়, তাহাও বলিতে পারা যায়
না। কাহার সহিত তুলনায় উহার পরিণাম হইবে? অতএব সেই সমষ্টি
সত্তা নিরপেন্দ, কিছু উহার অন্তর্গত প্রভ্যেক অণ্ট নিরম্ভর গতিশীল; একই
সময়ে উহা পরিণামী ও অপরিণামী, সঞ্জণ নিগুণ হুই-ই। ইহাই আমাদের
জগৎ, গতি এবং ঈশ্বর সম্বন্ধে ধারণা, 'ত্রুমিসি'র অর্থও ইহাই। আমাদিগকে
আমাদের স্বরূপ জানিতে হুইবে।

সগুণ মাহ্য তাহার উৎপত্তিস্থল ভূলিয়া যায়, যেমন সম্দ্রের জল সম্দ্র হইতে বাহির হইয়া আদিয়া সম্পূর্ণ স্বতন্ত্র হইয়া থাকে। এইরূপ আমরা সগুণ হইয়া, ব্যষ্টি হইয়া আমাদের প্রকৃত স্বরূপ ভূলিয়া গিয়াছি, আর অহৈতবাদ আমাদিগকে এই বিভিন্নরূপে প্রতীয়মান জগৎকে ত্যাগ করিতে শিক্ষা দেয়

না, উহা কি তাহাই ব্ঝিতে বলে। আমরা সেই অনম্ভ প্রুষ, সেই আছা। আমরা, অগত্বরূপ, আর এই অল সম্ভ হইতে উৎপর, উহার সন্তা সমৃত্রের উপর নির্ভর করিতেছে, আর বাত্তবিকই উহা সম্জ — সমৃত্রের অংশ নহে, সমৃদর সমৃত্রেরপর কারণ যে অনস্ত শক্তিরাশি ব্রহ্মাণ্ডে বর্তমান, তাহার সমৃদরই তোমার ও আমার। তুমি আমি, এমন কি প্রত্যেক ব্যক্তিই বেন কতকগুলির প্রণালীর মতো— বাহাদের ভিতর দিয়া সেই অনম্ভ সন্তা আপনাকে অভিব্যক্ত করি:তেছে; আর এই যে পরিবর্তনসমন্তিকে আমরা 'কেমবিকাশ' নাম দিই, তাহারা বাত্তবিক পক্ষে আত্মার নানারণ শক্তিবিকাশ মার। কিন্তু অনম্ভের এ-পারে — সাস্ভ জগতে আত্মার সমৃদর শক্তির প্রকাশ হর্রা অসম্ভব। আমরা এখানে ষ্টেই শক্তি, জ্ঞান বা আনন্দলাভ করি না কেন, উহারা কথনই এ-জগতে সম্পৃত্রিত পারে না। অনম্ভ সন্তা, অনম্ভ শক্তি, অনম্ভ আনন্দ আমাদের রহিয়াছে। এগুলি যে আমরা উপার্জন করিব, তাহা নহে; এগুলি আমাদের ভিতরেই রহিয়াছে, প্রকাশ করিতে হইবে মাত্র।

অবৈত্বাদ হইতে এই এক মহৎ সত্য পাওয়া ঘাইতেছে, এবং ইহা বুঝা বড় কঠিন। আমি বাল্যকাল হইতে দেখিয়া আসিতেছি, সকলেই ত্বলতা শিক্ষা দিতেছে; জন্মাবধি শুনিয়া আসিতেছি, আমি ত্বল। এখন আমার পক্ষে আমার অকীয় অন্তনিহিত শক্তি উপগলি করা কঠিন হইয়া পড়িয়াছে, কিন্তু যুক্তিবিচারের ঘারা দেখিতে পাইতেছি, আমাকে আমার নিজের অন্তনিহিত শক্তি সম্বন্ধে জ্ঞানলাভ করিতে হইবে মাত্র, তাহা হইলেই স্বহুয়া গেল। এই জগতে আমরা যে-সকল জ্ঞান লাভ করি, তাহারা কোখা হইতে আসে? উহারা আমাদের ভিতরই রহিয়াছে। কোন জ্ঞান কি বাহিরে আছে?—আমাকে এক বিন্দু দেখাও তো। জ্ঞান কখনও জড়ে ছিল না, উছা বরাবর মাহুয়ের ভিতরেই ছিল। জ্ঞান কেহ কখনও স্বান্ত করে, নিই রহিয়াছে। এই হে ক্রোশব্যাপী বৃহৎ বটবৃক্ষ, তাহা ও সূর্বপ্রীজের অন্তমাংশের তুল্য ক্স্তু বীজে ছিল—এ মহাশক্তিরাণি উহার ভিতরে নিহিত্ত রহিয়াছে। আমরা জানি, একটি জ্বীবাণ্কোযের ভিতর সকল শক্তি, প্রখর বৃদ্ধি ক্রুনীকৃত হইয়া অবহান করে; তবে অনন্ত শক্তি কেন না

তাহাতে থাকিতে পারিবে ? আমরা জানি, তাহা আছে। প্রহেলিকাবৎ বোধ হইলেও ইহা সত্য। আমরা সকলেই একটি জীবাণুকোবে, হইতে উৎপন্ন হইন্নাছি, আর আমাদের বাহা কিছু শক্তি রহিন্নাছে, তাহা ঐ জীবাণুকোবেই কুণ্ডলীভূত হইন্নাছিল। তোমরা বলিতে পার না, উহা খাজ হইতে প্রাপ্ত; রাশীক্ষত থাল লইন্না খাজের এক পর্বত প্রস্তুত কর, দেখ তাহা হইতে কি শক্তি বাহির হন্ন! আমাদের ভিতর শক্তি পূর্ব হইতেই অস্তর্নিহিত ছিল, অব্যক্তভাবে কিন্তু উহা ছিল নিশ্রুই; অভএব সিদ্ধান্ত এই অম্বর্মের আত্মাতেই অনস্ত শক্তি রহিন্নাছে, মাহ্ব উহার সক্ষে না জানিলেও উহা রহিন্নাছে, কেবল উহাকে জানিবার অপেক্ষামাত্র। খীরে ধীরে ঐ অনস্তশক্তিমান্ দৈত্য ধেন জাগরিত হইন্না নিজ্পক্তি সম্বন্ধে সচেতন হইতেছে, আর বতই দে এই জ্ঞানলাভ করিতেছে, ততই তাহার বন্ধনের পন্ন বন্ধন থসিয়া যাইতেছে, শৃত্বল ছিড্না যাইতেছে, আর এমন একদিন অবশ্রু আনিবে, বখন এই অনস্বন্ধান অহভূত হইবে, তখন জ্ঞানবান্ ও শক্তিমান্ হইন্না এই মাহ্ব দাডাইন্না উঠিবে। এস, আমরা সকলে সেই অবস্থা আনয়ন করিবার জন্ম গাহায় করি।

কৰ্মজীবনে বেদান্ত

—চতুর্থ প্রস্তাব

[লঙনে প্রদত্ত বঞ্ডা, ১৮ই নভেম্বর, ১৮৯৬]

আমরা এ পর্যন্ত সমষ্টির আলোচনাই করিয়া আসিয়াছি। অন্ত প্রাতে আমি তোমাদের সমক্ষে ব্যষ্টির সহিত সমষ্টির সম্বন্ধ বিষয়ে বেদান্তের মত বলিতে চেষ্টা করিব। আমরা প্রাচীনতর দৈতবাদায়ক বৈদিক মত দেখিতে পাই, প্রত্যেক জীবের একটি নির্দিষ্ট স-সীম আত্মা আছে, প্রত্যেক জীবে অবস্থিত এই বিশেষ আত্মা সম্বন্ধে অনেক প্রকার মতবাদ প্রচলিত। কিন্তু প্রাচীন বৌদ্ধ ও প্রাচীন বৈদান্তিকদিগের মধ্যে প্রধান বিচার্য বিষয় ছিল এই বেদান্তিকেরা সম্বংপূর্ণ জীবাত্মাতে বিশ্বাদ করিতেন, বৌদ্ধেরা

এরপ জীবান্ধার অন্তিছ একেবারে অস্থীকার করিতেন। আমি সেদিন তোমাদ্বিগকে বলিয়াছি, ইপ্রাণে ত্রবা-গুল সম্বন্ধ বে বিচার চলিয়াছিল, এ ঠিক ভাহারই মতো। একদলের মতে গুণগুলির পশ্চান্তে ত্রব্যরূপী কিছু আছে, বাহাতে গুণগুলি লাগিয়া থাকে, আর এক মতে ত্রব্য স্থীকার করিবার কিছুমাত্র আবগুকতা নাই, গুণগুলি নিজেরাই থাকিতে পারে। অবশু আত্মা সম্বন্ধে সর্বপ্রাচীন মত্র 'আমি আমিই' 'আত্মার ঐক্য'-রূপ যুক্তির উপর ছাপিত; —কল্যকার যে-আমি, আঙ্গও সেই আমি, আর অভ্যকার আমি আবার আগ্যামী কল্যের আমি হইব, শরীরে যে-সকল পরিণাম হইয়াছে, দেগুলি সন্ত্রেও আমি বিশাস করি বে, আমি সর্বদাই একরূপ। বাহারা সীমাবদ্ধ অথচ স্বয়ংপূর্ণ জীবাত্মায় বিশাস করিতেন, ইহাই তাঁহাদের প্রধান ঘুক্তি ছিল বিশ্যা বোধ হয়।

অপর্দিকে, প্রাচীন বৌদ্ধগণ এইরপ জীবায়া স্বীকার করিবার প্রয়োজন অস্থীকার করিতেন। তাঁহারা এই যুক্তি দেখাইতেন যে, আমরা কেবল এই পরিণামগুলিই জানি এবং এই পরিণামগুলি ব্যতীত আর কিছু জানা আমাদের পক্ষে সম্ভব নয়। একটি অপবিবর্তনীয় ও অপবিণামী দ্রব্য স্বীকার করা বাছল্য-মাত্র, আর বাগুবিক যদি এরঞ্জ অপরিণামী বস্ত কিছু থাকে, আমরা কথনই উহাকে বুঝিতে পাতিব না, আর কোনরূপে কখনও উগাকে প্রত্যক্ষ করিতে পারিব না। বর্তমানকালেও ই ওরোপে ধর্মবাদী ও বিজ্ঞানবাদী এবং আধুনিক প্রত্যক্ষবাদী ও অজ্যেবাদীদের ভিতর সেইরূপ বিচার চলিতে ছে। একদলের বিশাদ, অপরিণামী পদার্থ কিছু আছে—ইহাদের দর্বশেষ প্রতিনিধি হার্বাট স্পেলার। তিনি বলেন, আমরা যেন অপরিণামী কোন পদার্থের আভাস পাইয়া থাকি। অপর মতের প্রতিনিধি কোম্তের বর্তমান শিশ্বগণ ও আধুনিক অক্সেয়বাদিগণ। কয়েক বংদর পূর্বে মি: ফ্রেডেরিক হ্যারিদন ও মিঃ ছার্বার্ট স্পেন্সারের মধ্যে যে তর্ক হইয়াছিল ভোমাদের মধ্যে যাহার৷ উহা আগ্রহের সহিত আলোচনা করিয়াছিলে, ভাহারা দেখিয়া থাকিবে ইহাতেও সেই পুরাতন সমস্তা বিভামান; একদল পরিণামী বস্তুদমূহের পশ্চাতে কোন অপরিণামী সন্তার অন্তিত্ব স্থীকার করিতেছেন, অপর দল এরপ অহুমান

> Religionist, idealist, replist, agnostic

করিবার আবশুকতাই অধীকার করিতেছেন। একদল বলিতেছেন, আমরা অপরিণামা সন্তার ধারণা ব্যতীত পরিণাম ভাবিতেই পারি না; অপর দল যুক্তি দেখান: এরূপ স্বীকার করার কোন প্রয়োজন নাই, আমরা কেবল পরিণামী পদার্থেরেই ধারণা করিতে পারি; অপরিণামা সন্তাকে আমরা জানিতে, অমুভব করিতে বা প্রত্যক্ষ করিতে পারি না।

ভারতে এই মহান্ প্রশ্নের সমাধান অতি প্রাচীন কালে পাওয়া যায় নাই, কারণ আমরা দেখিয়াছি গুণসমূহের পশ্চাতে অবস্থিত অথচ গুণভিন্ন পদার্থের সন্তা কথনই প্রমাণ করা যাইতে পারে না; শুধু ভাহাই নহে, 'আস্মার এক্য'রূপ প্রমাণ—শ্বতি হইতে আস্মার অন্তিথের যুক্তি—কালও যে আমি ছিলাম, আজও দেই আমি আছি; কারণ আমার উহা শ্বরণ আছে, অতএব আমি বরাবর আছি—এই যুক্তিও কোন কাজের নহে। আর একটি যুক্তি, যাহা সচরাচর উপস্থাপিত হইয়া থাকে, তাহা কেবল কথার মারপ্যাচ। 'আমি যাই,' 'আমি থাই,' 'আমি মাই,' 'আমি ঘাই,' 'আমি ঘাই,' 'আমি হল'— এইরূপ কতকগুলি বাক্য লইয়া তাঁহারা বলেন—করা, যাওয়া, ম্বপ্ন দেখা, এ-সব বিভিন্ন পরিণাম বটে, কিন্তু উহাদের মধ্যে 'আমি'টি নিত্যভাবে রহিয়াছে, এইরূপে তাঁহারা দিছাস্ত করেন যে, এই 'আমি' নিত্য ও নিজেই একটি ব্যক্তি আর ঐ পরিণামগুলি শরীরের ধর্ম। এই যুক্তি আপান্ততঃ খুব উপাদের ও স্বম্পাষ্ট বোধ হইলেও বান্তবিক উহা কেবল কথার মারপ্যাচের উপর স্থাপিত। এই 'আমি' এবং করা, যাওয়া, স্বপ্ন দেখা প্রভৃতি কাগজে-কলমে পৃথক্ হইতে পারে, কিন্তু মনে কেইই ইহাদিগকে পৃথক্ করিতে পারে না।

ষধন আমি আহার করি, থাইতেছি বলিয়া চিন্তা করি, তথন আহারকার্বের সহিত আমার একাত্মভাব হইয়া যায়। যথন আমি দৌড়াইতে থাকি,
তথন 'আমি' ও 'দৌড়ানো' ছইটি পৃথক্ ভাব থাকে না। অতএব এই যুক্তি বড়
দৃঢ় বলিয়া বোধ হয় না। যদি শ্বতিদ্বারা অংস্তত্মের অভিয়তা প্রমাণ করিতে
হয়, তবে আমার যে-সকল অবস্থা ভূলিয়া গিয়াছি, সেই-সকল অবস্থায় আমি
ছিলাম না বলিতে হয়। আর আমরা জানি, অনেকে বিশেষ অবস্থায় সমৃদ্য়
অতীতের কথা একেবারে বিশ্বত হইয়া যায়। দেখা যায় অনেক উন্মাদরোগগ্রন্থ ব্যক্তি নিজেদের কাচনির্মিত অথবা কোন পশু বলিয়া ভাবে। যদি
শ্বতির উপর সেই ব্যক্তির অতিত্ব নির্ভর করে, তাহা হইলে সে অবশ্র কাচ

অথব। পশুবিশেষ হইয়া গিয়াছে, বলিতে হইবে; কিন্তু বাত্তবিক বখন তাহা হয় নাই, তখন আমরা এই শৃতিবিষয়ক অকিঞ্চিৎকর যুক্তির উপর অহংভাবের অভিনতা হাপন করিতে পারি না। তবে কি দাঁড়াইল গু দাঁড়াইল এই যে, দীমাবদ্ধ অথচ সম্পূর্ণ ও নিত্য অহং-এর অভিনতা আমরা গুণসমূহ হইতে পৃথক্ভাবে হাপন করিতে পারি না। আমরা এমন কোন সংকীর্ণ দীমাবদ্ধ অভিত্ব প্রমাণ করিতে পারি না, যাহার সহিত গুণগুলি লাগিয়া রহিয়াছে।

অপর পক্ষে প্রাচীন বৌদ্দের এই মত দৃঢ়তর বলিয়া বোধ হয় যে, গুণসমূহের অতিরিক্ত কোন বস্তুর সম্বন্ধে আমরা কিছু জানি না এবং জানিতেও পারি না। তাঁহাদের মতে অহুভূতি ও ভাবরূপ কতকগুলি গুণের সমষ্টিই আত্মা। এই গুণরাশিই আত্মা, আর উহারা ক্রমাগত পরিবর্তনশীল। অবৈতবাদের ধারা এই উভয় মতের সমন্বয় সাধিত হয়।

অবৈতবাদের দিকান্ত এই: আমরা বস্তকে গুণ হইতে পৃথক্রণে চিম্বা করিতে পারি না, এ-কথা সত্য, এবং পরিণাম ও অপরিণাম—এ-ত্ইটিও একসঙ্গে ভাবিতে পারি না। এরপ চিম্বা করা অসন্তব। কিন্তু বাহাকেই বস্ত বলা হইতেছে, তাহাই গুণস্বরূপ। দ্বর্য ও গুণ পৃথক্ নহে। অপ্রিণামী বস্তুই পরিণামরূপে প্রতিভাত হইতেছে। এই অপরিণামী সত্তা পরিণামী জগৎ হইতে সম্পূর্ণ স্বতম্ব নয়। পারমার্থিক সত্তা ব্যাবহারিক সত্তা হইয়াছে। অপরিণামী আত্মা আছেন, আর আমরা বেগুলিকে অহভূতি, ভাব প্রভৃতি বলিয়া থাকি, এমন কি এই শরীর পর্যন্ত দেই আত্মন্বরূপ, কিন্তু বাত্তবিক আমরা এক সমরে তৃই বন্ধ অন্তত্ত্ব করি না, একটিই করিয়া থাকি।

ষ্থন আমি নিজেকে শরীর বলিয়া চিস্তা করি, তথন আমি শরীরমাত্ত; 'আমি ইহার অভিরিক্ত কিছু' বলা বুথা। আর যথন আমি নিজেকে আত্মা বলিয়া চিস্তা করি, তথন দেহ কোথার উড়িয়া যায়, দেহাস্থভূতি আর থাকে না। দেহজ্ঞান দ্র না হইলে কথন আত্মাস্থভূতি হয় না। গুণের অম্ভূতি চলিয়া না গেলে কেহই বস্তু অমুভব করিতে পারে না।

এইটি পরিকার করিয়া ব্যাইবার জন্ম অধৈতবাদীদের প্রাচীন রজ্জ্-সর্পের দৃষ্টান্ত গ্রহণ করা যাইতে পারে। যথন লোকে দড়িকে সাপ বলিয়া ভূল করে, তথন তাহার পক্ষে দড়ি উড়িয়া বায়; আর যথন দে উহাকে যথার্থ দড়ি বলিয়া বাধ করে, তথন তাহার সর্পজ্ঞান কোথায় চলিয়া বায়, তথন কেবল দঙ্টিই অবশিষ্ট থাকে। বিশ্লেষণপ্রণালী অন্থদরণ করাতেই আমাদের এই বিদ্ধ বা বা বিজের অন্থভুতি হইয়া থাকে। বিশ্লেষণের পর এগুলি পুস্তকে লিখিত হইয়াছে। আমরা ঐ-সকল গ্রন্থ পাঠ করিয়া অথবা উহাদের সম্বন্ধ শ্রেবণ করিয়া এই লমে পড়িয়াছি বে, সতাই বুঝি আমাদের আত্মা ও দেহ ত্য়েয়ই একত্র অন্থভব হইয়া থাকে; বাস্তবিক কিছ তাহা কথনও হয় না। হয় দেহ, নয় আত্মার অন্থভব হইয়া থাকে। উহা প্রমাণ করিতে কোন যুক্তির প্রেল্ডন হয় না। নিজের মনে মনেই ইহা পরীক্ষা করিতে পারা যায়।

তুমি নিজেকে দেহণুক্ত আত্মা বলিয়া ভাবিতে চেটা কর, দেখিবে—ইহা প্রায় অসম্ভব, আর যে অল্লসংখ্যক ব্যক্তির পক্ষে ইহা সম্ভব, তাঁহারা যথন নিজ্বদিগকে আত্মা-রূপে অমুভব করেন, তখন তাঁহাদের দেহবোধ থাকে না। তোমরা হয়তো দেখিয়াছ বা ভনিয়াছ, অনেক ব্যক্তি সম্মোধন (hypnorism)-প্রভাবে অথবা মৃগীরোগ বা অন্ত কোন কারণে সময়ে সময়ে একপ্রকার বিশেষ অবস্থা লাভ করে। তাহাদের অভিজ্ঞতা হইতে জানিতে পারা যায়; তথন তাহারা ভিতরে কিছু অমুভব করিতেছিল, এবং তাহাদের বাহ্যজ্ঞান একেবারেই ছিল না। ইহা হইতেই বোধ হইতেছে—অভিত্ব একটি, ছুইটি নয়। দেই 'এক' নানারণে প্রতীয়মান হইতেছেন, আর এ-সকলের মধ্যে কার্যকারণ-সমন্ধ আছে। কার্যকারণ-সমন্ধের অর্থ পরিণাম, একটি অপরটিতে পরিণত হয়। সময়ে সময়ে ধেন কারণের অন্তর্ধান হয়, দেই স্থানে কার্য অংশিষ্ট থাকে। যদি আহা দেহের কারণ হন, তবে যেন কিছুক্লের জক্ত তাঁহার অন্তর্ধান হয়, সেই স্থানে দেহ অবশিষ্ট থাকে, আর যথন শরীরের অন্তর্ধান হয় তখন আত্মা অবণিষ্ট থাকেন। এই মাত বৌদ্ধদের মত খণ্ডিত হইবে। আত্মা ও শরীর—এই হুইটি পুথক্, এই অন্থমানের বিরুদ্ধে বৌদ্ধেরা তর্ক করিতে-ছিলেন। অবৈতবাদের দার। এই দৈতভাব অশীকৃত হওয়ায় এবং দ্রব্য ও গুণ একই বস্তুর বিভিন্ন রূপ প্রদর্শিত হওয়ায় তাঁংাদের মত খণ্ডিত হইল।

আমরা ইহাও দেখিয়াছি যে, অপরিণামিত কেবল সমষ্টি সহদ্ধেই প্রমাণিত হুইতে পাবে, ব্যাষ্ট-সম্বান্ধ নয়। পরিণাম—গতি, এই ভাবের সহিত বাষ্টির ধারণা জড়িত। যাহা কিছু সসীম, তাহাই পরিণামী; অপর কোন সসীম পদার্থ বা অসীমের সহিত ত্লনার তাহার পরিণাম চিম্বা করা বাইতে পারে, কিম্ব সমষ্টি অপরিণামী; সমষ্টি ছাড়া অক্ত কিছুই নাই, বাহার সহিত ত্লনা করিয়া সমষ্টির পরিণাম বা গতি চিম্বা করা বাইবে; পরিণাম কেবল অপর কোন অলপরিণামী বা একেবারে অপরিণামী পদার্থের সহিত ত্লনায় চিম্বা করা বাইতে পারে।

অতএব অধৈতবাদ-মতে সর্বব্যাপী, অপরিণামী, অমর আতার অন্তিত্ব ম্থাসম্ভব প্রমাণ করা বাইতে পারে। ব্যষ্টি-সম্বন্ধেই গোলমাল। আমাদের প্রাচীন বৈতবাদাত্মক মতগুলির কি হইবে, যেগুলি আমাদের উপর এত প্রভাব বিস্তার করিয়াছে ? সসীম, ক্ষুদ্র, ব্যক্তিগত আতা সম্বন্ধে কি হইবে ?—ইহাই প্রশ্ন।

আমরা দেখিয়ছি, সমষ্টিভাবে আমরা অমর, কিন্তু সমস্যা এই—আমরা কুদ্র বাজি-হিদাবেও অমর হইতে ইচ্ছুক। তাহার কি হইবে । আমরা দোখয়াছি, আমরা অমন্ত আর উহাই আমাদের যথার্থ ব্যক্তিত্ব। কিন্তু আমরা এই-দকল কুদ্র আআকেই বাজিরণে গ্রহণ করিয়া রাখিতে চাই। দেই-সকল কুদ্র ব্যক্তিত্বের কি হইবে । প্রতিদিনের অভিজ্ঞতা হইতে আমরা দেখিতে পাই, ইহাদের ব্যক্তিত্ব আছে বটে, কিন্তু এই ব্যক্তিত্ব আমরা দেখিতে পাই, ইহাদের ব্যক্তিত্ব আছে বটে, কিন্তু এই ব্যক্তিত্ব কমবিকাশণীল; এক বটে, অথচ ঠিক এক নহে, কল্যকার 'আমি' অভকার 'আমি' বটে, আবার না-ও বটে। একটু পরিবর্তন হইয়াছে। পরিবর্তনের ভিতরে অপরিবর্তনীয় কিছু আছে—এই বৈত্বাদী মত পরিত্যক্ত হইল, আর খ্ব আধুনিক ভাব, যথা ক্রমবিকাশবাদ গ্রহণ করা হইল। দিল্লান্ত হইল, উহার পরিণাম হইতেছে বটে, কিন্তু উহারই ভিতরে একটি অভিয়-ভাব রহিয়াছে, বাহা সতত বিকাশণীল।

যদি ইহা সত্য হয় যে, মাহ্য মাংসল জীববিশেষের (mollusc) পরিণামমাত্র, তবে দেই জীব ও মাহ্য একই পদার্থ, কেবল মাংসল জীব বহুপরিমাণে
বিকশিত হইয়াছে। দেই কৃত্র জীব ক্রমশং বিকাশপ্রাপ্ত হইতে হইতে
জনজের দিকে চলিয়াছে, এখন মাহ্যক্রপ ধারণ করিয়াছে। অতএব সীমাবদ্ধ
জীবাত্মাকেও ব্যক্তি বলা বাইতে পারে; তিনি ক্রমশং পূর্ণ ব্যক্তিত্বে দিকে
অগ্রদর হইতেছেন। পূর্ণ ব্যক্তিত্ব তখনই লাভ হইবে, যখন তিনি অনত্তে
পৌছিবেন, কিছ দেই অব্যালাভের পূর্বে তাঁহার ব্যক্তিত্বের ক্রমাগত পরিণাম,
ক্রমাগত বিকাশ হইতেছে।

পূর্ববর্তী মতবাদগুলির সমন্বয়-সাধন করাই অবৈভবেদান্তের অক্সতম বিশেষত্ব। অনেক সময় ইহাতে এই দর্শনের অনেক উপকার হইয়াছিল, আবার কোথাও কোথাও ক্ষতিও হইয়াছে। বর্তমান কালে ক্রমবিকাশ-বাদীদের যে মত, আমাদের প্রাচীন দার্শনিকগণ তাহা জানিতেন, তাঁহারা ব্ঝিতেন, দর্শন-চিন্তাও ধীরে ধীরে গড়িয়া ওঠে। এই কারণেই পূর্ব পূর্ব দর্শন-প্রণালীর মধ্যে একটি সামঞ্জ্য বিধান করা তাঁহাদের পক্ষে সহজ হইয়াছিল। কোন ভাবই পরিত্যক্ত হয় নাই। বৌদ্ধদের একটি বিশেষ দোব এই যে, তাঁহারা ক্রমোন্নতি ব্ঝিতেন না, স্কতরাং আদর্শে পৌছিবার পূর্ববর্তা সোপান-গুলির সহিত নিজেদের মতের সামঞ্জ্য করিবার কোন চেষ্টা করেন নাই। বরং পূর্বমত গুলিকে নির্থক ও অনিষ্টকর বলিয়া পরিত্যাগ করিয়াছিলেন।

ধর্মদণতে এই প্রকার মনোভাব অত্যন্ত অনিষ্টকর। কোন ব্যক্তি
একটি নৃতন ও ভাল ভাব পাইল। তথন সে ভাহার পুরাতন ভাবগুলির
দিকে দৃষ্টিপাত করিয়া দিদ্ধান্ত করে—এগুলি অনিষ্টকর ও অনাবশুক। সে
কথন ভাবে না যে, ভাহার বর্তমান দৃষ্টি হইতে সেগুলি ষতই বিদদৃশ
বোধ হউক না কেন, ভাহার পক্ষে এক সময়ে ঐগুলি অত্যাবশুক ছিল,
ভাহার বর্তমান অবস্থায় পৌছিতে এগুলি বিশেষ প্রয়োজনীয় ছিল, আর
আমাদের প্রত্যেককে এভাবেই আত্মবিকাশ করিতে হইবে, প্রথমে স্থুলভাব
গ্রহণ করিয়া ভাহার সাহায্যে উপকৃত হইয়া উচ্চতর অবস্থায় আরোহণ
করিতে হইবে। এইজন্ত প্রাচীনতম মতগুলির সহিত অবৈতবাদের কোন বিরোধ
নাই, এবং দৈতবাদ ও যে-সব মত ভাহার পূর্বে ছিল, সকলেরই উপর
অবৈতবাদীর প্রীতির ভাব—কোনরূপ অন্থ্রহ বা পৃষ্ঠপোষকভার ভাব নয়।
অবৈতবাদীর ধারণা সেগুলিও সত্য, একই সভাের বিভিন্ন বিকাশ, আর
অবৈতবাদ যে-সিদ্ধান্তে পৌছিয়াছে, অন্থান্ত সেই সিদ্ধান্তে উপনীত
হইবে।

অতএব মাস্থকে ধে-সকল সোপানশ্রেণী অতিক্রম করিয়া উঠিতে হয়, সেগুলিকে অভিশাপ না করিয়া আশীর্বাদসহ রক্ষা করিতে হইবে। এইজ্ঞ বেদাস্তে এই-সকল ভাব যথায়থ রক্ষিত হইয়াছে, পরিত্যক্ত হয় নাই। এইজ্ঞাই বৈত্রাদসমত সসীম অথচ পূর্ণজীবাত্মার ধারণাও বেদাস্তে স্থান পাইয়াছে। বৈতবাদ অহুসারে মৃত্যু হইলে মাছ্র অক্সান্ত লোকে গমন করে, এই-সকল ভাবও বেদান্তে সম্পূর্ণ রক্ষিত হইয়াছে, কারণ অবৈতবাদ স্বীকার করিয়া এই মতগুলিকেও তাহাদের যথাছানে রক্ষা করা যাইতে পারে, কেবল এইটুকু মানিতে হইবে বে, উহারা প্রকৃত সত্যের আংশিক বর্ণনামাত্র।

বদি তুমি বিশেষ দৃষ্টিকোণ হইতে দেখ, তবে একটি দিক—একটি অংশই তোমার চোথে পড়ে, এবং জগৎ তোমার নিকট এইভাবেই প্রতীয়মান হইবে। বৈতবাদীর দৃষ্ট হইতে এই জগৎ কেবল পদার্থ ও শক্তির স্বষ্টিরপেই দৃষ্ট হইতে পারে; উহাকে কোন বিশেষ ইচ্ছাশক্তির ক্রীড়ারপেই চিন্তা করা ঘাইতে পারে, আর সেই ইচ্ছাশক্তিকেও জগৎ হইতে পৃথক্রপেই দেখা সম্ভব। এই দৃষ্টিভন্নী হইতে মাহ্যয় নিজেকে আত্মা ও দেহ এই দ্রের সমষ্টিরপেই চিন্তাকরে; এই আত্মা সদীম হইলেও পূর্ণ। এরপ ব্যক্তির অমরত্ব ও অক্সান্ত বিষয় সম্বন্ধে যে ধারণা, তাহাও সেই আত্মাতেই প্রযুক্ত হইবে। এইজন্মই এই মতগুলি বেদান্তে স্ব্রক্ষিত হইয়াছে এবং এইজন্মই হৈতবাদীদের মধ্যে প্রচলিত সাধারণ মতগুলিও তোমাদের নিকট বলা প্রয়োজন।

এই মতাম্দারে অবশ্য আমাদের একটি সূল শরীর আছে; এই সুলশরীরের পশ্চাতে স্ক্র্মনীর। এই স্ক্র্মনীরও ভৌতিক, তবে উহা থ্র স্ক্র্মভূতে নির্মিত। উহা আমাদের সমৃদ্য় কর্মের আধারশ্বরূপ। সমৃদ্য় কর্মের সংস্কার এই স্ক্র্মনারীরে বর্তমান—সংস্কারগুলি সর্বদাই ফল প্রদান করিতে উন্থুপ হইয়া আছে। আমরা বাহা কিছু চিন্তা করি, আমরা বে-কোন কার্য করি, তাহাই কিছুকাল পরে স্ক্ররূপ ধারণ করে,—বেন বীজভাব প্রাপ্ত হয়, এবং এই শরীরে অব্যক্তভাবে অবস্থান করে, কিছুকাল পরে আবার বাহিরে প্রকাশিত হইয়া ফল প্রদান করে। মাহুষের দারা জীবনটাই এইরূপ। সে নিজ্মের অদ্য নিজেই গঠন করে। মাহুষের দারা জীবনটাই এইরূপ। সে নিজের অদ্য নিজেই গঠন করে। মাহুষ আর কোন নিয়মে আবা বন্ধ নর, সে আপনার নিয়মে—আপনার জালে বন্ধ। আমরা বে-সকল কর্ম করি, আমরা ব্রে-সকল চিন্তা করি, সেগুল আমাদের বন্ধনজালের স্ক্রমাত্র। একবার কোন, শক্তিকে চালাইয়া দিলে তাহার শেষ পরিণতি পর্যন্ত আমাদিগকে অবশ্যই ভোগ করিতে হইবে। ইহাই কর্মবিধান। এই স্ক্র্ম শরীরের পশ্চাতে দদীম জীবাজ্মা রহিয়াছেন। এই জীবাজ্মার কোন আকৃতি আছে কি-না, ইহা অব্, রহৎ বা মধ্যম আকারের—এ-বিষয়ে অনেক তর্কবিতর্ক চলিয়াছে।

কোন কোন সম্প্রদায়ের মতে ইহা অণু, অপরের মতে ইহা মধ্যম এবং অক্তান্ত সম্প্রদায়ের মতে ইহা বিস্থা এই জীব সেই অনম্ভ সন্তার এক অংশরার, আর উহা অনম্ভকাল ধরিয়া রহিয়াছে। উহা অনাদি, উহা সেই সর্বব্যাপী সন্তার এক অংশরুপে অবস্থান করিতেছে। উহা অনম্ভ। আর উহা নিজের প্রকৃত স্বরূপ, শুরুভাব প্রকাশ করিবার জ্ব্যু নানা দেহের মধ্য দিয়া অগ্রসর হইতেছে। যে-কার্যের ঘারা এই প্রকাশ ব্যাহত হয়, তাহাকে অসৎ কার্য বলে; চিম্ভাসম্বন্ধেও তদ্ধপ। আর বে-কার্য বা যে-চিম্ভা বলে। কিন্তু ভারতের অতি নিম্নত্য হৈত্যাদী এবং অতি উন্নত অবৈত্যাদী—সকলেরই মত এই যে, আত্মার সমৃদ্য শক্তি ও ক্ষমতা তাহার ভিতরেই রহিয়াছে, অন্ত কোথাও হইতে আদে না, আত্মাতে ঐ শক্তিপুঞ্জ অব্যক্তভাবে থাকে, আর আমাদের সমৃদ্য় জীবনের কার্য কেবল ঐ অব্যক্ত শক্তিগুলিকে বিকশিত করা।

তাঁহারা পুনর্জন্মবাদও মানিয়া থাকেন—এই দেহের ধ্বংস হইলে জীব আর এক দেহ লাভ করিবে, আবার সেই দেহনাশের পর আর এক দেহ, এইরূপই চলিবে। জীব এই পৃথিবীতেও জন্মাইতে পারে, অন্ত লোকেও জ্মাইতে পারে। তবে এই পৃথিবীকেই সকলের আগে পছন্দ করা হয়— আমাদের উদ্দেশ্য সাধনের জন্ম এই পৃথিবীই শ্রেষ্ঠ স্থান। অন্ত্যান্ত লোকে তু:খকষ্ট থুব সামাক্ত আছে বটে, কিছু সাধকেরা বলেন ষে, এজক্তই সেই-সকল লোকে উচ্চতর বিষয় চিস্তা করিবার হুধোগও অল্প। এই জগতে বেশ সামঞ্জ আছে, অনেক তৃ:ধও আছে, আবার কিছু স্থও আছে, স্তরাং জীবের এখানে কখন না কখন মোহনিদ্রা ভাঙিবার সম্ভাবনা, কখন না কখন তাহার মৃক্তিলাভের ইচ্ছার সম্ভাবনা আছে। কিন্তু যেমন এই পৃথিবীতে খুব ধনী ব্যাক্ত:দর উচ্চতর বিষয় চিস্তা করিবার স্থােগ অতি অল, সেইরূপ .এই জীব যদি স্বর্গে যায়, সেখানে ভাহারও আত্মোন্নতির সম্ভাবনা নাই। ভধু এধানে ষে-স্থ, দেখানে তাহাই তীব্ৰতয়; স্ক্লদেহে কোন ব্যাধি থাকিবে না, ক্ষাতৃষ্ণা থাকিবে না, সকল বাসনাই পরিপূর্ণ হইবে। জীব সেখানে হুখের পর হুখ সম্ভোগ করে এবং নিজের স্বরূপ ও উচ্চভাব---সব ভুলিয়া ভথাপি এই-সকল উচ্চতর লোকে কেহ কেহ আছেন, বাহারা

এই-সকল ভোগসংকও সেধান হইতে আরও উচ্চতর ভাবে আরোহণ করেন,। এক প্রকার কুলদুলা বৈত্রাদীরা উচ্চত্রম অর্গকেই চরম লক্ষ্য বিবেচনা করিরা থাকেন, জীবাআগণ দেই অর্গে চিরকাল ভগবানের সহিত বাদ করিবেন। দেখানে তাঁহারা দিবাদেহ লাভ করিবেন— তাঁহাদের আর রোগ শোক মৃত্যু বা আন্ত কোনক্রণ অভভ থাকিবে না। তাঁহাদের সকল বাসনা পরিপূর্গ হইবে; এবং তাঁহারা চিরকাল দেখানে ভগবানের সহিত বাদ করিবেন। সময়ে সমার তাঁহাদের মধ্যে কেছ কেছ পৃথিবীতে আসিয়া দেহধারণ করিয়া লোকশিক্ষা দিবেন, আর জগতের শ্রেষ্ঠ ধর্মাচার্ধাণ সকলেই অর্গ হইতে আসিয়াছিলেন,—এই তাঁহাদের মত। পূর্বেই মৃক্ত হইয়া এই লোকগুক্রণ ভগবানের সহিত এক লোকে বাদ করিছেছিলেন, কিন্ত চুংখার্ড মানবজাতির প্রতি অত্যন্ত কুপারণতঃ তাঁহারা এথানে আদিয়া পুনরায় দেহধারণ করিয়া মাহবকে অর্গের পথ-সম্বন্ধে উপদেশ দেন। তাঁহারা অন্তান্ত উচ্চতর—দেবতাদের লোকসমৃহত্তে গমন করিয়া থাকেন।

অবশ্য অবৈত্রবাদী বলেন, এই ম্বর্গ কখন আমাদের চরম লক্ষ্য হইতে পাবে না। দেহশূলভাবই আমাদের চরম লক্ষ্য হওয়া উচিত। আমাদের লক্ষ্য বা আদর্শ কখন সদীম হইতে পারে না। অনম্ভ ব্যতীত আর কিছুই আমাদের চরম আদর্শ হইতে পারে না, কিছু দেহ তো কখন অনস্ভ হয় না। ইহা হওয়াই অসম্ভব, কারণ সীমাবদ্ধ ভাব হইতেই শরীরের উৎপত্তি। চিন্তাও অনম্ভ হইতে পারে না, কারণ সদীম ভাব হইতেই চিন্তা আসিয়া থাকে। অবৈত্রবাদী বলেন, আমাদিগকে দেহ এবং চিন্তার বাহিরে মাইতে হইবে। আমরা আরও দেখিয়াছি অবৈত্রবাদের মতে—মৃক্তি লভ্যা নয়, উহা পূর্ব হইতেই রহিয়'ছে। আমরা কেবল ভূলিয়া বাই ও উহা অমীকার করি। পূর্ণতা লাভ করিতে হইবে না, উহা আমাদের মধ্যেই রহিয়াছে। এই অমরম্ভ ও আনন্দ লাভ করিতে হইবে না, এগুলি পূর্ব হইতেই বর্তমান—এগুলি আমাদের বর্যবরই রহিয়াছে।

যদি তৃমি দাহদ করিয়া বলিতে পারো—'আমি মৃক্ত,' এই মৃহুর্তে তৃমি মৃক্তই হইবে। যদি তৃমি বলো—'আমি বন্ধ,' তবে তুমি বন্ধই থাকিবে। যাহা হউক, বৈতবাদী ও অভাভবাদীদের মৃত ইহার বিপরীত। ভোমরা ইহার মধ্যে যেটি ইচ্ছা গ্রহণ করিতে পারো।

বেদান্তের এই আদর্শটি বুঝা বড় কঠিন, আর সাধারণ লোকে সর্বদা ইহা नहेशा विवाह कतिशा , थारक। अधान म्यकिन এই या, हेशांत्र मर्था या , अकि মত অবলম্বন করে, দে অপর মত একেবারে অম্বীকার করিয়া সেই মতাবলম্বীর সঙ্গে বিবাদে প্রবৃত্ত হয়। ভোমার পক্ষে বাহা উপযুক্ত, তাহা গ্রহণ কর; অপরের উপযোগী মত তাছাকে গ্রহণ করিতে দাও। যদি তুমি এই কৃত্র ব্যক্তিত্ব—এই সদীম মানবত্ব রাখিতে এতই ইচ্ছুক হও, তবে তুমি তাহা অনায়াদে রাখিতে পারো, তোমার দকল বাদনাই রাখিতে পারো এবং তাহাতেই সম্বৃষ্ট হইয়া থাকিতে পারো। যদি মামুষভাবে থাকিবার স্থ্ ভোমার নিকট এতই স্থানর ও মধুর লাগে, তবে তুমি ষভদিন ইচ্ছা উহা রাথিয়া দাও, কারণ তুমি জানো তুমিই তোমার অদৃষ্টের নির্মাতা, কেহই তোমাকে বাধ্য করিয়া কিছু করাইতে পারে না; তোমার যতদিন ইচ্ছা ততদিন মামুষরূপে থাকিতে পারো, কেহই তোমাকে অন্ত কিছু করিতে বাধ্য করিতে পারে না। ধদি দেবতা হইতে ইচ্ছা কর, দেবতাই হইবে—সংক্ষেপে ইহাই বক্তব্য। কিন্তু এমন অনেক মাহুষ থাকিতে পারেন, যাঁহারা দেবতা হইতেও অনিস্কৃক। তাঁহাদিগকে কি তোমার বলিবার অধিকার আছে যে, এ ভয়ানক কথা ? তোমার এক শত টাকা নষ্ট হইবার ভয় হইতে পারে, কিন্তু এমন অনেক লোক থাকিতে পারে, ষাহাদের পৃথিবীতে যত অর্থ আছে, সব নষ্ট হইলেও কিছু কট হইবে না। এই ধরনের মাহ্য পূর্বকালে অনেক ছিলেন, এবং এখনও আছেন। তুমি তাঁহাদিগকে তোমার আদর্শ অনুদারে বিচার করিতে যাও কেন? তুমি কৃত্র কৃত্র সীমাবদ্ধ জাগতিক ভাবে বদ্ধ হইয়া আছ। ইহাই তোমার সর্বোচ্চ আদর্শ হইতে পারে। তুমি এই আদর্শ লইয়া থাকো না কেন? তুমি ষেমনটি চাও তেমনটি পাইবে; কিন্তু তুমি ছাড়া এমূন অনেক লোক আছেন, যাঁহারা সভ্যকে দর্শন করিয়াছেন-- তাঁহারা ঐ স্বর্গাদিভোগে তৃপ্ত হইয়াছেন, তাঁহারা আর উহাতে আবদ্ধ হইয়া থাকিতে চান না, তাঁহারা দকল সীমার বাহিরে যাইতে চান, জগভের কিছুই তাঁহাদিগকে পরিতৃপ্ত করিতে পারে না। জগৎ ও উহার সমৃদয় ভোগ তাঁহাদের পক্ষে ডোবার মতো। তুমি তাঁহাদিগকে তোমার ভাবে বন্ধ করিয়া রাখিতে চাও কেন? এই ভাবটি একেবারে ছাড়িতে হইবে, প্রত্যেককে নিছের ভাবে চলিতে দাও।

করেক বংসর পূর্বে 'সচিত্র লগুন সমাচারে' (Illustrated London News) একটি সংবাদ পাঠ করি। কতকগুলি জাহাজ প্রশান্ত মহাসাগরে 'সাউথ সী' দ্বীপপুঞ্জের নিকট ঝটিকাক্রান্ত হয়। ঐ পত্রিকায় জাহাজ-গুলির একটি চিত্রও ছিল। একখানি ব্রিটিশ জাহাজ হাড়া সবগুলিই ভগ্ন হইয়া ডুবিয়া যায়। সেই জাহাজখানি ঝড় কাটাইয়া চলিয়া আসে। ছবিতে দেখাইতেছে—যে জাহাজগুলি ডুবিয়া যাইতেছে, সেগুলির মজ্জমান আরোহিদল ডেকের উপর দাঁড়াইয়া ঐ জাহাজের লোকগুলিকে উৎসাহ দিতেছে। অপর লোককে টানিয়া নিজের স্থরে নামাইয়া আনিও না।

আর একপ্রকার নিবৃদ্ধিতা আছে: যদি আমরা আমাদের এই কৃত্ত আমিত্ব হারাইয়া ফেলি, তবে জগতে কোনরূপ নীতিপরায়ণতা থাকিবে না, মহয়জাতির কোন আশাভরসা থাকিবে না। যাহারা উহা বলেন, তাঁহাদের যেন মহয়জাতির জন্ম সর্বদা প্রাণ যায় যায় হইয়াছে। যদি প্রত্যেক দেশে মাহুষের যথার্থ কল্যাণকামী অস্ততঃ তৃই শত নরনারী থাকে, ভবে পাঁচ্দিনে সত্যযুগ উপন্থিত হইবে। আমরা জানি, মহয়জাতির জন্ত আমাদের প্রাণ কিরূপ ছটফট করিতেছে। এ-সব অভিসন্ধি-প্রণোদিত লখা লখা কথামাত্র। জগতের ইতিহাদে দেখা যায়, এুই কৃত্র 'আমি'কে যাঁহারা একেবারে ভূলিয়া গিয়াছেন, তাঁহারাই মহয়জাতির শ্রেষ্ঠ হিতকারী, আর নরনারী যত বেশী নিজেদের কথা ভাবিবে, তত কম পরের উপকার করিতে পারিবে। ছটির মধ্যে একটি নি:স্বার্থপরতা, অপরটি স্বার্থপরতা। এই কৃত্র কৃত্র ভোগহুখে আসক্ত থাকা এবং চিরকাল এইভাবে চলা এবং একই অবস্থার পুনরাবর্তন ঘোর স্বার্থপরতা। উহা সত্যাহ্রাগ হইতে উৎপন্ন নয়, অপরের প্রতি দয়াও এই ভাবের উৎপত্তির কারণ নয়—উহার কারণ ঘোর স্বার্থপরতা; অপর কাহারও দিকে দৃষ্টি না রাখিয়া নিজেই সমস্ত ভোগ করিব—এই ভাব হইতে উহার উৎপত্তি। আমার তো এইরূপই বোধ হয়। আমি জগতে প্রাচীন মহাপুরুষ ও সাধুগণের তুল্য চরিত্রবান্ পুরুষ আরও দেখিতে চাই---তাঁহারা একটি কুত্র পশুর উপকারের জন্ত শত শত জীবন ত্যাগ করিতে প্রস্তুত

> প্রশান্ত মহাসাগরে সামোয়া দ্বীপপুঞ্জের নিকট ব্রিটিশ জাহাজ ক্যালিয়োপি (Calliope)
ও আমেরিকার কতকগুলি যুদ্ধজাহাজ
।

ছিলেন। নীতি ও পরোপকারের কথা কি বলিতেছ ? ইছা তো আধুনিক কালের বাজে কথামাত্র।

আমি সেই গোতম বুদ্ধের ন্তায় চরিত্রবান্ লোক দেখিতে চাই, যিনি সগুণ ঈশর বা বাজিগত আগ্নায় বিশাসী ছিলেন না, যিনি ঐ বিষয়ে কথন কোন প্রশ্নই করেন নাই, যিনি সম্পূর্ণ অজ্ঞেয়বাদী ছিলেন, কিন্তু সকলের জন্ত নিজের প্রাণ দিতে প্রস্তুত ছিলেন—সারা জীবন সকলের উপকার করিতে নিযুক্ত ছিলেন, সারা জীবন কিসে অপরের কল্যাণ হয়, ইহাই তাহার চিন্তা ছিল। তাহার জীবনচিনিত-লেখক বেশ বলিয়াছেন, তিনি 'বছজনহিতায় বছজন-স্থায়' জন্মগ্রহণ করিয়াছিলেন। তিনি বনে গিয়া ধ্যান করিয়াছিলেন, তাহাও নিজের মৃক্তির জন্ত নয়। জগৎ জলিয়া গেল—বাঁচিবার পথ বাহির করিতেই হইবে। জগতে এত তৃঃখ কেন ?—তাঁহার সারাজীবন এই এক চিন্তা ছিল। তোমরা কি মনে কর, আমরা তাঁহার মতো নীতিপরায়ণ?

ষীভগ্রন্থ ষে-ধর্ম প্রচার করিয়াছিলেন, সেই খাঁটি প্রাইধর্মে ও বেদাস্ক-ধর্মে অতি অল্পই প্রভেদ। প্রাইধর্মে বিক্নতভাব অতি অল্পই ছিল। ষীভ অছৈতবাদ প্রচার করিয়াছেন, আবার সাধারণের উপযোগী এবং উচ্চতম আদর্শ ধারণা করিবার সোপানরূপে ছৈতবাদের কথাও বলিয়াছেন। 'আমাদের হুর্গন্থ পিতা' বলিয়া যিনি প্রার্থনা করিতে উপদেশ দিয়াছেন, তিনিই আবার প্রচার করিয়াছেন, 'আমি ও আমার পিতা এক'; আর তিনি ইহাও জানিতেন, এই হুর্গন্থ পিতারূপে ছৈতভাবে উপাদনা করিতে করিতেই এই বোধ আদিয়া থাকে যে 'আমি ও আমার পিতা এক'। তথন এ ধর্মে ছিল কেবল প্রেম ও আশীর্বাদ, কিছু অবশেষে নানাবিধ মত উহাতে প্রবিষ্ট হুওয়ায় উহা বিক্বত ভাব ধারণ করিয়া অবনত হুইল।

এই যে ক্ত্র 'আমি'র জন্ত মারামারি, 'আমি'র প্রতি অতিশয় ভালবাসা, ভধু এই জীবনে নয়, মৃত্যুর পরও এই ক্ত্রু 'আমি'—এই ক্তুর ব্যক্তিত্ব লইয়া থাকিবার ইচ্চা, ইহা ধর্মের বিক্তভাব হইতে উৎপন্ন হইয়াছে। অনেকে বলেন, ইহাই নিঃস্বার্থপরতা—ইহাই নীতির ভিত্তিত্বরূপ। ইহা বদি নীতির ভিত্তি হয়, তবে আর হন তির ভিত্তি কি ? স্বার্থপরতা নীতির ভিত্তি! আর বে-সকল নরনারীর নিকট আমরা অধিকতর জ্ঞানের আশা করি, তাহারা

ঐ কথা ভনিয়া হতবৃদ্ধি হইয়া যান এবং মনে করেন এই ক্স 'আমি'র নাশ হইলে নেব নীতি একেবারে ধ্ব'ল হইবে। এই দর্বপ্রকার ভভভাবের, দর্ব-প্রকার নৈতিক মঙ্গলের মূলমন্ত্র—'আমি নয়, তৃমি'।

কে ভাবিতে বায়—খৰ্গ নরক আছে কি-না? কে ভাবিতে বায়—আমার' আত্মা আছে কি-না? কে ভাবিতে বায়—কোন অপরিণামী অপরিবর্তনীয় সন্তা আছে কি-না? এই সংসার পড়িয়া রহিয়াছে, ইহা মহাত্মথে পরিপূর্ণ। বুদ্দের মতো এই সংসার-সমূত্রে বাঁপ দাও। ত্ম্প লাঘ্য করিবার অফ্য—হয় সংগ্রাম কর, নয় ঐ চেটায় প্রাণ বিষর্জন দাও। আন্তিক হও বা নান্তিক হও, আন্তাম কর, নয় ঐ চেটায় প্রাণ বিষর্জন দাও। আন্তিক হও বা নান্তিক হও, আন্তাম বাণ —ইহাই প্রথম শিক্ষার বিষয়। এই শিক্ষা এই উপদেশ সকলেই বুঝিতে পারে, 'নাহং নাহং, তুঁত তুঁত'—আহংনাশ ও প্রকৃত 'আনি'র বিকাশ।

তৃইটি শক্তি সর্বদা সমাস্তরালভাবে কার্য করিতেছে। একটি 'অহং', অপরটি 'নাহং'। তথু মাহ্যের ভিতর নয়, জীবজন্তর ভিতরও এই তৃইটি শক্তির বিকাশ দেখা যায়—এমন কি, ক্ষুত্রম কীটাণুর মধ্যেও এই তৃই শক্তির প্রকাশ। নরশোণিতপানে লোল জিহ্ব ব্যাত্রী ভাহার শাবককে রক্ষা করিবার জন্ত প্রাণ দিতে প্রস্তুত। অতি অধঃপতিত ব্যক্তি, যে জনায়াদে ভাহার ভাতৃসমান অক্তান্ত মাহ্যকে হত্যা করিতে পারে, দেও জনাহারে মৃমূর্ম্বী অথবা পুত্র-কন্তার জন্ত সব করিতে প্রস্তুত। অথবা দেখা যায়; স্প্তির ভিতরে এই তৃই শক্তি পাশাণাশি কার্য করিভেছে—ধেখানে একটি শক্তি দেখিবে, দেখানে অপরটিও দেখিবে। একটি স্থার্থপরতা। একটি গ্রহণ, জাপরটি ভাগা। ক্ষুত্রম প্রাণী হইতে উচ্চত্রম প্রাণী পর্যন্ত সমৃদন্ত ব্রহ্মাওই তৃই শক্তির লীলাক্ষেত্র। ইহার কোন প্রমাণের প্রয়োজন নাই, ইহা স্বতঃপ্রমাণ।

সমাজের এক সম্প্রদায়ের লোকের বলিবার কি অধিকার আছে যে, জগতের সমৃদয় কার্ব ও বিকাশ ঐ তৃই শক্তির অন্তত্য— ওণু স্বার্থ-শক্তির উপর, প্রতিদ্বন্দিতা ও সংগ্রামের উপর স্থাপিত । জগতের সমৃদয় কার্য রাগ-দেব, বিবাদ ও প্রতিযোগিতার উপর স্থাপিত, এ-কথা বলিবার তাঁহাদের কি অধিকার আছে । এই-সকল প্রবৃত্তি বে আছে, তাহা স্থীকার করি না। কিছ অপর শক্তিটির অভিত্ব ও ক্রিয়া অধীকার করিবার কি অধিকার তাঁহাদের আছে? আর তাঁহারা কি অধীকার করিতে পারেন যে, এই প্রেম—এই অহংশৃত্যতা, এই ত্যাগই জগতের একমাত্র পরা শক্তি । অপর শক্তিটি এই প্রেমশক্তিরই বিপরীতভাবে প্রয়োগের ফল, এবং এই ভাবেই প্রভিদ্ধিতার উৎপত্তি। অভভের উৎপত্তিও নিঃমার্থপরতা হইতে—অভভের পরিণামও ভঙ বই আর কিছুই নয়। উহা কেবল কল্যাণশক্তির অপব্যবহার মাত্র। এক ব্যক্তি যে অপর ব্যক্তিকে হত্যা করে, তাহাও হয়তো নিজের সন্তানের প্রতি স্নেহের প্রেরণায়—তাহাদিগকে ভরণ-পোষণ করিবে বলিয়া। তাহার প্রেম অন্ত লক্ষ লক্ষ ব্যক্তি হইতে প্রত্যাহত হইয়া ঐ একটি শিভ্দনভানের উপর পড়িয়া সদীম ভাব ধারণ করিয়াছে। কিন্তু সীমাবদ্ধই হউক, অদীমই হউক, ভালবাসা সেই ভগবান, অন্ত কিছুই নহে।

অতএব সমগ্র জগতের প্রেরণাশক্তি, জগতের মধ্যে একমাত্র প্রকৃত ও জীবস্ক শক্তি দেই অভ্ ত ভাব—উহা বে-কোন আকারে ব্যক্ত হউক না কেন, উহা দেই প্রেম, নি: স্বার্থপরতা, ত্যাগ বই আর কিছুই নয়। বেদান্ত এইজন্তই অবৈভভাবের উপর ঝোঁক দেন, বৈভভাবের উপর নয়। আমরা এই ব্যাখ্যার উপর বিশেষ জোর দিই কারণ, আমরা জানি জ্ঞান-বিজ্ঞানের অহমিকা সত্তেও আমাদের মানিতে হইবে, যেখানে একটি কারণ বারা কতকগুলি কার্য ব্যাখ্যা করা যায়, আবার অনেকগুলি কারণ বারাও যদি সেই কার্যগুলি ব্যাখ্যা করা বায়, তবে অনেকগুলি কারণ স্বীকার না করিয়া দেই একটি কারণই সত্য বলিয়া স্বীকার্য। এখানে যদি আমরা স্বীকার করি যে, দেই এক অপূর্ব স্থলর প্রেমই সীমাবদ্ধ হইয়া অশুভ বা অসৎরূপে প্রতীয়মান হয়, তবে আমরা এক প্রেমণক্তি বারাই সমূদ্র জগতের ব্যাখ্যা করিতে সমর্থ হইলাম। নচেৎ আমাদিগকে জগতের তুইটি কারণ মানিতে হয়—একটি শুভশক্তি, অপরটি অশুভশক্তি—একটি প্রেমণক্তি, অপরটি বেষশক্তি। এই তুই সিদ্ধান্তের মধ্যে কোন্টি অধিক যুক্তিসঙ্গত? অবশু একটি কারণ মানিয়া লওয়াই যুক্তিসঙ্গত।

আমি এমন সব বিষয়ে গিয়া পড়িতেছি, যাহা সম্ভবতঃ বৈতবাদীদের অধিকার-বহিভূতি। ভয় হইতেছে, বৈতবাদের আলোচনা লইয়া আমি বোধ হয় বেশীক্ষণ কাটাইতে পারি না। আমার ইহাই দেখানো উদ্দেশ্য যে, উচ্চ-তম দার্শনিক ধারণার সহিত নীতি ও নিঃম্বার্থপরতার উচ্চতম আদর্শ

পাশাপাশি ষাইতে পারে। আমার ইহাই দেখানো উদ্দেশ, নীভিপরায়ণ হইতে গেলে,তোমার দার্শনিক ধারণাকে খাটো করিতে হয় না; বরং নীতির ভিজ-ভূমি লাভ করিতে হইলে উচ্চতম দার্শনিক ও বৈজ্ঞানিক ধারণা-সম্পন্ন হইতে হইবে। মাহুষের জ্ঞান মাহুষের কল্যাণের বিরোধী নয়। বরং জীবনের প্রত্যেক বিভাগেই জ্ঞান আমাদিগকে রক্ষা করিয়া থাকে; জ্ঞানই উপাদনা। আমরা যভই জ্ঞানলাভ করিতে পারি, ততই আমাদের মন্ত্র। বেদান্তী বলেন, এই আপাতপ্রতীয়মান অন্তভের কারণ—অসীমের সীমাবদ্ধ ভাব। বে-প্রেম সীমাবদ্ধ হইয়া কৃত্রভাবাপন্ন হইয়া যায় এবং অন্তত্ত বলিয়া প্রতীয়মান হয়, তাহাই আবার অপর প্রান্তে অদীম হইয়া ত্রন্দরূপে প্রকাশ পায়। আর বেদাস্ত ইহাও বলেন, এই আপাতপ্রতীয়মান সমুদয় অভভের কারণ আমাদের ভিতরেই রহিয়াছে। অতিপ্রাক্ত কোন সন্তার উপর দোষারোপ করিও না, নিরাশ বা বিষয় হইয়া পড়িও না, অথবা মনে করিও না আমরা গর্তের মধ্যে পড়িয়া আছি—অপর কেহ আসিয়া আমাদিগকে সাহায্য না করিলে আমরা আর উঠিতে পারিব না। বেদান্ত বলেন. এ-ধারণা ঠিক নহে; আমরা গুটিপোকার মতো! নিজের শরীর হইতে জাল প্রস্তুত করিয়া কালক্রমে, তাহাতে আবদ্ধ হইয়াছি। কিন্তু এ বদ্ধভাব চিরকালের জ্ঞা নয়। উহার মধ্যে প্রজাপতিতে পরিণত হইয়া আমরা বাহিরে আসিব, মুক্ত ছইব। আমরা আমাদের চতুর্দিকে এই কর্মজাল জড়াইয়াছি, আমরা অজ্ঞানবশতঃ মনে করিতেছি আমরা যেন বন্ধ, আর কথন কখন সাহায্যের জন্ম চীংকার ও ক্রন্সন করিভেছি। কিন্তু বাহির হইতে কোন সাহায্য পাওয়া ধায় না, সাহায্য পাওয়া ধায় ভিতর হইতে। জগতের সকল দেবতার নিকট উচ্চৈ:স্বরে ক্রন্দন করিতে পারো। আমি অনেক বৎসর ধরিয়া এইরূপ ক্রন্দন করিয়াছি; অবশেষে দেখিলাম, সাহাষ্য পাইয়াছি। কিন্তু এই সাহায্য ভিতর হইতে আসিল, আর ভূলবশত: এতদিন যাহা করিতেছিলাম, ভাহা নষ্ট করিতে হইল। ইহাই একমাত্র উপায়। নিজের চারিদিকে যে-জাল বিন্তার করিয়াছিলাম, তাহা আমাকেই ছিন্ন করিতে হইবে, আর তাহা করিবার শক্তিও আমার ভিতরে রহিয়াছে। এ-বিষয়ে আমি নিশ্চয় করিয়া বলিতে পারি যে, আমার জীবনের ভালমন্দ কোন ভাবই বুথা যায় নাই—সামি সেই অতীত গুভাগুভ উভয়বিধ

কর্মেরই সমষ্টি-স্বরূপ। আমি জীবনে অনেক ভূল করিয়াছি, কিন্তু এগুলির একটিও যদি বাদ পড়িত, তাহা হইলে আমি আজ যাহা হইয়াছি, ভাহা হইতাম না। আমার জীবনে আমি বেশ সন্থই। আমার এ-কথা বলিবার উদ্দেশ্য ইহা নয় যে, ভোমরা বাড়ি গিয়া নানাপ্রকার অস্তায় কাজ করিতে থাকো, আমার কথা এইরূপে ভূল বৃঝিও না। আমার বলিবার উদ্দেশ্য এই, কতকগুলি ভূলচুক হইয়া গিয়াছে বলিয়া একেবারে বদিয়া পড়িও না, কিন্তু জানিও পরিণামে ভাগদের ফল শুভই হইবে। অনুরূপ হইতে পারে না, কারণ মঙ্গল ও পবিত্রতা আমাদের প্রকৃতিদিদ্ধ ধর্ম, আর কোন উপায়েই দেই প্রকৃতির অস্তথা হয় না। আমাদের যথার্থ স্করণ সর্বদা একই-প্রকার।

আমাদের ইহা বুঝা আবশুক ষে, আমরা তুর্বল বলিয়াই নানাবিধ ভ্রমে পড়িয়া থাকি, আর অজ্ঞান বলিয়াই আমরা তুর্বল। আমি পাপ-শব্দ ব্যবহার না করিয়া 'ভ্রম'-শব্দ ব্যবহার করাই পছন্দ করি। আমাদিগকে ভ্রমে বা অজ্ঞানে ফেলিয়া'ছে কে ? আমর। নিজেরাই। আমরা নিজ নিজ চোখে হাত দিয়া 'অন্ধকার, অন্ধকার' বলিয়া চীৎকার করিতেছি। হাত সরাইয়া লও, দেখিবে আলোক আমাদের জক্ত সর্বদাই বহিয়াছে, সেই জীবাত্মার স্বপ্রকাশ আলোক। দেখিতে পাইতেছ না আধুনিক বৈজ্ঞানিকগণ কি বলিভেছেন ? এই-সকল ক্রমবিকাশের হেতু কি ? বাসন।। কোন জীবজন্ত যে ভাবে আছে, তাহার অতিরিক্ত কিছু করিতে চায়—সে দেখে, ভাহার পরিবেশ উপ:যাগী নহে, হুতরাং দে একটি নৃতন শ্ীর গঠন করিয়া লয়। নিয়ত্য জীবাণু হইতে নিজ ইচ্ছাশক্তিবলৈ তুমি উৎপন্ন হইয়াছ—আবার সেই ইচ্ছাশক্তি প্রয়োগ কর, আরও উন্নত হইতে পারিবে। ইচ্ছা সর্বশক্তিমান। বলিতে পারে, ইচ্ছাই যদি সর্বশক্তিমান্, তবে অনেক কিছুই আমি করিতে পারি না কেন ? যথন তুমি এ-কথ। বলো, তথন তুমি ভোমার ক্ষু 'আমি'র দিকে লকা করিতেছ মাত্র। ভাবিয়া দেখ, ক্ল জীবাণু হইতে তৃমি এই মাতৃষ হইয়াছ। কে তোমাকে মাতৃষ করিল? তোমার নিজের ইচ্ছাশক্তি। তুমি কি অখীকার করিতে পানে, ইচ্ছা দুর্বশক্তিমান্ ? বাছা ভোমাকে এতদৃণ উন্নত করিয়াছে, তাহা ভোমাকে আরও উন্নত করিবে। আমাদের প্রয়োজন — চরিম ও ইচ্ছাশক্তির দৃঢ়তা, এ-গুলির তুর্বসভা নয়।

অতএব যদি ভোমাকে উপদেশ দিই যে, ভোমার প্রকৃতিই অসং, আর তুমি কড়কগুলি ভূল করিয়াছ বলিয়া ভোমাকে অহতাপ ও ক্রন্সন করিয়া জীৰন কাটাইতে হইবে, ভাহাতে ভোমার বিশেষ কিছুই উপকার হইবে না, বরং উহা ভোমাকে আরও তুর্বল করিয়া ফেলিবে, আর ভাহাতে ভোমাকে ভাল হইবার পথ না দেখাইয়া বরং আরও মন্দ হইবার পথ দেখামো হইবে। ষদি সহস্র বংসর ধরিয়া এই গৃহ অন্ধকার থাকে, আর তুমি দেই গৃহে আদিয়া 'হার, বড় অন্ধকার! বড় অন্ধকার!' বলিয়া রোদন করিতে আরম্ভ কর, তবে কি অন্ধকার চলিয়া যাইবে ? একটি দিয়াশলাই জালিলে এক মৃহুর্ভেই ঘর আলোকিত হইবে। অভএব সারা জীবন 'আমি অনেক দোষ করিয়াছি, আমি অনেক অন্তায় কাজ করিয়াছি' বলিয়া অহুশোচনা করিলে কি তোমার উপকার হইবে ? আমরা নানা দোষে দোষী, ইহা কাহাকেও বলিয়া দিতে হয় না। জ্ঞানের আলো জ্ঞালো, এক মৃহুর্তে সব অশুভ চলিয়া যাইবে। নিজের প্রকৃত স্বরূপ প্রকাশ কর, প্রকৃত 'আমি'কে—সেই জ্যোতির্ময়, উজ্জন, নিত্যভদ্ধ 'আমি'কে প্রকাশ কর; প্রত্যেক ব্যক্তিতে সেই আত্মাকে প্রকাশ কর। আমি ইচ্ছা করি, সকলেই এমন অবস্থা লাভ করুক যে, অতি জ্বয় পুরুষকে দেখিলেও ত্যুহার বাহিরের তুর্বলতার দিকে লক্ষ্য না করিয়া অন্তর্গামী ভগবানকে দেখিতে পারে, আর তাহার নিন্দা না করিয়া বলিতে পারে, 'হে স্বপ্রকাশ, জ্যোভির্ময়, ওঠ! হে সদাওদ্বস্তুরণ, ওঠ! হে অছ, অবিনাশী, সর্বশক্তিমান্, ওঠ! আতাম্বরূপ প্রকাশ কর। তুমি বে-দকল কৃদ্ৰ ভাবে আবন্ধ হইরা রহিরাছ, তাহা তোমাতে দাজে না।' অবৈতবাদ এই শ্রেষ্ঠ প্রার্থনা শিক্ষা দিয়া থাকেন। ইহার একমাত্র প্রার্থনা— নিজন্বরণ, সদা দেই অন্তর্গামী ঈশবের শ্বরণ, তাঁহাকে সর্বদা অনস্ত দর্বশক্তিমানু সদামক্ষময় বলিয়া স্মরণ। এই কুদ্র অহং তাঁহাতে নাই, কুদ্র বন্ধনদমূহ তাঁহাতে নাই। আর এই প্রার্থনা নি:স্বার্থ বলিয়াই ভয়ণ্ড ও শক্তিসম্পন্ন; কারণ স্বার্থ হইতেই ভয়ের উংপত্তি। যাহার নিজের অন্ত কোন কামনা নাই, দে কাহাকে ভয় করিবে ? কোন্ বস্তুই বা তাহাকে ভীত করিতে পারে ? মৃত্যু ছোহাকে কী ভয় দেখাইতে পারে ? অভত, বিপদ তাহাকে কী ভয় দেখাইডে পারে ? অতএব যদি আমরা অবৈতবাদী ्रहे, जामानिशत्क जरण विक्री किविष्ठ इहेरव रव, जामना এह मूहर्ष हहेरा ह

মৃত। তথন আমাদের পুরাতন ব্যক্তিপরিচয় চলিয়া বায়, ও-গুলি কেবল কুদংস্কারমাত্র; অবশিষ্ট থাকেন সেই নিত্যত্তম সর্বশক্তিমান্ সর্ব্জ-স্বরূপ এবং তথন সব ভন্ন চলিন্না যায়। সর্বব্যাপী 'আমার' অনিষ্ট কে করিতে পাবে ? এইরূপে আমার সমুদয় ত্র্বতা চলিয়া যায়, তথন অপর সকলের ভিতর এই ভাব জাগাইয়া তোলাই আমার কার্য হয়। আমি দেখিতেছি, সকলেই সেই আত্মন্বরূপ, কিন্তু সকলে তাহা জানে না। স্থতরাং প্রত্যেককে ইহা শিখাইতে হইবে, সেই অনন্তণক্তির জাগরণে তাহাকে সহায়তা করিতে হইবে। আমি দেখিতেছি, জগতে এই ভাব প্রচার করাই বিশেষ প্রয়োজন। এই-সকল মত অতি পুরাতন-সম্ভবতঃ অনেক পর্বত অপেকা পুরাতন। সকল সত্যই সনাতন। সত্য কাহারও একার সম্পত্তি নয়। কোন জাতি, কোন ব্যক্তিই সভ্যকে নিজম্ব বলিয়া দাবি করিতে পারে না। সভ্যই সকল আত্মার ষ্ণার্থ খরপ। উহার উপর কে বিশেষ দাবি করিতে পারে? কিন্তু উহাকে কার্যে পরিণত করিতে হইবে, সরলভাবে উহা প্রচার করিতে হইবে, কারণ তোমরা দেখিবে—উচ্চতম সত্য অতি সহজ্ব ও সরল। খুব সহজ্ব ও সরলভাবে উহার প্রচার করিতে হইবে, যাহাতে ঐ ভাব সমাজের রন্ধ্রে রন্ধ্রে অহপ্রবিষ্ট হয়, যাহাতে উহা উচ্চতম মন্তিক হইতে আরম্ভ করিয়া অতি সাধারণ মনেরও অধিকারের বিষয় হইতে পারে, যাহাতে আবালবৃদ্ধবনিতা একই কালে উহা বুঝিতে পারে। এই-সকল ফ্রায়ের ক্টবিচার, দার্শনিক মতবাদ, এই-সকল দেবতাতত্ত্ব ও ক্রিয়াকাণ্ড এক সময়ে উপকার করিয়া থাকিতে পারে, কিন্তু এদ আমরা একমনে ধর্মকে সহজ্ব করিবার চেষ্টা করি, আর সেই সভাযুগ আনিবার সহায়তা করি, যখন প্রত্যেকটি মাহুষ উপাসক হইবে, আর প্রত্যেক মাহুষের অন্তনিহিত স্ত্যবম্ব উপাশ্ত হইবেন।

জ্ঞানযোগ-প্রসঙ্গে



সহস্রদীপোছানে ভ্রমণরত স্বামীজী, ১৮৯৫

আত্মা

[আমেরিকার প্রদত্ত বক্তৃতা]

আপনারা অনেকেই ম্যাক্স মূলারের হুবিখ্যাত পুন্তক 'Three Lectures on the Vedanta Philosophy' (বেদান্ত দৰ্শন সহত্যে ডিনটি বক্তৃতা) পাঠ করিয়াছেন; এবং সম্ভবতঃ আপনারা কেহ কেহ অধ্যাপক ভয়সনের জার্মান ভাষায় লিখিত এই একই দার্শনিক মতবাদ-বিষয়ক গ্রন্থটিও পাঠ করিয়াছেন। ভারতকর্বের আধ্যাত্মিক চিস্তাধারা সম্বন্ধে প্রতীচ্যে বর্তমানে যাহা লিখিত হয়, অথবা শিক্ষা দেওয়া হয়, তাহা প্রধানত: একটি মাত্র মতবাদ—অবৈতবাদ, অথবা ভারতীয় ধর্মের 'এক-ভত্ব'বাদ সম্বন্ধেই এবং কেহ কেহ মনে করেন, বেদের সমগ্র তত্ত্ব এই একটি দার্শনিক মতবাদের মধ্যেই নিহিত বহিয়াছে। কিন্তু প্রকৃতপক্ষে ভারতীয় চিন্তাধারার বিভিন্ন দিক আছে; এবং সম্ভবতঃ অক্তান্ত সম্প্রদায়ের তুলনায় অবৈত-মতাবলমীরাই সংখ্যায় সর্বাপেক্ষা কম। প্রাচীনতম যুগ হইতেই ভারতবর্ষে বিভিন্ন সম্প্রদায় দৃষ্ট হয়; এবং স্থস্পষ্টভাবে বিধিবদ্ধ অথবা সর্বজনসন্মত কোন ধর্মকেন্দ্র অথবা প্রত্যেক সম্প্রদায়ের গ্রহণীক্ষ তত্ত-নির্দেশকারী কোন মণ্ডলা এই দেশে কোনদিনও না থাকায় জনসাধারণ নিজ নিজ পছাবলম্বন, নিজ নিজ দর্শন-বিস্তার, এবং নিজ নিজ সম্প্রদায়-স্থাপনে সম্পূর্ণ স্বাধীনতা লাভ করিয়াছিল। এই কারণে আমরা দেখি, প্রাচীনতম যুগ হইতেই ভারতবর্ষ বিভিন্ন ধর্ম-সম্প্রদায়ে পরিপূর্ণ। আমি জানি না, বর্তমানে ভারতবর্ষে কত শত সম্প্রদায় আছে; প্রত্যেক বৎসরই কয়েকটি নৃতন সম্প্রদায়ের উদ্ভব হইতেছে। হয় যেন, এই জাতির আধ্যাত্মিক প্রচেষ্টা সত্যই অফুরস্ক।

এই-সকল বিভিন্ন সম্প্রদায়কে প্রথমতঃ চুটি প্রধান শ্রেণীতে বিভক্ত করা বায়; একটি আন্তিক বা বৈদিক, অপরটি নান্তিক বা অবৈদিক। বাঁহারা হিন্দু-লাজ্র বেদকে নিত্য-তত্ত্ব-প্রকাশকরণে প্রামাণ্য বলিয়া বিশাস করেন, তাঁহাদের বলা হয় 'আন্তিক' এবং বাঁহারা বেদ বর্জন করিয়া অক্সাক্ত প্রমাণের অপেক্ষা রাখেন, তাঁহারাই হলৈন ভারতীয় 'নান্তিক'। ভারতের চুইটি প্রধান আধুনিক 'নান্তিক' গুলুদায় হইল জৈন এবং বৌদ্ধ। আন্তিকগণের মধ্যে কেহ কেহ বলেন, যুত্তি-ক্ষ্ণেক্ষা শ্রুতি অধিকতর প্রামাণ্য; আবার

কেহ কেহ বলেন, শ্রুতির যুক্তিসমত অংশই কেবল গ্রহণীয়, অবশিষ্ট অংশ বর্জনীয়।

সাংখ্য, স্থায় এবং মীমাংসা—এই তিনটি আন্তিক মতবাদের মধ্যে প্রথম ত্ইটি দার্শনিক মতবাদরূপে প্রতিষ্ঠিত থাকিলেও সম্প্রদায়-গঠনে সমর্থ হয় নাই। প্রকৃতপক্ষে বর্তমানে ভারতবর্ষে যে একটি মাত্র সম্প্রদায় আছে, তাহা হইল উত্তর-মীমাংদার উপর প্রতিষ্ঠিত বৈদান্তিক সম্প্রদায়। তাঁহাদের দার্শনিক মতবাদের নামই 'বেদান্ত'।

হিন্দু দর্শনের সকল মতবাদেরই উদ্ভব হইল বেদান্ত অথবা উপনিষদ্ হইতে;
কিন্তু অবৈতবাদিগণ বিশেষভাবে এই নামটি নিজেরা গ্রহণ করিয়াছেন, যেহেতু
তাঁহারা তাঁহাদের সমগ্র ধর্ম ও দর্শনকে কেবলমাত্র বেদান্তের ভিত্তিতেই স্থাপন
করিতে চাহিয়াছেন। কালক্রমে,কেবল বেদান্তই স্থায়ী হয়, এবং ভারতবর্ষের
বর্তমান বিভিন্ন সম্প্রদায়গুলি এই বেদান্তেরই কোন না কোন শাখার অন্তর্গত।
তথাপি এই-সকল সম্প্রদায় একমতাবলম্বী নহে।

আমরা দেখিতে পাই ষে, বৈদাস্তিকগণের মধ্যে তিনটি প্রধান শ্রেণী-বিভাগ আছে। অবশ্য একটি বিষয়ে তাঁহারা সকলেই একমত, অর্থাৎ তাঁহারা সকলেই ঈশবে বিশ্বাসী। এই-সকল বৈদান্তিক ইহাও বিশ্বাস করেন যে, বেদ অতিপ্রাক্ত উপায়ে ব্যক্ত ঈশ্বরের বাণী। তাঁহাদের এই বিশ্বাস ঠিক ইসলাম ও খ্রীষ্ট-ধর্মাবলম্বিগণের বিশ্বাদের মতো নহে—ইহা একটি বিশেষ ধরনের বিশ্বাস। তাঁহাদের ধারণা এই: বেদসমূহ ঈশবের জ্ঞানের প্রকাশ; ঈশব নিত্য ৰলিয়া তাঁহার জ্ঞানও তাঁহার মধ্যে নিত্য বিরাজমান এবং সেইজ্ঞা বেদও নিভ্য। অপর একটি সাধারণ বিশাসও তাঁহাদের আছে—স্টে-প্রবাহে বিশাস। অর্থাৎ তাঁহাদের বিশ্বাস এই ষে, সমৃদয় সৃষ্টি ক্রমান্বয়ে আবিভূতি ও তিরোহিত ছইতেছৈ, জগৎ আবিভূতি হইয়া ক্রমশঃ স্থুলতর হয়, এবং কল্পকালের **শে**ষে ক্রমাগত স্ক্রতর হইয়া লয়প্রাপ্ত হয়; ইহার পরে আসে বিশ্রামের সময়। তাহার পর পুনরায় জগতের সৃষ্টি বা আবির্ভাব হয়, এবং দেই একই প্রক্রিয়ার পুনরাবর্ডন ঘটে। উাহারা 'আকাশ' নামক একটি বস্তর অন্তিত্ব স্বীকার করেন, ইহা বৈজ্ঞানিকগণের 'ইথারের' মডো৻৷ অপর একটি শক্তির অভিতৰ তাঁহারা স্বীকার করেন—ধাহাকে তাঁহারা কলেন 'প্রাণ'। তাঁহারা বলেন, এই বিশ্বজ্ঞগৎ প্রাণের স্পন্দন হইতেই উ'ভূঙ'। একটি কল্লের শেষ হই^{লে}

প্রকৃতির সকল প্রকাশই ক্রমান্তরে স্বন্ধর হইরা আকাশে বিলীন হইরা যার। এই আকাশকে প্রত্যক্ষ অথবা স্পর্শ করা বার না, কিন্তু আকাশ হইতেই প্রত্যেক বন্ধ স্টে হয়। প্রকৃতিতে বত কিছু শক্তি দেখি—মাধ্যাকর্বণ, আকর্বণ-বিকর্বণ এবং চিন্তা, অহতব ও স্নার্থবিক ক্রিয়া-গতি—এ-সকল বিভিন্ন প্রকারের শক্তিই এই প্রাণে বিলীন হইরা যার, এবং প্রাণের স্পন্দন ত্তর হয়। অগৎ এই অবস্থাতেই বিরাজ করে, যতদিন পর্যন্ত না নৃতন করের আরম্ভ হয়। সেই সময়ে প্রবায় প্রাণের স্পন্দন আরম্ভ হয়, এবং এই স্পন্দন আকালে সঞ্চারিত হয়, বাহার ফলে এই-সকল বস্তু ক্রমান্থয়ে আবিভূতি হয়।

বে-সম্প্রদার সম্বন্ধে আমি আপনাদের প্রথম বলিব, তাহার নাম 'হৈত-সম্প্রদার'। বৈতবাদিগণের মতে—জগতের প্রষ্টা ও শাসক ঈশ্বর সর্বদাই জীব-জগৎ হইতে শ্বতম্ব। ঈশ্বর নিত্য, জগৎ নিত্য, জীবগণও নিত্য। জীব-জগৎ কথনও বিকশিত এবং পরিবর্তিত হইতেছে, কিন্তু ঈশ্বর সর্বদাই সেই একই রহিয়াছেন। প্নরায় বৈতবাদিগণের মতে—গুণের জপ্তই ঈশ্বর ব্যক্তি—ভাবাপর, দেহের জপ্ত নয়। তাঁহার মানবীয় গুণ আছে। তিনি করণামর, স্থায়বান্, শক্তিমান্। তিনি সর্বশক্তিমান্, তাঁহার নিকটে বাওয়া যায়, তাঁহার নিকট প্রার্থনা করা যায়, জাহাকে ভালবাসা যায়। তিনিও প্রতিদানে ভালবাসেন, ইত্যাদি। এক কথায় তিনি মানবীয়গুণসম্পন্ন দেবতা, যদিও মানব অপেকা অনস্কপ্তণ মহৎ। মানবের দোবগুলির কিছুই তাঁহার মধ্যে নাই। 'তিনি অনস্ককল্যাণ-গুণাধার'—ইহাই হইল বৈতবাদীদের মতে ঈশবের সংজ্ঞা। কিন্তু তিনি তো উপাদান ব্যতীত স্কটি করিতে পারেন না, এবং প্রকৃতিই তাঁহার উপাদান—বাহা হইতে তিনি বিশ্বজ্ঞাণ্ড স্কটি করেন।

এরপ কয়েকজন বৈতবাদীও আছেন যাঁহারা বেদান্ত-সম্প্রদায়ভূক্ত নহেন।
তাঁহাদের বলা হয় 'পরমাণুকারণবাদী'। তাঁহাদের মতে জগৎ অসংখ্য
পরমাণুর সমাহার মাত্র, এবং ঈশরেচছার এই-সকল পরমাণু হইতে স্প্রী হয়।
বৈদান্তিকগণ এই মতবাদ স্বীকার করেন না; তাঁহাদের মতে এই মতবাদ
সম্পূর্ণরূপে অযোক্তিক। জ্যামিতিক বিন্দুর ল্যায়, পরমাণুরও অংশ অথবা
আয়তন নাই; কিন্তু ঘাহার জংশ অথবা আয়তন নাই, তাহাকে অনন্তবার
তাপ করিলেও তাহা পূর্বক্ষী থাকিয়া যার। যাহার অংশ নাই, ভাহা
কোনদিন অংশযুক্ত কোন রৈত্ব স্থিত করিতে পারে না; এবং বহুসংখ্যক

শৃত্যকে যোগ দিলে একটি পূর্ণ সংখ্যা হয় না। সেজক পরমাণ্সমৃহের ষদি অংশ অথবা আয়তন না থাকে, তাহা হইলে এরপ পরমাণ্ হইতে জগতের স্ষষ্টি সম্পূর্ণ অসম্ভব।

সেইজন্ত বৈদান্তিক বৈতবাদিগণের মতে—অব্যক্ত প্রকৃতি হইতেই ঈশর ব্দগৎ সৃষ্টি করেন। ভারতীয় জনদাধারণ অধিকাংশই দৈতবাদী। সাধারণতঃ মাহুবের পক্ষে ইহা অপেক্ষা উচ্চতর কিছু ধারণা করা সম্ভব নয়। আমরা দেখি, পৃথিবীর ধর্মবিশ্বাদী ব্যক্তিগণের মধ্যে শতকরা নকাই জনই ছৈতবাদী। ইওরোপ এবং পশ্চিম এশিয়ার সকল ধর্মই দৈতমূলক—ইহা ব্যতীত ভাহাদের অপর কোন উপায়ই নাই। সাধারণ মাহুষের পক্ষে নামরূপ-বিহীন কোন কিছুর ধারণা করাই অসম্ভব। ষাহা তাহার বৃদ্ধিগম্য, তাহাই সে আঁকড়াইয়া থাকিতে ভালবাদে। অর্থাৎ উচ্চতর আধ্যাত্মিক বিষয়কে সে নিজের স্তরে নামাইয়া আনিয়া দেই ভাবেই কেবল ধারণা করিতে পারে। নামরূপ-বিহীনকে কেবল নামরূপ-বিমণ্ডিভরূপেই সে চিস্তা করিতে পারে। পৃথিবীর সর্বত্র ইহাই হইল জনসাধারণের ধর্ম। ষৈতবাদীরা এরূপ একজন ঈশবে বিখাদ করেন, যিনি মাহুষ হইতে সম্পূর্ণ ভিন্ন; তিনি যেন একজন মহান্ সম্রাট, এক জন সর্বশক্তিমান্ রাজা। কিন্তু দৈতবাদীদের মতে—তিনি পার্থিব দম্রাট অপেক্ষা পবিত্রতর ; তাঁহারা তাঁহাকে নিথিল-কল্যাণ-গুণবিমণ্ডিত এবং অথিল-দোষ-বিবজিভরূপে দর্শন করিতে চান। কিন্তু মন্দ ব্যতীত ভালোর অন্তিত্ব, অন্ধকারের ধারণা ব্যতীত আলোর ধারণা কি কোনদিন সম্ভব ?

অনস্ক-কল্যাণ-গুণাধার, স্থায়বান্, কর্ষণাময় পরমেশরের শাসনাধীন এই জগতে কিরূপে এরূপ অসংখ্য পাপের উদ্ভব হইতে পারে—ইহাই হইল সকল দৈতবাদীর প্রথম সমস্থা। সকল দৈতবাদী ধর্মেই এই প্রশ্নের উদয় হয়; কিন্ত ইহার উত্তরে হিন্দুগণ কোনদিনই একজন 'শয়তান' স্পষ্ট করেন নাই। তাহারা সমশ্বরে মাহ্মকেই ইহার জন্ম দায়ী করেন এবং তাহাদের পক্ষে ইহা করাও সহজ। কারণ আমি আপনাদের এইমাত্র বলিয়াছি, 'শৃষ্ম হইতে জীবের স্পষ্ট হইতে পারে'—একথা তাহারা বিশাস করেন না। এই জীবনে দেখিতেছি, আমরা সর্বদাই আমাদের ভবিষ্কৃৎ গঠন করিতে পারি; আমাদের প্রত্যেকেই প্রত্যহ আগামী কল্যক্রে গড়িতে চেটা করি। অভ্যামাদের প্রত্যেকেই প্রত্যহ আগামী কল্যক্রে গড়িতে চেটা করি। অভ্যামরা আগামীকল্যের ভাগ্য নির্ধারণ ক্রিক্ট আমরা ভাহার পরের

দিনের ভাগ্য খির করি-এইভাবেই আমাদের জীবন চলে। এই যুক্তি-প্রণাদ্ধী আরও অভীতে প্রয়োগ করা খুবই যুক্তিসকত। যদি আমাদের নিজেদের কর্মের ঘারা আমরা আমাদের ভবিষ্তৎ ভাগ্যকে গঠিত করিতে পারি, তাহা হইলে সেই একই নিয়ম কেন অতীতের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে না ? যদি একটি অনম্ভ শৃঝদের কয়েকটি অংশ কিছু পরে পরে আবর্তিত হইতে থাকে এবং উহার একটি অংশকে আমরা ব্যাখ্যা করিতে পারি, ভাহা হইলে সমগ্র পর্যায়টিরও ব্যাখ্যা করা আমাদের পক্ষে সম্ভবপর হইবে। এই ভাবেই যদি অনস্ত কাল-প্রবাহের একটি অংশকে আমরা বিচ্ছিন্ন করিয়া উহার সম্যক্ ব্যাখ্যা করিতে পারি এবং উহার অর্থ হৃদয়ক্ষম করিতে ममर्थ हरे, जात পृथिवीए यिन मर्वनार्ट अकरे कात्रन अकरे कार्य रुष्टि करत, তাহা হইলে সেই সমগ্র কাল-প্রবাহেরও ব্যাখ্যা আমরা অবশ্রই করিতে পারিব। যদি ইহা সভ্য হয় যে, এই পৃথিবীতে অল্পকাল থাকিবার সময় আমরা আমাদের নিজ নিজ ভাগ্য নিয়ন্ত্রিত করিতে পারি, এবং যদি ইহাও সত্য হয় যে. প্রত্যেক বম্বরই একটি কারণ থাকা অতি আবশ্রক : তাহা হইলে আমরা বর্তমানে ধাহা আছি, তাহা ষে আমাদের সমগ্র অভীতেরই ফল, ইহাও সভ্য হইবে। এই কারণে মানুষের ভাগ্য-নিয়ন্ত্রণের জন্ম অন্ত কাহারও প্রয়োজন নাই, মানুষ নিজেই নিজের ভাগ্য-নিয়স্তা। পৃথিবীতে ষে-সকল পাপ বিরাজ করিভেছে, ভাহার কারণ একমাত্র আমরা নিজেরাই। আমরাই এই-সকল পাপ সৃষ্টি করিয়াছি; এবং আমরা যেমন সর্বদাই দেখি যে, পাপ হইতেই তাপের সৃষ্টি হয়, তেমনি আমরা দেখি যে, বর্তমান হঃখ-ক্লেশের অধিকাংশই মান্থবের অতীত পাপেরই ফলম্বরূপ। এই মতাফুসারে একমাত্র মাহুষ্ট এক্ষেত্রে দায়ী। ঈশ্বকে সেজ্জ্ঞ দোষ দেওয়া চলে না। দেই নিত্য-কঙ্গণাময় পিতাকে কোনক্রমেই দোষ দেওয়া চলে না; 'আমরা (राज्ञभ वीक वभन कति, मिक्रभरे कन भारे।'

বৈতবাদীদের অপর একটি অভিনব মতবাদ এই : প্রত্যেক জীবই পরিশেষে

মৃজিলাভ করিবে। একজনও রাকি থাকিবে না। নানা অবহা-বিপর্যয় ও
নানা স্থ্য-তৃঃথের মধ্য দিয়া প্রত্যেকেই অবশেষে বাহির হইয়া আদিবে। কিন্ত কোথা হইতে বাহির হইরে ? সকল হিন্দু সম্প্রদারেরই অভিনত—সকল জীবই

এই সংসারচক্র হইতে বার্ত্তি হুইয়া আসিবে। যে-বিশ্বকে আমরা দেখিতেছি এবং অহতে করিতেছি, অথবা বে-বিশ্বের বিষয়ে আমরা করনা করিতেছি — ভাহাদের কোনটিই প্রক্বত সভ্য হইতে পারে না, কারণ উভয়ের মধ্যেই ভালো-মন্দ সংমিশ্রিত হইয়া রহিয়াছে। দ্বৈতবাদীদের মতে এই পৃথিবীর উর্ধে এরুপ একটি স্থান আছে, ষেখানে কেবলই স্থথ, কেবলই পুণ্য চিরবিরীজ্মান। সেই স্থান লাভ করিলে জীবের আর জন্ম-মৃত্যু থাকে না, তাহার আর পুনর্জন্ম হয় না; এবং এই ধারণা তাহাদের অতি প্রিয়। দেই ছানে রোগ নাই, মৃত্যু নাই, নিত্য হৃথ বিরাজ্যান; এবং সেই স্থানে তাঁহারা নিত্যই ঈশবের সারিধ্য লাভ করিবেন, নিতাই তাঁহাকে উপভোগ করিবেন। তাঁহারা বিখাস করেন যে, নিয়ত্ম কৃটিপতক হইতে উচ্চত্ম দেবদ্ত এবং দেবতা পর্যন্ত সকলেই, শীঘ্রই হউক অথবা বিলম্বে হউক, সেই স্থান লাভ করিবে, ষে-স্থানে আর কোন তৃ:থের অন্তিত্ব থাকিবে না। কিন্তু আমাদের এই সংসারের শেষ হইবে না, ইহা অনস্কলন চলিতেছে; তরকভকে চলিলেও, চক্রাকারে চলিলেও ইহার শেষ নাই। অসংখ্য জীবাত্মাকে মৃক্তি এবং পূর্ণতা লাভ করিতে হইবে। কিছু জীবাত্মা আছে বৃক্ষের মধ্যে, কিছু আছে পশুর মধ্যে, কিছু আছে মাহুষের মধ্যে, কিছু দেবতার মধ্যে, কিন্তু প্রত্যেকেই এমন কি উচ্চতম দেবতারাও ष्यभूर्व, तक । এই वकांवद्या ष्यथवा 'वक्षन' किक्रभ ? वकांवद्या कमामन्त्रभीन অবস্থা। উচ্চতম দেবতাগণও মৃত্যুমুখে পতিত হন। এই-সকল দেবতার অর্থ বিশেষ অবস্থা, বিশেষ পদ। ধেমন ইন্দ্রত্ব একটি বিশেষপদ মাত্র। একজন অতি উচ্চ জীব বর্তমান কল্লের আরত্তে এই পৃথিবী হইভেই এই পদ অলম্বত করিতে গিয়াছেন এবং বর্তমান কল্প শেষ হইলে ভিনি পুনরায় এই পৃথিবীতে মহয়ক্রপে জন্মগ্রহণ করিবেন, এই পৃথিবীর অপর এক অভিশয় হিতকারী ব্যক্তি পরবর্তী কল্পে এ পদ অধিকার করিবেন। অক্তান্ত সকল দেৰতার ক্ষেত্রেও এই একই নিয়ম প্রধোক্ষা। তাঁহারাও বিশেষ বিশেষ भम्थाती, दर-भम्मगृह लक्क लक कीर भशायकत्य व्यक्षिकात कतिशाहि এবং भति পুনরায় পৃথিবীতে অবতরণ করিয়া মহয়েরপে জন্মগ্রহণ করিয়াছে। যাঁহারা এই পৃথিবীতে পুণ্যকর্মাদি করেন এবং অক্তদের সাহায্য করেন, কিন্ত কিছুটা সকামভাবে, পুরস্কারের আশার অথবা অন্তদের প্রশংসার লোভে, তাঁহারা নিশ্চয়ই মৃত্যুর পরে সেই-সকল পুণাকর্মের ফল ত্রোগ করিবেন—তাঁচারাই এই সকল দেবতা হইবেন। কিন্তু ইহা তো সুক্তি নহে, পুরস্কারের আশায়

ক্ত সকাৰ কৰ্ম বাবা কথনও মৃক্তিলাভ হয় না। মাহৰ বাহা কিছু কামনা করে, ঈশর সে-সবই ভাহাকে দান করেন। মাহ্য শক্তি কামনা করে, সম্মান কামনা করে, দেবভারণে ভোপত্থ কামনা করে; ভাহাদের এই-সকল কামনা পূর্ণ হয়; কিন্তু কোন কর্মের ফলই নিভ্য নহে। কিছুকাল পরে উহা নি:শেষিত হইয়া যায়; বছদিন ছায়ী হইলেও ইহা নি:শেষিত হইয়া ষাইবেই; এবং সেই-সকল দেবতা পৃথিবীতে অবতরণ করিয়া মহয়ারূপে জন্মগ্রহণ করিবেন; এইভাবে তাঁহারা মুক্তিলাভের আর একটি সংযাগ লাভ করিবেন। পশুগণ উচ্চতর তরে উঠিয়া হয়তো মহয়রূপে দেহধারণ করিবে, দেবভারণও ধারণ করিভে পারে, কিছ তাহার পর সম্ভবতঃ পুনরায় মহুয়ারূপ ধারণ করিবে, অথবা পূর্বের মতো পশুত প্রাপ্ত হইবে-এইরপে ষ্ট্রনি পর্যন্ত না ভাহাদের সকল ভোগ-বাসনা, পার্থিব জীবনের জন্ত সকল ভৃষ্ণা, এবং অহং-মমত্ববৃদ্ধি লোপ পাইবে, তভদিন পর্যন্ত এইরূপই চলিতে থাকিবে। এই 'অহং-মম'-ভাবই পার্থিব দকল বন্ধনের কারণ। আপনি যদি একজন দৈতবাদীকে প্রশ্ন করেন, 'আপনার সন্তান কি সত্যই আপনার ?'—ভিনি উত্তর দিবেন, 'সে ঈখরের। আমার সম্পত্তি আমার নছে, ঈশবের।' সকল বস্তুকে ঈশবেরই বস্তরূপে গ্রহণ করা কর্তব্য।

ভারতবর্বের এই-সকল বৈতবাদী সম্প্রদায় নিরামিবভোজী, খুব অহিংদা প্রচার করে। কিন্তু এই বিবরে তাঁহাদের মতবাদ বৌদ্ধ মতবাদ হইতে ভিন্ন। আপনি বদি একজন বৌদ্ধ-মতাবলদীকে প্রশ্ন করেন, 'আপনি কেন পশুহত্যার বিক্লছে প্রচার করিতেছেন ?' তাহা হইলে তিনি উত্তর দিবেন, 'প্রাণী হত্যা করিবার আমাদের কোন অধিকার নাই।' কিন্তু আপনি বদি একজন বৈতবাদীকে প্রশ্ন করেন, 'আপনি কেন পশুহত্যা করেন না ?'—তাহা হইলে তিনি উত্তর দিবেন, 'কারণ, পশু ঈশরের।' সেইজন্ত হৈতবাদিগণের মত—এই 'অহং-মমত্ব'-ভাব কেবলমাত্র ঈশর-বিবরেই প্রযুক্ত হওরা কর্তব্য। একমাত্র তিনিই 'অহং' এবং সকল বন্ধই তাহার। বধন মাহ্ম 'অহং-মম'-ভাব বিদর্জন দের, বখন দে সব কিছুই ঈশর-চরণে অর্পণ করে, যখন সে সকলকেই ভালবার্নে, এবং প্রস্কারের কোনত্রপ আশা না করিরা একটি পশুর প্রাণরক্ষার জন্তও প্রোণভাগে প্রস্কৃত হয়, তথন তাহার হৃদ্য বিশুদ্ধ হন্ধ, এবং একপ করে তাহার হৃদ্য বিশুদ্ধ হন্ধ, এবং একপ করে তাহার হৃদ্য বিশুদ্ধ হন্ধ, এবং একপ কিন্তু উদ্যাহয়। ঈশ্বই প্রত্যেক জীবের

আকর্ষণ-কেন্দ্র; এবং দৈতবাদী বলেন: মৃত্তিকায় আবৃত স্চ চুষক খারা আরুই হয় না; কিন্তু মৃত্তিকা ধৌত হইয়া গেলেই তাহা আরুই হইবে। ঈশর চুষক, জীব স্চ, তাহার পাপকর্মই ধূলি এবং ময়লা, ষাহা তাহাকে আবৃত্ত করে। জীব বিশুদ্ধ হইলেই স্থভাবজ আকর্ষণ-বলে ঈশরের নিকট আসিবে, ঈশরের সহিত অনস্তকাল বিরাজ করিবে, কিন্তু চিরকাল সে ঈশর হইতে পৃথক্ হইয়া থাকিবে। পূর্ণতাপ্রাপ্ত জীব ইচ্ছাম্পারে মে-কোন রূপ ধারণ করিতে পারে; ইচ্ছা করিলে সে একই সঙ্গে একশত দেহ ধারণ করিতে পারে, অথবা একটিও দেহ ধারণ না করিতে পারে। এরূপ জীব প্রায় সর্বশক্তিমান্ হয়, সে শুর্ সৃষ্টি করিতে পারে না—সৃষ্টি করিবার শক্তি কেবল ঈশরেরই আছে। যতই পূর্ণতাপ্রাপ্ত হউক না কেন, কেহই জগৎ-ব্যাপার পরিচালনা করিতে পারে না। এই কার্য কেবল ঈশরের। কিন্তু পূর্ণতাপ্রাপ্ত হইলে সকল জীবই অনস্তকাল আনন্দপূর্ণ হয়, এবং অনস্তকাল ঈশরের সহিত বাস করে। ইহাই হইল দৈতবাদীদের মত।

বৈত্বাদিগণ আর একটি মতও প্রচার করেন। তাহারা ঈশরের নিকট এ-ধরনের প্রার্থনা করার সম্পূর্ণ বিরোধী: প্রভূ! আমাকে ইহা দাও, উহা দাও। তাঁহাদের মতে এরপ করা কখনই উচিত নহে। যদি কেহ কোন পার্থিব দ্রব্যের জন্ম প্রার্থনা করিতে চায়, তাহা হইলে নিমতর কাহারও নিকটেই সেই প্রার্থনা নিবেদন করা উচিত—কোন দেবতা, দেবদৃত অথবা প্রত্যপ্রাপ্ত মৃক্ত জীবের নিকটই কেবল পার্থিব বন্ধ চাহিতে হয়। ঈশরকে কেবল ভালবাসা কর্তব্য। 'প্রভূ! আমাকে ইহা দাও, উহা দাও' এইভাবে ঈশরের নিকট প্রার্থনা করা ধর্মের দিক হইতে ঘোরতর অক্সায়। অভএব বৈত্বাদীদের মতে—দেবতাদের একজনকে আরাধনা করিয়া মায়্ম্ম যাহা কামনা করে, তাহা শীঘ্র বা বিলম্বে লাভ করে, কিন্তু যদি সে মৃক্তি চায়, তাহা হইলে তাহাকে ঈশরের উপাসনা করিতে হইবে। ইহাই ভারতবর্ষের জনসাধারণের ধর্ম।

বিশিষ্টাবৈতবাদিগণের মতবাদে প্রকৃত বেদান্ত-দর্শনের আরম্ভ হইরাছে। তাঁহাদের মতে—কার্য কখনও কারণ হইতে ভিন্ন নৈছে, কার্য কারণেরই রূপভেদ মাত্র। যদি জগৎ কার্য হয় এবং ঈশর কারণ হন, তা্হা হইলে জগৎ ঈশর স্বয়ং; জগং—ঈশর ব্যতীত অপর কিছুই হইতে পারে নানা বিশিষ্টাবৈতবাদীরা বলেন,

নশব অগতের উপাদান-ও নিমিত্ত-কারণ; তিনিই শ্রহা, এবং তিনিই দেই উপাদান—যাহা হইতে সমগ্র জগৎ অভিবাক্ত হইরাছে। আপনাদের ভাষার বাহাকে 'স্টে' বলা হয়, তাহার কোন প্রতিশব্দ সংস্কৃতে নাই, যেহেতু ভারত-বর্ষের কোন সম্প্রদারই পাশ্চাত্য মতাহ্বারী শৃক্ত হইতে জগৎস্টি স্বীকার করেন না। মনে হয়, এক সময়ে এই মতবাদের সমর্থক করেকজন ছিলেন, কিন্তু তাহাদের মতবাদ অতি শীত্রই নিরাক্ত হইরা বায়। বর্তমানে আমি এমন কোন সম্প্রদার আনি না, যাহারা এই মতবাদে বিশ্বাসী। 'স্টে' বলিতে আমরা ব্যি—যাহা পূর্ব হইতেই আছে, তাহারই বহিঃপ্রকাশ। এই সম্প্রদারের মতাহ্বদারে সমগ্র জগৎই স্বয়ং ঈশ্বর। তিনিই জগতের উপাদান। আমরা বেদে পাঠ করি: উর্ণনাভ যেমন নিজের দেহ হইতে তন্ত্ব বয়ন করে, তেমনি সমগ্র জগৎ সেই পরম সত্তা হইতে বাহির হইরাছে।

কার্য যদি কারণের রূপান্তর মাত্র হয়, তাহা হইলে প্রশ্ন হইতে পারে: অ-জড় কিছু নিত্য-জ্ঞানম্বরূপ ঈশ্বর হইতে কিরূপে জড় অচেতন জগং স্ষ্ট হইতে পারে? যদি কারণ শুদ্ধ ও পূর্ণ হয়, তাহা হইলে কার্য অশুদ্ধ ও অপূর্ণ হয় কি করিয়া? এ-বিষয়ে বিশিষ্টাদৈতবাদী কি বলেন? তাঁহাদের মতবাদ একটু অভূত। তাঁহানা বলেন, ঈথর জীব ও জগৎ---এই তিনটি ভাৰ বা সত্তা অভিন্ন। ঈশ্বর যেন আত্মা, জীব-জগৎ তাঁহার দেহ। যেমন আমাদের দেহ আছে, আত্মাও আছে, তেমনি সমগ্র জগৎ এবং সকল জীবই ঈশবের দেহ, এবং ঈশব সকল আত্মার আত্মা। এইরূপে ঈশবই জগতের উপাদান-কারণ। দেহ পরিবর্তিত হইতে পারে, তরুণ বা বৃদ্ধ হইতে পারে, দবল বা তুর্বল হইতে পারে, কিন্তু ভাহাতে আত্মার কোন পরিবর্তন হয় না। আত্মা সর্বদাই সেই চিরম্বন সভা, যাহা দেহের ভিতর দিয়া প্রকাশিত হয়। দেহ আদে, যায়; কিন্তু আত্মার কোন পরিবর্তন নাই। ডেমনি সমগ্র হ্লগৎ পরমেশ্বের দেহ, এবং সেই অর্থে জ্লগৎ স্বয়ং ঈশর। কিন্তু জাগতিক পরিবর্তনে ঈশর পরিবর্তিত হন না। এরপ উপাদান হইতে তিনি জগৎ স্ষ্টি করেন, এবং একটি করের শেষে তাঁহার দেহ স্ত্রতর হইয়া যায়, সহ্চিত হয়। আর একটি কল্পের প্রারম্ভে তাহা আবার প্রসারিত হয় এবং তাহা হইতেই এই-সকল বিভিন্ন বিষ প্রকাশিত

বৈতবাদী এবং বিশিষ্টাবৈতবাদী—উভয়েই স্বীকার করেন, স্বাস্থা স্বভাৰতই **७६, किन्द चकर्माहार व्यक्त हरेया श**र्छ। विशिष्टेरिक वाहिशन देवलवाहिशन অপেকা আরও হুন্দর ভাবে এই তত্তি প্রকাশ করেন। তাঁহারা বলেন, জীবের শুদ্ধতা এবং পূর্ণতা সঙ্গটিত হইয়া পড়ে এবং পুনরায় বিকশিত হয়। আমরা বর্তমানে আত্মার এই স্বভাবগত জ্ঞান, শুদ্ধতা ও শক্তি পুন:প্রকাশিত করিবার ষ্ণ্যই চেটা করিতেছি। আত্মার বহু গুণ আছে, কিন্তু এই জীবান্ধা সর্বশক্তিমান্ ও সর্বজ্ঞ নয়। প্রত্যেক অসং কর্ম আয়ার স্বরূপকে সঙ্চিত করে, এবং প্রত্যেক দং কর্ম তাহাকে প্রসারিত করে, দকল জীবাত্মাই পরমাত্মার অংশ। 'জলম্ভ অগ্নি হইতে ষেমন লক লক ফুলিক নির্গত হয়, অনম্ভরপ ঈশর হইতেও তেমনি এই-দকল আত্মা নির্গত হইয়াছে। প্রত্যেকেরই লক্ষ্য এক। বিশিষ্টাবৈতবাদিগণের ঈখরও ব্যক্তিভাবাপন, অনস্ত-কল্যাণ-গুণাধার; কেবল তিনি অগতের সর্বত্রই অমুপ্রবিষ্ট হইয়া আছেন। তিনি সর্ব বস্ততে, সকল স্থানে অন্তলীন হইয়া আছেন; যথন শান্ত বলেন—ঈশরই সব, ইহার অর্থ এই যে, ঈশর সর্বস্থতে অফুপ্রবিষ্ট হইয়া আছেন; তিনি যে দেওয়াল হইয়াছেন, তাহা নহে; তিনি দেওয়ালের মধ্যে নিহিত হইয়া আছেন। পৃথিবীতে এমন একটি কুদ্ৰতম অংশ, এমন একটি অণু-পরমাণু নাই, ষাহাতে তিনি নাই। সকল জীবাত্মাই সদীম; ভাহারা সর্বব্যাপী নয়। ধ্বন তাহাদের শক্তি বিকশিত হয় এবং তাহারা পূর্ণতা লাভ করে, তথন তাহাদের আর জন্ম-মৃত্যু থাকে না; তাহারা ঈশ্বরের সহিত অনস্তকাল বাস করিতে থাকে।

ু এইবার আমরা অবৈতবাদ-প্রদক্ষে আদিলাম। আমাদের মতে ইহাই হইল সকল দেশের, সকল যুগের প্রকৃত দর্শন এবং ধর্মের শেষ ও ফুলারতম পুশা—ইহাতেই মানবীয় চিন্তার উচ্চতম বিকাশ দৃষ্ট হয়; বে-রহশু অভেগ বিলাই বোধহয়, তাহাও অবৈতবাদ ভেদ করিয়াছে। ইহাই হইল অবৈতবাদী বেদান্ত। অবৈতবাদ এরূপ নিগৃঢ়—এরূপ উচ্চ বে, ইহা জনসাধারণের ধর্ম হইতে পারে না। বে-ভারতবর্ষে ইহার জন্ম এবং বেধানে ইহা বিগত তিন সহস্র বৎসর ধরিয়া পূর্ণ গৌরবে রাজহু করিতেছে, সেধানেও ইহা জনসাধারণকে উদ্ব করিতে পারে নাই। আমরাও ক্রমশঃ দেখিব বে, বেং-কোন দেশের অভি চিন্তাশীল নরনারীয় পক্ষেও অবৈতবাদ হদয়জম করা

কটিন। আমরা নিজেদের এরপ তুর্বল, এরপ হীন করিয়া ফেলিরাছি যে, আমরা বড় বড় দাবি করিতে পারি, কিন্ত বভাবতঃ আমরা অন্তের উপর নির্ভর করিতে চাই। আমরা যেন ক্স তুর্বল চারাগাছের মতো-সর্বদাই একটা অবলঘন চাই। কভবার একটি সহজু আরামের ধর্ম সহজে বলিবার জন্ত আমি অফুক হইয়াছি। অতি আল লোকই সভ্যের কথা ভনিতে চান, <u>প্রতর লোক সভা জানিতে সাহসী হনু, প্রতম লোক নেই</u> সভাকে ব্যাবহারিক জীবনে প্রতিষ্ঠিত করিতে সাহসী হন। ইহা তাঁহাদের দোষ ন্ত, ইছা তাঁহাদের মন্তিভের ত্র্নতা। ব্র-কোম ন্তন তম-বিশেষ ক্রিয়া উচ্চ তত্ত বিশৃষ্থকা অষ্ট করে, মন্তিকের ভিতর যেন একটি ন্তন চিন্তা-প্রণালী উত্তাবনের চেটা করে; প্রবং ইহাতে মাহবের সমগ্র জীবন বি<u>পর্যন্ত হট্যা যায়, এবং মাহুর সমতা হারাইয়া ফেলে। ভাহারা পূর্</u>ব হুইভেই বিশেষ ধরনের পরিবেশে অভান্ত: এবং সেইজয় ভাহাদের প্রাচীন পরিবারিক, নাগরিক শ্রেণীগভ, দেশগভ বহু এবং বিবিধ কুসংস্কার, সর্বোপরি প্রভ্যেক মাহুষের সীয় অন্তর্নিহিত বহু কুসংস্থার জয় করিতে হয়। ভাহা স্ত্তেও পৃথিবীতে একপ কয়েকজন সাহসী বাক্তি আছেন, হাছারা সভা উপলব্ধি ক্রিতে সাহসী হন, সতা গ্রহণে সাহসী হন, শেষ পর্যন্ত সত্য অভ্যারণ করিতে সাহসী হন।

বন্ধ, কেবল তাহাদের বিশেষ বিশেষ বিভিন্ন নাম ও রূপ তাঁহার নাই ৷ এই 'টেবিলের' নাম বর্জন কর, বিশেষ রূপ অথবা আকারাদি বর্জন কর; যাহা অবশিষ্ট থাকিবে, তাংাই তিনি। বৈদান্তিক তাঁহাকে পুরুষও বলেন না, নারীও বলেন না--এই-সকল বর্ণনাই কল্পনা, মহন্ত-মন্তিকজাত মোহ-ভ্রান্তি মাত ; পুত্তপক্ষে আআৰ মধ্যে নৰনাৰী-ভেদ নাই। বাছাৰা মোহগ্ৰন্থ ভাস্ত, যাহারা পশুরং, তাহারাই কেবল নারীকে নারী, পুরুষকে পুরুষরূপে দুর্শন করে। গাঁহারা স্বকিছর উধ্বে, তাঁহারা ন্রনারীর ভিতর ছেদ কুরিবেন কিরূপে? সকল বস্তু, সকল জীবই আছা৷—লিকবিহীন, শক্ত চিরমকলম্<u>য় আত্রা।</u> নাম, রূপ—দেহই কেবল জড়; এবং ইহারাই সকল ভেদের শুষ্টা। নাম ও রূপ, এই উভয় প্রকারের ভেদ যদি বর্জন করা যায়, তাহা হইলে সমগ্ৰ বিশ্বকাণ্ডই এক হইয়া যাইবে। কোন স্থানেই 'হুই' নাই, সর্বত্রই আছে মাত্র সেই 'এক'। তুমি ও আমি এক। প্রকৃতি নাই, ঈখরও নাই, বিখও নাই; আছে কেবল এই এক অনম্ভ অসীম সত্তা, <u>যাঁহা হইতে নাম-রূপের মাধ্যমে সকল বস্থ স্ট হইয়াছে।</u> বিজ্ঞাতাকে কিরূপে জানা বাইবে ? ইহা জানা যায় না। তোমার আত্মাকে তুরি দেখিবে কিরূপে ? তুমি কেবল নিজেকে প্রতিবিম্বিত করিতে পারো। এই ভাবেই সেই এক নিত্য সত্ত। আগ্নার প্রতিবিম্বই সমগ্র বিশ্ব; এবং ভাল-মন্দ দর্পণের উপর পড়িলে ভাল-মন্দ প্রতিবিম্বের উদ্ভব হয়। হত্যাকারীর ক্ষেত্রে প্রতিফলক-দর্পণটি মলিন বা মন্দ, আত্মা নহেন। একঁজন দাধুর ক্ষেত্রে দর্পণটি ওদ্ধ। আত্মা স্বভাবতই ওদ্ধ। জগতে ইনিই সেই এক, সেই একক সন্তা, ধিনি নিয়ত্ম কীট-পতক হইতে উচ্চতম প্রাণীতে পর্যস্ত সর্বত্র নিজেকে প্রতিবিধিত করিতেছেন। দৈহিক, মানদিক, নৈতিক এবং আধ্যাত্মিক সব দিক দিয়া সমগ্র বিশ্ব সেই এক অথও সন্তারণে বিরাজমান। আমরা এই এক সভাকে বিভিন্ন রূপে দর্শন করি, সেই এক সভার উপরেই বিভিন্ন আরুতি সৃষ্টি করি। যিনি নিজেকে মানব-স্তরে আবন্ধ রাখিয়াছেন, তাঁছার নিকট এই সত্তা মাহুষের জগৎরূপেই প্রতিভাত হয়। যিনি উচ্চতর স্তরে আরোহণ করিয়াছেন, তাঁহার নিকট এই সত্তা স্বর্গরেণে প্রতিভাত হয়। বিশ্বস্থাত কেবল একটি সভাই বহিয়াছে, ছইটি নাই। তাঁহার আসাও নাই, যাওয়াও নাই। <u>তাঁহার জন্মও নাই, মৃত্যুও নাই, পুনরায় দৈহুগারণও নাই।</u> তাঁহাব

মৃত্যু হইবে কিরপে? ভিনি কি কোন ছানে গমন করিতে পারেন? এই-সকল স্বৰ্গ, এই-সকল ভূবন, এই-সকল স্থান মনের মিখ্যা করনা মাত্র। ভাহাদের কোন অভিত্য নাই, অভীতেও ছিল না, ভবিয়তেও থাকিবে না।

আমি সর্বব্যাপী, নিত্য। আমি কোথায় গমন করিতে পারি ? আমি কোথায় না আছি ? আমি প্রকৃতির এই পুত্তকটি পাঠ করিতেছি। পৃষ্ঠার পর পৃষ্ঠা পড়িয়া শেষ করিতেছি, এবং পাতা উন্টাইয়া ষাইতেছি, সঙ্গে লাকনের এক একটি অপ্ন বিলীন হইয়া ষাইতেছে। জীবনের আর একটি পৃষ্ঠা উন্টানো হইল, আর একটি স্থপ্নেরও উদয় হইল, ইহাও বিলীন হইরা ষাইতেছে, ক্রমায়রে চলিয়া যাইতেছে, আমি আমার পাঠ শেষ করিতেছি। আমি এগুলিকে চলিয়া যাইতে দিই, একপার্যে সরিয়া দাঁড়াই। পুত্তকটি ফেলিয়া দিই, এবং সমন্ত ব্যাপারটি পরিসমাপ্ত হইয়া ষায়।

অবৈতবাদী কি প্রচার করেন? অতীতে যে-সকল দেবতা ছিলেন, এবং ভবিশ্বতেও বাঁহারা হইবেন, তাঁহাদের সকলকেই তিনি সিংহাসনচ্যুত করিয়া দেই সিংহাসনে স্থাপন করিয়াছেন মানবাত্মাকে, যে আত্মা স্থ-চন্দ্র অপেকা মহত্তর, ত্বৰ্গ অপেকাও উচ্চতর, এই বিশাল জগৎ অপেকাও বিশালতর।

বে আআ জীবাআ-রূপে আবিভূতি হইয়াছেন, জাহার মহিমা কোন গ্রন্থ, কোন শাল্প, কোন বিজ্ঞান কল্লনাও করিছে পারে না। জিনিই সর্বশ্রেষ্ঠ মহিম্ম দেবতা, থিনি চিবদিন বিরাজ্ঞান; তিনিই একমাত্র দেবতা, থিনি অতীতেও ছিলেন, বর্তমানেও আছেন, ভবিত্ততেও পাকিবেন। স্তরাং আমাকে একমাত্র আমার আআকেই উপাসনা করিতে হইবে। অবৈতবাদী বলেন: আমি আমার আআকেই উপাসনা করি। কাহার সম্পুথে আমি প্রণত হইব ? আমি আমার আআকেই প্রশাম করি। কাহার নিকট আমি সাহায়োর ক্রন্ত হাইব ? বিশ্ববাপী অসীম সলা 'আমাকে' কে মাহায়া করিতে পারে ? একজি কেবল মূর্থের স্থা, প্রান্তি মাত্র। কে কবে কাহাতে সাহায়া করিছাতে? কেহই নহে। যথনই দেখিবে তে, একজন তুর্বল বাজি—একজন হৈতবাদী অর্থ হইতে সাহায়া ডিজা করিয়া বোদন ও আর্তনাদ ক্রিডেচে, তথনই আনিও সে একপ করিছেচে, কারণ সে আনে না-দেই স্থা ভাষার নিজেবই নথা বিরাজ্যান। সে স্থা ইইডে সাহায়া চার, একং সেই সাহায়া নিজেবই নথা বিরাজ্যান। সে স্থা ইইডে সাহায়া

ক্রিড তাহা আসে ভাহার নিজের ভিতর হইতে, ছদিও সে ইহাকে বাহিরের সাহায় বলিয়া এম করে। কোন কোন সমরে এরপ ঘটে বে, শ্যাশায়ী অক্স ব্যক্তি ঘারে করাঘাতের শব্দ শুনিতে পার। সে উঠিয়া ঘার থোলে, কিন্তু কাহাকেও দেখিতে পার না। তথন সে শ্যার ফিরিয়া আসে; কিন্তু পুনরায় সে ঘারে করাঘাতের শব্দ শুনিতে পার। সে আযার উঠিয়া ঘার থোলে। সেধানে কেহ নাই। অবশেষে সে আবিকার করে, তাহার নিজের হংগিণ্ডের শব্দকেই সে ঘারে করাঘাতের শব্দ বলিয়া মনে করিতেছিল। একইভাবে দেবতাকে বাহিরে বুধা অন্তেবণ করিবার পর মাহুষের পরিক্রমা সমাপ্ত হয়, যে-স্থান হইতে আরম্ভ করিয়াছিল, সেই স্থানেই সে ফিরিয়া আসে—সেই মানবাত্মার; তথন সে বুঝিতে পারে, যে-ঈশ্বরকে সে এতকাল ধরিয়া সর্বত্র অন্তেবণ করিবার পরে নদী-নালায়, প্রত্যেক মন্দিরে গির্জায় এবং শ্বর্গে, সেই ঈশ্বর—খাহাকে সে এতকাল ধরিয়া স্বর্গ হইতে মর্ত্য-শাসনকারী বলিয়া কল্পনা করিয়া আসিতেছে, সেই ঈশ্বর সে নিজেই। আমিই তিনি, এবং তিনিই আমি। আমি ব্যতীত অপর কোন ঈশ্বর ছিলই না এবং এই কুল্র আমির অন্তিম্বও কোনদিন ছিল না।

তাহা দত্তেও সেই পূর্ণ নির্দোষ ঈশ্বর কিরণে মোহগ্রন্ত হইলেন? তিনি কদাপি মোহগ্রন্ত হন নাই। পূর্ণ নির্দোষ ঈশ্বর কিরণে শ্বপ্র দেখিতে পারেন? তিনি কখনও শ্বপ্র দেখেন নাই। সত্য কখনও শ্বপ্র দেখে না। 'কোথা হইতে এই মিখ্যা মোহের উৎপত্তি হইল?'—এই প্রশ্নটিই আমোজিক। মোহ হইতেই মোহের উৎপত্তি। সত্য-দর্শন হইলেই মিখ্যা মোহের বিলয় ঘটে। মোহের ভিত্তিতেই মোহের শ্বিভি—ঈশ্বরের, সভ্যের অথবা আত্মার ভিত্তিতে নহে। তুমি কখনও মোহে বিরাজ কর না, মোহই তোমার মধ্যে থাকে। একটি মেঘ ভাসিতেছে, অপর একটি মেঘ আদিয়া ভাহাকে সরাইয়া দিয়া নিজে ভাহার শ্বান অধিকার করে। ভারপর অপর একটি মেঘ আদিয়া ভাহাকে সরাইয়া দিয়া ভাহার শ্বান অধিকার করে। যেরপ শাখত নীল আকাশে নানা বর্ণের মেঘ আদে, অল্পণ্ডের জন্ত থাকে, ভার পর চলিয়া যায়, আকাশ পূর্ণের মতো নীন্সই থাকে, সেইরণ ভোমরাও চিরকাল শুন, চিরকাল পূর্ণ। ভোমরাই পৃথিবীর প্রকৃত দেবভা; না, বিতীয় কোনকালেই নাই—কেবল 'একই' দ্বানা আছেন। 'তুমি এবং

আমি'—এরপ বলাই ভো ভূল। বুলো, 'আমি'। 'আমিই' লক্ষ্য লক্ষ্য থাইতেছি; আমি কিরপে ক্থার্ড হুতে পারি? এই 'আমিই' অসংখ্য হুতে কার্য করিতেছি; আমি কিরপে নিক্ষিত্র হুইতে পারি? 'আমিই' সম্প্রা বিশে জীবন বাপন করিতেছি; আমার মৃত্যু কোথায়? আমি সমন্ত ভীবন-মৃত্যুর উর্ব্ধে। আমি কোথায় মৃক্তি অবেবণ করিব? কারণ আমি বরূপতই চিরম্ক্ত। কে আমাকে বন্ধন করিতে পারে—বিশের ঈশর কি? পৃথিবীর আল্লসমূহ কেবল কৃত্র মানচিত্র—বে-আমি বিশের একমাত্র সন্তা, তাহারই মহিমা ইহারা বর্ণনা করিতে প্রারামী। স্বভরাং এই-সকল প্রথের মৃল্য আমার নিকট আর কভটুকু?—অবৈভবাদী এইরূপই বলেন।

'দত্যকে জানো এবং এক নিমেবেই মুক্ত হইয়া যাও।' তথন সব অন্ধকার বিদ্বিত হইয়া যাইবে। ব্ধন মাহ্য নিজেকে বিশের অনন্ত অদীম সন্তার সহিত এক বলিয়া উপলব্ধি করে, তথন সমস্ত ভেদ দ্বীভূত হয়। খধন সকল নর-নারী, সকল দেবতা-দেবদ্ত, সকল পশুপকী, বৃক্লতা এবা সমগ্র বিশ্বস্থাও সেই একছে দ্রবীভূত হইয়া যায়—তখন সমস্ত ভয়ও দূর হইয়া বায়। আমি কি নিজেকে আঘাত করিতে পারি ? আমি কি নিজেকে হত্যা করিতে পারি ? আমি কি,নিজেকে আহত করিতে পারি ? কাহাকে ভয় করিব ? তুমি কি কোনদিন নিজেকেই ভন্ন করিতে পারো ? তখন সকল তৃ: থ দূর হইরা ষাইবে। কী আমার তৃ:থের কারণ হইতে পারে ? আমিই তো পৃথিবীর একমাত সন্তা। তথন সকল দ্বা দূর হইরা যাইবে। কাহাকে আমি ঈ্র্বা করিব? নিজেকে? তথন সকল মন্দ ভাব দূর হইয়া ষাইবে। কাহার বিক্লকে আমার মন্দ্র ভাব থাকিবে ? নিজের বিক্লকে ? পৃথিবীতে 'আমি' ছাড়া আর কেহই নাই। অবৈতবাদী বলেন যে, ইহাই হইল জ্ঞানের এক্টিমাত্র পস্থা। জগতে বে বহু আছে— সেই ভেদ, সেই কুসংস্থার ধ্বংদ করিয়া ফেলো। 'এই বছবস্থপূর্ণ জগতে দেই এককেই যিনি দর্শন করেন—এই জড জগতের মধ্যে সেই চেতন সম্ভাকেই বিনি দর্শন করেন, এই ছায়াময় পৃথিবীতে সেই সভ্যকেই বিনি ধারণ করেন, তিনিই শাৰত শান্তি ণাভ করেন, অন্ত কেহ নহে, অন্ত কেহই নহে।

দিবর সমক্ষে ভারতবর্ষের আধ্যান্থিক চিন্তাধারার যে তিনটি তার আছে, এগুলি ভাহারই মূলস্ত্র। আমহা দেবিয়াছি, ইহার আরম্ভ হইয়াছে

'জগদ্বহিভূতি ব্যক্তিভাৰাপ<u>দ ঈশবের' মতবাদ লইন্না।</u> তারপর বাহির হইতে ভিতরে গিয়া ইহা 'জগতের অন্তর্গামী ঈশরের' মতবাদে খিতি লাভ করে। পরিশেষে জীবাত্মা ও পরমাত্মাকে এক ও অভিন্ন প্রতিপন্ন করিয়া এবং সেই এক আত্মাকে পৃথিবীর বহুরূপ প্রকাশের ভিত্তি নির্দেশ করিয়া এই আধ্যাত্মিক চিন্তা শেষ হইয়াছে। ইহাই বেদের চরম ও পরম কথা। ইহা দৈতবাদ লইয়া আরম্ভ হয়, বিশিষ্টাদৈতবাদের মধ্য দিয়া অগ্রসর হয়, এবং অহৈতবাদে সমাপ্ত হয়। আমরা জানি, পৃথিবীতে অল্পংখ্যক ব্যক্তিই শেষ পর্যন্ত এই অবস্থায় পৌছিতে পারেন, এমন কি ইহাতে বিশাস করিতে পারেন এবং তাহা অপেকা অল্প ব্যক্তি এই ভাব অফুসারে কার্য করিতে পারেন। তাহা সত্ত্বেও আমরা ইহাও জানি যে, ইহারই মধ্যে আছে বিখের সকল নীতি-তত্ত, সকল আধ্যাত্মিক তত্ত্বের পূর্ণ ব্যাখ্যা। 'অপরের মঙ্গলসাধন কর'—ইহা সকলেই বলেন; কিন্তু কেন ? ইহার ব্যাখ্যা কি ? কেন সকল মহৎ ব্যক্তিই সমগ্র মানবজাতির, এবং মহত্তর ব্যক্তিগণও সকল প্রাণিজগতের ভ্রাতৃত্বের বিষয় বলিয়াছেন ? কারণ তাঁহারা না জানিলেও এই-সকলের পশ্চাতে, তাঁহাদের সকল অধোক্তিক এবং ব্যক্তিগত কুসংস্কারের মধ্যে ও সকল বহুত্ববিরোধী সেই আতার শাশত আলোকই অর অর দেখা ষাইতেছিল এবং দৃঢভাবে প্রমাণ করিতেছিল—সমগ্র বিশই এক।

জ্ঞানের চরম কথা: এক অথগু বিশ্ব—যাহা ইন্সিয়ের মধ্য দিয়া জড়রপে,
বৃদ্ধির মধ্য দিয়া জীবরূপে, আত্মার মধ্য দিয়া ঈশ্বরূপে প্রতিভাত হয়।
পৃথিবীতে যাহাকে পাপ বা অক্সায় বলা হয়, তাহারই আবরণে যে
নিজেকে আবৃত করিয়া রাখে, তাহার নিকট এই জগং পরিবর্তিত হইয়া য়ায়
এবং কুৎসিত আকার ধারণ করে। একজন ভোগস্থকামীর নিকট এট
পৃথিবী পরিবর্তিত হইয়া স্বর্গের আকার ধারণ করে, এবং পূর্ণ মানবের
নিকট সবই তিরোহিত হইয়া যায় এবং সব কিছু তাঁহার নিজেরই আত্মা
হইয়া দাড়ায়।

বস্তত: সমাজের বর্তমান অবহায় পূর্বোক্ত সকল শুরেরই প্রয়োজনীয়তা আছে। একটি শুর অপর শুরকে মিধ্যা কলিয়া প্রমাণ করে না; একটি শুর অপর শুর্বজর রূপ মাত্র। অবৈত্রবাদী অথবা বিশিষ্টাবৈত্রবাদী এই কথা বলেন না যে, বৈত্রবাদ ভ্রমাশ্বক। ইহাও য়ুভ্য, কিন্তু নিয়ন্ত্রের স্ত্য,

ইহাও পূর্ণ সভ্যের দিকেই অগ্রসর হইছেছে। স্বভন্নং প্রভাবকেই ভাহার নিজের জানবৃদ্ধি অনুসারে অগৎ সম্বন্ধে ধারণা পোষণ করিতে দাও; কাহাকেও আঘাত করিও না, কাহাকেও হান দিতে অসমত হইও না, বে ধেধানে দণ্ডারমান আছে, সেধানেই তাহাকে গ্রহণ কর এবং যদি পারো, তাহাকে সাহায্য করিবার জন্ত হন্ত প্রসারিত করিয়া দাও, তাহাকে উচ্চতর গ্রের উনীত কর, কিন্ত ভাহাকে আঘাত করিও না, ধ্বংস করিও না। পরিশেষে সকলেই সভ্যে উপনীত হইবে। 'যুধন হৃদ্রের স্কল কামনা পরাভ্ত হইবে, তথনই মুর্ত্য জীব অমৃতত্বের অধিকারী হইবে'—তথন জীবই স্বর্গ ইরা বাইবে।

আত্মাঃ ভাহার বন্ধন ও মুক্তি

[আমেরিকায় প্রদত্ত বক্তা]

অবৈতবাদীর মতে জগতে গত্য বন্ধ একটিই আছে, তাঁহাকে বন্ধ বলা হয়। অস্তান্ত সকল বন্ধই মিথ্যা—বন্ধ হইতে মায়া-শক্তি বারা উদ্ভাবিত। আমাদের উদ্দেশ্য হইল প্রয়ায় সেই বন্ধভাবে ফিরিয়া বাওয়া। আমরা প্রত্যেকেই সেই বন্ধ, সেই সত্য, কিন্তু মায়া-সমন্বিত। বদি এই মায়া বা অজ্ঞান হইতে মৃক্তি লাভ করিতে পারি, তাহা হইলে আমরা প্রকৃতপক্ষে যাহা, তাহাই হইব। এই দর্শন অহুসারে প্রত্যেক মাহুবেরই তিনটি অংশ আছে—দেহ, অন্তঃকরণ বা মন, এবং মনের পশ্যতে আত্মা। দেহ আত্মার বাহিরের এবং মন আত্মার ভিতরের আবরণ। এই আত্মাই প্রকৃত জাতা, প্রকৃত ভোক্তা; এই আত্মাই অন্তঃকরণের সাহাব্যে দেহকে পরিচালিত করিতেছে।

জ্ড দেহের মধ্যে একমাত্র আত্মাই জড় নর। বেতেত্ আত্মা জড় নর, অতএব আত্মা বৌগিক বন্ধ হইতে পারে না; এবং বৌগিক পদার্থ নর বলিয়া আত্মা প্রাকৃতিক কার্থ-কার্থ-নিয়ুমের অধীনও নয়, সেজ্য আত্মা অমর। যাহা অমর ভাষা অনাদি, কেন না যাহার আদি আছে, ভাহারই অভ আছে।

ইহা হইতে প্রমাণিত হয় যে, আত্মা নিরাকার; জড় ছাড়া আকার থাকিতে পারে না। সকল সাকার বন্ধরই আদি অন্ত আছে। আমরা কেহই এমন সাকার বস্তু দেখি নাই, যাহার আদি ও অন্ত নাই। শক্তি ও অড়ের সমন্বয়ে আকারের উদ্ভব হয়। এই 'চেয়ারটির' একটি বিশেষ আকার আছে; ইহার অর্থ এই যে, কিছু পরিমাণ জড়ের উপর কিছু পরিমাণ শক্তি কার্য করিয়া ঐ অভূকে একটি বিশেষ আকার ধারণ করিতে বাধ্য করিয়াছে। এই আকারটি জড় ও শক্তির সংযোগ। এ সংযোগ শাখত হইতে পারে না, এরপ সংযোগ কালক্রমে ভাঙিয়া যায়। এই কারণে সকল আকারই আদি-এবং অস্ত-বিশিষ্ট। আমরা জানি, আমাদের দেহ বিনষ্ট হইবে; ইহার আরম্ভ वा जानि हिन, এकनिन শেষ इटेरव। किन जाकांत्र नाटे विनेत्रा जाजा এटे আদি-অন্তের নিয়মাধীন নয়। আত্মা অনাদিকাল হইতেই আছে; কাল যেমন শাৰত, মানবের আত্মাও তেমনি শাৰত। বিভীয়তঃ আত্মা নিশ্চয়ই সর্বব্যাপী। কেবল সাকার বস্তুই দেশকাল ছারা স্ট্র এবং সীমাবদ্ধ; যাহা নিরাকার, তাহা দেশকাল ঘারা সীমাবদ্ধ হইতে পারে না। স্থভরাং অবৈত-বেদাস্তমতে — আমার, ভোমার, দকলের মধ্যে আত্মা দর্বব্যাপী। তুমি বেমন পৃথিবীতে আছ, তেমনি সুর্যেও আছ; যেমন আমেরিকার আছ, তেমনি ইংলওেও আছ। কিন্তু আত্মা দেহমনের মাধ্যমেই কার্য করে, এবং ষেখানে দেহমন আছে, দেখানে তাহার কার্যও দৃষ্ট হয়।

আমাদের প্রত্যেক কার্য, প্রত্যেক চিন্তা মনে একটি ছাপ রাধিরা যায়, এগুলিকে সংস্কৃত ভাষার বলা হয় 'সংস্কার'; এবং এই-সকল সংস্কার মিলিত হইরা একটি প্রচণ্ড শক্তি সৃষ্টি করে, বাহাকে বলা হয় 'চরিত্র'। মারুষের চরিত্র মারুষ নিজেই সৃষ্টি করে; চরিত্র ভাহার নিজের মানসিক এবং দৈহিক কার্যাবলীর ফল মাত্র। সংস্কারসমূহের সমন্ত্রই হইল সেই শক্তি, বাহা মৃত্যুর পরে মারুষের নৃতন জীবন নির্দিষ্ট করে। একজন মারুষের মৃত্যু হয়, ভাহার দেহপাত হয় এবং সেই দেহ পঞ্জুতে বিলীন হইয়া বায়; কিন্তু সংস্কারসমূহ মনের ভিতর থাকিয়া বায়। এই মন স্ক্রেডর জৃড় বন্ধ বলিয়া বিলীন হয় না, কারণ বন্ধ বত স্ক্র হয়, তত হায়া হয়। কিন্তু পরিশেষে মনও লয় পায়, এবং ইহারই জন্ত আমরা চেষ্টা করিতেছি। এই প্রেশকে সর্বোৎক্রন্ট একটি উদাহরণের কথা আমার মনে পড়িতেছে, ভাহা হহঁব ঘর্ণিবায়্। বিভিন্ন দিক

হইতে বিভিন্ন বাৰু-প্ৰবাহ আসিয়া একছানে সমবেত হয়, এবং ঘূরিতে আরম্ভ করে। ঘূরিভে ঘ্রিভে ভাহারা নিকটের কাগজ, ধড়কুটা প্রভৃতি টানিয়া লইয়া একস্থানে ধূলিময় আকার ধারণ করে; আবার ভাহা ফেলিয়া দিয়া, অন্ত হানে বাইয়া অন্ত আকায়ে ঘ্রিডে থাকে, এইরূপে সমূধে বাহা আছে, তাহা আকর্ষণ করিয়া পুনরায় বিভিন্ন আকার ধারণ করে। সংস্কৃতে বাহাকে 'প্ৰাৰ-শক্তি' বলে, ভাছাও এইভাবে একত হইয়া জড় পদাৰ্থ ছইতে দেহ ও মন স্**ষ্টি করে; বতক্ষণ না ঐ দেহের পতন হয়, ততক্ষণ সে সক্রিয়ভাবে** কাব করিতে থাকে; ঐ দেহনাশের পর নৃতন উপাদান হইতে প্রাণশক্তি অপর একটি দেহ সৃষ্টি করে, সেই দেহের বিনাশের পর আবার অপর একটি দেহ সৃষ্টি করে—এইভাবেই এই প্রক্রিয়া চলিতে থাকে। শক্তি জড়-পদার্থ ব্যতীত চলিতে পারে না। দেক্তা দেহপাতের পরেও মনের উপাদান থাকে, প্রাণ সংস্কারদ্ধণে মনের উপর কার্য করে; এবং মন তথন অস্ত ছানে গিয়া নৃতন উপাদান হইতে অপর একটি ঘূর্ণির স্বষ্টি করে এবং নৃতন যাত্রা আরম্ভ করে; এইভাবে মন এক স্থান হইতে অক্ত স্থানে পরিভ্রমণ করে, যতক্ষণ না গভিবেগ শেষ হয়, ভভক্ষণ চলিতে থাকে; পরে পড়িয়া যায়, ইহার পভিবেগ সমাপ্ত হয়। এইভাবে যখন মনের নাশ হইবে, কোন সংস্থার না রাখিয়াই মন একেবারে চুর্ণবিচূর্ণ হইয়া ষাইবে, তথন আমরা সম্পূর্ণরূপে মৃক্ত হইব, কিন্ত তাহার পূর্ব পর্যন্ত আমরা বন্ধই থাকিব। মনের ঘূর্ণিতে সমাচ্ছর আত্মা করনা করিভেই থা।কবে, আমি স্থান হইতে স্থানান্তরে নীত হইতেছি। বখন এই ঘূৰ্ণি ৰা আৰৰ্ভ চলিয়া বাইবে, তথন আত্মা জানিতে পারিবে, সে দর্বব্যাপী, সে বেখানে ইচ্ছা ৰাইতে পারে, দে সম্পূর্ণরূপে মৃক্ত, এবং সে যত ইচ্ছা তত দেহ-মন স্ষ্টি করিতে পারে। কিন্তু তার পূর্ব পর্বন্ত আত্মা কেবল ঘূর্ণির নকে সকেই ৰাইতে পারে। এই মৃক্তিই হইল লক্ষ্য—বেধানে পৌছিবার জন্ত আমরা সকলেই অগ্রসর হইতেছি।

মনে কন্ধন, এই কন্ধে একটি 'বল' আছে এবং আমাদের প্রত্যেকের হাতেই একটি করিয়া লাঠি আছে। আমরা সেই লাঠি দিয়া বলটিকে শতবার আবাত করিতেছি, এক খান ক্ইতে অপর খানে ঠেলিয়া দিতেছি, যতক্ষণ না বলটি কন্দ হইতে বাহির হইয়া যার। কিরুপ বেগে এবং কোন্ দিকে বলটি বাইবে ? কন্দের ভিতর বে-সকল শক্তি এ যাবং বলটির উপর কার্য

করিতেছিল, সেগুলির ছারাই ইহা নিরূপিত হইবে। বলটির উপর যে-সকল বিভিন্ন আঘাত করা হইয়াছিল, সেগুলি স্ব স্থ ফল প্রসৰ করিবে। আমাদের প্রত্যেক মানদিক ও দৈহিক কর্মই এরপ এক একটি আঘাত। মানব-মনও একটি 'বল'---মনকেও আঘাত করা হইভেছে। পৃথিবীর এই কক্ষে আমরা সর্বদাই এইভাবে আঘাত প্রাপ্ত হইতেছি, এবং এথান হইতে আমাদের নিক্রমণ এই-সকল আঘাতের শক্তির উপর নির্ভর করিতেছে। প্রত্যেক ক্ষেত্রেই 'বলটির' গতিবেগ ও গতির দিক আঘাতগুলির ছারাই নিরূপিত হয়; তেমনি আমাদের এই জন্মের কর্মসমূহ আমাদের ভবিশ্রৎ জীবন স্থির করিবে। আমাদের বর্তমান জন্ম আমাদের অতীত কর্মের ফল। একটি দৃষ্টাভঃ মনে কর, আমি তোমাকে একটি অনম্ভ সীমাহীন শৃত্যল দিলাম—ভাহার কড়া-গুলি পর পর একটি খেত, একটি রুঞ ; ইহার আরম্ভ নাই, শেষও নাই। মনে কর, আমি তোমাকে সেই শৃত্যলটির স্বরূপ সম্বন্ধে জিজ্ঞাসা করিলাম। শৃত্যলটি উভয় দিক হইতে অনস্থ অসীম বলিয়া প্রথমে ইহার আরম্ভ এবং শেষ স্থির করা তোমার পক্ষে কটকর হইবে। কিন্তু ধীরে ধীরে জানিতে পারিবে—ইহা একটি শৃঙ্খল। শীঘ্রই তুমি আবিষ্কার করিবে, এই অনস্ত শৃঙ্খলটি শেত ও কৃষ্ণবর্ণের তুইপ্রকার অংশের পুনরাবৃত্তি মাত্র, এবং এই তুইটি অংশকেই অনস্ত বার গুণ করিলে সমগ্র শৃঙ্খলটি পাওয়া বায়। যদি তুমি এই-সকল অংশের স্বরূপ জানো, তাহা হইলে তুমি সমগ্র শৃষ্থলটিবও স্বরূপ জানিবে, বেহেতু ইহা সেই অংশদমূহের শুধু পুনরাবৃত্তি মাত্র। একই ভাবে আমাদের সমগ্র জীবন-অতীত, বর্তমান ও ভবিশ্বং—বেন একটি অনস্ত শৃত্বল, ইহার আদিও নাই, অন্তও নাই; ইহার প্রভ্যেকটি অংশ এক একটি জীবন, এবং এই জীবনের তুইটি দিক-জন্ম ও মৃত্যু। আমরা ষাহা হই এবং বাহা করি, নে-সবই বারংবার সামাগ্র পরিবর্ভিত আকারে পুনরাবর্ভিড হইডেছে। স্তরাং আমরা যদি এই ছুইটি অংশকে জানি, তাহা হুইলে জগতে বে-সকল পথ আমাদের অভিক্রম করিতে হইবে, দে-সবই আমরা জানিতে পারিব। এরণে দেখিতেছি বে, বর্তমান জীবনে জামরা বে বে-পথে হাইভেছি, তাহা অতীত জীবনে আমরা বে বে-পথে গিয়াছি, ভাছা বারাই হিরীকৃত হইতেছে। আমাদের নিজেদের কর্মান্নসারেই আমরা এই পৃথিবীতে আসিয়াছি। আমরা ষেমন নিজেদের বর্তমান কর্মফলগুলি লইয়া পৃথিবী হইতে; চলিয়া যাই, তেমনি নিজেদের প্রাক্তন কর্মকলগুলি লইয়া এই পৃথিবীতে আদি; যাহা আমাদিগকে পৃথিবী হইতে লইয়া যায়, তাহাই আমাদিগকে পৃথিবীতে লইয়া আদে। কোন্ শক্তি আমাদের পৃথিবীতে লইয়া আদে! কোন্ শক্তি আমাদের পৃথিবীতে লইয়া আদে! আমাদের প্রাক্তন কর্ম। কে লইয়া যায় ?—আমাদের নিজেদের ইহলোকের কর্মসকল। যেমন 'গুটিপোকা' নিজের মৃথ হইতে তত্ত বাহির করিয়া 'রেশম-গুটি' নির্মাণ করে এবং পরিশেষে সেই 'রেশম-গুটির' ভিতর নিজেই আবদ্ধ হইয়া যায়, সেরূপ আমরাও নিজেদের কর্ম যায়া নিজিদিগকে আবদ্ধ করিয়া ফেলিয়াছি, আমরাও আমাদের চারিদিকে নিজেদের কর্মজাল ব্নিয়াছি। আমরাই কার্ম-কারণ-নিয়মকে চাল্ করিয়াছি, এবং এখন তাহা হইতে পরিত্রাণ পাওয়া কঠিন বলিয়া বোধ করিতেছি। আমরাই সংসার-চক্রকে গতিশীল করিয়াছি, এবং এখন সেই চক্রতলে পিট হইতেছি। স্বতরাং এই দার্শনিক মতবাদ আমাদের ইহাই শিক্ষা দেয় যে, আমরা সকলে একই প্রকারে আমাদের নিজেদের কর্ম—পাণ-পুণ্য হারা আবদ্ধ হইতেছি।

আতা কথন চলিয়াও যায় না, আসেও না, জয়গ্রহণও করে না, য়ত্যুমুখেও পতিত হয় না। ইহা জুাআর সন্মুখহ প্রকৃতিরই গতি; এই গতির
প্রতিবিদ্ধ আতায় পড়ে; তাহাতে আত্মা অক্সানবশতঃ মনে করে, সে-ই
গমনাগমন করিতেছে, প্রকৃতি নহে। যখন আত্মা এইরূপ মনে করে, তখন
লে বদ্ধাবহা প্রাপ্ত হয়, কিন্তু যখন লে জানিতে পারে—তাহার গতি নাই,
লে সর্বব্যাপী, তখন সে মুক্তিলাভ করে। বদ্ধ আত্মাকে 'জীব' বলা হয়।
এরূপে তোময়া দেখিতেছ, যখন বলা হয়—আত্মা আসিতেছে ও যাইতেছে,
তখন তাহা কেবল ব্রিবার স্থবিধার জয়্মই বলা হয়, যেমন জ্যোতির্বিদ্ধাপাঠের স্থবিধার জয়্ম তোমাদের মনে করিতে বলা হয়, স্র্য পৃথিবীর
চারিদিকে ত্রতিছে, বদিও তাহা সত্য নহে। এইভাবে জীব উচ্চতর অথবা
নিয়তর অবয়া প্রাপ্ত হয়। ইহাই হইল সেই স্পরিচিত জয়ান্তরবাদ, এবং
সমগ্র স্প্রি এই নিয়নের অধীন।

মাহ্য বে শশু হইতে উৎপন্ন হইনাছে, ভাহা এই দেশের জনসাধারণের নিকট অভি বীভংস বলিয়া বোধ হয়। কেন? এই-সকল লক্ষ লক্ষ পশুর শেষ গভি কি । ভাহারা কি কিছুই নহে । আমাদের যদি আত্মা থাকে, ভাহা হইলে ভাহাদেরও ভো আত্মা আছে; ভাহাদের যদি আত্মা না থাকে, আমাদেরও আত্মা নাই। কেবল মাছবেরই আত্মা আছে, পশুর নাই—ইং। বলা অতি অবৌক্তিক। পশুর অধম মাহুষও আমি দেখিয়াছি।

মাহ্যের আত্মা সংস্কার অহুসারে নিম্ন হইতে উচ্চতর শরীরে পরিভ্রমণ করিয়াছে। কিন্তু কেবল উচ্চতম মহয়শরীরেই তাহার মৃক্তিলাভ হয়। এই মহয়-আকার, এমন কি দেবদ্ভের আকার অপেকাও উচ্চতর, সকল প্রকার জীব হইতে উচ্চ মাহ্যই পৃথিবীর মহন্তম জীব, কারণ মাহ্যই মোক্লাভ করে।

এই সমগ্র জগৎ ব্রম্বেই অব্ধিত ছিল, এবং ধেন ওাঁহা হইতে বাহির হইয়া আসিয়াছে। এরূপে যে-উৎস হইতে জগৎ বাহির হইয়া আসিয়াছে, সেইখানে প্রত্যাবর্তন করিবার জ্ঞাই চেষ্টা করিতেছে, ধেরূপ ভায়নামো (dynamo) হইতে উৎপন্ন হইয়া বিহাৎ একটি বৃত্ত (circuit) সম্পূৰ্ণ করিয়া ভায়নামোতেই প্রভ্যাবর্তন করে। আত্মার ক্ষেত্রেও ভাহাই ঘটভেছে। ব্ৰহ্ম হইতে বাহিব হইয়া আত্মা বিবিধ উদ্ভিদ্ ও পশুৰ মধ্য দিয়া অবশেষে মহয়শরীরে উপস্থিত হয়; এবং মানবই ত্রেমের নিকটভ্রী। যে ত্রন্ধ হইতে আমরা বাহির হইয়া আসিয়াছি, তাঁহাতে ফিরিয়া যাওয়াই মহান্ জীবন-সংগ্রাম। মাহুষ ইহা জাহুক বা নাই জাহুক, তাহাতে কিছুই আদে যায় না। পৃথিবীতে আমরা যাহা কিছু গতিময় দেখি, খনিজ পদার্থে, বুক্ষ-লভায় অথবা পশুপক্ষীতে ঘাহা কিছু সংগ্রাম দেখি, সবই সেই এক কেন্দ্রহলে প্রভাবর্তন করিয়া বিশ্রামলাভের প্রচেটা মাত্র। পূর্বে সাম্যাবস্থা ছিল, পরে তাহা বিনষ্ট হইয়া গিয়াছে; এবং সকল অংশ-অণু-পরমাণু সেই বিনষ্ট সাম্যাবস্থা পুন:প্রাপ্তির জন্ম চেষ্টা করিতেছে। এই সংগ্রামে ভাহারা মিলিত হইয়া নৃতন নৃতন ভাবে স্ট হইভেছে, এইভাবেই প্রকৃতির সকল অত্যাশ্চর্য বস্তুর উদ্ভব হইতেছে। প্রাণিজগতে, উদ্ভিদ্জগতে এবং অক্তান্ত সকল ক্ষেত্ৰেই সকল সংগ্ৰাম ও প্ৰতিযোগিতা, সকল সামাজিক সংঘৰ্ষ ও যুদ্ধ, সেই সাম্যাবহা পুন:প্ৰাপ্তির **দ্বস্ত শাখত সংগ্ৰাম ভিন্ন অ**পর किছ्रे नरह।

জন্ম চ্ইতে মৃত্যুর দিকে এই গতি—এরপু বিচরণকেই সংস্কৃতে বলা হয় 'সংসার'; আক্ষরিক অর্থে বলা হয়—<u>জন্ম-মরণ-চক্র।</u> সকল স্ট বস্তই এই চক্র পরিক্রমণ করিয়া শীঘ্র বা বিলম্বে মোক্ষলাভ করিবে। প্রশ্ন হইতে পারে, বদি আমরা সকলেই ভবিশ্বতে মৃক্তিলাভে অধিকারী হই, তাহা হইলে তাহার অন্ত আবার সংগ্রামের প্রব্রোজন কি ? যদি প্রভাবেই মৃক্ত হইবে, তাহা হইলে আমরা বসিয়া থাকিব এবং অপেকা করিব। ইহা সভা বে. নীপ্র হুউক বা বিলয়েই হউক, প্রভাক জীবই মৃক্তিলাভ করিবে। কেহই পিছনে পড়িয়া থাকিবে না; কাহারও ধ্বংস হইবে না; প্রভাক বন্ধ নিশ্রুই উচ্চ হইতে উচ্চতর অবহায় উনীত হইবে। যদি তাহাই হয়, তাহা হইলে আমাদের সংগ্রামের প্রব্যোজন কি ? প্রথমতঃ সংগ্রামই হইল একমাত্র উপায়, যাহা আমাদিগকে কেন্দ্রহলে আনিতে পারে; বিতীয়তঃ আমরা জানি না, কেন সংগ্রাম করিতেছি। সংগ্রাম আমাদের করিতেই হইবে। 'সহস্র লোকের মধ্যে, কয়েকজনই মাত্র জানেন বে, তাঁহারা মৃক্তিলাভ করিবেন।' অধিকাংশ মাহ্মর জড় প্রব্য লইয়াই সম্ভট থাকেন; কিছ করেকজন আছেন, যাহারা জাগ্রত হন—ব্রহ্মে প্রত্যাবর্তন ক্রিতে চান, যাহারা মনে করেন—পুথিবীর লীলাখেলা যথেই হইয়াছে। ইহারাই সজানে সংগ্রাম করেন; আ্রাফ সকলে সংগ্রাম করে অজ্ঞানে।

বেদান্তদর্শনের আরম্ভ ও শেষ হইল—অসত্যকে ত্যাগ এবং সত্যকে গ্রহণ করিয়া 'সংসার ভ্যাপ করা'। যাঁহারা পার্থিব মোহে মুধ হইয়া আছেন, তাঁছারা হয়তো বলিতে পারেন: কেন আমরা পৃথিবী ত্যাগ করিয়া চলিয়া ষাইব, এবং কেন্দ্রছলে প্রভ্যাবর্তন করিতে চেষ্টা করিব ? মনে করুন, আমরা সক্লেই ঈশুর হইতে আদিয়াছি; কিন্তু দেখিতেছি, এই জগৎ স্থানর ও স্থাদায়ক; অতএব কেন আমরা জগংকেই আরও বেশী সম্ভোগ করিতে চেষ্টা করিব না ? কেন আমরা সংসারের বাহিরে বাইতে চেটা করিব? তাঁহারা বলেন— পুৰিবীতে প্ৰত্যুহুই বে উন্নতি সাধিত হুইতেছে, সেইদিকে দৃষ্টিপাত কর ; জুগতে কতই না বিশাসন্তব্য স্ট চ্ইতেছে ! ত্ৰং অভিশয় স্থলনক। কেন আমরা তাছা ছাড়িয়া যুাইব, এবং যাহা উপভোগ্য নয়, তাহার জন্ত চেটা করিব ? ইহার উত্তর এই বে, পৃথিবীর ধ্বংস স্থনিশিত; পৃথিবী নিশ্চয়ই খণ্ডবিগণ্ড হইয়া বাইবে। পূর্বে বছবার আমরা একই প্রকার হুধ উপ্রভাগ করিয়াছি। আমলা বর্তমানে বে-সকল জাকার দেখিতেছি, সে-সকলই পূর্বে বছবার প্রকটিত হইরাছে; এবং বৃর্তবানে আমরা বে-পৃথিবীতে বাদ করিতেছি, দে-পৃথিবীও পূর্বে বছবার এইভাবে স্টে ছইয়াছে। আমিও পূর্বে বছবার এখানে ুশানিয়াছি, ভোষাদের সহিত বছবার কথা বলিয়াছি। ভোষর[†]ও **শানি**ভে

পারিবে-ইহা সভ্য; এবং ষে-সকল কথা ভোষরা বর্তমানে শুনিভেছ, সেগুলি তোমরা পূর্বেও বছবার শুনিয়াছ, এবং ভবিষ্যতেও বছবার এরূপ ঘটিবে। আত্মা সর্বদাই এক ও অভিন্ন; দেহই কেবল অবিরত বিনষ্ট ও পুনন্নাবিভূতি হইতেছে। বিতীয়ত: এই-দকল ঘটনা পর্যায়ক্রমে ঘটে। মনে কর, তিন-চারিটি পাশা আছে; তুমি দেইগুলি ফেলিলে—একটিতে পাঁচ, একটিতে চার, একটিতে তিন, একটিতে হুই দেখা গেল। তুমি যদি এইভাবে ক্রমাগত পাশা ফেলিয়া যাও, তাহা হইলে নিশ্চয়ই আবার এরপ হইবে এই সংখ্যাগুলি পুনঃ পুনঃ দেখ। যাইবে। ক্রমাগত পাশা ফেলিয়া যাও, এবং বিলম্ব যতই হউক না কেন, এই সংখ্যাগুলি নিশ্চয়ই আবার দেখা যাইবে। অবশ্য কতবার পরে ভাহাদের পুনরাবৃত্তি হইবে, ভাহা সঠিক বলা যায় না—ইহা দৈবাধীন। জীবাত্মাদের একত হওয়ার ব্যাপারেও এই একই নিয়ম প্রবোজ্য। যতই বিলম্ব হউক না কেন, সেই একই সংযোগ এবং বিয়োগ বারংবার ঘটিবে। সেই একই জন্ম, সেই পানাহার, ভারপর মৃত্যু বারংবার ঘুরিয়া ঘুরিয়া আদে। কেহ কেহ সাংসারিক ভোগম্থ অপেকা উচ্চতর আর কিছুই কোনদিন পায় না ; কিছু যাঁহারা উচ্চতর ভবে আবোহণ করিতে চান, তাঁহারা দেখেন-এই-দকল ভোগত্থ চরম লক্ষ্য নয়, আহুষদ্ধিক মাত্র।

কুত্র কীটপতঙ্গ হইতে আরম্ভ করিয়া মাহ্রব পর্যন্ত প্রত্যেক জীবশরীরই চিকাগোর 'ফেরিস্ হুইল্'-এর এক একটি গাড়ির মতো—চক্রটি সর্বদাই চলিতেছে, কিন্তু প্রতি গাড়ির আরোহী পরিবর্তিত হুইয়া ঘাইতেছে। মাহ্র্যন্ত একইভাবে একটি গাড়িতে উঠিতেছে, চক্রের ঘূর্ণনের সহিত ঘূরিতেছে, তার পর নামিয়া যাইতেছে। চক্রটি ক্রমাগত ঘূরিয়া চলিয়াছে। এক একটি জীবাত্মা ঐভাবে এক একটি শরীর ধারণ করিতেছে, তাহার মধ্যে কিছুকাল বাস করিতেছে, তারপর উহা ত্যাগ করিয়া অন্ত একটি শরীর ধারণ করিতেছে, তাহাও ত্যাগ করিয়া তৃতীয় একটি ধারণ করিতেছে। এইভাবে জন্মযুত্যুর চক্র ঘূরিয়া চলিতেছে, যতনিন না,জীব সেই চক্র হুইতে বাহির হুইয়া মুক্তিলাভ করে।

প্রত্যেক দেশে, প্রত্যেক যুগে মান্তবের জীবনের জড়ীত এবং ভবিষ্যৎ জানিবার জতি আশ্চর্য শক্তির কথা সকলে শুনিয়াছ। ইহার ব্যাখ্যা যভাবিন পর্যন্ত আছা কার্ব-কারণ-নির্মের অধীন থাকে—অবশ্য ভাহার অভাবগত থাবীনতা কথনও সম্পূর্ণরূপে বিনষ্ট হইরা যায় না—ভাহার অভিজ্ঞ তথনও থাকে; এমন কি দেজত আছা নিজ শক্তি প্রয়োগ করিয়া কার্ব-কারণ-শৃত্যাল অভিজ্ঞম করিতে পারে, বেরপ ম্কান্থার ক্ষেত্রে ঘটিয়া থাকে; ততদিন ভাহার কর্ম কার্ব-কারণ-নির্মের ঘারা বহুলাংশে প্রভাবিত হয় এবং এরপে কর্মফল-পরস্পরা সহজে খাহাদের অন্তর্দৃষ্টি আছে, ভাহাদের পত্তীত ভবিত্তৎ সহজে আলোকপাত করা সন্তব।

যতনি কোন বাদনা কাষনা অথবা অতাবের অভিত থাকে, ততদিন
অপ্রতিতি থাকে। পূর্ব ম্জাত্মাব কোন বাদনা-কামনা থাকিতে পাবে না।

ইশবের কোন অভাব থাকিতে পাবে না। তাঁহার যদি কোন বাদনাকামনা থাকে, তাহা হইলে তাঁহাকে 'ইশব' বলা চলে না, কারণ সেকেতে

তিনি অপ্রতিয়া পড়েন। এই কারণে—'ইশব ইহা কামনা করেন, উহা
কামনা করেন; তিনি কখন কট, কখন তৃষ্ট'—এরপ বলা শিশুর ম্থের আধআধ বুলি, অর্থহীন কথা। সেইজন্ত সকল আচার্ব ইহাই শিক্ষা দিয়াছেন:
কোন কিছু কামনা করিও না; সকল বাসনা ত্যাগ কর, প্রভাবে তথা হও।

দস্তহীন শিশু 'হামাগুড়ি' দিতে দিতে পৃথিবীতে আদে; এবং বৃদ্ধপ্ত 'হামাশুড়ি' দিতে দিতে দস্তবিহীন অবহায় পৃথিবী হইতে চলিয়া ব্রায়। একপে জীবনের আরম্ভ ও শেষ—চুরম তৃটি প্রান্ত একই প্রকার; কেবল একজনের এই জীবন সহদে কোনরূপ অভিজ্ঞতা নাই, অপরের জীবন সম্পর্কে অভিজ্ঞতা আছে। যখন আলোক-ভরকের শিশুন অভি ফুত হয়, তখন আমরা আলোক দেখিতে পাই না; যখন তাহা অতি ফুত হয়, তখনও তাহার ফল হয় অদ্ধকার। এইভাবে চরম সীমা-ছুটি একই প্রকার হয়, যদিও তাহাদের মধ্যে আকাশ-পাতাল ব্যবধান। দেয়ালের বাসনা-কামনা নাই, পূর্ণ মুক্ত মানবেরও নাই। কিছু দেয়ালটির কোন চেতনা নাই যে, উহা কামনা করিবে; আর পূর্ণ মুক্ত মানবের কামনা করিবার কিছুই থাকে না। জড়বৃদ্ধি লোকদের এই জগতে কোন কামনা থাকে না, বেহেতু তাহাদের মন্তিদ্ধ অপূর্ণ। একই সঙ্গে, উচ্চত্তম অবস্থাতেও আমাদের কোন কামনা থাকে না। কিছু এই ছুই অবহার মধ্যে আকাশ-পাতাল প্রভেদ। একজন পশুর নিকটবর্তী, অস্তুজন দিয়বের।

পুনর্জন্ম

[নিউ ইয়ৰ্ক হইতে প্ৰকাশিত দাৰ্শনিক পত্ৰিকা 'Metaphysical magazine' এর জন্ম লিখিত, মাৰ্চ, ১৮৯৫]

'অতীতে তোমার ও আমার বহ জন্ম হইয়া গিয়াছে, হে শত্রুনাশকারী (অর্জুন), আমি সে-সবই অবগত আছি, কিন্তু তুমি অবগত নও।'—গীতা'

সকল দেশে ও সকল কালে বে-সকল কৃতি সমন্তা মান্থবের বৃদ্ধিকে বিমৃচ্
করিয়াছে, তন্মধ্যে সর্বাপেকা জটিল মান্থব নিজে। বে অগণিত রহন্ত
ইতিহাদের আদি যুগ হইতে মান্থবের শক্তিকে সমাধানের জন্ত আহ্বান
জানাইয়া ঐ কার্বে ত্রতী করিয়াছে, তন্মধ্যে গভীরতম রহন্ত হইল মান্থবের
নিজ স্বরূপ। ইহা সমাধানের অসাধ্য একটি প্রহেলিকামাত্র নয়, ইহা সকল
সমস্তার অন্তর্নিহিত মূল সমস্তাও বটে। মান্থবের এই স্বরূপটিই আমাদের
সর্বপ্রকার জ্ঞান, সর্বপ্রকার অন্তর্ভুতি ও সর্বপ্রকার কার্বকলাপের মূল
উৎস ও শেব আধার। এমন কোন সমন্ত ছিল না, এমন কোন সমন্ত্র
আসিবেও না—বর্ধন মান্থবের নিজের স্বরূপ তাহার স্বাধিক মনোধাস
আক্র্বণ করিবে না।

মান্থবের দকল প্রকার ক্ষার মধ্যে সভ্যান্থসন্ধিংসারপ বে-কৃষা মান্থবের নিজ সন্তার সহিত নিবিভভাবে জড়িত আছে, বহিবিখের মৃশ্যায়নকলে জন্তঃরাজ্য হইতে কোন মানদণ্ড আবিষ্কারের জল্প যে সর্বগ্রাসী আকাজ্জা বিশ্বমান, এবং এই পরিবর্তনশীল বিখে একটি অপরিবর্তনীয় হির বিন্দু আবিষ্কার করিবার জল্প যে অনিবার্য ও স্বভাবদিন প্রয়োজন অন্থভূত হয়, সেগুলির হারা পরিচালিত হইয়া মান্থয় বদিও মধ্যে মধ্যে স্থাকিলা-ভ্রমে ধূলি-ম্টিকে ধরিতে সচেই হইয়াছে, এমন কি যুক্তি ও বৃদ্ধি অপেক্ষাও উচ্চতর রাজ্যের কোন বাণীর প্রেরণা পাইয়াও সে অনেক সময়ই অন্তর্নিহিত দেবত্বের মর্ম অন্থাবন করিতে দক্ষম হয় নাই, তথাপি যতদিন হইতে এই

বহুনি মে ব্যতীতানি জন্মানি ত্ব চার্জুন।
 তাক্তহং বেদ সর্বাণি ন খং বেখ পরস্তুপ।

অহসভান আৰম্ভ হইয়াহে, তাহার মধ্যে এমন কোন সময় দেখিতে পাওয়া বায় না, বধন কোন না কোন জাতি বা কভিপয় ব্যক্তি সত্যের বর্তিকা উর্ধে তুলিয়া ধরেন নাই।

অতীতে অথবা আধুনিক কালে—বিশেষতঃ প্রগতিশীল বৃদ্ধিদীবীদের বাধ্যে এমন লোকের কথনও অভাব ঘটে নাই, বাঁহারা পারিপার্থিক ও অপ্রয়োজনীয় প্রটনাটি বিষয়ে একদেশদর্শী, বিবেচনাহীন এবং কুসংস্থারপূর্ব অভিমত বীকার করিবার ফলে, কথন বা বিবিধ দর্শনমত ও সম্প্রদায়ের বক্তব্যের অপ্রটভার দক্ষন বিরক্তির ফলে, এবং তৃঃধের সহিত বলিতে হয়, অনেক সময় সভ্যবদ পৌরোহিত্যের ভয়াবহ কুসংস্থারাদির প্রভাবে চরম বিপরীত মতে উপন্থিত হইয়াছেন; এবং এই-সকল কারণে হতাশ হইয়া ওপু বে এ-সম্পর্কে অন্সন্ধান পরিত্যাগ করিয়াছেন তাহাই নহে, তাঁহারা ঘোষণা করিয়াছেন এই কার্য নিফল এবং অনাবশুক। দার্শনিকেরা ক্ষোভ বা বিদ্রূপ প্রকাশ করিতে পারেন এবং পুরোহিত্যণ ভরবারির সাহায্য পর্যন্ত বীকার করিয়া স্বীয় ব্যবসায় পরিচালনা করিতে পারেন, কিন্ত সত্য একমাত্র তাঁহাদেরই নিকট আবিভূতি হয়, যাহারা সভ্যের জক্সই লাভালাভের চিন্তা ছাড়িয়া নির্ভীক স্করের সভ্যেরই পীঠহানে উপাসনা করিয়া থাকেন।

মাহবের বৃদ্ধি যথন জ্ঞানপূর্বক কোন বিষয়ে প্রযুক্ত হয়, তথনই তাঁহাদের নিকট আলোক উত্তাসিত হয়; এবং ধীরে ধীরে হইলেও ক্রমশং তাহা অক্সাতভাবে অহুক্রত হইয়া সমগ্র আভির মধ্যে প্রসারিত হয়। দার্শনিকগণ দেখাইয়া দেন, কিরূপে মহাপুরুষেরা জ্ঞানের সঙ্গে সাধনা করিয়া থাকেন; এবং ইতিহাস সাক্ষ্য দেয়, কিরূপে নীরবে ধীরে ধীরে সাধারণ জ্ঞনসমাজে তাঁহাদের সাধনাকর সত্য অহুপ্রবেশ করে।

মাহ্য ভাহার শরণ সহতে বভগুলি মত আজ পর্যন্ত শীকার করিয়াছে, তমধ্যে এই মভটিই স্বাধিক প্রসার লাভ করিয়াছে বে, আজা নামক একটি সভাবত আছে এবং উহা দেহ হইতে ভিন্ন ও অমর। বাহারা এইরূপ আজার অভিনে আহাবান, ভাঁহাদের মধ্যে আবার চিন্তানীল অধিকাংশ ব্যক্তিই বিশাস করেন বে, আজা বর্তমান জন্মের পূর্ব হইতেই আছে।

আধুনিক মানবদমাজে বাঁহাদের ধর্ম হৃসংবদ্ধ ও হুপ্রতিষ্ঠিত, তাঁহাদের অধিকাংশই ইহা বিশাস করেন, এবং বে-সব দেশ ভগবানের আনীর্বাদে সর্বাধিক উন্নত, সে-সব দেশের সর্বশ্রেষ্ঠ মনীধীরা বদিও আত্মার অনাদিকে বিশাস করার প্রতিক্ল অবস্থার মধ্যেই প্রতিপালিত হইরাছেন, তথাপি তাঁহারা আত্মার পূর্বান্তিজের সমর্থন করিয়াছেন। হিন্দু ও বৌদ্ধর্মের ইহা ভিত্তিস্বরূপ। প্রাচীন মিশরীয়গণের মধ্যে শিক্ষিতশ্রেণী ইহাতে বিশাস করিতেন, প্রাচীন পারসীকগণ এই সত্যে উপনীত হইরাছিলেন; গ্রীক দার্শনিকগণ এই ধারণাকে তাহাদের দর্শন-চিন্ধার ভিত্তি-প্রভররূপে গ্রহণ করিয়াছিলেন; হিন্দ্রগণের মধ্যে ফ্যারিসিগণ (আচারনিষ্ঠ প্রাচীন ইছদী ধর্মসম্প্রদায়) ইহাকে গ্রহণ করিয়াছিলেন, এবং মুসলমান ধর্মাবলম্বীদিগের মধ্যে স্কীরা প্রায় সকলেই এই সত্য স্বীকার করেন।

বিভিন্ন জাতির মধ্যে বিভিন্ন বিশাদের উদ্ভব ও পরিপুষ্টির নিমিত্ত মনে হয়,
বিশেষ ধরনের পরিবেশের প্রয়োজন আছে। মৃত্যুর পরে শরীরের এউটুকু মাত্র
অংশও জীবিত থাকে—এই ধারণায় উপস্থিত হইতেই প্রাচীন জাতিসমূহের কভ
যুগ কাটিয়া গিয়াছে। আবার দেহ হইতে.বিমৃক্ত হইয়া মৃত্যুর পরও জীবিত
থাকে, এইরূপ কোন বন্ধ সম্বন্ধে যুক্তিপূর্ণ ধারণায় উপনীত হইতে আবন্ধ কত
যুগ-যুগান্তের প্রয়োজন হইয়াছে। এমন একটি সন্তা আছে, যাহার দেহের সহিত
সম্পর্ক সামন্থিক, এইরূপ ধারণায় উপনীত হওয়া যখন সন্তব হইল, কেবল তথনই
এবং যে-সকল জাতির মধ্যে এইরূপ সিদ্ধান্তের উদয় হইতে পারিল, একমাত্র
তাহাদের মধ্যে এই অনিবার্গ প্রশ্নটি উথিত হইয়াছিল: কোথায় ? কথন ?

প্রাচীন হিক্রগণ আত্মা সম্পর্কে নিজেদের মধ্যে অমুসন্ধিংসা জাগাইয়া মনের হৈর্য নই করেন নাই। তাঁহাদের মতে মৃত্যুতেই সবকিছুর অবসান হয়। কার্ল হেকেল ষথার্থই বলিয়াছেন: 'ইহা বদিও সত্য বে, (ইছদীদের) নির্বাসনের পূর্ববর্তী বাইবেলের প্রাচীন অংশে হিক্রগণ প্রাণ-তত্মটির পৃথক্ পরিচয় পাইয়াছিলেন এবং তাহাকে তাঁহারা কথনও 'নেফেস' অথবা 'মেশামা' নামে অভিহিত করিয়াছেন, তথাপি এই-সকল শব্দ চৈতল্প বা আত্মার ধারণার ভোতক না হইয়া বরং প্রাণবায়য়ই ভোতক। আবায় প্যালেকটাইনের অধিবাসী ইছদীগণের নির্বাসনের পরবর্তী কালের রচনায় কোথাও কোন পৃথক্ সন্তাবিশিষ্ট অমর আত্মার উল্লেখ পাওয়া যায় না; কিছ সর্বত্র ঈশ্বর হইতে নিংক্ত তথু এমন একটি প্রাণবায়্র উল্লেখ পাওয়া বায়, বাহা শরীর ধ্বংস হইলে দিব্য সন্তা 'কয়াধে' অভ্রহিত হয়।'

প্রাচীন নিশন ও ক্যান্ডিরার শবিশানিরণের আত্মা সহত্বে নিজক বছ
অত্ত্রারণা ছিল। কিছ বৃত্যুর পরেওমানবের কোন একটি অংশ জীবিত থাকে
বলিরা ভাহারা যে ধারণা পোবণ কবিত, ভাহার সহিত প্রাচীন হিন্দ্,
শারণীক, প্রীক বা অন্ত কোন আর্থজাতির এ-সহনীর ধারণাগুলিকে বেন
নিশাইরা কেলা না হর। অতি প্রাচীনকাল হইভেই আত্মার ধারণা সম্পর্কে
আর্থ ও অ-সংস্কৃত ভারাভারী ক্লেজনিগের স্কুম্পাই পার্থক্য পরিলক্ষিত হয়।
বাহতঃ মৃতদেহের শেবকৃত্য-অস্কানের রীতি বেন ইহার প্রকৃত্তি নিদর্শন;
অধিকাংশ ক্লেজেই ক্লেজগণ শবকে সহত্বে প্রোথিত করিরা অথবা ভদপেকা
ভাটলভর বিরাট প্রক্রিয়া অবলহনে শবকে মনি-তে পরিণত করিরা মৃতদেহক
সংরক্ষণের অন্ত মথাসাধ্য প্রয়ান পাইত, আর আর্থগণ নাধারণতঃ মৃতদেহক
অগ্নিতে ভাষীভূত করিতেন।

ইহারই মধ্যে আমরা এই একটি প্রকাণ্ড গোপন রহস্তের সন্ধান পাই বে, আর্থজাতির—বিশেষতঃ হিন্দুদের সহায়তা ব্যতীত মিশরীর হউক, এসীরীয় হউক বা ব্যাবিলনবাসীই হউক, কোন মেচ্ছজাতিই এই ধারণায় উপনীত হইতে পারে নাই বে, আল্লা-নামক এমন এক পূর্ক বন্ধ আছে, বাহা শরীর-নিরপেক্ষভাবে অবস্থান করিতে পারে।

ষণিও হেরোডোটাস বর্লেন, মিশরীরগণই সর্বাথ্যে আত্মার অমরথের ধারণা করিতে পারিরাছিল, এবং তিনি মিশরীরগণের মতবাদ-প্রসঙ্গে এইরপ বলেন, 'আত্মা দেহ-নাশের পরেও বারংবার এক একটি জীবদেহে প্রবেশ করে এবং তাহার ফলে ঐ জীব বাঁচিরা উঠে; অভঃপর জলচর ত্বলচর ও খেচর—বভ প্রাণী আছে, তাহাদের সকলের মধ্যে সে গভারাত করে, এবং তিনসহত্য বংসরকাল এইরূপে অভিবৃহ্তি হইলে পূর্বার মানবদেহে ফিরিয়া আসে, তথাপি মিশরভত্ব সম্পর্কে বর্তরান কালে বে গবেবণা হইরাছে, তাহার ফলে অভাবিধি আত্মার হেছাভর-গ্রহণ-বিষয়ে মিশরীর জনসাধারণের ধর্মের কথ্যে কোন চিছ দেখিতে পাওরা বার নাই। বল্পং যাসপেরোও, আর্মানই অহ্যোক্ত হব বে, পূর্বজ্ববাদের সহিত বিশ্রীরস্ব অপরিচিত ছিল না।

Westpare

প্রাচীন মিশরীরগণের মতে আত্মা একটি অস্ত্রসাপেক বিকর সন্তা মাত্র, ইহার নিজম কোন পৃথক অন্তিম্ব নাই এবং কোনদিনই দেহের সহিত্ত সম্পর্ক বিচ্ছিন্ন করিতে পারে না! বতদিন দেহ থাকে, কেবল ততদিনই ইহা জীবিত থাকে, যদি কোন আকম্মিক কারণবশতঃ মৃত দেহটি বিনট হয়, তবে বিদেহ আত্মাকে মিতীরবার মৃত্যু ও ধ্বংল বরণ করিতে হয়। মৃত্যুর পর আত্মা সমগ্র পৃথিবীময় যদৃচ্ছা ভ্রমণ করিতে পারে বটে, কিছ প্রতি রাত্রে মৃতদেহটি বেখানে আছে সেখানে তাহাকে ফিরিতে হয়; সে পর্বদা হংখয়য়, সর্বদা ক্ষা-তৃজার কাতর এবং আর একবার জীবনকে উপভোগ করিবার জক্ম তীত্র বাসনাযুক্ত, অথচ কোনমতেই তাহা পূরণ করিতে পারে না। উহার পুরাতন শরীরের কোন অংশ কোনরকমে আহত হইলে আত্মার অফ্রন্স অংশও অনিবার্মভাবে আহত হয়। এই ধারণার দিক হইতেই প্রাচীন মিশরীয়গণের মৃতদেহ সংরক্ষণ করিবার জক্ম অভিরিক্ত ব্যাকুলতার কারণ ব্বিতে পারা যায়। প্রথমে মঙ্গভ্সিকে শবক্ষেত্র হিদাবে নির্বাচন করা হইরাছিল, কারণ তথায় বায়ুর গুছতা হেতু মৃতদেহ সহজে বিনট হইত না, এবং এইরূপে বিদেহ প্রেতাত্মা দীর্যক্ষীবন লাভের স্থ্যোগ পাইত।

কালক্রমে জনৈক দেবতা শবদেহ সংরক্ষণের এমন এক উপায় আবিষ্ণার করিলেন, যাহার সাহায্যে পূর্বপুরুষদের প্রতি শ্রন্ধাশীল ব্যক্তিরা তাহাদের অজনগণের মৃতদেহ প্রায় অনস্তকালের জন্ত সংরক্ষণ করিবার আশা পোষণ করিত; এবং নিদাকণ তৃংধের হইলেও আত্মার জন্ত এইরূপ অমরত্বের ব্যবস্থা তাহারা করিত।

পৃথিবীর সহিত আর কোন নিবিড় সম্বদ্ধ-ছাপন অসম্ভব হুইলেও এক শাখত খেদ সেই মৃত আত্মাকে সর্বদাই পীড়া দিত; বিদেহী আত্মা সংখদে বলিত: "হে ভ্রাতঃ, তৃষি কখনও পানাহার হুইতে নিজেকে বঞ্চিত করিও না, মাদকতা, ভালবাসা, সর্বপ্রকার সন্তোগ এবং দিবারাত্র বাসনার অস্পরণ হুইতে বিরত হুইও না। তৃঃখকে হুদয়ে ছান দিও না, কারণ পৃথিবীতে মান্ত্রের জীবনকাল কতটুকু? পশ্চিমে যে (প্রেত-) লোক আহে, উহা অপ্তিময় ও জন ছায়ায় আর্ত; ইহা এমন একটি হান বেখানে এক্বার অধিষ্ঠিত হুইলে লেখানক।র অধিবাসীরা তাহাদের মমি'রূপে চিরনিজার ময় হয়, পুন্ধার আর কোনদিনই ব্যানবর্গকে দেখিবার জন্ম জাপ্রত হয় না, আর তাহারা ভাহাদের শিতা-

মাভাকে চিনিতে পারে না, এবং ভাছাদের হন্তরে দ্রী ও সন্থানবর্গের কোন বৃতি থাকে না। পৃথিবী ভাহার অধিবাসীদিগকে বে প্রাণবন্ধ জনধারা দান করে, ভাহারা নকটে পদিল ও প্রাণহীন; পৃথিবীতে বাহারা বাস করে, ভাহারা সকলেই জনধারার অধিকারী; অথচ আমার নিকট ঐ জনধারাই এখন এক পৃতিগন্ধময় গলিত ধারার পরিণত হইয়াছে। মৃত্যুর এই উপত্যকার আসিরা অবধি আমি বৃথিতেই পারিতেছি না, আমি কে এবং কোথার আছি। আমাকে জোভনিনীর জল পান করিতে দাও…উত্তরাভিম্থে মৃথ করিয়া আমাকে জলাশরের ধারে রাখো, বাহাতে মৃত্বায় আমাকে স্বেল্পর্শ দান করিতে পারে এবং আমার হৃদয় তৃ:খের কবল হইতে মৃত্তি পাইয়া সজীব হইতে পারে ।"

ক্যান্ডিরাবাদীরা মৃত্যুর পরে আত্মার শ্বরূপ দখনে মিশরীয়দের মতো অভ গবেষণা না করিলেও তাহাদের মতে আত্মাকে দেহের উপর নির্ভর্নীল বিতীয় বস্তু হিসাবেই গ্রহণ করা হয়, এবং ঐ আত্মা কবরস্থানেরই সহিত জড়িত। তাহারাও এই দেহ-নিরপেক্ষ কোন অবস্থার কথা চিস্তা করিতে পারে নাই এবং আশা পোষণ করিত ধে, মৃতদেহ পুনরক্ষীবিত হইবে। যদিও দেবী ইশ্বার নানা বিপদ আপদ ও রোমাঞ্কর অভিযানের অস্তে ইয়া ও দমকিনার পুত্র—তাহার মেষপালক স্থামী দম্ভিকে পুনর্জীবিত করিতে পারিয়াছিলেন, তথাপি 'অভি ধর্মপ্রাণ এবং ভক্তিপরায়ণ ব্যক্তিরাও তাহাদের প্রিয়ক্ষনদের পুনক্ষীবনের নিমিত্ত দেবালর হইতে দেবালয়ে বুথাই কাতর আবেদন জানাইয়াছিল।'

এইরপে আমরা দেখিতে পাই, প্রাচীন মিশরীয় বা ক্যাল্ডিরাবাসীরা মৃত ব্যক্তির শবদেহ হইতে কিংবা ক্রম্থান হইতে সম্পূর্ণ বিচ্ছিন্ন ক্রিরা আত্মা সম্পর্কে ক্থনও ধারণা করিতে সক্ষম হয় নাই। সব দিক বিবেচনা করিলে এই পার্থিব জীবনই সর্বোজ্ঞম, এবং মৃত ব্যক্তি সকল সময়ই আর একবার ইহা পাইবার ক্যোগের জন্ত লালান্নিত এবং বাহারা জীবিত ভাহারাও হংব-পীড়িত, দেহের উপর নির্ভরশীল এই বিতীয় আত্মার ক্ষরিতিকাল বৃদ্ধি ক্রিবার গভীর আশা পোষণ করিত এবং ভাহাদিগকে নাহায্যের জন্ত ম্থাসাধ্য মৃত্ত ক্রিত।

এগাটার লেবা হইতে ম্যানপেয়ো কর্ডুক ফরাসীতে, এগৃন্ কতৃ ক জার্মান ভাষায় অনুদিত ।

এইরণ পরিবেশে আত্মা সম্পর্কে উচ্চতর জ্ঞান হওয়া সম্ভব নয়। থাবসভঃ
ইহা অত্যন্ত বুল অভ্নাদ, তত্পরি ভয় ও বয়ণাপূর্ব। অসংব্য অভ্নাজনক
বারা অত হইয়া, ঐভালিকে এড়াইবার নৈরাশ্রজনক ও উবিগ্ন চেটার
বীবিতদের আত্মাও ভাহাদের ধারণাম্বায়ী মৃতের আত্মার মতো দারা
পৃথিবীতে অ্রিয়া বেড়াইয়াও কিছুতেই গলিত শব ও শ্বাধারের গভির
বাহিরে বাইতে পারিতেছে না ।

এখন আমাদিগকে আত্মা সম্বন্ধে উচ্চতর ধারণার মূল আবিদারের জগু অপর একটি জাতির দিকে দৃষ্টিপাত করিতে হইবে, যাহাদের নিকট ঈশর সর্বকরণানিলয় সর্বব্যাপী পুরুষ, যাহাদের নিকট তিনি জ্যোতির্ময় দয়ালু ও সহায়ক বিভিন্ন দেবতার মাধ্যমে নিজেকে প্রকাশ করেন; মানবজাতির মধ্যে যাহারা সর্বাত্তো ঈশরকে পিতৃ-সম্বোধন করিয়া বলিয়াছিল, 'পিতা ষেমন তাহার প্রিয় পুল্রের হন্ত ধারণ করেন, আপনিও তেমনি আমার হন্ত ধারণ করুন'; যাহাদের নিকট জীবন ছিল আশার বন্ধ, নৈরাভের নয়; ধর্ম যাহাদের নিকট জীবনের প্রমন্ত উত্তেজনার অবসরে বেদনার্ড ব্যক্তির মুখ হইতে অকমাৎ নিঃস্ত কভঙলি সবিরাম আর্তনাদ মাত নয়, পরস্ক বাহাদের ধারণাসমূহ আমাদের নিকট শতকেজের হুগম ও বনানীর সৌরভে আমোদিত হইয়া আসে; যাহাদের স্বতঃফ র্ড বাধাহীন আনন্দপূর্ণ বন্দনাসীতি দিনম্পির প্রথম কির্থে উদ্ভাসিত এই শোভাময়ী ধর্ণীকে অভিনন্দন করিবার কালে পক্ষিকণ্ঠ হইতে যেরূপ কাকলী নিংস্ভ হয়, ভাছারই সদৃশ-জাজও তাহা জট সহস্র বংসরের সরণী ধরিয়া জাষাদের নিকট দিব্যধানের নবীন আহ্বানের স্থায় আসিয়া উপস্থিত হয়; আমরা এবাব প্রাচীন আর্বজাতির কথাই বলিভেছি।

আর্থলাতির প্রাচীনতর গ্রন্থ ধবেদে তাহাদের প্রার্থনা-মন্ত এইরপে
নিশিব্দ আছে: 'আমাকে নেই মৃত্যুহীন অক্ষয় ধারে ছানু ছাঞ, বেধানে
দিবালোকের জ্যোতি বিগুলান এবং বেধানে চিরন্তন দীন্তি আজ্বলামান'।
'আমাকে নেই ধানে অমর করিয়া রাখো, বেধানে রাজা বিবদানের প্রান্ধ করেন, বেধানে দিবাধানের রহস্তাবৃত অচনালর বর্তমান'। 'আমাকে
নেই লোকে অমর করিয়া রাখো বেধানে তাহারা নাননে বৃদ্ধ বিহাণ
করেন'। 'পৃথিবী ও অভ্যানিকর উর্দের উর্দের বাণেকা অক্ষয়তম বে ভূতী

ত্যালোকে নিবিল বিশ্ব জ্যোভির্যরন্ধণে অবহিত, নেই আনল-লোকে আরাকে অবর করিয়া রাখো।'

থাইবারে আময়া বৃদ্ধিতে পারিতেছি বে, আর্থলাতি ও মেচ্ছগণের ধারণার মধ্যে কিরুপ আকাশ-পাতাল প্রতেদ বিভয়ান। একের দৃষ্টিতে এই দেহ এবং এই পাধিব জগৎই একমাত্র সভ্যা ও কাম্য বন্ধ। তাহারা এই বৃধা আশা পোবণ করে বে, মৃত্যুকালে বে জীবনী-শক্তি দেহ ছাড়িয়া চলিয়া বায় এবং ইক্রিয়ম্বথে বঞ্চিত হইয়া নির্বাতন ও তৃঃধ অহুত্তব করে, মৃত দেহকে সম্মে রক্ষা করিলে এ জীবনী-শক্তিকে পুনর্বার পৃথিবীতে কিরাইয়া আনিতে পারা বায়। এইরূপে ভাহাদের নিকট জীবন্ধ ব্যক্তি অপেকা মৃতদেহই অধিকতর বন্ধের অধিকারী হইয়া পড়িল। অপরেয়া দেখিল বে, শরীর ত্যাগ করিয়া বাহা প্রেয়ান করে, তাহাই মানবের প্রকৃত সন্তা এবং শরীর হইডে বিমৃক্ত হইয়া ভাহা এমন উচ্চতর ম্বাহুত্তবের তারে উপহিত হয়, শরীরে অবহানকালে সে-ম্ব কথনও পায় নাই। তাই ভাহারা ধ্বংসান্ম্ব শবদেহকে শীয় দ্য় করিয়া নই করিবার ব্যবস্থা করিল।

এখানেই আমরা এমন একটি ভাবের অক্র দেখিতে পাইতেছি, যাহা হইতে
আত্মা সম্পর্কে সঠিক ধারণার উদ্ভব হইতে পারে। বেখানে প্রকৃত মানবকে
কেবল শরীর না ভাবিরা আত্মা-রূপে ভাবা হইয়াছে, ষেধানে প্রকৃত মানব ও
ভাহার শরীরের মধ্যে অবিছেত কোন সম্বন্ধ একেবারে নাই—সেধানেই
আত্মার মৃক্তি-সম্বনীর মহান্ ভাবের উদ্ভব হওয়া সম্বব হইয়াছে। এই তরে
উঠিয়া আর্বগণের দৃষ্টি বধন মৃত ব্যক্তির আবরণভূত বল্লসদৃশ জ্যোতির্মর দেহকে
ভেদ করিয়া ভদতীত ভাবে উপনীত হইল এবং আত্মার নিরাকার, পৃথক্, বত্তর
সন্তার প্রকৃত ভত্ত ভাহারা ব্রিল, তথনই প্রশ্ন উঠিল—'কোধা হইতে ?'

এই ভারতবর্ষে এবং আর্যদিগের মধ্যেই আত্মার পূর্বান্তিত্বের, অমরবের এবং স্বাভার্যের ধারণা প্রথম উত্তুত হয়। প্রাচীন মিশর সম্পর্কে সম্প্রতি যত গ্রেষণা হইরাছে, তাহা হইতে এরুপ কোন প্রমাণ পাওয়া বায় না বে, সেধানে কখনও স্বত্তর স্বয়ংসম্পূর্ণ ও পার্থিব জীবন লাভের পূর্বে বিভ্যমান আত্মার অভিত্ব সহজে ভাহাদের কোন ধারণা ছিল। কোন কোন বহস্ত-বিভাবিশ্ অবশ্র এই ভারের অধিকারী হইয়াছিলেন, কিছ তাঁহাদের ক্ষেত্রে প্রমাণ পাওয়া বায় বে, ঐ ভার ভারভবর্ষ হইভেই আদিয়াছিল।

কাল হেকেল বলেন, 'আমি নি:সন্দেহে বিশাস করি যে, ষভই গভীরভাবে
মিশরীয় ধর্ম অন্থাবন করা যাইবে, ততই ইহা স্পষ্টরূপে প্রভীর্মান হইবে
যে, মিশরীয় জনসাধারণ বে-ধর্মের অন্থসরণ করিত, উহার সহিত পুনর্জ্যবাদের
বিন্দুমাত্র সমন্ধ নাই। এমন কি রহস্থবিভাবিদ কেহ কেহ এই বিভার অধিকারী
হইয়া থাকিলেও ইহা ওসিরিস-শিক্ষার নিজম্ব বস্তু নহে, প্রভ্যুত উহা
হিন্দুগণের নিকট হইতে প্রাপ্ত।'

পরবর্তী কালে দেখা ষায়, আলেকজান্তিয়াবাসী ইছদীগণ এই মতবাদে বিশ্বাসী হইয়াছেন যে, প্রত্যেক আত্মার পৃথক্ সন্ত। আছে; এবং পূর্বেই আমরা বলিয়া আদিয়াছি, যীশুর সমসাময়িক ফ্যারিসীরা (প্রাচীন আচারনিষ্ঠ ইছদী ধর্মসম্প্রদায়) শুধু যে আত্মার স্বাতন্ত্র্যে বিশ্বাসী ছিলেন তাহাই নয়, তাহারা ইহাও বিশ্বাস করিভেন যে, আত্মা বিভিন্ন শরীরে গতায়াত করে। এইরূপে অতি সহজেই ইহা বুঝিতে পারা ষায়, তাহারা কেমন করিয়া যীশুকে প্রাচীন এক মহাপুরুষের অবতার বলিয়। শ্বীকার করিয়াছিল এবং যীশু স্বয়ং ঘোষণা করিয়াছিলেন, ব্যাপ্টিন্ট জন-এর মধ্যে মহাত্মা ইলিয়াস পুনরাবিভূতি হইয়াছেন—'বদি আপনাদের বুঝিবার মতো ক্ষমতা থাকে, তাহা হইলে জানিবেন, যে ইলিয়দের পুনরাগমনের কথা ছিল, ইনিই তিনি।''

হিত্রগণের মধ্যে আত্মা ও তাহার স্বাতন্ত্র্য সম্পর্কে যে-ধারণাগুলি দেখিতে পাওয়া যায়, দেগুলি নিশ্চয়ই উচ্চতর রহশুবিভাবিদ্ মিশরীয়গণের নিকট হইতে আসিয়াছিল; মিশরীয়গণ আবার সেগুলি হিন্দুদের নিকট হইতে পাইয়াছিলেন। এগুলি যে আলেকজান্তিয়ার মাধ্যমে আদিয়াছে, তাহা অত্যস্ত তাৎপর্বপূর্ব। কারণ বৌদ্ধদের লিপি ও পুস্তকাদি হইতে আলেকজান্তিয়া ও এসিয়া-মাইনরে তাহাদের প্রচারকার্বের স্পষ্ট প্রমাণ পাওয়া যায়।

এইরূপ কথিত আছে যে, গ্রীকদের মধ্যে পিথাগোরাসই সর্বপ্রথম হেলেনীয়দের নিকট আত্মার পুনর্জন্মবাদ প্রচার করেন। গ্রীকরা আর্থ জাতিরই অন্তর্গত বলিয়া ইতিপূর্বেই মৃতদেহের অগ্নিসংকার করিত এবং প্রত্যেক আত্মার স্বতন্ত্র অন্তিথে বিশাদ করিত। অতএব পিথাগোরাদের শিক্ষার ফলে পুনর্জন্মবাদ মানিয়া লওয়া তাহাদের পক্ষে দহল ছিল। এপুলিয়াদের মতে পিথাগোরাদ ভারতে আদিয়া ব্রাহ্মণদিগের নিকট শিক্ষালাভ করিয়াছিলেন।

[:] आपू. २।५८।

তিভক্তিৰ আনহা এইটুই আনিয়াছি বে, বেণাসেই আতাকে কেবল শহীনেই চৈভক্তিৰ অংশবিশেষ না বলিয়া তাহার আভদ্ধা আছিত হইতেছে এবং উহাকেই নাছ্যের প্রকৃত সক্ষণ বলা হইতেছে, দেখানেই ইহার পূর্বান্তিত্ব সম্পর্কে বিশাস অপরিহার্থক্ষণেই আদিয়া পড়িয়াছে; এবং আমরা ইহাও আনিয়াছি বে, বে-সকল অতি আজার আধীন পৃথক্ সভার বিশাস করিতেন, তাঁহারা প্রাক্ত তাঁহাদের মৃতদেহ অগ্নিতে দক্ষ করিয়া ঐ বিশাসের বাহ্য প্রমাণ দিয়া গিয়াছেন। বদিও আর্থ অতিদের মধ্যে প্রাচীন পারসীকর্গণ সেমিটিক প্রভাব হইতে মৃক্ত থাকিয়াও মৃতদেহ-সৎকারের একটি অভ্ত প্রথা আবিহার করিয়াছিল, তথাপি বে-নামে তাহারা ভাহাদের টাওয়ার অব সাইলেল''-কে অভিহিত করে, তাহা হইতেই জানা যায় বে, উহা দহনার্থ দহ্-থাতু হইতে নিশার হইয়াছে।

সংক্ষেপে বলিতে গেলে, বে-সকল জাতি মাহুষের স্বরূপ-নির্ধারণে অধিক মনোবোগ দেয় নাই, তাহারা এই জড়দেহকে সর্বন্ধ বলিয়া মনে করার উর্ধেউঠিতে পারে নাই; এবং যদি বা কথনও অতীন্দ্রিয় জ্ঞানের আলোকে তাহারা ইক্সিয়াতীত জগতের কিকিং আভাস পাইয়াছে, তবু তাহারা শুধু এই সিন্ধান্থেই সম্ভই হইয়াছে যে, স্থদ্ব ভবিশ্বতে কোন প্রকারে এই দেহই অবিনশ্ব হইবে।

অপরদিকে আর একটি জাতি ছিল, বাহারা মানবকে মননশীল জীবরূপে
গণ্য করিয়া তাহার অরপ-অনুসন্ধানে সমন্ত শক্তি নিরোজিত করিয়াছিল; সেই
আর্ব হিন্দু জাতি শীঘ্রই দেবিতে পাইল বে, এই দেহকে অভিক্রম করিয়া, এমন
কি পিতৃপুক্ষবদের আকাজ্যিত তেজাময় দেহকে অভিক্রম করিয়া প্রকৃত্ত
মানব-সন্তা বিরাজ করিতেছে; সেই মূলভন্ব, সেই অবিভাল্য অভন্ত সন্তাই
নিজেকে এই দেহদারা আর্ত করে, এবং জীর্ণ হইলে উহা ভ্যাপ করে। এই
মূলভন্তটি কি কোন স্বাই পদার্থ ? বিদ স্বাই বলিতে 'অভাব' হইতে 'ভাবে'র
স্বাই ব্যায়, ভাহা হইলে ভাহাদের নিশ্চিত উত্তর 'না'; এই আল্লা জন্ম ও
মৃত্যহীন, ইহা বৌলিক বা মিশ্রিত পদার্থ নয়, কিছ আধীন পৃথক্ সন্তাবান;

> পার্শীদের মুতদেহ বে বেদীতে ছাপন করিয়া পক্ষীদের আহারের জঞ্চ উদ্বেশ উদ্বোধিত হয়, তাহাকে Tower of Silence (দথ্ম) বলে।

সেই হেতৃ তাহাকে উৎপন্নও করা বাদ না, ধ্বংসও করা বাদ না, ইহা কেবল বিভিন্ন অবহার মধ্যে পরিভ্রমণ করে।

সভাবতই প্রশ্ন উঠে: ইভিপূর্বে (দেহগ্রহণের পূর্বে) আদ্ধা কোধার অবস্থান করিতেছিল ? হিন্দু দার্শনিকগণ বলেন, স্থুলদৃষ্টিতে দেখিতে গেলে ইছা নানা দেহ অবলয়ন করিয়া পরিভ্রমণ করিতেছিল; অথবা প্রকৃত বা দার্শনিক অর্থে ইহা বিভিন্ন মান্সিক স্তর অতিক্রম করিতেছিল।

বেদ ভিন্ন এমন অপর কোন যুক্তিসিদ্ধ ভিত্তি আছে কি, যাহার উপর হিন্দু দার্শনিকগণ তাঁহাদের পুনর্জন্মবাদের প্রতিষ্ঠা করিয়াছেন? আছে। আশা করি, আমরা পরে দেখাইতে পারিব যে, সর্বজনগৃহীত যে-কোন মতবাদেরই মতো ইহারও অপকে যুক্তিসিদ্ধ প্রমাণ আছে; কিছ সর্বাগ্রে আমরা দেখিতে চাই, আধুনিক কালের কতিপয় শ্রেষ্ঠ ইওরোপীয় চিন্তাশীল ব্যক্তি পুনর্জন্ম সম্বন্ধে কিরূপ চিন্তা করিয়াছেন।

ফিকটে আত্মার অমরত সম্বন্ধে আলোচনা করিতে গিয়া বলেন:

'ইহা সত্য যে, আত্মার স্থায়িছের ধারণা থওনের নিমিন্ত প্রকৃতি হইছে একটি দৃষ্টান্ডের উল্লেখ করা ঘাইতে পারে। ইহা সেই দর্বজনবিদিত যুক্তি—কালে যাহার আরম্ভ হইরাছে, কোন না কোন কালে তাহার অবসানও হইবে; অতএব অতীতে আত্মার অন্তিম স্থীকার করিলে সঙ্গে আত্মার-পূর্বান্ডিম্বও স্থীকার করা হইয়া যায়। ইহা অত্যন্ত ভায়সম্বত সিদ্ধান্ত। কিন্ত ইহা আত্মার হায়িছের বিপক্ষে প্রযোজ্য যুক্তি না হইয়া বয়ং তাহার নিত্যম্বের স্থাক্ষেই একটি অতিরিক্ত যুক্তি বলিয়া পরিগণিত হইতে পারে। বস্ততঃ কেহ বদি এই অধ্যান্ত্র-ও শারীর-বিভার অন্তর্গত স্বতঃদিদ্ধ স্থাটি ব্রিতে পারেন যে, প্রকৃতপক্ষে কোন-কিছুরই স্থাই হইতে পারে না, তাহা হইলে এই সভ্যও ধরিতে পারিবেন যে, এই স্থল শ্রীর অবলখনৈ দৃশ্যমান হইবার পূর্ব হইতেই আত্মা বিভাষান ছিল।'

শোপেনহাওয়ার তাঁছার 'Die Welt als Wille Und Vorstellung'
নামক গ্রন্থে প্নর্জন্মবাদ সম্পর্কে বলিভেছেন : "ব্যক্তির পক্ষে নিস্তা বলিভে
বাহা ব্যায়, 'ইচ্ছাশক্তি'র পক্ষে মৃত্যু বলিভেও ভাহাই ব্যায়। কারণ

I. H. Fichte.

Resident Schopenhauer.

শৃতিশক্তি ও নিজ শতিয়া বদি দর্বদা ইহার সহিত লাগিয়া থাকিত, তবে প্রস্তুত লাভের সভাবনা না থাকিলে ইচ্ছাশক্তি কিছুতেই অনন্ধনাল ধরিয়া একই কর্মায়ন্তান ও বল্লণাভোগ করার জন্ত টিকিয়া থাকিত না। কিছ ইচ্ছাশক্তি উহাদিপকে দ্বে সরাইয়া দেয়, এবং ইহাই লিখি-নামক বিল্বরণেয় নদী; এই মৃত্যুল্লপ নিজার ভিত্র দিয়া ইচ্ছাশক্তি পুন্র্বার অপর একটি ন্তন বৃদ্ধির ঘায়া সজ্জিত হইয়া সম্পূর্ণ এক ন্তন জীবল্লপে আবিভূতি হয়; এক নৃতন দিন তথন তাহাকে এক নৃতন ভটভূমিয় দিকে প্রশ্ব করে।

"এইরূপে দেখা বাইতেছে যে, এই নিরম্বর জন্মপ্রবাহই পর পর সেই অবিনাশী ইচ্ছাশক্তির জীবন-স্বপ্নস্তলি রচনা করিতে থাকে; এবং ষভক্ষণ না নির্দিষ্ট পরিমাণ ও নির্দিষ্ট প্রকারের বিচিত্র ও নিভান্তন উপদেশ ও অভিক্রতা লাভের ফলে ইচ্ছাশক্তি নিজেই নিজের বিলোপ ও বিনাশ সাধন করিতেছে, ততদিন এইরূপই চলিতে থাকে।…ইহাও উপেক্ষা করা যায় না ষে, ব্যাবহারিক অভিজ্ঞতা-প্রস্ত যুক্তিও এইরূপ পুনর্জন্ম সমর্থন করে। বস্ততঃ থাঁহারা জীর্ণ হইয়া দেহত্যাগ করিয়াছেন, তাঁহাদের মৃত্যুর সহিত ৰাহারা নবাবিভূতি, ভাহাদের জন্মের একটি সম্পর্ক আছে। ব্যাপক মহামারীর পরে মানবজাতির মধ্যে শিশুজন্মের বে আধিক্য দেখা যায়, তাহা হইতেই ইহা প্রমাণিত হয়। চতুর্দশ শতকে প্লেগ মহামারীর (Black Death) ফলে যথন পূর্ব গোলার্ধের অধিকাংশ মাহ্যম মৃত্যুম্ধে পভিড হয়, তথন মানবজাতির মধ্যে অত্যাভাবিকভাবে সম্ভানোংপাদিকা শক্তি বৃদ্ধি পাইয়াছিল, এবং প্রায়ই বমজ-শিশুর জন্ম হইত। ইহাও লক্ষণীয় যে, এই সময়ে বে-সকল শিশু জন্মগ্রহণ করিয়াছিল, ভাহাদের কেহই পূর্ণসংখ্যক দম্ভ লাভ করে নাই; এইরূপে প্রকৃতি আপন শক্তি ষ্থাসাধ্য প্রয়োগ করিয়াও খুঁটিনাটি ব্যাপারে রূপণতা প্রকাশ করিয়াছিল। ১৮২৫ খৃ: লিখিত Chronik der Seuchen নামক গ্রহে পুরার' ইহার বর্ণনা উল্লেখ করিয়াছেন। ক্যাদপারও তাঁহার ১৮০৫ খ্ৰ: লিখিত 'Ueber die Wahrscheinliche Lebensdauer des Menschen' গ্ৰন্থে এই প্ৰাকৃতিক নিয়ম সমৰ্থন করিয়াছেন বে, যে-কোন একটি নিবিষ্ট জনসমষ্টির মধ্যে দেখা যার, ভাছাদের জনসংখ্যার হার

> F. Schnurrer

ভাহাদের মৃত্যুসংখ্যা ও আয়্কালের হারের উপর অভি স্থনিশ্ভিত প্রভাব বিস্তার করিয়া থাকে, কারণ জন্মের সংখ্যা সর্বদা মৃত্যুর হারের সহিভ সম্ভা রক্ষা করে; ইহার ফলে সর্বদা সর্বত্র মৃত্যু ও জন্ম সমান হারে বৃদ্ধি বা হ্রাস পায়। বিভিন্ন দেশ এবং উহাদের বিভিন্ন অঞ্চল হইতে বহু তথ্য সংগ্রহ করিয়া তিনি সন্দেহাতীতরূপে ইহা প্রমাণ করিয়াছেন। তথাপি ইহা অসম্ভব ষে, আমার অকাল-মৃত্যুর সহিত এইরূপ একটি বিবাহের ফলপ্রস্থতার কোন প্রত্যক বা কার্যকারণাত্মক সম্পর্ক থাকিবে, যে-বিবাহের সহিত আমার কোন সপ্পর্কই নাই; ইহাও অসম্ভব যে, ঐ বিবাহের সহিত আমার মৃত্যুর কোন সম্বন্ধ থাকিতে পারে। এইরূপে এক্ষেত্রে অধ্যাত্ম-তত্ত্বই অনস্বীকার্বরূপে এবং অভ্যস্ত বিশ্বয়করভাবে জাগতিক বিষয়ের ব্যাখ্যার প্রভ্যক ভিডিরপে প্রতীয়মান হয়। প্রত্যেক নবন্ধাত ব্যক্তি সন্ধীবতা ও প্রফুল্লতা লইয়া নবজীবনে আবিভূতি হয় এবং এগুলি উপঢৌকনের মতো উপভোগ করে; কিন্তু জগতে বিনামূল্যে কিছুই পাওয়া যায় না, পাওয়া যাইতে পারে না। এই নবীন জীবনের জন্ত অপর একটি নিংশেষিত জীবনকে বার্ধক্য ও জরারণ মূল্য দিতে হয়। কিন্তু তাহার মধ্যেই এমন এক অবিনশ্বর বীজ নিহিত থাকে, যাহা হইতে নৃতন জীবনের উৎপত্তি হয়—উভয়ে একই সতা।"

শৃত্যবাদে বিশাসী হইলেও স্ববিখ্যাত ইংরেজ দার্শনিক হিউম' অমৃতজ্ব বিষয়ে সংশয়াত্মক এক প্রবন্ধ বলেন: 'অভএব এই জাতীয় মতবাদ-সমৃহের মধ্যে একমাত্র প্রজন্মবাদই দার্শনিকদের প্রণিধানযোগ্য।' দার্শনিক লেনীং' কবিজনোচিত গভীর অন্তর্গৃষ্টি সহায়ে প্রশ্ন করিভেছেন: 'একমাত্র প্রাচীনভমত্বের দাবিতে স্বীকৃত বিভিন্ন দার্শনিক মতবাদের কৃতর্কের প্রভাবে মাহ্যবের বোধশক্তি যে অতীতকালে ক্ষাণ ও তুর্বল হইয়া যায় নাই, সেই অতীতকালে এই মতবাদটি মাহ্যবের অহভৃতির ক্ষেত্রে আবিভূতি হইয়াছিল বলিয়া কি ইহা এতই পরিহাদের বিষয় ?…আমি বতক্ষণ নৃতন জ্ঞান, নৃতন অভিজ্ঞতা সংগ্রহ করিবার ক্ষমতা রাখি, ততক্ষণ কেন আমি বারংবার ফিরিয়া আগিব না ? একবার জন্মগ্রহণ করিয়াই কি আমি এত বেশী পাইয়াছি বে, বিতীয়বার আগমনজনিত ক্লেশের পারিবর্তে আমার আর কিছুই পাইবার থাকিবে না ?'

⁾ Hume

পূর্ব হইতে বিভ্যমান একই আ্ছা বছ জীবনে বছবার পুনর্জন্ম গ্রহণ করে—
এইরূপ মতবাদের পক্ষে ও বিপক্ষে বছ যুক্তি রহিরাছে, এবং সর্বকালেই
চিন্তানারকদের মধ্যে বছ প্রসিদ্ধ ব্যক্তি ইহার সমর্থনে জ্ঞানর হইরাছেন;
আমন্ত্রা বতদ্র ব্যক্তি পারি, ভাছাতে মনে হয়, আ্লা বলিয়া কোন স্বভন্ত
বন্ধ থাকিলে ইহাও জনিবার্ব বে, উহা পূর্ব হইতেই বিভ্যমান। আ্লার
সভন্ত সন্তা স্থীকার না করিয়া উহাকে ক্ষম (ধারণা) সম্হের সমষ্টি বলিয়া
মানিলেও বৌদ্ধদের মধ্যে মাধ্যমিকদিগকে নিজেদের মতবাদ ব্যাখ্যা করিবার
জন্ত বাধ্য হইয়া আ্লার পূর্বান্তিত্ব স্থীকার করিতে হয়।

বে যুক্তিবলৈ প্রমাণ করা হয়, কোন অসীম বস্তুর আদি থাকা অসম্ভব, তাছা অকাট্য। বদিও ইহার থগুনকরে এই যুক্তিবিক্তম মতের আপ্রয় গ্রহণ করা হয় যে, অনম্ভণক্তি ভগবানের পক্ষে অসম্ভবও সম্ভব হয়। তৃ:থের বিষয় এই প্রমাত্মক যুক্তি বহু চিম্ভাশীল ব্যক্তির মুখেও শুনিতে পাওয়া হায়।

প্রথমতঃ ষেহেতু ঈশর প্রাকৃতিক সকল ব্যাপারের সর্বজনীন এবং সাধারণ কারণ, অতএব মানবাত্মার নিজেব মধ্যে বে-সব বিশেষ রকমের ব্যাপার ঘটিয়া থাকে, সেগুলির প্রাকৃতিক (অসাধারণ) কারণ অনুসন্ধানের প্রশ্ন উঠিতেছে; কাজেই এক্ষেত্রে ভগবান এই জগজেণ যন্ত্রের নির্মাতা এইরূপ মতবাদ সম্পূর্ণ অপ্রাদিকি । ইহা অজ্ঞতার স্বীকৃতি ব্যতীত আর কিছুই নহে। কারণ মানবীর জ্ঞানের প্রত্যেক শাখার প্রত্যেক প্রশ্ন সম্পর্কেই আমরা ঐ এক উত্তর দিতে পারি এবং এইরূপে সকল প্রকার অনুসন্ধিৎসা বন্ধ করিয়া ফলতঃ জ্ঞানের পথ সম্পূর্ণ রুদ্ধ করিতে পারি।

বিতীয়তঃ এইরপ সর্বদা ঈশবের সর্বশক্তিমন্তার দোহাই দেওয়ার অর্থ কতগুলি শব্দের প্রহেলিকা স্পষ্ট করা ব্যতীত আর কিছুই নহে। কারণকে কারণক্ষপে ঠিক তথনই জানা হয় এবং জানিতে পারা যায়, যথন ঐ কারণটি তাহার কার্ব-উৎপাদনের পক্ষে পর্যাপ্ত, এভদতিরিক্ত আর কিছুই নয়। ইহার ফলে আমরা এই নিছাক্তেই উপস্থিত হইতেছি বে, আমরা একদিকে বেমন অনম্ভ ফলের চিন্তা ক্রিণ্ডে পারি না, অপরদিকে তেমনি সর্বশক্তিমান্

Deus ex machina

কারণেরও ধারণা করিতে পারি না। আরও ত্রন্তব্য এই বে, ভগবান সহদ্ধে আমাদের সকল ধারণাই সসীম; তাঁহাকে কারণ বলিরা মানিলেও এই কারণত্বের বারা ভগবানের ধারণা সীমিত হইরা পড়ে। তৃতীরতঃ ত্রন্ত্রপ মতবাদ ভর্কের থাতিরে মানিয়া লইলেও বতক্ষণ আমরা ইহা অপেকা অধিকভর বৃক্তিদহ ব্যাখ্যা দিতে না পারিব, ততক্ষণ এমন কোন অসম্ভব কথা মানিতে বাধ্য নই বে, 'অভাব হইতে ভাবের উৎপত্তি হর' অথবা 'অসীম বম্ব কোন কালের মধ্যে আরম্ভ হয়'।

পূর্বান্তিষের বিরুদ্ধে এই একটি তথাকথিত দৃঢ় যুক্তি থাড়া করা হয় যে, অধিকাংশ মানুষ এ সম্পর্কে সচেতন নয়। এই যুক্তির উপস্থাপরিতাকে ইহার সারবতা প্রদর্শনের জন্ম প্রমাণ করিতে হইবে যে, সমগ্র মানবাত্মাটি শুধু শারণকার্যেই ব্যাপৃত থাকে। কোন জিনিদের শ্বতি যদি তাহার অন্তিষের প্রমাণ হয়, তাহা হইলে জীবনের যে যে অংশ এখন শ্বতির অন্তর্ভুক্ত নহে, তাহার অন্তিম্ব নিশ্চয়ই লোপ পাইয়াছে, এবং যে-কোন ব্যক্তি গভীর মুর্ছাকালে বা বিকারের অন্ত কোন অবস্থায় শ্বতিশক্তি হারাইয়া ফেলে, সেতখন নিশ্চয়ই নিজের অন্তিমণ্ড হারাইয়া ফেলে, যে

আত্মার প্রান্তিত্ব অনুমানের জন্ত, বিশেষতঃ সচেতন কার্যকলাপের ন্তরে তাহার প্রমাণার্থে হিন্দু দার্শনিকগণ যে-সকল মৌলিক দিছান্ত উপস্থাপিত করেন, তাহা প্রধানতঃ এইরূপঃ

প্রথমতঃ ইহা ব্যতীত এই বৈষমাময় জগতের ব্যাখ্যা কিরূপে সম্ভব হইবে?

একজন দয়ালু ও য়ায়বান্ ঈশর কর্ত্ক অধিষ্ঠিত রাজ্যে সদ্ভাবে ও মানবসমাজের সম্পদ্রূপে গড়িয়া উঠিবার পক্ষে প্রয়োজনীয় সকল ফ্রোগের মধ্যে

একটি শিশু জন্মগ্রহণ করিল, এবং হয়তো সেই একই মৃহুর্তে একই মহানগরে

অপর একটি শিশু এমন অবস্থার মধ্যে জন্মগ্রহণ করিল, বাহা তাহার ভাল

হইয়া উঠিবার পক্ষে প্রতিকৃল। দেখিতে পাই—এমন শিশুও জন্মায় বে শুর্

কট্ট ভোগ করে, হয়তো সারা জীবনই কট্ট পায়, অথচ এল্ল তাহার কোন

দোব নাই। এইরূপ কেন হইবে? ইহার কারণ কি? ইহা কাহার

অক্সতা-প্রস্ত্র বিলিশুটির দোব নাই থাকে, তাহা হইলে সে কেন তাহার

শিতামাতার কর্মের ফলে এই কট্ট ভোগ করিবে? বর্তমান হৃথের অন্তপাতে

ভবিয়তে স্থ লাভ হইবে—এই প্রলোভন দেখাইয়া বা রহুন্ডের অন্তারণা

করিয়া প্রবাটিকে এড়াইয়া বাওুরা অপেকা অঞ্জা বীকার করা অনেক ভাল। কাহারও পক্ষে আযাদের উপর অসমত ক্লেশভার বলপূর্বক চাপাইয়া দেওয়া নীভিবিগাহিত ভো বটেই, উহাকে অবিচারও বলা চলে; ওগ্ ভাই নয়, তবিহাতে কভিপ্রণ হইবে—এইরপ মতবাহটিও সম্পূর্ণ যুক্তিহীন।

বাহারা তৃংধের মধ্যে জন্মগ্রহণ করে, তাহাদের কন্নজনা উচ্চতর জীবনের অভিস্থে জন্মগর হইবার জন্ত সংগ্রাম করে। কভলনই বা বে-অবস্থার মধ্যে জন্মগাভ করিয়াছে, তাহারই মধ্যে জাজানমর্পণ করে। খাহারা বাধ্য হইরা মন্দ অবহার মধ্যে জন্মগ্রহণ করার জন্ত অধিকতর মন্দ্রভাব এবং নীতিহীন হইরা উঠে, তাহারা কি ভাহাদের আজীবন নীতিহীনভার দক্ষন ভবিশ্বতে পুরস্কৃত হইবে। বে-ক্ষেত্রে বে এখানে বত ত্ত্ব ভ হবৈ, ভবিশ্বতে তাহার পুরস্কার ততই অধিক হইবে।

স্থত্ংথভোগের সকল দায়িব উহার প্রায়দণত কারণের উপর, অর্থাৎ আমাদের বাধীন কর্ম বা কর্মকলের উপর আবোপ না করিলে মানবাদ্মার মহিমা ও মৃক্তভাব প্রমাণ করার এবং সংসারের এই অসাম্য ও ভ্যাবহু-তার সামঞ্জ হাপন করার আর কোন উপায় নাই। ওধু তাই নয়, শৃন্ত হইতে আত্মার স্ঠি-বিরুরের বত মতবাদই প্রচার করা হউক না কেন, উহাদের প্রত্যেক্তি আমাদিগকে অনিবার্ণয়ণে অনৃষ্টবাদে বা সম্বত্তই পূর্ব হইতে স্থনিদিই—এইরপ মতবাদে লইয়া বাইবে, এবং এক কয়ণাময় পিভার পরিবর্তে এক বিকটদর্শন, নিষ্ঠ্র এবং সদাকুত্ব ঈশ্বকে আমাদের উপাক্ষরণে উপস্থিত করিবে। অধিকত্ব ভভাতত-সাধনে ধর্মের বত্তুকু শক্তি আহে, তাহার অন্থাবন করিলে দেখিতে পাই বে, 'আত্মা স্টে বন্ধ'—এই মতবাদের সহিত্ত তাহারই অন্থাবিদ্যাত অনুষ্টবাদ ও ঈশ্বর কর্তৃক তাগ্যনির্ধারণ— বীষীর ও মৃস্লমান ধর্মানক্রীদিনের মধ্যে এই এক ভন্নাবহ ধারণার অন্ত দায়ী বে, অবার্মিক ও পৌত্তিকিকগণকে বিধিস্তভ্যনে তাহাদের ভরবারি বারা হত্যা ক্ষরা চলে, আরও এই মতবাদের কলে বত্তাকার নিষ্ঠ্র অত্যাচার হত্যাক্ষর এবং এক্যত্ত ক্রেক্তি ক্রিনি অত্যাচার হত্যাক্ষর ব্যারণ ও ইত্তাক্ত ক্রিনি বারা ব্যারণ ব্যারণ এই ব্যারণ বিধিন্ন স্বত্তাকার নিষ্ঠ্র অত্যাচার হত্যাক্ত এবং এবং এবং এবং এবং এবং এবং হত্তিতহে লেগুলির অন্ত এই মতবাদের করে ব্যারণ হত্যাক্ত হারী।

কিও জায়দর্শন-প্রবেজারা প্রক্রতভ্যের সমর্থনে বে-মৃক্তিটি বহু বাহ্ন উপরিক্ত করিয়াছেন এবং বারা আয়াদের দৃষ্টিছে এই প্রস্তুত্বর নিবার বনিয়া মুনে ইয়, ভাষা হইন এই বে, আয়াদের অভিজ্ঞতা কবনও সম্পূর্ণ বিদীন মুক্ত না। আমাদের কার্বকলাপ (কর্ম) যদিও বাহতঃ বিল্পু হয়, ভণাপি অদৃষ্টরূপে বর্তমান থাকে, এবং পুনর্বার কার্যের মধ্যে প্রবৃত্তির স্নাকারে আবিভূতি হয়, এমন কি ছোট শিশুরাও কতকগুলি প্রবৃত্তি লইয়া জন্মগ্রহণ করে, যথা মৃত্যুভয়।

এখন যদি প্রবৃত্তিকে বারংবার অন্তর্ভিত ক্রিয়াকলাপের ফল বলা হয়, তাহা হইলে যে-সকল প্রবৃত্তি লইয়া আমরা জয়গ্রহণ করি, তাহার অর্থ দেই দিক হইতে ব্যাখ্যা করিতে হয়। স্পষ্টতঃ আমরা ঐশুলি এইজনে পাই নাই, স্বতরাং অতীতেই দেগুলির মূল অনুসন্ধান করিতে হইবে। এখন ইহাও স্পষ্ট যে, আমাদের কতকগুলি প্রবৃত্তি মন্ত্রোচিত সচেতন প্রয়াদের ফল। ইহা বদি সত্য হয় যে, আমরা এই-সকল প্রবৃত্তি লইয়া জয়গ্রহণ করিয়াছি, তবে ইহা আবিসংবাদিতরূপে প্রমাণিত হয় অতীতের সচেতন সকল প্রযুত্তি ইহার কারণ, অর্থাৎ আমরা যাহাকে মানবীয় তার বলি, বর্তমান জন্মের পূর্বেও আমরা দেই মানবোচিত মানস তরেই ছিলাম।

অন্ততঃ বর্তমান জীবনের প্রবৃত্তিসমূহকে জভীতের সচেতন প্রশাসের দারা ব্যাখ্যার ব্যাপারে ভারতের প্রজন্মবাদিগণ এবং জধুনাতম ক্রম-বিকাশবাদিগণ একমত; একমাত্র পার্থক্য এই বে, বেধানে জধ্যাত্ম-বাদী হিন্দুরা এগুলি প্রভ্যেকটি স্বতন্ত্র আত্মার সচেতন প্রশাসের ফল বলিয়া ব্যাখ্যা করেন, দেখানে জড়বাদী ক্রমবিবর্তনবাদীরা ঐগুলি বংশপরস্পরায় একদেহ হইতে দেহাস্তরে সঞ্চারণ বলিয়া অভিহিত করেন। বে মতবাদিগণ 'অভাব' বা শৃশ্য হইতে স্বান্ট হইয়াছে বলিয়া মনে করেন, ভাঁহাদের স্থান কোথাও নাই।

তাহা হইলে এই বিষয়ে ছুইটি মাত্র পক্ষ দাঁড়াইভেছে—প্নর্জন্মবাদ এবং জড়বাক; ইহারই কোন একটি অবলমন করিয়া নিকান্ত হির করিতে হইবে। প্নর্জন্মবাদী বলেন: অতীত সমন্ত অভিজ্ঞতা অহতব-কর্তার মধ্যে, অর্থাৎ প্রত্যেক পৃথক্ আত্মার মধ্যে প্রবৃত্তিরূপে সঞ্চিত হইয়া আছে, এবং প্রভ্যেক আত্মা বখন তাহার অবিজ্ঞেত পৃথক্ সন্তা লইয়া নৃতন জন্ম গ্রহণ করে, তর্মন ঐ প্রবৃত্তিগুলিও তাহাতে সঞ্চারিত হয়। আর অভ্যাদী বলেন: মাহ্যেব বিভিন্ন সকল কর্মের কর্তা এবং জীবকোর অবলম্বনে এক ব্যক্তি হইতে জ্পান ব্যক্তিতে (প্রকাহ্তেমে) ঐ প্রবৃত্তিগুলি সঞ্চারিত হয়।

এই ক্পে প্নর্জয়বাদ আমাদের নিকট অসীম শুরুষ গইয়া উপরিত হয়, কায়ণ, আয়ায় প্নর্জয় ও দেহ-কোর অবলয়নে প্রবৃত্তির নঞ্চায়ণ-বিষয়ে বে বিবাদ চলিতেছে, ভাহা প্রকৃতপক্ষে অধ্যাম্মবাদ ও অভ্যাদের সংগ্রাম। বিদি কোষের মাধ্যমে সঞ্চারণই সন্তোবজনক ব্যাখ্যা হয়, ভাহা হইলে অভ্যাদ অনিবার্ব, এবং তখন আত্মতত্ত্বর কোন প্রয়োজন থাকে না। ইহা বদি সন্তোবজনক ব্যাখ্যা না হয়, ভাহা হইলে প্রত্যেক আয়ায় একটি নিজম সত্তা আছে এবং আয়া তাহার বর্তমান জীবনে অভীতের অভিজ্ঞভা বহন করিয়া আনে—এই মভটি সম্পূর্ণ সভ্য। এই তৃই বিকয়—পুনর্জয়বাদ ও জড়বাদ; এই উভয়ের মধ্যে আয় কোন কিছুর হান নাই। ইহার কোন্ট আময়া গ্রহণ করিব ?

আত্মা কি অমর ?

The New York Morning Advertiser পত্রিকায় এ-বিষয়ে যে আলোচনা হয়, তাহাতে যোগ দিযা স্বামীজী এই প্রবন্ধ লিখেন।

বিনাশমব্যয়স্তাস ন কশ্চিৎ কতু মহতি ৷--- খ্রীমদ্ভপ্রদ্গীতা ২।১৭

সংস্কৃত ভাষার স্থাসিক মহাকাব্য মহাভারতে বর্ণিড আছে—কির্নেণ (বক্র্নপী) ধর্ম কর্ত্তক জগতের আশুর্বতম বিষয় সমকে জিজাসিত হট্ট্রা ঐ মহাকাব্যের নাক্র যথিচির বলিয়াছিলেন : জগতে সর্বাপেকা আশুর্বের বিষয় এই যে, জীবনের আছে প্রতিত্ত মহর্তে চারিলিকে মৃত্যু যদিককে দেখিয়াও মান্তব্য অটল বিষাপ তে, তে নিজে মৃত্যুতীন। প্রকৃতপকে ইহাই মান্তব্য আছেন বিচও বিষয়ে। বিভিন্ন সময়ে বিজিন কর্দ্দে ইহার বিপক্ষে আশুর বৃদ্ধি প্রকৃতি হইলেও এবং ইলিম্পেড ও ইলিমাডীড জগভের মধ্যে চিনাবিভ্যান রহন্ত-যবনিকা মুক্তিনহারে তেল করিছে অক্ষা হইলেও মান্তব্য দ্বনিক্ষা করিয়া বনিয়া আছে হে, নে কথনও মরিতে পারে লা।

ক্ষামন্ত্ৰা কৰতা জীপন ব্যাণিয়া অহস্টালন কৰিতে পাৰি, তথাণি শেষ পৰিত ক্ষান্ত্ৰাৰ সমস্তাটিকে ইভিবাচক বা নেভিবাচক কোন মুক্তিযুক্তক প্রবাণের তরেই ইাড় করাইতে পারি না। মান্র-সন্তার হারিত্ব বা অনিত্যতার পক্ষে বা বিপক্ষে আমরা বত পুলি লিখিতে, বলিতে, প্রচাম করিতে বা শিক্ষা দিতে পারি; ইহার বে কোন পক্ষ অবলবন করিয়া আমরা প্রচন্ত বিরোধে মত হইতে পারি; ইহার পূর্ব পূর্ব নাম অপেক্ষা ক্রমেই শত শত কটিলতর নৃতন নৃতন নাম আবিকার করিয়া আমরা ক্রপকালের জন্ত আত্মপ্রবিক্ষার মধ্যে এই শান্তি লাভ করিতে পারি বে, আমরা চিরকালের জন্ত সমস্থাটির সমাধান করিয়া কেলিরাছি; আমরা পূর্ণ উত্তমে ধর্মরাজ্যের কোন একটি অভ্ত কুসংস্কারকে আকড়াইরা ধরিতে পারি, অথবা ইহা অপেক্ষাও অধিকতর আপত্তিজনক কোন বৈজ্ঞানিক কুসংস্কারকে মানিয়া লইতে পারি, কিন্ত অবশেষে দেখিতে পাই—আমরা যুক্তিরপ এক সমীর্ণ ক্রীড়াক্ষেত্রে এমন একটি অনন্ত কন্দ্ক-ক্রীড়ায় লিপ্ত রহিয়াছি, বাহাতে বৃদ্ধিরপ খুঁটিগুলিকে বারংবার দাঁড় করাইতে চেটা করিতেছি, আর পরক্ষপেই উহারা কন্দ্কাঘাতে ধরাশারী হইতেছে।

কিছ এই যে মানসিক শ্রম ও কইভোগ, যাহা বহু ক্ষেত্রে ক্রীড়া অপেকাও অবিকতর সম্বট উৎপন্ন করে, উহার পশ্চাতে এমন একটি সভা আছে, যাহার সম্বদ্ধে বাদবিসংবাদ করা চলে না, যাহা সমস্ত বিসংবাদের অভীত। আর ইহাই হইল মহাভারতে উলিখিত সেই সভা—সেই অভ্যাশ্চর্য ব্যাপার: মাছ্যের পক্ষে ধারণা করা অসম্ভব যে, সে পুল্লে বিলীন হইয়া যাইবে। এমন কি আমার নিজের বিনাশের কথা ভাবিতে গেলেও আমাকে সাক্ষিরণে এক পার্শে দাড়াইয়া সেই বিনাশক্রিয়াটিকে দেখিতে হইবে।

এখন এই অভ্ত ব্যাপারের অর্থ ব্রিবার পূর্বে এই একটি বিবরে অবহিত হওরা আবশুক বে, সমগ্রজাৎ এই তথ্যের উপর প্রতিষ্ঠিত। বহির্দ্ধান্তের সন্তা অপরিহার্বরূপে অন্তর্জগতের সন্তার সহিত বিজ্ঞাত। এই উত্তর সন্তার কোন একটিকে বাদ দিরা এবং অপরটিকে শীকার করিরা জগৎ সম্বন্ধে বে কোন মন্তবাদ গড়িরা ভূনিলে উহা আপাততঃ মৃতই বিশাসবোগ্য মনে হউক, ঐ মতবাদের শুটা নিজেই দেখিতে পাইবেন, অন্তর্জগৎ ও বহির্দ্ধাণ-এই উত্তর জগতের স্থারিক্ষকে যদি প্রেরণাশক্ষির অন্তন্তম কারণক্ষণে শীকার না করা হয়, তবে তাহার ক্ষরিত প্রক্রিয়া অবল্যনে একটিও সচেতন ক্রিরা সম্বন্ধ মন্ত্র। যদিও ইহা সম্পূর্ণ গতা

বে, যখন মানব-মন ভাপন দীমাবছ ভাব ভতিক্রম করে, তথন দে দেখে—বৈত জগং এক অথও একছে পরিণত হইরা গিরাছে, তথাপি ঐ নিরপেক্ষ সন্তাকে তথনও ইহজগতের দৃষ্টিতে দেখা হর, এবং সমগ্র দৃষ্ট জগং—অর্থাৎ আমাদের পরিচিত এই জগং, জাভার জের বিষর্মাত্তরপেই জাত হয় ও জাত হইতে পারে। হুতরাং এই জাভার ধ্বংসের করনা করিতে পারার পূর্বে আমাদিগকে বাধ্য হইরা জের বিষরের ধ্বংস করনা করিতে হইবে।

এ পর্যন্ত তো খ্বই সহজ। ইহার পর ব্যাপারটি কঠিন হইরা পঞ্জিছে।
সাধারণতঃ আমরা নিজদিগকে শরীর ব্যতীত অস্ত কিছু ভাবিতে পারি না।
আমি যথনই নিজেকে অমর বলিয়া ভাবি, তথন 'আমি' বলিতে দেহরপ
আমাকেই গ্রহণ করি। কিছু শরীর বে সমগ্র প্রকৃতির মভোই অহারী
এবং ইহা সর্বদা বিনাশের দিকেই অগ্রসর হইতেছে, ইহা ভো প্রত্যক্ষ সভ্য।

তাহা হইলে এই স্থায়িত্ব কোথায় নিহিত ?

আমাদের জীবনের সঙ্গে এমন আর একটি আশ্চর্য বিষয়ের সংযোগ বহিয়াছে, বেটিকে বাদ দিলে 'কে বাঁচিতে পারে, কে এক মৃহুর্তের জন্তও জীবনে আনন্দ উপভোগ করিতে পারে ?''—সেটি হইল মৃক্তির আকাজ্যা।

এই আকাজ্রাই আমাদের প্রতি পদক্ষেপ নিয়নিত করে, আমাদের গতিবিধি সম্ভব করে, পরম্পরের সহিত আমাদের সম্পর্ক নির্ধারণ করে। তথু তাই নর, ইহা ধেন মানবজীবনরূপ বস্তের টানা ও পোড়েন। বৃদ্ধিলক জ্ঞান ইহাকে তিল তিল করিয়া নিজ ক্ষেত্র হইতে হটাইয়া দিতে চায়, ইহার রাজ্য হইতে একটির পর একটি তুর্গ অধিকার করিতে চায়, এবং (মাছ্যের) প্রতিটি পদক্ষেপ কার্য-কারণের রেলপথের লৌহ্বন্ধনে আবদ্ধ করে। কিন্তু আমাদের এ-সব প্রচেষ্টায় মৃক্তি হাসিয়া উঠে, আর কি আম্বর্গ মৃক্তিকে বদিও আমরা অশেষ বিপ্রভার বিধি ও কার্য-কারণের নিয়মের চাপে খাসক্ষর করিয়া হত্যা করিতে চাহিয়াছিলাম, তথাপি সে এখনও নিজেকে ঐগুলির উর্ধের বাঁচাইয়া রাথিয়াছে। ইহার অল্পথা কিয়পে হইতে পারে? সসীমৃকে বদি নিজের অর্থ পরিশ্বট করিয়া তৃলিতে হয়, তাহা হইলে সর্বদাই ভাহাকে অসীমের উচ্চতর ব্যাপক পরিপ্রেক্ষিতে

১ কো ছেবাক্সাৎ কঃ প্রাণ্যাৎ। বদেব আকাশ আনন্দো ন স্থাৎ। তৈন্তি. উপ.—২।৭

তাহা করিতে হইবে। বন্ধ কেবল মৃক্তের ঘারাই ব্যাখ্যাত হইতে পারে।
যাহা কার্বন্ধপে পরিণত হইয়া গিয়াছে, তাহা ব্যাখ্যাত হইতে পারে কার্বাতীত
বন্ধর ঘারা। এখানে আবার সেই একই অন্থবিধা আসিয়া পড়িল। মৃক্ত
কে ?—শরীর ? অথবা মনও কি মৃক্ত ? ইহা সকলের কাছেই স্থল্পট যে
বিশের অন্তান্ত যে-কোন বন্ধর ন্তায় এই তুইটিও নিয়মের অধীন।

এখন সমস্রাটি একটি উভন্ন-সহটের আকার ধারণ করিতেছে। হয়
বলো, সমগ্র বিশ্ব একটি সদা-পরিবর্তনশীল জড়সমষ্টি ব্যতীত আর কিছুই
নয়, ইহা কার্য-কারণের অনিবার্য নিগড়ে চির আবদ্ধ, ইহার একটি কণিকারও
কোন স্বতন্ত্র সন্তা নাই; অথচ অচিস্কনীয়রূপে ইহা নিত্যদ্ব ও মৃক্তির
এক অবিচ্ছেত্য প্রহেলিকা স্থলন করিয়া চলিয়াছে। অথবা বলো, এই
বিশ্ব ও আমাদের মধ্যে এমন কিছু রহিয়াছে, যাহা নিত্য এবং মৃক্ত। ফলে
ইহাই প্রতিপন্ন হয়, মাছ্যের মনে নিত্যদ্ব ও মৃক্তি সম্বন্ধে যে স্বভাবসিদ্ধ
মৌলিক বিশাস রহিয়াছে, তাহা প্রহেলিকা নয়। বিজ্ঞানের কর্তব্য হইল
উচ্চতর সামাত্রীকরণের সাহায্যে জাগভিক ঘটনাগুলিকে ব্যাখ্যা করা।
স্বতরাং কোন ব্যাখ্যা-কালে যদি অপরাপর তথ্যের সহিত সামগ্রন্থ রক্ষার
উদ্দেশ্যে ব্যাখ্যার জন্ত উপস্থাপিত নৃতন তথ্যের কিয়্বদংশকে নই করিয়া
ফেলা হয়, তবে ঐ ব্যাখ্যা আর বাহা কিছু হউক, বিজ্ঞান-নামধেয় হইতে
পারে না।

অতএব বে-কোন ব্যাখ্যাতে এই সদা-বিভ্যমান এবং সর্বদা-আবশ্রক মৃক্তির ধারণাকে উপেক্ষা করা হয়, তাহা উপরি-উক্ত প্রকারে ল্রাস্ক্ত, অর্থাৎ অপর তথ্যগুলির ব্যাখ্যার উদ্দেশ্যে উহা নৃতন তথ্যের একাংশকে অস্বীকার করে; হতরাং উহা ল্রাস্ক্ত। অতএব আমাদের প্রকৃতির সহিত সামঞ্জন্ম রাখিয়া একমাত্র অপর বিকল্পটি স্বীকার করা চলে, তাহা এই বে—আমাদের মধ্যে এমন কিছু আছে, যাহা মৃক্ত এবং নিত্য।

কিন্ত তাহা শরীর নহে, মনও নছে। শরীর প্রতি মৃহুর্তে মরিতেছে, মন নিয়ত পরিবর্তনশীল। শরীর একটি যৌগিক পদার্থ, মনও তাই; অতএব তাহারা কখনও পরিবর্তনশীলতার উর্ধে উঠিতে পারে না। কিন্তু এই সুল জড়বন্তব ক্ষণিক আবরণের উর্ধে, এমন কি মনের স্ক্রতর আবরণেরও উর্ধে, সেই আত্মা বিরাজমান, যাহা মাহুবের প্রকৃত সন্তা, যাহা চিরস্থায়ী ও চিরম্ক । তাহারই মৃক্ত স্থাব মাহবের চিস্তা এবং বস্তর ব্রের মৃধ্য দিরা অহুক্রেড হইতেছে এবং নামরূপের বর্ণপ্রলেপ সন্তেও স্বীয় পৃত্যলহীন অন্তিত্ব ঘোষণা করিতেছে। অজ্ঞানের ঘনীভূত ত্তরের আবরণ সন্তেও তাহারই অমর্থ, তাহারই পরমানক, তাহারই শান্তি, তাহারই ক্রথ্য উত্তাদিত হইয়া স্বীয় অন্তিত্বের সাক্ষ্য দিতেছে। এই ভর্মপৃত্য, মৃত্যুহীন, মৃক্ত আত্মাই প্রকৃত মাহব।

যথন কোন ৰহি:শক্তি কোন প্রভাব বিন্তার করিতে পারে না, কোনও পরিবর্তন ঘটাইতে পারে না, তখনই স্বাধীনতা বা মৃক্তি সম্ভব। মৃক্তি শুধ্ তাহারই পক্ষে সম্ভব, বে সর্বপ্রকার বন্ধনের—সমন্ত নিয়মের এবং কার্ব-কারণের নিয়ন্ত্রণের অতীত। অর্থাৎ অক্ত প্রকারে বলিতে গেলে বলা যায়, বে অবিকারী সেই শুধু মৃক্ত এবং সেইজক্তই অমর হইতে পারে। মৃক্ত অবিকারী ও বন্ধনহীন এই যে জীবান্ধা, এই যে মানবান্ধা, ইহাই মাহবের একত স্বরূপ; ইহার জন্মও নাই, মৃত্যুও নাই।

'এই মানবাত্মা অজ, অমর, শাখত ও সনাতন।'

আত্মা, প্রকৃতি ও ঈশ্বর

বেদান্ত দর্শনের মতে মাছ্য যেন তিনটি পদার্থ দিয়া গড়া। একেবারে বাহিরে আছে দেহ, মাছ্যের ছুল রূপ—চক্ষ্, কর্ণ, নাসিকা প্রভৃতি সংযেদনের যন্ত্রসমূহ ইহাতেই রহিয়াছে। এই চক্ষ্ দৃষ্টির উৎস নয়, ইহা যন্ত্রমাত্র। ইহার অন্তরালে আছে প্রকৃত ইন্দ্রিয়। সেইরূপ বাহিরের কর্ণও প্রবাণের ইন্দ্রিয় নয়, যন্ত্রমাত্র; তাহার অন্তরালে আছে প্রকৃত ইন্দ্রিয়; আধুনিক শারীর-বিজ্ঞানে তাহাকেই বলে সায়্-কেন্দ্র। সংস্কৃতে এওলিকে বলে ইন্দ্রিয়। মে-কেন্দ্র চক্ষ্কে পরিচালিত করে, তাহা যদি নই হয়, ভাহা হইলে চক্ষ্ আর দেখিতে পায় না; সকল ইন্দ্রিয়-সম্পর্কেই ইহা সত্য। ইন্দ্রিয়ওলি আবার যতক্ষণ না আর একটি জিনিসের সহিত যুক্ত হয়, ডভক্ষণ তাহারা নিজে নিজে কোন বিষয়-সম্পর্কে অবহিত হইতে পারে না। সেই আয় একটি জিনিস

হইল মন। অনেক সময়েই ভোমরা লক্ষ্য করিয়াছ একটি বিশেষ চিভায় গভীরভাবে মগ্ন থাকা-কালে ঘড়ি বাজিলেও তাহা ভনিতে পাও না। ুকেন ? কান তো ঠিকই ছিল, বায়ুর কম্পন তাহার ভিতর প্রবেশ করিয়াছিল এবং মন্তিকের ভিতরে নীতও হইয়াছিল, তথাপি ভনিতে পাও নাই, কারণ মন সেই ইন্দ্রিয়ের সঙ্গে যুক্ত ছিল না। বাহিরের বস্তুসমূহের ধারণা প্রথমে ইন্দ্রিয়ে নীত হয়; তারপর মন তাহার সহিত যুক্ত হইলে সেগুলিকে গ্রহণ করিয়া যেন একটি প্রলেপ লাগাইয়া দেয়, তাহাকেই বলে অহংকার— 'আমি'। মনে কর, আমি যখন একটা কাজে ব্যস্ত আছি, ভখন একটি মশা আমার আঙ্লে কামড় দিল। আমি দেটা বুঝিতে পারি না, কারণ আমার মন তথন অন্ত কিছুর সঙ্গে যুক্ত ছিল। পরে ইন্দ্রিয়-প্রাপ্ত ধারণার সঙ্গে যখন আমার মন যুক্ত হয়, তখন একটি প্রতিক্রিয়া দেখা দেয়। সেই প্রতিক্রিয়ার ফলেই মশা-সম্পর্কে আমি সচেতন হই। কাজেই অঙ্গমৃহের সঙ্গে মনের যোগ হওয়াই যথেষ্ট নয়; ইচ্ছার আকারে প্রতিক্রিয়ারও উপহিতি প্রয়োজন। মনের বে-বৃত্তি হইতে এই প্রতিক্রিয়া আসে—এই বে ক্রান-বৃত্তি, ইহাকেই বলে 'বুদ্ধি'। প্রথমত: একটি বাহিরের ষম্র থাকা চাই, ভারপর ইন্দ্রিয়, ভারপর ইন্দ্রিরের সহিত মূন যুক্ত হওয়া চাই, ভারপর চাই বৃদ্ধির প্রতিক্রিয়া, এবং যথন এই সমগুলি সম্পূর্ণ ছইবে, তৎক্ষণাৎ দেখা দিবে 'আমি এবং ব**হির্জাগতিক বস্ত'র ধারণা, দেখা দিবে—অহতব বা প্র**ভায়-জ্ঞান। যে বহিবিজিয়টি ষন্ত্রমাত্র, তাহার অবস্থান দেহে; তারপর আছে স্ক্রতর অস্তরিন্দ্রিয়, তারপর মন, তারপর বৃদ্ধিবৃত্তি, তারপর অহংকার। অহংকার বলে : 'আমি'—আমি দেখি, আমি শুনি ইত্যাদি। সমগ্র কর্মধারাটি কয়েকটি শক্তির ৰারা পরিচালিত হয়; তাহাদের প্রাণশক্তি বলিতে পারো; সংস্কৃতে তাহাদের বলে 'প্রাণ'। মাহুষের এই স্থুল অংশ, বাহাতে বহিরিজ্ঞিয়সমূহ অবস্থিত, ভাহাকে বলে ভুল দেহ বা 'ভুল শরীর'। ভারপর আসে প্রথমে ইন্দ্রিয়, ভারপর মন, বৃদ্ধি, অহংকার। এই-সব এবং প্রাণশক্তিসমূহ মিলিয়া গে বৌগিক সন্তা গড়িয়া ওঠে, ভাহাকে বলে শুল্ম দেহ বা শুল্ম শনীর। এই শক্তিসমূহ কতকগুলি হক্ষ পদার্থ দিয়া গঠিত; সেগুলি এত হক্ষ যে, সূল দেহের কোন ক্ষতিই সেগুলিকে ধ্বংস করিতে পারে না; দেহের সর্বপ্রকার আঘাতকে অতিক্রম করিয়া সেওলি বাঁচিয়া থাকে। যে সূল শরীর আমরা

দেখিতে পাই, তাহা বুল পদার্থ দিয়া গঠিত, কাৰেই তাহা নিত্য নৃতন হইতেছে, নিয়ত পরিবর্তিত হইতেছে। কিছ অভবিজ্ঞিরসমূহ—মন বৃদ্ধি ও অহংকার স্ব্রতম পদার্থ বারা গঠিত, কাব্বেই যুগ যুগ ধরিয়া ভাহারা অকুর থাকিবে। দেওলি এত কৃষ্ম যে, কোন কিছু যারা ভাহাদের বাধা দেওয়া যায় না; বে-কোন বাধাকে ভাহার। অভিক্রম করিতে পারে। স্থুল দেহ বেষন অচেতন, স্ক্লদেহও ভাই, কারণ ভাহাও স্ক্ল পদার্থ বারা গঠিত। যদিও তাহার এক অংশকে বলে মন, অপর অংশকে বৃদ্ধি এবং তৃতীয় অংশকে অহংকার, তথাপি একদৃষ্টিতেই আমরা ব্ঝিতে পারি বে, উহাদের কেহই 'জাতা' হইতে পারে না। উহাদের কেহই অহভবের কর্তা হইতে পারে না; দৰ্বকৰ্মের সাক্ষী বা সৰ্বকৰ্মের লক্ষ্যও হইতে পারে না। মন, বুদ্ধি বা অহংকারের সকল কৰ্মই এতদ।তবিক্ত কাহারও জন্ত হইতে বাধ্য। এই স্ব-কিছুই স্ক্ পদার্থ দারা গঠিত বলিয়া কখনও দ্বপ্রকাশ হইতে পারে না। এগুলির দীপ্তি নিজেদের ভিতরে থাকিতে পারে না। দৃষ্টাভত্তরূপ বলা বায়, এই টেবিলটির প্রকাশ কোন বাহ্নবন্ধর দক্ষন হইতে পারে না। স্বভরাং উহাদের দকলের পশ্চাতে নিশ্চয় এমন একজন আছেন, বিনি প্রকৃত প্রকাশক, প্রকৃত ত্রটা, প্রকৃত ভোক্তা; সংস্কৃতে তাঁহাকেই বলা হয় 'আত্মা'—মাহবের আত্মা, মাছবের প্রকৃত স্বরূপ। ভিনিই সব কিছু দেখেন। বাহিরের বন্ত ও ইন্দ্রিয়-সমৃহ ধারণাগুলি সংগ্রহ করিয়া মনের কাছে প্রেরণ করে, মন প্রেরণ করে বৃদ্ধির কাছে, বৃদ্ধিতে দেগুলি আয়নার মতো প্রভিফলিত হয়; এবং ভাহার পশ্চাতে আছেন আত্মা, বিনি সেগুলির উপর দৃষ্টিপাত করেন এবং তাঁহার আদেশ ও নির্দেশ দান করেন। এই-সব ষল্লের চালক তিনি, গৃহের কর্তা তিনি, দেহ-সিংহাদনে উপৰিষ্ট রাজা তিনি। অহংকারবৃত্তি, বৃদ্ধিবৃত্তি, চিন্তা-वृष्टि, देखिन ७ रवनग्र, दून त्मर-नकत्नदे जारात चात्म भानन कत्ता। তিনিই এইসব-কিছুকে প্রকাশ করিতেছেন। ডিনিই মাহুবের আদ্ধা। বিখের একটি কুদ্র অংশে যাহা আছে, সমগ্র বিখেও ভাছাই আছে। সামঞ্জ বদি এই বিষের বিধান হয়, ভাহা হইদে বিষের প্রভিটি অংশ শাষগ্রিকভাবে একই পরিকল্পনা অন্তুলারে নিমিত হইবে। স্বতরাং আসরা খভাবতই মনে করিতে পারি বে, বাহাকে আমরা এই বিশ বলি, তাহার স্কুল বড়রপের অন্তরালে স্ক্রতর উপাদানের একটি বিশ নিশ্চরই আছে; ভাহাকেই

আমরা বলি মনন বা চিস্তা। আবার তাহারও অস্করালে আছেন আত্মা— বিনি এই-সব চিস্তাকে সম্ভব করেন, বিনি আদেশ দেন, বিনি এই বিখ-সিংহাসনে অধিষ্ঠিত রাজা। প্রতিটি মন এবং প্রতিটি দেহের অস্করালে যে-আ্লা, তাহাকেই বলে প্রত্যগাত্মা—জীবাত্মা; আর বিখের অস্করালে অবস্থিত ইহার চালক শাসক ও নিয়ামকরূপী যে-আ্লা, তিনিই ঈশর।

পরবর্তী বিবেচ্য বিষয়: এই-সব জিনিস কোথা হইতে আদিল ? উত্তর-'আদিল' বলিতে কি বোঝায়? যদি ইহার এই অর্থ হয় যে, শৃক্ত হইতে কোন কিছু স্বষ্ট করা যায়, তবে তাহা অসম্ভব। এই স্বষ্ট—এই প্রকাশ কখনও শৃশ্ব হইতে হয় না। কারণ না থাকিলে কোন কার্য হয় না; আর কার্য তো কারণেরই পুন:প্রকাশ। এই যে একটি গাদ। মনে কর-ইছাকে আমরা থণ্ড থণ্ড করিয়া ভাঙিয়া ফেলিলাম, চূর্ণ করিলাম এবং রাদায়নিক প্রব্যের সাহায্যে প্রায় ধ্বংস করিয়া ফেলিলাম। তাহা হইলে কি ইহা শৃষ্টে ফিরিয়া যাইবে ? নিশ্চয়ই না। ইহার আরুতিটিই ভাঙিবে, কিন্তু যে অণু-গুলি ৰাবা ইহা গঠিত, সেগুলি ঠিকই থাকিবে; সেগুলি আমাদের ইন্দ্রিয়ামু-ভূতির বাহিরে চলিয়া যাইবে বটে, কিন্তু থাকিবে; এবং ইহাও খুবই সম্ভব যে, সেগুলি খারা আর একটি গ্লাস নির্মিত হইবে। একটি ক্ষেত্রে যদি এ কথা সত্য হয়, তাহা হইলে সব কেত্ৰেই ইহা সভা হইবে। শৃতা হইতে কিছুই নিৰ্মাণ করা যায় না। আবার কোন কিছুকে শৃত্যে মিলাইয়াও দেওয়া যায় না। ইহা স্ক্র হইতে স্ক্রভর হইতে পারে, আবার স্থূল হইতে স্থূলভর হইতে পারে। বৃষ্টিবিন্দু সমুদ্র হইতে বাষ্পাকারে আসিয়া বাতাসের দারা ভাড়িত হইয়া পৰ্বতে যায় ; সেথান হইতে আবার জল হইয়া শত শত মাইল প্রবাহিত হইয়া সমূত্র-জননীর কাছেই ফিরিয়া আসে। বীজ হইতে বৃক্ষ জন্মলাভ করে। বৃক্ষ**ি,** মরিয়া যার, রাথিয়া যায় শুধু বীজ। সেই বীজ **আ**র একটি বৃক্ষ হইয়া দেখা দেয়, আবার বীজেই শেষ হইয়া যায়। এমনি করিয়াই চলে। একটি পাখিকে দেখ। ডিম ছইতে জন্মিয়া কেমন স্থলর একটি পাখি হয়; ভারপর ভধু কতকগুলি ডিম রাধিয়া মরিয়া ধায়; দেই ডিমে থাকে ভবিক্তং পাথিব ভীবকোষ; ঠিক তেমনি জন্তর বেলায়, মাহুবের বেলায়। সব কিছুই ষেন ওক হয় কয়েকটি বীজ, কয়েকটি মূল, কয়েকটি সুদ্ম আকার হইতে; ষভই বাড়িতে থাকে, ততই সুল হইতে সুলতর হয়; ভারণর আবার দেই স্বরুর^{পে}

ফিবিয়া যার, মিলিয়া যার। সারা বিশই এইভাবে চলিতেছে। এমন এক সময় আদে, বধন সমগ্র বিশ্ব স্ক্র হইতে স্ক্রভর হয়, অবশেষে যেন সম্পূর্ণভাবে অদৃশ্য হইয়া বায়; তবু অতি স্ক্স বস্তরণে থাকিয়া বায়। আধুনিক বিজ্ঞান ও জ্যোতির্বিভার সাহায্যে আমরা জানিয়াছি, এই পৃথিবী ক্রমশঃ শীতল হইতেছে এবং এক সময়ে অত্যস্ত শীতল হইয়া ধাইবে। তারপর খণ্ডে খণ্ডে বিভক্ত হইয়া স্ক্ষ হইতে স্ক্ষতর হইতে হইতে শেষ পর্যন্ত পুনরায় ইথারে পরিণত হইবে। তথাপি মৃল উপাদান সবই থাকিবে এবং সেই মালমশলা হইতে আর একটি পৃথিবী বাহির <mark>হইয়া আসিবে। সেটিও আবার অদৃগ্র হ</mark>ইয়া বাইবে, এবং নতুন একটি দেখা দিবে। অতএব এই বিশ্বও ইহার মূল কারণে ফিরিয়া যাইবে; আবার ভাহার উপাদানগুলি একত্ত হইয়া একটি আকার ধারণ করিবে, ঠিক তরঙ্গ বেমন নীচে নামে, আবার উপরে ওঠে, এবং একটি আকার ধারণ করে। কারণে ফিরিয়া যাওয়া, আবার বাহির হইয়া খাসা এবং রূপ পরিগ্রছ করাকেই সংস্কৃতে বলে 'সংকোচ' ও 'বিকাশ' অর্থাৎ সঙ্কৃচিত হওয়া এবং প্রসারিত হওয়া। সমগ্র বিশ্ব যেন সঙ্কৃচিত হয়, তারপর আবার প্রদারিত হয়। আধুনিক বিজ্ঞানের প্রচলিত ভাষায় বলিতে গেলে সব কিছুই। ক্রমসঙ্কৃচিত ও ক্রমবিকশিত হয়। তোমরা বিবর্তনবাদ বা ক্রমবিকাশবাদের কথা শুনিয়াছ; শুনিয়াছ, কেমন করিয়া ক্রমাগত বাড়িতে বাড়িতে সব-কিছুই নিয়তর রূপ হইতে গড়িয়া ওঠে। সে কথা খ্বই ঠিক, কিন্তু প্রত্যেক বিবর্তনেরই একটি ক্রমসঙ্কৃচিত পূর্বাবস্থা বা অনভিব্যক্ত অবস্থা আছে। আমরা জানি, এই বিখে যে-শক্তির লীলা চলিভেছে, তাছার মোট পরিমাণ সব সময়েই এক, একটি জড়পরমাণুরও ধ্বংস নাই। কোন-মতেই তুমি এক বিন্দু পদার্থ কমাইতে পার না। এক বিন্দু শক্তিও তুমি হ্রাস করিতে পার না বা বৃদ্ধি করিতে পার না। মোট পরিমাণ সর্বদা একই থাকিবে। প্রকাশেই যাহা কিছু পার্থক্য-ক্থনও ক্রম-সংকাচন, কখনও বিবর্তন। পূর্ব কল্পে যাহা অব্যক্ত হইয়াছিল, তাহা হইতেই এই কল্পের বিবর্তন; এই বর্তমান কর আবার অনভিব্যক্ত হইবে, সুন্ম হইতে স্বরতর হইৰে, এবং ভাছা হইভেই পরবর্তী কল্পের আবির্ভাব হইবে। সমগ্র বিশ্ব এই ভাবেই চলিয়াছে। কাজেই দেখা যাইডেছে, একেবারে শৃক্ত হইডে কোন কিছু গড়িয়া উঠিতেছে—এই অর্থে 'স্ষটি' বলিয়া কিছু নাই। বরং বলা চলে, সব

কিছুরই বিকাশ বা অভিব্যক্তি হইতেছে, আর ঈশর হইতেছেন বিশের বিকাশ-কর্তা। এই বিশ্ব বেন তাঁহার ভিতর হইতে নি:শাসের মতো আসিতেছে, আবার তাঁহাতেই সন্তুচিত হইয়া মিশিয়া বাইতেছে; আবার তিনি ইহাকে ৰাছিরে নিক্ষেপ করিতেছেন। বেদে একটি চমৎকার উপমা আছে---'দেই শাশ্বত পুরুষ নি:খাদে এই বিশ্বকে প্রকট করিতেছেন এবং প্রশাদে ইহাকে গ্রহণ করিভেছেন।' ঠিক বেমন একটি ধূলিকণা আমরা নি:খালের সহিত বাহির ও প্রখাদের সহিত গ্রহণ করিতে পারি। খুব ভাল কথা, কিছ প্রস্ন উঠিতে পারে: প্রথম কল্পের বেলায় কি হইয়াছিল ? ইহার উত্তর: 'প্রথম' বলিতে আমরা কি বুঝি? প্রথম কল্প বলিয়া কিছু ছিল না। সময়ের বদি আদি বলিয়া কিছু থাকে, তাহা হইলে সমন্ত্রের ধারণাই নষ্ট হইরা বার। সময় বেখানে শুরু হইরাছিল, সেইরূপ একটি সীমানার কথা ভাবিতে চেষ্টা কর, দেখিবে সেই সীমানার ওপারে আরও সময়ের কথা ভোমাকে ভাবিতে হইবে। স্থানের আরভের কথা ভাবিতে চেষ্টা কর, দেখিবে তাহার আগেও স্থানের কথা ভোমাকে ভাবিতে হইবে। স্থান এবং কাল—ছই-ই অসীম, ভাহাদের আদিও নাই, অন্তও নাই। ঈশব পাঁচ মিনিটে বিশ স্ষ্টি করিয়া ঘুমাইতে গেলেন এবং দেই সময় হইতে ঘুমাইয়াই আছেন—ইহার চেয়ে পূর্বোক্ত ধারণা অনেক ভাল। অপর পক্ষে, এই ধারণাদ্বারা আমরা ঈখরকে পাই শাখত সৃষ্টি-কর্তারূপে। এখানে ঢেউয়ের পর ঢেউ উঠিতেছে, পড়িতেছে; আর ঈখর সেই শাখত প্রবাহকে পরিচালিত করিতেছেন। এই বিশ্ব বেমন অনাদি এবং অনন্ত, ঈশরও তাই। তাহাই হওয়া উচিত, কারণ আমরা যদি বলি যে, এমন এক সময় ছিল, ষধন স্থুল কি স্ক্র কোন আকারেই কোন স্ঠি ছিল না। তাহা হইলে বলিতে হয় তখন কোন ঈশরও ছিল না, কারণ ঈশর আমাদের নিকট এই বিখের দাক্ষিরণেই বিদিত। কাজেই বিখ বখন ছিল না, তখন তিনিও ছিলেন না। একটি ধারণা হইতেই অপরটি আসে। কার্যের ধারণা হইতেই আমরা কারণের ধারণা লাভ করি। কার্ব যদি না থাকে, তাহা হইলে কারণও থাকিতে পারে না। কাজেই ইহা স্বভাবতই ধারণা করা যায়—বিশ্ব যেহেতু শাশত, ঈশরও শাশত।

আত্মাও শাখত। কেন? প্রথমত আমরা জানি—আত্মা জড় নয়। ইহা সুল শরীর নয়, অথবা আমরা যাহাকে মন বা চিস্তা বলি—সেক্স কোন পুদ্ধ শ্বীরও নয়। ইহা ভৌতিক শ্বীর নয়, কিংবা প্রীটধর্মে বাহাকে 'আজ্বিক দেহ' বলে, তাহাও নয়। খুল ও 'আজ্বিক' শ্বীর চুইই পরিবর্তনশীল। বুল শ্বীর প্রায় প্রতি মৃহুর্তেই পরিবর্তনশীল এবং য়য়ণশীল, কিছ ফ্ল শ্বীর মায়্বের মৃক্তিলাভ পর্যন্ত দীর্ঘকাল বর্তমান থাকে, তারপম উহার শেষ হইয়া বায়। মায়্বে যখন মৃক্ত হয়, তথন তাহার আজ্বিক শ্বীরও বিলীন হয়। যখনই একটি মায়্বের মৃত্যু হয়, তথনই তাহার য়ৄল শ্বীর পঞ্চত্তে মিশিয়া বায়। আজ্বা কোন অণুপরমাণুর বারা পঠিত নয় বলিয়া অবিনশর। ধ্বংস বলিতে আমরা কি বৃঝি ? বে-সব মূল উপাদান লইয়া একটি বছ গঠিত, তাহাদের বিভাজনই ধ্বংস। এই মাসটি যদি নানা থতে ভাঙিয়া বায়, তাহা হইলে ইহার অংশগুলি বিচ্ছিয় হইয়া বাইবে এবং তাহাতেই মাসটি ধ্বংস হইবে। ধ্বংসের অর্থই অংশসমূহেয় বিভাজন। অভএব সহজেই বৃঝা বাইতেছে—বিভিন্ন অংশবায়া গঠিত নয়, এমন কোন কিছুরই ধ্বংস হইতে পারে না, বিভাজন হয় না। আজ্বা কোনস্বপ উপাদানের সমবায়ে গঠিত নয়। ইহা অর্থও, এক; কাজেই ইহা অবিনশ্র। সেই একই কায়ণে ইহা অনাদিও বটে। অতএব আজ্বা অনাদি ও অনস্ত।

মোট তিনটি সন্তা আছে। প্রথমতঃ আছে অসীম অথচ পরিবর্তনশীল প্রকৃতি। সমগ্র প্রকৃতি অনাদি এবং অনন্ত, কিন্তু ইহার ভিতরে আছে বিবিধ পরিবর্তন। ইহা যেন সহস্র বংসর যাবং সমৃদ্রের অভিমূখে প্রবাহিত একটি নদীর মতো। একই নদী, কিন্তু প্রতি মৃহুর্তে তাহার পরিবর্তন ঘটতেছে; অলকণাগুলি প্রতিনিয়তই তাহাদের হান পরিবর্তন করিতেছে। তারপর আছেন ঈশর, অপরিবর্তনীয় শান্তা। আর আছে আমাদের আছা, দিখরের মতোই অপরিবর্তনীয়, শাশত; কিন্তু সেই শান্তার অধীন। একজন প্রভু, অপরক্ষন ভূত্য; আর তৃতীয় পক্ষ হইল প্রকৃতি।

ন্ধর এই বিশের সৃষ্টি স্থিতি ও প্রলয়ের কারণ; কার্যাংঘটনের জন্ত কারণকৈ অবস্থাই উপস্থিত থাকিতে হইবে। শুধু তাই নর, কারণই কার্বরূপে দেখা দের। নির্মাণকারী কর্তৃক ব্যবহৃত কিছু উপাদান ও কিছু শক্তির সাহায্যেই মাস নির্মিত হর। গ্লাসে আছে ঐ উপাদান এবং ঐ শক্তি। ব্যবহৃত শক্তিই সংলগ্ন থাকিবার সংহতি-শক্তিতে পরিণত হইয়াছে। সেই শক্তির অভাব ঘটলেই গাস্টি থও থও হইয়া ভাঙিয়া বাইবে। উপাদানসমূহও

নিঃসন্দেহে প্লাদের মধ্যেই আছে। কেবলমাত্র তাহাদের আকারের পরিবর্তন হইয়াছে। কারণই কার্যরূপে পরিণত হইয়াছে। যেথানেই কার্য দেখিতে পাওয়া যায়, সেথানেই বিশ্লেষণ করিলে কারণ পাওয়া যায়; কারণই নিজেকে কার্যরূপে প্রকাশ করে। স্ক্তরাং দেখা যাইতেছে, ঈশর যদি এই বিশ্লের কারণ হন, এবং এই বিশ্ল যদি কার্য হয়, তাহা হইলে ঈশরই এই বিশ্লরূপে পরিণত হইয়াছেন। আত্মাসমূহ যদি কার্য হয় এবং ঈশর যদি কারণ হন, তাহ। হইলে ঈশরই আত্মা-রূপে প্রকাশিত হইয়াছেন। স্ক্রাং প্রতিটি আত্মাই ঈশরের অংশ। 'একই অগ্লি হইতে যেমন অসংখ্য ক্লিক বাহির হয়, ঠিক তেমনই দেই শাশ্বত-এক হইতেই বিশ্লের সকল আত্মা বাহির হইয়াছে।''

আমরা দেখিলাম, শাশত ঈশর আছেন এবং শাশত প্রকৃতিও আছে, আর আছে অসংখ্য শাশত আআ।। এই হইল ধর্মের প্রথম সোপান। ইহাকে বলে বৈতবাদ। এই ভরে মাহ্ম নিজেকে এবং ঈশরকে অনন্তকাল ধরিয়া শতস্ত্রভাবে দেখে। এই ভরে ঈশর একটি শতস্ত্র সন্তা, মাহ্ম একটি শতস্ত্র সন্তা, এবং প্রকৃতি একটি শতস্ত্র সন্তা। ইহাই হইল বৈতবাদ। এই মতে জ্ঞাতা কর্তা এবং জ্ঞেয় কর্ম পরম্পর-বিরোধী। মাহ্ম প্রকৃতির দিকে তাকাইয়া মনে করে, দে কর্তা আর প্রকৃতি কর্ম। কর্তা ও কর্মের বৈতভাব দে নিরীক্ষণ করে। মাহ্ম যথন ঈশরের দিকে তাকায়, তথন ঈশরকে দেখে কর্মরূপে, আর নিজেকে দেখে কর্তারূপে। এই হইল মাহ্ম আর ঈশরের মধ্যে বৈতভাব। সাধারণভাবে ইহাই হইল ধর্মের প্রথম রূপ।

তারপর আসে আর একটি রূপ, যাহা এইমাত্র তোমাদের দেথাইলাম।
মাহ্য ব্ঝিতে আরম্ভ করে যে, ঈশ্বর যদি এই বিশ্বের কারণ হন, এবং এই
বিশ্ব মদি কার্য হয়, তাহা হইলে স্বয়ং ঈশ্বরই তো এই বিশ্ব এবং আত্মাসমূহরূপে
প্রকাশিত হইয়াছেন, এবং মাহ্য নিজেও পূর্ণ সন্তা ঈশ্বরের একটি অংশ মাত্র।
আমরা ছোট ছোট জীব সেই অগ্নিক্তের ফুলিল মাত্র; সমগ্র বিশ্ব স্বয়

দ্বরেরই প্রকাশ। ইহাই পরবর্তী সোপান। সংস্কৃতে ইহাকে বলে
'বিশিষ্টাবৈত'। যেমন আমার এই শরীর আছে, এই শরীর আত্মাকে

১ মুগুক. উপ , ২।১।১

আচ্ছাদন করিয়া আছে, এই শরীরের ভিতরে আত্মা ওছপ্রোতভাবে রহিয়াছে, সেইরপ অসংখ্য আত্মা ও প্রকৃতি-সমন্বিত এই সমগ্র বিশ্ব যেন ঈশ্বের দেহস্বরূপ। ক্রমসংখাচন বা অন্তিব্যক্তির সময় যখন আসে, তখন এই বিশ্ব স্ক্র হইতে স্ক্রতর হয় বটে, তবু ঈশবের দেহরূপেই থাকে। স্থুল প্রকাশ যথন শুরু হয়, তখনও বিশ ঈশবের দেহরূপেই থাকে। মাহুষের আত্মা বেমন মাতুষের দেহ ও মনের আত্মা, সেইরূপ ঈশ্বর আমাদের 'আত্মারও আত্মা'। আমাদের 'আত্মার আত্মা'—এই কথাট তোমরা প্রত্যেক ধর্মেই শুনিয়াছ। ইহার অর্থ এই—তিনি বেন তাহাদের সকলেব মধ্যে বাদ করেন, ভাহাদের পরিচালিভ করেন, ভাহাদের দকলকে শাদন করেন। বৈতবাদীর প্রথম মতে—আমরা প্রত্যেকেই এক একটি ব্যক্তি, অনাদি কাল ধরিয়া দুখর ও প্রকৃতি হইতে স্বতম। দ্বিতীয় মতে—আমরা ব্যক্তি, किन्छ नेभन्न रहेर्ए भूषक् नहे। जामना रयन अकहे रञ्चन कृत कृत मध्यमान অংশ, আর ঈশর হইলেন সমষ্টিবস্ত। ব্যক্তিহিসাবে আমরা স্বভন্ত। কিন্ত ঈশবে আমরা এক। আমরা সকলে তাঁহাতেই আছি। আমরা সকলে তাঁহারই অংশ, স্থতরাং আমরা এক। তথাপি মাহুষে মাহুষে, মাহুষে ও ঈশবে একটি কঠোর ব্যক্তিস্বাতন্ত্র্য আছে—স্বতন্ত্র, তবু স্বতন্ত্র নয়।

তারপর আদে একটি আরও স্ক্রতর প্রশ্ন। প্রশ্নটি হইল: অদীমের
কি অংশ থাকিতে পারে ? অদীমের অংশ বলিতে কি বোঝার ? বদি
বিচার করিয়া দেখ, বৃঝিতে পারিবে—ইহা অসম্ভব। অদীমকে কথনও ভাগ
করা বায় না, উহা সর্বদাই অদীম। অদীমকে বদি ভাগ করা বাইত, তাহা
হইলে প্রতিটি অংশই অদীম হইত; অথচ অদীম কথনও তুইটি থাকিতে
পারে না। ধর বদি তুইটি থাকিত, তাহা হইলে একটি অপরটিকে দীমাবদ্ধ
করিত, এবং উভয়েই দদীম হইরা বাইত। কাজেই আমাদের দিদ্ধান্ত হইল—
অদীম এক, বহু নয়; একই অদীম আত্মা হাজার হাজার দর্পণে নিজেকে
প্রতিবিশ্বিত করিয়া ভিন্ন ভিন্ন আ্মা-রূপে প্রতিভাত হইতেছে। এই বিশের
পটভূমি সেই অদীম আ্মাকেই আমরা বলি 'ঈশ্বর'। মানব মনের পটভূমি
সেই একই অদীম আ্মাকেই আমরা বলি 'মানবান্মা'।

প্রকৃতি ও মানুষ

বিশ্বন্ধাতের বেটুকু অংশ ভৌতিক ন্তরে অভিব্যক্ত, শুধু সেইটুকুই প্রকৃতি-সম্বন্ধে আধুনিক ধারণার অন্তর্গত। মন বলিতে সাধারণতঃ বাহা বুঝায়, তাহা প্রকৃতিরূপে বিবেচিত হয় না।

ইচ্ছাশক্তির খাধীনতা প্রতিপন্ন করিতে গিরা দার্শনিকগণ মনকে প্রকৃতি হইতে বাদ দিয়া থাকিবেন, কারণ প্রকৃতি নিয়মের—কঠোর অনমনীয় নিয়মের শাসনে আবদ্ধ, প্রকৃতির অন্তর্গত বিবেচিত হইলে মনও নিয়মের অধীন হইয়া পড়িবে। ফলে খাধীন ইচ্ছাশক্তির মতবাদ দাড়াইতে পারিবে না; কেন না যাহা কোন নিয়মের অধীন, তাহা কিরূপে খাধীন বা খতন্ত্র হইতে পারে?

যুক্তি ও তথ্যের উপর দ্রুষ্মান ভারতীয় দার্শনিকগণের দৃষ্টিভঙ্গী এ-বিষয়ে বিপরীত। তাঁহাদের মতে—ব্যক্ত অথবা অব্যক্ত সমগ্র বান্তব জীবনই নিয়মের অধীন। তাঁহাদের মতে: মন ও বাহ্ন প্রকৃতি, তুই-ই নিয়মের—একই নিয়মের অধীন। মন বদি নিয়মের অধীন না হয়, আমরা এখন যাহা চিম্ভা করিভেছি, তাহা যদি পূর্ব চিম্ভার জনিবার্য ফলম্বরণ না হয়, বদি একটি মানসিক অবস্থা আর একটি মানসিক অবস্থার অক্সরণ না করে, তবে মনকে অবোজিক বলিতে হইবে। এমন কে আছে, যে স্থাধীন ইচ্ছাশক্তি স্বীকার করিয়া যুক্তির ক্রিয়া অধীকার করিতে পারে ? অপর পক্ষে মন কার্য-কারণ নিয়ম যারা নিয়ন্তিত, ইহা স্বীকার করিয়া কে বলিতে পারে যে, ইচ্ছাশক্তি স্বাধীন ?

নিয়মই কার্য-কারণের ক্রিয়া। পূর্ববর্তী কতকগুলি ঘটনার অহবায়ী হইয়া পরবর্তী কতকগুলি ব্যাপার ঘটিয়া থাকে। প্রতিটি পূর্বগামী ঘটনার বা কারণের অহবর্তী কার্য আছে। প্রকৃতি এইরপেই চলিয়াছে। এই নিয়মের শাসন যদি মনের স্তরেও চালু থাকে, তাহা হইলে মন্বন্ধ—স্বাধীন নয়। না, ইচ্ছাশক্তিও স্বাধীন নয়। ইহা কিরপে সম্ভব? কিন্তু আমরা সকলেই জানি, অহতেব করি যে, আমরা স্বাধীন। স্বাধীন না হইলে আমাদের জীবনের কোন অর্থ থাকে না, জীবনবাপন রুথা হইয়া যায়।

প্রাচ্যদেশীয় দার্শনিকগণ এই মতবাদ গ্রহণ করিয়াছেন, বা বলা যায়— উদ্ভাবন করিয়াছেন যে, মন এবং ইচ্ছাশক্তি দেশকালনিমিত্তের ছারা তথা- কথিত অভবন্ধর মডোই বন্ধ; হুডরাং উহারা কার্যকারণের নির্মে শাসিত। আমরা কালের মধ্যে চিন্তা করি, আমাদের চিন্তাগুলি কালের বারা সীমিত; বাহা কিছুর অন্তিত্ব আছে, সে সব কিছুই দেশে ও কালে বর্তমান। সব কিছুই কার্য-কারণের শৃত্যলে আবন্ধ।

যাহাকে আমরা জড়পদার্থ বলি, এবং মন—এ ছুইই একই উপাদানে গঠিত। প্রভেদ কেবল কম্পনের তারতম্যে। মনের অতি নিয়গ্রামের স্পল্পনকেই আমরা জড়বন্ত বলিরা জানি। আবার জড়পদার্থের ক্রত স্পন্দনকে আমরা মন বলিয়া জানি। উভয়ের উপাদান একই। অতএব জড়পদার্থ এবং দেশকালনিমিত্তের বারা সীমিত বলিয়া জড়ের ক্রত স্পন্দন মনও একই নিয়মের বারা আবন্ধ।

প্রকৃতির উপাদান সর্বত্র সমজাতীয়। প্রভেদ কেবল বিকাশের তারতম্যে। এই বিশ্বপ্রপঞ্চের সংস্কৃত প্রতিশব্দ হইল 'প্রকৃতি' এবং ইহার আক্ষরিক অর্থ 'প্রভেদ'। সবই এক উপাদান, কিন্তু ইহা বিচিত্ররূপে অভিব্যক্ত।

মন জড়ে রূপান্তরিত হয়, আবার জড়ও মনে রূপান্তরিত হয়, ইহা ওধু কম্পনের তারতম্য।

একটি ইম্পাতের দণ্ড লও, উহাকে কম্পিত করিতে পারে—এইরূপ একটি শক্তি ইহাতে প্রয়োগ কর; ভারপর কি ঘটিবে? যদি একটি অন্ধকার ঘরে এই পরীক্ষাটি করা হয়, তবে প্রথম তুমি শুনিতে পাইবে একটি শব্দ—একটি শুনগুন শব্দ। শক্তিপ্রবাহ বর্ধিত কর, দেখিবে ইম্পাতের দণ্ডটি আলোকময় হইয়া উঠিয়াছে। শক্তি আরও বর্ধিত কর, ইম্পাত-দণ্ডটি একেবারে অদৃশ্য হইয়া ঘাইবে। উহা মনে রূপান্ডরিত হইয়া গিয়াছে।

আর একটি উদাহরণ লও: দশদিন আহার না করিলে আমি কোনপ্রকার
চিন্তা করিতে পারি না। ওধু করেকটি এলোমেলো চিন্তা আমার মনে
থাকিবে। আমি অত্যন্ত ত্বল হইরা পড়িব এবং সন্তবতঃ আমার নামও
ভূলিয়া বাইব। তারপর কিছু খাল্ড গ্রহণ করিলাম এবং কিছুক্ষণের মধ্যে
চিন্তা করিতে আরম্ভ করিব; আমার মনের শক্তি ফরিয়া আসিয়াছে। খাল্ডই
মনে রূপান্তরিত হইরাছে। তেমনি স্পন্দনের গতিবেগ কমাইরা মন দেহে
অভিবাক্ত হয়, জড়ে পরিণত হয়।

জড় ও মন-এ ছুইটির কোন্টি প্রথম ? একটি উদাহরণদহ বৃঝাইডেছি-একটি মুরগী ডিম পাড়িল, ডিমটি হইতে আর একটি মুরগীর জয় হইল; ম্বগীটি আর একটি ডিম পাড়িল; ডিমটি হইতে আবার আর একটি ম্বগী জিমিল; অনস্ক কার্যকারণ-পরস্পরা এইরূপ চলিতে থাকিবে। এখন কোন্টি প্রথম—ডিম, না ম্বগী? এমন কোন ডিমের কথা করনা করিতে পার না, যাহা কোন ম্বগী হইতে জয়ে নাই; অথবা এমন কোন ম্বগীর বিষয় চিস্তা করিতে পার না, যাহা ডিম হইতে ফুটে নাই। ষেটিই প্রথম হউক না কেন, তাহাতে কিছু আসে যায় না। আমাদের প্রায় সব চিস্তাধারাই এই ডিম ও ম্বগীর ব্যাপারের মতো'।

মহত্তম সত্যপ্তলি অত্যন্ত সরল বলিয়াই বিশ্বতির গর্ভে চলিয়া যায়।
মহৎ সত্যগুলি সহজ, কেন না এগুলির প্রয়োগ সার্বকালিক। সত্য নিজেই
সর্বদা সহজ ও সরল। যাহা কিছু জটিল, তাহা কেবল মাহুষের অজ্ঞতার জন্ম।

মান্থবের স্বতম্ব কর্ত্ব মনেতে নাই, কেন না মন বন্ধ। দেখানে কোন স্থাধীনতা নাই। মান্থব মন নয়, আআ। এই আত্মা সর্বদা মৃক্ত, দীমাহীন ও চিরস্তন। এইখানেই—এই আত্মাতেই মান্থবের মৃক্তভাব। আত্মা সর্বদাই মৃক্ত; কিন্তু মন উহার ক্ষণস্থায়ী তরক্তুলির সঙ্গে নিজেকে এক মনে করিয়া আত্মাকে দেখিতে পায় না এবং দেশকালনিমিত্ত-রূপ গোলকধাঁধায়—মায়ায় নিজেকে হারাইয়া ফেলে।

ইহাই আমাদের বন্ধনের কারণ। আমরা সর্বদা মন এবং মনের অভুত পরিবর্তনগুলির সঙ্গে নিজেদের এক ভাবিতেছি।

মাহ্ষের শ্বতম্বভাব আত্মাতেই অবস্থিত এবং আত্মা নিজেকে মৃক্ত উপলব্ধি করিয়া—মনের বন্ধন সন্তেও সর্বদা ঘোষণা করিতেছে: আমি মৃক্ত ! আমি যা, আমি তাই; আমি সেই। ইহাই আমাদের মৃক্তি। সদামৃক্ত সীমাহীন চিরন্তন আত্মা যুগে যুগে তাঁহার মন-রূপ বন্ধের মধ্য দিয়া ক্রমে ক্রমে অধিকতর ব্যক্ত হইতেছেন।

তাহা হইলে মান্নবের সহিত প্রকৃতির সম্পর্ক কি ? জীবের নিয়তম বিকাশ হইতে মানব পর্যন্ত স্বর্বতাই প্রকৃতির মধ্য দিয়া আত্মা বিকশিত হইতেছেন। নিয়তম অভিব্যক্ত জীবনের মধ্যেও আত্মার প্রেষ্ঠ বিকাশ নিহিত আছে, ক্রমবিকাশের প্রক্রিয়ার মাধ্যমে আত্মা নিজের বিকাশ সাধন করিতেছেন।

১ তুলনীয়: বীজাকুর-ভায়

বিবর্তনের সমগ্র প্রক্রিরাই আত্মার নিজেকে ব্যক্ত করিবার সংগ্রাম।
ইহা প্রকৃতির বিক্লজে নিরম্ভর সংগ্রাম। প্রকৃতির অহ্যায়ী কাজ করিয়া নয়,
তাহার বিক্লজে সংগ্রাম করিয়াই মাহ্য আজ বর্তমান অবহা লাভ করিয়াছে।
প্রকৃতির সঙ্গে সামঞ্জন্ত রাখিয়া জীবনধারণ করা, প্রকৃতির সঙ্গে একতানতা
রক্ষা করা প্রভৃতি সহজে বহু কথাই আমরা শুনিয়া থাকি। এরূপ ধারণা ভ্রম।
এই টেবিলটি, এই জলের কুঁজাটি, এই থনিজ পদার্থগুলি, ঐ বৃক্ষ—ইহারা
সকলেই প্রকৃতির সঙ্গে সামঞ্জন্ত রাথিয়া চলিতেছে। সেধানে সম্পূর্ণ সামঞ্জন্ত
বিভ্যান—কোন বিরোধ নাই। প্রকৃতির সঙ্গে সামঞ্জন্ত বিধানের অর্থ
নিশ্চেইতা, মৃত্যু। মাহ্য এই গৃহ কির্নণে নির্মাণ করিয়াছে—প্রকৃতির
সহিত সামঞ্জন্ত রাথিয়া? না, প্রকৃতির বিক্লজে সংগ্রামের মধ্য দিয়াই ইহা
নির্মিত হইয়াছে। প্রকৃতির বিক্লজে নিরম্ভর সংগ্রামের পথেই মাহ্যবের উন্নতি,
প্রকৃতির অহুগত হইয়া নয়।

আত্মা—হৈহার স্বরূপ ও লক্ষ্য

প্রাচীনতম ধারণা এই ষে, মান্কষের মৃত্যু হইলে সে সম্পূর্ণরূপে ধ্বংসপ্রাপ্ত হয় না। মৃত্যুর পরও একটা সভা অবলিট থাকে এবং ভাহাই বাঁচিয়া থাকে। মিশরীয়, ব্যাবিলনীয় এবং প্রাচীন হিন্দু—সভবতঃ পৃথিবীর প্রাচীনতম ভিনটি ছাতির মধ্যে তুলনা করিয়া ভাহাদের প্রত্যেকের নিকট হইতে এই ধারণাটি গ্রহণ করা সমীচীন হইবে। মিশরীয় এবং ব্যাবিলনীয়দিগের মধ্যে একটি আত্মা-বিষয়ক ধারণা—একটি যুগ্ম-সভার ধারণা দেখিতে পাই। ভাহাদের মতে এই দেহের অভ্যন্তরে অপর একটি দেহ বর্তমান, বাহা এখানে বিচরণ করিয়া কর্মাদি সম্পাদন করিভেছে। বখন বাহদেহটির মৃত্যু হয়, ভখন ঐ বিতীয় দেহটি বাহিরে আলে এবং কিছুকাল বাঁচিয়া থাকে। কিছু এই বিতীয় দেহটির জীবনকাল বাহ্মদেহটির সংরক্ষণের উপর নির্ভর করে। প্রথম দেহটির কোন অক আহত হইবে। এই কারণেই প্রাচীন বিশরীয়দিগের মধ্যে মৃত্যুক্তর দেহকে স্থান্ধ আরক

প্রভৃতি ধারা স্থবাসিত করিয়া, পিরামিড প্রভৃতি নির্মাণ করিয়া সংরক্ষণ করিবার আগ্রহ দেখিতে পাই। আমরা দেখিতেছি যে, ব্যাবিলনীর এবং প্রাচীন মিশরীয়দিগের মতে—এই দিতীয় দেহটি অনস্কলাল বাঁচিয়া থাকিতে পারে না; বড় জোর ইহা কিছুকাল থাকিতে পারে, অর্থাৎ পরিত্যক্ত বাহুদেহটি যতদিন সংরক্ষিত হয় ততদিন।

পরবর্তী বৈশিষ্ট্রাট এই ষে, এই দিতীয়দেহ-সম্বন্ধীয় ধারণার সঙ্গে একটি ভয়ের ভাব মিশ্রিভ রহিয়াছে। ইহা সর্বদাই অস্থী এবং ঘূর্দশাগ্রস্ত। ভীরতম ষদ্রণা সহ্থ করিয়া ইহাকে বাঁচিয়া থাকিতে হয়। ষাহারা জীবিত, তাহাদের নিকট সে পুন:পুন: ফিরিয়া আসে এবং থাত, পানীয় ও ভোগ্য বস্তুসমূহ, ষেগুলি সে এখন পাইতেছে না, সেগুলি পুন:পুন: প্রার্থনা করে। নীলনদের স্বচ্ছ জল, যাহা সে এখন পান করিতে পারে না, ভাহা পান করিতে চায়। জীবিত থাকিতে যে-সব দ্রব্য সে ভোগ করিত, সেগুলি পাইবার আকাজ্যা করে। যখন দেখে, সে এইগুলি পাইবে না, তখন অত্যন্ত হিংল্র হুইয়া উঠে এবং সময়ে সময়ে ঐ-সকল থাতা না পাইলে জীবিত ব্যক্তিদের জীবন বিপন্ন করিয়া ভোলে।

আর্থগণের চিন্তাধারা আলোচনা করিলে আমরা দলে সঙ্গে ইহার একটি বিশেষ ব্যতিক্রম লক্ষ্য করি। এখানেও একটি বিতীয় দেহের ধারণা রহিয়াছে; কিন্তু ঐটি একপ্রকার অধ্যাত্ম দেহ। অপর একটি বড় প্রভেদ এই বে, এই অধ্যাত্ম দেহ বা আত্মা বা ষাহাই আমরা বলি না কেন, এইটির জীবনকাল পরিত্যক্ত দেহ বারা বন্ধ নয়। বরং আত্মা পূর্বদেহের বন্ধন হইতে মুক্তিলাভ করিয়াছে বলিয়াই মৃতদেহ দাহ করিবার অপূর্ব পন্ধতিটি আর্যদের মধ্যে বর্তমান। মৃতের পরিত্যক্ত দেহ হইতে তাহারা অব্যাহতি পাইতে চায়, আর মিশরীয়গণ এই দেহকে স্থান্ধ আরক বারা স্থবাসিত করিয়া, কবরে প্রোথিত করিয়া পিরামিভ প্রভৃতি নির্মাণ করিয়া উহাকে সংরক্ষিত করিছে চায়। মৃতের দেহকে বিনম্ভ করিয়া দেওয়ার এই স্বাণেক্ষা প্রাচীন প্রথা হাড়াও কতকটা উন্নত ভাতিগুলির মধ্যে মৃতদেহ বিনম্ভ করিবার বে রীতি দেখা বায়, তাহা বারা বেশ প্রমাণত হন্ন বে, উহাদের মধ্যে আত্মান ধারণাটি কর্তমান। বেখানেই দেহবিষ্ক্ত আত্মার ধারণাটি দেহের ধারণার সহিত বৃক্ত, দেখানেই আমরা মৃতদেহ সংরক্ষিত করিবার এবং বে-কোন ভাবে ইহাকে

প্রোধিত করিবার আগ্রহ লক্ষ্য করি। অপর পক্ষে যাহাদের মধ্যে এই ধারণা পরিকৃট হইরাছে বে, আত্মা দেহ হইতে সম্পূর্ণ পৃথক এবং মৃতদেহ ধ্বংসপ্রাপ্ত হইলেও আত্মা আহত বা ধ্বংসপ্রাপ্ত হয় না, ভাহাদের মধ্যেই মৃতদেহকে দাহ ক্রিবার রীতি অবলম্বিত হইয়াছে। ডাই আমরা প্রাচীন আর্যজাতির মধ্যে এই মৃতদেহ দাহ করিবার প্রথা দেখিতে পাই, যদিও পারসীকরা অবস্থ এই প্রথাকে পরিবর্তন করিয়া একটি উচ্চশ্বানে অনাবৃতভাবে মৃতদেহ রাখিবার প্রথা অন্নরণ করে। কিন্তু এই উচ্চন্থান বা দুখ্ম (dakhma)-নামের অর্থ দাহ করিবার ছান; ইহা দারা প্রতীত হয় যে, প্রাচীনকালে ভাহারাও মৃতদেহ পোড়াইত। আর্থকাতির অপর একটি বিশেষত্ব এই বে, তাহাদের এই দিতীয়-দেহগুলির ধারণার সঙ্গে কোন ভীতির ভাব জড়িত ছিল না। দ্বিতীয়-দেহগুলি খাত বা সাহায্যের জন্ত এই পৃথিবীতে নামিয়া আদে না, বা ঐ সাহায্য হইতে বঞ্চিত হইলে হিংল্রও হয় না, অথবা জীবিত ব্যক্তি-গণের জীবন বিপন্ন করিতেও প্রয়াসী হয় না; উহারা বরং আনন্দিত--দেহ-বন্ধন হইতে মুক্তিলাভ করিয়া আহ্লাদিত। চিতাগ্নি বিশ্লিষ্ট হইয়া যাওয়ার প্রতীক। দেহমুক্ত আত্মাকে ধীরে পিতৃপুক্ষগণের নিকট—ষেখানে ছ:খ নাই, ষেখানে চির আনন্দ বিরাঞ্জিভ-সেইখানে ধীরে বছন করিয়া লইবার জ্ঞ এই চিতাগ্নির উদ্দেশে বলা হইয়া থাকে।

এই ত্ইটি ভাবধানা লক্ষ্য করিলে আমরা সঙ্গে ব্বিতে পারি, তৃটি ভাব বরণতঃ এক—প্রাথমিকভাবে একটি আশাবাদী, অপরটি নৈরাখ্যবাদী; একটি অপরটির বিবর্তন মাত্র। ইহা খ্বই সম্ভব বে, অতি প্রাচীন কালে মিশরীয়দের ক্রায় আর্ধগণও এই ভাবধারা পোষণ করিতেন। তাঁহাদের প্রাচীন শাস্ত্রসমূহ, অধ্যয়ন করিলে আমরা এই কথার সম্ভাব্যতা ব্বিতে পারি। কিন্তু ভাবটি বথার্থই স্থানর এবং অপূর্ব। যথন কোন ব্যক্তির মৃত্যু হয়, তথন এই আত্রা পিতৃপুক্ষরগণের নিকট গমন করিয়া তাঁহাদের সহিত স্থেবর্থ দন্তোগ করে। পিতৃপুক্ষরগণ আ্রাকে অত্যন্ত কর্মণাপূর্ণভাবে গ্রহণ করেন। আ্রা সহত্বে প্রাচীন ধারণা হইল এই। পরবর্তীকালে এই ভাবটি উন্নত হইতে উন্নতন্তর প্রাচীন ধারণা হইল এই। পরবর্তীকালে এই ভাবটি উন্নত হইতে উন্নতন্তর প্রাচীন ধারণা হলৈ এই। তথন দেখা গেল, তাঁহারা বাহাকে 'আ্রা' বলিয়া অভিহিত করেন, তাহা বস্তুতঃ আ্রা নয়। এই জ্যোত্র্যর দেহ, স্থা দেহ—বত স্কাই হউক না কেন,

বস্ততঃ দেহমাত্র, এবং স্ক্র বা স্থুল সকল দেহই কোন না কোন উপাদানের বারা গঠিত। বাহা কিছু কোনপ্রকার অবয়ববিশিষ্ট, তাহা অবস্থই সীমিত, তাহা কথনই চিরস্থায়ী হইতে পারে না। বাহা অবয়ববিশিষ্ট, তাহাই পরিবর্তনশীল, আর বাহা পরিবর্তনশীল তাহা কিয়পে নিত্য হইতে পারে ? স্তরাং এই জ্যোতির্ময় দেহের পশ্চাতে তাঁহারা যেন একটি সন্তাকে অঞ্ভব করিয়াছেন, যাহাকে মাহ্যযের আত্মা-নামে অভিহিত করা বায়। ইহাকেই 'আত্মা' বা 'জীবাত্মা' বলা হইয়া থাকে। আত্মা-সম্বন্ধীয় ধারণা এইথানেই আরম্ভ হইল, এইটিকেও অবশু বহু পরিবর্তনের মধ্য দিয়া যাইতে হইয়াছে। কেহ চিস্তা করিলেন, এই জীবাত্মা নিত্য; কেহ ভাবিয়াছেন, ইহা অভিস্ক্র, প্রায়্ম এক-একটি অণ্র মতো স্ক্র্ম; ইহা শরীরের একটি বিশেষ অংশে বাস করে এবং যথন একজন মৃত্যুমুথে পতিত হয়, তাহার জীবাত্মা জ্যোতির্ময় দেহকে সঙ্গে লইয়া অন্তর্হিত হয়। আবার অন্ত একদল লোক আছেন—বাহারা স্বীকার করেন না, জীবাত্মা আণবিক প্রকৃতিবিশিষ্ট; জ্যোতির্ময় দেহ জীবাত্মা নয়, এ-কথা বলিতে গিয়া তাহারা যে-যুক্তি দেন, জীবাত্মার আণবিক প্রকৃতি অধ্নীকার করেন।

এই-সব বিভিন্ন মতবাদ হইতে সাংখ্যদর্শনের উদ্ভব হইয়াছে এবং দেখানে আমরা প্রভৃত প্রভেদ দেখিতে পাই। সাংখ্যদর্শনের প্রতিপাত্য ভাব এই: মাত্রবের প্রথমত: একটি সুলদেহ আছে; সুলদেহের পশ্চাতে রহিয়াছে স্থাদেহ, তাহা বেন মনের বাহক এবং ইহারও পশ্চাতে রহিয়াছে আত্মা বা সাংখ্যমতে 'মনের জ্ঞাতা' এবং তাহা সর্বত্র বিচরণশীল। অর্থাৎ ভোমার আত্মা, আমার আত্মা এবং প্রত্যেকের আত্মা একইকালে সর্বত্র বিরাজিত। আত্মা বদি নিরবয়ব হয়, তবে কিরপে বলা যায় যে তাহা 'দেশে' বদ্ধ হইবে? কেন না, যাহা স্থান অধিকার করে, তাহারই অবয়ব রহিয়াছে; যাহা নিরবয়ব, তাহাই অনম্ভ হইতে পারে; স্বতরাং প্রত্যেক আত্মাই সর্বব্যাপী। এই বিষয়ে বিভীয় মতবাদটি আরও চমকপ্রদ। প্রাচীনকালে তাঁহারা লক্ষ্য করিয়াছেন যে, সব মান্ত্র্যই প্রগতিশীল—অন্ততঃ তাহাদের মধ্যে অনেকে। তাহারা পবিত্রতা, শক্তি এবং জ্ঞানের পথে বধিত। প্রশ্ন হইল—এই জ্ঞান, এই পবিত্রতা এবং এই শক্তি মান্ত্রের মধ্যে কোথা হইতে বিকশিত হইয়াছে? একটি শিশুর কোন জ্ঞান নাই। এই শিশুটি বড় হইয়া শক্তিমান, ক্রমতাণয় বিজ্ঞ ব্যক্তিতে পরিণত হয়। কোখা

ছান ও শক্তি তাহার আন ও শক্তির উৎসের সন্থান পাইল ? উত্তর—ঐ জ্ঞান ও শক্তি তাহার মধ্যেই ছিল; শিশুর আত্মার মধ্যেই তাহার আন, তাহার শক্তি প্রথমাবধি বর্তমান। এই শক্তি, এই পবিএতা এবং এই ক্ষমতা তাহার আত্মাতে ছিল, অবিকশিত অবস্থার ছিল; তাহাই এখন বিকশিত। এই বিকশিত এবং অবিকশিত অবস্থা বলিতে আমরা কি ব্ঝি? সাংখ্যবাদীরা বলেন: প্রত্যেক আত্মাই পবিত্র, পূর্ণ, সর্বশক্তিমান্ এবং সর্বজ্ঞ; কিছু ইহা বেরপ মনের মধ্য দিয়া প্রতিফলিত হয়, সেইরূপেই বিকশিত হইতে পারে। মন বেন আত্মার প্রতিফলনের একটি আয়না মাত্র। আমার মন আমার শক্তির কিয়দংশ বেমন প্রতিফলিত করিতে পারে, তেমনি তোমার এবং অপরের আত্মাও করিতেছে। যে আয়না যত বেশী অচ্ছ, তাহাতে আত্মাত্রত বেশী স্কর্মবভাবে প্রতিবিষ্থিত হয়। স্বতরাং যে ব্যক্তি বেরূপ মনের অধিকারী, তাহার আত্মিক বিকাশও তেমনি হইয়া থাকে। কিন্তু সকল আত্মাই পবিত্র এবং পূর্ণ।

আবার এক সম্প্রদায় মনে করিলেন, এইরূপ হওয়া সম্ভব নয়। যদিও আত্মা স্বভাৰতই পবিত্ৰ ও পূৰ্ব, এই পবিত্ৰতা ও পূৰ্বত্ব সময় সময় বেন সঙ্চিত হয়, আবার সময় সময় যেন প্রসারিত হইয়া থাকে। কভকগুলি কাজ এবং চিস্তা বেন আত্মার প্রকৃতিকে দঙ্গুচিত করে, আবার কতকগুলি কাজ এবং চিস্তা যেন তাহার স্বভাবকে পরিস্ফুট ও বিকশিত করে। এই বিষয়টি আরও পরিফাররূপে বিশ্লেষণ করা হইয়াছে। বে-সব চিন্তা ও কার্য আছার পৰিত্ৰতা ও শক্তি সঙ্কৃচিত করে, সেগুলি অভড; বে-সৰ চিম্ভা ও কাৰ্য আত্মার শক্তিকে পরিকৃট করে, সেইগুলি শুভ। ছুইটি মতবাদের মধ্যে প্রভেদ অতি সামাশু। 'সঙ্কোচন' এবং 'প্রদারণ'—এই তুইটি শব্দের ব্যাখ্যার উপরই ইহা নির্ভর করিতেছে। বে-মতে আত্মার ষম্ভ-ত্বরূপ মনের গঠনের উপরেই আত্মার বিকাশের তারতম্য নির্ভর করে, সেই মতটি নি:সন্দেহে স্পষ্টতর বলা যাইতে পারে। কিছ সংকাচন এবং প্রসারণ-মতবাদী এই হুইটি শব্দের আত্রন্ন লইতে চায়। তাহাদের নিকট প্রশ্ন করা কর্তব্য, আত্মার সংখাচন এবং প্রসারণ বলিতে ভাহারা কি ব্বিয়া থাকে? আত্মা চেতন বস্ত। প্রশ্ন করিতে পারো, সুল জড়পদার্থ বা হক্ষ চেতনবস্ত সন-সম্পর্কে শংখাচন ও প্ৰসায়ণ বলিতে কি বুঝায়? কিন্ত ইহা ছাড়া যাহা জড় নয়, যাহা দেশ-কালের অতীত, তাহার সম্বন্ধে এই সংকাচন ও প্রসারণ শব্দছইটি কিরূপে প্রযুক্ত হইবে? স্থতরাং মনে হয়, যে-মতবাদে আত্মা সর্বদাই
পবিত্র ও পূর্ণ, শুধু মানসিক গঠনের তারতম্য অন্থলারে আত্মার প্রতিফলনের
তারতম্য ঘটে, সেই মতই অপেক্ষাক্বত ভাল। মনের পরিবর্তনের সন্দে ইহার
অভাবও যেন ক্রমশং আরও শুদ্ধ হইতে থাকে এবং আত্মার বিকাশও উন্নততর
হয়। যতদিন না মন শুদ্ধ হয়—তাহাতে আত্মার অন্তর্নিহিত সব
শুণই পূর্ণবিকশিত না হয়, ততদিন এরপ চলিতে থাকে; তারপর আত্মা
মৃক্ত হয়।

আত্মার প্রকৃতিই এই। কিন্তু চরম লক্ষ্য কি ? ভারতের বিভিন্ন ধর্ম-সম্প্রদায়ের মধ্যে আত্মার লক্ষ্য এক বলিয়াই প্রতীত হয়। সকলেরই মূল-ভাবটি এক—মৃক্তি। মাহুষ অনস্ত, এবং বর্তমানে যে বন্ধ অবস্থায় সে আছে, ইহা তাহার স্বভাব নয়। কিন্তু এই বিভিন্ন বন্ধ অবস্থার মধ্য দিয়াই আত্মা ক্রমশঃ মৃক্তির পথে অগ্রসর হইবার প্রাণপণ চেষ্টা করিতেছে এবং যতদিন না আথা স্বাধিকার—সেই অসীম, অনস্ক, মুক্ত স্বভাব—লাভ করিতেছে, ততদিন সে নিরস্ত হইবে না। আমরা আমাদের চতুর্দিকে যে-সব সংযোগ, পুনঃসংযোগ এবং বিকাশ দেখিতে পাইতেছি, সেগুলি উদ্দেশ্য বা লক্ষ্য নয়—পথের ক্ষণিক ঘটনা মাত্র। পৃথিবী সূর্য, চন্দ্র নক্ষত্র, শুভ অশুভ, হাসি কান্না, আনন্দ ও হু:খ প্রভৃতি সংযোগ আমাদিগকে অভিজ্ঞতা অর্জনে সাহায্য করে এবং অভিজ্ঞতার মধ্য দিয়াই আত্মা দব বন্ধন ছিল্ল করিয়া নিজ পূর্ণ স্বরূপ প্রকাশ করে। আত্মা তথন অস্ত:- ও বহি:-প্রকৃতির কোন নিয়মের দারাই বন্ধ হয় না। আত্মা তখন সব বন্ধন, সব নিয়ম ও সমগ্র প্রকৃতির উর্ধেব চলিয়া গিয়াছে। প্রকৃতি তখন আত্মার অধীন হইয়া পড়ে; আত্মা প্রকৃতির অধীন হয় না, এখন যেমন অধীন বালয়া মনে হইতেছে। ইহাই আত্মার একমাত্র লক্ষা। যে অভিজ্ঞতা-পরম্পরার মধ্য দিয়া আত্মা বিকশিত হইতেছে, তাহার লক্য---মুক্তি লাভ। অভিজ্ঞতাগুলি আত্মার জন্ম ও জীবন বলিয়া প্রতিভাত হয়। আত্মা যেন একটি নিম্নভর দেহ ধারণ করে এবং উহার মধ্য দিয়া আত্ম-প্রকাশের চেষ্টা করিতেছে। আত্মা নিয়তর দেহটি অপর্যাপ্ত মনে করিয়া দুরে নিক্ষেপ করিতেছে এবং একটি উন্নত ধরণের দেহ গ্রহণ করিতেছে। এটিকেও অকিঞ্চিৎকর বিবেচনা করিয়া পরিত্যাগ করে এবং উন্নতভর দেহ

ধারণ করে, অবশেষে আত্মা এমন একটি শরীরের সন্ধান পাইবে, বাছার সাহাব্যে তাহার উচ্চতম আকাজ্জা বিকশিত হইবে। তথনই আত্মা মৃক্তি লাভ করিবে।

এখন প্রশ্ন এই, আত্মা যদি অনম্ভ ও সর্বব্যাপী হয়, আত্মা যদি সুন্দ্র চেতন বম্ব হয়, তবে ইহার পর পর শরীর গ্রহণ করিবার অর্থ কি ? তত্টি এই —আত্মা আদেও না, যায়ও না, জন্মগ্রহণও করে না এবং মরেও না। যাহা দর্বব্যাপী, তাহার জন্মগ্রহণ কিরূপে সম্ভব? আত্মা দেহে বাস করে—এরূপ বলা অর্থহীন নির্দ্ধিতা। যাহা অসীম, ভাহা সীমাবদ্ধ স্থানে থাকিবে কিরপে ? কিন্তু এক ব্যক্তি যখন হাতে একখানি বই লইয়া পড়িতে পড়িতে পাতার পর পাতা উলটাইয়া অগ্রসর হইতে থাকে, তথন বইয়ের পাতাগুলি পুন:পুন: স্থান পরিবর্তন করিতে থাকে, কিন্তু পাঠক ষ্থাস্থানেই অবস্থান করে, আত্মার সম্বন্ধেও এই কথা প্রযোজ্য। সমগ্র প্রকৃতিই আত্মার নিকট একখানি পুস্তকের মতো—আত্মা যেন উহা পাঠ করিভেছে। এক একটি জীবন ষেন সেই পুস্তকের একটি পাডা, ঐ পাডাটি পড়া হইয়া গেলে সে ক্রমশঃ পাতা উলটাইয়া অগ্রসর হইতে থাকে, ষতদিন না পুস্তক পড়া শেষ হইয়া ধায়, এবং চরাচর বিশের সমস্ত অভিজ্ঞত। লাভ করিয়া আত্মা পূর্ণ হয়। তথাপি একই কালে এই আত্মা কখনও নড়ে নাই, আদে নাই, যায়ও নাই, শুধু অভিজ্ঞতা সঞ্চয় করিতেছিল। কিন্তু আমাদের নিকট প্রতীয়মান হয় যে, আমরা ষেন ঘুরিতেছি। পৃথিবী আবর্তিত হইতেছে, তথাপি আমরা মনে করি ষে, পৃথিবীর পরিবর্তে সূর্য ঘুরিভেছে; আমরা জানি ইহা একটি ভূল—ইন্দ্রিয়ের ছলনামাত। আমরা জন্মগ্রহণ করি এবং মরি, আমরা আসি এবং বাই—ইহাও একটি ভ্রাম্ভিমাত্ত। আমরা আসিও না, ষাইও না; আমরা জন্মগ্রহণও করি না। কেন না, আত্মা কোথায় ষাইবে ? , উহার গমনের কোন স্থান নাই। এমন কোন্ স্থান আছে, ষেখানে আত্মা পূৰ্ব হইতেই বৰ্তমান নাই ?

অতএব প্রকৃতির বিবর্তন এবং আত্মার বিকাশের তন্ধটি আসিয়া পড়িল। বিবর্তনের বিভিন্ন পর্বায়গুলি—উচ্চ হইতে উচ্চতর সংযোগসমূহ আত্মায় নাই। আত্মা যেমন তেমনই আছে। এইগুলি প্রকৃতিতে অবহিত; কিছ যেহেতু প্রকৃতি উচ্চ হইতে উচ্চতর পর্বায়ে বিবর্তিত হইতেছে, আত্মার মহিমাও ক্রমশ: বিকশিত হইতেছে। মনে কর, এখানে একটি পর্দা রহিয়াছে, এবং পর্দার পশ্চাতে একটি আশ্চর্য দৃশ্য বর্তমান। এই পর্দার একটি ক্ষুত্র ছিদ্র আছে যাহার সেই ভিতর দিরা ঐ দৃশ্যের কিরদংশ আমাদের দৃষ্টিগোচর হইতেছে। মনে কর, ছিন্তটি ক্রমশ: বাড়িতে লাগিল। সঙ্গে সঙ্গে দৃশ্যটি আমাদের দৃষ্টিপথে অধিকতর পরিক্ট হইতে থাকে; যখন সমস্ত পর্দাটি অপসারিত হয়, তথন দৃশ্য ও তোমার মধ্যে কোন ব্যবধান থাকে না, তুমি উহার সবটুকুই দেখিতে পাও। এই পর্দাটি হইল মাহ্যুয়ের মন। ইহার পশ্চাতে আত্মার শেই মহিমা, সেই পবিত্রতা, সেই অনস্ত শক্তি বর্তমান; এবং মন ষতই ক্ষছ হইতে ক্ষছতর, পবিত্র হইতে পবিত্রতর হইতে থাকে, আত্মাও স্বমহিমার ক্রমশ: বিকশিত হইয়া উঠে। ইহার কারণ এই নয় যে, আত্মা পরিবর্তিত হইতেছে—পরিবর্তন যাহা কিছু, তাহা এই পর্দায়। আত্মা সেই অপরিবর্তনীয়, অমুভক্ষরণ, পবিত্র আনন্দময় আহৈত সত্তা।

স্তরাং শেষ পর্যন্ত তথাট এইরপ দাঁড়াইল: উচ্চতম হইতে নিম্নতম—
নির্দ্ধ ব্যক্তি পর্যন্ত, শ্রেষ্ঠ ব্যক্তি হইতে ক্ষুত্রতম বিচরণশীল কীটাণু পর্যন্ত
—সকলেই সেই পবিত্র পূর্ণস্বরূপ, অসীম আনন্দময় সত্তা। কীটের
মধ্যে আত্মার অনস্ত শক্তির ত্বল্ল বিকাশ; শ্রেষ্ঠ ব্যক্তির মধ্যে আত্মাব
শক্তি স্বাধিক বিকশিত হইতেছে। প্রভেদ শুধু বিকাশের তারভম্যে,
মূলত: আত্মা একই। সকল জীবের মধ্যে সেই পবিত্র পূর্ণ আত্মা অবস্থান
করিতেছে।

স্বর্গ বা অমুদ্ধপ স্থানসমূহের যে উল্লেখ রহিয়াছে, সেগুলি গুরুছের দিক দিয়া বিভীয় পর্যায়ভূক বলা ঘাইতে পারে। স্বর্গের ধারণাকে একটি নিয়ন্তরের ধারণা বলা ঘাইতে পারে। ভোগপূর্ণ একটি স্থানের ধারণা হইতেই ইহার উৎপত্তি হইয়াছে। আমরা নির্বোধের মতো বিশ্ব চরাচরকে আমাদের বর্তমান অভিজ্ঞতার মধ্যেই সীমিত করিয়া রাখিতে চাই। শিশুরা চিস্তাকরে, সমগ্র বিশ্ব শিশুতে পরিপূর্ণ; উন্মাদের নিকট সমগ্র পৃথিবী একটি উন্মাদাগার। স্করাং ঘাহাদের নিকট পৃথিবী কেবল ইন্দ্রিয়-ভোগের জন্ত্য, যাহাদের সমগ্র জীবন আহার এবং প্রমোদে ব্যয়িত হয়, যাহাদের সক্ষেপশুর ব্যবধান অত্যন্ত সামান্ত, তাহারা স্থভাবতই এই জীবনের ক্ষণস্থায়িত্ব লক্ষ্য করিয়া এমন একটি স্থানের কল্পনা করে, যেখানে তাহারা আরও

ভোগস্থ লাভ করিবে। তাহাদের ভোগাকাজ্ঞা অসীম, স্তরাং তাহারা এমন একটি স্থানের করনা করিতে বাধ্য, যেখানে অবিকত ইন্দ্রিরস্থ রহিয়াছে, এবং ষতই আমরা অগ্রসর হই, ততই দেখি, যাহারা এ-সকল স্থানে বাইতে আকাজ্ঞা করে, তাহাদের অবশুই সেখানে যাইতে হয়। তাহারা স্থপ্রের মধ্য দিয়া চলে—একটি স্থপ্র শেষ হইলে অপর একটি স্থপ্রের মধ্যে গিয়া পড়ে, যেখানে ইন্দ্রিরভোগের প্রাচুর্য বর্তমান। তারপর যখন তাহাদের স্থপ্র ভাত্তিয়া যায়, তাহারা অন্ত একটি জিনিসের জন্ম চিস্তা করিতে বাধ্য হয়। এইরূপে তাহারা এক স্থপ্ন হইতে অন্ত স্থপ্নে তাড়িত হইতে থাকিবে।

তারপর শেষ তত্ত—আত্মা সম্বন্ধে আরও একটি ধারণা। যদি আত্মা পবিত্র এবং স্বন্ধপতঃ পূর্ণ, যদি প্রতি আত্মা অনস্কশক্তিসম্পন্ন এবং সর্বব্যাপী হয়, তবে বহু আত্মার কল্পনা কিন্ধপে সম্ভব হইতে পারে ? একই সঙ্গে বহু অনস্কের কল্পনা সম্ভব নয়। বহুর কথা ছাড়িয়া দাও, একই সঙ্গে ঘুইটিরও কল্পনা করা যায় না। যদি ঘুইটি অনস্ত থাকিত, তবে একটি অপরটির দারা সীমাবদ্ধ থাকিত, ফলে ঘুইটিই সীমিত হইত। অনস্ত কেবল একটিই হইতে পারে এবং সাহসের সহিত এই সিদ্ধান্তে উপনীত হওয়া যায়, অনস্ত এক—ঘুই নয়।

তৃইটি পক্ষী একই বৃক্ষে অবস্থান করিতেছে—একটি শীর্ষদেশে, অপরটি
নিয়ে। উভয়ই বিচিত্র বর্ণের; একটি ফল ভক্ষণ করে, কিন্তু অপরটি শাস্ত,
মহিমময় হইয়া নিজ গৌরবে অবস্থান করিতেছে। নিয়তর পক্ষীটি ভাল ও
মন্দ ফল ভক্ষণ করিতেছে এবং ইাল্রিয়ভোগ্য বস্তুর পশ্চাতে ধাবিত হইতেছে।
য়থনই পক্ষীটি একটি ভিক্ত ফল ভক্ষণ করে, তথনই উর্থবিগামী হয়; উর্ধে
দৃষ্টিপাত করিয়া সে দেখে, অপর পক্ষীটি সেখানে শাস্ত সংষত হইয়া
অবস্থান করিতেছে; দে ভাল বা মন্দ কোন ফলেরই আকাজ্জা না করিয়া,
কোনপ্রকার ইন্দ্রিয়ভৃপ্তির অহুসন্ধান না করিয়া, আত্মন্থ হইয়া অবস্থান
করিতেছে। নিয়ন্থ পক্ষীটি উর্ধের অবস্থানকারী পক্ষীটিকে দেখিয়া ক্রমশঃ
উহার সমীপবর্তী হইবার চেটা করিতেছে। একটু উর্ধের উঠিতেছে,
কিন্তু পূর্বপূর্ব সংস্থারসমূহ বলবং থাকায় সে একই ফল আবার ভক্ষণ
করিতেছে। আবার একসময়ে একটি অভ্যন্ত ভিক্ত ফল খাইয়া মর্মাহত

হয় এবং উর্দেব নিরীক্ষণ করে। দেখানে সেই শাস্ত সংঘত পক্ষীটকে আবার দেখে। সে উহার নিকটবর্তী হইবার চেষ্টা করিছেছে, কিছু পূর্ব সংস্কার-প্রভাবে পূন:পূন: নিরগামী হইয়া স্বাত্ এবং ভিক্ত ফল ভক্ষণ করিয়ো উর্দেব চাহিয়া দেখিল এবং ঐ পক্ষীটির আরও সমীপবর্তী হইল। এইরূপে ঘতই দে নিকটে ঘাইতে লাগিল, ততই অপর পক্ষীটির দেহ-বিচ্ছুরিত আলোক তাহার উপর পড়িতে লাগিল। উহার নিজের পালকগুলি যেন খনিয়া পড়িতেছে। যখন সে আনেকটা নিকটবর্তী হইয়াছে, তথন সমস্ত দৃশুটি পরিবর্তিত হইয়া গেল। নিমের পক্ষীট কোন দিনই ছিল না; যাহা ছিল, তাহা শুধু ঐ উর্দেব পক্ষীটি; নিমের পক্ষী বিলয়া যাহা এতক্ষণ মনে হইয়াছিল, তাহা উহার এক সামান্ত প্রতিবিশ্ব মাত্র।

আত্মার প্রকৃতি বলিতে ইহাই বুঝায়। এই মাহুষের আত্মা পার্থিব ইন্দ্রিয়ভোগ ও অনিভ্য বস্তুর পশ্চাতে ছুটাছুটি করিতেছে। পশুর মতো ইহা কেবল ইন্দ্রিয়স্থ্র্ধ, কেবল ক্ষণিক স্নায়ু-উত্তেজনার পশ্চাতে ধাবমান। যথন আঘাত আদে, মুহুর্তের মধ্যে মন্তিঙ্ক ঘূণিত হইতে থাকে এবং সমস্ত কিছুই তথন অদৃশ্য হইয়া যায়। তথন পৃথিবীকে সে যেরূপ ভাবিয়াছিল, জীবনটাকে যত সহজ ভাবিয়াছিল, আর সেরূপ দেখিতে পায় না। উর্দ্ধে নিরীক্ষণ করিয়া অনস্ত ঈশ্বকে দেখে, সেই প্রম পুরুষের ক্ষণিক অন্তভৃতি লাভ করে, আরও একটু স্মীপবতী হয়, কিন্তু অতীত কর্মের দারা আবার নিমুখী হইয়া পড়ে। অপর একটি আঘাত আসিয়া তাহাকে আবার সেই স্থানে প্রেরণ করে। দে আর একবার সেই পূর্ণসম্ভার অহুভূতি লাভ করে এবং সমীপবর্তী হয়। এইরূপে সে যতই নিকটে ঘাইতে থাকে, দেখিতে পায় তাহার ব্যক্তিঅ—হীন নিঞ্চ অত্যস্ত স্বার্থপূর্ণ ব্যক্তিঅ—ধীরে ধীরে নষ্ট হইয়া যাইতেছে। যে ক্ষুদ্র সম্ভাকে স্থা করিতে গিয়া দে পৃথিবীকে ত্যাগ করিতে তৎপর হইয়াছিল, তাহার সেই আকাজ্ঞা ক্রমশ: লয় পাইতেছে; এবং আরও যতই অগ্রসর হয়, তৃতই ধীরে ধীরে প্রকৃতি অপস্ত ছইতে থাকে। যথন সে যথেষ্ট নিকটবতী হয়, তখন সমস্ত দৃশ্রপটের পরিবর্তন ঘটে, এবং সে দেখিতে পায় অপর পক্ষীটি—সেই অনস্ত সত্তা, যাহাকে দে এতদিন দূর হইতে দেখিতেছিল, যাহার অপূর্ব মহিমা এবং গৌরবের

আভাদ দে পাইয়াছিল, তাহা বস্ততঃ তাহার নিজ আত্মারই, এবং উহা দেই নিতাবস্তা। বাহা দর্ব বস্ততে সত্যব্ধণে অধিষ্ঠিত, যাহা প্রতি অণুতে বিরাজিত ও দর্বত্র প্রকাশিত, যাহা সমস্ত বস্তর মূল সতা, যাহা এই চরাচর বিশের ঈশর, আত্মা তখন তাহাকেই খুঁজিয়া পায়। জানো 'তত্তমসি'—তুমি দেই; জানো—তুমি মৃক্ত।

পর্ম লক্ষ্য

১৯০০ খৃঃ ২৭শে মার্চ স্থান খ্র্যান্সিস্কোতে প্রদত্ত বক্তৃতা। [মাঝে মাঝে বিবামবিন্দু (···) গুলিব অর্থ লিপিকার কিছু ভাব ধবিতে পারেন নাই।]

আমরা দেখি, মামুষ যেন সর্বদাই তাহার নিজের অপেক্ষা বৃহত্তর কোন কিছুর বারা পরিবেষ্টিত, এবং তাহারই অর্থ অমুধাবন করিতে সদা সচেই। মামুষ চিরদিনই শ্রেষ্ঠ আদর্শের সন্ধান করিবে। সে জানে, সে-আদর্শ আছে এবং সেই শ্রেষ্ঠ আদর্শের অমুসন্ধান করাই ধর্ম। প্রথম দিকে তাহার সমস্ত অমুসন্ধানই বাহিরের স্তরে সীমাবদ্ধ ছিল—মামুষের পূর্ণ স্বরূপ সম্পর্কে তাহার জানামুসারে কখনও স্বর্গে, কখনও বা বিভিন্ন স্থানে।

পরে মাহ্রষ নিজেকে আরও ঘনিষ্ঠভাবে দেখিতে আরম্ভ করিল; সে ব্রিলে বে, 'আমি' বলিতে সাধারণতঃ সে যাহা বোঝে, তাহা প্রকৃত 'আমি' নয়। তাহার ইন্দ্রিয়গোচর সত্তা আর প্রকৃত সত্তা এক নয়। সে তথন নিজের মধ্যেই নিজেকে খুঁজিতে লাগিল; সে আবিদ্ধার করিল,…বে-আদর্শকে সে এতকাল বাহিরে খুঁজিতেছিল তাহা তাহার অস্তরেই আছে; বাহিরে ষাহাকে সে পূজা করিতেছিল, সে তাহারই অস্তরের সত্য স্বরূপ। বৈতবাদ আর অবৈতবাদের মধ্যে পার্থক্যই এই: আদর্শকে যথন নিজের বাহিরে ছাপন করা হয়, তথন তাহাই বৈতবাদ। আর ঈশরকে যথন নিজের অস্তরে থোঁজা হয়, তথন তাহাই অবৈতবাদ।

প্রথমতঃ সেই পুরাতন প্রশ্ন—কেন এবং কোথা হইতে…় মাহুষ কেমন করিয়া সামিত হইল পবিত্র কেমন

করিয়া অপবিত্র হইল ? প্রথমত: কখনও ভূলিলে চলিবে না যে, কোন বৈতবাদী কল্পনার ধারা এই প্রশ্নের উত্তর দেওয়া ধাইতে পারে না।

ঈখর কেন এই অপবিত্র জগৎ সৃষ্টি করিলেন ? পূর্ণ অসীম দয়ালু পরমপিতার সৃষ্টি হইয়াও মানুষ কেন এত তৃঃখী ? কেন এই স্বর্গ আর মর্ত্য, যাহার দিকে চাহিয়া আমরা নিয়মের ধারণা লাভ করি ? না দেখিয়া কোন কিছু সম্বন্ধেই কেহ কল্পনা করিতে পারে না।

এই জীবনে যত কিছু নির্ধাতন ভোগ করি, সবই আমরা আর একটি জায়গার উপযুক্ত বলিয়া মনে করি—সেটি হইল আমাদের নরক।…

অসীম ঈশ্বর কেন এই পৃথিবী সৃষ্টি করিলেন? বৈতবাদী বলেন, ঠিক ধেভাবে কুন্তকার ঘট তৈয়ারি করে। ঈশ্বর কুন্তকার; আমরা ঘটমাতা। দার্শনিকের ভাষায় প্রশ্নটি এই: প্রকৃত স্বরূপে মানুষ যে পবিত্তা, পূর্ণ এবং অসীম—এ কথা সত্য বলিয়াধরিয়ালওয়া হইল কেমন করিয়া? অবৈতবাদমূলক যে-কোন চিন্তাপ্রণালীতে ইহা একটি প্রধান সমস্তা। অক্তাপ্ত সবই পরিকার ও স্পান্ট। এ প্রশ্নের কোন উত্তর নাই। অবৈতবাদীরা বলেন, প্রশ্নটিই স্ববিরোধী।

বৈতবাদের কথাই ধরা যাক—প্রশ্ন হইবে: ঈশ্বর কেন জগৎ সৃষ্টি করিলেন? ইহা স্ববিরোধী? কেন? কারণ—ঈশ্বর বলিতে আমরা কি বৃঝি? ঈশ্বর এমন এক সন্তা, যাহার উপরে বাহির হইতে কোন প্রতিক্রিয়া হইতে পারে না।

তুমি বা আমি মৃক্ত নই। আমি তৃঞার্ত। তৃঞা বলিয়া একটা কিছু আছে, যাহার উপর আমার কোন কর্তৃত্ব নেই, যাহা আমাকে জলপান করিতে বাধ্য করে। আমার দেহের প্রতিটি কর্ম, এমন কি আমার মনের প্রতিটি চিন্তা পর্যন্ত আমার বাহিরের প্রভাবে প্রভাবিত। আমাকে ইহা করিতেই হইবে। সেই জন্মেই তো আমি বাধ্য …এইরূপ করিতে, ইহা পাইতে আমি বাধ্য । …আবার কেন এবং কোথা হইতে, এই প্রশ্ন তুইটিরই বা অর্থ কি? বাহিরের শক্তির অধীন হওয়া। তুমি কেন জলপান কর? কারণ তৃঞা তোমাকে বাধ্য করে। তুমি দাস। কোন কিছুই তুমি নিজের ইচ্ছায় কর না, কারণ সব কিছু করিতেই তুমি বাধ্য। তোমার কাজের একমাত্র প্রেরণা কোন শক্তি…।

কোন কিছুর ছারা চালিত না হইলে এই পৃথিবীও কথন চলিত না। আলোজনে কেন ? কেহ আদিয়া একটি দেশলাই নাজালিলে আলোজনে না। প্রকৃতির সর্বত্র সর্বত্র সব কিছুই বাধ্যতামূলক। দাসত, দাসত। প্রকৃতির সঙ্গে মিলাইয়া চলার অর্থই দাসত। প্রকৃতির দাস হইয়া সোনার থাঁচায় বাস করিয়া লাভ কি? মাহ্য যে আসলে মুক্ত এবং স্বর্গীয়—এই জ্ঞানই তো শ্রেষ্ঠ নিয়ম ও শৃত্যলা। কাজেই 'কেন এবং কোথা হইতে ?'—এই প্রশ্ন করা যাইতে পারে অজ্ঞানেই। কোন কিছুর সহায়তায় কিছু করিতে আমি বাধ্য।

কখনও বলো, 'ঈশর মৃক্ত'; আবার প্রশ্ন কর, 'ঈশর কেন জগৎ সৃষ্টি' করেন ?' শ্ববিরোধী কথা বলিতেছ। ঈশরের অর্থই হইল সম্পূর্ণ শ্বাধীন ইচ্ছা। যুক্তিশান্তের ভাষায় বলিলে প্রশ্নটি এইরূপ দাড়ায়: যাহাকে কেহ কখনও বাধ্য করিতে পারে না, তিনি কাহাব দ্বারা জগৎ সৃষ্টি করিতে বাধ্য হইলেন ? তোমরা একই সঙ্গে প্রশ্ন কর, ঈশরকে কে বাধ্য করিল ? প্রশ্নটি অর্থহীন। শ্বরূপেই তিনি অসীম; তিনি শ্বাধীন। তোমরা যখন যুক্তি শান্তের ভাষায় প্রশ্ন করিতে পারিবে, তখনই আমরা সে প্রশ্নের জ্বাব দিব। যুক্তিই তোমাদের বলিয়া দিবে—সত্তা এক, দ্বিতীয় নাই। যেখানেই দ্বিতবাদ দেখা দিয়াছে, সেখানেই অ্বৈতবাদ আদিয়া তাহাকে বিতাড়িত করিয়াছে।

এ কথা ব্ঝিবার পথে একটিমাত্র অস্থবিধা আছে। ধর্ম দৈনন্দিন জীবনের সাধারণ বৃদ্ধির বিষয়। দার্শনিকের ভাষায় না বলিয়া তৃমি ষদি সাধারণ মাহ্যবের ভাষায় বলো, ভাহা হইলে যে-কেহ ইহা ব্ঝিতে পারে। মাহ্যবের অভাবই নিজেকে প্রক্ষেপ করা। সম্ভানের সঙ্গে এক করিয়া নিজের কথা ভাবো। তাহার সহিত নিজে এক হইয়া যাও, দেখিবে তোমারই যেন তৃইটি দেহ। ঠিক তেমনি তোমার স্থামীর মনের ভিতর দিয়াও তুমি দেখিতে পারো। কোথায় থামিবে তৃমি ? অসংখ্য শরীরের মধ্যে তুমি নিজেকে দেখিতে পারো।

মাহ্য প্রতিদিন প্রকৃতিকে জয় করিয়া চলিয়াছে। জাতি হিসাবে মাহ্য তাহার শক্তিকে প্রকাশ করিতেছে। কল্পনায় মাহ্যের এই শক্তির একটা দীমা নির্দেশ করিতে চেষ্টা কর। তুমি স্বীকার করিবে যে, জাতি হিসাবে মাহ্য অসীম শক্তির—একটি অসীম দেহের অধিকারী। কিন্তু একমাত্র প্রশ্ন হইতেছে, তৃমি কি ? তৃমি কি জাতি, না একটি ব্যাক্ত? ষে-মূহুর্তে তৃমি নিজেকে পৃথক করিয়া দেখিবে, সব কিছুই তোমাকে আঘাত করিবে। যে-মূহুর্তে তৃমি নিজেকে প্রসারিত করিয়া অত্যের কথা ভাবিবে, অমান তৃমি সহায়তা পাইবে। স্বার্থপর মান্ন্রই পূ।থবীর স্বাপেকা শোচনীয় জীব। যে মোটেই স্বার্থপর নয়, সেই স্বাপেকা স্থা। সমগ্র স্টের সঙ্গেই, সমগ্র জাতির সঙ্গে তথন এক; ঈশর তথন তাহার মধ্যে আবিভূতি হন। তেইরূপ হৈতবাদে—গ্রীষ্টান, হিন্দু এবং অন্ত সব ধর্মে নীতির বিধান এই: স্বার্থপর হইও না। তিনিংস্বার্থ হও। অত্যের জন্ত কাজ কর! নিজেকে প্রসারিত কর। ত

অজ্ঞ ব্যক্তিকে এ কথা বোঝানো যায় খুবই সহজে, আর বিদান্কে. বোঝানো যায় আরও সহজে। কিন্তু যে অতি দামান্ত শিক্ষা পাইয়াছে, স্বয়ং ঈশ্বরও তাহাকে ব্ঝাইতে পারিবেন না। আসল কথা, তুমি এই পৃথিবী হইতে আলাদা নও, যেমন তোমার আত্মা তোমার অন্ত সব কিছু হইতে আলাদা নয়। তাহা যদি না হইত, তুমি কিছুই দেখিতে পাইতে না, কিছুই ব্ঝিতে পারিতে না। বস্তুর সমুদ্রে আমাদের দেহ কতকগুলি ক্ষুদ্র আবর্ত মাত্র। জীবন একটি মোড় ঘুরিয়া অন্ত রূপে বহিয়া চলিয়াছে… স্থ্, চন্দ্র, নক্ষত্রমগুলী, তুমি, আমি—সবাই আবর্তমাত্র। কেন আমি একটি বিশেষ মনকে আমার বলিয়া বাছিয়া লইলাম ? মনের সমুদ্রে ইহা একটি মানস আবর্ত মাত্র।

তাহা না হইলে এই মৃহুর্তে আমার স্পন্দন যে তোমার কাছে পৌছিতেছে, তাহা কেমন করিয়া সম্ভব হইল ? হদের মধ্যে একটি পাণর নিক্ষেপ কর, দেখিবে একটি স্পন্দন শুরু হইবে এবং সমস্ত জলটাকে স্পন্দিত করিয়া তুলিবে। আমার মনকে আনন্দের অবস্থায় লইয়া গেলাম, ফলে তোমার মনেও সেই আনন্দ সঞ্চারিত হইবে। এমন কত সময়েই তুমি তোমার মনে বা হদয়ে কিছু ভাবিয়াছ এবং মুখে না বলিলেও অন্তেরা তোমার সে ভাবনার স্পর্শ পাইয়াছে। সর্বত্রই আমরা এক। অথক সেই কথাটাই আমরা কখনও ব্যাতে পারি না। সমগ্র জগৎই দেশ কাল ও নিমিত্ত হারা গড়া। ঈশরও সেই বিশ্বরূপেই প্রকট হন। প্রকৃতি শুরু হইল কখন ? প্রকৃত স্বরূপ ভূলিয়া দেশ কাল এবং নিমিত্তে বাঁধা পড়িলে।

ইহাই তোমাদের দেহের চক্রাবর্ত। আবার ইহাই তোমাদের অসীম প্রকৃতি, ইহাই তো প্রকৃতি—দেশ কাল ও নিমিত্ত। প্রকৃতি বলিতে ইহাই ব্যায়। তুমি যথন চিন্তা করিতে আরম্ভ করিলে, তথনই সময়ের স্ত্রপাত হইল। তুমি যথন দেহলাভ করিলে, অমনি দেশ বা স্থান দেখা দিল; অক্রথা দেশ বলিয়া কিছু থাকিতে পারে না। তুমি যথন দীমাবদ্ধ হইলে, তথনই দেখা দিল কার্য-কারণ-সম্পর্ক। কোন না কোন একটা উত্তর আমাদের চাই। এই সেই উত্তর। আমাদের সীমাবদ্ধ হওয়া তো খেলা মাত্র—খেলার আনন্দ মাত্র। কিছুই তোমাকে বাধ্য করিতে পারে না। তুমি কখনও বদ্ধ নও। আমাদের নিজেদের গড়া এই খেলায় নিজ নিজ ভূমিকায় অংশ গ্রহণ করিতেছি মাত্র।

ব্যক্তি-সন্তার আর একটি সমস্থার কথা তাহা হইলে তোলা যাক। আনেকে আবার ব্যক্তি-সন্তাকে হারাইবার ভয়েই ভীত। শ্কর-ছানা যদি দেবত্ব লাভ করিতে পারে, তাহা হইলে তাহার শ্কর-সন্তাকে হারানো কি তাহার পক্ষে ভাল নয়? নিশ্চয়। কিন্তু বেচারা শ্কর তথন তাহা মনে করে না। কোন্ অবস্থা আমার ব্যক্তি-সন্তা? যথন আমি একটি ছোট শিশু ছিলাম এবং ঘরের মেঝেয় হামাগুড়ি দিয়া আমার বৃদ্ধানুষ্ঠটি গলাধঃ-করণ করিতে চেষ্টা করিতাম? সেই সন্তাকে হারাইতে কি আমার হৃঃথিত হওয়া উচিত? আজু যেমন আমার শৈশবকালের দিকে তাকাইয়া আমি হাসি, আজু হইতে পঞ্চাশ বৎসর পরে আমার বর্তমান অবস্থার দিকে তাকাইয়াও সেইরপ হাসিব। ইহার মধ্যে কোন্ ব্যক্তি-সন্তাটিকে আমি রক্ষা করিব ?…

ব্যক্তি-সন্তার অর্থ কি, তাহা আমাদিগকে ব্ঝিতে হইবে। তেইটি বিপরীত ভাবধারা আছে: একটি ব্যক্তি-সন্তা সংরক্ষণ, অপরটি ব্যক্তি-সন্তা বিদর্জন দিবার তীত্র আকাজ্জা। তিশিন্তর প্রয়োজনে মা তাঁহার সব বাদনাই ত্যাগ করেন। তিশুকে যথন কোলে নেন, ব্যক্তি-সন্তার ডাক, আল্ল-ইক্ষার ডাক তথন আর তাঁহার কানে আসে না। নিক্ট থাল্ল নিজে গ্রহণ করিয়া সন্তানকে দেন উত্তম থাল্ল। যাহাকে ভালবাদি, তাহার জন্ম আমর। মরিতেও প্রস্তত।

একদিকে এই ব্যক্তি সন্তাকে বক্ষা করিবার জন্ম আমরা কঠোর সংগ্রাম করিতেছি, আবার অন্ম দিকে ইহাকে ধ্বংস করিতে চেষ্টা করিতেছি। কিন্ত তাহার ফল কি হইতেছে? টম ব্রাউন কঠোর সংগ্রাম করিতেছে। স্বীয় ব্যক্তি-সন্তার জন্ম দে যুদ্ধ করিতেছে। তারপর টমের মৃত্যু হইল; কিছ পৃথিবীর বৃকে কোথাও এতটুকু চাঞ্চল্য দেখা দিল না। উনিশ শর্ত বছর আগে একটি ইছদী জন্মগ্রহণ করিলেন; স্বীয় ব্যক্তি-সন্তাকে রক্ষা করিবার জন্ম একটি অঙ্গুলিও তিনি হেলন করিলেন না।…তাহার কথা ভাবো! সেই ইছদী ব্যক্তি-সন্তাকে রক্ষা করিবার জন্ম কথনও সংগ্রাম করেন নাই; আর সেই জন্মই পৃথিবীতে তিনি মহত্তম। এই কথাটাই পৃথিবীর মাহ্যম জানে না।

যথাসময়ে আমাদিগকে 'ব্যক্তি' হইতে হইবে। কিন্তু কোন্ অর্থে ?
মানুষের ব্যক্তিত্ব কি ? টম ব্রাউন নয়, মানুষের মধ্যে যে ঈশ্বর, তিনিই প্রকৃত ব্যক্তি-সত্তা। মানুষ ষতই তাঁহার দিকে অগ্রসর হইবে, ততই নিজের মিধ্যা ব্যক্তি-সত্তা সে ত্যাগ করিবে। নিজের জ্ঞা সব কিছু সংগ্রহ করিতে, সব কিছু পাইতে ষত বেশী চেষ্টা সে করিবে, ততই সে ব্যক্তি হিসাবে ছোট হইয়া ষাইবে। নিজের কথা সে ষত কম ভাবিবে, জীবিতকালে নিজের ব্যক্তিত্ব সে ষত বেশী ত্যাগ করিবে, ততই সে ব্যক্তি হিসাবে বড় হইবে। পৃথিবীর মানুষ এই গৃঢ় কথাটি বুঝিতে পারে না।

আমাদের প্রথম ব্ঝিতে হইবে ব্যক্তি-সত্তার অর্থ কি। ব্যক্তি-সত্তা হইল আদর্শে পৌছানো। তুমি এখন পুরুষ, বা তুমি নারী। তোমার পরিবর্তন ঘটবেই। তোমরা কি থামিয়া থাকিতে পারো? তোমাদের মন আজ ষেমন আছে, সেই রকমই কি রাখিতে চাও? রাখিতে চাও ক্রোধ ঘুণা দ্বিশ প্রভৃতি মনের সহস্রপ্রকার বৃত্তি? তোমরা কি বলিতে চাও, সে-সবই তোমরা অক্ল রাখিবে? কোথাও তোমরা থামিতে পার না ব্রতিদন না জয়লাভ সম্পূর্ণ হয়, যতদিন না তোমরা পবিত্র এবং পূর্ণ হও।

ভোমরা যখন সচ্চিদানন্দময় হইবে, তথন আর কোন ক্রোধ থাকিবে না। তোমার কোন্ দেহকে তুমি রক্ষা করিবে ? যে জীবনের শেষ নাই, দেখানে না পোঁছানো পর্যন্ত তুমি থামিতে পার না। অসীম জীবন! সেইখানে তুমি থামিবে। আজ ভোমরা কিছু জ্ঞানলাভ করিয়াছ; আরও জ্ঞানলাভ করিতে সর্বদাই চেষ্টা করিতেছ। কোথায় থামিবে ? জীবনের সঙ্গে একাত্ম যতদিন না হইবে, ততদিন কোথাও থামিবে না।…

অনেকেই স্থলাভকেই লক্ষ্য মনে করে। সেই স্থের জন্ম তাহারা শুধ্ ইন্দ্রিয়কে থোঁজে। উর্ধাতর স্তরে আরও অনেক বেশী আনন্দ পাওয়া যায়। তারপর আত্মিক স্তরে। তারপর নিজের মধ্যে—জীবের মধ্যে যিনি শিব, তাহার মধ্যে। যে মাছ্যের স্থ তাহার বাহিরে, বাহিরের জিনিস চলিয়া গেলেই সে অস্থী হইয়া পড়ে। স্থের জন্ম তুমি এই পৃথিবীর কোন কিছুর উপর নির্ভর করিতে পার না। আমার সব স্থ যদি আমার নিজের মধ্যে থাকে, তাহা হইলে সে স্থ আমি সর্বদাই ভোগ করিতে পারি, কারণ আমার আত্মাকে তো আমি কথনও হারাইব না। আমাত্র, পিতা, সন্তান, ত্রী, দেহ, সম্পদ—সব আমি হারাইতে পারি, শুধ্ হারাইতে পারি না আমার আত্মা- আত্মাই আনন্দ। সব বাসনাই আত্মায় বিশ্বত। তেইহাই ব্যক্তিত্ব। ইহার পরিবর্তন নাই; ইহাই পূর্ণ।

আমরা একটি দেহে বাদ করি। আমরা কিছুটা হৃংখ ভোগ করি, কিছুটা হুখ ভোগ করি। এই দেহে বাদ করিয়া যে দামাল্ল হুখ আমরা পাই, তাহার জ্বল্ল, আত্মরক্ষার জ্বল্ল জগতের দব কিছু ধ্বংদ করিতেও আমরা প্রস্তুত। বদি আমার তুইটি শরীর থাকিত, তাহা হুইলে আরও ভাল হুইত না কি? এমনি করিয়াই আমরা আনন্দের পথে অগ্রদর হুই। দকলের মধ্যেই আমি। দকলের হাত দিয়া আমি কাজ করি; দকলের পায়ে ভর দিয়া আমি হাঁটি। দকলের মুখে আমি কথা বলি; দকলেব দেহে আমি বাদ করি। আমার দেহ অসীম, আমার মনও অসীম। নাজারেথের বীশুর মধ্যে, বুজের মধ্যে, মহম্মদের মধ্যে—অতীত ও বর্তমানের বাহা কিছু মহৎ

এবং শুভ—সকলের মধ্যেই আমি বাস করিয়াছি। আমার পরে বাহা কিছু আসিবে, তাহার মধ্যেও আমি বাস করিব। এ কি মতবাদ মাত্র ? না, ইহাই সত্য।

এই সভ্য যদি উপলব্ধি করিতে পারো, সে যে অসীম আনন্দের কথা হইবে ! আনন্দের সে কী উচ্ছাদ। কোন্দেহ এত বড় যে, এখানে আমাদের শরীবের সকল প্রয়োজন মিটিয়া যায় ? অন্ত সকলের শরীরে বাদ করিয়া পৃথিবীর সন শরীরেকে ভোগ করিবাব পর আমাদের কি অবস্থা হয় ? আমরা অসীমের সঙ্গে এক হইয়া যাই, আব সেইটাই আমাদের লক্ষ্য। সেই একমাত্র পথ। একজন বলেন, 'আমি যদি সভ্যকে জানি, মাখনের মতো আমি গলিয়া যাইব।' মাত্র্য যদি তেমনি গলিয়া যাইত ! কিন্তু মাত্র্য বড়ই কঠিন, এত ভাড়াভাডি গলিয়া যাইবে না!

মৃক্তির জন্য আমাদের কি করিতে হইবে? তোমবা তো মৃক্তই। । । । বে মৃক্ত, সে কি কথনও বদ্ধ হয়? মিথ্যা কথা। তোমরা কথনও বদ্ধ ছিলে না। যে দীমাহীন, সে কি কথনও দীমাবদ্ধ হইতে পারে? অদীমকে অদীম দিয়া ভাগ কব, অদীম অদীমই থাকে। তুমি অদীম; ঈশ্বর অদীম। তোমরা সকলেই অদীম। সত্তা তুই হইতে পারে না, সত্তা কেবল এক। অদীমকে কথনও সদীম করা যায় না। তোমবা কথনও বদ্ধ নও। এই শেষ কথা। । তোমরা মৃক্তই আছে। লক্ষ্যে তোমরা পৌছিয়াছ। সকলকেই লক্ষ্যে পৌছিতে হইবে। তোমরা লক্ষ্যে পৌছাও নাই—এ কথা কথনও ভাবিও না। ।

আমরা যাহা (ভাবি), তাহাই হই। যদি মনে ভাবো ষে, তোমরা পাপী. তাহা হইলে মোহগ্রন্তের মতো ভাবিবে—আমি একটি বিচরণশীল হতভাগ্য কীট। যাহারা নরকে বিশ্বাস করে, মৃত্যুর পরে তাহারা নরকেই যায়; আর যাহারা বলে—শ্বর্গে যাইবে, তাহারা শ্বর্গেই যায়।

সবই লীলা। তেথিরা বলিতে পারো, 'কিছু যখন করিতেই হইবে, তথন ভালই করি না কেন।' কিন্তু ভাল মন্দের কথা কে ভনিতেছে? লীলা! সর্বশক্তিমান্ ঈশর লীলা করিতেছেন। ব্যস্। তেথিই তো সেই লীলারত সর্বশক্তিমান ঈশর। যদি খেলায় নামিয়া ভিক্কের ভ্মিকা গ্রহণ কর,

তুমি ভূমিকা-নির্বাচনের অক্ত অক্তকে দোষী করিতে পার না। ভিক্ক হওয়াতেই ভোমার আনন্দ। তোমার প্রকৃত এখরিক খরপ তো তুমি অবগত আছ। তুমি রাজা, খেলায় নামিয়া ভিক্ক দাজিয়াছ মাত্র। … দবই তো কোতৃক। দব জানিয়া শুনিয়া খেলায় নামো। এই তো দব। তারপর অভ্যাদ কর। দারা জগৎই তো একটা বিরাট খেলা। দবই ভাল, কারণ দবই মজা। এ নক্ষত্রটি কাছে আদে এবং আমাদের পৃথিণীর দক্ষে ধাকা লাগিয়া চুরমার হইয়া যায়—আমরাও দবাই মরিয়া গেলাম। এটাও তো কৌতৃক। যে-দব ছোট জিনিদ ভোমাদের ইন্দ্রিয়কে আনন্দ দেয়, দেওলিকেই ভোমরা কৌতৃক মনে কর।…

আমাদের বলা হয়—এথানে একজন ভাল ঈশ্বর আছেন, এবং একজন মল্ল ঈশ্বর ওথানে আছেন, ভূল করামাত্র আমাকে পাকডাও করিবার জন্তু বিনি ওঁত পাতিয়া আছেন। অলামি ধখন চোট ছিলাম, তখন কে ধেন আমাকে বলিয়াছিলেন—ঈশ্বর সব কিছুই দেখিতে পান। শুইতে ঘাইয়া আমি উপরে চাহিয়া রহিলাম। মনে আশা ছিল, ঘরের ছাল খুলিয়া ঘাইবে; কিছু কিছুই ঘটিল না। নিজেরা ছাডা আর কেহই আমাদের উপর লক্ষ্য রাখে না। নিজের আলা ছাডা অপর কোন প্রভূ নাই; আমাদের অন্তভ্তি ছাড়া অপর কোন প্রকৃতি নাই। অভ্যাসই দিতীয় স্থভাব বা প্রকৃতি; ইহা প্রথম প্রকৃতিও বটে। প্রকৃতির এই শেষ কথা। কোন কাল আমি ছই বা তিনবার প্ররাবৃত্তি করি, অমনি উহা আমার প্রকৃতি বা স্থভাব হইয়া যায়। অন্থা হইও না! অন্থণাচনা করিও না! ঘাহা হইয়াছে, হইয়াছে। যদি অন্থভাপ কর, ফল ভোগ করিছে ছইবে।

কে জনায় আর কে মরে? মজা করিতেছ, পৃথিবীকে লইয়া খেলা করিতেছ মাত্র। যতদিন ইচ্ছা শরীরটাকে ধারণ করিতেছ। যদি পছন্দ না হয়, করিও না। অসীমই সত্য; সসীম তো খেলামাত্র। তুমি একাধারে অসীম ও সসীম দেহবান্, ইহা নিশ্চয় জানিও। কিছ জ্ঞানে কোন তফাত হইবে না; খেলা চলিতেই থাকিবে।…তুইটি শন্ধ—আ্যা ও দেহ — যুক্ত করা হইয়াছে। আংশিক জ্ঞানই ইহায় কারণ। নিশ্চয় জানিও, তুমি সর্বদাই মৃক্ত। জ্ঞানের আগুনে যত কিছু কল্ম ও অসম্পূর্ণতা সব পুড়িয়া যায়। আমিই সেই অসীম। …

একেবারে আদিতে তোমরা মুক্ত ছিলে, এখনও আছ, চিরদিন থাকিবে। বে জানে সে মুক্ত, সেই মুক্ত; যে জানে সে বন্ধ, সেই বন্ধ।

তাহা হইলে ঈশ্বর, পূজা-জ্ঞানা প্রভৃতির কি হইবে? এগুলিরও প্রয়োজন আছে। আমি নিজেকে ঈশ্বর ও আমি—এই হুই অংশে ভাগ করিয়াছি; আমিই পূজিত হুই এবং নিজেকে পূজা করি। কেন করিব না? ঈশ্বরই তো আমি। আমার আত্মাকে কেন পূজা করিব না? সর্বেশ্বর ভগবান্ যিনি, তিনি তো আমার আত্মাও। স্বই খেলা, স্বই কৌতুক; আর কোন উদ্দেশ্য নাই।

জীবনের পরিণাম ও লক্ষ্য কি? কিছুই না, কারণ আমি জানি—
আমিই সেই অদীম। তোমরা যদি ভিক্ক হও, তোমাদের লক্ষ্য থাকিতে
পারে। আমার কোন লক্ষ্য নাই, কোন অভাব নাই, কোন উদ্দেশ্য নাই।
আমি তোমাদের দেশে আদিয়াছি, বক্তৃতা করিতেছি—নিছক মজার খেলা;
আর কোন অর্থ নাই। কি অর্থই বা থাকিতে পারে? একমাত্র ক্রীভদাসরাই
অপরের জন্ত কাজ করিয়া থাকে। তোমরা তো অপরের জন্ত কাজ কর
না। যথন প্রয়োজন হয়, তোমরা পূজা কর। এটান, ম্সলমান, চীনা,
জাপানী—সকলের সলেই তোমরা যোগ দিতে পারো। যত ঈশ্বর আছেন
আর যত ঈশ্বর আদিবেন, সকলকেই তোমরা পূজা করিতে পারো।…

আমি সূর্যে আছি, চন্দ্রে আছি, নক্ষত্রমণ্ডলীতে আছি। আমি পরমেশ্বরের সঙ্গে আছি—আছি সব দেবতার মধ্যে। আমার আত্মাকেই আমি পূজা করি।

ইহার আর একটি দিক আছে। সেটি আমি এখনও বলি নাই। আমার ফাঁসি হইবে। আমিই তৃষ্ট। নরকে আমিই শান্তি পাইভেছি। সে-সবও মজার থেলা। আমি অসীম—এই জ্ঞানলাভ করাই দর্শনের লক্ষ্য। লক্ষ্য, প্রেরণা, উদ্দেশ্য, কর্তব্য—সব পিছনে পড়িয়া থাকে।…

এই সভ্যকে প্রথমে প্রবণ করিতে হইবে, ভারপর মনন। যুক্তি কর, যত প্রকারে পারো তর্ক কর। বিধান লোক ইহা অপেক্ষা অধিক জানে না। নিশ্চিত জানিও, সব কিছুতেই তৃমি আছ। সেই জ্মন্তই কাহাকেও আঘাত করিও না, কারণ অন্তকে আঘাত করিলে তৃমি নিজেকেই আঘাত করিবে। তাসবশেষে এই সভ্যকে ধ্যান করিতে হইবে। এই সভ্যকে চিন্তা কর। তৃমি কি ভাবিতে পারো—এমন এক সময় আসিবে, যখন সব কিছু ধূলায় চূর্ণবিচূর্ণ হইয়া যাইবে, আর তৃমি একাকী দাঁড়াইয়া থাকিবে? উদ্ভূসিত আনন্দের সেই মূহুর্তটি কখনও ভোমাকে ভ্যাগ করিবে না। তৃমি প্রকৃতই দেখিতে পাইবে, ভোমার দেহ নাই। ভোমার দেহ কোন কালে ছিল না।

অনস্থকাল ধরিয়া আমি এক—একাকী। কাহাকে আমি ভয় করিব ? সবই তো আমার আআা। এই সত্যকে অবিরাম ধ্যান করিতে হইবে। ইহার ভিতর দিয়াই উপলব্ধি আদিয়া থাকে, সেই উপলব্ধির ভিতর দিয়াই তুমি হইবে অপরের কাছে আশীর্বাদস্বরূপ।…

'ব্রহ্মবিদের ম্থের তায় তোমার ম্থমণ্ডল প্রতিভাত হইতেছে''—এই অবহাই লক্ষা। আমি যেভাবে প্রচার করিতেছি, ইহা সেভাবে প্রচার করিবার বন্ধ নয়। 'একটি গাছের নীচে আমি একজন গুরুকে দেখিয়াছিলাম, যোড়শবর্ষীয় এক যুবক; শিশু এক আনীতিবর্ষের বৃদ্ধ। গুরু নীরবে শিক্ষা দিতেছেন, আর শিশুের সব সন্দেহ দ্রীভূত হইতেছে।' কে কথা বলে? স্থাকে দেখিবার জ্বন্ত কে মোমবাতি জালায়? সত্য বথন প্রকাশ পায়, কোন সাক্ষ্যের প্রয়োজন হয় না। ভোমরাও ভাহা জানো।…ভোমরাও তাহাই করিবে…উপলব্ধি করিবে। প্রথমে ইহা লইয়া চিন্তা কর। যুক্তি দিয়া বোঝ। কৌতূহল চরিতার্থ কর। তারপর আর কিছু ভাবিও না। কোন কিছুই যদি আমরা না পড়িভাম! ঈশ্বর আমাদের সহায় হউন। একজন শিক্ষিত লোকের অবস্থা দেখ।

'এ কথা বলা হয়, এবং সে কথা বলা হয়।…' 'বন্ধু, আপনি কি বলেন ?'

'वािंग किছू हे विन ना।'

ভিনি শুধু উদ্ধৃত করেন অত্যের চিস্তা; কিন্তু নিজে কিছুই চিস্তা করেন না। এই ষদি শিক্ষা হয়, তাহা হইলে পাগলামি আর কাহাকে বলে? যাহারা গ্রন্থ লিথিয়াছিলেন, তাঁহাদের দিকে চাও! এই-সব আধুনিক লেথকগণ—তুইটি বাক্যও তাহাদের নিজেদের নয়! সবই উদ্ধৃতি!…

পুঁথির মূল্য খ্ব বেশী নয়, আর পরের মুখে শোনা, ধর্মের তো কোন
মূল্যই নাই। ইহা ঠিক আহারের মতো। তোমার ধর্ম আমাকে সম্ভষ্ট
করিবে না। যীও ঈশ্বকে প্রত্যক্ষ করিয়াছিলেন, বৃদ্ধও করিয়াছিলেন।
তুমি যদি ঈশ্বকে প্রত্যক্ষ না করিয়া থাকো, তুমি নান্তিক অপেক্ষা বেশী
কিছুনও। সেই নির্বাক; আর তুমি কেবলই বক্ কর, আর পৃথিবীকে
বিরক্ত কর। পুঁথি, বাইবেল আর ধর্মগ্রন্থের কোন প্রয়োজন নাই।
বাল্যকালে আমি একটি প্রেণ্টকে দেখিয়াছিলাম, তিনি কোন ধর্মগ্রন্থ পড়েন
নাই, কিন্তু স্পর্শবারা তিনি অপরের মধ্যে ঈশ্বনীয় অহুভৃতি সঞ্চারিত
করিতে পারিতেন।

'হে পৃথিবীর গুরুবৃন্দ, তোমরা চুপ কর। হুল হুণ, গ্রন্থাজি! হে প্রভু, জুমি ভুধু কথা বলো, আর ভোমার ভূত্য গুরুক।' ক্ষেধানে যদি সত্য না থাকে, তাহা হইলে এ জীবনের আর প্রয়োজন কি ? আমরা সকলেই ভাবি, ইহাকে ধরিতে পারিব, কিছু পারি না। আমরা অনেকেই ভুধু ধূলা ধরিয়া থাকি। ঈরর সেথানে নাই। ঈররই যদি নাই, ভবে জীবনের দরকার কি ? এই পৃথিবীতে কি বিশ্রাম-স্থান কোথাও আছে ? আমাদিগকেই সে সন্ধান করিতে হইবে; কিছু তীব্রভাবে সে সন্ধান আমরা করি না। আমরা ক্রোত্ত-তাড়িত ক্ষুত্র ত্র্ণথণ্ডের মতো।

সত্য যদি থাকে, ঈশ্বর যদি থাকেন, আমাদের অস্তরেই আছেন। আমাকে বলিতে হইবে, 'তাহাকে আমি স্বচক্ষে দেখিয়াছি।' নতুবা আমার কোন ধর্ম নাই। কতকগুলি বিশাস, মতবাদ আর উপংদশে ধর্ম হয় না।

> Imitation of Christ

উপলব্ধি—ঈশবপ্রতাক্ষই একমাত্র ধর্ম। সমগ্র বিশ্ব বাহাদের পূজা করে, সেই-সব মামুষের গৌরব কিসে? তাঁহাদের কাছে ঈশর একটি মতবাদমাত্র নর'। পিতামহ বিশাদ করিতেন বলিয়া কি তাঁহারা বিশাদ করিতেন? না। নিজেদের দেহ, মন—সব কিছুর উর্ধে যে অসীম, তাঁহার উপলব্ধিতেই তাঁহাদের গৌরব। সেই ঈশরের ভিলমাত্র প্রতিবিশ্ব আছে বলিয়াই এই পৃথিবী সত্য। আমরা ভাল লোককে ভালবাদি, কারণ তাঁহার মুথে দেই প্রতিবিশ্ব আরও একটু উজ্জ্বল হইয়া উঠে। নিজেদেরই উহা ধরিতে হইবে। অক্য কোনপথ নাই।

দেই তো লক্ষ্য। তাহার জন্ত সংগ্রাম কর! নিজের বাইবেল রচনা কর। নিজের থ্রাষ্টকে আবিদ্ধার কর। নতুবা তোমরা ধার্মিক নও। ধর্মের কথা বলিও না। মাহুষ কথার পর কথা বলিয়া যায়। 'তাহাদের মধ্যে অনেকে অন্ধকারে নিমজ্জিত থাকিয়াও অন্তরের গর্বে ভাবে, সেই আলোক তাহারা পাইয়াছে। আর শুধু তাহাই নয়, অপরকেও ভাহারা ঘাড়ে লইতে চায় এবং উভয়েই গর্ভে পড়িয়া যায়।'

শুধু গীর্জাই কাহাকেও রক্ষা করিতে পারে না। মন্দির বা গির্জার আশ্রমে জন্মগ্রহণ করা ভাল, কিন্তু দেখানেই যাহার মৃত্যু হয়, সে বড়ই হতভাগ্য! সে কথা থাক! আরম্ভটা ভাল, কিন্তু সে কথাও থাক। সে ভো শৈশবের হান কিন্তু ভাই হোক! অইমরের কাছে সোজা চলিয়া যাও। কোন ধারণা নয়, কোন মত্ত্বাদ নয়। একমাত্র ভাহা হইলেই সব সন্দেহ দূর হইবে। আহা কিছু বাঁকা, ভাহা একমাত্র ভখনই সোজা হইবে। আ

'বহুর মধ্যে যিনি এককে দেখেন, বহু মৃত্যুর মধ্যে যিনি দেখেন সেই এক জীবনকে, বহুর মধ্যে যিনি তাঁহাকে দেখেন, থিনি নিজের অপরিবর্তনীয় আত্মাকে দেখেন, তিনিই শাশত শান্তির অধিকারী।'

১ কঠ উপ., ১৷২৷৫

२ ঐ, २।२।১२

স্থবিদিত রহস্থ

का। निकानिया व अञ्चर्ग उ नम् এঞ्জে नम्- এ अम् उ दक्का।

বস্তব শ্বরূপ অবধারণ করিতে গিয়া আমরা যে-উপায়ই অবলম্বন করি না কেন, গভীর বিশ্লেষণের ফলে আমরা দেখিতে পাই, বস্তব যে-শ্বরূপ আমাদের নিকট প্রকাশিত হয়, তাহাকে আপাততঃ শ্ববিরোধী ছাড়া আর কিছু বলা চলে না; তাহা যুক্তির অগম্য হইলেও সত্য। প্রাথমিক দৃষ্টিতে যে-কোন বস্তই সদীম বলিয়া মনে হয়; কিন্তু উহাকে বিশ্লেষণ করিতে আরম্ভ করিলে—কি গুণের দিক দিয়া, কি সন্তাবনার দিক দিয়া, কি শক্তির দিক দিয়া, কি সন্তাবনার দিক দিয়া, কি শক্তির দিক দিয়া, কি সন্তাবনার দিক দিয়া, কি শক্তির দিক দিয়া, কি সন্তাবনার দৃষ্টিতে উহা অসীম হইয়া দাঁড়ায়। একটি ফুলের কথাই ধরা হউক। ফুল তো কুল, সদীম পদার্থ, কিন্তু কে বলিতে পারে, সে ফুলের সম্বন্ধে সবই জানে? সামান্ত একটি ফুলের সম্বন্ধেও জ্ঞানের শেষ দীমায় পৌছানো কাহারও পক্ষে সন্তব নয়, কারণ ফুলটি প্রথমে সদীম বলিয়া প্রতীত হইলেও বিচারের দৃষ্টিতে অসীমে পরিণত হইয়াছে। একটি কুল বালুকণাকে বিশ্লেষণ করিলেও ব্রা যায়, উহা আপাতদৃষ্টিতে সদীম হইলেও বস্তুয়া আসিতেছি, ফুলও তেমনি আমাদের কাছে দদীম পদার্থ বিলয়াই মনে করিয়া আসিতেছি, ফুলও তেমনি আমাদের কাছে দদীম পদার্থ বিলয়া বিবেচিত হয়।

আমাদের অন্তরের এবং বাহিরের সকল চিন্তা ও অভিজ্ঞতা সহকে এই একই কথা। আমরা প্রথমে সামান্ত জিনিস মনে করিয়া যাহা কিছু চিন্তা করিতে আরন্ত করি, অতি অল্লকাল-মধ্যেই তাহা আমাদের জ্ঞানের পরিধি অভিক্রম করিয়া অনন্তের গভীরে ত্বিয়া যায়। অন্তভূত বস্তর মধ্যে আমরা নিজেরাই প্রথম ও শ্রেষ্ঠ । অন্তিজের কথা ভাবিতে গেলেও ধাঁধায় পড়িতে হয়় । আমাদের অন্তিম আছে। আমরা সদীম জীব। আমরা জীবনধারণ করি এবং মরিয়া যাই। আমাদের দিগন্ত সীমাবদ্ধ। আমরা জানি—আমাদের সন্তা সদীম, আমাদের জীবনের পরিণতি মৃত্যু, আমাদের দিভ্মগুল স্বল্পপ্রারী; আমরা চারিদিকে জগৎ-পরিবেষ্টিত হইয়া সকীর্ণ জীবন যাপন করিতেছি। বিশ্বপ্রকৃতি বে-কোন মৃহুর্তে আমাদিগকে চুর্ণ করিয়া আমাদের সন্তার বিলোপ ঘটাইতে পারে। বিশাল বিশ্বের সম্মুধে আমাদের ক্তুর দেহগুলি কোনমতে

টিকিয়া আছে, মুহূর্তমধ্যে ইহারা ভাতিয়া পড়িতে পারে। আমরা ভানি, কর্মক্ষেত্রে আমরা কত শক্তিহীন। প্রতিনিয়তই আমাদের ইচ্ছা প্রতিহত হইতেছে। কত শত ইচ্ছা আমরা পূর্ণ করিতে চাই, কিন্তু কয়টি ইচ্ছা আমরা পূর্ণ করিতে পারি ? আমাদের বাসনা অনস্ত। আমরা সব কিছুই কামনা করিতে পারি। অন্ত বাসনা তো তুচ্ছ, স্থদ্র নীলাকাশের লুক্ক নক্ষত্রে ষাইব, এইরূপ বাসনাও আমরা পোষণ করিতে পারি। কিন্তু কয়টি বাসনা আমরা পূর্ণ করিতে পারি? আমাদের দেহ অপটু, বহি:প্রকৃতি ইচ্ছার প্রতিকৃল, আমরা তুর্বল। কিন্তু এখানেই শেষ নয়, আমাদের আর একটি দিক আছে। কৃত্ৰ ফুলটি কিংবা কৃত্ৰ বালুকণাট বেমন একাধারে সসীম ও অসীমের তোতক, আমাদের স্বরূপও সেইরূপ। আমরা সমুদ্রের তরঙ্গের মতো। একদিক দিয়া দেখিতে গেলে তরকটি সম্দ্র ভিন্ন আর কিছু নয়, আবার অগুদিক দিয়া বিচার করিলে তরঙ্গ এবং সমুদ্রের পার্থক্য স্পষ্ট। তরঙ্গের এমন কোন অংশ নাই, ষাহাকে লক্ষ্য করিয়া বলা যায় না যে, ইহা সমূত্রই। 'সমূত্র' নামটি শুধু তরক সম্বন্ধে নয়, সমূত্রের সকল অংশ সম্বন্ধেই প্রবোজ্য, তথাপি সমুদ্র তরঙ্গ হইতে পৃথক। সত্তারূপ বিরাট সমুদ্রের মধ্যে আমরা এক-একটি কুদ্র তরকের মতো; কিছু আমরা ধ্থন আমাদের ষ্ণার্থ ষরপ উপলব্ধি করিতে যাই, তথন আমরা বুঝিতে পারি, আমাদের সভাকে ধরা সম্ভব নয়, কারণ আমরা অসীম হইয়া পড়িয়াছি।

আমরা যেন স্বপ্নে বিচরণ করিতেছি। যতক্ষণ মন স্বপ্নাবস্থার থাকে, ততক্ষণ কিছুই অস্বাভাবিক মনে হয় না, কিন্তু ষ্থনই স্বপ্নের বিষয়কে বান্তব বলিয়া আঁকড়াইয়া ধরিবার চেটা করা হয়, তথনই উহা অদৃশু হয়। কেন ?—স্বপ্ন মিথ্যা বলিয়া নয়, স্বপ্নের স্বরূপ আমাদের যুক্তি বিচার ও বৃদ্ধির অগোচর বলিয়া। জীবনে অন্তভূত প্রত্যেকটি বস্তু এত বিরাট যে, তাহার তৃলনায় আমাদের বৃদ্ধি অতি তৃচ্ছ। বৃদ্ধি চায় নিজের উদ্ভাবিত কতকগুলি নিয়মের মধ্যে বস্তকে ক্ষম করিয়া রাখিতে, কিন্তু বস্তু কথনও বৃদ্ধির নিগড়ে আবদ্ধ হইতে সীকৃত হয় না। ব্যাকে নিয়মের জালে আবদ্ধ করার উদ্দেশ্যে বৃদ্ধির এই প্রচেষ্টা মানবাত্মার ক্ষেত্রে আরপ্ত সহস্রগ্রণ ব্যর্থ বলিয়া প্রতীত হয়। বস্তুতঃ বিশ্বের সক্ল পদার্থের মধ্যে 'আমরা নিজেরাই' স্বাধিক রহস্তময়।

সব কিছুই বিশায়কর! মান্তবের চোথের দিকে ভাকাও! কত সহজে ইহা
নাই হইয়া ঘাইতে পারে। অথচ ভোমার চোথ দেখিতেছে বলিয়াই প্রকাণ্ড
ক্রের অন্তিত্ব। সেই রহস্তের কথা ভাবো! ক্ষুদ্র অসহায় চোখ-ছটি!
একটা তীব্র আলোক কিংবা একটা কাঁটা চোখ-ছটিকে নাই করিয়া দিতে
পারে। তব্ সবচেয়ে শক্তিশালী ধ্বংসকারী যন্ত্র, প্রলয়কর প্রাক্তিক বিপর্ষয়,
মহাবিশায়কর চন্দ্র ক্র্য ভারকা পৃথিবী প্রভৃতির অন্তিত্ব এই হুইটি ক্ষুদ্র চোধের
উপর নির্ভর করে! ভোমার চোধই বিখের অন্তিত্বের সাক্ষী। চোখ বলে,
'এই তো বিরাট বৈচিত্রাপূর্ণ প্রকৃতি সন্মুখে রহিয়াছ'; আমরা চোধের সাক্ষ্যে
বিশাস করিয়া প্রকৃতির বিচিত্র রূপের অন্তিত্ব স্বীকার করি। এইভাবে ক্ষুদ্র
কান, নাক, জিভ প্রভৃতি ইন্দ্রিয়েব সাহাধ্যে আমরা বিপুল বিথের পরিচয়
লাভ করি।

কিন্তু বিশ্বস্থির মধ্যে কে ক্ষ্ম, কে মহৎ, কে তুর্বল, কে সবল, কে উচ্চ, কে নীচ—তাহা নিশ্চয় করিয়া বলার উপায় নাই, কারণ এই বিশ্বের যাবতীয় পদার্থের পরম্পর-নির্ভরশীলতা এমন অন্তুত যে, ক্ষ্মতম পরমাণ্টির সন্তাও সমগ্র জগতের অন্তিবের পক্ষে অত্যাবশুক। কেহই ছোট নয়, কেহই বড় নয়। সব কিছুই এক অসীম পরম সত্যের সহিত বিদ্ধান্তিত, সব কিছুই অনম্ভ সম্ত্রে ভাসমান, সব কিছুই তত্তঃ অসীম। স্থল বৃক্ষাদি ও স্ক্ষা বালুকাদি যাহা দেখা যায়, স্থা-তৃঃখাদি যাহা অন্তত্তব করা যায়—সব কিছুই বস্ততঃ অসীম। প্রত্যেকটি জীব, প্রত্যেকটি চিন্তা, প্রত্যেকটি পরিচ্ছিয় সন্তাই স্বন্ধপতঃ অসীয়। আমাদের সন্তার রহশ্য এই যে, আমরা অসীম হইয়াও সসীম এবং স্পীম হইয়াও অসীম।

ইহা সত্য হইতে পারে, কিন্তু বর্তমান অবস্থায় অসীমের এই উপলব্ধি আমাদের প্রায় অজ্ঞাত। আমরা আমাদের অসীমত্ত ভূলিয়া গিয়াছি, তাহা নয়, কারণ নিজ্ঞের প্রকৃত স্বরূপ কেহই ভূলিতে পারে না। কেহ কি কথনও নিজের ধ্বংস কল্পনা করিতে পারে? কে ভাবিতে পারে, সে মরিয়া হাইবে?— কেহই এইরূপ চিন্তা করিতে পারে না। অসীমের সহিত আমাদের সম্বন্ধ-বোধ অজ্ঞাতসারেও আমাদের মধ্যে কাজ করিতে থাকে। একদিক দিয়া দেখিতে গেলে ইহা আমাদের স্বরূপ-বিশ্বতি এবং ইহাই আমাদের সকল তৃঃথের মূল। দৈনন্দিন ব্যাবহারিক জীবনে দেখা যায় যে, আমরা দামাশ্র কারণেই বাথিত হই, ক্স সন্তার দাসত্ব সীকার করি। আমরা মনে করি, আমরা দদীম—ক্স জীব। এই ধারণা হইতেই আমাদের হুংথের উৎপত্তি। তথাপি আমরা যে অসীম, এই ধারণা পোষণ করা আমাদের পক্ষে অভ্যন্ত কঠিন। আমরা যথন হুংখ-হুদিশার পতিত হই, আমরা যথন তুচ্ছ বিষয়ে বিচলিত হই, তথন আমাদের এই বিখাদ জাগ্রত করা উচিত যে, আমরা অসীম। বস্ততঃ আমরা অসীমই। জ্ঞাতসারে হউক কিংবা অজ্ঞাতসারে হউক, আমরা তো অদীম অনস্তের সন্ধানেই ছুটিতেছি; আমরা সর্বদা এমন কিছু খুঁজিতেছি, যাহা মুক্ত।

জগতে কোনদিন এমন জাতি ছিল না, যাহাদের ধর্ম ছিল না বা যাহারা কোন না কোন প্রকার ঈশর অথবা দেবতার পূজা করিত না। ঈশর আছেন কিনা, দেবতারা আছেন কিনা, এই-সকল প্রশ্নের প্রয়োজন নাই। আসল প্রশ্ন, মাহুষের মনোবৃত্তি বিশ্লেষণ করিলে কোন্তথ্য আবিষ্কৃত হয় ? সারা জগতের লোক একজন ঈখবের থোঁজ করে কেন ? মাহুষের কত বাধা, কত বন্ধন ! নিয়মের ভয়াবহ নিম্পেষণ তাহাকে কোন দিকে নড়িতে দেয় না। সে যাহা কিছু করিতে চায়, ভাহাতেই নিয়মের বাধা। সর্বএই নিয়ম। কিন্তু এড বাধা এবং নিম্পেষণ সত্ত্বেও মাহুষের আত্মা ভাহার স্বাধীনতা বিশ্বত হয় না, দে থোঁজে মুক্তি। জগতে ষত ধর্মত আছে, তাহাদের সকলেরই লক্ষ্য এক— সকল ধর্মই থোঁজে মৃক্তি। মাহুষ জাহুক আর নাই জাহুক, স্পষ্ট ভাষায় বুঝাইয়া বলিতে পাক্ষক আর নাই পাক্ষক, মুক্তির ধারণা, স্বাধীনভার ভাৰ ভাহার স্বভাবগত। মাহুষের মধ্যে ষাহারা অতি সাধারণ, ষাহারা নিতান্ত অজ্ঞ, তাহারাও এমন কিছু থোঁজে, যাহা প্রকৃতির নিয়মের উপর কর্তৃত্ব করিতে পারে। কেউ দানবের থোঁজ করে, কেউ ভূতের থোঁজ করে, কেউ বা দেবদেবীর থোঁজ করে। এই দানব, ভূত বা দেবতার নিকট প্রকৃতি সর্বশক্তিময়ী নয, তাহার দৃষ্টিতে প্রাকৃতিক নিয়ম তুচ্ছ, কারণ সে প্রকৃতিকে দমন করিতে পারে। মাহুষের হৃদয়ের চিরস্তন আকাজ্ঞা: আহা, যদি এমন কাহাকেও পাওয়া ষাইত, যিনি নিয়মের নিগড় ভাঙিয়া দিতে পারেন! আমরা তো সর্বদা তাঁহারই থোঁজ করিতেছি, ধিনি নিয়ম লজ্যন করিতে পারেন। একটি ধাবমান ইঞ্জিন রেলপথে অগ্রদর হইতেছে, আর উহার আক্রমণ হইতে আত্মরকা করিবার উদ্দেশ্তে একটি ক্তুল কীট সরিয়া ষাইতেছে। তথনই আমরা বলি:
ইঞ্জিনটি যত প্রকাণ্ডই হউক, উহা জড় পদার্থ, উহা একটি যন্ত্র ছাড়া আর
।কছুই নয়; উহা যতই শক্তিশালী হউক না কেন, উহাকে নিয়ম মানিয়া
চলিতে হয়; মাহ্য যে দিকে চালাইতে চায়, সেই দিকেই উহাকে চলিতে হয়;
উহা কখনও নিয়মকে অতিক্রম করিতে পারে না। কিন্তু কীটটি ক্তুল হইলেও
নিয়ম লঙ্খন করিবার চেষ্টা করে, নিজেকে রক্ষা করিবার চেষ্টা করে।
নিয়মকে সম্পূর্ণরূপে পরাভূত করিতে পাক্ষক বা নাই পাক্ষক, নিয়মের বিক্লজে
দাঁড়াইয়া সে তাহার স্বাধীনতা ঘোষণা করিয়াছে। ইহাই তাহার মধ্যে
ভবিশ্বং অদীমন্ত্র বা এশী সন্তার লক্ষণ।

নিয়মের বিক্ষে স্বাধীন ইচ্ছার এই আত্মপ্রতিষ্ঠা, আত্মার এই মৃক্তিপ্রবণতা সর্বত্রই পরিলক্ষিত হয়। প্রত্যেক ধর্মেই ঈশ্বর বা কোন দেবতার আকারে ইহা প্রতিফলিত হয়। কিন্তু ইহা দর্বৈব বাহিরের—ষাহারা দেবতাকে কেবল বাহিরেই দেখে, তাহাদের জন্ত। মাতুষ প্রথমে নিজেকে নিতাস্ত তুচ্ছ মনে করিয়াছিল; তাহার ভয় হইয়াছিল, দে হয়তো কোনদিনই মুক্ত হইতে পারিবে না। এইজ্ঞাসে প্রকৃতির বাহিরে এমন একজনের থোঁজ করিতে-ছিল, যিনি স্বভাৰত: মুক্ত। তারপর তাহার মনে হইল, বাহিরে এইরূপ অসংখ্য মুক্ত সত্তা বা দেবতা আছেন। ক্রমে মামুষ সকল দেবতাকে এক দেবাদিদেব পরমেশ্বরে মিলিত করিল। কিন্তু তাহাতেও মাহুষ তৃপ্ত হইতে পারে নাই। সে যথন চরম সভ্যের দিকে আরও অগ্রসর হইল, তখন সে ৰুঝিতে পারিল যে, দে নিজে যাহাই হউক না কেন, ধিনি সকল দেবতার দেবতা, যিনি সকল প্রভুর প্রভু, তাঁহার সহিত তাহার নিজের কোন সংস্ক আছে। সে বন্ধ, হীনমতি এবং চুর্বল হইলেও পরমেশ্বের সহিত সম্পর্কযুক্ত। এইভাবে মাহ্যের দৃষ্টি খুলিল, চিন্তার উন্মেষ হইল এবং জ্ঞানের প্রদার হইল। মাহ্ব ক্রমশঃ সেই পরমেশবের নিকটবতী হইতে লাগিল। অবশেষে সে ৰুবিল, এক সৰ্বশক্তিমান্ মৃক্ত আত্মাকে খুঁজিতে গিয়া তাহার মানসপটে পরমেশ্বর ও নানা দেবতার যে দৃষ্ঠ প্রতিভাত হইয়াছে, সেই দৃষ্ঠ তাহার নিজেরই সম্বন্ধে নিজভাবের প্রতিচ্ছবি মাত্র। সভ্য আবিষ্ণৃত হইল-দে ব্ঝিল, পরমেশ্বর নিজের অহরেপ করিয়া মাহুষকে গড়িয়াছেন, ইহাই ভুধু সভ্য নয়, মাহ্য নিজের মতো করিয়া পরমেশ্রকে গড়িয়াছে, ইহাও সভ্য।

এরপেই মান্ত্র স্বরূপত: মুক্ত—এই বোধ জাগ্রত হইল। সেই পরমেশ্র সদা অন্তর্নে বিরাজমান, আমাদের নিকটতম। এতকাল আমরা তাঁহাকে বাহিরে খুঁজিয়াছিলাম, অবশেষে বুঝিলাম—তিনি আমাদের অন্তরের অন্তরে।

গয়ে আছে, এক ব্যক্তি তাহার নিজের হৃৎস্পন্দনের শব্দকে গৃহের দরজায় ধাকা বলিয়া ভূল করিয়াছিল। প্রথমে একবার দরজা খুলিয়া সে দেখিল, বাহিরে কেহ নাই। ঘরে ফিরিয়া আদিয়া সে আবার সেই দরজায় ধাকার শক্ত শুনিয়া বিশ্বিত হইল। এবারও দরজা খুলিয়া বাহিরে কাহাকেও দেখিতে পাইল না। অবশেষে সে ব্ঝিতে পারিল যে, উহা তাহার নিজেরই হৃৎস্পন্দনের শক্ত। মাহুষের অবস্থা এই গল্পের লোকটির মতো। এক অনস্ত মৃক্ত সন্তার সন্ধানে বাহির হইয়া মাহুষ যখন গস্তব্যস্থলে পৌছিল, তখন তাহার ব্ঝিতে বাকি রহিল না যে, এতদিন সে বহির্জগতে বাহাকে অনন্ত মৃক্ত সন্তা বলিয়া কল্পনা করিয়াছে, তিনি তাহার স্বরূপেরই বহিঃপ্রকাশ— সকল আয়ার আজ্মা। এই সত্যস্থরণ দে নিজেই।

এইরপেই মাহ্য একদিন বৃঝিতে পারে, ভাহার সন্তার মধ্যে এক অভুত দৈতভাব বিজমান। সে একাধারে অসীম ও সসীম। যিনি অসীম, তিনিও তাহারই আত্মা। অসীম অনস্ত পরব্রহ্ম যেন বৃদ্ধির জালে পড়িয়া সসীম জীবকুলের স্থায় প্রতিভাত হইতেছেন। কিছ ইহাতে ব্রহ্মের স্বরূপেকোন বিকার উপস্থিত হয় নাই। তিনি অবিকৃতই রহিয়াছেন।

ষিনি আমাদের আত্মার আত্মা, তাঁহাকে নিত্য মৃক্ত আননদময় ও নির্বিকার পরব্রহ্ম বলিয়া জানাই প্রকৃত জ্ঞান। এই জ্ঞানই আমাদের স্থদ্দ ভিত্তি, আমাদের আপ্রয়ন্থল। ইহার মধ্যেই মৃত্যুর চির অবসান, তৃঃথের চির নিবৃত্তি এবং অমৃতত্বের আবির্ভাব। ষিনি বছর মধ্যে এক, যিনি পরিণামশীল জগতের মধ্যে এক অপরিণামী সন্তা—তাঁহাকে যিনি নিজের আ্মা-রূপে উপলব্ধি করেন, শুধু তিনিই শাশত শান্তির অধিকারী, অপর কেহ নয়।

মাহ্য যথন তৃ:খ-তৃদিশার অন্ধকারে পড়ে, তথন এই আত্মা সীয় জ্যোতির প্রভাবে তাহাকে জাগ্রত করে; মাহ্য জাগিয়াই ব্ঝিতে পারে, যাহা সত্য-সত্যই তাহার নিজম, তাহা সে কথনও হারাইতে পারে না। না, যাহা আমাদের নিজম, তাহা আমরা হারাইতে পারি না। কে তাহার স্বরূপ হারাইতে পারে ? যদি আমি ভাল হই, তাহা হইলে আমার সন্তাই প্রথম স্বীকৃত হয়, তারপর নেই সন্তাই ভাল গুণে রঞ্জিত হয়। যদি আমি মন্দ হই, তাহা হইলেও আমার সত্তাই প্রথম স্বীকৃত হয়, তারপর সেই সন্তাই দোষ বারা রঞ্জিত হয়। আদিতে, মধ্যে এবং অন্তে—সর্বত্রই এক অবিতীয় সন্তা বা 'সং' বিভয়ান। সং-এর ধ্বংস নাই।

অত এব সকলেরই আশা আছে। কেহই বিনষ্ট হইতে পারে না; কেহই চিরকাল হীন থাকিতে পারে না। জীবন একটা ক্রীড়াক্ষেত্র ছাড়া কিছু নয়, ক্রীড়া যতই সুল হউক না কেন। আমরা যতই হু:খ-ক্রেশ ও আঘাত পাই না কেন, তাহাতে আত্মার কোন অনিষ্ট হয় না, আত্মা অচল ও সনাতন। আমরা দেই নিত্য আত্মা।

বৈদান্তিক বলেন, 'আমার ভয় নাই, সংশয় নাই, মৃত্যু নাই; আমার পিতা নাই, মাতা নাই; আমার কখনও জন্ম হয় নাই। আমার শক্রই বা কে? আমিই যে সব কিছু। আমি সচ্চিদানন্দ, আমি ব্রহ্ম, আমি ব্রহ্ম। কাম, কোধ, লোভ, মাংস্থ, কুচিন্তা প্রভৃতি আমাকে স্পর্শ করিতে পারে না, কারণ আমি সচ্চিদানন্দ, আমি ব্রহ্ম, আমি ব্রহ্ম।'

এই ভাবনাই সকল ব্যাধির মহৌষধ, ইহাই মৃত্যুহর অমৃত। আমরা এই জগতে আছি; আমাদের স্থান্ধ সেই জগৎকে মানিয়া লইতে চায় না, উহার বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে। আমাদিগকে বার বার বলিতে দাও: আমি সেই, আমি সেই। আমার ভয় নাই, সংশয় নাই, মৃত্যু নাই। আমি স্ত্রী নই, পুরুষ নই; আমার সম্প্রদায় নাই, বর্ণও নাই। আমার কি মত থাকিতে পারে? এমন কোন্ সম্প্রদায় আছে, আমি ষাহার অন্তর্ভুক্ত হইতে পারি? কোন্ সম্প্রদায় আমাকে ধরিয়া রাখিতে পারে? আমি তো সকল সম্প্রদায়ের মধ্যেই বিজ্ঞমান! দেহ যতই প্রতিক্ল আচরণ করুক, মন যতই বিদ্রোহী হউক, যথনই চারিদিক হইতে গভীরতম অন্ধকার, তীর বেদনাময় উৎপীড়ন এবং অক্ল নৈরাশ্র আদিয়া ঘিরিবে, তথনই এই মন্ত্র উচ্চারণ করিবে, 'আমি ব্রন্ধ, আমি ব্রন্ধ, ব্যর বার ।

বার বার আমি মৃত্যুর কবলে পড়িয়াছি। কতবার দিনের পর দিন আনাহারে কাটিয়াছে, কতবার পায়ে নিদারণ ক্ষত দেখা দিয়াছে, হাঁটিতে আক্ষম হইয়া ক্লান্তদেহে বৃক্ষতলে পড়িয়া বহিয়াছি, মনে হইয়াছে এইখানেই জীবনলীলা শেষ হইবে। কথা বলিতে পারি নাই, চিস্তাশক্তি তথন লুপুপ্রায়।

কিন্ত অবশেষে ঐ মন্ত্র মনে জাগিয়া উঠিয়াছে: আমার ভয় নাই, মৃত্যু নাই; আমার ক্ধা নাই, তৃষ্ণা নাই। আমি ব্ৰহ্ম, আমি ব্ৰহ্ম। বিশ্বপ্রকৃতির সাধ্য . নাই 'বে, আমাকে ধ্বংস কবে। প্রকৃতি আমার দাস। হে পরমাত্র, হে পরমেশ্বন, ভোমার শক্তি বিভাব কর। তোমার হতরাজ্য পুনরধিকার কর। উঠ, চলো, থামিও না৷ এই মন্ত্র ভাবিতে ভাবিতে আমি নবজীবন লাভ করিয়া জাগিয়া উঠিয়াছি এবং আজ এখানে সশরীরে বর্তমান আছি। স্থতরাং যথনই অন্ধকার আদিনে, তখনই নিজের শ্বরূপ প্রকাশ করিও, দেখিবে—দকল বিৰুদ্ধ শক্তি বিলীন হইয়া যাইবে। বিৰুদ্ধ শক্তিগুলি তো স্বপ্ন মাত্ৰ। জীবন-পথের বাধাবিল্লগুলি পর্বত থমাণ, তুর্লজ্যা ও বিষাদ্ময় বেলিয়া মনে হইলেও এগুলি মায়া ছাড়া আর কিছুই নয়। ভয় করিও না, দেগিবে উহার। দূরে চলিয়া গিয়াছে। নিম্পেষণ কর, দেখিবে অদৃশ্য হইয়া গিয়াছে; পদদলিত কর, দেখিবে মরিয়া গিয়াছে। ভীত হইওনা। বার বার বিফল হইয়াছ বলিয়া নিরাশ হইও না। কাল নিরবধি, অগ্রসর হইতে থাকো, বার বার তোমার শক্তি প্রকাশ করিতে থাকো, আলোক আদিবেই। জগতে প্রত্যেকের কাছে সাহায্যপ্রাথী হইতে পারি, কিন্তু ভাগতে কি ফল হইবে ? কে তোমাকে সাধাষ্য করিবে ? মৃত্যুব হাত কে এডাইতে পারিয়াছে ? কে ভোমাকে মৃত্যু হইতে উদ্ধার করিবে ? তোমার উদ্ধারদাবন ভোমাকেই ক্রিতে হুইবে। তোমাকে সাহায্য ক্রার সাধ্য অপর কাহারও নাই। তুমি নিজেই তোমার পরম শক্র, আবার তুমিই তোমার শ্রেষ্ঠ বন্ধু। আগ্নাকে জানো, উঠ, জাগো; ভীত হইও ন।। তুঃধ ও তুর্বলতাব মধ্যে আত্মাকে প্রকাশ কর,—প্রথমে ইহা ষতই ক্ষীণ ও অত্নভবের অতীত বলিয়া মনে হউক না কেন। ভোমার এমন দাহদ হুটবে যে, তুমি দিংহগর্জনে বলিয়া উঠিবে: আমিই আহা, আমিই ব্ৰহ্ম। আমি পুৰুষ নই জীও নই; দেবতা নই, দৈত্যও নই, কোন প্রাণী বা বৃক্ষাদিও নই। আমি ধনী নই, দ্বিজ্ঞ নই, পণ্ডিত নই, মূর্যও নই। আমার স্বরূপের তুলনায় এই সকল উপাধি অতি তুচ্ছ। আম পরমায়া, আমি বন্ধ। ঐ ধে দেণীপামান চন্দ্র- হর্ষ গ্রহনক্ত্র-নিচয় দেখিতেছ, উহারা আমার প্রভায় উদ্ভাগিত হইয়াই আলোক বিস্তার করিতেছে। অগ্নির যে রূপ, ভাহা আমিই; বিশ্বের যে শক্তি, ভাহাও আমি, কারণ আমিই পরমাস্থা, আমিই ত্রন্ধ।

ষে মনে করে, 'আমি ক্রু', সে লাস্ক, কারণ আমিই তো একমাত্র সন্তা, আমিই সব কিছু। আমি বলি, 'সূর্য আছে', তাই পূর্য আছে; আমি বলি, 'পূর্যি আছে', তাই পূর্যি আছে। আমার উপর নির্ভর না করিয়া উহাদের কেহই থাকিতে পারে না, কারণ আমি সচ্চিদানন্দ, আমি ব্রহ্ম, আমি চিরস্থা, চিরপবিত্র, চিরস্কর। বাহিরের ঐ সূর্য যেমন মাস্থ্যের দৃষ্টিশক্তির কারণ হইয়াও কাহারও চোথের দোষে দ্যিত হয় না, তেমনি জগতের ভাল-মন্দ আমার স্বরূপকে স্পর্শ করে না। আমি সকল ইন্দ্রিয় এবং সকল বিষয়ের ভিতর দিয়া কাজ করিতেছি, কিন্তু কোন ইন্দ্রিয় বা কোন বস্তার দোষ আমাকে স্পর্শ করিতে পারে না। আমি কোন নিয়ম বা কর্মের অধীন নই। আমি কর্মাধ্যক্ষ। আমি চিরদিন ছিলাম, চিরদিন আছি।

আমাদেরই জনৈক কবি বলিয়াছেন—আমার প্রকৃত স্থ জাগতিক পদার্থে নাই, পতি-পত্নী, পূত্র-কল্পা প্রভৃতি কোন কিছু আমাকে আনন্দ দিতে পারে নাই। আমি অনস্ত নীলাকাশের মতো। কত বিচিত্র মেঘ আকাশের বৃকে খেলা করিয়া মূহর্তমধ্যে দূরে চলিয়া যায়। আবার দেই একই নীলাকাশ। স্থ-তৃঃখ শুভাশুভ আত্মাকে আর্ড করিয়া আমাকে মূহুর্তের জল্ল অভিভূত করিতে পারে; কিন্তু ইহারা ছায়ী নয়, অল্পকণের মধ্যেই অদৃশ্য হইয়া যায়। আমি সকল অবহাতেই আছি। আমি নিত্য, আমি অপরিণামী, আমি চির-ভাশর। তৃঃখ আদে আহ্মক, আমি জানি উহা দসীম; অতএব উহার বিনাশ অবশুস্তাবী। অশুভ আদে আহ্মক, আমি জানি উহাও বিনষ্ট হইরে; কারণ উহাও সদীম, কণছায়ী। একমাত্র আমিই অদীম, আমাকে কোন কিছুই স্পর্শ করিতে পারে না। আমি চিরস্তন, অসীম, অব্যয় পর্মাত্যা।

এস, আমরা এই জ্ঞানামৃত পান করি; ইহাই আমাদিগকে অমৃতত্ত্ব পৌছাইয়া দিবে। ইহাই অক্ষয় ব্রহ্মলাভের পথ। মা ভৈ:। আমরা পাপী, আমরা সদীম, আমরা মৃত্যুর অধীন—একথা বিশাস করিও না। ইহা সত্য নয়।

'আত্মতত্ব প্রবণ করিবে, মনন করিবে, নিদিধ্যাসন করিবে।' হাত যখন কাজ করিবে, মন যেন তখন জপ করিতে থাকে, 'আমি ব্রহ্ম, আমি ব্রহ্ম।' যতদিন না এই সত্য তোমার অছি-মাংসের সহিত মিশিয়া বার, বতদিন না তোমার অন্তর হইতে নিজের ক্ততা ত্র্নতা ত্থে এবং অমদলের ভয়াবহ প্র চিরতরে তিরোহিত হয়, ততদিন জাগরণে ও স্থপ্পে ইহা চিন্তা কর এবং তথনই পরম সত্য তোমার নিকট আর কণকালও আত্মগোপন করিয়া থাকিবে না।

জ্ঞানলাভের সোপানশ্রেণী

আমেনিকায় বেদান্ত শিক্ষাণীদের উদ্দেশ্যে বকৃতা।

· জ্ঞানমার্গের সাধকের সর্বপ্রথম আবশ্যক—শম ও দম। এই তুইটির ব্যাখ্যা একসঙ্গেই করা ষ্টতে পারে। ইহাদের অর্থ ইন্দ্রিয়গুলিকে বহির্থী হইতে না দিয়া স্ব স্ব কেন্দ্রে দংস্থাপিত করা। আমি প্রথম তোমাদের বলিব 'ইন্দ্রিয়' শব্দের অর্থ কি। ধর, চোথগুলি রহিয়াছে; এই চোথগুলি দর্শনেজিয় নয়, ইহারা দর্শনক্রিয়ার ষন্ত্রমাত্র। যথন দর্শনেন্দ্রিয় না থাকে, তথন চক্ষু থাকিলেও দেখিতে পারি না। কিন্তু দর্শনেন্দ্রিয় রহিয়াছে, দর্শনের ষম্ভ রহিয়াছে, কিন্তু যতক্ষণ মন এই ছইটির সহিত সংযুক্ত না হইবে, তভক্ষণ দর্শনক্রিয়া হয় না। স্থতবাং প্রত্যেক প্রত্যক্ষব্যাপারে তিনটি বস্ত আবশ্যক—প্রথমতঃ বাহ্ করণাবলী, তারপর অন্তরিন্রিয়সমূহ এবং সর্বশেষে মন। ইহাদের ষে-কোন একটি না থাকিলে কোন প্রকার প্রত্যক্ষ হইবে না। স্থতরাং দেখা যাইতেছে মন, বাহ্ন ও আভ্যম্ভর তুইটি করণ-সহায়ে কাব্দ করে। যখন আমি কোন কিছু দেখি, আমার মন বাহির হইয়া বায় এবং বাহ্ বস্তর আকার ধারণ করে। কিন্তু মনে কর, আমি চোখ বুঞ্জিয়া ভাবিতে আরম্ভ করিলাম ; মন তখন বাহিরে যায় না ; ইহা ভিতরেই সক্রিয় থাকে। কিন্তু উভয় ক্লেতেই ইন্দ্রিয়-গুলি সক্রিয় থাকে। যখন আমি তোমাদের দিকে তাকাই এবং তোমাদের সবে কথা বলি, তথন ইন্দ্রিয় ও উহাদের যন্ত্রসমূহ উভয়ই কার্বরত পাকে। ৰখন আমি চোধ বুজিয়া ভাবিতে আরম্ভ করি, তখন ইন্দ্রিয়গুলি সক্রিয় থাকে, কিন্ত ইহাদের বন্তগুলি সঞ্জিয় থাকে না। এই ইন্দ্রিয়গুলির ক্রিয়া ব্যভীত কোন চিস্তা বা মনন-ক্রিয়া হয় না। তোমবা লক্ষ্য করিবে, তোমাদের কেহই কোন প্রতীকের সাহায্য ছাড়া চিন্তা করিতে পার না। অন্ধলোককেও কোন একটি আকারের মাধ্যমে চিন্তা করিতে হয়। দর্শনেন্দ্রিয় ও শ্রুক্ষেপ্র সাধারণত: অত্যন্ত সক্রিয়। তোমাদের অবশ্য মনে রাখিতে ইইবে যে. 'ইন্দ্রিয়' শব্দের অর্থ ম উন্ধ হিত স্নায়ুকেন্দ্র। চক্ষ্ ও কর্ণ দর্শন ও শ্রুবণের ষন্ত্রমাত্র; ইন্দ্রিয়গুলি রহিয়াছে ভিতরে। ইন্দ্রিয়গুলি যদি কোন কারণে নাই হইয়া যায়, তাগ হইলে চক্ষ্কর্ণ থাকা। সত্ত্বে আমরা দেখিতে বা শুনিতে পাইব না। স্ক্রোং মনকে সংঘত করিবার জন্ম আমরা দেখিতে বা শুনিতে পাইব না। স্ক্রোং মনকে সংঘত করিবার জন্ম আমরা দিখিকে প্রথম এই ইন্দ্রিয়গুলিকে সংঘত করিতে হইবে। বাহ্ন ও আমরা বিষয়ে মনের গতি-রোধ করা এবং ইন্দ্রিয়গুলিকে স্বাম্বার্য সংঘম দ্রান হাপন করা—ইহাই হইল শ্বম ও দ্র্য শব্দের অর্থ। মন বা অস্করিন্দ্রিয় সংঘ্য হইল শ্বম এবং চক্ষ্ণাদি বহিরিন্দ্রিয়ের সংঘ্য দ্রম।

ভারপর আবশ্যক—উপরতি। ইন্দ্রিয়ের বিষয়গুলি সম্বন্ধে চিন্ত। না করাকে 'উপরতি' বলা হয়। ইন্দ্রিয়ের বিষয় চিন্তা করিতে করিতেই আমাদের অধিকাংশ সময় ব্যয়িত হয়—ষাহা দেখিয়াছি, শুনিয়াছি, যাংগ দেখিব বা শুনিব, যাহা থাইয়াছি, থাইভেছি বা থাইব, যে যে হানে বাস করিয়াছি ইত্যাদি বিষয়েই আমাদের চিন্তা। আমরা প্রায় সব সময়ই ইহাদের সম্বন্ধে চিন্তা করি অথবা কথা বলি। যিনি বেদান্তী হইতে ইচ্ছুক তাংগকে এই অভ্যাস অভি অবশ্যই পরিত্যাগ করিতে হইবে।

পরবর্তী সাধন হইল ভিতিকা দার্শনিক জীবন ছংগাধ্য সাধন।—এই সাধনটি সর্বাধিক ছম্বন। অস্থায়ের প্রতিরোধ না করা সহিষ্ণুতার চরম আদর্শ; তিতিকা ইহা হইতে কোন অংশে ন্যুন নহে। বিষয়ট একটু পরিষ্কারভাবে বোঝানো দরকার। বাহ্যুত: অস্থায়ের প্রতিরোধ না করিতে পারি কিন্তু ভজ্জন্ত অন্তরে ছংখবোধ হইতে পারে। আমরা অভ্যন্ত বিষয় বোধ করিতে পারি। কোন ব্যক্তি আমার প্রতি অভান্ত রুঢ় বাক্য প্রয়োগ করিতে পারে, ভজ্জন্ত বাহ্যুত: ভাহাকে ম্বণা না করিতে পারি, ভাহার কথার প্রত্যন্তর না দিতে পারি এবং নিজেকে সংঘত করিয়া আপাতত: কোধ প্রকাশ করিতে না পারি, ভথাপি আমার অন্তরে কোধ ও মুণা থাকিতে পারে এবং অ্রুমি ঐ লোকটির প্রতি বিরূপ মনোভাব পোষণ করিতে পারি। ইহা আদর্শ অপ্রতিরোধ নয়। এই আদর্শাহ্যারে আমার মনেও কোন

ঘুণা অথবা জোধের ভাব থাকা উচিত নয়, এমন কি প্রতিরোধের চিস্তাও নয়; আমার মন এত দ্বির ও শাস্ত থাকিবে বেন কিছুই ঘটে নাই। বধনই আমি সেই অবহায় উপনীত হই, তথনই অপ্রতিরোধ-অবহা প্রাপ্ত হই; ইহার পূর্বে নয়। তৃঃথ প্রতিরোধ করিবার অথবা দ্ব করিবার চিস্তামাত্র না করিয়া, মনের মধ্যে কোন প্রকার হৃঃথময় অফুভৃতি অথবা অহুণোচনা না রাখিয়া সর্ববিব তৃঃথের যে সহন—তাহাই তিতিক্ষা। মনে কর, অভভের প্রতিরোধ করিলাম, ফলে গুরুতর অনিইপাত হইল। আমার ষদি তিতিক্ষা থাকে, তাহা হইলে অভভ প্রতিরোধ না করার জন্ত আমার অহুশোচনা বোধ করা উচিত নয়। সেই অবহায় উয়ীত হইলে বলা হায়, মন তিতিক্ষার প্রতিন্তিত হইল। ভারতবাদীরা এই তিতিক্ষা অভ্যাস করিবার জন্ত অসাধারণ কর্ম করিয়া থাকেন। তাঁহারা কিছু গ্রাহ্ম না করিয়া অত্যুগ্র শীত ও উফ্ সহ্ম করেন; তাঁহারা তৃষারও গ্রাহ্ম করেন না, কেন না দেহ সহদ্যে তাঁহাদের কোনই চিস্তা থাকে না। দেহের ভাবনা দেহই করে, ইহা হেন একটি বাহিরের জিনিস।

অতঃপর যে সাধনের প্রয়োজন, তাহা শ্রন্ধা। ধর্ম ও ঈশরে প্রগাঢ় বিখাস থাক। দরকার। যতক্ষণ এই বিখাস না হয়, ততক্ষণ কেহ জ্ঞানী হইবার উচ্চ আশা পোষণ করিতে পারে না। এক সময় একজন মহাপুরুষ আমাকে বলিয়াছিলেন যে, এই জগতে ছুই কোটি লোকের মধ্যে একজনও ঈবরে বিধাস করে না। ইহার কারণ জিজ্ঞাসা করিলে তিনি বলিয়াছিলেন, 'মনে কর, এই ঘরে একটি চোর রহিয়াছে এবং সে জানিতে পারিল, পাশের ঘরে রাশীক্বত গোনা আছে; ঘব ছুইটির মাঝে একটি খুব পাতলা পরদা রহিয়াছে। আচ্ছা, সেই চোরটির কি অবস্থা হইবে ?' আমি উত্তর দিলাম, 'চোরটি একেবারে ঘুমাইতে পারিবে না; ভাহার মন্তিষ্ক সক্রিয়ভাবে সেই দোনা হন্তগত করিবার উপায় উদ্ভাবন করিতে থাকিবে এবং ভাহার **অক্ত** কোন চিস্তা থাকিবে না।' ভত্তরে তিনি বলেন, 'তুমি কি বিখাস কর, কোন মাহ্য ঈশববিশাদী হইয়া ঈশবকে লাভ করিবার জন্ত পাগল হইয়া যাইবে না ? যদি কোন লোক আম্বরিকভাবে বিখাদ করে যে, এক অসীম অনন্ত আনন্দের আকর রহিয়াছে এবং তাহা লাভ করা যায়, তাহা হইলে উহা লাভ করিবার চেষ্টার সে কি পাগল হইবে না ?' ক্রুখুরে দৃঢ় বিখাস এবং তাঁছাকে লাভ করিবার জন্ত অহুরূপ আগ্রহকেই বলে 'এইটি।

তারপর সমাধান, অর্থাৎ মন ঈশবে একাগ্র করিবার নিয়ত অভ্যাস।
কোন কিছুই এক দিনে সম্পন্ন হয় না। ধর্ম একটি বটিকার আকারে গিলিয়া
ফেলা যায় না। ইহার জন্ত প্রতিনিয়ত কঠোর অফুশীলনের দরকার।
কেবল ধীর ও নিয়ত অভ্যাস ঘারা মনকে জয় করা যায়।

তারপর মৃমৃক্ত — মৃক্তিলাভের তীত্র ইচ্ছা। তোমাদের মধ্যে বাহারা এড উইন আর্নভের 'Light of Asia' (এশিয়ার আলো) নামক গ্রন্থ পড়িয়াছ, বৃদ্ধের প্রথম উপদেশের অহ্বাদ নিশ্চয়ই তাহাদের মনে আছে। সেধানে বৃদ্ধ বলিয়াছেন:

'ভোমরা নিজেদের জন্মই ছংখভোগ করিয়া থাকো; অন্ত কেইই তোমাদিগকে ছংখ ভোগ করিতে বাধ্য করে না। তুমি জীবনধারণ কর, মৃত্যুম্থে পতিত হও, জীবন-মৃত্যুর চক্রে বিঘূর্ণিত হইয়া ছংখের শলাকা, অশ্রম বেইনী এবং অসারতার মধ্যবিন্দুকে আলিঙ্গন কর—ইহাতে অন্ত কেইই তোমাকে ধরিয়া রাথে না।'

আমাদের যাবতীয় তৃঃধ আমরা নিজেরাই বাছিয়া লইয়াছি। ইহাই আমাদের প্রকৃতি। একজন বৃদ্ধ চৈনিক যাট বৎসর কারাক্স্ক ছিল; কোন নৃতন সমাটের রাজ্যাভিষেক উপলক্ষ্যে তাহাকে মৃক্তি দেওয়া হয়। কারাগার হইতে বাহির হইয়া সে চীৎকার করিয়া বলিল, 'আমি আর বাঁচিতে পারিব না।' তাহাকে আবার সেই বিভীষিকাপূর্ণ ক্স্ক কারাগৃহে যাইতে হইবে। সে আলোক সহ্থ করিতে পারে নাই। সে রাজকর্মচারিগণকে বলিল, 'ভোমরা আমাকে মারিয়া ফেলো অথবা কারাগারে পাঠাইয়া দাও।' তাহাকে কারাগারেই পাঠানো হইল। মাহুষ মাত্রেরই ঠিক এইরূপ অবস্থা। আমরা উদ্দামগতিতে সর্বপ্রকার তৃঃথের পিছনে ছুটি, তৃঃধ হইতে মৃক্তি লাভ করিতে আমরা অনিচ্ছুক। প্রতিদিন আমরা স্থের পশ্চাতে ধাবিত হই, নাগাল পাইবার পূর্বেই দেখি, উহা বিলীন হইয়া গিয়াছে, আঙ্লের ফাঁক দিয়া গলিয়া পড়িয়া গিয়াছে। তব্ও আমরা উন্যক্তভাবে স্থান্থেব হইতে বিরত হই না, বরং আগাইয়া চলি। এমন মোহান্ধ নির্বোধ আমরা!

ভারতবর্ষের কোন কোন তেলের কলে বা ঘানিতে বলদ ব্যবহার করা হয়। বলদগুলি ঘূরিয়া ঘূরিয়া তৈলবীজ পেষণ করে। বলদের কাঁধে একটি জোয়াল আছে। একটুকরা কাঠ জোয়াল হইতে লম্মান থাকে এবং ইহার সঙ্গে এক গোছা খড় বাঁধা থাকে। বলদের চোখ-ছুইটি এমনভাবে বাঁধিয়া দেওয়া হয় যে, সে কেবল সমূখের দিকে ভাকাইতে পারে; স্থতরাং থড়টুকুর নাগাল পাইবার জন্ত সে আপন গলদেশ বাড়াইয়া দেয়, এইরূপ করিতে গিয়া সে কাঠথওটিকেই খানিকটা সরাইয়া দেয়। সে আবার চেষ্টা করে, কিন্তু ফল হয় একই ! এই ভাবে বার বার চেষ্টা চলিতে থাকে। বলগটি কখনই খড়ের নাগাল পায় না, কিন্তু ইহা পাইবার আশার বার বার ঘ্রিয়া যায় এবং এইভাবেই সে ভৈলবীজ পেষণ করে। তুমি ও আমি প্রকৃতির দাসরূপে, সম্পদের দাসরূপে, স্ত্রীপুত্র-পরিজনের দাসরূপে জন্মিয়াছি; এবং আমরা এইভাবেই একটি কল্পিড অবান্তব তৃণগুচ্ছের পশ্চাতে ধাবিত হইয়া অসংখ্য জীবন অভিক্রম করিতেছি, অথচ যাহা আমরা আকাজ্জা করি, তাহা পাই না। ভালবাদাই আমাদের মহান্ পপ্প; আমরা সকলেই ভালবাদিবার জ্বন্ত এবং ভালবাদা পাইবার জ্বন্ত চলিয়াছি; আমরা সকলেই স্থী হইবার জন্ম চলিতেছি, কথনই তুংখের সমুখীন হই না; কিছ যতই আমরা স্থাের দিকে অগ্রানর হই, স্থা ততই আমাদের নিকট হইতে দূরে সরিয়া যায়। এইভাবেই জগং চলিয়াছে, সমাজ চলিয়াছে। আমরা অজ্ঞানান্ধ, বিষয়ের দাস; অজ্ঞাতদারেই আমাদিগকে বিষয়াসক্তির মূল্য দিতে হয়। তোমরা নিজেদের জীবন পুঙ্খাহুপুঙ্খরূপে বিশ্লেষণ কর, দেখিবে তাহাতে স্থবের মাত্রা কত অল্প এবং জগং-প্রপঞ্চের পশ্চাৎ ধাবিত হইয়া বাস্তবিক পক্ষে কত অন্নই লাভ করিয়াছ।

দোলন ও জিদাদের (Solon and Croesus) কথা ভোমাদের মনে আছে ভো? রাজা দেই মহান্ জ্ঞানী-পুরুষকে বলিলেন, 'এণিয়া-মাইনর থ্ব স্থাবর স্থান।' দোলন তাঁছাকে জিজ্ঞাদা করিলেন, 'দবচেয়ে স্থী কে? বিশেষ স্থী একটি লোকও ভো আমি দেখি নাই।' জিদাদ বলিলেন, 'ইহা একেবারে বাজে কথা! জগতে আমিই দর্বাপেকা স্থী।' দোলন তথন বলিলেন, 'মহাশয়, আপনার জীবনের শেষ পর্যন্ত অপেকা করুন; হঠাৎ কোন দিলান্ত করিবেন না।' এই কথা বলিয়া তিনি চলিয়া গেলেন। কালক্রমে দেই নৃপতি পার্দীকদের হত্তে পরাজিত হন এবং তাহারা জীবন্ত অবস্থায় তাঁহাকে পোড়াইয়া ফেলিবার নির্দেশ দিল। চিতা প্রস্তুত; জিদাদ ইহা দেখিবামাত্র চীৎকার করিয়া ডাকিলেন, 'দোলন! দোলন!!' ভাহারা

জিজ্ঞাসা করিল, 'আপনি কাহার কথা বলিতেছেন ?' উত্তরে তিনি সোলনের বিষয়টি বিবৃত করিলেন। পারশু-সমাটের মনে লাগিল; তিনি ক্রিসাসের জীবন রক্ষা করিলেন।

আমাদের প্রত্যেকেরই জীবনকাহিনী এইরূপ। আমাদের উপর প্রকৃতির এইরূপই প্রবল প্রভাব। ইহা বার বার পদাঘাত করিয়া আমাদিগকে দূরে নিক্ষেপ করিতেছে, তবু আমরা অদম্য উত্তেজনা-বশে ইহাকেই অন্থ্যরপ করিতেছি। নৈরাশ্রের পর নৈরাশ্র সত্ত্বে আমরা সর্বদা অন্তরে আশা পোষণু করিতেছি। এই কুহ্কিনী আশা আমাদিগকে পাগল করিয়া তোলে; আমরা সর্বক্ষণ স্থের আশা করিতেছি।

প্রাচীন ভারতে একজন মহান্ নৃপতি ছিলেন। তাঁহাকে একদিন চারিটি প্রশ্ন করা হয়; ইহাদের মধ্যে একটি প্রশ্ন ছিল: 'জগতের ম্ধ্যে স্বাপেকা বিশ্বয়কর বস্তু কি <u>?'</u> তিনি উত্তরে বলেন, 'আশা'। সত্য, ইংাই সর্বাপেক্ষা বিশায়জনক বস্তু। দিবারাত্র আমরা দেখিতে পাই, আমাদের চারিদিকে মাতুষ মরিতেছে; তথাপি আমরা মনে কবি, আমরা মরিব না। আমরা কথনও মনে করি না যে, আমরা মরিব অথবা হুঃথক্ট পাইব। প্রত্যেকেই মনে করে, দে জীবনে সাফল্য লাভ করিবেই—সর্বপ্রকার নৈরাশ্র. বিপর্যয় ও তর্ক-যুক্তি উপেক্ষা করিয়াও সে অন্তরে আশা পোষণ করে। এ জগতে কেহই যথার্থ স্থা নয়। ধর, কোন ব্যক্তি ধনবান্, তাহার প্রচুর খাছদ্রব্য রহিয়াছে; কিন্তু তাহার পরিপাক-শক্তির গোলমাল থাকিলে সে খাইতে পারে না। আর একজনের ভাল পরিপাক-শক্তি আছে, এবং দে সামুদ্রিক পক্ষী 'কর্মোর্যাণ্ট' (Cormorant)-এর মতো হন্তম করিতে পারে, কিন্তু মুথে দিবার মতো কোন থাছাই তাহার নাই। কেহ আবার ধনী, কিন্তু নি:দন্তান। কেহু আবার দরিদ্র—ক্ষ্ণায় কাতর, কিন্তু তাহার একপাল ছেলেমেয়ে, ভাহাদের লইয়া কি যে করিবে, সে বুঝিতে পারে না। এইরণ হয় কেন? স্থপ ও তৃংখ একই মুদ্রার এপিঠ ওপিঠ। যে স্থাকে গ্রহণ করে, তাহাকে তুঃখও গ্রহণ করিতে হয়। আমাদের সকলের এইরূপ ভ্রাম্ভ ধারণা আছে যে, আমরা হঃথকে বাদ দিয়া সুথ লাভ করিতে পারি। এই ধারণা আমাদিগকে এমনই পাইয়া বিষয়াছে ষে, আমরা নিজেদের ইক্সিন গুলিকে সংযত করিতে পারি না।

আমি যখন বদ্টনে ছিলাম, একজন যুবক আমার কাছে আদে। দে আমাকে একটুকরা কাগজ দিল; ইহার উপর সে একটি নাম ও ঠিকানা লিখিল। নীচে লেখা ছিল: 'যদি পাইবার উপায় ভোমার জানা থাকে, তবে জগতের যাবতীয় ঐশ্বর্থ ও স্থথ তোমারই। আমার কাছে আদিলে বলিয়া দিব, কি ভাবে তাহা লাভ করা যায়। ইহার জন্ম পাঁচ ডলার দিতে হইবে।' সে আমাকে কাগজখানি দিয়া বলিল, 'এ-সম্বন্ধে আপনার কি ধারণা ?' আমি বলিলাম, 'ইহা ছাপিবার জন্ত তুমি অর্থের ব্যবস্থা কর না কেন? ইহা ছাপিবার অন্তও তোমার ষথেষ্ট অর্থ নাই।' সে আমার কথা বুঝিতে পাবিল না। কোন প্রকার কট স্বীকার না কবিয়া দে প্রচুর স্থ্য ও অর্থ লাভ করিতে পারিবে—এই ধারণায় দে ছিল মশগুল। মাহষ হুইটি চরম সীমার দিকে ছুটিভেছে: একটি চূড়াস্ত শুভবাদ---যাহাতে সবকিছুই শুভ, স্থন্দর ও গোলাপী বলিয়া মনে হয়। অপরটি চূড়াস্ক হু:থবাদ— ষাহাতে সবকিছুই তাহার নিকট বিরোধী বলিয়া প্রতীত হয়। অধিকাংশ লোকের মৃত্তিষ্ কমবেশী অপরিণত। দশ লুকেব মধ্যে একজনের মন্তিষ্ সুপরিণত দেখা যায়। বাকী যাহারা, তাহারা—হয় অভুত থেয়ালী অ্থবা. বাতিকগ্ৰন্ত।

শভাবতই আমরা সর্ববিষয়ে চূড়ান্ত সীমার দিকে ধাবিত হই। যথন
আমরা স্থ থাকি ও আমাদের বয়স অল্ল, তথন আমরা মনে করি—জগতের
সমন্ত ধন আমাদের করায়ন্ত হইবে; কিন্তু পরে বয়স বাড়িলে সমাজ যথন
আমাদিগকে ফুটবলের মতো চারিদিকে আঘাতে জর্জরিত করে, তথন এক
কোনে বিসন্না বিরক্তির অফ্ট শব্দ উচ্চাবণপূর্বক আমরা অপরকে নিরুৎসাহ
করিয়া দিই। অল্ল লোকেই জানে যে, স্থেপর সঙ্গে আমের অপরকে নিরুৎসাহ
করিয়া দিই। অল্ল লোকেই জানে যে, স্থেপর সঙ্গে আমের অবং ফুথের
সঙ্গে আসে স্থা। তুংথ যেমন বিরক্তিকর, স্থাও তাই; স্থা তুংথের যমজ
আতা। মাহার তুংথের পশ্চাতে ছুটবে—ইহা তাহার মর্যাদার পক্ষে হানিকর,
আবার সে স্থেপর পশ্চাতে ধাবিত হইবে—ইহাও সমভাবে অসম্মানজনক।
যাহাদের বিচারবৃদ্ধি দাম্যে স্থিত, তাহারা উভয়কেই পরিত্যাগ করিবে।
মাহ্য যাহাতে অপরের দারা যন্ত্রবং চালিত না হয়, সেই চেটা করিবে
না কেন ? এইমাত্র আমাদের একটি ডলার দিয়া দিল। আবার চাব্ক খাইলাম,

আবার কাঁদিতে লাগিলাম—প্রকৃতি তথন আমাদিগকে একথণ্ড পিষ্টক দিল; সদে সলেই আবার আমরা হাসিতে লাগিলাম।

জ্ঞানের সাধক চান মুক্তি। তিনি দেখেন, ইন্দ্রিয়গ্রাহ্ বিষয়গুলি সব অসার, এবং স্থ-তুঃথের অন্ত নাই। জগতে কত ধনীই না নৃতন নৃতন স্থ লাভ করিতে চায়! সব স্থেই পুরাতন হইয়া গিয়াছে; এথন তাহারা মুহুর্তের স্নায়বিক উত্তেজনার জগ্য নৃতন স্থ চায়। দেখিতে পাইতেছ না---প্রতিদিন তাহারা কতই হাস্তাম্পদ বস্তু আবিষ্কার করিতেছে ? তারপর লক্ষ্য করিয়াছ, ইহার কিরূপ প্রতিক্রিয়া আসে? অধিকাংশ লোক মেষপালের মতো। দলের প্রথমটি নর্দমায় পড়িলে বাকী সবগুলি তাহাকে অহুসরণ কবিয়া বিপন্ন হয়। ঠিক এই ভাবেই সমাজের একজন নেতৃস্থানীয় ব্যক্তি ষাহা করে, অন্ত সকলে নিজেদের কাজের পরিণাম না ভাবিয়াই তাহা করিতে থাকে। যথন কোন ব্যক্তি পার্থিব বস্তুর অসারতা উপলব্ধি করিতে আরম্ভ করে, সে অমুভব করে, এইভাবে তাহার পক্ষে প্রকৃতির ক্রীড়নক হওয়া অথবা প্রকৃতির দ্বারা পরিচালিত হওয়া উচিত নয়; ইহা দাসত। কোনু ব্যক্তিকে কয়েকটি মধুর কথা বলিলে সে তুপ্তির হাসি হাসিতে থাকে : কিছু কয়েকটি কর্কশ কথা ভনিলে সে কাঁদিতে থাকে। সে এক মুঠা অল, একটু খাস-প্রখাস, পোশাক-পরিচ্ছদ, দেশপ্রেম, দেশ, নাম ও যশের দাস। এই ভাবে সে দাসত্বের মধ্যে বাস কবে এবং দাসত্ব-হেতু তাহার প্রকৃত স্বরূপ চাপা পড়িয়া যায়। তুমি যাহাকে মাহুষ বলো, দে একটি ক্রীতদাস। এই সব দাসত্ব মর্মে অন্নভব করিলেই মুক্ত হইবার ইচ্ছা জাগে, মুক্তির একটি উত্রগ্র বাসনা আসে। একখণ্ড জলস্ক কয়লা একজনের মাথায় স্থাপিত হইলে ইহা দূরে ফেলিয়া দিবার জন্ম সে কিরূপ চেষ্টা করে! বে-ব্যক্তি সভ্য সভ্যই ব্ঝিতে পারে যে, দে প্রকৃতির কীতদাস—তাহার মৃক্তির সংগ্রামও এইরূপ रहेर्व।

আমরা এইমাত্র দেখিলাম—মুমৃক্ত্ব অর্থাৎ মৃক্তির ইচ্ছা কি। সাধনার পরবর্তী সোপানটিও থুব শক্ত। ইহা হইল—নিত্যানিত্য-বিবেক অর্থাৎ সত্য ও অসত্য, নিত্য ও অনিত্যের বিচার। কেবল ঈশ্বরই নিত্য, আর সব কিছুই অনিত্য। সব কিছুই মরে—দেবদ্ত, মাহ্য, জীবজন্ত সব মরে, পৃথিবী স্থ্ চন্দ্র তারকা সব ধ্বংস হইয়া যায়। প্রতিটি বস্তু প্রতিমৃহুর্তে পরিবর্তিত হইতেছে। অক্সকার পর্বতগুলি অতীতে মহাসাগর ছিল; আগামী কাল তাহারা মহাসাগরে পরিণত হইবে। প্রত্যেক বস্তুই প্রবাহাকারে চলিতেছে। সমগ্র বিশই পরিবর্তনের একটি পিগুণ কিন্তু এক অপরিণামী বস্তু আছেন, তিনিই ঈশর। আমরা যতই ঈশরের নিকটবর্তী হই, পরিবর্তন আমাদের তত কম হইবে, প্রকৃতি তত কম আমাদের উপর ক্রিয়া করিবে। আমরা যথন তাঁহার সারিধ্য লাভ করিব, তাঁহার সঙ্গে একত্ব অহুভব করিব, তথনই আমরা প্রকৃতিকে জয় করিব, জগংপ্রপঞ্চের উপর প্রভৃত্ব করিব; আর আমাদের উপর তাহাদের কোন প্রভাব থাকিবে না।

দেখিতে পাইতেছ, যদি সত্য সতাই আমর। উপরি-উক্ত শমদমাদি সাধনে প্রতিষ্ঠিত হই, তাহা হইলে আমাদের অন্ত কিছুর প্রয়োজনই হয় না। সমস্ত জ্ঞান আমাদের ভিতরেই রহিয়াছে। আয়ার মধ্যে সমস্ত পূর্ণতা পূর্ব হইতেই রহিয়াছে; কিছু এই পূর্ণতা প্রকৃতি ছারা আরত। প্রকৃতি আপন এক একটি স্তরে আয়ার এই শুদ্ধ রূপকে আরুত করিতেছে। এই অবস্থায় আমাদের কি করিতে হইবে? প্রকৃতপক্ষে আমরা মোটেই আয়ার উৎকর্ষ সাধন করি না। কোন অপূর্ণ বস্তু কি পূর্ণ বস্তুর উৎকর্ষ সাধন করিতে পারে? আমরা শুধু আবরণটিকে সরাইয়া লই। তথন আয়া নিত্য-শুদ্ধ বৃদ্ধ-মুক্ত শ্বরূপে প্রকাশিত হন।

এখন প্রশ্ন: এইদব সাধনের এত প্রয়োজন কি ? কারণ আধ্যাত্মিকতা কর্ণ বা চক্ষ্ বা মন্তিষ্ক দারা লাভ করা যায় না। শান্ত্রপাঠেও আধ্যাত্মিকতা লাভ করা যায় না। জগতে যত গ্রন্থ আছে, সবই আমরা পড়িয়া ফেলিতে পারি, তবু ধর্ম বা ঈশ্ব-বিষয়ে কিছুই জানিতে না পারি। সমগ্র জীবন আমরা ধর্মের কথা বলিতে পারি; তাহাতেও আমাদের আধ্যাত্মিক উন্নতি নাও হইতে পারে। আমরা পৃথিবীর মধ্যে শ্রেষ্ঠ মনীয়া হইতে পারি, তথাপি একেবারেই ঈশ্বরের নিকট পৌছিতে না পারি। পক্ষান্তরে অত্যধিক বৃদ্ধির অন্থলীলনের ফলে কিরূপ অধ্যাত্মবিম্থ অধার্মিক সমাজ গড়িয়া উঠিয়াছে, তাহা কি তোমরা দেখিতে পাও না ? ইহা তোমাদের পাশ্চাত্য সভ্যতার একটি দোষ যে, তোমরা কেবল বৃদ্ধির উন্নেষকারী শিক্ষার পশ্চাতে ধাবিত; স্বদ্মবৃত্তির দিকে তোমরা দৃষ্টি দাও না। বৃদ্ধিবৃত্তি শুধু মাম্ব্রুকে দশগুণ অধিক স্বার্থপর করিয়া ভোলে; ইহাই তোমাদের ধ্বংদের কারণ হইবে। হাদয় ও

মন্তিক্ষের মধ্যে দ্বন্দ্ব উপস্থিত হইলে স্থান্তকেই মানিবে, কেন না মন্তিক্ষের একটি মাত্র বৃত্তি—বিতর্ক ; ইহার মধ্যেই মস্তিম্ক কাব্দ করে, ইহার বাহিরে যাইতে পারে না। হৃদয় মাহুষকে উচ্চতম শুরে লইয়া বায়; মন্তিম কখনও দেই শুরে পৌছিতে পারে না। ইহা বুদ্ধিবৃত্তিকে অতিক্রম করিয়া বোধির ন্তবে উপনীত হয়। বৃদ্ধি কথনও প্রেরণাবোধ স্ঠাষ্ট করিতে পারে না। কেবল হাদয় যথন প্রজ্ঞালোকে আলোকিত হয়, তথনই উহা প্রেরণায় উদ্ব হয়। হাদয়হীন বৃদ্ধিসর্বন্থ মান্তব কথনও প্রেরণা লাভ করিতে পারে না। প্রেমিক পুক্ষের মধ্যেই জদয়ের বাণী শোনা যায়। বুদ্ধি অপেক্ষা হাদয় উন্নততর যন্ত্র আবিষ্ণার করে—দেই যন্ত্র হইল অহুপ্রেরণার যন্ত্র। বৃদ্ধি যেমন জ্ঞানের যন্ত্র, হৃদয় তেমনি প্রেরণার যন্ত্র। অপেক্ষাকৃত অন্তর্গত স্তরে ইহা বুদ্ধি অপেকা অনেকটা তুর্বল। জ্ঞানহীন ব্যক্তি কিছুই জানে না, কিছু তাহার প্রকৃতি কিছুটা আবেগপ্রবণ। তাহাকে একজন বিশিষ্ট অধ্যাপকের সহিত তুলনা কর--অধ্যাপকটির কি অভুত ক্ষমতা। কিন্তু তিনি তাঁহার বৃদ্ধি দারা সীমাবদ্ধ; এবং একই সময়ে তিনি একটি শয়তান ও প্রথরবৃদ্ধিবৃত্তিসম্পন্ন লোক হইতে পারেন, কিন্তু ছদয়বান্ ব্যক্তি কথনও শয়তান ছইতে পারে না। আবেগে পূর্ণ কোন ব্যক্তি কথনও শয়তান হয় না। ঠিক ঠিক অহুশীলন করিলে হৃদয়বৃত্তির পরিবতন হয় এবং ইহা বৃদ্ধিবৃত্তিকে অতিক্রম করিয়া অন্তপ্রেবণায় রূপান্তরিত হইবে। সর্বশেষে মাহুষকে বৃদ্ধিবৃত্তি অতিক্রম করিতে হইবে। মাহুষের জ্ঞান, যুক্তি, অহুভব, বুদ্ধি ও হৃদয়বৃত্তির শক্তি—এ সবই জগদ্রপ তৃথ্যমন্থনে ব্যস্ত। দীর্ঘকালব্যাপী মন্থনের পর আদে মাথন; এবং ঈশ্বহৈ সেই মাধন। বাঁহারা হৃদয়বান্ তাঁহারা ঐ মাধনই লাভ করেন এবং বুদ্ধিজীবীর জন্ম পড়িয়া থাকে শুরু ঘোল বা মাখন-ভোলা হুধ।

এগুলিই হৃদয়ের প্রস্তৃতি—দেই প্রেম, হৃদয়ের দেই গভীর সহাত্নভূতির প্রস্তৃতি। ভগবানের নিকট পৌছিবার জন্ম শিক্ষিত অথবা পণ্ডিত হইবার একেবারেই প্রয়োজন নাই। জনৈক মহাপুরুষ একবার আমাকে বলিয়াছিলেন, 'অপরকে বধ করিবার জন্ম ঢাল-তরবারির প্রয়োজন, কিছু নিজেকে বধ করিবার জন্ম একটি স্চই যথেই। স্তরাং অপরকে শিক্ষা দিবার জন্ম প্রচুর বৃদ্ধি ও জ্ঞানের যতটুকু প্রয়োজন, ভোমার আত্মবিকাশের জন্ম ততটা নয়।'

কি পবিত্র ? তুমি যদি পবিত্র হও, তাহা হইলে তুমি ঈশবের নিকট

পৌছিবে। 'যাহাদের হৃদয় পবিত্র, তাহারা ধক্ত; কেন না তাহারা ঈশবকে দর্শন করিবে।'' তুমি যদি পবিত্র না ছও, অথচ স্কল বিজ্ঞান তোমার অধিগঁত হয়, তাহা হইলে তাহা মোটেই তোমার সহায়ক হইবে না। যে-সকল গ্রন্থ তুমি পড, তাহাতে ডুবিয়া থাকিতে পারো; কিন্তু তাহা তোমার বিশেষ কাজে লাগিবে না। হৃদয়ই লক্ষ্যে পৌছিতে পারে। হৃদয়ের পথ অমুসরণ কর। পবিত্র হৃদয়ের দৃষ্টি বৃদ্ধির বাহিরে প্রসারিত। ইহা একটি বিশেষ প্রেরণায় উদ্দ হয়; যে-সকল বিষয় কথনও বৃদ্ধিবৃত্তির গম্যা নয়, ভাহা এই হৃদয় উপলব্ধি করে। যথনই নির্মল হৃদয় ও বৃদ্ধিবৃত্তির মধ্যে বিরোধ উপস্থিত হয, তথন স্বাবস্থাতেই নির্মল হৃদয়ের পক্ষ অবলম্বন করিবে, ম্বিও তুমি মনে কব, হদয় যাহা করিতেছে ভাহা অযৌক্তিক। যথন ভোমার হৃদয় অপরের উপকাব করিতে ইচ্ছুক, ভখন ভোমার বৃদ্ধিবৃত্তি হয়তো ভোমাকে বলিবে, এইরূপ কবা স্থবিবেচনার পরিচায়ক নয়; এই অবস্থায় কিন্তু হৃদয়কেই মানিয়া চলিবে। তাহা চইলে দেখিতে পাইবে, বুদ্ধিকে অহুদরণ করিয়া ভোমার যভটুকু ভ্রান্তি হইয়া থাকে, তাহা অপেকা ভ্রান্তির পরিমাণ তোমার অল্পই হইভেছে। • শ্রেষ্ঠ দর্পণরূপ পবিত্র হৃদয়ে সত্য প্রতিফলিত হয়, স্থ্রাং এই সকল যমনিয়মাদির অভ্যাদ হৃদয়ের পবিত্রতা সম্পাদনের জন্মই। যথনই চিত্ত শুদ্ধ হয়, মুহুর্তের মধ্যেই সকল তত্ত্ব, সকল সত্য আপন ভাষ্বর মহিমায় প্রকাশিত হয়। তুমি যদি যথেষ্ট পরিমাণে পবিত্রহায় হও, তাহা হইলে বিখের সর্ববিধ সভ্য ভোমার অন্তরে প্রকাশিত হইবে। যাহাবা ক্থনও দ্রবীক্ষণযন্ত্র, অণুবীক্ষণযন্ত্র অথবা বৈজ্ঞানিক পরীক্ষাগার দেখেন নাই. তাঁহারাই যুগ-যুগাস্ত পূর্বে পরমাণু দম্বন্ধে, অতীন্দ্রিয় তত্ত্ব দম্বন্ধে এবং মামুবের অতি স্ক্র অমুভূতি সম্বন্ধে মহাসভ্যসমূহ আবিষ্কার করিয়াছিলেন। তাহার। এই-সকল বিষয় কিরুপে জানিয়াছিলেন? হৃদয়বৃত্তির সাহাষ্যেই জানিয়াছিলেন। তাঁহারা হৃদয়কে নির্মল করিয়াছিলেন। বর্তমানেও আমরা ইহা করিতে পারি—পথ আমাদের জন্ম প্রশন্তই রহিয়াছে। প্রকৃতপকে বুদ্ধিবৃত্তির অহুশীলন নয়, হৃদয়বৃত্তির অহুশীলনই বিশের তৃ:খ-দৈয় হ্রাস করিতে পারে।

Sermon on the Mount, St. Matt. V. 8.

বৃদ্ধিবৃত্তির অন্থালনের ধারা শত শত বৈজ্ঞানিক তত্ত্ব আবিদ্ধৃত হইয়াছে; ফল দাঁড়াইয়াছে দে, মৃষ্টিমেয় লোক বছ লোককে ক্রীতদানে পরিণত করিয়াছে। এই টুকুই উপকার হইয়াছে! অগণিত ক্রব্রিম অভাবের স্পষ্ট হইয়াছে; আর অর্থ থাকুক বা না থাকুক, প্রত্যেক দরিদ্র ব্যক্তি দেই-সকল অভাব পরিত্থ করিতে চায়। না পারিলেও দে সংগ্রাম করিতে থাকে; পরিশেষে সংগ্রামের মধ্যেই তাহার মৃত্যু হয়। এই তো পরিণতি! স্ভরাং জীবনের হংথদৈন্তের সমস্তা-সমাধান বৃদ্ধির পথে সম্ভব নয়; হদয়ের মধ্য দিয়াই ভাহা সম্ভব। যদি এই-সব প্রভৃত চেষ্টা মাহ্যকে আরও পবিত্র শাস্ত সহনশীল করিতে প্রযুক্ত হইত, তাহা হইলে এই বিশের স্থ্য বর্তমানের স্থ্য অপেক্ষা সহস্ত্রণ বেশী হইত। তাই বলি, সর্বদা হাদয়রুত্তির অন্থালন কর। হদয়ের মধ্য দিয়াই ঈশ্বর কথা বলেন; বৃদ্ধিবৃত্তির মধ্য দিয়া তৃমি কথা বলিয়া থাকো।

তোমাদের মনে আছে, ওল্ড টেস্টামেণ্টে (Old Testament) মুশাকে বলা হইয়াছিল, 'তোমার পা হইতে জুতা খুলিয়া ফেলো, কারণ যেথানে তুমি দাঁড়াইয়া আছ, তাহা পবিত্র ভূমি।' এরপ সম্রদ্ধ মনোভাব লইয়া আমাদিগকে সর্বদা ধর্মামুশীলনে অগ্রসর হইতে হইবে। যে-ব্যক্তি পবিত্র হৃদয় ও অদ্ধালু মনোভাব লইয়া আদেন, তাঁথার হৃদয় খুলিয়া যাইবে; অমুভূতির বার তাঁহার জন্ম উদ্ঘাটিত হইবে এবং তিনি সত্যদর্শন করিবেন।

ষদি শুধু ব্ কিবৃত্তি লইয়া উপস্থিত হও, ভোমার কিছুটা বৃদ্ধিবৃত্তি এই অহশীলন হইবে, কিছুটা ভাত্তিক বিচার হইবে, কিন্তু সভ্যে উপনীত হইবে না। সভ্যের এমন একটি রূপ আছে যে, যে তাহা দেখিতে পায়, সে দৃঢ়প্রত্যেয় হইয়া যায়। স্থাকে দেখাইবার জন্তু কোন আলোক-বতিকার প্রয়োজন হয় না; স্য স্বয়ম্প্রকাশ। সত্যের ষদি প্রমাণের প্রয়োজন হয়, তাহা হইলে সেই প্রমাণকে কে প্রমাণিত করিবে? সভ্যের সাক্ষিরপে যদি কোন কিছুর প্রয়োজন হয়, তবে সেই সাক্ষীর আবার সাক্ষী কোথায়? আমাদিগকে শ্রদ্ধা ও প্রেমের সহিত ধর্মের দিকে অগ্রদর হইতে হইবে; তাহা হইলেই আমাদের হৃদয় জাগরিত হইয়া বলিবে, 'ইহা সত্য, এবং ইহা অস্ত্য।'

ধর্মের ক্ষেত্র আমাদের ইন্দ্রিয়ের অতীত, এমন কি আমাদের চেতনারও উর্ধ্বে। আমরা ঈথরকে ইন্দ্রিয় দারা অহভব করিতে পারি না। কেহই চক্ষুর দ্বারা ঈথর দর্শন করেন নাই, কথনও দর্শন করিবেন না। কাহারও

চেতনার মধ্যে ঈশ্বর নাই। আমি ঈশ্বর-সচেতন নই, তুমিও নও, কেহই নয়। ঈশ্বর কোথায় ? ধর্মের ক্ষেত্র কোথায় ? ইহা ইন্দ্রিয়ের অতীত, ইহা চেতনার উর্ধের। আমরা বে-সকল অগণিত ভারে কাব্দ করিয়া থাকি, চেতনা ভুধু তাহাদের অন্ততম। তোমাকে চেতনার ক্ষেত্র অতিক্রম করিতে হইবে, ইন্দ্রিয়ের উর্ধ্বে যাইতে হইবে ; ভোমাকে নিব্দ কেন্দ্রের—স্বরূপের নিক্ট হইতে নিকটতর ভূনিতে উপনীত হইতে হইবে। আর ষতই তুমি এইরূপ করিতে থাকিবে, ততই ঈশবের নিকটবর্তী হইবে। ঈশরের অন্থিত্বের প্রমাণ কি ?—প্রত্যক্ষ সাক্ষাৎকার। এই প্রাচীরের অন্তিত্ব-িবয়ে প্রমাণ— ইহ। আমি প্রত্যক্ষ করি। সহস্র সহস্র ব্যক্তি এইভাবে ঈশ্বরকে প্রত্যক অহুভব করিয়াছেন এবং যাঁহারাই তাঁহাকে প্রত্যক্ষ করিতে ইচ্ছুক, তাঁহাদেরই নিকট ভিনি প্রভাক্ষ হইবেন। কিন্তু এই অন্নভূতি মোটেই ইন্দ্রিয়ের অহুভৃতি নয়। ইহা অতীন্দ্রিয়—অতিঃচতন। স্থতরাং নিচ্ছেদের অতীক্রিয়-লোকে উন্নীত করিবার জন্ম এইসব যমনিয়মাদির অফুশীলন অত্যাবশ্যক। সর্বপ্রকার অতীত কর্ম এবং বন্ধন আমাদিগকে নিমে টানিয়া লইতেছে। এই-দকল প্রস্তুতি আমাদিগকে পবিত্র ও বন্ধনমুক্ত করিবে। বন্ধনগুলি আপনা হইতেই ছিন্ন ২ইয়া ষাইবে এবং যে ইন্দ্রিয়জ প্রত্যক্ষের স্তরে আমরা বন্ধ হইয়া আছি, ভাহার উর্ধে উন্নীত হইব। তথনই আমরা এমন দৰ বস্তু দেখিৰ শুনিৰ এবং অহুভৰ করিব, যাহা মাহুষ জাগ্ৰৎ স্বপ্ন ও স্যৃপ্তিরূপ তিনটি সাধারণ স্তরে দেখে না, শোনে না বা অহভব করে না। তথন আমরা যেন একটা অভুত ভাষায় কথা বলিব। লোকে আমাদের ভাষা বৃঝিতে পারিবে না; কারণ ভাহারা তো ইন্দ্রিয়ের বিষয় ছাড়া অন্ত কিছু জানে না। স্থার্থ ধর্ম সম্পূর্ণভাবে অতীন্দ্রিয় রাজ্যের। জগতের প্রভ্যেক প্রাণীর ইন্দ্রিয়গুলিকে অভিক্রম করিবার সহজাত শক্তি রহিয়াছে। ক্ষুদ্র কীট পর্যস্ত একদিন ইন্দ্রিয়গুলি অভিক্রম করিয়। ঈশবের নিকট উপনীত হইবে। কোন জীবনই বার্থ হইবে না; জগতে বার্থতা বলিয়া কিছু নাই। শতবার শাহ্ষ নিজেকে আঘাত করিবে; সহস্রবার হোঁচট খাইবে, কিন্তু পরিণামে নিজে অমুভব করিবে, সে ঈশ্ব। আমরা জানি, সোজাস্থজি কোন অগ্রগতি ইয় না। প্রত্যেক জীবান্থা যেন বুত্তাকারে চলিতেছে; ভাহাকে এই বৃত্ত পূর্ণ করিতে হইবে। কোন জীবাত্মাই চিরতরে নিম্নগামী হইতে পারে না;

এমন এক সময় আসিবে, যখন তাহাকে উর্ধ্যামী হইতেই হইবে। কাহারও বিনাশ নাই। আমবা সকলেই একটি সাধারণ কেন্দ্র হইতে অভিক্ষিপ্ত ; এই কেন্দ্রই ঈশর। ঈশর যে-সকল জীব সৃষ্টি করিয়াছেন—তাহারা উচ্চতমই হউক বা নীচতমই হউক—সকলেই সর্ব জীবনের জনক ঈশরের নিকট ফিরিয়া আসিবে। 'যাহা হইতে সকল প্রাণী জাত, যাহাতে সকলে অবস্থিত এবং যাহার নিকট সকলেই প্রত্যাবৃত্ত হয়, তিনিই ঈশর।''

জ্ঞানযোগ-প্রবেশিকা

ইহাই (জ্ঞানযোগই) যোগণাত্ত্রের দার্শনিক ও যুক্তিদন্মত দিক। যোগ-শান্ত্রের এই অংশটি থুবই কঠিন; আমি ধীরে ধীরে তোমাদিগকে ইহার সহিত পরিচয় করাইয়া দিব।

ষোগের অর্থ মাহ্বর ও ঈশ্বরকে যুক্ত করার পদ্ধতি। এই বিষয়টি ব্ঝিলে মাহ্বর ও ঈশ্বর সম্বন্ধে তোমরা ভোমাদের নিজ নিজ সংজ্ঞা অহ্বায়ী চিন্তা করিতে পারিবে এবং ভোমরা দেখিতে পাইবে যে, ভোমাদের প্রভিটি সংজ্ঞার সঙ্গে যোগ কথাটি খাপ খায়। সর্বদা মনে রাখিও বিভিন্ন মানদিক গঠন অহ্বায়ী যোগও বিভিন্ন প্রকারের, ইহাদের একটি না হইলে অন্তটি হয়তো ভোমার উপযোগী হইতে পারে। সব ধর্মের তুইটি ভাগ—তত্ত্ব ও সাধন। পাশ্চাভ্যেরা ভব্বের দিকটিই অহ্সেরণ করে, এবং সাধন অর্থে ভগ্ সং কার্য করাই ব্ঝিয়া থাকে। ধর্মের ব্যাবহারিক দিক বা সাধন-অক্ট বোগ। ইহা দ্বারা ব্ঝা যায় যে, কেবল সংকাজ করা বাদ দিলেও ধর্ম একটি কার্যকরী শক্তি।

উনবিংশ শতাব্দীর প্রারম্ভে মাহ্ন্য যুক্তির মধ্য দিয়া ঈশ্বর লাভ করিতে চেষ্টা করিয়াছিল। ভাহার ফলে 'ঈশ্বরবাদ' (Deism)-এর উৎপত্তি। এই মতবাদ অহুসারে ঈশ্বর যুক্তিসিদ্ধ, কিন্তু অহুভবসিদ্ধ নয় বলিয়া মনে করা হয়। এই মতবাদ প্রবর্তনের ফলে ধর্মের ষে-টুকু অবশিষ্ট ছিল, তাহাও
ঢাকইন ও মিলের মতবাদ ঘারা ধাংস হইল। এতিহাসিক এবং তুলনামূলক
ধর্ম তথ্ন মাহুষের প্রধান উপজীব্য হইয়া উঠিল। তাহারা মনে করিল,
প্রাকৃতিক শক্তির পূজা হইতেই ধর্মের উত্তব। স্র্ধ-উপাধ্যান প্রভৃতি সম্পর্কে
ম্যাক্সমূলারের মন্তব্য দ্রন্তব্য। অক্সদলের সিদ্ধান্ত হইল, পিতৃপুক্ষের পূজা
হইতেই ধর্মের উৎপত্তি হইয়াছে; এ বিষয়ে হার্বাট স্পেন্সার দ্রন্তব্য। কিন্তু
সামগ্রিক বিচারে এই-সকল মতবাদ লাস্ত বলিয়া প্রতিপন্ন হইয়াছে, কোন
বহিরক পন্থা অবলম্বন করিয়া মাহুষ সত্য লাভ করিতে পারে না।

'এক টুকরা মাটি সম্বন্ধে জ্ঞান হইলে সম্বন্ধ মাটি সম্বন্ধেই জ্ঞান হয়।' সমগ্র বিশ্ব-জগৎও ঠিক একই পরিকল্পনা অহুদারে রচিত। মাত্র্য মৃত্তিকা-থণ্ডের মতো। আমরা যদি অণুস্বরূপ একটি মানবাত্মাকে জানিতে পারি, যদি তাহার স্চনা ও সাধারণ ইতিহাস জানিতে পারি, তাহা হইলে সমগ্র প্রকৃতিকেই জানা হইল। জ্বন্ধ, বৃদ্ধি, বিকাশ, ক্ষয় ও মৃত্যু---সমগ্র প্রকৃতিতে এই একই অফুক্রম; উদ্ভিদ্-জ্বগৎ এবং মান্থবের বেলায়ও সেই একই কথা। প্রভেদ শুধু কালে। একটি ক্ষেত্রে সমস্ত কল্পটি একদিনে দম্পূর্ণ হইতে পারে, আবার অন্ত ক্ষেত্রে সত্তর বৎসর লাগিতে পারে; পদ্ধতিগুলি এক। বিশ্বপ্রকৃতি সম্পর্কে একটি সঠিক বিশ্লেষণে উপনীত হইবার একমাত্র উপায়—আমাদের নিজ মনের বিশ্লেষণ। •ধর্ম বুঝিবার জন্ত মানব-মনের ষথার্থ বিশ্লেষণ প্রয়োজন, শুধু যুক্তির সাহায্যে সভ্যে উপনীত হওয়া অসম্ভব, কারণ অসম্পূর্ণ যুক্তি নিজন্ম মৃদ্য ভিত্তিই অমুধাবন করিতে পারে না। অতএব মনকে জানিবার একমাত্র উপায় হইল প্রকৃত তথ্যে পৌছানো, তবেই বৃদ্ধি দেওলিকে স্থাংবদ্ধ করিয়া মূলনীতিদমূহের সিদ্ধাস্কে পৌছিতে পারিবে। বুদ্ধির কাজ নির্মাণ করা, কিন্তু ইট ছাড়া তো গৃহনির্মাণ সম্ভব নম্ন, আর বৃদ্ধি নিচ্ছে 'ইট' তৈরি করিতে পারে না। প্রকৃত শত্যে উপনীত হইবার নিশ্চিত উপায় জ্ঞানযোগ।

প্রথমতঃ আমাদের মনের একটি গঠন-বিজ্ঞান আছে। আমাদের ইন্দ্রিয়-শম্হ আছে; ইহারা কূর্মেন্দ্রিয় ও জ্ঞানেন্দ্রিয়—এই তৃই ভাগে বিভক্ত। ইন্দ্রিয় অর্থে বাহ্ন ইন্দ্রিয়-যন্ত্রকে ব্ঝাইভেছি না। মন্তিক্ষের দৃষ্টিশক্তির কেন্দ্রটিই দর্শনেন্দ্রিয়, চক্ট নয়। এইরূপ প্রভাকটি ইন্দ্রিয়ের কাল আভ্যন্তরীণ। একমাত্র মনের প্রতিক্রিয়া ঘটিলেই বস্তু-সম্বন্ধে আমাদের প্রত্যক্ষ জ্ঞান হয়। এই প্রত্যক্ষ জ্ঞানের জন্ম সংজ্ঞাবহ এবং ক্রিয়াবাহী উভয়প্রকার স্নায়্ই প্রয়োজন।

তারপর আছে মন স্বয়ং। ইহা একটি নিন্তরক হদের মতো; কোন কিছু,
বেমন একটি প্রস্তরগত পড়িলেই উহাতে কম্পন শুরু হয়। সেই কম্পনগুলি
একত্র হইয়া ঐ প্রস্তরগতে প্রতিহত হয় এবং সমস্ত হ্রদব্যাপী বিস্তৃত হইয়া
অফুভূত হইতে থাকে। মন এই হ্রদের মতো, ইহাতে সর্বক্ষণ কম্পন চলিতে
থাকে, এবং সেই কম্পন মনের উপর নানা রেখাপাত করে। আমাদের অহংবোধ বা ব্যক্তিসন্তা বা আমি এইসব রেখাপাতেরই ফল। অতএব এই 'আমি'
শক্তির একটি ক্রত সঞ্চরণ মাত্র, ইহার নিজন্ব কোন বাস্তব সন্তা নাই।

মনের মূল উপাদান অত্যন্ত স্ক্ষ একটি জড়য়য় মাত্র, প্রাণকে ধারণ করিবার জন্ত ইহা ব্যবহৃত হয়। যথন কোন ব্যক্তির মৃত্যু হয়, তথন তাহার দেহেরই মৃত্যু ঘটে, কিন্ত দব কিছুই যথন চ্বিচ্বি ইইয়া যায়, তথন মনের একটি ক্ষুত্র অংশ বীজাকারে অবশিষ্ট থাকে। ইহাই ন্তন দেহের বীজ-স্কুপ, দেউ পল ইহাকেই 'আজিক শরীর' (spiritual body) বিলিয়া অভিহিত করিয়াছেন। মনের জড়অ-সংক্রান্ত মতবাদটি আধুনিক দর্বপ্রকার মতবাদের দহিত দামঞ্জল্পূর্ণ। নির্বোধের কোন বৃদ্ধি নাই, কারণ তাহার মানস-উপাদান নই ইয়া গিয়াছে। জড়বন্তর মধ্যে বৃদ্ধি থাকিতে পারে না অথবা জড়বন্তর কোন সমবায়ের ঘারা বৃদ্ধি সৃষ্টি করা যাইতে পারে না। তাহা হইলে বৃদ্ধি থাকে কোথায়? ইহা থাকে জড়ের অন্তরালে—ইহাই তো জীব, প্রকৃত সন্তা; জড়ের মাধ্যমে দেই তো কাজ করে। জড় ব্যতিরেকে শক্তির সঞ্চরণ সন্তর নয়। যথন মৃত্যুর পর সমগ্র মনের কিয়দংশ ছাড়া সব কিছুই ধ্বংস হইয়া যায়, জীব একাকী ভ্রমণ করিতে পারে না বিলিয়া মনের ঐ কিয়দংশ ভাহার সঞ্চরণের মাধ্যমূরণে অবশিষ্ট থাকে।

প্রত্যক জ্ঞান কিরণে সম্ভব হয় ? আমার বিপরীত দিকের দেওয়ালটি আমার উপর একটি ছাপ ফেলিতেছে, কিছু আমার মন সাড়া না দেওয়া পর্যত আমি ঐ দেওয়ালটি দেখিতে পাইতেছি না। অর্থাৎ শুধু দৃষ্টিশক্তি দারাই মন দেওয়ালটিকে জানিতে পারে না। যে প্রক্রিয়ার ফলে মন ঐ দেওয়ালের প্রত্যক জ্ঞান লাভ করে, তাহা একটি বৃদ্ধিগত প্রক্রিয়া। এই ভাবে সমগ্র

বিশ্বজগৎকেই এবং আমাদের মনকেও আমরা আমাদের চক্ষ্ ও মন (বা মনন-শক্তি) দারা দেখি, অবশু ইহাতে আমাদের নিজ নিজ প্রবণতার রঙ নিশ্বস্থ লাগে। প্রকৃত দেওয়ালটি অথবা প্রকৃত বিশ্ব মনের বাহিরেই অবস্থিত, ইহা অজ্ঞাত এবং অজ্ঞের। আমরা যদি বিশ্বজগৎকে 'ক' বলি, তবে আমাদের বক্তব্যটি দাঁড়াইবে এইরূপ: দুশুমান জগৎ = ক + মন।

বহির্জগৎ সম্বন্ধে ধাহা সত্য, অন্তর্জগৎ সম্বন্ধেও তাহা প্রধােজ্য। মনও নিজেকে জানিতে চায়, কিন্তু এই সন্তাকে জানিতে চ্ইলে মনের মাধ্যমে জানিতে চ্ইবে এবং ইহাও সেই দেওয়ালের মতো অজ্ঞাত। এই সন্তাকে যদি আমর। 'গ' বলিয়া ধরি, তবে আমাদের বক্তবাটি দাঁড়াইবে: খ+মন= অন্তর্জগৎ। ক্যাণ্টই প্রথম মনের এই প্রকার বিশ্লেষণ করিয়াছিলেন। কিন্তু বেদে বহু পূর্বে ইহা বলা হইয়াছে। অতএব এখন এই দাঁড়াইয়াছে বে, মন 'ক এবং খ'-এর অন্তর্বতী হইয়া উভয়ের উপর প্রতিক্রিয়া করিতেছে।

'ক' যদি অজ্ঞাত হয়, তথে আমরা ইহার প্রতি ষে-কোন গুণই আরোপ করি না কেন, দেওলির সবই আমাদের মন হইতে উছ্ত। দেশ, কাল এবং কার্য-কারণ-শৃষ্ণলার মাধ্যমে মনের প্রতাক্ষ অহুভূতি হইয়া থাকে। কাল ব্যতীত চিস্তার সক্রণ এবং স্থান ব্যতীত স্থুলতর বিষয়ের কম্পন সম্ভব নয়। কার্য-কারণ শৃষ্ণলা হইতেছে একটি ক্রম, যাহার মধ্যে কম্পনগুলি আদিয়া একত্র হয়। এইগুলির মাধ্যমেই মন বিষয়াহুভূতি লাভ করে। অতএব ঘাহা কিছুই মনের অভীত, তাহাই দেশকাল ও কার্য-কারণ-শৃষ্ণলার অভীত।

আদ্ধ ব্যক্তি স্পর্শ এবং শব্দের দ্বারা এই জগৎ অন্তর্ভব করিয়া থাকে।
পাচটি ইন্দ্রিয়ের অধিকারী আমাদের কাছে এই জগৎ অদ্ধের জগৎ হইতে
ভিন্ন। আমাদের মধ্যে দি কেহ বৈত্যতিক তরক লক্ষ্য করিবার মতো শক্তি
এর্জন করে, তড়িং-ইন্দ্রিয়ের অধিকারী হয়, তবে তাহার নিকট জগৎ ভিন্ন
রূপে প্রতীত হইবে। তথাপি এই পৃথিবী, ষাহাকে 'ক' বলিয়া বর্ণনা
করা হইয়াছে, উহা ইহাদের সকলের নিকটেই সমভাবে প্রতিভাত হইয়া
থাকে। কিন্তু প্রত্যেকেই নিজ নিজ মন লইয়া জগৎকে দেখিতেছে, জগৎও
পত্যেকের নিকট ভিন্ন ভিন্ন রূপে প্রতীত হইতেছে। মহায়-জগতে দেখা ধার,
কাথাও বা ক+১টি ইন্দ্রিয়, কোথাও ক+২টি ইন্দ্রিয় এবং এইভাবে ক+৫টি
ইন্দ্রিয় পর্যন্ত রহিয়াছে। ইন্দ্রিয়ের সংখ্যার ভারতম্যের জন্ত অহভৃতিও সর্বক্ষণই

জ্ঞানযোগ-কথা

স্বামীজীব এই আলোচনাগুলি আমেবিকাব মিস ণস ই ওয়ান্ডো নামী তাঁহাব শিক্সা কর্তৃক লিপিবদ্ধ হয়। স্বামী সাবদানন্দ যথন আমেবিকায় ছিলেন (১৮৯৮), তথন উক্ত শিক্সার নোটবুক হইতে তিনি এগুলি সংগ্রহ করেন। তাঁহাব কাগজপুরের মধ্যেই এগুলি পাঙ্যা গিয়াছে।


١

ওঁ তৎ সং। ওঁকার তত্ত্ব জানাই জগৎ-রহস্ত জানা। ভক্তিষোগ ও রাজ-ষোগের মতো জ্ঞানধোগের লক্ষা একই, তবে সাধনপ্রণালী ভিন্ন। এই যোগ শক্তিমান্ সাধকদের জন্ম, অষ্টাঙ্গিক যোগী বা ভক্তের জন্ম নয়, যুক্তিনিষ্ঠের জন্য। শুদ্ধ প্রেম ও পরাভক্তি আশ্রয় করিয়া ভক্তিযোগী যেরূপ ভগবানের সহিত একত্ব লাভের পথে অগ্রসর হন, জ্ঞানযোগীও সেইরূপ শুদ্ধ বিচার-সহায়ে পর্মাত্মা লাভের পথ করিয়া লন। প্রাচীন যুগের যাবভীয় মূর্ভির কল্পনা, সব পুরাতন ধর্মবিশাদ এবং কুদংস্কার মন হইতে দূর করিবার জন্ম তাঁহাকে দৃচ্চিত্ত হইতে হইবে; ইহামুত্রফলভোগ-কামনা ত্যাগ করিয়া মুক্তির জন্য দূচসংকল্প হইতে হইবে। জ্ঞান ব্যতীত মৃক্তি আমাদের করতলগত হইবে না। স্বরূপ-উপলব্ধিই, আমরা যে জন্ম মৃত্যু ও ভীতির অতীত—এই উপলব্ধিই জ্ঞান। আশ্বাস্তৃতিই পরম কল্যাণ—ইহা ইন্দ্রিয় ও চিস্তার অতীত অবস্থা। প্রকৃত 'আমি' ধারণাতীত। ইনি নিত্য জ্ঞাতা (eternal subject),কখনও জ্ঞানের বিষয় (object) হইতে পারেন না, কারণ জ্ঞান আপেক্ষিক বিষয় সম্বন্ধেই প্রযোজা, নিরপেক্ষ পুরুষ সম্বন্ধে নয়। সমৃদয় ইন্দ্রিয়জ জ্ঞান সীমাবদ, সীমাহীন কার্যকারণ শৃত্যলার পরস্পরা মাত্র। আমাদের এই জগৎ ব্যাবহারিক সত্তা-বান্তবের ছায়া ; তবুও স্থ্য তৃঃখ এই স্তবে প্রায় ভারসাম্য রক্ষা করিয়া চলিয়াছে বলিয়া এই পৃথিবীই একমাত্র স্থান, যেখানে মানব আত্মন্তরপ উপলক্ষি ক্রিয়া 'অহং ব্রহ্মান্মি' জ্ঞান লাভ ক্রিতে পারে।

এই জগৎ প্রকৃতির বিবর্তন, ঈথরের ব্যক্ত অবস্থা, মায়া বা আপাত-প্রতীয়মান জগৎপ্রপঞ্চের আবরণে দৃষ্ট ব্রহ্ম বা নিরুপাধিক পুরুষের মানবীয জ্ঞানগম্য ব্যাখ্যা মাত্র। এ জগৎ শৃত্য নয়, ইহার কিছুটা সন্তা আছে; ব্রহ্ম আছেন বলিয়াই জগৎ প্রতীয়মান হয়।



আমেবিকায় স্বানীজী, ১৮৯৬



জ্ঞাতার জ্ঞান কি প্রকারে হইবে? বেদান্ত বলেন—আমরাই সেই
জ্ঞাতা; ইনি জ্ঞানের বিষয়ভূত নন, তাই আমরা কখনও ইহাকে জানিতে
পারি না। আধুনিক বিজ্ঞানও এই কথা বলিতেছে। ইহাকে জানা ষায়
না। তবুও কখন কখন আমরা ইহার অন্তিত্বের আভাগ পাইয়া থাকি।
যথনই একবার এই জগৎস্বপ্র ভাঙিয়া ষায়, তখনই সেই অফ্ভুতি আমরা
কিরিয়া পাই। তখন আর জগৎ আমাদের চোখে সত্য নয়, আমরা জানিতে
পারিব—ইহা মরীচিকা মাত্র। এই মায়া-মরীচিকার ওপারে যাওয়াই সকল
ধর্মের লক্ষ্য। এই জীব ও ব্রহ্ম যে এক, সকল বেদ অহরহ এই কথা ঘোষণা
করিতেছেন; কিন্তু অল্পসংখ্যক ব্যক্তিই মায়ার আবরণ ভেদ করিয়া এই চরম
সত্য উপলব্ধি করিবার অবহায় উপনীত হইতেছেন।

জ্ঞানলাভেচ্ছু ব্যক্তিকে সর্বপ্রথমে ভয় হইতে মৃক্ত হইতে হইবে। ভয়ই
আমাদের অগ্যতম প্রবল শক্ত। তারপর কোন বিষয় সমাক্ অবগত না
হইয়া বিশাস করিও না। সর্বদা বলো—'আমি শরীর নই, মন নই, চিস্তা
নই, চেতনাও নই, আমি আআা।' সব কিছু ছুড়িয়া ফেলিয়া দিলে শেষে
ভগ্গু আআাই অবশিষ্ট থাকিবেন। জ্ঞানীর ধ্যান তুই প্রকার: (১) আমরা
থাহা নই, সেই ভাব অস্বীকার করা, সেই ভাব মন হইতে দূর করিয়া দেওয়া।
(২) আমাদের প্রকৃত স্বরূপ 'আআা এক পরমাত্মা, সক্রিদানন্দ—দূঢ়তাস্থ এই
কথা বলা। ষ্পার্থ বিচারমার্গী নির্ভয়ে অগ্রদর হইয়া বিচারের চরম সীমায়
উপনীত হইবেন। পথে কোথাও থামিলে চলিবে না, 'নেতি'-বিচারপ্রণালী
অবলম্বন করিলে সব কিছুই দূর হইবে; অবশেষে যাহা অপরিহার্য, যাহা আর
অস্বীকার করা যায় না, সেই প্রকৃত 'আমি' বা আআায় আমরা উপনীত
হইব। এই 'আমি' জগতের সাক্ষী—অব্যয়্ম, সনাতন, অসীম। অজ্ঞানের
মেঘাবরণ স্তরে স্তরে এই আত্মাকে ঢাকিয়া রাথে, আমরা দেখিতে পাই
না, আত্মা কিছু সর্বদা সমভাবে বিরাজমান।

তুইটি পাখি একই গাছের বিভিন্ন শাখার উপবিষ্ট। উপরের শাখার শাখিটি ধীর হির মহিসময় স্থাভাল ও পূর্ণস্থভাব। নিচের শাখার পাখিটি বিষ্টকল খাইরা কখন হাই, আবার ভিজ্ঞফল আখাদন করিয়া কখন বা বিষয়; এইরূপে লে শাখা হুইতে শাখাস্তরে বিচরণ করিভেছে। একদিন নয়নিত আখাদিত ফল অপেকা অতি তিক্ত একটি ফল ভক্ষণ করিয়া লে উপরের শাস্ত শোভাময় পাথিটর প্রতি দৃষ্টিপাত করিয়া চিন্তা করিল, 'হায়া আমার প্রাণের আকাজ্রা ঐ পাথির মতো হই।' তারপর কয়েক ধাপ উপরে তাহার দিকে অগ্রদর হইল। শীঘ্রই আবার ঐ পাথিটির মতো হইবার বাদনা সম্পূর্ণ বিশ্বত হইয়া পুনরায় মিষ্ট ও ভিক্ত ফলের আন্বাদনে তুই ও কই মনোভাব লইয়া পূর্বের মতো বিচরণ করিতে লাগিল। আবার উপরে দৃষ্টিপাভ করিল, আবার শাস্ত প্রিশ্ব মহিমামণ্ডিত উপরের পাথিটির দিকে কয়েক ধাপ অগ্রদর হইল। এইরূপ ব্যাপার বহুবার সংঘটিত হইলে অবশেষে উপরের পাথিটির সায়িধ্য লাভ করিয়া সে দেখিল, উহার পক্ষজ্যোতি তাহার চোথ ধাধাইয়া তাহাকে আ্রভুত করিয়া ফেলিয়াছে। পরিশেষে দেখিতে পাইল, কি আশ্বয়। কেবল একটি পাথিই দেখানে রহিয়াছে—দে নিজেও ভো চিরকালই ঐ উপরের পাথি; তবে এই মাত্র এ সত্য সে ব্ঝিতে পারিল।

মান্ত্ৰও ঐ নিম্নাথাবিহারী পক্ষিত্ন্য, কিন্তু সর্বোচ্চ আদর্শে উপনীত হইবার জন্ম সচেট হইলে দেও বৃঝিতে পারিবে, দেও সর্বদাই দেই আত্মা-ক্ষপেই ছিল, আত্মা ছাড়া যাহা কিছু, সবই স্থপ্প মাত্র। এই জড় ও জড়ের সত্যতায় বিশাদ হইতে নিজেদের একেবারে পৃথক্ করিয়া ফেলাই প্রকৃত জ্ঞান। ওঁ তং সং—'ওঁ'ই একমাত্র প্রকৃত সন্তা, জ্ঞানী সর্বদা ইহা মনে জাগরক রাখিবেন। নিরপেক্ষ একহই জ্ঞানধাগের ভিত্তি। ইহা হৈতভাব-শৃন্ত অহৈতবাদ। ইহাই বেদান্তদর্শন-সৌধের ভিত্তিপ্রস্তর, বেদান্তের আদি ও অস্ত । ব্রক্ষই একমাত্র সত্য বস্তু, আর সব মিথা। 'অহং ব্রক্ষান্ধি'—অহরহ এই বাক্য উচ্চারণ করিতে করিতে উহাকে আমাদের স্থভাবের অন্ধীভূত করিয়া ফেলিতে হইবে। কেবল এই উপায়েই সকল হৈতভাব, ভাল-মন্দ, স্থ-তৃংধ, আনন্দ-নিরানন্দ অতিক্রম করিয়া এক অদ্বিতীয় সনাতন অব্যয় অসীম ও 'একমেবাদ্বিতীয়ম্'-রূপে নিজেকে উপলব্ধি করিতে আমরা সমর্থ হইব।

জ্ঞানধোগীকে সন্ধীর্ণতম সাম্প্রদায়িকের মতো একাগ্র, আবার আকাশের মতো উদার হইতে হইবে; সম্পূর্ণভাবে চিত্ত সংযত করিয়া বৌদ্ধ বা খ্রীষ্টান্দ হইবার সামর্থ্য অর্জন করিতে হইবে; আর স্বেচ্ছায় এইসব বিভিন্ন ধর্মভাবের মধ্যে নিজেকে ছড়াইয়া দিয়াও চিরন্ধন সমন্বয়ের প্রতি অবিচলিত নিষ্ঠা রাখিতে হইবে। নিয়ত অভ্যাস দারাই এই সংযম অর্জিত হইতে পারে। এক হইতেই সকল বৈচিত্রা উদ্ভুত, কিন্তু কর্মের সহিত আমরা যাহাতে নিজেদের এক করিয়া না ফেলি, আমাদের দেই শিক্ষা লাভ করিতে ছইবে।
আর সমুখে উপস্থিত বস্ত ছাড়া অক্ত বস্ত দেখিবার, শুনিবার বা আলোচনা
করিবার প্রবৃত্তি যেন আমাদের না থাকে। সমস্ত মনপ্রাণ অর্পণ করিয়া
আমাদিগকে একাগ্র ছইতে ছইবে। দিনরাত্রি নিজেকে বলো—'সোহহং,
সোহহং'।

বেদাস্থদর্শনের সর্বশ্রেষ্ঠ শিক্ষাদাতা শঙ্করাচার্য। তিনি অকাট্য যুক্তিসহায়ে বেদের সারসত্যগুলি সংগ্রহ করিয়া অপূর্ব জ্ঞানশাস্ত্র রচনা করিয়াছেন, যাহা তাঁহার ভায়ের মাধ্যমে শিক্ষণীয়। ব্রহ্মনির্দেশক পরস্পরবিরুদ্ধ বাক্যাবলী গ্রথিত করিয়া দেখাইয়াছেন, একমাত্র সেই নির্বিশেষ সন্তাই আছেন। আরও দেখাইয়াছেন, যেমন খাড়াই পথে অগ্রগতি ধীরে-ধীরেই সম্ভব, তেমনি মানদিক ধারণাশক্তির তারতম্য অনুসারে ব্রন্ধনির্দেশক বৈচিত্র্যও অতি আবশুক। এটি তাঁহার শ্রোতাদের যোগ্যতা অমুসারে যে-উপদেশ দিয়াছেন, তাহা কতকটা ইহারই অহরেণ। প্রথমতঃ তিনি স্বর্গে আশীন ঈগরকে প্রার্থনা স্থানাইবার উপদেশ দেন। তারপর একধাপ উর্ধে উঠিয়া বলেন, 'আমি জাক্ষালতা; তোমরা শাখা প্রশাখা!' পরিশেষে চরম সত্য প্রচার করিয়া বলেন, 'আমি ও আমার পিতা এক', 'স্বর্গরাজ্য তোমাদের অস্তরেই অবস্থিত।' শঙ্করাচার্য শিক্ষা দেন: দেবভার খেষ্ঠ অন্তাহ ভিনটি—(১) মনুষ্ঠাদেহ, (२) ঈশ্বরলাভের ইচ্ছা এবং (৩) জ্ঞানের আলোক দিতে সমর্থ আচার্য। এই তিন বস্তু লাভ করিতে পারিলে মৃক্তি আমাদের করতলগত। একমাত্র জ্ঞানই আমাদের মৃক্তি দিতে পারে, কিন্তু জ্ঞানোদয়ের সঙ্গে আফুষ্ঠানিক ধর্ম গুলি ভিরে†হিত হইবে।

এক অবিতীয় সন্তাই জগতে বিজ্ঞান, প্রত্যেক জীবই সেই পূর্ণ সন্তা, শুধু আংশ নয়—ইহাই বেদান্তের সারমর্ম। প্রতিটি শিশির-কণাতে সূর্য পূর্ণরূপে প্রতিবিশ্বিত। 'দেশ-কাল-নিমিত্ত'-আশ্রয়ে দেই সন্তাই মহুয়ারূপে প্রকাশিত, কিন্তু দৃশুজগতের অন্তরালে এক চরম তত্ত বিরাজমান। নিঃস্বার্থতার ভাব দৃঢ় হইলেই কাঁচা 'আমি' মন হইতে চলিয়া যায়। আমরা দেহ—এই তৃঃধকর স্থা হইতে আমাদিগকে মৃক্ত হইতে হইবে। 'আমি ব্রহ্ম'—এই সত্য জানিতে

ছইবে। আমরা প্রত্যেকেই পূর্ণ অনম্ভ মহাসমূদ্র; জলবিন্দু নই বে সাগরে মিশিরা অন্তিত্ব হারাইব। মারার বন্ধন হইতে মুক্ত হইলেই এই পূর্ণত্ব ও অসীমত্বের জ্ঞান লাভ করিব। অসীমকে ভাগ করা যায় না, 'একমেবান্ধিভীয়ম্'- এর বিভীয় কিছুই নাই, সবই সেই এক ব্রহ্ম। এই জ্ঞান সকলেই লাভ করিবে, কিন্তু এই জীবনেই ঐ জ্ঞানলাভের জন্ম আমাদিগকে প্রাণপণ চেটা করিতে হইবে, কারণ ঐ জ্ঞান লাভ না করিলে আমরা মহন্মজাতির শ্রেষ্ঠ হিতসাধনে সমর্থ হইব না। জীবন্মুক্তই কেবল যথার্থ প্রেম ও প্রকৃত সভ্য বিতরণ করিভে—যথার্থ দান করিতে সমর্থ; এবং সভ্যই মুক্তি দিতে পারে। বাসনা আমাদিগকে ক্রীভদাদে পরিণত করে। এই বাসনা এক অত্প্ত দানব; ইহার কবলে যাহারা পড়ে, ভাহাদের শান্তি নাই; কিন্তু জীবন্মুক্ত অবৈত জ্ঞান লাভ করিয়া সব বাসনা জয় করিয়াছেন, তাঁহার কাম্য আর কিছুই নাই।

দেহ, ত্রী-পুরুষ-জ্ঞান, জাতি, বর্ণ, বন্ধন—এই সব মোহ মনই আমাদের সম্থা উপস্থাপিত করে, স্তরাং সত্যের অন্তভৃতি না হওয়া পর্যন্ত মনকে অহরহ এই সত্য বলিতে হইবে: আমরা আনন্দস্তরপ; ষাহা কিছু স্থ অন্তভ্তব করিয়া থাকি, তাহা এই আনন্দেরই আভাস; প্রাকৃত স্বরূপের সংস্পর্শেই এই কণামাত্র স্থ আমরা লাভ করিয়া থাকি। সেই ব্রহ্ম স্থাত্থের অতীত, তিনি জগতের সাক্ষিম্বরূপ, জীবনগ্রন্থের অপরিবর্তনীয় পাঠক; তাঁহার সমুথে জীবনগ্রন্থের পৃষ্ঠাগুলি একে একে খুলিয়া ঘাইতেছে।

অভ্যাদ হইতে যোগ, যোগ হইতে জান, জ্ঞান হইতে প্রেম, প্রেম হইতে আনন্দের উৎপত্তি।

'আমি ও আমার' একটি কুসংস্কার; ইহার বেষ্টনে আমরা এত দীর্ঘকাল বহিয়াছি যে, ইহাকে ত্যাগ করা একরূপ অসম্ভব। তব্ও অতি উচ্চ অবস্থা লাভ করিতে হইলে এই কুসংস্কার ত্যাগ করিতেই হইবে। আমাদিগকে আনন্দময় ও প্রফুল্ল হইতে হইবে। অপ্রসন্ন মুখভাব লইয়া ধর্মলাভ হয় না। সর্বোৎকৃষ্ট বলিয়া যাবতীয় পার্থিব বস্তু অপেকা ধর্ম অনেক বেশী আনন্দপ্রদ। কঠোর তপশ্চর্যা আমাদিগকে পবিত্র করিতে পারে না। দিখরপ্রেমিক ও পবিত্রাত্মা কেন বিষপ্ল হইবেন? তিনি হইবেন আনন্দময় শিশুর মতো প্রকৃত দিশ্ব-সন্তান। অস্তঃকরণকে শুদ্ধ করাই ধর্মের সার ; স্বর্গরাক্ত্য আমাদের অস্তরে, কিন্তু বিশুদ্ধাত্মাই সে রাজাধিরাজ-দর্শনের অধিকারী। জগতের চিন্তা করিলে জগৎই থাকিয়া ষায়; তিনিই জগৎরূপে প্রকাশিত—এই ভাবে চিন্তা করিলে আমরা ঈশরকে লাভ করিব। পিতা-মাতা, পুত্র-কক্সা, স্বামী-স্ত্রী, শক্র-মিত্র, ব্যক্তি বা বন্ধ—সকলের উপরেই এই ঈশরভাব আরোপ করিতে হইবে। যদি আমরা জ্ঞানতঃ এই জগৎকে ঈশরময় দেখি—তাহাকে ছাড়া আর কিছু অহুভব না করি, ভাবিয়া দেখ, তাহা হইলে এই জগৎ আমাদের চক্ষেকত পৃথক্রণে প্রতিভাত হইবে—তথনই আমাদের সকল হৃঃখ, সকল সংগ্রাম সকল যন্ধণার চিরভরে অবদান হইবে।

জ্ঞান সাম্প্রদায়িক ধর্মবিশ্বাদের উধ্বে, তাই বলিয়া জ্ঞান ধর্মবিশ্বাদের প্রতি
অপ্রদান নয়। জ্ঞানলাভ বলিতে ব্ঝায়, ধর্মমতের উধ্বে এক উন্নত অবস্থা
লাভ। জ্ঞানী ধ্বংস চান না, পরস্ক সকলকে সাহাষ্য করিতে চান। নদীর
জল যেমন সাগরে মিশিয়া এক হইয়া ষায়, ষাবতীয় ধর্মও তেমনি জ্ঞানে
মিশিয়া একাকার হইয়া যায়।

সকল বস্তুর সন্তাই ব্রহ্মসাপেক। বাস্তবিকপক্ষে এই সত্য হৃদয়ক্ষম করিতে সমর্থ হুইলেই বৃঝিতে পারিব, যথার্থ সত্য আমর। কিছু পরিমাণে উপলব্ধি করিয়াছি। বৈষম্য-দৃষ্টি যথন সম্পূর্ণরূপে চলিয়া ঘাইবে, তখনই বোধ হুইবে—'আমি ও জগৎ-পিতা অভিশ্ল'।

ভগবদগীতার শ্রীকৃষ্ণ অতি স্থল্ব জ্ঞানের উপদেশ দিয়াছেন। এই মহৎ কাব্যগ্রন্থ ভারতীয় সাহিত্যরত্বরান্তির চূড়ামণিরপে পরিগণিত। ইহা বেদের ভারত্বরূপ। গীতা স্পষ্ট ব্যাইয়া দিভেছেন, এই জীবনেই আধ্যাত্মিক সংগ্রামে আমাদিগকে জয়ী হইতে হইবে। সংগ্রামে পৃষ্ঠপ্রদর্শন না-করিয়া সবটুকু আধ্যাত্মিকভাই গ্রহণ করিতে হইবে। গীতা উচ্চতর জীবন-সংগ্রামের রূপক বলিয়া যুদ্ধক্ষেত্রই গীতা-বর্ণনার স্থলরূপে নির্দিষ্ট। ইহাতে অতি উচ্চাঙ্গের কবিত্ব প্রকাশিত হইয়াছে। বিক্লম যুত্ত্দলের অক্সতম নায়ক অর্জুনের সার্থি-বেশে শ্রীকৃষ্ণ অর্জুনকে বিষম্ন না হইতে এবং মৃত্যুভর ত্যাস করিতে উব্ল করিতেছেন; কারণ তিনি ভো জানিতেন—তিনি অবিনাশী, আর পরিবর্তনশীল যাহা কিছু, সবই মহয়ের প্রকৃত্ত স্বরূপের বিরোধী। অধ্যায়ের পর অধ্যায় ধরিয়া শ্রীকৃষ্ণ অর্জুনকে অতি উচ্চ দার্শনিক তত্ব শিক্ষা দিতেছেন। এই-সকল উপদেশই গীতাকে পরমাশ্রের কাব্যগ্রন্থে পরিণত করিয়াছে। প্রকৃত্তপক্ষে সমগ্র বেদাস্কর্ণনিই গীতার নিবদ্ধ। বেদের শিক্ষা এই যে, আত্মা

অবিনাশী, দেহের মৃত্যুতে আত্মা কোনরূপেই বিক্বত হন না। বৃত্তরূপ আত্মার পরিধি কোথাও নাই, কেন্দ্র জীবদেহে। তথাকথিত মৃত্যু এই কেন্দ্রের পরিবর্তন মাত্র। ঈশর একটি বৃত্ত, এই বৃত্তের পরিধি কোথাও নাই, কিন্তু কেন্দ্র সর্বত্র। যথনই আমরা এই সমীর্ণ দেহরূপ কেন্দ্র হইতে বাহিরে যাইতে পারি, তথনই আমাদের প্রকৃত স্বরূপ—এই ঈশর উপলব্ধ হন।

বর্তমানকাল অতীত ও ভবিষ্যতের সীমারেথা ভেদ-পরিচায়ক রেথামাত্র, স্তরাং অতীত ও ভাবস্থং হইতে বর্তমানের কোন স্বতন্ত্র অন্তিম নাই বলিয়া কেবল বর্তমানই গ্রাহ্য—এ-কথা নির্বিচারে বলিতে পারি না। এই তিন কালই একত্র মিলিয়া এক অথগু সমষ্টি। সময় সম্বন্ধে আমাদের ধারণা এই বেদ, উহা আমাদের বৃদ্ধিবৃত্তির পরিণতির তারতম্য অনুসারে আরোপিত একটি অবস্থা মাত্র।

O

জ্ঞানের শিক্ষা এই যে, সংসার ছাড়িবে; কিন্তু তাই বলিয়া সংসার ত্যাগ করিয়া অক্সত্র প্রস্থান করিবে না। সন্ন্যাসী সংসারে থাকিবেন বটে, কিন্তু সংসারের ছইবেন না—তাঁহার সম্বন্ধে এটিই চরম পরীক্ষা। এইরূপ ত্যাগের ধারণা যে-কোন আকাবেই হউক, সকল ধর্মেই স্থান পাইয়াছে। আমাদের নিকট জ্ঞানের দাবি এই যে, আমরা শুধু 'সমত্ব' দেখিব, সমদর্শী হইব। নিন্দা-স্থতি, ভাল-মন্দ, এমন কি শীত-উঞ্চও তুলারূপে আমাদিগকে গ্রহণ করিতে হইবে। ভারতে এমন অনেক সাধু আছেন, যাঁহাদের ছন্থাতীত এই সাম্যভাব বর্ণে সত্তা। সম্পূর্ণ অনাবৃতদেহ ও আপাততঃ একেবারে শীত-উঞ্চ বৈষম্যা-বেধিহীন অবস্থায় তুষারমণ্ডিত তুক্ক হিমালয়-শৃক্তে অথবা উত্তপ্ত মক্তৃমিতে তাঁহারা ভ্রমণ করিয়া থাকেন।

আমরা 'দেহ নই'—দেহ দদ্ধে ভ্রান্ত সংশ্বার স্বাত্রে ত্যাগ করিতে হইবে। ভারপর 'মন নই'—মনের সংশ্বারও ছাড়িতে হইবে। আমরা মন নই; এই মন 'রেশমের মতো স্ক্র' শরীর মাত্র, আত্মার কোন অংশ নয়। প্রায় সকল পদার্থ সদ্ধে প্রযোজ্য এই 'body' শক্টি দ্বারা স্ব কিছুরই একটি সাধারণ নাম ব্যায়। ইহাই অন্তিম্ব। এই দেহ উহাব অন্তর্গালে অবস্থিত চিন্তারই প্রতীক; আবার চিন্তাগুলি স্বয়ং প্র্যায়ক্রমে দেহের পশ্চাতে অবস্থিত কোন

কিছুর প্রতীক। সেই কোন কিছুই পারমার্থিক সন্তা, আমাদের আত্মার আত্মা, বিশ্বাত্মা, প্রাণের প্রাণ, আমাদের যথার্থ স্বরূপ। যতদিন পর্যন্ত ঈশ্বর হইতে আমাদের অণুমাত্র পৃথক অন্তিত্ব-জ্ঞান থাকিবে, তত্তদিন ভয় থাকিবে। আবার ঈশ্বরের সহিত একত্ববোধ হইলেই ভয় দূর হইবে। কিসের ভয় ? কেবল ইচ্ছাশক্তি-সহায়ে জ্ঞানী দেহমনের অতীত অবস্থা লাভ করিয়া এই বিশ্বকে শৃত্তমাত্রে পরিণত করেন। এইরূপে অবিতা নাশ করিয়া তিনি তাঁহার যথার্থ স্বরূপ আত্মাকে জানেন। স্থত্থে ভগু ইন্দ্রিয়জনিত, এগুলি আমাদের প্রকৃত স্বরূপকে স্পর্শ করিতে পারে না। আত্মা দেশ-কাল-নিমিত্তের অতীত, সেই হেতু অপরিচ্ছিন্ন ও স্ব্রে বিরাজ্মান।

জ্ঞানী সমস্ত বিধি-নিষেধের গণ্ডির বাহিরে গিয়া, শ্বৃতির অমুশাসন ও ধর্মণাস্ত্রের অত্যত হইয়া নিজেই নিজের শাস্ত্র হইবেন। বিধি-নিষেধের মধ্যে আমরা জড়ীভূত হইয়া মৃত্যু বরণ করি। তবুও ষাহারা শাস্ত্রবিধি অতিক্রম করিতে অসমর্থ, জ্ঞানী তাহাদের দোষ দর্শন করিবেন না; এমন কি 'আমি তোমা অপেক্ষা পবিত্র' অন্তের সম্বন্ধে জ্ঞানী কখন এরূপ মনে করিবেন না।

এইগুলি প্রকৃত জ্ঞান্যোগীর লক্ষণ: (১) জ্ঞানী জ্ঞান ব্যতীত আর কিছুই আকাজ্ঞা করেন না। (২) তাঁহার সকল ইন্দ্রিয় সম্পূর্ণ বনীভূত। উন্মুক্ত আকাশতলে অনারত ধরাই তাহার শ্যা হউক বা রাজপ্রাসাদেই তিনি অবস্থান কক্ষন, উত্তয় অবস্থাতেই তুল্য স্থবী হইয়া, অসন্তোষ প্রকাশ না করিয়া সব কিছুই তিনি সমভাবে ভোগ করিয়া থাকেন। যেহেতু আত্ম-ব্যতিরিক্ত সব কিছু হইতেই তিনি মন উঠাইয়া লইয়াছেন, সেইজ্ঞ তুঃধকটের হাত এড়াইবার চেটা না করিয়া দেগুলির সম্মুখীন হইয়াই তুঃধকটের হাত এড়াইবার চেটা না করিয়া দেগুলির সম্মুখীন হইয়াই তুঃধকট স্থ করেন। (৩) জ্ঞানী ব্রিয়াছেন—এক ব্রন্ধ ছাড়া সবই অনিত্য। (৪) মুক্তিলাভের জ্ঞ তাঁহার তীব্র আকাজ্যা বর্তমান। প্রবল ইচ্ছাশক্তি-সহায়ে মনকে উচ্চ বিষয়ে নিবিষ্ট করিয়া তিনি শান্তির অধিকারী হন। শান্তি লাভ করিতে না পারিলে আমরা শশু অপেক্ষা বেশী উন্নত নই। সর্বকর্মকল বিসর্জনপূর্বক ইহুকাল বা পরকালের ফলাকাজ্যারহিত হইয়া জ্ঞানী পরার্থে ও ঈশ্বার্থে কর্ম সম্পাদন করেন। আত্মজ্ঞান ব্যতীত জ্গৎ আমাদিগকে আর কি দিতে পারে ? আত্মজ্ঞান-লাভ হইলেই সকল প্রয়োজন সিদ্ধ হইল। বেদের শিক্ষা এই যে, আত্মা এক অথণ্ড সত্তা। আমরা জ্ঞানি, এই আ্যানা—মন, স্থিতি, চিন্তা,

এমন কি চেতনারও অতীত। সকলই আত্মপ্রস্ত। আত্মারই মধ্য দিরা অথবা আত্মা আছেন বলিয়াই আমরা দেখি, ভনি, অহুভব করি এবং চিস্তা করি। এই ওঁ-এই অধিতীয় সন্তার সহিত একছ-উপল্কিই জীবজগতের- লক্ষ্য। জানীকে সকল ধৰ্মীয় মতবাদ হইতে মুক্ত থাকিতে হইবে; তিনি হিন্দু বৌদ্ধ বা এটান কিছুই নন, কিছ তিনি একাধারে এই তিন। জ্ঞানী সর্বকর্ম পরিত্যাগ করেন, তিনি ঈশবে শরণাগত; জ্ঞানীকে কর্ম আর বদ্ধ করিতে পারে না। জ্ঞানী কঠোর বিচারবাদী, 'নেভি'বিচার-সহায়ে তিনি সবই অন্বীকার করেন। তিনি দিবারাত্রি মনে মনে বলেন, 'ধর্মবিখাদ নাই, মন্ত্রন্তন্ত্র নাই, স্বর্গ-নরক নাই, ধর্মত নাই, মন্দির নাই—কেবল আত্মাই বর্তমান।' সর্ব বস্তু পরিহার করিয়া যে অপরিহার্য পরমতত্ত লাভ হয়, তাহাই আত্মা। সমস্ত ব্যাবহারিক ও সম্বন্ধমূলক ভাবের বিলোপ-অবস্থা,— সেই নির্বাণ-অবস্থা লাভ না হওয়া পর্যন্ত জ্ঞানী কিছুরই অন্তিত্ব স্বীকার না করিয়া শুদ্ধ বিচার ও ইচ্ছাশক্তি ঘারা সমস্ত বিশ্লেষণ করিয়া থাকেন। এই অবস্থার বর্ণনা বা ধারণাও অসম্ভব। কোন পার্থিব ফলের দারাই জ্ঞানের বিচার হয় না। শকুনি ষেমন শৃত্যে বহু উর্ধে উঠিয়া অদৃশ্য হইলেও সামাত্য গলিত দেহ দেখিয়া সবেগে নামিয়া আদিতে সর্বদা উন্মুখ, তেমন হইও না। স্বাস্থ্য বা পরমাযু বা সম্পদ-কিছুই চাহিও না, কেবল মৃক্তিকামী হও। আমর। সচ্চিদানন্দ। সং বা অন্তিভাব জগতের শেষ বস্তুনির্দেশক ব্যাপার। তাহাই আমাদের অন্তিত্ব, তাহাই আমাদের জ্ঞান। আর আনন্দ অন্তিত্বের অবিমিশ্র স্বাভাবিক ফল। কখন কখন মৃহুর্তের জন্ম আমর। সেই পরমানন্দ অহুভব করি; সেই সময় আনন্দ ছাড়া আমরা কিছুই চাহি না, কিছুই দিই না, এবং কিছুই জানি না। তারপর এ আনন্দ অন্তর্হিত হয়, আবার জগতের সমগ্র দৃশ্য চক্ষের সন্মুখে চলিতে থাকে এবং আমরা জানি, 'এই বিশ্বছবি সর্বাশ্রয় ঈশবেরই উপর বিশ্বন্ত শিল্পরচনা মাত্র।' সংসারে ফিরিয়া আসিলেই দেখিতে পাই—দেই পারমার্থিক সত্তাই ব্যাবহারিক সন্তার্নপে প্রতিভাত হইয়াছেন, দেখি—সচ্চিদানন্দকে 'পিতা, পুত্র ও পবিত্রাত্মা' এই ত্রিমূর্তিরূপে। সং অর্থাৎ স্ত্রনীশক্তি, চিৎ—পরিচালিকাশক্তি, আনন্দ—আত্মাহুভবশক্তি; এই শক্তিই আবার আমাদিগকে সেই এক ব্রহ্মের সহিত যুক্ত করে। জ্ঞান বা চিৎ ব্যতীত 'দং'কে কেহ উপলব্ধি করিতে পারে না। এজ্লুট খ্রীষ্টের কথার শক্তি:

'পুত্রের ভিতর দিয়া ব্যতীত কেহ পরমণিতাকে দর্শন করিতে পারে না।' বেদান্তের শিক্ষা এই যে, ইহলোকেই এবং এই দেহেই নির্বাণ লাভ করা বায়, নির্বাণ লাভ করিবার জন্ম মৃত্যু পর্যন্ত প্রতীক্ষার প্রয়োজন নাই। নির্বাণ আর্থ আত্মাহভূতি। এক মৃহুর্তের জন্মও আত্মাহভূতি লাভ হইলে ব্যক্তিত্বভাবের মরীচিকা বারা আর মৃথ্য হইতে হইবে না। জগৎপ্রপঞ্চ—চক্ষ্যুক্ত আমাদের দৃষ্টিতে পঢ়িবে, কিন্তু এই জগৎ-রচনার কারণ অবগত হইলেই ইহার যথার্থ প্রকৃতি বৃঝিতে পারা বায়। এই জগৎ-রূপ আবরণই অবিকারী আত্মাকে আর্ত রাথিয়াছে। এই আবরণ অপসারিত হইলেই আত্মদর্শন হয়। পরিবর্তন বাহা কিছু তাহা এই আবরণ অপসারিত হইলেই আত্মদর্শন হয়। পরিবর্তন বাহা কিছু তাহা এই আবরণেই সংঘটিত হয়, আত্মায় নয়। সাধ্র নিকট এই আবরণ অতি কৃত্ম, ইহার ভিতর দিয়া বাত্তব সভা প্রায় প্রকাশিত হইতে পারে, কিন্তু পাপীর নিকট এই আবরণ অতি সূল, স্ক্রমং পাপীর মধ্যে যে আত্মা রহিয়াছেন, তাহা দেখি না এবং সাধ্র মধ্যে যে আত্মা আছেন—এই সত্যও সহসা অহধাবন করিতে পারা বায় না।

একত্বে উপনীত হইলেই সব বিচার সমাপ্ত হয়, স্তরাং আমরা প্রথমতঃ
বিশ্লেষণ, তারপর সমন্বয় অবলম্বন করিয়া থাকি। বিজ্ঞানের রাজ্যে দেখা
যায়, একটি অন্তর্নিহিত প্রাকৃতিক শক্তির অনুসন্ধানে বিক্ষিপ্ত শক্তিগুলি
ক্রমণঃ সীমাবদ্ধ হয়। চরম একত্বকে পূর্বভাবে উপলব্ধি করিতে পারিলেই
জড়বিজ্ঞান লক্ষ্যে উপনীত হয়। একত্বে পৌছিলেই আমাদের বিশ্লাম।
জ্ঞানই চরম অবস্থা।

সকল বিজ্ঞানের শ্রেষ্ঠ ধর্মবিজ্ঞান বহুপূর্বেই সেই একছ আবিষ্কার করিয়াছে, সেই অবৈত-ভব্তে উপনীত হওয়াই জ্ঞানবাগের লক্ষ্য। বিশ্বময় একই পরমাত্মা বিরাজ করিতেছেন, ক্ষুদ্র জীবাত্মাগুলি তাঁহারই অভিব্যক্তি-মাত্র। অভএব পরমাত্মা তাঁহার অভিব্যক্তিগুলি অপেক্ষা অনম্বগুণে বৃহৎ। সবই পরমাত্মা বা এন্ধ। সাধু, পাপী, মেব, ব্যাদ্ধ—এমন কি হত্যাকারী পর্যক্ত পরমার্থের দিক দিয়া এন্ধ ভিন্ন আর কিছুই নয়, যেহেতু এন্ধ ছাড়া আর কিছুরই অভিত্ব নাই। 'একং সদিপ্রা বহুধা বদন্তি'—এক সৎ বস্তুই বিভ্যমান, ঋষিগণ তাঁহাকে বিভিন্নভাবে অভিহিত করিয়াছেন। এই জ্ঞান ব্যতীভ উৎকৃষ্ট আর কিছুই নাই, এবং বোগহারা বিশুদ্ধচিত ব্যক্তিতেই এই জ্ঞানেক আলোক উদ্ভানিত হয়। বিনি বত বেশী এই যোগ ও ধ্যানের হারা বিশুদ্ধ

ও যোগ্য হইয়াছেন, আয়ামভৃতির আলোক তাঁহার নিকট তত বেশী পরিক্ট। এই উৎকৃষ্ট জ্ঞান চারি সহস্র বর্ধ পূর্বে আবিষ্কৃত হইয়াছে, কিন্তু অতি অল্প কয়েকজনেরই অধিকারে আদিয়াছে; এখনও ইহা জাতীয় সম্পত্তিরূপে পরিণত হইতে পারে নাই।

8

তথাকথিত মহুলনামধারী সকল ব্যক্তিই প্রকৃত 'মাছুষ' আখ্যার যোগ্য নয়। প্রত্যেকেই নিজের মন ছারা এই জগংকে বিচার করিয়। থাকে। জগং সৃষদ্ধে উচ্চতর ধারণা অত্যন্ত কঠিন। অধিকাংশ ব্যক্তির নিকটই তত্ব অপেক্ষা জাগতিক বস্তু বেশা গ্রাহ্ন। দৃষ্টান্তরূপে বোধাই-এর তুইব্যক্তি সম্বন্ধে একটি গল্ল প্রচলিত আছে। তাহাদের মধ্যে একজন হিন্দু, অপরজন জৈন। ঐ নগরের এক ধনীর গৃহে বদিয়া উভয়েই শতরঞ্চ খেলিতেছিলেন। বাড়িটি সমূদ্রের ধারে। থেলাও বহুক্ষণ ধরিয়া চলিতেছে। ষেথানে বসিয়া তাঁহারা খেলিতেছিলেন, ভাহার নিচে সমুদ্রের জোয়ার-ভাঁটা তাঁহাদের দৃষ্টি আকর্ষণ করিলে তাঁহাদের মধ্যে একজন জোয়ার-ভাটাকে পৌরাণিকভাবে ব্যাখ্যা করিয়া বলিলেন, 'দেবভারা এই জল একটা গর্তের মধ্যে ফেলিয়া দেখান হইডে আবার ঢালিয়া ফেলিভেছেন। বারবার এইরূপ ঢালাঢালি করিয়া তাঁহারা থেলা কবিভেছেন।' অতা ব্যক্তি বলিলেন, 'না, ভাহা নয়, এই জল ব্যবহারের উপযোগী করিবার জ্বন্স একটা পর্বভের উপর শোষণ করিয়া তুলিয়া লইয়া আবার ঢালিয়া ফেলিভেছেন।' সেখানে একটি যুবক ছাত্র ছিল, সে বিজ্রপ করিয়া বলিল, 'আপনারা কি জানেন না চল্লের আকর্ষণে এই জোয়ার-ভাটা হয় ?' ইহা শুনিয়া ভদ্ৰলোক-ছুইজন ক্ৰেদ্ধ হইয়া তাহার দিকে ফিরিয়া জানিতে চাহিলেন—দে কি মনে করে যে, তাঁহারা তুইজনেই নির্বোধ, সে কি মনে করে যে, তাঁহারা বিখাদ করিবেন চন্দ্র রজ্জু ছারা জোয়ার আকর্ষণ করিয়া থাকেন, আর উহা এত দূরবর্তী চন্দ্রের নিকটে যায়। এরূপ বাব্দে ব্যাখ্যা মানিয়া লইতে তাঁহারা মোটেই রাজী হইলেন না। এমন সময় গৃহস্বামী উপস্থিত হইলে উভয় পক্ষই মীমাংসার জন্ম তাঁহাকে মধ্যস্থ মানিলেন। তিনি শিক্ষিত বলিয়া এ রহস্ত অবগত ছিলেন, কিন্তু শতরঞ্চ খেলায় রত ত্ইজনের এ-বিষয়ে বোধ জন্মানো নিভান্ত কঠিন ব্ৰিয়া যুবকটিকে নিরন্ত

হইতে ইকিত করিকেন এবং জোয়ার-ভাঁটার কারণ সহলে এমন ব্যাখ্যা দিলেন বে, মূর্য শ্রোতা-ছইম্বনের তাহা ভাল লাগিল: আপনারা নিশ্রেই অবগত প্রাট্নেন বে, বহুদ্রে মহাসাগরের ঠিক মধ্যহলে একটি স্পঞ্চের (sponge) পাহাড় আছে। আপনারা ছইম্বনেই অবশ্য স্পঞ্জ দেখিয়াছেন এবং আমি হে-বিষয় ব্রাইতে বাইতেছি, তাহা নিশ্রেই ব্রিবেন। এই স্পঞ্জ-পাহাড় সাগরের অধিকাংশ জল শোষণ করিয়া লইলেই ভাঁটার উৎপত্তি হয়; ক্রমে দেবগণ নামিয়া আদিয়া ঐ পর্বতের উপর নৃত্য আরম্ভ করিলে তাঁহাদের দেহের ভারে নিম্পেষিত হইয়া জল বাহির হইয়া বাইলেই জোয়ারের উৎপত্তি হয়। মহাশয়গণ, এই তো জোয়ার-ভাঁটার কারণ; এই কারণ কেমন সরল ও যুক্তিস্কত, ভাহা সহজেই ব্রিতে পারিবেন। চল্রের আকর্ষণে জোয়ার-ভাঁটা হয় শুনিয়া গাহারা ঠাট্টা করিয়াছিলেন, স্পঞ্জ-পাহাড় ও তাহার উপরে দেবতাদের নৃত্যের বিষয় শ্রবণ করিয়া তাঁহাদের আর কোন অবিশাস রহিল না। দেবতা তো তাঁহাদের নিত্য-বিশ্বান্ত সভ্যবন্ত, আর স্পঞ্জ তাঁহারা শ্বচক্রই দেখিয়াছেন। উভয়ের মিলিত ক্রিয়াফলেই যে জোয়ার-ভাঁটা হইয়া থাকে, ইহা খ্বই সম্ভব।

'আরাম'—সভ্যলাভের পরীক্ষা নয়; বস্ততঃ সভ্যলাভ ইহার ঠিক বিপরীত অবহা। যদি কেহ প্রকৃতপক্ষে সভ্যকে জানিতে চান, তিনি যেন আরামে আসক্ত না হন। সমস্ত স্থপভোগের কামনা পরিভ্যাগ করা কঠিন, কিন্তু জ্ঞানীকে ইহা বর্জন করিতে হইবে। জ্ঞানী বিশুদ্ধচিত্ত হইয়া সব বাসনা ত্যাগ করিবেন, তাঁহার দেহাত্মবৃদ্ধি থাকিবে না—কেবল তথনই উচ্চতর সভ্য তাঁহার হৃদয়ে উদ্ভানিত হইবে। ত্যাগের প্রয়োজন। যক্ষ যে ধর্মের অল বলিয়া গণ্য হইয়াছে, তাহা এই ক্ষুত্র স্বার্থকার বিদর্জনের অন্তর্নহিত শক্তি হইতেই হইয়াছে। মিথ্যা অহংজাবের বিদর্জন হারা আমরা উচ্চতর 'অহং'-জ্ঞান অর্থাৎ আত্মাহ্মভূতি লাভ করিতে পারি। দেবতাদের ক্রোধের উপশমের বা প্রসন্ধতার জন্ম যে যথার্থ ফলপ্রদ বলি প্রদন্ত হইত, তাহা আত্মজ্ঞানলাভের উপায় কাচা 'আমি'র বিদর্জনেরই রূপক মাত্র। জ্ঞানী দেহরক্ষার জন্ম যত্ন করিবেন না, মনেও ঐ ইচ্ছা পোষণ করিবেন না। বিশের ধ্বংস হইলেও জ্ঞানী সাহসের সহিত সত্য অহুসরণ করিবেন। যাহারা অলীক উত্তেজনার পশ্চাতে ধাবিত হয়, তাহারা সত্য অহুসরণ করিতে পারে না। তথ্ এই জীবনে নয়, শত শত জীবন ধরিয়া এই সাধনা করিতে হইবে। অতি

অল্লসংখ্যক মামুষ্ট অন্তবে ঈশ্বকে উপলব্ধি করিতে সাহদ করে—শর্গস্থ্ৰ, - সাকার ঈশর-উপাসনা ও ফলাকাজ্ঞা বিদর্জন করিতে সাহসী হয়। এই জ্ঞানের সাধনের জন্ম দৃঢ় সঙ্গল আবিশুক ; সন্দেহে দোহুল্যমান হওয়াও অভ্যস্ত ত্বলভার লক্ষণ। মাহ্য নিত্য-পূর্ণই আছে, তাহা না হইলে কিরুপে পূর্ণতা . লাভ করিতে সমর্থ হইত ় কিন্তু তাহাকে এই পূর্ণত প্রত্যক্ষ করিতে হইয়াছিল। মাহুষ যদি শুধু বাহু কারণগুলির অধীন থাকিত, তাহা হইলে নে কেবল মরণশীলই থাকিয়া যাইত। যাহারা কোন অবস্থার উপর নির্ভর-শীল নয়, তাহাদের সম্বন্ধেই অমৃতত্ব প্রযোজ্য। আত্মাকে কোন কিছু প্রভাবিত করিতে পারে না—এই ভাব সম্পূর্ণ ভান্তিমূলক; কিন্তু মাম্যকে আত্মার সহিত এক হইতে হইবে, দেহ বা মনের সহিত নয়। মাহুষ এই জগতের দ্রষ্টামাত্র—এই সত্য সে জানিতে পারিলেই নিয়ত গতিশীল এই জগচিত্র উপভোগ করিতে পারিবে। জ্ঞানী নিজেকে বলিতে থাকুন, 'আমি বিশ্ব, আমি ব্ৰহ্ম।' মাহুষ যখন সভ্য-সভ্যই এক অহিভীয় প্ৰমাত্মাৰ সহিভ এক হইয়া যায়, তথন সকল ব্যাপারই তাহার পক্ষে সম্ভব হয়, এবং সকল জড়বস্ত তাহার দাস হইয়া যায়। এরামকৃষ্ণ যেমন বলিয়াছেন, 'মাখন তুলিয়া ছুধে রাথো বা জলে রাথো, কিছুর সহিতই তাহা মিশিবে না। সেইরূপ মাহুষ একবার আত্মজ্ঞান লাভ করিলে বিষয়াসন্তি তাহাকে আর স্পর্শ করিতে পারে না।' 'বেলুন হইতে বেমন পৃথিবীর ছোটখাট বৈষম্ঞলি চোখে পড়ে না, মাহবেরও উচ্চ অবহা লাভ হইলে ভালমন্দ পার্থক্য আর তাহার চোখে পড়িবে না।' 'পোড়া ঘটকে আর কোন আকার দেওয়া যায় না; তেমনি যে মন একবার ঈশবকে স্পর্শ করিয়াছে এবং অগ্নিমন্ত্রে দীক্ষিত হইয়াছে, তাহা অবিকারী হইয়া থাকিবে।' সংস্কৃতে 'ফিলজফি' শন্দের অর্থ 'ভদ্ধ দর্শন', এবং ধর্ম হইতেছে ফলিত দর্শনশাস্ত্র। ওধু তত্তমূলক 'কল্পনাত্মক' দর্শন ভারতে বিশেষ সমাদৃত হয় না; সেখানে ভজনালয়, ধর্মত বা গোঁড়ামি নাই; देवज्यांनी ও অदेवज्यांनी--এই इटेंि क्षियांन विकाश चाह्न । देवज्यांनी यत्नन, 'মৃক্তির উপায় কেবল ভগবৎ-ক্লপ।। কার্য-কারণ-বিধি একবার গতিপ্রাপ্ত ছইলে আর তাহার বিশ্রাম নাই। এই বিধানের অতীত একমাত্র ঈশ্বর কুপা করিয়া আমাদিগকে এ বিধান ভদ করিতে সহায়ত। করেন।' অবৈতবাদী বলেন, 'এই জড়প্রকৃতির অস্করালে এমন একজন আছেন, বিনি

মুক্ত; সকল বিধানের অতীত সেই পুরুষকে লাভ করিয়া আমরা মৃক্ত হই। এই বন্ধন-হীনভাই মৃক্তি।' বৈভবাদ মৃক্তির একটি দিক মাত্র, অহৈভবাদ জ্ঞানের চরমে পৌছাইয়া দেয়। পবিত্র হওয়াই মুক্তিলাভের অতি সহজ পথ। আমরা যাহা অর্জন করি, তাহাই আমাদের নিজ্প। কোন শান্ত-প্রমাণ বা ধর্মবিশ্বাস আমাদিগকে রক্ষা করিতে পারে না। যদি একজন ঈশ্বর পাকেন, সকলেই তাঁহাকে লাভ করিতে পারে। অগ্নির উত্তাপ সম্বন্ধে কাহাকেও বলিয়া দিতে হয় না, সকলেই অহুভব করিতে পারে। ঈশর সম্বন্ধেও সেইরূপ। ঈশব সকল মাহুবেরই প্রত্যক্ষপম্য। প্রতীচ্যবাদীদের পাপ সম্বন্ধে বেরূপ ধারণা, হিন্দুগণ সেইভাবে পাপের অন্তিত্ব স্বীকার করেন না। কুকার্য 'পাপ' নয়; কুকার্য ছারা আমরা কোন শাসক ঈশবের বিরাগভাজন না হইয়া ওধু নিজেদেরই অনিষ্ট করিয়া থাকি, এবং সেজগু আমাদিগকে নিশ্চয়ই শান্তি ভোগ করিতে হইবে। আগুনে হাত দেওয়া পাপ নয়, কিন্তু যে এরূপ করে, দে নিশ্চয়ই পাপীর মতো যন্ত্রণা ভোগ করিবে। সকল কর্মেরই কিছু ফল আছে, এবং 'প্রত্যেক কর্মের ফলই কর্তার নিকট ফিরিয়া আদে'। 'ত্রিত্বাদ'' 'একত্ববাদ' অপেক্ষা উন্নত, একত্বাদ বৈতবাদ—এই মতে ঈশ্বর ও জীব নিত্য পৃথক। 'আমরা সকলেই ঈশবের সন্তান'—এই জ্ঞান হইলে বুঝিতে হইবে, ধর্মের উন্নতি আরম্ভ হইয়াছে; একত্বে উপনীত হইলে অর্থাৎ যথন আমরা ব্রহ্মের সহিত অভিনতা উপলব্ধি করি, তথনই চরমোন্নতি বুঝিতে হইবে।

¢

শরীর কেন চিরস্থায়ী হইতে পারে না ?—এই প্রশ্ন তর্কশান্তের অন্থমোদিত
নয়, কারণ পরিণামী ও অস্থায়ী কতকগুলি মূলপদার্থের সমবায়কে 'শরীর'
আখ্যা দেওয়া হইয়া থাকে। যখন আমরা আর পরিবর্তনের মধ্য দিয়া
যাইব না, তখনই এই তথাকথিত শরীর-ধারণের প্রয়োজন থাকিবে না।
দেশ-কাল-নিমিত্তের অতীত পদার্থ আদৌ জড় হইবে না। দেশ ও কাল তথ্
আমাদের মধ্যেই বিশ্বমান, আমরা দেই অবিনাশী সন্তা। সব সাকারবস্তাই
ক্রপভঙ্গুর, এইজন্ত সব ধর্ম বলে, 'ঈশ্বর নিরাকার'। গ্রীকো-ব্যান্থিয়ান রাজা

. Trinitarianism,

4. Unitarianism

মিনেন্দার ১৫০ খৃ: পৃ: এক বৌদ্ধ পরিব্রাজক সন্মাসী কর্তৃক বৌদ্ধর্মে দীক্ষিত হন এবং তাঁহার নাম হয় 'মিলিন্দ'। তিনি তাঁহার উপদেষ্টা যুবক-সন্মাদীকে জিজ্ঞাদা করেন, 'বুজের মতো দিজপুরুষগণ কি আস্ত হইতে পারেন অথবা ভূল করিতে পারেন ?' যুবক-সন্মাসী উত্তর দিলেন, 'সিদ্ধ ব্যক্তি তাঁহার অভিজ্ঞতার গণ্ডির বাহিরে সামাগ্র বিষয়গুলি সম্বন্ধে অজ্ঞ থাকিতে পারেন, কিন্তু অন্তদৃষ্টিবলে তিনি ষাহা উপলব্ধি করিয়াছেন, সেই সম্বন্ধে তাঁহার ভ্ৰান্তি কথনও সম্ভব নয়। তিনি ইহকালেও এই দেহে অভ্ৰাস্ত। তিনি বিখের দারতত্ত ও গৃঢ়রহস্ত পরিজ্ঞাত আছেন, কিন্তু দেশ ও কালের আশ্রয়ে শুধু বাহ্য বৈচিত্যের মধ্য দিয়া যে দার সত্তা প্রকাশ পাইভেছে, ভাহা না জানিতে পারেন। তাঁহার মৃত্তিকাজ্ঞান জন্মিয়াছে, কিন্তু ঐ মৃত্তিকা যে যে আকার ধারণ করিতে পারে, দেগুলির কোন অভিজ্ঞতা তাঁহার নাই। সিদ্ধ-পুক্ষ আত্মাকে জানিয়াছেন, কিন্তু আত্মার প্রতিরূপ ও অভিব্যক্তির জ্ঞান তাঁহার হয় নাই।' তিনি ইচ্ছামাত্রেই আমাদের মতো ব্যাবহারিক জ্ঞান লাভ করিতে পারিতেন, যদিও অসীম ক্ষমতাবলে এই জ্ঞান আরও অধিক শীঘ্রই লাভ করিতে পারেন। সম্পূর্ণ বশীভূত মনের প্রচণ্ড 'অহুসন্ধান-রাখ্যি' কোন পদার্থে নিক্ষিপ্ত হইলেই উহা শীঘ্র আয়ত্ত হইবে। ইহা বুঝা অতি আবশুক, কারণ ইহা দারা একজন বুদ্ধ বা একজন খ্রীষ্ট কিন্ধপে সাধারণ জাগতিক ব্যাবহারিক জ্ঞানে অনভিজ্ঞ ছিলেন, সে সম্বন্ধে যে নিরর্থক ব্যাখ্যা করা হয়, তাহা হইতে নিঙ্গতি পাওয়া যায়। শিশুগণ ভূল করিয়া তাঁহাদের যে উপদেশ লিপিবদ্ধ করিয়াছে, এজক তাঁহাদের দোষ দেওয়া যায় না। শিক্সগণ-বর্ণিত বাণীর একটি সভ্য, অপরটি অসভ্য—এরূপ বলা প্রতারণা। সমগ্র বিবরণ হয় মানিয়া লও, নতুবা পরিত্যাগ কর। অসত্য হইতে সভ্য কির্মে বাছিয়া লইব ?

একবার যাহা ঘটিয়াছে, পুনরায় ভাহা ঘটিতে পারে। ষদি কেই কখন পূর্ণতা লাভ করিয়া থাকেন, আমরাও ভাহা লাভ করিতে পারি। এই পৃথিবীতে ও এই শরীরে পূর্ণ ইইতে না পারিলে স্বর্গ বা যে-কোন উন্নত অবহাই করনা করি না কেন, কোন অবহাতেই আমরা ঐ পূর্ণতা লাভ করিতে পারিব না। যীও যদি সিদ্ধপুরুষ না হন, ভাহা হইলে তাঁহার নামে প্রচারিত ধর্ম ভূমিদাৎ ইইত। আর তিনি দিদ্ধ ইইয়া থাকিলে আমরাও সিদ্ধ হইতে পারি। আমরা ষে-অর্থে 'জানা' বৃঝি, সেই অর্থে সিদ্ধপুরুষ বিচার করেন না বা 'জানেন না', যেহেতু আমাদের জ্ঞান তুলনামূলক, এবং পরমতন্ত সম্বন্ধে কোন তুলনা বা শ্রেণীবিভাগ করা সম্ভব নয়। বিচার-মূলক জ্ঞান অপেকা সহজ্ঞান' অরম্মাত্মক, কিন্তু বিচার অপেকারুত উন্নত, এবং উহা স্বজ্ঞার পৌছাইয়া দেয়, স্বঞ্জা আরও উন্নত। জ্ঞান স্বজ্ঞার জনক। এই স্বজ্ঞা সহজ্ঞানের মতোই অল্রান্ত, কিন্তু উচ্চন্তরে।

প্রাণিজগতে অভিব্যক্তির তিনটি শুর বিজ্ঞান: (১) অবচেতন—বন্ধবং, অলাস্ক; (২) সচেতন—বিচারময়, লাস্ক; (৩) অভিচেতন বা তুরীয়—বজা, অলাস্ক। এই অবস্থাগুলি ষথাক্রমে জন্তু, মাহ্মষ ও ঈশরে প্রকাশিত। কারণ যে মাহ্মষ পূর্ণতা লাভ করিয়াছেন, বোধশক্তির প্রয়োগ ব্যতীত তাঁহার অন্ত কিছু থাকে না। তিনি নিজের জন্ত কিছু কামনা না করিয়া জীবের মঙ্গলার্থেই জীবনধারণ করেন। যাহা কিছু ভেদ সৃষ্টি করে, ভাহাই নান্তিবাচক বা অভাবাত্মক; যাহা অন্তিবাচক, তাহাই চির-উদার। যাহা আমাদের সাধারণ সম্পত্তি, তাহাই স্বাপেক্ষা উদার—সেটিই 'স্তা'।

'প্রাকৃতিক নিয়ম' ইইতেছে জগংব্যাপারের পারম্পর্য ব্যাখ্যা করিবার একটি মানসিক সংক্ষিপ্ত প্রক্রিয়া, কিন্তু বাস্তবিক সন্তার্ত্রপে ইহার কোন অন্তিম্ব নাই। এই জগংপ্রপঞ্চে সংঘটিত কতকগুলি ঘটনাপরস্পরা প্রকাশ করিবার জন্ম আমরা 'নিয়ম' শব্দ ব্যবহার করি। যাহার নিকট মাথা নত করিতে হইবে, এমন কোন অপরিহার্য বস্তু বা কুসংস্থাররূপে যেন আমরা এই নিয়মকে গণ্য না করি। প্রান্তি বিচারবৃদ্ধির নিত্যসন্ধী, তব্ও প্রাণপণ সংগ্রামের বারা প্রান্তিজয়ের প্রচেষ্টাই আমাদিগকে দেবতে পৌছাইয়া দিবে। আমাদের দেহ হইতে অনিষ্টকর পদার্থ বাহির করিয়া দিবার জন্ম প্রকৃতির বে প্রস্থাস, তাহাই ব্যাধি। পাপও তেমনি আমাদের অন্তর্নিহিত দেবভাব হইতে পঞ্জাব দূর করিবার প্রাণপণ চেষ্টা। দেবত্বে উরীত হইবার জন্ম আমাদিগকে 'পাপ' অর্থাৎ ভূল করিতে হইবে।

কাহাকেও রূপার চোধে দেখিও না। সকলকে ভোমার সমান বলিয়া দেখিবে, অসাম্য—মুখ্য পাপ অন্তর হইতে মৃছিয়া ফেলো। আমরা সকলেই

> Instinct ? Reason

o Intuition

দমান। 'আমি ভাল, তুমি মন্দ; আমি তোমাকে সংশোধন করিবার চেষ্টা করিতেছি'---এই-সব ভাব যেন আমাদের মনে উদিত না হয়। সমত্বই মৃক্ত মামুবের লক্ষ্ণ। যীশু ঘুণ্য পাপীদের কাছে গিয়া তাহাদের সহিত বাস করিতেন। তিনি কখনও উচ্চ বেদীতে বসিয়া থাকিতেন না। পাপীরাই কেবল পাপ দেখিতে পায়। মাহুষকে মাহুষরূপে দেখিও না, তাহার মধ্যে শুধু দিখরকেই দর্শন কর। আমরাই নিজেদের স্বর্গ সৃষ্টি করি, এবং নরককেও স্বর্গে পরিণত করিতে পারি। নরকেই পাপীদের দেখিতে পাওয়া যায়। ষতদিন আমরা আমাদের আশেপাশে পাপীদের দেখি, ততদিন আমরা নিজেরাই নরকে আছি। আত্মা দেশকালের অতীত। 'আমি সচ্চিদানন্দ, সোহহং'—ইহা উপলব্ধি কর। জন্ম-মৃত্যু উভয় অবস্থাতেই আনন্দে থাকো, ঈশ্ববপ্রেমে সদা মাতোয়ারা হও। দেহের বন্ধন হইতে মুক্ত হও। আমরা দেহের দাস হইয়াছি, শৃঙ্খলকে বুকে জড়াইয়া ধরিতে শিখিয়াছি, এবং দাসত্বকে বরণ করিয়া লইয়াছি। আমরা এতদ্র দাস হইয়া পড়িয়াছি ষে, এই দেহবন্ধনকে চিরস্থায়ী করিতে ইচ্ছা করি, এবং চিরদিন দেহবৃদ্ধি লইয়াই থাকিতে চাই। দেহা মুবুদ্ধিকে আঁকড়াইয়া থাকিও না। কিছুতেই বর্তমান জীবনের মতো আর একটি ভাবী জীবনের আকাজ্ঞা করিও না। এমন কি অতি প্রিয়জনের দেহও ভালবাসিও না, বা তাহাদের দেহ কামনা করিও না। এই জীবনই আমাদের শিক্ষাদাতা; মৃত্যু সেই শিক্ষা নৃতন করিয়া আরম্ভ করিবার স্থবিধা দেয় মাত্র। এই দেহ বিভালয়ের শিক্ষকের মতো, কিস্ক আত্মহত্যা কেবল নিবুদ্ধিতা, ইহা শুধু শিক্ষককে হত্যা করার মতো কাজ। আবার অন্ত দেহ ধারণ করিতে হইবে, স্থতরাং দেহাত্মবৃদ্ধির অভীত অবস্থায় উন্নীত না হইলে বারংবার দেহধারণ করিতেই হইবে; তাই একটি দেহ নষ্ট করিলে অন্যটির আশ্রয় গ্রহণ ছাড়া গত্যস্তর নাই। তবুও আমরা ষেন কিছুতেই দেহাত্মবুদ্ধি না রাখি, দেহটিকে যেন শুধু পূর্ণতা লাভ করিবার ষন্ত্রস্থরপ মনে করি। রামের ভক্ত হহুমান্ তাঁহার নিজ অহভৃতি এই কয়েকটি কথায় সংক্ষেপে বলিয়াছেন, 'হে প্রভু, যখন দেহবৃদ্ধি থাকে, তথন আমি তোমা হইতে সম্পূর্ণ ভিন্ন, আমি তোমার দাস। ষধন আমার জীব-বৃদ্ধি হয়, তথন আমি জ্যোতির্ময় তোমার অংশ, একটি স্পাক মাত্র। কিন্তু যথন আত্মবুদ্ধি হয়, তথন আমি ও তুমি এক।' তাই জানী অন্ত কোন আকাজ্ঞা না রাখিয়া ভূধু আত্মাকে উপলব্ধি করিবার জন্ম সচেষ্ট।

৬

চিম্ভা অতি গুরুত্বপূর্ণ, কেন না 'বাদৃশী ভাবনা বস্তা সিদ্ধির্ভবতি তা ষাহার যেমন চিস্তা, তাহার তেমনি সিদ্ধি। জনৈক সাধু বৃক্ষতলে বসিয়া লোককে ধর্মোপদেশ দিভেন। তিনি ওধু ত্থ ও ফলমূল আহার করিয়া এবং প্রাণায়ামাদি অভ্যাস করিয়া নিক্ষেকে খুব পবিত্র মনে করিডেন। সেই গ্রামে এক চরিত্রহীনা নারী বাদ করিত। স্ত্রীলোকটি ছ্ফার্যের জ্ঞ্ নরকে ষাইবে—এই বলিয়া সাধু প্রভাহই ভাহার নিকট পিয়া তাহাকে সাবধান করিয়া দিতেন। হতভাগিনী তাহার জীবিকা উপাজনের একমাত্র পথ পরিবর্তন করিতে অক্ষম হইয়া শাধু-কথিত ভয়াবহ পরিণামের চিস্তায় শহিত থাকিত। নিরুপায় স্ত্রীলোকটি কাঁদিয়া, ভগবানের নিকট প্রার্থনা করিয়া ক্ষমা ভিকা করিত। এই সাধু ও ভ্রষ্টা জীলোকটির মৃত্যু হইলে দেবদ্ভেরা আসিয়া সেই স্ত্রীলোকটিকে স্বর্গে লইয়া গেল, আর ষমদ্ভেরা আসিয়া সাধুর আত্মা দাবি করিল। সাধু উচ্চৈ:স্বরে জিজ্ঞাসা করিলেন, 'একি? আমি कि कर्छात्र माधुकीवन यायन कतिया मकलात मस्या धर्म প्रकात कति नाहे ? আমি কেন নরকে ষাইব, আর এই ভ্রষ্টা জীলোক স্বর্গে ষাইবে ?' ষমদৃতগণ বলিল, 'দ্বীলোকটি দেহ দারা পাপ কাজ করিতে বাধ্য হইলেও ভাহার মন দর্বদা ভগবানে নিবিষ্ট ছিল এবং সে মৃক্তি কামনা করিয়াছিল। সেই মৃক্তি এখন সে লাভ করিয়াছে। আর তুমি বাহিরে ধর্ম-কার্য করিয়াছ, তোমার মন কিছ অপরের পাপের দিকেই সর্বদ। নিবিষ্ট থাকিত। তুমি পাপই দেখিয়াছ, পাপই চিস্তা করিয়াছ; স্থতরাং ষেখানে কেবলই পাপ, ভোমাকে সেই স্থানেই ষাইতে হইবে।' এই গল্পের শিক্ষণীয় বিষয়টি অতি স্পষ্ট: বাছ জীবন যাপনের ছারা কোন ফলই হয় না। হুদয় পবিত্র হওয়া চাই; পবিত্রহৃদয় পাপ না দেখিয়া কেবল পুণ্যই দেখে। মানবজাভির অভিভাবক অথবা পাপীতাপীর উদ্ধারকর্তা সাধুরূপে দাড়াইবার চেষ্টা করা আমাদের পক্ষে উচিত নয়। তাহার পরিবর্তে নিজদিগকে পবিত্র করিতে চেটা করিব। ইহার ফলে আমরা অপরের ধর্মলাভের সহার হইতে পারিব।

পদার্থবিজ্ঞান উভয় দিকেই অতীক্রিয়বিজা দারা সীমাবদ। যুক্তি সম্বেও ঠিক তাই—ইহার আরম্ভ অ-যুক্তিতে, সমাপ্তিও অ-যুক্তিতে। অহভৃতি-রাজ্যের গভীরে সন্ধান করিলে অহভৃতির অতীত এক ভরে আমরা উপনীত হইব। যুক্তি বান্তবিক সঞ্চিত ও শ্রেণীবদ্ধ অমুভূতি—শ্বতি ধারা স্থরকিত। ইন্দ্রিয়াহভূতির বাহিরে আমরা আর কিছু কল্পনা বা বিচার করিতে পারি না। যুক্তি বা বিচারের অতীত কোন কিছুই ইন্দ্রিয়-জ্ঞানের বিষয় হইতে পারে না। বিচারশক্তি যে সীমাবদ্ধ, তাহা আমরা বুঝিতে পারি; তবুও ইহা আমাদিপকে এমন এক স্তরে লইয়া যায়, যেখানে আমরা এক ইন্দ্রিয়াতীত অবস্থার আভাস পাইয়া থাকি। তারপর প্রশ্ন আদে: মাহুষের এমন কোন ষন্ত্র কি আছে, যাহার সাহায্যে সে বিচার বা যুক্তির অতীত অবস্থা লাভ করিতে সমর্থ ? ইহা সম্ভব যে, যুক্তির অতীত অবস্থা লাভ করিবার একটি শক্তি মাহুবের আছে। সত্য-সত্যই ঋষিরা সর্বকালেই এই শক্তি দেখাইয়াছেন। কিন্তু অধ্যাত্মভাব এবং অমুভূতিকে স্বভাবতই যুক্তির ভাষায় রূপায়িত করা অসম্ভব। আর এই ঋষিরাই তাঁহাদের প্রত্যক্ষামূভূত আধ্যাত্মিক ভাবগুলি অক্তকে জ্ঞাপন করিবার অক্ষমতা স্বীকার করিয়াছেন। নিশ্চয়ই তাঁহারা ভাষায় কিছু প্রকাশ করিতে পারেন না; অতএব ইহা ভুধু বলা ষাইতে পারে, এগুলি তাঁহাদের প্রত্যক্ষ অমুভূতি এবং সকলেরই অধিগম্য। ওধু এভাবেই অহুভৃতিগুলি জানা যায়, কিছ কখনও প্রকাশ করা যায় না। বে বিজ্ঞান মাহবের অতীন্দ্রিয় সন্তার মধ্য দিয়া প্রকৃতির অতীত সন্তাকে বুঝিতে চায়, তাহাকেই ধর্ম বলে। মাহুষের বিষয় আমরা এ পর্যন্ত অল্লই জানি, সেইজন্ত বিধ্দগৎ সহদ্বেও অল্লই জানি। মাহুষের বিষয় আরও বেদী জানিতে পারিলে বিখ সম্বন্ধেও সম্ভবতঃ অধিকতর জ্ঞান লাভ করিব। মাহুষ সর্ববস্তুর সংক্ষিপ্ত আধার, সমগ্র জ্ঞান মাহুবের মধ্যেই আছে। এই বিশ্বজগতের ষেটুকু আমাদের ইন্দ্রিগ্রাহ, সেইটুকুরই আমরা কারণ নির্ধারণ করিতে পারি, মূলভত্তের কোন কারণ নির্ধারণ করিতে আমরা অসমর্থ। কোন বিষয়ের কারণ নির্ধারণ করার অর্থ—উহাকে ভুধু শ্রেণীবন্ধ করা এবং মনের কৃত্র কক্ষে পুরিয়া রাখা। একটি নৃতন বিষয় পাওয়া মাত্র আমরা উহাকে তথনই পূর্ব হইতে বিভামান একটি শ্রেণীর অস্তভুক্ত করিতে চেষ্টা করি, এই চেষ্টাকেই বিচারবৃদ্ধি বলে। এই বিষয়টি

কোন এক শ্রেণীর মধ্যে ফেলিতে পারিলেই কিছু পরিমাণ মানদিক তৃথি বোধ হর; কিন্ত এই শ্রেণীবিভাগ হারা আমরা ইন্দ্রিয়গ্রাহ্ম অবহাও অভিক্রম করিতে পারি না। প্রাচীনকাল এ বিষয়ে সগৌরবে সাক্ষ্য দিতেছে হে, মামুষ ইন্দ্রিয়াতীত অবহা লাভ করিতে পারে। পাঁচ হাজার বংসর পূর্বে উপনিষদ ঘোষণা করিয়াছেন যে, ইন্দ্রিয়হারা ঈশরকে কখনও উপলব্ধি করা বায় না। আধুনিক অজ্ঞেয়বাদ এ পর্যন্ত একমত, কিন্তু বেদ নেতিবাচক দিকও অভিক্রম করিরা স্পাই ভাষায় ব্যক্ত করিতেছেন যে, মানুষ ইন্দ্রিয়াবদ্ধ জ্মাট বরফের মতো এই জডজগংকে অভিক্রম করিতে পারে এবং অভিক্রম করে। সে যেন এই বরফরাশির কোনহানে একটি ছিন্তু আবিষ্ণার করিতে পারে এবং তাহার মধ্য দিয়া অথও জীবনসমূদ্রে পৌছিতে পারে। এইরপে সে ইন্দ্রিয়গ্রাহ্ম জ্বাং অভিক্রম করিয়াই তাহার যথার্থ স্করণ উপলব্ধি করিতে পারে।

ইন্দ্রিয়ের জ্ঞানকে কখনও জ্ঞান বলা যায় না। আমরা ব্রহ্মকে জ্ঞানিতে পারি না; আমরাই ব্রন্ধ—অংশ নই, পূর্ণব্রন্ধ। যাহার বিন্তার নাই, ভাছা কখনও বিভাক্য নয়। আমরা দেখিতে পাই স্থ এক, বহু নয়; তব্ও স্থ্বশ্মি ষেমন লক লক শিশিরবিন্দুর মধ্যে প্রতিফলিত দেখা যায়, তেমনি এই প্রতীয়ুমান বৈচিত্তা ভুধু দেশকালের মধ্যেই প্রতিবিদ্বিত। জ্ঞানে উপনীত হইলে বৈচিত্তা ঘুচিয়া শুধু এক বই অহভূত হয়। এ অবস্থায় কর্তা-কর্ম, জ্ঞান-জ্ঞাতা-জ্ঞের, আমি-তুমি-তিনি--কিছুই থাকে না, এক অধিতীয় নিৰ্বিশেষ সন্তামাত্ৰ বিভয়ান থাকে। সর্বদাই আমরা এই অবস্থায় আছি, একবার মুক্ত হইলেই সদামুক্ত। মাহুষ কার্য-কারণ-নিয়ম দারা বন্ধ নয়। স্থ-ছঃখ মাহুষের ভিতরে নাই। স্থ-তৃ:থ সঞ্চরণশীল মেঘের মতো, মেঘ স্থকে আবৃত করিলে ছায়া পড়ে। স্ব ছির, মেঘই দঞ্রণশীল; মাছুষের স্থ-তু:খও দেইরূপ। মাছুফের জন্ম নাই, মৃত্যু নাই; মাহ্য দেশকালের অতীত। এই ভাবগুলি মনের চিন্তা মাত্র, কিন্তু এঞ্জলিকে আমরা বান্তব সভা বলিয়া ভ্রম করি এবং আর্ভ সেই মহিমান্বিভ সভ্যকে দেখিতে পাই না। আমাদের চিস্তার পছতিকেই 'কাল' বলি, কিছ আমরা শাখত 'বর্তমান কাল'। ভাল-মন্দ আমাদের সম্বন্ধে আরোপিত অবস্থামাত্র। একটিকে ছাডা অন্তটিকে পাওয়া যায় না, কারণ একটি ব্যতীত অন্তটির অর্থ বা অন্তিত্ব নাই। ১ বতদিন আমরা দ্বৈতভাব গ্রহণ কবিয়া জীবাস্থা ও পরমাত্মাকে পৃথক্ ভাবি, ততদিন আমরা অবশ্রই ভাল-মন্দ দেখিব।

কেন্দ্রখনে উপনীত হইয়াই, পরমাত্মার সহিত এক হইয়াই আমরা ইন্দ্রিয়ের মোহ হইতে অব্যাহতি পাইব। এই বাদনাজর—এই অস্বস্তিকর অশ্রাস্ত উৎকট পিপাসা যথন চিরতরে নিরুত হইবে, কেবল তথনই ভাল-মন্দ হইতে অব্যাহতি পাইব, কারণ হুই-ই আমরা অতিক্রম করিয়াছি। অগ্নিতে স্বভাহতি প্রদান করিলে অগ্নি যেমন আরও প্রজলিত হয়, উপভোগের ঘারা কামও সেইরূপ বৃদ্ধি পায় মাত্র।' কেন্দ্র হইতে যত দূরে, চক্র ততই জভ চলিতে পাকে, বিশ্রামও তত কম। কেন্দ্রাভিম্থী হও। কামনা দমন কর, উহাকে নিমৃল কর। মিথ্যা 'অহং'ভাব দ্র কর, তাহা হইলে আমাদের দৃষ্টি পরিষ্ঠার হইবে এবং আমরা ঈশর দর্শন করিব। যে-অবস্থায় উপনীত হইয়া আমরা প্রক্লড স্বরূপে দৃঢ়প্রতিষ্ঠিত হইতে পারি, তাহা কেবল ইহ-পরলোকের ভোগবাসনা ত্যাগ করিয়াই লাভ করা যায়। কোন কিছুর আকাজ্ঞা থাকিলেই বুঝিতে হইবে—আমরা এখনও বাসনার দাস। এক মৃহুর্তের জন্মও সম্পূর্ণভাবে আশা ভ্যাগ কর, দেখিবে কুয়াসা কাটিয়া ঘাইবে। মাহ্য যথন নিজেই সব, ভখন তাহার কিদের আকাজ্ঞা? সর্বস্ব ত্যাগ করিয়া আত্মতৃষ্ট ও আত্মরতি ছ্ওয়াই জ্ঞানযোগের রহস্ত। 'নান্তি' বলিলে 'নান্তি'-ভাব লাভ করিবে; 'অন্তি' বলিলে 'অন্তি'-ভাব পাইবে। অন্তরাত্মার অর্চনা কর, আর কিছুরই অন্তিত্ব নাই; যাহা-কিছু আমাদিগকে অন্ধ করিয়া রাথিয়াছে, তাহা মায়া —ভান্তি।

9

বিশের সবই আত্ম-সাপেক, কিন্তু আত্মা সম্পূর্ণ নিরপেক। 'আমরা আত্মা'—ইহা জানিলেই আমাদের মৃক্তি। মরণশীল জীবরূপে আমরা মৃক্ত নই, কথনও হইতে পারি না। মৃক্ত মরণশীলতা—স্ববিরোধী শক্ষ, কারণ মরণশীলতা পরিণামী এবং শুধু অপরিণামীই মৃক্তি লাভ করিতে পারে। শুধু আত্মাই মৃক্ত এবং আত্মাই আমাদের প্রকৃত সত্তা। মৃক্তির জন্ম অন্তরে এই আকাজ্যা আমরা অন্তৰ্ভব করি। সকল মতবাদ ও সকল বিশাস সত্তেও

 > ন জাতু কাম: কামানামুপভোগেন শামাতি।
 হবিষা কৃষ্ণবৃদ্ধে ব ভূয় এবাভিবর্ধতে।—বিকুপুরাণ

আমরা ইহা জানি, এবং আমাদের প্রতি কার্য বারাই প্রমাণিত হইতেছে, আমরা ইহা জানি। ইচ্ছাশক্তি স্বাধীন নহে; ইহার আপাতপ্রতীয়মান স্বাধীনতা প্রকৃত সন্তার ছায়ামাত্র। এই জগং যদি অসীম কার্য-কারণ-শৃত্থল হইত, মাহ্ব কোথায় দাঁড়াইয়া সাহাষ্য করিত? উদ্ধার-কর্তার দাঁড়াইবার একটি স্থান আবশ্রক, নতুবা ধর জলপ্রোতে মজ্জমান ব্যক্তিকে রক্ষা করা কেমন করিয়া সম্ভব হইবে? বে ধর্মোয়াদ নিজেকে সামাল্য কীট বলিয়া চীৎকার করিতেছে, দেও ভাবে সে সাধু হওয়ার পথে চলিতেছে। কীটের মধ্যেও সে সাধু (হওয়ার সম্ভাবনা) দর্শন করিতেছে।

মানব-জীবনের লক্ষ্য বা উদ্দেশ্য ছুইটি—ধথার্থ জ্ঞান (বিজ্ঞান) ও আনন্দ। মৃক্তি ব্যতীত এই হুইটি লাভ করা অসম্ভব। এই হুইটি সকল জীবনেরই স্পর্শমণি। নিত্য একত্বকে এরূপ গভীরভাবে অহুভব করা উচিত যে, আমরা সকল পাপীর জন্ম কাঁদিব, আমরা বোধ করিব—আমরাই পাপ করিতেছি। আত্মোৎসর্গ চিরস্তন নীতি, আত্মপ্রতিষ্ঠা নয়। সবই মধন এক, তথন কাহাকে প্রতিষ্ঠা করিবে? সবই প্রেমময়, 'অধিকার' বলিয়া কিছু নাই। যীও-প্রচারিত মহান্ উপদেশ অফুদারে জীবন যাপন করা হয় নাই , তাঁহার নীতি অহুসরণ করিয়া দেখ, জগতের উদ্ধার হয় কি না। বিপরীত নীডিই ব্দগতের অনিষ্ট করিয়াছে। স্বার্থপরতা নয়, নিঃস্বার্থতাই এই প্রশ্নের সমাধান করিতে পারে। অধিকারের ভাব একটি সীমাবদ্ধ ভাব: 'আমার' 'তোমার' বলিয়া বাস্তবিক কিছু নাই, কারণ 'আমিই তুমি', 'তুমিই আমি'। আমাদের 'দান্নিত্র' আছে, 'অধিকার' নাই। 'আমি জন্' বা 'আমি মেরী' না বলিয়া 'আমিই বিশ্ব' বলা উচিত। এই দীমাবদ্ধ ভাবগুলিই ভ্ৰান্তি এবং আমাদিগকে বন্ধ করিয়া রাখিয়াছে। 'আমি জন্'—এই চিস্তা মনে উদিত হইবামাত্রই ষেন আমি কতকগুলি বাস্তব অধিকার চাই এবং বলিতে থাকি 'আমি ও আমার' এবং ক্রমাগত নৃতন পার্থক্য স্থাষ্ট করি। এরূপে নৃতন পার্থক্যের সঙ্গে আমাদের দাসত্ব বা বন্ধন বাড়িতে থাকে এবং আমরা সেই সর্বগত অথও অনস্ত অভেদ সভা হইতে ক্রমশ: দূরে সরিয়া পড়ি। একমাত্র অবিতীয় পুরুষই আছেন, আমরা প্রত্যেকেই দেই। অভেদ-জ্ঞানই প্রেম ও ভয়শৃশতা; ভেদজান ঘুণা ও ভীতির দিকে দইয়া যায়। অভেদ-ভাব---এক ঘট সকল প্রশ্নোজন মিটাইয়া দেয়। এই পৃথিবীতে বহিরাগত লোকদের বাদ দিয়া আমরা কৃত্র গণ্ডির মধ্যে আবদ্ধ থাকিতে চাই। কিছ উর্ধে—
আকাশে আমরা দেরপ করিতে পারি না। সাম্প্রদায়িক ধর্মও ঠিক এরপ
আচরণ করিয়া বলিয়া থাকে—একমাত্র এই পথেই মৃক্তি মিলিবে, অক্তান্ত
পথগুলি ভূল। আমাদের জীবনের উদ্দেশ্য—এই কৃত্র গণ্ডিগুলির লোপ করিয়া
উহার সীমারেথা বাড়ানো, ধে পর্যন্ত না উপলব্ধি হয়—সকল ধর্মই ঈশ্বরের নিকট
পৌছাইয়া দেয়। এই অকিঞ্ছিৎকর কৃত্র স্বার্থ বলি দিতে হইবে। নব
জীবনে দীক্ষালাভ, 'পুরাভন মাহ্নষে'র মৃত্যু, নৃতন মাহ্নষের জন্ম—মিথ্যা
অহমিকার নাশ, বিশ্বের একমাত্র সন্তা সেই আত্মার অহভূতি এই স্বার্থ-বলিদানরপ সত্যের জোতক।

বেদের তুইটি প্রধান বিভাগ-কর্মকাণ্ড অর্থাৎ যে অংশে কর্মের বিষয় আলোচিত, এবং জ্ঞানকাণ্ড অর্থাৎ ষে অংশে শুদ্ধ জ্ঞানের বিষয় আলোচিত। বেদে ধর্মভাবের ক্রমোল্লতির ধারা আমরা লক্ষ্য করি। ইহার কারণ এই— ষধন উচ্চতর সত্যের উপলব্ধি হুইল, তুধনও উচ্চতর সত্যে পৌছিবার সোপান-স্থুরপ নিয়ত্র সত্যের অহভৃতি রকিত হইয়াছে। নিয়তর সত্যের অহভৃতি রক্ষা করার কারণ এই:ঋষিগণ ব্ঝিয়াছিলেন যে, স্ষ্ট নিভ্য বলিয়া জ্ঞানের প্রথম সোপানের উপযোগী একদল লোক সর্বদা থাকিবে, এবং সর্ব্বোচ্চ দার্শনিক জ্ঞানের দার সকলের নিকট উন্মুক্ত থাকিলেও তাহ। কখনও সকলের বোধগম্য হইবার নয়। অক্সান্ত সব ধর্মে কেবল সভ্যের চরম অহভূতির উপায়টিই শুধু রক্ষিত হইয়াছে। স্বভাবত: তাহার ফল এই দাঁড়াইয়াছে যে, পূৰ্বভাৰগুলি নষ্ট হইয়া যাওয়ায় নৃতন ভাৰগুলি অল্পসংখ্যক ব্যক্তির বোধগম্য হইয়াছে এবং এইভাবে ধর্ম ক্রমশঃ বহু লোকের নিকট অর্থহীন হইয়া পড়িয়াছে। আমরা দেখিতে পাই, এই কুফল প্রাচীন রীতি-নীতি ও ঐতিহাগুলির বিরুদ্ধে উত্তরোত্তর বিস্তোহ-ঘোষণাতেই আত্ম-প্রকাশ করিয়াছে। আধুনিক মাতৃষ এই প্রাচীন মতবাদগুলি গ্রহণ করা দূরে থাকুক, কেন তাহারা এগুলি গ্রহণ করিবে, তাহার কারণ দর্শন করিবার জন্ম স্পর্ধার সহিত দাবি করিতেছে। আধুনিক এটিধর্মের অধিকাংশ মতবাদই প্রাচীন পৌত্তলিকতা ও রীতিনীতিগুলির উপর নৃতন নাম ও অর্থের প্রয়োগমাত্র। যদি প্রাচীন মূল স্ত্তগুলি রক্ষিত হুইত এবং পরিবর্তনের কারণ-

গুলি স্পাইরপে ব্যাখ্যাত হইত, তাহা হইলে অনেক বিষয়ই ক্রোধ্য হইত। বেদে ধর্মের প্রাচীন ভাবগুলি রক্ষিত আছে; এই কারণে ভাবগুলি ব্যাখ্যা করিবার জন্ত বিপুল ভাষ্য-প্রণয়ন আবশুক হইয়াছে, এবং ভাবগুলি কেন রাখা হইয়াছে, তাহাও বলা হইয়াছে। অর্থ না ব্রিয়া প্রাচীন মতগুলি দূঢ়ভাবে আকড়াইয়া থাকিবার দক্ষন অনেক কুসংস্থারের স্পষ্ট হইয়াছে। অনেক আহুঠানিক ক্রিযাকলাপে অধুনা-বিশ্বত ভাষায় মন্ত্রগুলি উচ্চারিত হইয়া আদিতেছে; এখন আর ঐ মন্ত্রগুলির কোন প্রকৃত অর্থ খুজিয়া পাওয়া যায় না। গ্রীইজন্মের বহু পূর্বেই ক্রেমবিকাশবাদ বেদে স্থান পাইয়াছে, কিন্তু ভার্ফর এই মত্তবাদটি সভ্য বলিয়া স্থীকার না করা পর্যন্ত, ইহা হিন্দুদিগের একটি কুসংস্থারত্রপে পরিগণিত হইত।

• প্রার্থনা ও উপাদনার বাফ রীতি-নীতিগুলি কর্মকাণ্ডের অন্তর্গত।
নিকামভাবে অন্তর্গিত হইলে এবং শুধু বাফ্ আচারমাত্রে পর্ববদিত হইতে না দিলে
এগুলি কল্যাণপ্রদ। এগুলি চিন্তকে শুদ্ধ করে। কর্মবোগী চায় প্রত্যেকেই
তাহাব পূর্বে মৃক্তি লাভ কক্ষক। অশুকে মৃক্ত হইতে সাহাষ্য করাই তাহার
একমাত্র মৃক্তি। 'রুফ্ডভক্তদের দেবাই ভাহার শ্রেষ্ঠ উপাদনা।' কোন
মহাপুক্ষর বলিয়াছেন, 'সমগ্র জগতের পাপ গ্রহণ করিয়া আমাকে নরকে
বাইতে দাও, কিন্তু জগতের পরিত্রাণ হউক।' এই ভাবের প্রকৃত উপাদনা
আত্মোৎসর্গে পরিণত হয়। কথিত আছে, একজন মৃনি তাঁহার বহুদিনের
বিশ্বন্ত কুকুরটি বাহাতে অর্গে বাইতে পারে, সেক্ষ্য স্বেচ্ছায় নিজ্কের পূণ্য
কুকুরকে দান করিয়া সানন্দে নরকে বাইতে উন্থত হন।

বেদের জ্ঞানকাণ্ড শিক্ষা দেয় যে, জ্ঞানই একমাত্র পরিক্রাতা; ইহার অর্থ এই—মুক্তিলাভ না ক্রাপ্রস্তু জ্ঞান আশ্রয় করিয়া থাকিতে হইবে। জ্ঞানই প্রথম ও প্রধান লক্ষ্য, অর্থাৎ জ্ঞান স্বভঃদিদ্ধ, জ্ঞাতা নিজেকেই জানেন। একমাত্র কর্তা আস্থাই নিজেকে প্রকাশ করিবার এবং জানিবার চেষ্টা করে। দপণ যতই স্বচ্ছ হইবে, প্রতিবিশ্ব ততই স্পষ্ট হইবে। একপ মাহ্যয়ও শ্রেষ্ঠ দর্পণ; ভাহার অন্তঃকরণ যত বেশী শুদ্ধ হইবে, ভাহার মধ্যে ঈশর তত বেশী প্রতিবিশ্বিত হইবেন। মাহ্য নিজেকে ঈশর হইতে পৃথক্ মনে করিয়া এবং দেহাস্থাবৃদ্ধি আনিয়া শ্রমে পতিত হয়। মায়া হইতে এই শ্রমের উৎপত্তি। মায়া ঠিক শ্রান্তি নহে; যে বন্ধ প্রকৃতই যাহা, ভাহাকে দেইক্রপ না দেশিয়া

অক্তরপে দেখাকেই 'মায়া' বলে। এই দেহাতাবুদ্ধি হইতেই ভেদ; ভেদ হইতে दम्ह ও दেश। এই ভেদবৃদ্ধি ষতদিন থাকিবে, ততদিন আমরা কখনও স্থী হইতে পারি না। জানী বলেন—অজ্ঞান ও ভেদদৃষ্টিই সকল হৃংখের তুইটি কারণ। সংসারে আঘাতের পর আঘাত পাইয়া মাহুষ মুক্তির জঞ্ঞ সঙ্গাগ হয় এবং জন্মমৃত্যুর ভীষণ আবর্তন হইতে পরিত্রাণ পাইবার উপায় খুঁজিয়া জ্ঞানের পথ আগ্রেয় করে এবং খ-খরপ উপলব্ধি করিয়া মৃক্ত হয়। মৃক্তিলাভের পর মাত্র্য সংসারকে একটি প্রকাণ্ড যন্ত্ররূপে দেখে এবং যাহাতে নিজের হাতটি ষদ্রের চক্রের মধ্যে না পড়ে, সে বিষয়ে সাবধান হয়। এইরূপে মৃক্ত পুরুষের কর্মনিবৃত্তি হয়। কোন্ শক্তি মৃক্ত পুরুষকে কর্মে আবন্ধ করিতে পারে ? তিনি লোকের হিত করেন, কারণ ইহা তাঁহার প্রকৃতি; কোন কল্লিভ কর্তব্যের প্রেরণায় তিনি পৃথিবীর হিত করেন না। ষাহারা এখনও ইন্দ্রিয়ের দাস, তাহাদের সম্বন্ধে এ-কথা প্রধোজ্য নয়। নিক্কষ্ট অহমিকা যিনি অতিক্রম করিয়াছেন, তাঁহার জন্তই এই মুক্তি; তিনি আত্মায় প্রতিষ্ঠিত—কোন নিয়মের অধীন নহেন, তিনি মৃক্ত এবং পূর্ণ। তিনি প্রাচীন কুদংস্কারগুলি অতিক্রম করিয়া দংসারচক্রের বাহিরে গিয়াছেন। প্রকৃতি আমাদের নিজেদেরই দর্পণস্বরূপ। মান্তবের কর্মণক্তির সীমা আছে, কিছ বাসনা অসীম, সেজগুই আমরা কর্মবিম্থ হইয়া অপরের কর্মশক্তি কাজে লাগাইয়া তাহাদের শ্রমের ফল ভোগ করিতে সচেষ্ট হই। কাজের জক্ত যন্ত্র আবিষ্কার দারা কথনই মাত্রুষের শ্রীবৃদ্ধি হয় না, কারণ আমরা বাসনার পরিতৃপ্তি করিতে গিয়া বাসনার স্থাট করি; নিংশেষিত না হুইয়া আমাদের আকাজ্জা উত্রোত্তর বৃদ্ধি পায়। অতৃপ্ত বাসনা লইয়া মরিলে বাদনা-পরিতৃপ্তির বৃথা অন্বেষণে বারংবার জন্মগ্রহণ করিতে হইবে। হিন্দুরা বলেন, 'মহয়-শরীর ধারণ করিবার পূর্বে আমাদের আশী-লক যোনি পরিভ্রমণ করিতে হইয়াছে।' বাসনা নাশ করিয়া উহার হাত হইতে পরিত্রাণ পাও—ইহাই জ্ঞানের কথা। ইহাই একমাত্র পশ্বা। সব কার্য-কারণ-সম্ম দূর করিয়া আত্মাকে উপলব্ধি কর। ভুধু মৃক্তিই ষ্থার্থ নীভিজ্ঞান দিতে পারে। শুধু কার্য-কারণ-শৃঞ্জা অনম্ভকাল থাকিলে নির্বাণ লাভ অসম্ভব হইত। এই কার্য-কারণ-শৃন্ধলে আবদ্ধ মিথ্যা 'অহং'-এর নাশই নির্বাণ। কারণের অতীত হওয়াই মুক্তি। আমাদের ঘথার্থ অরপ

সং ও মৃক্ত। আমরা ভর্মত, অ-সং হওয়া বা অন্তায় কর্ম করা আমাদের স্বভাববিরুদ্ধ। যথন আমরা চকু বা মন যারা ঈশর সহয়ে জ্ঞানলাভ করি, তথন 'ইহা' বা 'উহা' সংজ্ঞা ছারা তাঁহাকে অভিহিত করি, কিছু বাত্তবিক এক সৎ-বস্তুই আছেন, সব বৈচিত্র্য সেই একেরই ব্যাখ্যা। আমরা কোন-কিছু হই না, আমাদের ষ্থার্থ স্বরূপকেই পুন:প্রাপ্ত হই। অজ্ঞান ও অসাম্য সকল তু:থের কারণ—বুদ্ধের এই সংক্ষিপ্ত সার কথা বৈদান্তিকেরা গ্রহণ করিয়াছেন, কারণ ইহাই শ্রেষ্ঠ আবিষ্কার ও এই মানব-শ্রেষ্ঠের বিশায়কর প্রজার নিদর্শন। আহ্ন, আমরা সাহসী ও অকপট হই; তবেই আস্তরিক শ্রমা লইয়া যে-কোন পথই অবলম্বন করি না কেন, তাহাতেই মুক্তির লক্ষ্যে পৌছিব। শৃঙ্খলের পরস্পর-সংযোজক খণ্ডগুলির একটি হাডে আসিলেই ক্রমশঃ একের পর এক করিয়া সমগ্র শৃষ্খলটি হন্তগভ হইবে। মৃলে জলদেচন করিলেই সমগ্র বৃক্ষ সিঞ্চিত হইবে। প্রতি পত্রে জলসিঞ্চন দারা সময় নট হইবে মাত্র, উপকার কিছুই হইবে না। অক্তভাবে বলিতে গেলে বলিতে হয় ঈশরকে লাভ করিবার চেটা কর; তাঁহাকে লাভ করিলেই আমাদের সব পাওয়া হইল। গির্জা, ধর্মত, পূজাপদ্ধতি—এগুলি ধর্মের অপরিণ্ড চারাগাছকে রক্ষা করিবার বেড়া মাত্র; কিন্তু পরে যাহাতে চারাগাছটি মহীক্ষ হইয়া উঠিতে পারে, সেজ্ফ এই বেড়াগুলি তুলিয়া ফেলিবে। স্থতরাং বিভিন্ন ধর্ম-সম্প্রদায়, বাইবেল, বেদ, শান্ত্র এই ধর্মের চারাগাছের টবের মতো; কিন্তু চারাগাছকে টবের বাহির পিয়া বিন্ডার লাভ করিতে হইবে।

আমরা এই পৃথিবী, স্র্বনোক, নক্জলোক—সব লোকেরই অন্তর্গত, ইহা
আমরা সমভাবে অন্তর্গ করিতে শিথিব। আত্মা দেশ ও কালের অতীত;
দৃষ্টিসম্পন্ন সব চোথই আমার চোথ; ঈশরের গুণগানে রত সব মৃথই আমার
মৃথ; প্রত্যেক পাপীও আমিই। আমরা কিছুতেই বন্ধ নই, আমরা বিদেহ।
এই বিশ্বই আমাদের দেহ। আমরা স্বচ্ছ ফটিকের মতো সব বস্তকেই
প্রতিবিশ্বিত করিতেছি, কিছু প্র্বাপর আমরা সেই একই আছি। আমরা
যাত্কর, ইচ্ছামত লাঠি ঘ্রাইয়া চোথের সামনে নানা দৃশ্য স্থিট করিতেছি,
কিন্তু আমাদিগকে এই-সকল দৃশ্যপ্রপঞ্চের অন্তরালে যইয়া আত্মজান লাভ

করিতে হইবে। এই বিশ্ব কেটলির মধ্যে ফুটস্ক জলের মতো; প্রথমে একটি, তারপর আর একটি, তারপর বছ বুদুদের স্পষ্ট হইয়া অবশেষে সব জল এককালে ফুটিয়া উঠিবে এবং বাষ্পাকারে উড়িয়া বাইবে। প্রথমত: মহান্ আচাৰ্বপণ বৃদ্ধদের মতো এখানে একজ্বন, ওখানে একজ্বন আবিভূতি হইয়াছেন; অবশেষে কিন্তু সকল প্রাণীই বৃষ্দে পরিণত ছইয়া পরিত্রাণ লাভ করিবে। চিরনবীন সৃষ্টি নৃতন জল আনিয়া বার বার এই নিয়মের মধ্য দিয়া চলিতে থাকিবে। পৃথিবীতে এ পর্বস্ত ষতগুলি বৃষ্দের আবিভাব হইরাছে, বুদ্ধ ও যীশু ইহাদের মধ্যে তুইটি মহত্তম বুদ্ধ। তাঁহারা ছিলেন শ্রেষ্ঠ পুরুষ, স্বয়ং মৃক্ত হইয়া অপরকে মৃক্ত হইতে সহায়তা করিয়াছেন। তাঁহাদের কেছই পূর্ণ ছিলেন না, কিন্তু তাঁহাদের গুণের দারাই পৌছিতে পারেন নাই, কারণ তিনি সর্বদা নিজের প্রচারিত অতি উচ্চ আদর্শ অহুযায়ী জীবন যাপন করেন নাই, এবং সর্বোপরি স্ত্রীজাতিকে পুরুষের সমান অধিকার দেন নাই। স্ত্রীজাতি তাঁহার জন্ত যথাদাধ্য করিলেও তিনি তাহাদের একজনকেও ধর্মপ্রচারক করেন নাই; সেমিটিক-বংশে তাহার জন্মই ইহার নিঃদন্দেহ কারণ। মহামুভৰ আর্থগণ ও তাঁহাদের মধ্যে বৃদ্ধ জ্বীলোককে পুরুষের সমান অধিকার দিয়াছেন। আর্থদের নিকট ধর্মে স্ত্রী-পুরুষ জাতিবিচার ছিল না। বেদ ও উপনিষদে নারীরাও চরম সত্যের প্রবক্তা ছিলেন, এবং পুরুষের সহিত সমভাবে পূজা পাইতেন।

Ъ

স্থ ও হংথ ছই-ই শৃঙ্খল, একটি সোনার, অপরটি লোহার; আমাদের বন্ধন ঘটাইতে এবং স্বরূপের উপলব্ধি হইতে নিবৃত্ত করিতে ছই-এরই শক্তি কিন্তু সমান। আত্মা স্থ-হংথ ছই-এরই অতীত। এই স্থ-হংথ অবস্থা মাত্র, এবং অবস্থই পরিবর্তনশীল। আত্মার প্রকৃতি নিত্য আনন্দ ও শান্তি। এই আনন্দ ও শান্তির অবস্থা আমাদিগকে নৃত্তন করিয়া লাভ করিতে ছইবে না, ইছা আমাদের অধিগতই আছে। দৃষ্টির মলিনতা ধুইয়া ফেলিলেই উহা প্রত্যক্ষ করিতে পারিব। আমরা সত্তই আত্মায় অধিষ্ঠিত থাকিব এবং সম্পূর্ণ প্রশান্তির সহিত এই চঞ্চল বিশ্বপট দর্শন করিব। এ বিশ্বব্যাপার শুধু শিশুর

খেলা—ইছা যেন আমাদের চিত্তের প্রশাস্তি নই করিতে না পারে। মন বদি স্থিতিতে হাই হয়, নিন্দায় ব্যথিত হইবে। ইন্দ্রিয়ের স্থুপ, এমন কি মনের স্থুপুক কণছায়ী, কিন্তু বাহ্মপুণৎ-নিরপেক্ষ ষ্থার্থ বিমল স্থুপ আমাদের অন্তরেই আছে। এই আআর আনন্দই পৃথিবীতে 'ধর্ম' নামে অভিহিত। আমাদের অন্তরে বত বেশী আনন্দ, আমরা তত বেশী ধার্মিক। স্থের জন্তু যেন আমরা অগতের দিকে চাহিয়া না থাকি।

করেকটি গরীব জেলেনী প্রবল ঝড়ের মুখে পড়িয়া এক ধনীর উত্থানবাটীতে আশ্রম গ্রহণ করিল। ধনী তাহাদিগকে সাদরে অভ্যর্থনা করিয়া
আহার করাইলেন এবং মনোহর পুল্পের সৌরভে আমোদিত এক গ্রীমাবাদে
বিশ্রামের স্থান নির্দেশ করিয়া দিলেন। জেলেনীরা এই স্থ্বাসিত উত্থানবাটীতে শয়ন করিল বটে, কিন্তু ঘুমাইতে পারিল না। তাহারা ষেন
আকাজ্রিত কোন-কিছু হইতে বঞ্চিত হইয়াছে, সেটি ফিরিয়া না পাওয়া
পর্যন্ত স্থান করিতেছিল না। অবশেষে তাহাদের একজন উঠিয়া গিয়া
বেখানে মাছের ঝুড়িগুলি রাখা ছিল, সেখান হইতে সেগুলি ঘরে লইয়া
আদিল, তখন সেই চিরাভ্যন্ত গন্ধ পাইবামাত্র সকলে গভীর নিদ্রায়্ম
অভিভূত হইল।

আমাদের নিকট এই জগংটি ষেন সেই মাছের ঝুড়ির মতো না হয়;
আমরা ষেন হথের জন্ম ইহার উপর নির্ভর না করি। এটি তামসিক অর্থাৎ
তিন গুণের মধ্যে ষেটি নিরুষ্ট, তাহার ঘারা বদ্ধ হওয়া। ইহার ঠিক উপরের
শুরটি 'অহং'ভাবপূর্ণ; সেথানে অহরহ 'আমি'র প্রকাশ দেখা যায়। এই
প্রকৃতির লোকেরা সময় সময় সৎকার্য করে এবং ধার্মিক হয়; ইহারা
রাজসিক বা কর্মপর প্রকৃতির। অন্তর্গু প্রিসম্পন্ন বা সান্ত্রিক প্রকৃতির লোকেরা
শ্রেষ্ঠ; তাঁহারা ভুধু আত্মাতেই বাস করেন। এই তিন প্রকার গুণ
অল্পবিশ্তর সকল মামুবেই আছে এবং বিভিন্ন সময়ে বিভিন্ন গুণ প্রবল্প হয় মাত্র।
রাজ্যেওণের ঘারা তমোগুণকে অভিতৃত করিবার চেটা করিতে হইবে, এবং
পরে দুইটিকেই সর্প্রণে নিমজ্বিত করিতে হইবে।

• 'স্ষ্টি' অর্থে নৃতন কিছু গড়া নয়, সাম্যভাব ফিরিয়া পাইবার চেটা। খণ্ড খণ্ড সোলা একপাত্র জলের ভলদেশে নিক্ষেপ করিলে তাহারা স্বতম্বভাবে ও একবোগে সবেগে উপরের দিকে উথিত হয়; সকল সোলা উপরে উঠিয়া

সাম্যভাব লাভ করিলে গতি বা জীবনসংগ্রাম থামিয়া যায়। স্পষ্টব্যাপারেও এইরপ। সমত্বে পৌছিলে অন্থির ভাবগুলি নিবৃত্ত হয় এবং তথাক্থিত জীবনযুদ্ধের পরিসমাপ্তি ঘটে। জীবনের সঙ্গে মন্দ জড়িত থাকিবেই, কারণ সাম্যভাব ফিরিয়া পাইলে জগৎ লোপ পাইবে; বেতেতু সাম্য ও ধ্বংস একই বস্ত। তৃঃখণৃত্ত হুখ বা অণ্ডভণৃত্ত শুভ কোনকালেই সম্ভব নয়, কেন না সাম্যভাবের অভাবই জীবন। আমরা চাই মৃক্তি; জীরন বা হংখ বা মঙ্গল আমাদের কাম্য নয়। সৃষ্টি নিত্য, ইহার আদি বা অস্ত নাই; ইহা যেন অনস্ত হ্রদের বক্ষে চিরচঞ্চল তরঙ্গপ্রবাহ। এই হ্রদের অনেক স্থল অতলম্পর্ণ, অনেক হল শাস্ত, কিন্তু সদাই তরকভক চলিতেছে, সাম্য অবস্থা লাভের জ্ঞ সংগ্রাম অনস্ত। জীবন ও মৃত্যু একই সত্যের নামাস্তর মাত্র, একই মুদ্রার তুই পিঠ। ছই-ই মান্বা—এই মুহুর্তে প্রাণধারণের, পরমূহুর্তেই প্রাণত্যাগের ত্র্বোধ্য চেষ্টা। এ-সকলের উর্ধে আত্মাই প্রকৃত স্বরূপ। আমরা স্বাষ্টর মধ্যে প্রবেশ করি এবং পরে আমাদের জন্ম উহা জীবস্তভাব ধারণ করে। বিষয়গুলি স্বয়ং প্রাণশৃত্ত, আমরাই ভাহাদের প্রাণপ্রতিষ্ঠা করি, এবং পরে আমরাই কখন বা বিষয় উপভোগ করি, আবার কখন মৃঢ়ের ক্যায় বিষয় হইতে ত্রন্তভাবে পলায়ন করি! এই জগং সত্যও নয়, মিথ্যাও নয়—দত্যের ছায়া মাত্র।

কবি বলিয়াছেন, 'কল্পনা সভ্যের সোনালী আভাস'; অন্তর্জগৎ—প্রকৃত্ত সূত্রা—বহির্জগৎ হইতে অনন্তগুণ বড়। বহির্জগৎ প্রকৃত সন্তার ছান্নাময় অভিকেপ। রজ্জ্দর্শনকালে সর্পদর্শন হয় না, আবার সর্প দৃষ্ট হইলে রজ্জ্দৃষ্টি তিরোহিত হয়। একই সময়ে রজ্জ্ ও সর্পজ্ঞান অসম্ভব। ঠিক তেমনি যুখন আমরা জগৎ দেখি, তখন আত্মাকে উপলব্ধি করি না, ইহা কেবল বৃদ্ধির ধারণা। ব্রহ্মাহভূতিতে 'অহং'-জ্ঞান ও জগৎ-বোধ লোপ পায়। আলোকখনও অন্ধকার জানে না, আলোতে অন্ধকার নাই; (ব্রহ্ম ছাড়া কিছু নাই) ব্রহ্মই সব। বখন একজন ঈথর স্বীকার করি, তখন বৃথিতে হইবে—প্রকৃতপক্ষে আত্মাকেই নিজেদের হইতে পৃথক্ করিয়া লইয়া আমাদের বাহিরে অর্চনা করিতেছি; কিন্তু স্বাবহাতেই তিনি আর অন্ত কেহ নন—আমাদেরই যথার্থ স্বরূপ, এক অন্ধিতীয় প্রমেশ্ব।

বেখানে আছে, সেখানেই থাকা পশুর প্রকৃতি; ভালোকে গ্রহণ এবং মন্দকে বর্জন করাই মাহুষের প্রকৃতি; গ্রহণ বা বর্জন না করিয়া নিত্যানন্দে থাকাই দৈবী প্রকৃতি। আহ্নন, আমরা দৈবী প্রকৃতি লাভ করি; আমাদের হাদয়কে সমৃদ্রের মতো উদার করিয়া, অকিঞ্চিৎকর পার্থিব বস্তুগুলির অতীত হইয়া জগৎকে শুধু চিত্রের মতো দেখি। কেবল তখনই আমরা সম্পূর্ণ অনাসন্ধ-ভাবে জগৎকে উপভোগ করিতে পারি।

- জগতে ভালোর সন্ধান কর কেন, এখানে কি ভাছা পাইতে পারি?
 সংসার যত উৎকৃত বস্তুই দিক না কেন, ইহা ঘোলা জলে থেলিতে খেলিতে
 শিশুদের কয়েকটি কাচের মালা পাওয়ার মতো; মালাগুলি বার বার
 তাহাদের হাত হইতে পড়িয়া যায়—আবার অফ্সন্ধান চলে। ধর্ম ও
 ঈশর অসীম শক্তিপ্রদ। মৃক্ত অবস্থায় আমরা শুধু আত্মা; মৃক্ত হইলেই
 অমৃতত্বে স্থিতি; ঈশরও মৃক্ত হইলেই ঈশরপদ্বাচ্য।
- ' 'অহং'-স্ট সংসার-বাসনা ত্যাগ করিতে না পারিলে আমরা কথনও স্বৰ্গরাজ্যে প্রবেশ করিতে পারিব না; অতীতে কেহ কখনও পারে নাই, ভবিশ্বতেও কখন পারিবে না। সংসার-ত্যাগের অর্থ সম্পূর্ণভাবে অহংকে ভূলিয়া যাওয়া, 'অহং'-কে একেবারে না বোধ করা, দেছে বাস করিয়াও দেহের অধীন না হওয়া। এই ধূর্ত অহমিক। সম্পূর্ণরূপে মৃছিয়া ফেলিতে হইবে। মানব-জাতির হিত করিবার শক্তি কেবল দেই নীরব কর্মীদেরই আছে, যাহারা নিজেদের ব্যক্তিত্ব সম্পূর্ণরূপে মুছিয়া ফেলিয়া পরকে ভালবাদিবার জন্ম জীবন ধারণ করেন। তাঁহারা কখনও 'আমি, আমার' বলেন না, অক্তের হিডসাধন করিবার যন্ত্রস্বরূপ হইয়াই তাঁহারা ধন্ত। তাঁহারা ঈশবের সহিত সম্পূর্ণ এক হইয়াছেন, কোন কিছু আকাজ্ঞা করেন না বা জ্ঞাতদারে কোন কর্মণ্ড করেন না। তাঁহারাই প্রকৃত জীবমুক্ত—দম্পূর্ণ নিষ্কাম, কৃদ্র ব্যক্তিত্বের অতীত, উচ্চাকাজ্ঞা-বর্জিত তাঁহারা ব্যক্তিত্বহীন তত্ত্ব মাত্র। ক্ষুদ্র 'আমি' যতই বিদর্জন করিব, তত্ই আমরা ঈশ্বভাবাপর হইব। চলুন, আমরা কৃদ্র 'আমি'কে পরিত্যাগ করি, তবেই আমাদের অন্তরে বৃহৎ 'আমি' আদিবে। ব্ধন আমাদের মন হইতে 'অহং'-ভাব দম্পূর্ণ দূর হয়, তথনই আমরা উৎকৃষ্ট কর্মী ও প্রভাবশালী ব্যক্তি বলিয়া গণ্য হই। বাদনাশৃষ্ঠ ব্যক্তিদের কর্মই মহৎ ফল প্রদব করে। ষাহারা ভোষার নিন্দা করে, তাহাদিগকে আশীর্বাদ কর ; চিস্তা করিয়া দেখ, তোমার মিখ্যা 'অহং' দ্র করিতে সাহাষ্য করিয়া নিন্দুকেরা তোমার কি মহৎ উপকার করিতেছে! বথার্থ 'আমি'কে আঁকড়াইয়া থাকো,

শুধু সং চিস্তা কর, দেখিবে ধর্মপ্রচারকদের অপেকা অনেক বেশী কাৰ করিতেছ। পবিত্রতা ও নীরবতা হইতেই মহা শক্তিময়ী বাণী আদে।

ð

ব্যক্ত ভাব কাৰ্যতঃ নিয়তর অবস্থা বা অধঃপতন, ষেহেতু ভাব কেবল অক্রের সাহায্যেই ব্যক্ত হয়। তাই সেট পল বলিয়াছেন, 'অক্রর ভারকে নষ্ট করে।' অকরের মধ্যে জীবন থাকিতে পারে না—অকর ভাবের প্রতিবিদ্ব মাত্র। তথাপি ভাবপ্রকাশের জন্ম ভাবকে জড়ের মারা আর্ত করিছে হইবে। আবরণের মধ্যে আমরা প্রকৃত সত্য দেখিতে পাই না, আবরণকেই প্রতীক না ভাবিয়া ষ্থার্থ সভ্য বলিয়া গ্রহণ করি। এই ভ্রম প্রায় সকলেরই হয়। প্রত্যেক মহান্ আচার্য ইহা জানেন এবং সাবধান হন, কিন্তু জনসাধারণ অপ্রত্যক অপেকা প্রত্যকের পূজা করিতেই বেশী উন্মুখ। ব্যক্তিত্বের পিছনে ভত্তের প্রতি লোকের দৃষ্টি আকর্ষণ করিবার এবং সময়োপযোগী নৃতন ভাব দিবার জন্তুই মহাপুরুষদের আবির্ভাব। সভ্য চিরদিন অপরিবর্তনীয়, কিন্তু ইহাকে ଖ নৃতন আকারে উপস্থিত করা যাইতে পারে, অথবা মানবজাতি তাহাদের উন্নতি অন্থপারে যেভাবে গ্রহণ করিতে পারে, সেভাবেই সত্যের প্রকাশ হয়। নাম-রূপ হইতে মুক্ত হওয়াই, বিশেষতঃ যথন হস্থ-অহুত্ব, স্থলর-কুৎদিত কোনপ্রকার শরীরধারণেরই প্রয়োজন বোধ করি না, তথনই আমাদের এই সংসার-বন্ধন খুচিয়া যাইবে। 'অনস্ত উন্নতি' হইলেই অনস্ত বন্ধনও হইবে। সমস্ত ভেদভাব অতিক্রম করিয়া অনস্ত অভেদভাব, একত্ব বা ব্রহ্মভাব আমাদিগকে লাভ করিতে হইবে। আত্মা সমন্ত ব্যক্তিত্বের মিলনভাব, এবং নির্বিকার ও 'একমেবাছিতীয়ম্'। আত্মা জীবন নন, কিন্তু জীবনধারণ করিয়া থাকেন। আত্মা জীবন-মৃত্যু এবং শুভাশুভের অতীত—নির্বিশেষ একছ। নরকের মধ্য দিয়াও সভ্যাত্মদান করিতে সাহসী হও। নাম-রূপ व। नित्यय वश्व नक्षक मुक्ति श्रायाका नहा। 'आमि महशाबी-क्राप मुक' --- এ-কথা কোন দেহবান্ ব্যক্তিই ৰলিতে পারে না। দেহভাব মন হইতে অপগত না হইলে মৃক্তি হইবে না। আমাদের মৃক্তি অক্তের ক্লেশকর হইলে আমরা সেখানে মুক্ত নই। আমরা যেন কাহারও ক্লেশের কারণ না ছই।

> Letter killeth .- St. Paul

প্রকৃত অহুভূতি এক হইলেও আপেক্ষিক অহুভূতি বছ। সমগ্র জানের উৎস আমাদের প্রত্যেকের মধ্যেই আছে, পিপীলিকার মধ্যেও বেরূপ, শ্রেষ্ঠ দেবতার মধ্যেও সেইরূপ। প্রকৃত ধর্ম এক; সকল হল কেবল রূপ প্রতীক ও 'উদাহরণ' লইয়া। চকুমানের পক্ষে অর্গরাজ্য বা অর্গ্যুগ চিবুকাল বর্তমান। ফলকথা, আমাদের আত্মবিশ্বতি ঘটিয়াছে বলিয়াই আমরা জগৎকে হারাইয়াছি মনে করি। মৃঢ়া শুনিতে পাও না কি, তোমার হৃদয়মধ্যেই সেই অনাদি সঞ্চীত—'সচ্চিদানন্দ, সোহহং সোহহং' অহ্বহ ধ্বনিত হুইতেছে?

ছায়াম্থির (phantasm) দাহায্য ছাড়া চিস্তা করিবার চেটা আর
আদম্ভবকে দন্তব করার চেটা একই প্রকার। প্রত্যেক ভাবেরই তুইটি অংশ—
মানস ও শাসা। এ তুই-ই আমাদের প্রয়োজন। বিজ্ঞানবাদী (idealist) বা
জড়বাদী—কেহই জগং-ব্যাপারনিরূপণে সমর্থ নয়। এ-বিষয়ে ভাব ও
অভিব্যক্তি তুয়েরই দাহায্য গ্রহণ করিতে হইবে। দর্পণে নিজের মুখ দেখারু
মতো জগংরূপে প্রকাশিত ব্রন্ধের প্রতিবিশ্বই আমাদের জ্ঞানের বিষয়।
অত এব কেহই স্বীয় আহা বা ব্রন্ধকে জানিতে পারে না, কিন্তু প্রত্যেকেই সেই
আত্মা; এবং এই আত্মাকে জ্ঞানের বিষয় করিবার জন্ম ঐ প্রতিবিশ্বরূপেই
তাহাকে দর্শন করিতে হইবে। দর্শনাতীত ভব্বের উদাহরণগুলি দর্শন করাই
তথাকথিত প্রতীকোপাদনা—সচরাচর ষতটা অহুমান করা যায়, দেববিগ্রহের
প্রদার তাহা অপেকা অধিক ব্যাপক।

দাক ও শিলা হইতে আরম্ভ করিয়া এটি বা বৃদ্ধ প্রভৃতি মহাপুক্ষ পর্যন্ত ইহা ব্যাপৃত।, সাকারোপাসনা সম্বন্ধে বৃদ্ধদেবের সভত বিক্ষভাব হইতেই ভারতে মৃতিপূজার স্ক্রপাত হইয়াছে। বেদে মৃতিপূজার উল্লেখ নাই; প্রত্তা এবং স্থারূপে ঈশরের অভাববোধের প্রতিক্রিয়া হইতেই শ্রেষ্ঠ আচার্যগণকে মৃত্ত ঈশর কল্পনা করিয়া লওয়া হইয়াছে। বৃদ্ধদেব ঠিক এই ভাবে মৃত্ত-ঈশবল্পে লক্ষ লক্ষ মানুষের বারা অর্চিত হইভেছেন। হিংসামূলক সংস্কার-চেপ্তার বারা প্রকৃত সংস্কার সর্বদাই বাধাপ্রাপ্ত হয়। অর্চনার প্রবৃত্তি প্রভেত্তক মানুষেরই প্রকৃতিগত; উচ্চতম দার্শনিকভার সাহায্যেই শুর্থ শুদ্ধ ভাবমন্ন আবহার আরোহণ করা যায়। কাজেই পূলা করিবার জন্মই মানুষ্য তাহার ঈশ্বকে ব্যক্তিভাবাপন্ন করিয়া লইয়ে। প্রতীক ব্যক্ষপই হউক না

কেন, ইহার অন্তরালে স্বয়ং ঈশ্বর আছেন—এইভাবে মৃতিপূজা অভি উত্তম, প্রতীকের ভাবে নয়।

- 'শাল্পে আছে'—শুধু এই বিখাদের কুসংস্কার হইতে সর্বোপরি নিজেদের মুক্ত করিতে হইবে। বিজ্ঞান, ধর্ম, দর্শন প্রভৃতিকে কোন শান্তের অ্মুশাসন মানিয়া লইতে বাধ্য করা অতি ভীষণ অত্যাচার। শাল্পপুরা নিকৃষ্ট পুতৃলপূজা। কোন গৰিত ও খাধীনচিত্ত ছবিণ তাহার শাবকটিকে কর্তৃত্বের ভাবে বলিতেছিল, 'আমার দিকে চাহিয়া আমার এই স্থদৃঢ় শৃন্ধ-তুইটি দেথ! ইহাদের এক আঘাতেই আমি মাহুষ মারিতে পারি। হরিণ হওয়া কি হুথের বিষয়!' ঠিক দেই মৃহুর্তে দূরে শিকারীর ভেরীর শব্দ শুনিবামাত্র কোনদিকে না চাহিয়া হরিণ বেগে পলাইতে লাগিল, বিশায়াথিষ্ট শাবকটিও ভাহার পিছন পিছন ছুটিভে লাগিল। নিরাপদ স্থানে পৌছিয়া শাবক জিজাসা করিল, 'আপনি এত বলশালী ও সাহসী, তবু মাহুষের শব্দ শুনিয়া পলায়ন করেন কেন?' হরিণ বলিল, 'বৎদ, নিজের বল-বিক্রমের উপর আহা থাকিলেও কেন যে এ শব্দ ভনিলেই ইচ্ছায় হউক, অনিচ্ছায়ই হউক, কি-একটা ভাবের বশে পলাইতে বাধ্য হই, তাহা জানি না।' আমাদের দশাও এরপ। শান্তনিবন্ধ বিধির 'ভেরী-রব' শ্রবণমাত্রই প্রাচীন অভ্যাদ ও সংস্থারগুলি ষেন আমাদিগকে পাইয়া বসে এবং ইহা জানিবার পূর্বেই আমরা ধেন দৃঢ় বন্ধনে আবন্ধ হইয়া আমাদের ষণার্থ স্বরূপ—মুক্ত অবস্থা বিশ্বত হই।

জ্ঞান চিরস্থন। আধ্যাত্মিক সভ্যের আবিদ্ধারককে আমরা 'প্রত্যাদিষ্ট' বিদি এবং তিনি জগংকে যাহা দান করেন, তাহা ঐশরিক বাণী। কিছ ঐশরিক বাণী বা প্রত্যাদেশও চিরস্তন, স্থতবাং ইহাকে শেষ জ্ঞান বিদ্যা অদ্ধভাবে অস্পরণ করা উচিত নয়। যিনি নিজেকে উপযুক্ত আধাররূপে প্রস্তুত করিয়াছেন, তাঁহার ভিতরেই ঐ ঐশরিক ভাব প্রকাশ হইতে পারে। পরিপূর্ণ পবিত্রতা সর্বাপেক্ষা অবিক প্রয়োজন, কেন না 'মাহাদের হৃদয় পবিত্র, তাঁহারাই ঈশর দর্শন করিবেন।' সকল প্রাণীর মধ্যে মন্ত্র্যুই শ্রেষ্ঠ জীব, আর এই পৃথিবীই শ্রেষ্ঠ স্থান, কারণ এখানেই মান্ত্র্য মৃজিলাভে সমর্থ। মান্ত্র্যুই প্রস্তুত্র স্থারেই বিশ্বমান। যথন উচ্চন্তরে আরোহণ করি এবং এইরূপ ঈশর-ধারণার মান্ত্রেই বিশ্বমান। যথন উচ্চন্তরে আরোহণ করি এবং এইরূপ ঈশর-ধারণার

অভীত হই, তথন দেহ, মন ও কল্পনার বাহিরে গিল্লা এ জগৎকে দেখি না। নেই পরম নিভ্য ভাবে আরু হইলে আমাদের পার্থিব সমন্ধ থাকে না; তখন সবই বিষয়শৃষ্ণ বিষয়ীতে পর্যবিদিত হয়। মুক্তিক্ষেত্র এই জগতে মাত্রুবই শ্রেষ্ঠ স্থানের অধিকারী। যাঁহারা সমত্ব বা পূর্ণত্ব লাভ করিয়াছেন, তাঁহারা 'ঈশবে বাস করেন' বলিয়া কথিত। 'আত্মা দারা আত্মাকে হনন'ই দ্বণা। অতএৰ প্ৰেমই জীবনের নীতি। এই অবস্থার উন্নীত হওয়াই পূর্ণত্ব লাভ করা; কিন্তু আমরা যত বেশী পূর্ণতার দিকে অগ্রসর হইব, ডতই নৈম্ম্য লাভ করিব। নাত্ত্বিক ব্যক্তি এ-জগৎকে শিশুর খেলা বলিয়া দেখেন ও জানেন এবং ইহা লইয়া মাথা ঘামান না। তুইটি কুকুরছানাকে পরস্পর মারামারি ও কামড়াকামড়ি করিতে দেখিলে আমরা বিশেষ বিশ্বিত হই না। আমরা জানি ইছা গুরুতর ব্যাপার নয়। পূর্ণ-মান্ত্য জানেন এই সংদার মায়ার খেলা। জীবনকে সংসার বলে। বিরুদ্ধ শক্তিগুলির যে ক্রিয়া আমাদের উপর হইতেছে, তাহারই ফল এই জীবন। জড়বাদী বলে—মৃক্তির কথা ভ্রমনাত্র। আদর্শবাদী বলে—বন্ধনের কথা স্বপ্নমাত্র। বেদান্ত প্রচার করে—একই কালে আমরা মুক্তও বটে, বন্ধও বটে। ইহার অর্থ এই ষে, জাগতিক ভারে আমরা কধনও মূক্ত নই, কিন্তু অধ্যাত্ম-ন্তরে চিরমুক্ত। আত্মা মৃক্তি ও বন্ধন তুইয়েরই অতীত। আমরা ব্রহ্মক্ষণ, আমরা ইন্দ্রিয়াতীত অবিনশ্ব জ্ঞান-স্থরপ---আমরা পর্মানন্দ স্থরপ।

হার্ভার্ড বিশ্ববিত্যালয়ে বেদান্ত

আমেরিকান সংস্করণের ভূমিকা

এই বক্তা ও পরবর্তী আলোচনাটি সাংহতিক লিপি অহুদারে গৃহীত হইয়াছিল। ইংলও যাত্রার প্রাক্তালে স্বামীলী এগুলির উপর শুধু একবার চোপ বুলাইতে পারিয়াছিলেন; আশা করা যায় কোন ভুল নাই। অধ্যাপক ল্যানম্যান ও অধ্যাপক রাইট অহুগ্রহপূর্বক চ্ড়ান্ত সংশোধনে সাহায্য করিয়াছেন। আলোচনাংশের বিবৃতিতে কয়েকটি প্রশ্ন অপরিহার্য-ভাবে হারাইয়া গিয়াছে। প্রথম চারিটি টীকা স্বামীলী দ্বারাই সংযোজিত। মূল বক্তৃতায় হিন্দুণাল্ল হইতে উদ্ধৃতিগুলি স্বামীলী প্রথমে সংস্কৃতেই বলেন, পরে অহুবাদ করিয়া দেন। অহুবাদগুলি ষেভাবে বলিয়াছিলেন, সেইভাবেই রাখা হইল।

বক্তা ও আলোচনার পর সন্নিবেশিত হইয়াছে—২২শে ও ২৪শে মার্চ বৈকালে হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের প্রশ্নের উত্তরে স্বামীজী যে-সব কথা বিলয়াছিলেন। উত্তরগুলি সাঙ্কেতিকভাবে গৃহীত, কিন্তু প্রশ্নগুলি নয়। কমেকটি অপ্রকাশিত বক্তার নির্বাচিত অংশও সংযোজিত হইয়াছে। কতকগুলি উত্তর এবং নির্বাচিত অংশের বিষয়বস্তু একই, তবে বর্ণনাভাগির বৈচিত্রোর জন্ম সেগুলিও সব রাখা হইল।

মাত্র একটি ভাষণে বেদান্তদর্শনের যথোপযুক্ত ব্যাখ্যা সম্ভব নয়। আশা করা যায়, প্রাচ্যের জীবন ও চিস্তা বিষয়ে যাঁহারা আগ্রহায়িত, তাঁহাদের কাছে এই বক্তৃতা, আলোচনা এবং সদের প্রশোভর ও নির্বাচিত অংশগুলি মূল্যবান্।

J. P. F.

(মি: ফক্স)

বেদান্ত-দর্শন

১৮৯৬ খঃ ২৫শে মার্চ আমেরিকার যুক্তরাষ্ট্রে হার্ভার্ড বিশ্ববিভালয়ের গ্রাক্ষেট ফিলজফিক্যাল সোসাইটিতে প্রদন্ত বস্কৃতা

আজকাল বাহাকে সাধারণভাবে 'বেদাস্ক-দর্শন' বলা হয়, ভারতের বর্তমান বিভিন্ন ধর্মসম্প্রদায়গুলির সব সতাই ভাহার অন্তর্গত। দেজত নানাভাবে ইহার ব্যাথ্য। করা হইরাছে, এবং আমার মনে হয়, ক্রমান্নতির ধারায় তাহা হইয়াছে— দৈগুলির আরম্ভ এবং অদ্বৈতবাদে পরিসমাপ্তি। বেদাস্কের শব্দাত অর্থ বেদের অন্ত বা শেষ,—বেদ হিন্দুদের শাস্তা।' পাশ্চাত্যে কথন কথন 'বেদ' বলিতে উহার স্থোত্র ও আফুষ্ঠানিক অংশ-মাত্র বোঝায়। কিন্তু বর্তমানকালে বেদের এই অংশের ব্যাহার প্রায় নাই বলিলেই চলে; ভারতে এখন 'বেদ' বলিতে সাধারণতঃ বেদাস্তই বোঝায়। সব ভাষ্যকারই শাস্ত্রোক্তি উদ্ধৃত করিবার সময় বেদাস্ক হইতেই লইয়া থাকেন—ইহাই নিয়ম; ভাষ্যকার-গণের কাছে বেদাস্তের আর একটি বিশেষ নাম 'শ্রুতি'ং। 'বেদান্ত' নামে পরিচিত সব গ্রন্থই বেদের ক্রিয়াকাণ্ডের পরে রচিত হয় নাই। যেমন 'ঈশোপনিষদ' নামক বেদান্ত-গ্রন্থ যজুর্বেদের বিংশ অধ্যায়ে রহিয়াছে, ইহা বেদের প্রাচীনত্ম খণ্ড। বেদের প্রাহ্বণ বা অহুষ্ঠানমূলক অংশেও অপর কয়েকথানি উপনিষদ্'

> বেদ প্রধানতঃ দুইভাগে বিভক্তঃ জ্ঞানকাণ্ড ও কর্মকাণ্ড। প্রসিদ্ধ স্থোত্র ও ক্রিয়ানুষ্ঠানবিধি বা ব্রাহ্মণগুলি কর্মকাণ্ডের অন্তর্গত। ক্রিয়ানুষ্ঠানবিধি হইতে মতন্ত্র আধ্যান্থ্রিক প্রসঙ্গ বেদের
ব্য-সব অংশে রহিয়াচে, সেগুলির নাম উপনিষদ্। উপনিষদ্ জ্ঞানকাণ্ডের অন্তর্গত। সব উপনিষদ্-ই
ব্য বেদের স্বতন্ত্র অংশরূপে রচিত, তাহা নয়। উহার কতকগুলি ব্রাহ্মণ অংশের মাঝে মাঝে ছড়াইয়া
বহিয়াছে, আরু অন্ততঃ একটি রহিয়াছে সংহিতাংশে। কথন কথন বেদের অন্তর্ভুক্ত নয়, এমন
গ্রন্থকেও 'উপনিষদ্' বলা হয়—যথা গীতা, কিন্তু বেদে নানান্থানে বে-সকল দাশনিক তথাপূর্ণ
থালোচনা ছড়ানো আছে, সেগুলিকেই সাধারণতঃ 'উপনিষদ্' বলা হয়। এই আলোচনাগুলি
সংগৃহীত হইয়া 'বেদান্ত' নামে অভিহিত হইয়াছে।

২ 'শ্রুতি'র অর্থ—যাহা শ্রুত হইয়াছে। শ্রুতি বলিতে সমগ্র বৈদিক সাহিত্য বুঝাইলেও ভাষ্কবারগণ প্রধানতঃ উপনিষদ অর্থেই ইহার প্রয়োগ করিয়া থাকেন।

ও বলা হয়, উপনিষদের সংখ্যা একশত আট। এগুলির রচনাকাল নিশ্চয় করিয়া বলা বার না। তবে এ-কথা নিশ্চিত বে, উপনিষদ্ বৌদ্ধযুগের পূর্বে রচিত। কতকণ্ণলি অপ্রধান উপনিষদে

রহিয়াছে। বাকী উপনিষদ্গুলি খতন্ত্র, বেদের ব্রাহ্মণ বা অন্ত কোন অংশের অন্ত ভূ কি নয়। কিন্তু দেগুলি যে বেদের অন্ত অংশ হইতে সম্পূর্ণ খতন্ত্র, এ-কথা ভাবিবার কোন হেতু নাই, কারণ আমরা জানি, এগুলির মধ্যে অনেকগুলিই একেবারে নই হইয়া গিয়াছে, এবং বছ ব্রাহ্মণ-অংশণ্ড লৃপ্ত হইয়াছে। কাজেই ইহা খ্বই সম্ভব যে, এই উপনিষদ্গুলি কোন-না-কোন 'ব্রাহ্মণ'-এর অন্তর্ভু ছিল, কালক্রমে সেই ব্রাহ্মণ-অংশগুলি লোপ পাইয়াছে, কিন্তু উপনিষদ্গুলি রহিয়া গিয়াছে। এই উপনিষদ্গুলি 'আরণ্যক' নামেণ্ড অভিহিত।

কাজেই বেদান্তই কার্যতঃ হিন্দুদের শাস্ত্রগন্ধ, এবং ভারতীয় দর্শনে যতগুলি আন্তিক মতবাদ আছে, তাহাদের সবগুলিই বেদান্ধকে ভিত্তিরূপে গ্রহণ করিয়াছে। এমন কি উদ্দেশ্য-সিদ্ধির উপযোগী হইলে বৌদ্ধ এবং জৈনেরা পর্যন্ত প্রমাণরূপে বেদান্তের লোক উদ্ধৃত করেন। ভারতের সব দার্শনিক মতবাদই বেদকে ভিত্তি বলিয়া দাবি করিলেও প্রত্যেক মতই ভিন্ন নাম গ্রহণ করিয়াছে। সর্বশেষটি ব্যাদের মত; ইহা পরবর্তী অন্তাক্ত দার্শনিক মতগুলি অপেক্ষা আনেক বেশী পরিমাণে বেদনিষ্ঠ; এবং ইহা সাংখ্য, ক্যায় প্রভৃতি পূর্ববর্তী দর্শন-শুলির সঙ্গে বেদান্তের উক্তির সামঞ্জ্য-বিধানের চেষ্টা করিয়াছে। সেইজক্ত বিশেষভাবে ইহাকেই 'বেদান্ত-দর্শন' বলা হয়; বর্তমান ভারতে 'ব্যাসস্ত্র'গুলিই বেদান্ত-দর্শনের ভিত্তি। বিভিন্ন ভাক্তকারণ আবার এই ব্যাসস্ত্রগুলির বিভিন্নরূপ ব্যাখ্যা করিয়াছেন। সাধারণতঃ ভারতে এখন তিন শ্রেণীর ভাক্তকারণ ব্যাখ্যা করিয়াছেন। তাঁহাদের ব্যাখ্যা অবলম্বনে তিনটি দার্শনিক মত

অবশু পরবর্তী যুগের ঘটনা ও বিষয়ের উল্লেখ রহিয়াছে , কিন্তু ইহা দ্বারা প্রমাণিত হয় না যে, সেই উপনিষদগুলি পরবর্তী কালে রচিত। সংস্কৃত সাহিত্যে বহু ক্ষেত্রে দেখা যায় যে, গ্রন্থের মূল অংশ বহু প্রাচীন হইলেও তাহার মধ্যে পরবর্তী কালের বহু ঘটনা ঢুকাইয়া দেওয়া হইয়াছে , সাম্প্রদায়িক বাক্তিরা নিজ নিজ সম্প্রদায়ের গৌরব বাড়াইবার জস্ম এরপ করেন।

৪ ব্যাখ্যা নানা ধরনের আছে, বেমন ভাত্য, টীকা, টিপ্পনী, চূর্ণী ইত্যাদি। এগুলির মধে ভাত্য ছাড়া আর সবগুলিই প্রস্থেব মূল পাঠের, অথবা তদন্তর্গত কঠিন শব্দের সরলার্থ। ভাত্যকে ঠিক শব্দার্থ-ব্যাখ্যা বলা যার না, মূলগ্রন্থ অবলম্বনে একটি দার্শনিক মতবাদ ব্যাখ্যা করাই ভাত্তের উদ্দেশ্য —শুধু শব্দার্থ-প্রকাশ নর। একটি দর্শন স্থাপনই ইহার উদ্দেশ্য। ভাত্যকার মূল প্রস্থের বিষয়কে নিত্ত মতবাদের প্রমাণক্রপে গ্রহণ করিয়া সেই মতবাদেরই বিস্তার করেন।

ও সম্প্রদায় গড়িয়া উঠিয়াছে—প্রথমটি বৈভ, বিভীয়টি বিশিষ্টাবৈত এবং তৃতীয়টি অবৈত। ইংাদের মধ্যে বৈতবাদী ও বিশিষ্টাবৈতবাদীর সংখ্যাই ভারতে সর্বাপেক্ষা বেশী; তাঁহাদের তৃলনায় অবৈতবাদীর সংখ্যা অভি অল্প। এই তিনটি মতবাদেরই ভাবধারা আপনাদের নিকট উপহাপিত করিবার চেষ্টা করিব; তবে আরম্ভ করিবার পূর্বে একটি কথা বলিয়া রাখি—সাংখ্যদর্শনের মনোবিজ্ঞানই এই তিনটি মতবাদের সাধারণ মনোবিজ্ঞান। সাংখ্য মনোবিজ্ঞানের সঙ্গে জায় ও বৈশেষিক মনোবিজ্ঞানের যথেই সামঞ্জ্য রহিয়াছে, বিরোধ শুধু কয়েকটি অপ্রধান খ্টিনাটি বিষয় লইয়া।

তিনটি বিষয়ে সব বেদাস্থবাদীই একমত; সকলেই ঈশবে, বেদে এবং কল্লে বিশাসী। বেদের কথা পূর্বেই আলোচিত হইয়াছে। 'কল্ল' সম্বন্ধে বিশাস এইরূপ: বিশ্বহ্লাণ্ডে যেথানে যা-কিছু জড়পদার্থ আছে, সে-সকলই 'আকাশ' নামক একটি মূল পদার্থ হইতে স্টে; এবং সব শক্তিই—মাধ্যাকর্ষণ, আকর্ষণ বা বিকর্ষণ, জীবনীশক্তি বা বে-কোন শক্তি হউক না কেন, সবই—'প্রাণ'নামক একটি মূল শক্তি হইতে উড়ুত। আকাশের উপর প্রাণের ক্রিয়ার ফলেই এই বিশ্ব স্টে বা অধ্যন্ত ইয়াছে। কল্লারন্তে আকাশ গতিহীন, অনভিব্যক্ত থাকে। তারপর উহার উপর প্রাণের ক্রিয়া শুক্ত হয়, আর প্রাণ

বেদান্তের উপর বহু ভাষাদি রচিত হইরাছে। ব্যাস-রচিত দার্শনিক স্ত্রগুলির (ব্যাস-স্ত্র বা বেদান্ত-স্ত্র) মধ্যেই বেদান্তের তন্ধগুলি শেব ও চরম প্রকাশ লাভ করিয়াছে। ব্যাস-রচিত উত্তর মীমাংসা নামক এই গ্রন্থথানিই বেদান্ত-সিদ্ধান্তের প্রামাণ্য গ্রন্থ—বেদান্তই বা বলি কেন, হিন্দুশান্তের বক্তব্য ব্রিবার প্রামাণ্য গ্রন্থ এটি। সর্বাধিক বিরোধী সম্প্রদান্তগুলিকেও ব্যাস-স্ত্র গ্রহণ করিতে এবং ভাহার সঙ্গে নিজ্ঞ নিজ দার্শনিক মতবাদের সামপ্রস্তু বিধান করিতে হইরাছে। অতি প্রাচীনকালেও বেদান্ত-দর্শনের ভাষ্যকারগণ হিন্দুদের তিনটি প্রসিদ্ধ সম্প্রদান্তে বিভক্ত ছিলেন—বৈত্রাদী, বিশিষ্টাবৈত্রাদী ও অবৈত্রাদী। প্রাচীন ভাষ্যগুলি বোধ হয় নই ইইয়া গিরাছে, কিন্ধ আধুনিককালে বুদ্ধের পরবর্তী যুগের ভাষ্যকারগণ—শঙ্কর, রামানুজ ও মধ্য সেগুলির পূন্ঃপ্রবর্তন করিয়াছেন। শঙ্কর অবৈত্রাদের পূনঃপ্রবর্তন করেন, রামানুজ করেন প্রাচীনকালের বোধায়নের বিশিষ্টাবৈত্রাদের, আর মধ্য হৈত্রাদের। ভারতে সম্প্রদায়গুলির মধ্যে প্রভেদ প্রধানতঃ দার্শনিক বিষয় লইয়া; অনুষ্ঠান-পদ্ধতিতে প্রভেদ অতি সামান্ত, কারণ দশন ও ধর্মের ভিত্তি সকলেরই এক।

তোমাদের ইংরেজী ভাষায় 'ক্রিয়েশন' (Creation—সৃষ্টি) শব্দটি সংস্কৃত ভাষায়
'প্রক্ষেপ' (Projection) শব্দটির ঠিক অনুরূপ। কারণ ভারতে এমন কোন ধর্ম-সম্প্রদায় নাই,
বাহারা 'শৃক্ত (বা অসং) হইতে জ্বগং সৃষ্ট হইয়াছে'—পাশ্চাত্যের এই ধারণায় বিধাস করে। পূর্ক

বতই ক্রিয়াশীল হয়, আকাশ হইতে ততই গ্রহ প্রাণী মাহ্য নক্ষত্ত প্রভূতি সুল ও সুলতর পদার্থের স্টে হইতে থাকে। গণনাতীত কালের পর এই অভিব্যক্তি থামিয়া যায়, এবং বিলয় শুক্ত হয়; প্রত্যেক বস্তুই স্ক্র ইইতে স্ক্রতর বস্তুতে বিলীন হইতে হইতে প্নরায় মূল আকাশ ও প্রাণে পরিণত হয়। তথন নৃতন 'কল্ল' আগন্ত হয়। প্রাণ এবং আকাশের পারেও কিছু আছে, উভয়কে বিরাট মন বা 'মহৎ' নামক তৃতীয় সন্তায় বিলীন করা যাইতে পারে। বিরাট মন—আকাশ বা প্রাণ স্টি করে না, নিজেকেই প্রাণ ও আকাশে রূপ, য়িত করে।

ে এখন মন, আত্মা ও দিবর-বিষয়ে বিশাদ লইয়া আমরা আলোচনা করিব। সর্বজনগ্রাহ্থ সাংখ্য মনস্তত্ব অনুসারে অন্তভ্তির ক্ষেত্রে—যেমন কোন-কিছু দেখার সময়—প্রথমেই দেখিবার যন্ত্র বা করণ চক্ষু। চক্ষুর পিছনে দর্শনের ইন্দ্রিয়—চক্ষুর স্নায়ু ও স্নায়ুকেন্দ্র রহিয়াছে; এগুলি বাহিরের যন্ত্র নয়, কিন্তু এগুলি ছাড়া চক্ষু দেখিতে পারিবে না। অন্থভ্তির জন্ত আরও কিছুর প্রয়োজন। মন থাকা চাই এবং ইন্দ্রিয়ের সঙ্গে মনের সংযোগও চাই। এ ছাড়াও বেদনাকে বৃদ্ধির বা মনের প্রতিক্রিয়াশীল নিশ্চয়াত্মিকা বৃত্তির কাছে পৌছাইয়া দেওয়া চাই; বৃদ্ধির নিকট হইতে প্রতিক্রিয়া আদিবার সঙ্গে বহির্জাৎ প্রতিভাত হয় এবং অহং-বোধও জাগ্রত হয়। তারপর আদে ইচ্ছা; কিন্তু তবু সব হইল না। যেমন পরপর বিচ্ছুরিত আলোর স্পন্দনে প্রস্টুট কয়েকটি চিত্রকে লইয়া একটি সম্পূর্ণ চিত্র ফুটাইয়া তুলিতে হইলে সেগুলির প্রত্যেকটি ভাবকেও একত্র করিয়া দেহ ও মনের তুলনায় যাহা ধ্রির, সেরূপ কোন একটি পান্ধের উপর প্রক্ষেপ করিতেই হইবে; এই দ্বির পদার্থটি জীবায়:—পুরুষ বা আ্যা।

সাংখ্যদর্শনের মতে 'বৃদ্ধি' নামক মনের প্রতিক্রিয়াশীল অবস্থাটি মহৎ বা বিরাট মনের পরিণাম, রূপাস্তর বা একটি বিশেষ অভিব্যক্তি। মহৎ-ই স্পান্দনশীল চিম্ভায় রূপাস্তরিত হয়; এবং উহা এক অংশে পরিবর্তিত হইয়া

হইতে বিভয়ান কোন সং-বল্পর প্রক্ষেপকেই আমরা 'স্ষ্টি' বলিয়া বুঝি !—(স্বামীজীর 'আস্থা' নামক বক্তৃতা হইতে) ইন্দ্রিয় হয়, অপর অংশে হয় স্ক ভূত (তলাত্র)। এই সব-কিছুর সমবায়ে সমগ্র বিশ স্ট হয়। সাংখ্যদর্শনের মতে এই মহৎ-এরও পরে আর একটি অবস্থা, আছে, যাহার নাম 'অব্যক্ত' বা অপ্রকাশিত; দেখানে মনেরও প্রকাশ নাই, শুধু কারণগুলি থাকে। এই অবস্থার আর একটি নাম 'প্রকৃতি'। এই প্রকৃতির পারে প্রকৃতি হইতে চির-স্বতন্ত্র পুরুষ বহিয়াছেন; ইনিই সাংখ্যের নিগুণ সর্ববাপী আত্মা। পুরুষ কর্তা নন, সাকী-মাত্র। পুরুষকে বৃঝাইতে ফটিকের উদাহরণ দেওয়া হয়। পুরুষ বর্ণহীন স্বচ্ছ ফটিকের মতো; উহার সমূথে বিভিন্ন বর্ণ রাখিলে উহাকে সেই-সব বর্ণে রঞ্জিত বলিয়া মনে হয় বটে, কিন্তু প্রকৃতপক্ষে ফটিক তাহাতে রঞ্জিত হয় না।

বেদান্তবাদীবা সাংখ্যের 'পুরষ ও প্রকৃতি'-বিষয়ক মত নাকচ করিয়া দেন। তাঁহাদের মতে এ ঘুটির মধ্যে যে বিরাট ব্যবধান রহিয়াছে, সংযোগ-দেতুর সাহায্যে দে ব্যবধান ঘুচাইতে হইবে। একদিকে সাংখ্যমত প্রকৃতিতে পৌছায়, এবং পৌছিয়াই প্রকৃতি হইতে সম্পূর্ণ স্বতন্ত্র আত্মার কাছে আদিবার জন্ম তাহাকে তৎক্ষণাং একলাফে অন্ত প্রান্তে যাইতে হয়। সাংখ্য মতামুষায়ী এই বিভিন্ন বর্ণগুলি স্কর্পতঃ বর্ণহীন আত্মার উপর ক্রিয়াশীল হইতে সমর্থ হয় কি করিয়া? সেজন্ত বেদাস্ভবাদীরা প্রথম হইতেই নিশ্চয় করিয়া বলেন যে, এই আত্মা ও এই প্রকৃতি এক ।

এমন কি দৈতবেদাছবাদীবাও খীকার করেন, আত্মা বা ঈশ্বর বিশের তথু নিমিত্তকারণই নন, তিনি উপাদানকারণও। কিন্তু তাঁহাদের কাছে ইহা কথার কথা মাত্র, প্রাণের কথা নয়; কারণ তাঁহারা নিজ দিলান্তকে এইভাবে এড়াইতে চান: তাঁহারা বলেন, বিশে তিনটি সভা আছে—ঈশ্বর, জীব ও প্রকৃতি। প্রকৃতি ও জীব ধেন ঈশ্বের দেহ; এই অর্থেই বলা চলে বে, ঈশ্বর ও সমগ্র বিশ্ব এক। কিন্তু চিরকাল ধ্রিয়া প্রকৃতি ও বিভিন্ন জীব

৬ বেদান্ত ও সাংখ্যদর্শনের মন্যে প্রভেদ অতি সামাশ্য। সাংখ্যের পূরুষই বেদান্তের স্বর হইয়াছেন। সব মতবাদই সাংখ্যের মনস্তম্ভ গ্রহণ করিয়া থাকে। সাংখ্য এবং বেদান্ত ৬য়েই অসীম আত্মায় বিবাসী, প্রভেদ শুধু এইটুকু যে, সাংখ্য বলে আত্মা বছ। সাংখ্যমতে দগতের ব্যাখ্যার জন্ম বাহিরের কোনকিছুব প্রয়োজন নাই। বৈদান্তিক বিবাস করেন, অনিতীয় শাষ্ট্য রহিয়াছেন, তিনিই বছ রূপে প্রতীত হন। সাংখ্যের বিশ্লেষণের উপরেই আমাদের মতবাদ শেল্য প্রতিষ্ঠিত।—(১৮৯৬, ২৪শে মার্চের ক্রোপেকথন হইতে)

পরস্পর স্বতন্ত্রই থাকিয়া বায়। কেবল কল্লারন্তে তাহারা অভিব্যক্ত হয়, এবং কল্লান্তে স্ক্রাবস্থা প্রাপ্ত হইয়া বীজাকারে থাকে।

অবৈতবেদান্তবাদীরা জীব বা আত্মা সম্বন্ধে এই মতবাদ অগ্রাহ্য করেন; এবং উপনিষদের প্রায় সমগ্র অংশ স্বপক্ষে পাইয়া তাহারই উপর নিজেদের মত সম্পূর্ণরূপে গড়িয়া তুলেন। সব উপনিষদেরই একমাত্র কাব এই বিষয়টি প্রমাণ করা—'ষেমন একখণ্ড মৃত্তিকা সম্বন্ধে জ্ঞান লাভ করিলে বিশের সমস্ত মৃত্তিকাই জানা যায়, তেমনি এমন কি আছে, যাহা জানিলে বিখের সব-কিছুই জানা যায় ?'' অধৈতবাদীর ভাব হইল সমগ্র বিখকে এমন একটি সাধারণ তত্ত্বে লইয়া যাওয়া, যে তত্ত্তি যথার্থই বিশের সামগ্রিক সন্তা। তাঁহারা দাবি করেন—সমগ্র বিখে একত্ব রহিয়াছে, এবং একটি সভাই নিজেকে এই-সব বিভিন্ন রূপে ব্যক্ত করিতেছেন। সাংখ্য যাহাকে প্রকৃতি বলেন, তাহারা তাহার অন্তিত্ব স্বীকার করেন, কিন্তু বলেন যে, প্রক্কৃতিই ঈশর। এই অন্তিডই—এই সৎ-ই বিশ মাহুষ জীব এবং বাহা-কিছুর অন্তিত্ব আছে, তাহাতে রূপায়িত হইয়াছেন। মন ও মহৎ দেই এক সৎ-এরই অভিব্যক্তি মাত্র। তবে ইহাতে অস্থবিধা এই যে, ইহা সর্বেশ্বরবাদ হইয়া দাঁড়ায়। যে বস্তুকে তাঁহারা অপরিবর্তনীয় 'সং' বলিয়া ত্বীকার করেন-কারণ বাহা চরম সত্য তাহার পরিবর্তন নাই-তাহা এই পরিবর্তনীয় ও বিনাশশীল পদার্থে রূপায়িত হয় কেমন করিয়া ?

এ-বিষয়ে অবৈতবাদীদের বিবর্তবাদ বা আপাত-পরিবর্তনবাদ বলিয়া একটি
মত আছে। বৈতবাদী ও সাংখ্যবাদীদের মতে এই বিশ্বের সব-কিছুই
মূল প্রকৃতির অভিবাক্তি। একদল অবৈতবাদী ও একদল বৈতবাদীর
মতে সমগ্র বিশ্বই ঈশর হইতে উভুত হইয়াছে। শহরপন্থী থাঁটি অবৈতবাদীদের মতে সমগ্র বিশ্ব ঈশর হইতে উভুত বলিয়া প্রতীয়মান হয় মাত্র। ঈশর
বিশেব উপাদান-কারণ, কিছু সত্যই তাহা নন, উপাদান বলিয়া প্রতীত
হন মাত্র। এ-বিষয়ে রক্ত্তে সর্পভ্ষের উদাহরণ প্রসিদ্ধ। রক্ত্বে সর্প বলিয়া
মনে হইয়াছিল মাত্র, রক্ত্ব কখনও সর্পে পরিণত হয় নাই। ঠিক তেমনি এই
প্রকাশমান সমগ্র বিশ্বই সেই সৎ-শ্বরণ; ইহাতে কোন পরিবর্তন ঘটে নাই.

১ ছান্দোগ্য উপ., প্রপাঠক ৬, ১-৪ ; মুক্তক, ১৷৩

আমরা যে-সব পরিবর্তন ইহাতে দেখি, সেগুলি আপাত-প্রতীয়মান। দেশ, কাল ও নিমিত এই পরিবর্তন ঘটায়; অথবা মনোবিজ্ঞানের উচ্চতর সামান্তী-করণ অহুসারে বলা যায় বে, নাম ও রূপের ঘারাই ইহা ঘটে। নাম ও রূপ দিয়াই আমরা একটি পদার্থকৈ অপরটি হইতে পৃথক্ বলিয়া বুঝি। নাম ও রূপ-ই পার্থক্যের সৃষ্টি করে। আসলে সবই এক ও অভেদ।

- আবার বেদাস্থবাদীরা বলেন, ইন্দ্রিয়গ্রাহ্ম অগৎ বলিয়া কিছু নাই এবং স্ষ্টির মূলে একটি সত্তা আছে, শুধু বুদ্ধির দারা অধিগম্য জগৎ বলিয়াও কিছু নাই। বজ্জু সর্পে পরিণত হইয়াছে বলিয়া মনে হয় মাত্র, ইহা সভ্য পরিবর্তন নয়; যখন ভুল ভাঙিয়া যায়, তখন দর্প শৃত্যে লীন হয়; মাত্র ষ্থন অজ্ঞানের মধ্যে থাকে, তথন দে হষ্ট জগৎ-ই দেখে, ঈশ্বংকে দেখে না। ষধন সে ঈবরকে দেখিতে পায়, তথন ভাহার কাছে জগং একেবারে লোপ পায়। এই ভ্রমকে 'অবিভা' বা 'মায়া' বলা যায়; ইহাই এই স্ষ্টের কারণ, ইহারই প্রভাবে চরম সভ্যকে, অপরিবর্তনীয়কে এই পরিদুশ্চমান জগং বলিয়া আমরা মনে করি। এই মায়া মহাশৃক্ত বা অভিতেখীন কিছু নয়। সং-ও বলা চলে না, আবার নাই---এ-কথাও বলা যায় না। একমাত্র চরম সভ্যকে 'সং' বলা ষাইতে পারে; সেদিক দিয়া দেখিলে মায়া অসং, মায়ার অন্তিত্ব নাই। মায়া অদৎ—এ-কথাও বলা যায় না; কারণ তাহা যদি হইত, ভবে ইহা কথনও জগং সৃষ্টি করিতে পারিত না। কাজেই ইছা এমন একটা কিছু, যাহা সৎ বা অসৎ কোনটিই নয়; এজন্ত বেদান্তদর্শনে ইহাকে 'অনিৰ্বচনীয়' অৰ্থাৎ বাক্যদারা প্রকাশ করা ধায় না, বলা হইয়াছে।
- মায়া-ই এই বিখের আদল কারণ। ব্রহ্ম বা ঈশ্বর যাহাতে উপায়ান দেন,
 মায়া তাহাতে দেয় নাম ও রূপ; এবং উপাদানই এই সব-কিছুতে রূপান্তরিত
 হয়াছে বলিয়া প্রতীত হয়। কাজেই অবৈতবাদীদের কাছে জীবাত্মার
 কোন হান নাই। তাহাদের মতে জীবাত্মা মায়ার হাট ; আসলে জীবাত্মার
 কোন (পৃথক্) অভিত্ব থাকিতে পারে না। যদি সর্বব্যাপী একটি মাত্র সন্তা
 থাকে, তবে আমি একটি সন্তা, তুমি একটি সন্তা, সে আর একটি সন্তা—
 ইত্যাদি কিরপে সন্তব ? আমরা সকলেই এক ; বৈতজ্ঞানই অনর্থের মূল।
 বিশ্ব হইতে আমি পৃথক্—এই বোধ বধনই জাগিতে তক্ত করে, তথনই

প্রথমে আসে ভয়, এবং তারপর আসে তৃংধ। 'ষেধানে একে অপরের কথা শোনে, একে অপরকে দেখে, তাহা অল্প। ষেথানে একে অপরকে দেখে না, একে অপরের কথা শোনে না—তাহাই ভূমা, তাহাই 'ব্রহ্ম। সেই ভূমাতেই পরম হুখ, অল্লে হুখ নাই।''

• কাজেই অবৈত-দর্শনের মতে বস্তুর এই পৃথক্করণ, এই স্প্রী ষেন সামরিকভাবে মাহুষের যথার্থ স্থরপকে ঢাকিয়া রাখিয়াছে; কিন্তু প্রকৃতপক্ষে স্থরপের পরিবর্তন মোটেই ঘটে নাই। নিয়তম কীট এবং উচ্চতম মাহুষের মধ্যে সেই একই ঈশ্বনীয় সত্তা বিভ্যমান। কীটের দেহই নিয়তম রূপ, বেখানে দেবজ্ব মায়া ছারা অনেক বেশী পরিমাণে আর্ভ রহিয়াছে; বেখানে দেবজ্বের উপর আবরণ ক্ষীণতম, তাহাই উচ্চতম রূপ বা দেহ। সব-কিছুর পিছনে সেই এক দেবজই বিরাজমান; এই সত্য অবলম্বন কবিয়াই নীতিব ভিত্তি গড়িয়া উঠিয়াছে। অপরের অনিষ্ট করিও না। প্রত্যেককে আপনার মতো ভালবাদো, কারণ সমগ্র বিশ্বই এক চ অপরের অনিষ্ট করিলে নিজেরই অনিষ্ট করা হয়; অপরকে ভালবাদিলে নিজেকেই ভালবাদা হয়। এই সত্য হইতেই অবৈত্ত-নীতির মূলতবের উদ্ভব; ইহাকেই সংক্ষেপে বলা হইয়াছে—আ্বাজ্যাগ।

অবৈত্বাদী বলেন, এই ক্ষুত্র ব্যক্তিঅবোধই আমার সব অনর্থের মূল কারণ। এই অহং-বোধই আমাকে অপর হইতে পৃথক্ করিয়া রাখিয়াছে, ইহাই ঘুণা, বেষ, তৃঃখ, সংগ্রাম এবং আরও সব অনর্থের স্পষ্ট করে। এই বোব হইতে নিফুতি পাইলে সব অন্দের অবসান হয়, সব তৃঃখ চলিয়া যায়। কাজেই এই পৃথক্ আমিত্ব বোধ ত্যাগ করিতে হইবে। নিম্নতম জীবের জ্যুও প্রাণ পর্যন্ত বিসর্জন দিতে আমাদের সর্বদা প্রস্তুত থাকিতে হইবে। যথন কেহ একটি কৃত্র কীটের জ্যু জীবন পর্যন্ত বিসর্জন দিতে প্রস্তুত হয়, বৃঝিতে হইবে সেতথন অবৈত্বাদীর কাম্য পূর্ণত্বে পৌছিয়াছে; যে মৃহুর্তে সে এভাবে প্রস্তুত হয়, দেই মৃহুর্তেই তাহার সন্মুথ হইতে মায়ার আবরণ অপস্ত হয়, সেআ্যুত্বরূপ উপলব্ধি করে। এই জীবনেই সে অম্ভব করিবে যে, সমগ্র বিশেষ সঙ্গে সে এক। কিছুক্ষণের জ্যু এই পরিদ্খমান জ্বাৎ যেন তাহার কাছে

১ ছান্দোগ্য উপ., ৭ম প্রপাঠক, ২৪।১

পুপ্ত হইয়া বাইবে, এবং সে নিজ বন্ধণ প্রত্যক্ষ করিবে। কিন্তু বৃত্তকণ দেহের কর্ম—প্রায়ন থাকে, ততকণ ভাহাকে দেহধারণ করিয়া থাকিতে হইবে।

. এই অবস্থাকে--বে-অবস্থায় মায়ার আবরণ অপস্ত হইয়াছে অথচ শরীরটা কিছুদিন থাকিয়া যায়—বেদাস্তবাদীরা 'জীবনুক্তি' বলেন। কেহ যদি মরীচিকা দেখিয়া কিছুদিন বিভাস্ত হয়—কিন্ত একদিন দে মরীচিকা অদৃশ্য হয়—ভাহ৷ হইলে পরদিন বা কিছুদিন পরে সমুধে আবার মরীচিকার আবির্ভাব হইলেও উহা দেখিয়া সে তখন আর ভূল করিবে না। মরীচিকা ভ্রম প্রথমবার দূর হইবার পূর্বে সে ব্যক্তি বান্তব ও ভ্রান্তির মধ্যে পার্থক্য করিতে পারিত না। কিছ মরীচিকা একবার অদৃশ্য হইলে, ভুল একবার ভাঙিলে চকু ও ইদ্রিয় যতদিন কর্মক্ষম থাকিবে, ততদিন সে আবার মরীচিকা দেখিৰে ৰটে, কিন্তু উহাকে ৰান্তব বলিয়া আর কথনও ভূল করিবে না। বান্তবজ্ঞগৎ ও মরীচিকার মধ্যে যে স্কল্প পার্থক্য রহিয়াছে, তাহা সে ধরিয়া ফেলিয়াছে, মরীচিকা আর কখনও ভাহার ভ্রান্তি জ্য়াইতে পারিবে না। তেমনি বেদাস্কবাদী যথন নিজ স্বরূপ প্রত্যক্ষ করেন, তথন তাঁচার নিকট সমগ্র জগৎ লুপ্ত হয়। জগৎ আবার ফিরিয়া আদিবে, কিন্তু পূর্বের দেই তু:খময় জ্বণৎ-ক্লপে নয়। তু:খের কারাগার তখন সচ্চিদানন্দে—নিত্য সত্তায়, নিত্য জ্ঞানে, নিত্য আনন্দে—পর্ববিদিত হইয়া গিরাছে; এই অবস্থা नाज कंत्राहे चरिषठ-त्वर्गास्त्रत नका।

প্রশােত্তরে আলােচনা

১৮৯৬ খঃ ২৫শে মার্চ হার্ভার্ড বিষবিত্যালয়ে (U.S.A.) গ্রাজুয়েট ফিলজফিক্যাল সোসাইটির সভায় বেদাস্তদশন সম্বন্ধে বক্তৃতার পর শ্রোতাদের সহিত স্বামীজীর নিম্নলিখিত প্রধান্তির অনুসারে আলোচনা হইয়াছিল:

প্র। ভারতে দার্শনিক চিন্তা বর্তমানে কিরুপ ক্রিয়াশীল, তাহার কিছু জানিতে ইচ্ছা করি। এ-সকল বিষয় আন্ধকাল কভটা আলোচিত হইয়া থাকে?

উ। পূর্বেই বলিয়াছি, ভারতের অধিকাংশ লোকই প্রকৃতপক্ষে হৈতবাদী, অতি অল্লসংখ্যকই অবৈতবাদী। ভাহাদের প্রধান আলোচনার বিষয়—
মায়াবাদ ও জীবতত্ব। আমি এদেশে আদিয়া দেখিলাম, এখানকার
শ্রমজীবীরা বর্তমান রাজনীতিক অবস্থার সহিত বিশেষ পরিচিত, কিন্তু যথন
ভাহাদিগকে জিজ্ঞাসা করিলাম, 'ধর্ম বলিতে ভোমরা কি বোঝ, অমুক
অমুক সম্প্রদায়ের ধর্মমত কি প্রকার ?'—ভাহারা বলিল, 'আমরা জানি না,
তবে গির্জায় ঘাই।' ভারতে কিন্তু কোন কৃষককে যদি জিজ্ঞাসা করি,
'ভোমাদের শাসনকর্তা কে ?'—সে বলিবে, 'ভা জানি না; ভবে খাজনা দিয়া
খাকি।' কিন্তু যদি ভাহাকে ভাহার ধর্ম সম্বন্ধে জিজ্ঞাসা করি, সে অমনি
বুঝাইয়া দিবে—সে বৈতবাদী, এবং সে মায়া ও জীবতব সম্বন্ধে ভাহার ধারণা
বিস্তারিতভাবে বলিতে প্রস্তুত হইবে। সে লিখিতে পড়িতে জানে না, কিন্তু
এ-সকল সে সয়্যাসীদের নিকট হইতে শিখিয়াছে এবং এ-সব বিষয়্ম আলোচনা
করিতে খ্ব ভালবাসে। সারাদিন কাজের পর কৃষকেরা গাছতলায় বিসয়া
এ-সব তব্ব আলোচনা করিয়। থাকে।

প্র। 'গোঁড়ামি' বলিতে হিন্দুগণ কি বুঝেন ?

উ। বর্তমান কালে আহার পান ও বিবাহ সহদ্ধে জাতিগত বিধিনিষেধ-গুলি প্রতিপালন করাকেই 'গোঁড়ামি' বলে। তারপর হিন্দু ষে-কোন মতে বিশ্বাদ করুক, তাহাতে কিছু আদিয়া যায় না। ভারতে কখন সংঘবদ্ধ ধর্মগুলী বা চার্চ ছিল না, স্বতরাং গোঁড়ো বা খাঁটি হিন্দুমত গঠিত ও বিধিবদ্ধ করিবার জন্ম একদল লোক কোন কালেই ছিল না। মোটাম্টিভাবে আমরা বলিয়া থাকি, যাহারা বেদ্বিশাদী, তাহারাই গোঁড়া বা খাঁটি হিন্দু; কিন্তু প্রকৃতপক্ষে দেখিতে পাই, বৈতবাদী সম্প্রদায়সমূহের অনেকেই বেদ অপেকা পুরাণেই বেশী বিখাস করিয়া থাকেন।

প্র। আপনাদের হিন্দুদর্শন গ্রীকদের স্টোয়িক (Stoic) দর্শনের উপর কডটা প্রভাব বিস্তার করিয়াছিল ?

উ। থ্ব সম্ভবতঃ আলেকজান্তিয়া-বাসিগণের মধ্য দিয়া হিন্দুদর্শন উহার উপর কিছু প্রভাব বিন্তার করিয়াছিল। পিথাগোরাস যে সাংখ্যমতের ধারা প্রভাবিত হইয়াছিলেন, এরপ সন্দেহ করিবার কারণ আছে। যাহাই হউক, আমাদের ধারণা—সাংখ্যদর্শনই বেদ-নিবদ্ধ দার্শনিক-তত্ত্বসমূহকে যুক্তিবিচার ধারা সমন্বয় করিবার প্রথম চেটা। এমন কি বেদেও 'কপিল' নামের উল্লেখ দেখিতে পাই: ঋষিং প্রস্তুহং কপিলং যন্তমগ্রেই অর্থাৎ যিনি পূর্বে জাত সেই কপিল ঋষিকে জ্ঞানে পূর্ণ করিয়াছিলেন।

প্র। পাশ্চাত্য বিজ্ঞানের সহিত এই মতের কি বিরোধ ?

উ। কিছুমাত্র বিরোধ নাই, বরং আমাদের সহিত পাশ্চাত্য বিজ্ঞানের সামঞ্জন্ত আছে। আমাদের পরিণামবাদ এবং আকাশ ও প্রাণতত্ত্ব ঠিক আপনাদের আধুনিক দর্শনের সিদ্ধান্তের মতো। আপনাদের পরিণামবাদ বা ক্রমবিকাশ আমাদের বোগ ও সাংখ্যদর্শনের ভিতর রহিয়াছে। যথা, পতঞ্জলি প্রকৃতির আপুরণের দারা এক জাতির অন্ত জাতিতে পরিণত হইবার কথা বলিয়াছেন।—'জাত্যন্তরপরিণামং প্রকৃত্যাপুরাং।' তবে ইহার কারণ সহদ্ধে পতঞ্জলির সহিত পাশ্চাত্য বিজ্ঞানের মতভেদ আছে। তাঁহার পরিণামের ব্যাখ্যা আধ্যাত্মিক। তিনি বলেন, ক্ষেত্রে নিকটবর্তী জলাশয় হইতে জলদেচনের জন্ত যেমন কৃষককে কেবল জলাবরোধটি তুলিয়া ফেলিতে হয়—'নিমিন্তমপ্রয়োজকং প্রকৃতীনাং বরণভেদস্থ ততঃ ক্ষেত্রিকবং'ণ—সেইরূপ সকল মানবই পূর্ব হইতেই অনস্তশক্তিসম্পন্ন, কেবল এই-সকল বিভিন্ন অবস্থাচক্ররপ প্রতিবন্ধক বা বাধা তাহাকে বন্ধ করিয়া রাধিয়াছে, দেইগুলি সরাইয়া ফেলিলেই তাহার সেই অনস্ত শক্তি মহাবেগে বাহির

১। খঃ পৃঃ ৩০৮ এক দার্শনিক জেনো (Zeno) কর্তৃক এই দশন প্রচারিত হয়। এই মতে কুখ-তুঃখে ভাল-মন্দে সমভাবসম্পন্ন হওয়া এবং সহা করিয়া যাওয়াই মানবজীবনের পরম পুরুষার্থ।

২ বেতাশ্বতর উপ., এ২

৩ যোগস্ত্র, কৈবলাপাদ, ২

হইয়া অভিব্যক্ত হইয়া থাকে। ইতর প্রাণীর ভিতর মহয়ভাব অবক্ষ রহিয়াছে; বখন স্থাগে উপহিত হয়, তখনই দে মাস্থারূপে অভিব্যক্ত হয়। আবার বখন উপযুক্ত স্থাগে ও অবদর উপহিত হয়, তখনই মানবের মধ্যে বে-ঈশরত্ব বর্তমান, তাহা অভিব্যক্ত হয়। স্করাং আধুনিক নৃতন মতবাদসমূহের সহিত আমাদের বিবাদ করিবার বিশেষ কিছু নাই। দৃষ্টান্তশ্বরূপ দেখুন, ইন্দ্রিয় হারা উপলব্ধি-ব্যাপারে সাংখ্য মতের সহিত আধুনিক শারীর-বিজ্ঞানের (Physiology) পার্থক্য অতি অল্প।

·প্র। কি**ছ আপ**নাদের জ্ঞানার্জনের প্রণালী কি ভিন্ন ?

উ। হাঁ। আমরা দাবি করি, মনের শক্তিসমূহকে একম্থী করাই জ্ঞানলাভের একমাত্র উপায়। বহিবিজ্ঞানে বাহ্য বিষয়ে মনকে একাগ্র করিতে হয়— মার অন্তর্বিজ্ঞানে মনের গতিকে আত্মাভিম্থী করিতে হয়। আমরা মনের এই একাগ্রভাকে 'ষোগ' আখ্যা দিয়া থাকি।

প্র। একাগ্র অবস্থায় কি এই-সকল তত্ত্বের সত্যতা স্বতঃসিদ্ধ হইরা পড়ে ? উ। বোগীরা এই একাগ্রতা-শক্তির ফল অতি মহৎ বলিয়া বর্ণনা করিয়া থাকেন। তাঁহারা দাবি করেন, মনের একাগ্রতার দ্বারা জগতের প্রত্যেক সত্য—বাহ্য ও আন্তর সকল সত্য করামলকবৎ প্রত্যক্ষ হইরা থাকে।

প্ৰ। অবৈতবাদী স্ষ্টিতত্ব সম্বন্ধে কি বলেন?

উ। অংহতবাদী বলেন: এই-দব স্প্টিতর ও অক্সান্ত যাহা কিছু, দবই মায়ার—এই আপাতপ্রতীয়মান প্রপঞ্চের অন্তর্গত। প্রকৃতপক্ষে উহাদের অন্তিত্ব নাই। তবে আমরা যতদিন মায়াবদ্ধ, ততদিন আমাদিগকে এই-দক্ষ দৃশ্য দেখিতে হয়। এই দৃশ্যজগতে ঘটনাবদী কতকগুলি নির্দিষ্ট ক্রম অফ্সারে ঘটিয়া থাকে। উহাদের বাহিরে আর কোন নিয়ম ও ক্রম নাই, দেখানে মৃক্তি—স্বাধীনতা।

প্র। অবৈতবাদ কি বৈতবাদের বিরোধী?

উ। উপনিষদ্ প্রণাদীবদ্ধভাবে লিখিত নয় বলিয়া দার্শনিকেরা ষধন কোন মতবাদ গঠন করিতে ইচ্ছা করিয়াছেন, তখনই তাঁহারা উপনিষদের মধ্য হইতে নিজেদের অভিপ্রায় অহ্যায়ী বচনাবলী বাছিয়া লইয়াছেন। সেই কারণে সকল দর্শনকারই উপনিষদ্কে প্রমাণরূপে গ্রহণ করিয়াছেন, নতুবা তাঁহাদের দর্শনের কোনরূপ ভিত্তিই থাকিতে পারিত না। তথাপি প্রকৃতপক্ষে উপনিষদের মধ্যে বিভিন্ন চিন্তাপ্রণালীর ভিন্তি দেখিতে পাই, আমাদের নিদ্ধান্ত এই যে, অবৈতবাদ বৈতবাদের বিরোধী নয়। আমরা বলি, শত্য বা ধর্ম লাভের তিনটি প্রয়োজনীয় সোপানের মধ্যে বৈতবাদ অক্তম সোপান মাত্র; প্রথমটিই বৈতবাদ। তারপর মাত্র্য আরও উচ্চতর অবস্থায় উপন্থিত হয়—উহা বিশিষ্টাবৈতবাদ। অবশেষে সে দেখিতে পায়, সে বিশের সহিত অভিন্ন। স্তরাং এই তিনটি পরম্পর-বিরোধী নয়, বরং পরস্পরের পরিপ্রক।

প্র। মায়া বা অক্তান আছে কেন?

উ। কার্যকারণ-সংঘাতের সীমার বাহিরে 'কেন' এই প্রশ্ন বিজ্ঞাসা করা যাইতে পারে না। মায়ার ভিতরেই কোন বস্তু সম্বন্ধে 'কেন' বিজ্ঞাসা করা যাইতে পারে। স্থতরাং আমরা বলি, প্রশ্নটিকে গ্রায়শাস্ত্র-সম্বন্ধতভাবে প্রকাশ করিতে পারিলেই আমরা উহার উত্তর দিব। তংপূর্বে উত্তর দিবার অধিকার আমাদের নাই।

প্র। সগুণ ঈশর কি মায়ার অন্তর্গত ?

উ। হাঁ, এই সন্তপ ঈশর মায়ার মধ্য দিয়া দৃষ্ট সেই নিশু প ব্রহ্ম ব্যতীত আর কিছু নন। মায়া বা প্রকৃতির অধীন হইলে সেই নিশু প ব্রহ্মই ঈশর বা সপ্তপ ব্রহ্ম। যদি কোন ব্যক্তি সূর্য দেখিবার জন্ম এখান হইতে যাঝা করে, সে প্রথমে স্থাকে ছোট দেখিবে; যতদিন না আসল স্থার নিকট পৌছিতেছে, ততদিন ইহাকে ক্রমশ: বড় হইতে বড় দেখিবে। যতই সে অগ্রসর হয়, ডতই সে ভিয় ভিয় স্থা দেখিতেছে বলিয়া মনে করিতে পারে, কিছু সে বে এক স্থাই দেখিতেছে, তাহাতে জামাদের কোন সন্দেহ নাই। এইভাবে আমরা যাহা কিছু দেখিতেছি, সবই সেই নিগু প ব্রহ্ম-স্ভারই বিভিয় রূপমাত্র, স্তরাং সেই হিসাবে ভাহারা স্ত্য। ইহাদের মধ্যে কোনটিই মিথা নয়, তবে আমরা এইটুকু বলিতে পারি, এগুলি নিয়ন্তরের অবস্থা মাত্র।

প্র। সেই পূর্ণ নিরপেক্ষ সন্তাকে জানিবার বিশেষ প্রণালী কি ? ।

উ। আমরা বলি, ছুইটি প্রণালী আছে। একটি ইতিবাচক প্রবৃত্তিমার্গ, অপরটি নেতিবাচক নির্ত্তিমার্গ। প্রথমোক্ত মার্গে সমগ্র জগৎ চলিতেছে— ইহা প্রেমের পথ। বলি প্রেমের পরিধি অনস্করণ বাড়াইয়া দেওয়া বায়, তবে আমরা দেই এক সর্বজনীন প্রেমে উপনীত হই। অপর পথ 'নেতি, নেতি' অর্থাৎ ইহা নয়, ইহা নয়—এইরপ সাধন দারা চিন্তের যে যে তরক মনকে বহির্থী করিতে চেটা করে, তাহাকেই নিবারণ করিতে হয়। পরিশেষে মনের যেন মৃত্যু হয়, তথন সত্যু স্বয়ং প্রকাশিত হইয়া থাকে। আমরা এই অবস্থাকে সমাধি বা জ্ঞানাতীত অবস্থা বা পূর্ণ জ্ঞানের অবস্থা বলিয়া থাকি।

প্র। ইহা তাহা হইলে বিষয়ীকে (জ্ঞাতা বা দ্রষ্টাকে) বিষয়ে (জ্ঞেয় বা দৃখ্যে) নিমজ্জিত করার অবস্থা ?

উ। বিষয়ীকে বিষয়ে নয়, বিষয়কে বিষয়ীতে লীন করা। বাহুবিক এই জগং লোপ পায়, কেবল আমি থাকি—একমাত্র আমিই বর্তমান।

প্র। আমাদের কয়েকজন জার্গান দার্শনিকের মত—ভারতের ভক্তিবাদ থুব সম্ভবতঃ পাশ্চাত্য প্রভাবের ফল।

উ। আমি ইহাদের সহিত একমত নই, এরপ অহমান মূহুর্থাত্তও টিকিতে পারে না। ভারতীয় ভক্তি পাশ্চাত্য ভক্তির মতো নয়। ভক্তি সম্বন্ধে আমাদের মুখ্য ধারণা এই যে, উহাতে ভয়ের ভাব আদৌ নাই—কেবল ভগবান্কে ভালবাসা।

ভয়ে উপাদনা হয় না, প্রথম হইতে শেষ পর্যন্ত দর্যার ভালবাদার ভিতর দিয়াই উপাদনা সম্ভব। বিতীয়ত: এইরূপ অন্তমান সম্পূর্ণ অনাবশ্রক। ভক্তির কথা অতি প্রাচীন উপনিষদ্সমূহেও রহিয়াছে; ঐ উপনিষদ্গুলি খ্রীষ্টানদের বাইবেল অপেক্ষা অনেক প্রাচীন। সংহিতার মধ্যেও ভক্তির বীজ রহিয়াছে। 'ভক্তি' শক্তিও পাশ্চাত্য শক্ত নয়। বেদ-মন্ত্রে উল্লিখিত 'শ্রহ্মা' শক্ত হইতে ক্রমশ: ভক্তিবাদের উদ্ভব হইয়াছিল।

প্র। এটিধর্ম সম্বন্ধে ভারতবাসীর কিরূপ ধারণা १ -

উ। খুব ভাল বলিয়াই ধারণা। বেদাস্ত সকলকেই গ্রহণ করিয়া থাকে। ধর্মশিক্ষা সম্বন্ধে অক্সান্ত দেশ অপেক্ষা ভারতে একটি বিশেষত্ব আছে। মনে কল্পন, আমার একটি ছেলে আছে। আমি ভাহাকে কোনপ্রকার ধর্মমত শিক্ষা দিব না—তাহাকে প্রাণায়াম শিধাইব, মনকে একাগ্র করিতে শিধাইব, এবং একটু সামান্ত প্রার্থনা শিধাইব—আপনারা প্রার্থনা বলিতে বেরূপ বুঝেন, ভাহা নহে, কেবল কভকটা এইভাবের প্রার্থনা শিধাইব:

'ষিনি এই জগদ্রক্ষাণ্ডের স্টে করিয়াছেন, আমি তাঁহীকে ধ্যান করি— ভিনি আমার মনকে জানালোকে আলোকিত করুন'। তাহার ধর্মশিকা এইরূপ চলি:ব, তারপর সে বিভিন্নমতাবলম্বী দার্শনিক ও আচার্যগণের মত ভনিতে থাকিবে। সে ইহাদের মধ্যে বাহার মত নিজের স্বাপেক্ষা উপযোগী বলিয়া মনে করিবে, তাঁহাকেই গ্রহণ করিবে—তিনি ভাহ'র গুরু হইবেন. সে শিশু ছইবে। সে তাঁহাকে বলিবে, 'আপনি যে দর্শন প্রচার করিতেছেন, ভাহাই দর্বোৎকৃষ্ট, অতএব ইহা আমাকে শিখাইয়া দিন।' আমাদের মূল কথাটা এই যে, আপনার মত আমার উপযোগী হইতে পারে না, আবার আমার মত আপনার উপধোগী হইতে পারে না। প্রত্যেকের সাধনপথ ভিন্ন ভিন্ন। স্থামার কন্তার সাধনপথ এক প্রকার, আমার পুত্রের স্বন্ত প্রকার, আমার আবার সম্পূর্ণ বিভিন্ন প্রকারের হইতে পারে। হুতরাং প্রত্যেকেরই ইষ্ট বা নির্বাচিত পথ ভিন্ন হুইতে পারে—এবং এই সাধনপথের বিষয় প্রত্যেকেই নিজ নিজ অস্তরে গোপন করিয়া থাকেন। ঐ পথের বিষয় আমি জানি ও আমার গুল জানেন, আর কাহাকেও আমরা উহা জ্ঞানাই না; কারণ আমরা লোকের সঙ্গে অনর্থক বিবাদ করিতে চাই না। উহা অপরের নিকট প্রকাশ করিল তাহার কোন উপকার হইবে না; কারণ প্রত্যেককেই নিজ নিজ পথ বাছিয়া লইতে হইবে। এইজন্স সাধারণের নিকট কেবল সর্বজন-সম্মত দর্শন ও সাধনপ্রণালীসমূহই শিক্ষা দেওয়া যাইতে পারে। একটা দুষ্টান্ত দিতেছি—অবশ্য দুষ্টান্তটি শুনিলে হাদি পাইবে। এক পায়ে দাঁড়াইয়া থাকিলে হয়তো আমার উন্নতি হইতে পারে। এখন উহা-আমার পক্ষে উপধোগী হইলেও আমি যদি সকলকে এক পায়ে দাড়াইতে উপদেশ দিই, সকলে আমার কথা শুনিয়া হাসিবে। এরপ হওয়। খুব সম্ভব যে, আমি হয়তো দৈতবাদী, আমার স্ত্রী অদৈতবাদী। আমার কোন পুত্র ইচ্ছা করিলে এটি, বুদ্ধ বা মহম্মদের উপাসক হইতে পারে, ডিনিই ডাহার ইট। অবশ্য ভাহাকে জাতিগত সামাজিক নিয়ম প্রতিপালন করিতেই হইবে।

প্র। সকল হিন্দুই কি জাতিবিভাগে বিখাসী?

> গায়ত্রী-মন্ত্রের সরলার্থ

উ। বাধ্য হইয়া জাতিগত নিয়ম মানিতে হয়। আছা না থাকিলেও সামাজিক নিয়ম তাহাদের মানিতেই হয়।

প্র। এই প্রাণায়াম ও একাগ্রতার **অ**ভ্যাস কি সর্বসাধারণে ক্রিয়া থাকে ?

উ। হাঁ, তবে কেহ কেহ অতি অল্পমাত্রই অভ্যাস করিয়া থাকে—যভটুকু না করিলে ধর্মশাল্পের আদেশ লজ্যন করা হয়, তভটুকুই করিয়া থাকে। ভারতের মন্দিরগুলি এথানকার চার্চের মতো নয়। আগামী কালই সমুদয় মন্দির অন্তর্হিত হইতে পারে, লোকে উহার একান্ত অভাববোধ করিবে না। স্বৰ্গকাম বা পুত্ৰকাম হইয়া অথবা ঐরূপ অন্ত কিছুর জন্য লোকে মন্দির নিৰ্মাণ করায়। কেহ হয়তো খুব একটা বড় মন্দির প্রতিষ্ঠা করাইল এবং পূজার জন্ত কয়েকজন পুরোহিত নিযুক্ত করিয়া দিল, কিন্তু আমার সেধানে যাইবার কিছুমাত্র প্রয়োজন নাই, কারণ আমার যা-কিছু পূজা-পাঠ, ভাহা আমার ঘরেই হইয়া থাকে। প্রত্যেক বাড়িতেই আলাদা একটি ঘর থাকে, তাহাকে ঠাকুরঘর বা পূজাগৃহ বলে। দীক্ষাগ্রহণের পর প্রত্যেক বালক-বালিকার জীবনে কর্তব্য—প্রথমে স্নান, তারপর পূজা করা। আর তাহার পূজা বা উপাদনা-এই প্রাণায়াম ও ধ্যান এবং বিশেষ একটি 'নাম' জ্ঞপ করা। আর একটি বিষয়ে লক্ষ্য রাখিতে হয়—সাধনের সময় শরীরটাকে সোজা করিয়া রাখিতে হয়। আমাদের বিখাস—মনের শক্তির দারা শরীরটাকে হুস্থ রাখা যাইতে পারে। একজন এইরূপ পূজা করিয়া উঠিয়া গেল, আর একজন আসিয়া সেই আসনে বসিয়া পূজা করিতে লাগিল— সকলেই নিশুক্তাবে নিজের নিজের পূজা করিয়া চলিয়া গেল। সময়ে সময়ে এক ঘরে তিন-চার জন বদিয়া উপাদনা করে, কিন্তু প্রত্যেকেরই উপাদনা-প্রণালী হয়তো ভিন্ন ভিন্ন। এইরূপ পূজা প্রত্যন্ত অন্ততঃ দুইবার করিয়া করিতে হয়।

প্র। আপনি ষে অবৈত অবস্থার কথা বলেন, উহা কি কেবল আদর্শমাত্র, না কেহ ঐ অবস্থা সভাই লাভ করিয়াছেন ?

উ। আমরা বলি, উহা প্রভ্যক্ষের অন্তর্গত ব্যাপার—ঐ অবস্থা উপলবি করিবারই বিষয়। যদি উহা কেবল কথার কথা হইত, তবে ভো উহা কিছুই নয়। বেদ ঐ তত্ত্ব উপলব্ধি করিবার জন্ম তিনটি উপায়ের কথা বলেন: প্রবণ, মনন, নিদিধ্যাসন। এই আত্মতত্ব প্রথম তনিতে হইবে, তানিবার পর ঐ বিষয় বিচার করিতে হইবে—বেন অন্ধভাবে বিশাস না করা হুয়; বিচার করিয়া জানিয়া তানিয়া বেন বিশাস করা হয়, এইরপে নিজ শরুপ বিচার করিয়া তবে উহার ধ্যানে নিযুক্ত হইতে হইবে—তথন উহার সাক্ষাৎ উপলব্ধি হইবে। এই প্রত্যক্ষ উপলব্ধিই ষ্থার্থ ধর্ম। তথু বিশাস করা ধর্মের অন্ধ নয়। আমরা বলি, এই সমাধি বা জ্ঞানাতীত অবস্থাই ধর্ম।

প্র। আপনি যদি কখন এই সমাধি-অবস্থা লাভ করেন, তবে আপনি কি উহার সম্বন্ধে কিছু বলিতে পারিবেন ?

উ। না, কিন্তু সমাধি-অবস্থা বা পূর্ণ জ্ঞানভূমি ষে লাভ হইয়াছে, তাহা আমরা জীবনের উপর উহার ফলাফল দেখিয়া জানিতে পারি। একজন মূর্থ নিজিত হইল—নিপ্রাভঙ্গে সে যে মূর্থ, সেই মূর্থই থাকিবে, হয়তো আরও থারাপ হইতে পারে। কিন্তু কেহ সমাধিত্ব হইলে সমাধিভঙ্গের পর—দে একজন তত্তত্ত, সাধু মহাপুরুষ হইয়া দাঁড়ায়। তাহাতেই বুঝা ষায়, এই ছুই অবস্থা কতদুর ভিন্ন।

প্র। আমি অধ্যাপক —র প্রশ্নের অন্থ্যরণ করিয়া জিজ্ঞাসা করিতে চাই, আপনি এমন সব লোকের বিষয় জানেন কি না, যাহারা আত্ম-সম্মোহনতত্ত্বর (self-hypnotism) কোনরপ আলোচনা করিয়াছেন। অবশ্য প্রাচীন ভারতে নিশ্চয় এই বিভার থ্ব চর্চা ছিল, এখন আর ততদ্র নাই। আমি আনিতে চাই, যাঁহারা এখন উহার চর্চা করেন, তাঁহারা এ তত্ত্ব সম্বন্ধে কি মত ব্যক্ত করিয়াছেন এবং উহার কিরূপ অভ্যাস বা সাধন করিয়াছেন।

উ। আপনারা পাকাত্যদেশে যাহাকে সম্মেহনবিভা (hypnotism) বলেন, তাহা আদল ব্যাণারের দামান্ত অক্ষাত্র। হিন্দুরা উহাকে আঅদমোহ-দ্রীকরণ (self-de-hypnotization) বলেন। তাঁহারা বলেন, আপনারা তো সম্মেহিতই (hypontized) রহিয়াছেন—এই সম্মেহিত ভাবকে দ্র করিতে হইবে, বিপ্তমোহ (de-hypnotized) হইতে হইবে।

'ন তত্র স্থাে ভাতি ন চম্রতারকম্ নেমা বিহ্যতাে ভাত্তি কুতাে হয়মগ্নি:। তমেব ভাত্তমস্থাতি সর্বং তত্ত ভাসা সর্বমিদং বিভাতি ॥''

১ को छेत्र., २।२।>•, त्वः छेः, ७।>।। मूः छेः, २।२।>•

—সেধানে স্থ প্রকাশ পায় না, চন্দ্রভারাও নয়; বিত্যুৎও সেধানে প্রকাশ পায় না, এই সামাত অগ্নির আর কথা কি? তিনি প্রকাশ পাইতেছেন্দ্র বিলয়াই সমৃদ্য প্রকাশিত হইতেছে।

ইহা তো সন্মাহন (hypnotization) নয়—মোহ দ্রীকরণ বা অপসারণ (de-hypnotization)। আমরা বলিয়া থাকি, অন্ত সকল ধর্মই এই প্রশক্ষের সভ্যতা শিক্ষা দেয়, অতএব তাহারা এক প্রকার সন্মোহন প্রয়োগ করিতেছে। কেবল অবৈতবাদীই সন্মোহিত হইতে চান না। একমাত্র অবৈতবাদীই অল্পবিন্তর ব্ঝিয়া থাকেন যে, সর্বপ্রকার বৈতবাদ হইতেই সন্মোহন বা মোহ আসিয়া থাকে। কিন্তু অবৈতবাদী বলেন, এমন কি বেদকেও ছুঁড়িয়া ফেলিয়া দাও, সগুণ ঈশ্বরকেও ছুঁড়িয়া ফেলিয়া দাও, এই জগদ লাওটাকেও ছুঁড়িয়া ফেলিয়া দাও, এমন কি তোমার নিদ্ধের দেহ-মনকেও ফেলিয়া দাও—কিছুই যেন না থাকে, তবেই তুমি সম্পূর্ণরূপে মোহমুক্ত হইবে।

'যতো বাচো নিবৰ্তম্ভে অপ্ৰাণ্য মনদা দহ। আনন্দং ব্ৰহ্মণো বিধান্ন বিভেতি কদাচন॥''

—মনের সহিত বাক্য তাঁহাকে না পাইয়া ষেথান হইতে ফিরিয়া আদে, সেই ব্রেম্বে আনন্দকে জানিয়া আর কোন ভর থাকে না। ইহাই মোহ অপসারণ। 'ন পুণাং ন পাপং ন সোখাং ন হংখং ন মন্ত্রো ন তীর্থং ন বেদা ন যজাং। অহং ভোজনং নৈব ভোজাং ন ভোজা চিদানন্দরূপঃ শিবোহহং শিবোহহম্॥'' — আমার পুণ্য নাই, পাপ নাই, হুখ নাই, হুংখ নাই; আমার মন্ত্র, ভীর্থ, বেদ বা যজ কিছুই নাই; আমি ভোজন, ভোজা বা ভোজা কিছুই নই। 'আমি চিদানন্দরূপ শিব—আমিই শিব (মঙ্গলম্বরূপ)।

আমর। সম্মেহনবিভার সমৃদয় তত্ত্ব অবগত আছি। আমাদের যে মনস্তত্ত্ব-বিভা আছে, তাহা পাশ্চাত্য দেশ সবে জানিতে আরম্ভ করিয়াছে; তবে ছংথের বিষয়—এখনও সম্পূর্ণ পে জানিতে পারে নাই।

প্র। আপনারা আভিবাহিক দেহ (astral body) কাহাকে বলেন ?

১ তৈক্তি. উপ., ২৷৯

२ निर्वागवहैकम्--- भक्तकाठार्ध

উ। আমরা উহাকে লিক্সরীর বলিয়া থাকি। যথন এই দেহের পতন হয়, তথন অপর দেহপরিগ্রহ কিরপে হয়? শক্তি কথন অভপদার্থ ব্যতীত থাকিতে পারে না। স্থতরাং দিদ্ধান্ত এই বে, দেহত্যাগের পরে স্ক্রভৃতের কিরদংশ আমাদের সঙ্গে থাকিয়া যায়। অভ্যন্তরবর্তী ইক্রিয়গণ ঐ স্ক্রভৃতের সাহায্য লইয়া আর একটি দেহ গঠন করে, কারণ প্রত্যেকেই নিজ নিজ দেহ গঠন করিতেছে—মনই শরীর গঠন করিয়া থাকে। যদি আমি সাধু হই, তবে আমার মন্তিক্ষ জ্ঞানী সাধুর মন্তিক্ষে পরিণত হইবে। আর যোগীরা বলেন, এই জীবনেই তাঁহারা নিজ দেহকে দেবদেহে পরিণত করিতে পারেন।

ষোগীরা অনেক অভূত ব্যাপার দেখাইয়া থাকেন। রাণি রাণি মতবাদ অংশকা সামাক্ত একটু অভ্যাদের মৃল্য অনেক অধিক। স্তরাং আমি নিজে এটা-ওটা হইতে দেখি নাই বলিয়া দেগুলি মিথ্যা, এ-কথা বলিবার অধিকার আমার নাই। যোগীদের গ্রন্থে আছে, অভ্যাদের ধারা সর্বপ্রকার বিস্ময়কর ফল পাওয়া যায়। নিয়মিত অভ্যাদের দ্বারা অতি অল্পকালেক ভিতর অল্ল-স্বল্ল ফল পাওয়া যায়—তাহাতে জানিতৈ পারা যায় এ ব্যাপারের ভিতর কোন ভণ্ডামি নাই। আর সর্বশাস্ত্রেই যে-সকল অলৌকিক ব্যাপারের উল্লেখ আছে, এই যোগীরা দেইগুলি বৈজ্ঞানিকভাবে ব্যাখ্যা করিয়া থাকেন। প্রশ্ন এই : প্রত্যেক জাতির ভিতর এইসব অনৌকিক কার্বের বিবরণ নিপিবদ্ধ ছইয়া রহিয়াছে কিন্ধণে ? যে বলে—এ সমৃদয় মিখ্যা, এগুলির ব্যাখ্যার কোন প্রয়োজন নাই, তাহাকে যুক্তিবাদী বা বিচারপরায়ণ বলিতে পারা যায় না। যতদিন না দেগুলিকে ভূল বলিয়া আপনি প্রমাণ করিতে পারিতেছেন, ততদিন সেগুলিকে অস্বীকার করিবার অধিকার আপনার নাই। আপনাকে প্রমাণ করিতে হইবে যে, এগুলির কোন ভিত্তি নাই, তবেই আপনি এগুলি অমীকার করিবার অধিকারী হইবেন। কিন্তু তাহা তো আপনারা করেন নাই। অক্ত দিকে ষোগীরা বলিভেছেন, সেওলি বান্তবিক অলৌকিক ব্যাপার নয়, তাঁহারা এখনও ঐ-সব করিতে পারেন বলিয়া দাবি করেন। ভারতে আৰু পর্যন্ত অনেক অভুত ব্যাপার সাধিত হইয়া থাকে, কিন্তু উহাদের কোনটিই অপ্রাক্বত শক্তিব দারা সাধিত হয় না । এই বিষয়ে অনেক গ্রন্থ আছে। কেবল মনন্তত্ত-আলোচনার বৈজ্ঞানিক চেষ্টা ব্যতীত যদি এ-বিষয়ে আর কিছুই সাধিত না হইয়া থাকে, তবে উহার সমুদয় গৌরব যোগীদেরই প্রাপ্য।

প্র। যোগীরা কি কি ব্যাপার দেখাইতে পারেন, ভাছার কোন দৃষ্টান্ত দিতে পারেন কি ?

উ। অন্তান্ত বিজ্ঞানের চর্চা করিতে হইলে তাহার উপর ষ্ডটা বিশ্বাসের প্রয়োজন হয়, যোগী তাঁহার যোগ-বিছার উপর তাহা অপেকা অধিক বিশাস করিতে বলেন না। কোন বিষয় গ্রহণ করিয়া ভাহা পরীক্ষা করিবার জন্ত ভদ্রবোকে ষভটুকু বিশাস করিয়া থাকে, যোগী ভাহা অপেক্ষা অধিক বিশাস করিতে বলেন না। যোগীর আদর্শ অতি উচ্চ। মনের শক্তি ছারা বে-সব ব্যাপার সাধিত হইতে পারে, তাহাদের মধ্যে নিয়তর বিষয়গুলি আমি দেখিয়াছি, স্বতরাং উচ্চতর ব্যাপারগুলি যে হইতে পারে, এ-বিষয়ে অবিখাদ করিবার অধিকার আমার নাই। যোগীর আদর্শ—সর্বজ্ঞতা ও সর্বশক্তিমতার সহায়তায় শাখত শান্তি ও প্রেমের অধিকারী হওয়া। আমি একজন বোগীকে জানি, তাঁহাকে গোখুৱা সাপে কামড়াইয়াছিল, দংশনমাত্র তিনি অটেতক্ত হইয়া মাটিতে পড়িয়া পেলেন, সন্ধ্যার সময় তাঁহার আবার চৈত্ত হয়। যথন তাঁহাকে জিজাদা করা হয়, 'কি হইয়াছিল ?' ভিনি বলিলেন, 'আমার প্রিয়তমের নিকট হইতে দূত আদিয়াছিল।' এই যোগীর সমুদর ঘুণা, কোধ ও হিংসার ভাব একেবারে দগ্ধ হইরা গিয়াছে। কিছুতেই তাঁহাকে প্রতিক্রিয়ায় প্রবৃত্ত করিতে পারে না। তিনি সর্বদা অনম্ভ প্রেম্বরূপ হইয়া বহিয়াছেন, প্রেমের শক্তিতে তিনি সর্বশক্তিমান্। এইরূপ ব্যক্তিই যথার্থ যোগী। আব এইসব অলৌকিক শক্তির প্রকাশ গৌণমাত্র। এগুলি লাভ করা যোগীর প্রকৃত লক্ষ্য নহে। যোগীরা বলেন, যোগী ব্যতীত আর সকলেই দাসবৎ—থাছের দাস, বায়ুর দাস, নিজ স্ত্রীর দাস, নিজ পুত্রকক্তার দাস, টাকার দাস, খদেশীয়দের দাস, নামষশের দাস, এবং এই স্থাতের সহস্র সহস্র বিষয়ের দাস! যে ব্যক্তি এ-সকল বন্ধনের কোন বন্ধনে স্থাবদ্ধ নন, তিনিই ষ্থার্থ মাফুষ, ষ্থার্থ হোগী।

> 'ইহৈব তৈৰ্জিভ: সৰ্গো ষেষাং সাম্যে স্থিতং মন: । নিৰ্দোষং ছি সমং ব্ৰহ্ম তত্মাধুন্দৰি তে স্থিতা: ॥''

১ গীতা, ৭১৯

- এখানেই তাঁহারা সংসাবকে জয় করিয়াছেন, খাঁহাদের মন সাম্যভাবে অবস্থিত। বেহেতু ব্রহ্ম নির্দোব ও সমভাবাপয়, সেই হেতু তাঁহারা ব্রহ্মে অবস্থিত।
- প্র। যোগীরা কি জাভিভেদকে একটা বিশেষ প্রয়োজনীয় বিষয় বলিয়া খীকার করিয়া থাকেন ?
 - উ। না; জাতিবিভাগ অপরিণত মনের শিক্ষালয় মাত্র।
- প্র। এই অতিচেতন ভাবের (সমাধিতবের) সহিত ভারতের গ্রীমের কি কোন সম্বন্ধ নাই ?
- উ। কোন সম্বন্ধ আছে বলিয়া তো আমার বোধ হয় না। কারণ, সম্ত্র-পৃঠের পনর হাজার ফিট উপরে প্রায় মেরুপ্রদেশের আবহাওয়ায় হিমালয় পর্বতে এই যোগবিভার উদ্ভব হইয়াছিল।
 - প্র। ঠাণ্ডা জলবায়তে কি যোগবিষয়ে দিদ্ধিলাভ করা সম্ভব ?
- উ। খুব সন্তব, এবং জগতের মধ্যে ইহা বেমন কার্যে পরিণত করা সন্তব, তেমন আর কিছুই নয়। আমরা বলি, আপনারা—আপনাদের মধ্যে প্রত্যেকই—জন্ম হইতেই বৈদান্তিক। জীবনের প্রতিমূহুর্তেই আপনারা জাগতিক সকল বস্তব সহিত নিজেদের একত ঘোষণা করিতেছেন। যখনই আপনাদের হৃদয় সমগ্র জগতের কল্যাণের দিকে ধাবিত হয়, তখনই আপনারা অঞ্চাতসারে প্রকৃত বেদান্তবাদী। আপনারা নীতিপরায়ণ, কিন্তু কেন নীতিপরায়ণ, তাহা জানেন না। বেদান্ত-দর্শনই নীতিতত্ত্বের বিশ্লেষণ করিয়া মাহুষকে জ্ঞানতঃ নীতিপরায়ণ হইতে শিখাইয়াছে। বেদান্ত সকল ধর্মের সার।
- প্র। আপনি কি বলেন ষে, আমাদের—পাশ্চাত্য জাতিদের ভিতর এমন একটা অসামাজিক ভাব আছে, যাহা আমাদিগকে এত বছম্বাদী (pluralistic) করিয়াছে, আর প্রাচ্যদেশীয় লোক কি আমাদের অপেকা অধিকতর সহাত্ত্তিসম্পন্ন ?
- উ। আমার মতে পাশ্চাত্য জাতি অধিকতর নির্গুরস্থাব, আর প্রাচ্য দেশীয় ব্যক্তিগণ দর্বভূতের প্রতি অধিকতর করণাদম্পন্ন। কিন্তু তাহার কারণ শুধু এই যে, আপনাদের সভ্যতা ধুব আধুনিক। কোন স্বভাবকে দ্যাবৃত্তির প্রভাবে আনিতে কিছু সময়ের আবশ্যক। আপনাদের শক্তি

যথেষ্ট, কিন্তু শক্তি-সংগ্রহ যে পরিমাণে চলিয়াছে, সেই পরিমাণে হাদয়ের শিক্ষা চলে নাই, বিশেষতঃ মনঃসংষমের শক্তিও থ্ব অল্প পরিমাণেই অফ্লীলন করা হইয়াছে। আপনাদিগকে সাধু ও ধীরপ্রকৃতি করিতে অনেক সময় লাগিবে। কিন্তু ভারতের প্রত্যেক রক্তবিন্তুতে এই ভাব প্রবাহিত। যদি আমি ভারতের কোন গ্রামে গিয়া সেখানকার লোককে রাজনীতি শিখাইতে চাই, তাহারা ব্ঝিবে না; কিন্তু যদি তাহাদিগকে বেদান্ত উপদেশ করি, তাহারা অমনি বলিবে, 'হা আমিন্, এখন আপনার কথা ব্ঝিতেছি—আপনি ঠিক বলিতেছেন।' আজ পর্যন্ত ভারতের সর্বত্র সেই বৈরাগ্য বা অনাসক্তির ভাব দেখিতে পাওয়া যায়। আমরা এখন খ্বই পতিত, কিন্তু এখনও বৈরাগ্যের প্রভাব এত অবিক বিলমান যে, রাজারাজড়া পর্যন্ত হাগ্য করিয়া বিনা সমলে দেশের চারিদিকে ঘুরিয়া বেড়ান।

কোন কোন স্থানে সাধারণ প্রাম্য বালিকাও চরকায় স্তা কাটিতে কাটিতে বলিয়া থাকে: আমাকে বৈতবাদের কথা বলিও না; আমার চরকা 'দোহহং, দোহহং—আমি সেই ব্রহ্ম, আমিই সেই ব্রহ্ম' বলিতেছে। এইসব লোকের সহিত গিরা কথা বলুন, এবং জিজ্ঞাসা করুন: তাহারা এইরপ বলিয়া থাকে, অথচ ঐ পাথরটাকে প্রণাম করে কেন? তাহারা বলিবে, 'আপনারা ধর্ম বলিতে শুধু মতবাদ ব্ঝিয়া থাকেন, কিন্তু আমরা ধর্ম বলিতে ব্র্থি—প্রভাক্ষ অন্তভ্তি।' তাহাদের মধ্যে কেহ হয়তো বলিয়া উঠিবে, 'আমি ভখনই যথার্থ বেদান্তবাদী হইব, যখন আমার সম্মুখ হইতে সমগ্র জগং অন্তহিত হইবে এবং আমি সভ্যদর্শন করিব। যতদিন না তাহা হইতেছে, ততদিন আমার সহিত সাধারণ অজ্ঞ ব্যক্তির কোন প্রভেদ নাই। সেই জন্মই আমি এইসব প্রস্তরম্ভির উপাদনা করিতেছি, মলিরে যাইতেছি, যাহাতে আমার প্রভ্যক্ষান্থভ্তি হয়। আমি বেদান্ত প্রবণ করিয়াছি বটে, কিন্তু আমি দেই বেদান্তপ্রতিপাত আন্মতব্যক দেখিতে—প্রত্যক্ষ অন্তব্য করিতে ইচ্ছা করি।'

'বাগ্বৈথনী শব্দবানী শান্তব্যাখ্যানকৌশলম্। বৈহয়াং বিহ্যাং ভ্ৰমুক্তয়ে ন তু মুক্তয়ে॥''

১ বিবেকচ্ডামণি, ৬০—শঙ্করাচার্য

— অনুগল স্থাক্যযোজনা, শাস্ত্রব্যাখ্যা করিবার বিভিন্ন কৌশল—এ-স্ব কেবল শতিতদের আমোদের জন্ত, উহার খারা মৃক্তিলাভের কোন সন্থাবনা নাই।

বদি আমরা ব্রহ্মসাক্ষাংকার করিতে পারি, তবেই মৃক্তিলাভ করিব।

প্র। আধ্যান্থিক বিষয়ে সর্বদাধারণের এই স্বাধীনভার সহিত জাতিভেদ-স্বীকারের কি সামঞ্জু আছে ?

উ। কখনই নাই। লোকে বলিয়া থাকে, জাতিভেদ থাকা উচিত নয়। এমন কি যাহারা বিভিন্ন জাতিভুক্ত তাহারাও বলে, জাতিবিভাগ একটা খুব উচুদরের জিনিদ নয়। কিন্তু তাহারা সঙ্গে সঙ্গে ইহাও বলে যে, আমাদের ইহা অপেক্ষা ভাল অক্স কোন জিনিস দাও, আমরা ইহা ছাড়িয়া দিব। তাহারা বলে, তোমরা ইহার বদলে আমাদিগকে কি দিবে? জাভিভেদ কোণায় নাই ? ভোমরাও ভো ভোমাদের দেশে ক্রমাগত এইরূপ একটা ব্বাতিবিভাগ গড়িবার চেষ্টা করিতেছ। কোন ব্যক্তি কিছু অর্থ সংগ্রহ করিতে পারিলেই বলিয়া বনে, কয়েক শভ ধনীর মধ্যে আমিও একজন। আমরাই কেবল একটা স্থায়ী জাতিবিভাগ গঠন করিতে সমর্থ হইযাছি। অপরে উহার ব্রুক্ত চেষ্টা করিতেছে, কিন্তু সফল হইতেছে না। আমাদের সমাবে অবখ যথেষ্ট কুদংস্কার ও মন্দ জিনিদ আছে। আপনাদের দেশের কুদংস্কার ও মন্দ জিনিসগুলি আমাদের দেশে চালাইয়া দিতে পারিলেই কি সব ঠিক হইয়া যাইবে ? জ্ঞাতিভেদ আছে বলিয়াই এই ত্রিশ কোটি লোক এখনও খাইবার এক টুকরা রুটি পাইতেছে। অবশ্র রীতিনীতি হিসাবে ইহা যে অসম্পূর্ণ, তাহাতে কোনই সন্দেহ নাই। কিন্তু এই জাতিবিভাগ না থাকিলে আপনারা পডিবার জন্য একখানি স'স্কৃত বইপ পাইতেন না। এই জাতিবিভাগের দারা এমন একটি দৃঢ় প্রাচীরেম্ব স্বস্তি হইয়াছিল যে, উহার উপর বহিরাক্রমণের শত প্রকার তরকাঘাত আদিয়া পড়িয়াছে, অথচ কোনমভেই উহাকে ভাঙিতে পারে নাই। এখনও দেই প্রয়োজন দূর হয় নাই, সেজন্য জাতিভেদ এখনও রহিয়াছে। সাত শত বর্ষ পূর্বে ষেরণ জাতিবিভাগ ছিল, এখন আব দেরণ নাই। ষত্ই উহার উপর আঘাত লাগিয়াছে, ততই উহা দৃঢ়তর আকার ধারণ করিয়াছে। এটি কি লক্ষ্য করিয়াছেন যে, একমাত্র ভারতই কখন পররাষ্ট্র-বিজ্ঞায়ে নিজ দেশের বাহিরে যায় নাই? মহামতি সভাট্ অংশাক বিশেষ করিয়া বলিয়া গিয়াছেন ২ তাঁহার উত্তরাধিকারীরা কেহ বেন পররাষ্ট্র-বিজ্ঞারের চেষ্টা না করে। যদি অপর জাতি আমাদের নিকট শিক্ষক পাঠাইতে চায় পাঠাক, কিন্তু তাহারা বেন আমাদের বাস্তবিক সাহায্য করে, আমাদের জাতীয় সম্পত্তিরূপ ধর্মভাবের অনিষ্ট সাধন না করে। এইসব বিভিন্ন জাতি হিন্দুজাতিকে জয় করিতে আসিল কেন? হিন্দুরা কি অপর জাতির কোন অনিষ্ট করিয়াছিল? তাহারা বত্টুকু সাধ্য জগতের উপকারই করিয়াছিল। তাহারা জগৎকে বিজ্ঞান দর্শন ও ধর্ম শিখাইয়াছিল এবং পৃথিবীর অনেক অসত্য জাতিকে সভ্য করিয়াছিল। কিন্তু তাহারা প্রতিদানে পাইয়াছিল ওর্ধ্ হত্যা, অত্যাচার ও 'অবিখানী বদমাশ'—এই আখ্যা। বর্তমান কালেও পাশ্চাত্য ব্যক্তিদের লিখিত ভারত সম্বন্ধে গ্রন্থাবলী এবং ভারত-ভ্রমণকারীদের লিখিত গল্গুলি পড়ুন; কোন্ অনিষ্টের প্রতিশোধ লইবার জক্ত ভারতবাসীদের এখনও এইরূপ কটুবাক্য বর্ষণ করা হইয়াধাকে ?

[প্র। সভ্যতা সম্বন্ধে বৈদাস্তিক ধারণা কিরূপ ?]

উ। আপনারা দার্শনিক, আপনাদের মতে অবশু একতোড়া টাকা থাকা-না-থাকা লইয়া মাহুষে মাহুষে কথনও প্রভেদ হইতে পারে না। এইদব কলকারখানা ও অভ্বিজ্ঞানের মূল্য কি ? উহাদের একটি মাত্র ফল এই ষে, উহারা জ্ঞান বিস্তার করিয়া থাকে। আপনারা অভাব বা দারিদ্র্য-সমস্তা পুরণ করিতে পাবেন নাই, বরং অভাবের মাত্রা আরও বাড়াইয়াছেন। কলকজায় কথন দারিদ্র্য-সমস্তার সমাধান হইতে পারে না। উহাদের দারা কেবল সংগ্রামই বাড়িয়া যায়, প্রতিযোগিভাই ভীত্রতর হইয়া থাকে। জড় প্রকৃতির কি শ্বতন্ত্র কোন মূল্য আছে? কোন ব্যক্তি যদি তারের মধ্য দিয়া তড়িৎপ্রবাহ চালাইতে পারে, আপনারা অমনি তাহার শ্বতিচিহ্ন স্থাপন করিতে উত্যোগী হন কেন ? প্রকৃতি কি লক লক বার এই ব্যাপার সাধন কনিভেছে না ? প্রকৃতিতে কি পূর্ব হইভেই এ-সব বিভয়ান নাই ? উহা পাইলে আপনার বিশেষ কি লাভ হইল ? উহা তো পূর্ব হইতেই সেধানে রহিয়াছে। উহার একমাত্র মূল্য এই বে, উহা আমাদের উন্নতি সাধন করে। এই ব্দুগৎটা একটি ব্যায়ামাগারের মতো; এখানে জীবাত্মা কর্ম বারা উৎকর্ষ সাধন করিতেছে, এবং এই উৎকর্ষ-সাধনের ফলেই আমরা দেবতা হই। স্বতরাং কোন্ বিষয় ভগৰানের কতটা প্রকাশ ডাহা

জানিয়াই প্রত্যেক বিষয়ের মূল্য বা সারবত্তা নির্ধারণ করিতে হইবে। মাহুবের মধ্যে ঈশ্বরত্বের এইরূপ প্রকাশই সভ্যতা।

প্র। বৌদ্ধদের কি কোন জাভিবিভাগ আছে ?

উ। বৌদ্ধদের কথনই বড় বিশেষ জাতিবিভাগ ছিল না, এবং ভারতে বৌদ্দংখ্যা অতি অল্প। বৃদ্ধ একজন সমাজসংস্থারক ছিলেন। তথাপি আমি বৌদ্ধ দেশসমূহে দেখিয়াছি, সেখানে জাতিবিভাগ স্পৃষ্ট করিবার জন্ত প্রবল চেষ্টা হইয়াছে, কিন্তু ঐ চেষ্টা সফল হয় নাই। বৌদ্ধদের জাতিবিভাগ কার্যতঃ কিছুই নয়, কিন্তু তাহারা মনে মনে নিজেদের উচ্চ জাতি বলিয়া গর্ব করিয়া থাকে।

বৃদ্ধ অক্সতম বেদান্তবাদী সন্থাসী ছিলেন। তিনি একটি নৃতন সম্প্রদায় হাপন করিরাছিলেন, যেমন আজকালও অনেক নৃতন সম্প্রদায় প্রতিষ্ঠিত হইরা থাকে। যে-সব ভাব এখন বৌদ্ধর্ম বলিয়া অভিহিত, সেগুলি তাঁহার নিজের নয়। সেগুলি অতি প্রাচীন। তিনি একজন মহাপুরুষ ছিলেন, এবং ভাবগুলির মধ্যে শক্তি সঞ্চার করিয়াছিলেন। বৌদ্ধর্মের নৃতনত্ব উহার সামাজিক ভাগ। ত্রাহ্মণ ও ক্ষত্রিয়েরাই চিরদিন আমাদের আচার্যের আসন অধিকার করিয়া আসিয়াছেন; অধিকাংশ উপনিষদ্ধ ক্ষত্রিয়গণের লেখা এবং বেদের কর্মকাও ত্রাহ্মণদের কীতি। সমগ্র ভারতে আমাদের যে-সকল বড় বড় আচার্য হইরা গিয়াছেন, তাঁহাদের মধ্যে অনেকেই ক্ষত্রিয় ছিলেন; তাঁহাদের উপদেশও উদার ও সর্বজনীন, কিছ ত্ইজন ছাড়া ত্রাহ্মণ আচার্যগণের মধ্যে সকলেই অনুদারভাবাপর। ভগবানের অবভার বলিয়া প্রিভিত রাম, রুক্ষ ও বৃদ্ধ—ইহারা সকলেই ক্ষত্রিয় ছিলেন।

প্র। সম্প্রদায়, অমুষ্ঠান, শাস্ত্র—এ-সকল কি তত্ত্ব-সাক্ষাৎকারের সহায়ক ?

উ। তত্ত্ব-সাক্ষাৎকার হইলে মাহ্রষ সব ছাজিয়া দেয়। বিভিন্ন সম্প্রদার, অহুষ্ঠান ও শাল্প ষতটা সেই অবস্থায় পৌছিবার উপায়-স্বরূপ হয়, ততটা উহাদের উপকারিতা আছে। কিন্তু যথন উহাদের দারা ঐ সহায়তা না পাওয়া বাইবে, তথন অবশ্র উহাদিগের পরিবর্তন সাধন করিতে হইবে।

ন বৃদ্ধিভেদং জনয়েদজানাং কর্মসন্ধিনাম্। বোজয়েৎ সর্বক্যাণি বিখান্ যুক্তঃ সমাচরন্॥

১ গীতা, ৩া২৬

²⁻⁰⁰

সক্তা: কর্মণ্যবিদ্বাংসো ষথা কুর্বস্থি ভারত। কুর্যাদ্ বিদ্বান্ তথাসক্তশ্চিকীর্যুলোকসংগ্রহম্॥

—জানী ব্যক্তি অজ্ঞানীদের অবস্থার প্রতি ঘুণা প্রদর্শন করিবেন না; আর তাহাদের নিজ নিজ সাধনপ্রণালীতে তাহাদের বিশ্বাস নষ্ট করিবেন না, কিন্তু যথার্থভাবে তাহাদিগকে পরিচালিত করিবেন, এবং তিনি স্বয়ং যে অবস্থায় আছেন, সেই অবস্থায় পৌছিবার পথ প্রদর্শন করিবেন।

প্র। আমিত্ব ও চারিত্রনীতি—বেদান্ত কিরপ ব্যাখ্যা করিয়া থাকে ?

উ। প্রকৃত আমিছ সেই পূর্ণব্রন্ধ—মায়া ঘারাই উহা পৃথক্ পৃথক্ ব্যক্তির আকার ধারণ করিয়াছে। আপাততঃ এইরূপ বোধ হইতেছে মাত্র, প্রকৃত-পক্ষে উহা সদাই দেই পূর্ণব্রন্ধস্বরূপ। প্রকৃতপক্ষে এক সন্তাই বর্তমান—মায়া ঘারাই উহা বিভিন্নরূপে প্রতীয়মান হইতেছে। মায়াতেই এইরূপ ভেদবোধ হইয়াছে। কিন্তু এই মায়ার ভিতরেও সর্বদাই সেই একের দিকে ফিরিয়া ঘাইবার চেষ্টা রহিয়াছে। প্রত্যেক জাতির চারিত্রনীতির ভিতর ঐ চেষ্টাই অভিব্যক্ত হইয়াছে, কারণ ইহা জাবাত্মার প্রকৃতিগত প্রয়োজন। সে এরূপ চেষ্টায় ঐ একত্ম লাভ করিতেছে, আর একত্মলাভের এই চেষ্টাকেই আমরা চারিত্রনীতি-নামে অভিহিত করিয়া থাকি। অতএব আমাদের সর্বদা নীতি-প্রায়ণ হওয়া আবশ্যক।

প্র। চারিত্রনীতির অধিকাংশই কি বিভিন্ন ব্যক্তির সম্বন্ধ লইয়াই ব্যাপৃত নয়?

উ। চারিত্রনীতির সবটাই ঐ। পূর্ণব্রন্ধ কখন মায়ার গণ্ডির ভিতর আসিতে পারেন না।

প্র। আপনি বলেন, 'আমি'ই সেই পূর্ণব্রন্ধ; আমি আপনাকে জিজাদা করিতে যাইতেছিলাম: এই 'আমি'র জ্ঞান আছে কি না ?

উ। 'আমি'টা দেই পূর্ণব্রেরে প্রকাশস্বরূপ, আর এই ব্যক্ত অবস্থায় ভাগতে যে প্রকাশ-শক্তি কার্য করে, তাহাকেই আমরা 'জ্ঞান' বলি। অতএব দেই পূর্ণব্রেরে জ্ঞানস্বরূপে 'জ্ঞান' শব্দের প্রয়োগ যথায়থ নয়, কারণ পূর্ণাবস্থা আপেক্ষিক জ্ঞানের অতীত। প্র। আপেক্ষিক জ্ঞান কি পূর্ণ জ্ঞানের অস্তর্গত ?

উ। হাঁ, একভাবে আপেকিক জানকে পূর্ণ জ্ঞানের অন্তর্গত বলিতে পারা মায়। বেমন একটা মোহর ভাঙাইয়া তাহা হইতে পয়সা নিকি হ্য়ানিটাকা প্রভৃতি সর্বপ্রকার মূলা প্রস্তুত করিতে পারা যায়, সেইরপ ঐ পূর্ণ অবস্থা হইতে সর্বপ্রকার জ্ঞান লাভ করা যাইতে পারে। উহা অতিচেতন, জ্ঞানাতীত বা পূর্ণ জ্ঞানাবস্থা—সাধারণ জ্ঞান অজ্ঞান উভয়ই ইহার অন্তর্গত। বে ব্যক্তি ঐ অবস্থা লাভ করে, আমাদের পরিচিত 'জ্ঞানাবস্থা'টিও তাহার সম্যক্রপে থাকে। যথন দে জ্ঞানের ঐ অপর অবস্থা অর্থাৎ আমাদের সাধারণ জ্ঞানাবস্থার আয় অবস্থা অম্ভব করিবার ইচ্ছা করে, তথন তাহাকে এক ধাপ নামিয়া আদিতে হয়। এই সাধারণ জ্ঞান একটি নিয়তর অবস্থা—মায়ার ভিতরেই কেবল এইরপ জ্ঞান হওয়া সম্ভব।

প্রশের উত্তর ও আলোচনার অংশ

১৮৯৬ খঃ ২২শে ও ২৪শে মার্চ হার্ডার্ড বিশ্ববিক্যালয়ের ছাত্রদের বৈকালীন আসরে প্রশ্নোত্তর হইতে গৃহীত, এবং স্বামীজীর অপ্রকাশিত বক্তৃতা ও আলোচনা হইতেও কিছু সংযোজিত হইয়াছে।

১. যুক্তি-বিচারের সহিত ষত্টুকু মেলে, ব্যক্তিগভভাবে আমি বেদের তত্টুকুই গ্রহণ করি। বেদের কোন কোন অংশ স্পষ্টতই পরস্পরবিরোধী। বেদসমূহ পাশ্চাত্য অর্থে প্রত্যাদিষ্ট বলিয়া মনে করা হয়না, উহারা জ্ঞানসমষ্টি বলিয়াই স্ববিজ্ঞান। এই জ্ঞান কল্লারন্তে আত্মপ্রকাশ করে এবং কল্লশেষে অব্যক্ত হয়। যথন কল্ল পুন:প্রকাশিত হয়, সেই জ্ঞানও কল্লের সহিত প্রকাশিত হয়। এ পর্যন্ত তত্তি ঠিক আছে। কিছু শুধু বেদ-নামক শাস্ত্র-গ্রহণ্ড এই সব জ্ঞান আছে—এ-কথা কুতর্কমাত্র। এক ছলে মহু বলিয়াছেন, বেদের ষে-অংশ যুক্তি-বিচারের সহিত মেলে, সেই অংশই বেদ, বাকী অংশ নয়। আমাদের দার্শনিকগণ অনেকেই এই মত পোষণ করেন।

- ২. অধৈত-দর্শনের বিরুদ্ধে যাবতীয় সমালোচনা এই কয়টি কথায় সংক্ষেপে বলা যায়: এই দর্শন ইন্দ্রিয়-ভোগের সহায়ক নয়। আমরা সানন্দে ইহা স্বীকার করি।
- ৩. বেদান্ত-মতের আরম্ভ প্রচণ্ড ছংখবাদে এবং সমাপ্তি প্রকৃত আশাবাদে। আমরা ইন্দ্রিয়ের আশাবাদ অস্বীকার করি, কিছু অতীন্দ্রিয় সত্যের প্রকৃত আশাবাদ স্বীকার করি। আমরা বিশাস করি যে, প্রকৃত স্থ ইন্দ্রিয়-সম্ভোগে নাই, অতীন্দ্রিয় অবস্থায় আছে; এবং প্রত্যেকের মধ্যেই সেই প্রকৃত স্থ আছে। সংসারে আমরা যে ধরনের আশাবাদ লক্ষ্য করি, উহা ইন্দ্রিয়-পথে মাহুষকে বিনাশের দিকেই লইয়া যায়।
- ৪. দর্শনশান্তে আত্মত্যাগের গুরুত্ব সর্বাধিক। এই ত্যাগের অর্থ ষথার্থ অরূপকে স্বীকার করা। ইন্দ্রিয়গ্রাহ্ম জগৎকে অস্বীকার করে বলিয়া এই ত্যাগ তৃঃথবাদাত্মক, কিন্তু প্রকৃত জগৎকে গ্রহণ করে বলিয়া ইহা আশাবাদী।
- ৫. পৃথিবীর ধর্মগ্রন্থ লির মধ্যে একমাত্র বেদই ঘোষণা করেন, বেদাধ্যয়নও গৌণ। সেই বিভাই পরা বিভা, যাহা দারা আমরা অক্ষর বা ব্রহ্মকে উপলব্ধি করি। সেই বিভা শুধু পাঠ নয়, শুধু বিখাস বা বিচার নয়, পরস্ক অভীন্তিয় অহভৃতি বা সমাধি।
- ৬. মায়ার কারণ কি ?—গত তিন হাজার বংসর ধরিয়া এই প্রশ্নটি জিজ্ঞাসিত হইতেছে। ইহার একমাত্র উত্তর: ষথন যুক্তিসক্তভাবে প্রশ্নটি উথাপিত হইবে, তথনই আমরা ইহার উত্তর দিব। প্রশ্নটি স্ববিরোধী। আমাদের বক্তব্য এই যে, পরব্রহ্ম ষেন আপেকিক জগৎ হইয়াছেন। সেই নিত্যমৃক্ত বহ্ম শুধু মায়াতে যেন কার্যকারণে বন্ধ হইয়াছেন। যথন স্বীকার করা হইয়াছে যে, বন্ধ নিত্যমৃক্ত, তথনই মানিয়া কইতে হইবে—পরব্রহ্মে কোন-কিছু ক্রিয়াব্যাপার হইতে পারে না। ব্রহ্ম কারণাতীত। ইহার অর্থ —বন্ধ-ব্যতিরিক্ত কোন কিছু ব্রহ্মের উপর ক্রিয়া করিতে পারে না। প্রথমতঃ বন্ধ যি কারণাতীত ছন, তবে কোন কিছুই তাঁহার উপর ক্রিয়া করিতে পারে না। ইহা

মানিয়া লইলে প্রশ্নটি দাঁড়াইবে: বাহার কোন কারণ নাই, ভাহার কারণ কি? ভাহা কিভাবে এইরূপে পরিবর্তিত হইল ? কার্যকারণের জগতেই ভোমার এই প্রশ্ন সম্ভব। তুমি কিন্তু পরব্রহ্ম বিষয়ে এই প্রশ্ন করিতে চাহিতেছ। কেবল যখন পরব্রহ্ম কার্যকারণাত্মক জগতে রূপান্তরিত হন এবং দেশ-কাল-নিমিত্তের আবির্ভাব হয়, তখনই এই প্রশ্ন করা যাইতে পারে। আমরা এই মাত্র বলতে পারি যে, অবিভাই ভ্রম স্পষ্টি করে। এই প্রশ্ন অসম্ভব। ব্রহ্মের উপর কোন কিছুর ক্রিয়া সম্ভব নয়।

না, কোন কারণ ছিল না। আমরা জানি না বা আমরা অঞ্জ, তাহা নয়, একা জ্ঞানের বাহিবে; এবং তাঁহাকে জ্ঞানের রাজ্যে আনা ষাইতে পারে না। 'আমি জানি না'—এই শকগুলি তুই অর্থে ব্যবহার করিতে পারি। একভাবে ইহাদের অর্থ এই যে, আমরা জ্ঞানের নিম্নে আছি, অন্তভাবে ইহাদের অর্থ—এই বস্থ জ্ঞানের উপরে অবস্থিত। রঞ্জনরশ্মি এখন স্থবিদিত। ইহার কারণ সম্বন্ধে দ্বিত আছে, কিন্তু আমরা নিশ্চয়ই একদিন ইহার কারণ জানিতে পারিব। রঞ্জনরশ্মি সম্বন্ধে আমরা বলিতে পারি যে, উহার কারণ আমরা জানি না। কিন্তু ত্রন্ধ-বিষয়ে আমরা জানিতে পারি না। রঞ্জনরশ্মির ক্ষেত্রে আমরা জানি না, যদিও উহা জ্ঞানের অন্তর্গত; শুধু এখন পর্যস্ত আমরা জানি না। কিন্তু ত্রন্ধ পরোক্ষ-জ্ঞানের এত উর্ধেষ যে, তিনি কখনও জ্বেয় হইতে পারেন না। কি উপায়ে জ্বাভা জ্বেয় হইতে পারে ?' তুমি সভত শ্বয়ংপূর্ণ, এবং নিজেকে বিষয়ীভূত করিতে পার না। অমৃতত্ব প্রমাণ করিবার জন্ম এই যুক্তিটি আমাদের দার্শনিকেরা ব্যবহার করিতেন: যদি আমি চিন্তা করিতে চেষ্টা করি ষে, আমি শারিত মৃতদেহ, তাহা रहेल जाभाक कि कन्नना कतिए हहेत्व ? जाभिहे मां ज़ाहेश निरम्क ह দেখিতেছি—দেখিতেছি, একটা মৃতদেহ পড়িয়া রহিয়াছে। অতএব আমি নিজেকে আমার দর্শনের বিষয়ীভূত করিতে পারি না।

৭. ক্রেমবিকাশ: সুল বিকাশে—আকাশ এবং প্রাণের অভিক্ষেপ ও উহাদের স্থ্য অবস্থায় প্রত্যাবর্তন-ব্যাপারে—ভারতীয় চিস্তা ও আধুনিক বিজ্ঞানে অনেকাংশে সাদৃশ্য আছে। আধুনিক বিজ্ঞানে অভিব্যক্তি সম্বন্ধে স্বকীয়

^{&#}x27; > বৃহদারণ্যক উপ., ২।১৪ , ১।১৫

মত আছে, যোগীদেরও আছে। কিন্তু আমার মনে হয়, যোগীদের অভিব্যক্তিবাগা । অধিকতর যুক্তিসকত। 'প্রকৃতির আপ্রণের বারা এক প্রজাতি অক্ত প্রজাতিতে পরিণত হয়।'' মূল ভাবটি এই যে, আমরা এক প্রজাতি। অপর এক প্রজাতিতে পরিণত হইতেছি এবং মাহ্বই শ্রেষ্ঠ প্রজাতি। চারী বেমন ভূসিঞ্চন করে—এই উপমার বারা পতঞ্জলি প্রকৃতির আপ্রণ ব্যাখ্যা করিয়াছেন।' আমাদের শিক্ষা ও প্রগতির একমাত্র অর্থ হইতেছে অস্তরায়গুলি অপসারিত করা, তাহা হইলে স্বভাবতই ঈশরত্ব বিকশিত হইবে। ইহা বারা জীবন-সংগ্রামের মতবাদ খণ্ডিত হয়। জীবনের তৃঃখকর অভিজ্ঞতাগুলি পথেই অহুভূত হয়, এবং ঐগুলি নিংশেষে অপসারিত করা বায়। ক্রমবিকাশের জন্ত অভিজ্ঞতাগুলির প্রয়োজন হয় না। ঐগুলি না থাকিলেও আমাদের অগ্রগতি হইবে। বস্তর স্বভাবই হইল বিকশিত হওয়া। গতিবেগ বা প্রেরণা (momentum) বাহিরের বস্তু নয়, উহা কিন্তু ভিতর হইতে আসে। প্রত্যেক জীবাত্মা পূর্ব হইতেই কুণ্ডলীক্বত সর্বজ্ঞনীন অভিজ্ঞতার সমষ্টি এবং এই-সব অভিজ্ঞতার মধ্যে বেগুলি প্রকাশের অহুকূল পথ পাইবে, সেগুলিই বাহির হইয়া আসিবে।

হতরাং বাহিরের বস্তগুলি আমাদের জন্ম শুধু প্রয়োজনীয় আবেইনী করিয়া দিতে পারে। ষে-সকল প্রতিষোগিতা, সংগ্রাম এবং অশুভ আমরা দেখিতেছি, সেগুলি ক্রমসঙ্কোচের ফল বা কারণ নয়। সেগুলি জীবনের পথে আসিয়া থাকে। সেগুলি না থাকিলেও মাহ্য অগ্রসর হইবে এবং দেখররূপে বিকশিত হইবে, কারণ দেখরের অভাবই বাহির হইয়া আসা ও নিজেকে বিকাশ করা। প্রতিষোগিতার ভয়াবহ ভাবের পরিবর্তে এই ভাবটি আমার অত্যন্ত আশাপ্রদ বালয়া মনে হয়। ষতই ইতিহাস পাঠ করি, ততই মনে হয়, প্রতিষোগিতার ভাবটি ভূল। কেহ কেহ বলে যে, মাহ্য যদি মাহ্যের সহিত যুদ্ধ না করিত, তাহা হইলে সে উন্নতি করিতে পারিত না। আমিও অহ্বরপ চিন্তা করিতাম। কিন্ত এখন দেখি যে, প্রত্যেকটি যুদ্ধ মাহ্যের উন্নতি অ্রান্থিত না করিয়া পঞ্চাশ বৎসর পিছাইয়া দিয়াছে।

১ জাতান্তরপরিণাম: প্রকৃত্যাপূরাং ৷—যোগস্ত্রে, কৈবল্যপাদ, ২

২ নিমিত্তমপ্রয়োজকং প্রকৃতীনাং বরণভেদস্ত ততঃ ক্ষেত্রিকবং।—ঐ, ৩

একদিন আসিবে, ষধন মাহ্য নৃতন আলোকে ইতিহাস অধ্যয়ন করিবে এবং দেখিবে ষে, প্রতিষোগিতা (প্রগতির) কারণ বা কার্য কিছুই নয়। প্রতিষোগিতা পথের একটি দৃশ্য মাত্র, ক্রমবিকাশের জন্ম ইহার কোন প্রয়োজন নাই।

আমি মনে করি—পতঞ্জলির দিদ্ধান্তই একমাত্র দিদ্ধান্ত, বাহা যুক্তি-বিচারশীল মানুষ গ্রহণ করিতে পারে। আধুনিক মতবাদ কত অশুভ স্টিকরে । এই চিস্তাপদ্ধতি অস্পারে প্রত্যেক হুই ব্যক্তি যেন হুই হুইবার ছাড়পত্র পাইয়াছে। এই দেশে (মার্কিনে) এমন সব পদার্থবিজ্ঞানী দেখিয়াছি, বাঁহারা বলেন, সমস্ত অপরাধীদের নিম্লভাবে ধ্বংস করিয়া দিতে হুইবে, সমাজ হুইতে অপরাধপ্রবণতা দূর করিবার ইহাই একমাত্র উপায়।

পরিবেশগুলি বাধা দিতে পারে, কিন্তু প্রগতির জন্ত দেগুলি প্রয়োজন নয়। প্রতিযোগিতায় সর্বাপেক্ষা ভয়াবহ ব্যাপার এই যে, একজন হয়তো পারিপার্থিক অবস্থা জয় করিতে পারে, কিন্তু একজনের জয়ের অর্থ সহস্রজনকে বিতাড়িত করা। স্তরাং ইহাকে মন্দের ভাল বলা ষাইতে পারে। ষাহা একের সহায়ক ও বহুর প্রতিবন্ধক, তাহা কখনও কণ্যাণকর হইতে পারে না। পতঞ্জলি বলেন, আমাদের অজ্ঞানের জ্ঞাই এই-সকল সংগ্রাম এখনও রহিয়াছে। উহারা মাহুষের ক্রমবিকাশের জন্ম প্রয়োজন নয়, অথবা উহার অঙ্গ্রনয়। আমাদের অসহিফুতাই সংগ্রাম স্ঠে করে। পথ রচনা করার ধৈর্ঘ আমাদের নাই। উদাহরণস্বরূপ বলা যাইতে পারে: একটি নাট্যশালায় আগুন লাগিয়াছে; অল্প কয়েকজনই বাহির হইতে পারে। অবশিষ্ট সকলে বাহিরে ষাইবার চেষ্টায় পরস্পরকে পিষিয়া ফেলে। গৃহটি রক্ষা করিবার জন্য, অথবা যে তুই-ভিন জন পলাইয়া গিয়াছে তাহাদের জন্ম এই প্রচণ্ড ছড়াহুড়ির প্রয়োজন ছিল না। যদি সকলে ধীরে ধীরে বাহিরে যাইত, তবে একজনও আহত হইত না। জীবনেও এইরূপ ঘটনা ঘটিয়া থাকে। আমাদের জন্ম দার উন্মুক্ত রহিয়াছে এবং প্রতিযোগিতা ও সংগ্রাম ব্যতীতই আমরা সকলে বাহিরে যাইতে পারি। তথাপি আমরা সংগ্রাম করি। আমাদের অজ্ঞান ও অধৈর্যের দারা আমরা এই সংগ্রাম স্বষ্টি করি। আমরা অত্যস্ত ব্যস্ততার ভিতর থাকি। নিজেকে শাস্ত রাথা এবং স্বাবলয়ী হওয়া শক্তির সর্বশ্রেষ্ঠ প্রকাশ।

৮. প্রতিটি জীব একটি বৃত্ত। বৃত্তের কেন্দ্র শরীরেই অবস্থিত এবং কার্যশক্তি দেখানেই প্রকাশিত। তুমি সর্বত্র বিজ্ঞমান, ষদিও তুমি বোধ কর—তুমি
শুধু একটি বিন্দুতে কেন্দ্রীভূত। দেই কেন্দ্রটি জড়কণাগুলি সংগ্রহ করিয়া নিজেকে
প্রকাশ করিবার জন্ত একটি ষন্ত্র নির্মাণ করিয়াছে। যাহার মাধ্যমে আত্মা নিজেকে
প্রকাশ করিতেছে, তাহাকেই শরীর বলে। তুমি সর্বত্র বিরাজমান। ষধন
একটি দেহ বা ষন্ত্র তোমার উদ্দেশ্য সাধন করিতে পারে না, তথন কেন্দ্রটি সরিয়া
গিয়া অন্ত কন্ম বা সূল জড়কণা সংগ্রহ করে এবং সেগুলির মাধ্যমে কাজ করে।
এই হইল জীব বা মান্ত্র। আর ঈশ্বর কি ? ঈশ্বর একটি বৃত্ত, যাহার পরিধির
সীমা নাই এবং কেন্দ্র সর্বত্ত। সেই বৃত্তের প্রত্যেক বিন্দু জীবস্তা, সচেতন, স্ক্রিয়
এবং সমভাবে কর্ম করিতেছে। আমাদের সীমাবদ্ধ জীবাত্মাসমূহের কেবল
একটি বিন্দু চেতনাময় এবং সেই বিন্দুটি সন্মুখে ও পশ্চাতে আন্দোলিত হয়।

আত্মা একটি বৃত্ত, যাহার পরিধি সীমাহীন, কিন্তু কেন্দ্র কোন একটি দেছে অবস্থিত। মৃত্যু শুধু এই কেন্দ্রের সামান্ত পরিবর্তন। ঈশ্বর একটি বৃত্ত, যাহার পরিধির সীমা নাই এবং কেন্দ্র সর্বত্র অবস্থিত। আমরা যখন সীমাবদ্ধ দেহের এই কেন্দ্র হইতে বাহিরে আসিতে পারিব, তখনই আমাদের যথার্থ স্বর্গ— ঈশ্বরকে উপলব্ধি করিতে পারিব।

- ১. প্রত্যেক আত্মায় দেবত্ব অন্তর্নিহিত। বাহ্-ও অন্তঃ-প্রকৃতি
 নিয়ন্ত্রিত করিয়া এই অন্তর্নিহিত দেবত্বের বিকাশ সাধন করাই জীবনের লক্ষ্য।
 কর্ম, ভক্তি, যোগ ও জ্ঞান—ইহাদের যে-কোন একটি অবলম্বন করিয়া অথবা
 একাধিক বা সকলগুলির সাহায্যে এই দেবত্ব বিকাশ কর এবং মৃক্ত হও।
 ইহাই তোধর্মের আদি অন্তঃ। মতবাদ, বন্ধ ধারণা, আচার-অন্তর্গান, শাত্ম-মন্দির
 বা পদ্ধতি ধর্মের গৌণ অন্ধ্যাত্র।
- ১০. ধর্মবিষয়ক কোন বিশেষ মতে বিশাদ না থাকাই জ্ঞান, কিন্তু এ-কথার অর্থ ইহা নয় যে, জ্ঞান কোন ধর্মমতকে ঘ্রণা করে। জ্ঞানের দারা বোঝায় যে, ধর্মমতের উর্ধে এক অবস্থা লাভ করা গিয়াছে। জ্ঞানী (স্বথার্থ দার্শনিক) কোন কিছুই ধ্বংস করিতে চান না, বরং সকলকেই সাহায্য করিতে চেটা করেন। নদী বেমন তাহাদের জলধারা সাগরে বহন করিয়া লইয়া যায় এবং সেখানে সব এক হইয়া যায়, তেমনি সকল ধর্মমতের গতি জ্ঞানের অভিমুখে এবং সেখানেই এক হইয়া যায়।

জ্ঞানযোগ সংসার ত্যাগ করিতে শিক্ষা দের, কিন্তু তাই বলিয়া পরাজিত মনোভাব লইয়া সংসার ছাড়িতে বলে না। ত্যাগের প্রকৃত পরীক্ষা—সংসারে থাকিয়াও সংসারের না হওয়া।

- ১১. বেদান্তী বলেন: মাহুষের জন্ম নাই, মৃত্যুও নাই; মাহুষ স্বর্গেও যায় না। আত্মার সম্পর্কে পুনর্জন্ম-প্রসঙ্গ প্রকৃতপক্ষে যেন একটি পৌরাণিক কাহিনী। একখানি পুস্তকের পৃষ্ঠা উন্টানোর উদাহরণ দেওয়া হয়। পুস্তকের বিষয়বস্তরই ক্রমবিকাশ হয়, মাহুষের নয়। আত্মা সর্বত্ত বিভয়ান, স্ক্তরাং তাহার আবার আসা-যাওয়া কোথায়? এই জন্ম-মৃত্যু প্রকৃতির অন্তর্গত পরিবর্তন মাত্র। এগুলিকে আমরা নিজেদের পরিবর্তন বলিয়া ভুল করি।
 - ১২. পুনর্জন্ম প্রকৃতির ক্রমবিকাশ এবং অন্তর্নিহিত দেবত্বের অভিব্যক্তি।
- ১৩. বেদান্ত বলেন: অতীতের ভিত্তির উপরই এই জীবন গঠিত হইরাছে এবং যখনই আমাদের সমগ্র অতীতকে দেখিতে পাইব, তখনই আমরা মৃক্ত হইবার ইচ্ছা ধর্মভাবের আকার ধারণ করে। কয়েক বৎসরের মধ্যে যেন সকল তত্ত্ব স্পষ্ট হইরা যায়। এই দেহ ত্যাগ করিয়া এবং পরবতা জীবনের জন্ম অংশক্ষমাণ জীবাত্মা—প্রাকৃতিক জগতেই বাদ করে।
- ১৪. মৃক্ত মাফুষের কাছে এই জীবন-সংগ্রামের মূল্য কথনও ছিল না। কিছ আমাদের কাছে ইহার অর্থ আছে, কারণ নাম এবং রূপই তো জগৎ সৃষ্টি করে।
- ১৫. প্রথম হইতেই সকল জ্ঞান স্থামাদের মধ্যে সঞ্চিত থাকে—এই কথার ব্যতিক্রম কিভাবে হইতে পারে, স্থামি তো ব্রিতে পারি না। যদি তুমি এবং স্থামি সাগরের ছোট ছোট তরঙ্গ হই, তবে সেই সাগরই তো স্থাক্যে সকলের পিছনে বহিয়াছে।
- ১৬. এই কয়টি কথায় আত্মাকে বর্ণনা করিতে পারি: এই আত্মাকে তরবারি ছেদন করিতে পারে না, বর্শা ভেদ করিতে পারে না, আগুন দম্ব করিতে পারে না, জলও তাঁহাকে দ্রবীভূত করিতে পারে না। আত্মা অবিনাশী ও সর্বত্র বিশ্বমান, স্কুতরাং আত্মার জন্ম শোক করিও না।
- ১৭. ষদি কেছ খুব খারাপ ছইয়া থাকে, আমরা বিশাস করি, সে ভবিশ্বতে আবার ভাল হইবে। মূল তত্ত এই—সকলকেই শাশত মৃক্তির জয়

সংগ্রাম করিতে হইবে। মৃক্তিলাভের ইচ্ছা দারা প্রণোদিত হইয়া আমাদের মৃক্ত হইবার বাদনা ব্যতীত অন্ত সব বাদনাই ভ্রান্তিজনক। বেদান্ত-মতে প্রত্যেক সংকর্মই মান্নবের দেই মৃক্তভাবের প্রকাশ।

পৃথিবীতে এমন একটা সময় আসিবে, যথন সব অশুভ অস্কৃছিত হইবে—
এ-কথা আমি বিখাস করি না। তাহা কেমন করিয়া হইবে? নদী বহিয়া
চলিয়াছে—একদিকে জলরাশি চলিয়া যাইতেছে, অপর দিকে আবার জলরাশি
আসিয়া উপস্থিত হইতেছে।

১৮. বেদাস্ত বলেন: তুমি স্বরূপত: শুদ্ধ ও পূর্ণ ; শুভ ও অশুভের স্বতীত একটি স্বস্থা স্থাছে, সেটিই তোমার স্বভাব। এই স্বব্ধা শুভ স্পেক্ষাও উচ্চতর। ভাল—মন্দ স্থাপেকা স্বল্প-বিচ্যুত স্বস্থা মাত্র।

পাপ বা থারাপ সম্পর্কে আমাদের কোন মতবাদ নেই। আমরা ইহাকে 'অজ্ঞান' বলি।

- ১৯. মাহুষের দক্ষে সম্দয় ব্যবহার ও সমগ্র নীতিশাল্প—সবই জাগতিক ব্যাপার। সত্য বিষয়ে পরিপূর্ণভাবে বলা ষায়ঃ তাঁহার সম্বন্ধে আমরা বলি, তিনি সংস্থান চিংস্থান আনন্দ্রান্ধ ; ঈশবের উপর অজ্ঞান আবোপ করার কথা চিন্তাই করিব না। চিন্তা বা বাক্য ছারা প্রকাশ করিবার সকল প্রয়াসই সেই পর্ত্তানক জাগতিক করিয়া ফেলে। ইহাতে ব্রন্ধভাবের বৈশিষ্ট্য নই হইয়া যায়।
- ২০. একটি কথা মনে রাখিতে হইবে, ইক্রিয়-জগৎ সহদ্ধে ঐ ভাবের কথা জাের করিয়া বলা চলে না। কারণ তুমি যদি ইক্রিয়ামভূতির মধ্যে থাকিয়া বলা যে তুমিই ঈশর, তবে অন্তায় কর্ম হইতে কে তােমাকে নির্ত্ত করিবে ? স্থরাং তােমার দেবছবিষয়ক দৃঢ় ঘােবণা কেবল পারমার্থিক জগতেই খাটে। আমিই যদি ঈশর হই, তবে তাে আমি ইক্রিয়-প্রবৃত্তির বহু উর্ধে। স্থতরাং কােন অন্তায় কাজ আমি করিতে পারি না। নৈতিকতা অবশ্য মামুষের লক্ষ্য নয়, তবে ইহাই ঐ মুক্তভাব লাভ করিবার উপায় মাত্র। বেদাস্ত-মতে 'বােগ' মামুষের এই দেবজ (ব্রহ্মত্ব) অমুভব করিবার একটি উপায় মাত্র। বেদাস্ত বলান্ত বলান, অন্তর্নিহিত মুক্তভাব উপলব্ধি করিলেই ঐ দেবজও অমুভব করা যায়। যাহা কিছু বাধা দেয়, সব দ্বীভূত হয়। ধামিক আচরণ ও নীতিশাল্প প্রভৃতি—যে যাহার আসন যথাসানে করিয়া লইবে।

- ২১. বেদান্তে সাধনার স্থান আছে, ভয়ের স্থান নাই। সব ভয় তথনই চলিয়া যাইবে, যথন তুমি তোমার স্থরণ দৃঢ়রূপে স্থোষণা করিবে। যদি নিজেকে বন্ধ বলিয়া মনে কর, বন্ধই হইয়া থাকিবে; আর মুক্ত বলিয়া মনে করিলে মুক্ত হইয়া যাইবে।
- ২২. মায়িক জগতে আমরা মৃক্তির ষে ভাব অহুভব করি, ভাহা আভাস মাত্র—যথার্থ মৃক্তি নয়।
- ২৩. বাস্তবিক পক্ষে—জড়, মন ও আত্মায় কোন ভেদ নাই। ঐগুলি সেই একই বস্তকে অমুভূতি করার বিভিন্ন দিক মাত্র। পঞ্চজানেজিয় দারা দেখিলে এই জগৎকেই জড় বস্ত বলিয়া মনে হয়; তৃষ্ট লোকের কাছে জগৎটা নরক—সং লোকের কাছে স্বর্গ, আর জ্ঞানীর কাছে ইহা ঈশ্বরূপে অমুভূত হয়।
- ২৪. বেদাস্ত মাহুষের যুক্তি-বিচার অনেকথানি স্বীকার করে—ষদিও এই মতে বৃদ্ধি অপেক্ষা উচ্চতর আরও কিছু আছে; কিন্তু বৃদ্ধির মধ্য দিয়াই সেখানে পৌছিবার পথ।
- ২৫. মনের চিন্তাগুলি (চিত্তবৃত্তি) থামাইতৈ পারিলে আমরা বৃঝিতে পারিব, আমরা চিন্তার পারে। 'নেতি নেতি' করিয়া আমরা এ অবস্থায় পৌছিতে পারি। 'নেতি নেতি' বিচারের ছারা ব্যাবহারিক জগং লোপ পাইলে যাহা থাকে, তাহাই আমাদের যথার্থ ছরুপ। যথার্থ ছরুপ কথনই ব্যক্ত করা যায় না—প্রকাশ করা যায় না, কারণ প্রকাশ করিতে গেলেই তো আবার ইচ্ছার উৎপত্তি হইবে।
- ২৬. এটি ঠিক যে, আমরা (চিন্তার) একটি প্রণালী সৃষ্টি করি, কিছু কোন প্রণালীই যে পূর্ণ নয়, তাহা স্বীকার করিতেই হইবে, কারণ সভ্য অবশ্রুই সকল প্রণালীর অভীত বস্তু। ইহার সহিত অক্সান্ত প্রণালীর তুলনা করিতে আমরা প্রস্তুত এবং আলোচনায় এ-কণাও প্রমাণ করা ষাইবে বে, এই প্রণালীই সর্বাপেক্ষা যুক্তিসমত; তথাপি এ প্রণালীটি পূর্ণ নয়, কারণ বিচার কথনই পূর্ণ নয়। যাহা হউক, এই জ্ঞানযোগই মানবীয় অয়ভূতির মধ্যে সর্বাপেক্ষা যুক্তিসমত উপায়।

এ-কথা কিছুটা সত্য বে, কোন পদ্ধতি নিজের ভিত্তি স্থদ্ট করিবার জন্ত প্রসারশীল হইবেই। কোন চিম্ভাপ্রণালী বেদান্তের মড়ো এত বেশী বিস্তার লাভ করে নাই। আজও ব্যক্তিগত সংস্পর্ণের মাধ্যমেই শিক্ষালাভ অত্যস্ত কার্যকর হইয়া থাকে। বহু গ্রন্থপাঠ করিলেই প্রকৃত মান্ত্রম হয় না। বাঁহারা সভ্যিকারের মান্ত্র্য ছিলেন, তাঁহারা ব্যক্তিগত সংস্পর্ণ পাইয়াই বড় হইয়াছিলেন। প্রকৃত মান্ত্রের সংখ্যা সভ্যই অভ্যস্ত কম, কিন্তু তাঁহাদের সংখ্যা বাড়িবে। তথাপি এ-কথা কেহ বিশ্বাস করিতে পারে না যে, এমন একদিন আসিবে, যখন আমরা সকলেই দার্শনিক হইয়া যাইব। এ-কথা আমরা বিশ্বাস করি না যে, এমন এক সময় আসিবে, যখন পৃথিবীতে শুধু স্থই ধাকিবে, কোন তৃঃধ থাকিবে না।

- ২৭. বেদাস্ক-দর্শনই বৌদ্ধর্মের ও ভারতের অক্সান্ত দর্শনগুলির ভিত্তি।
 কিন্তু অদৈত-দর্শনের আধুনিক সম্প্রদায় বলিতে যাহা ব্ঝায়, তাঁহারা বৌদ্ধদের অনেকগুলি সিদ্ধান্তই গ্রহণ করিয়াছেন। অবশ্য হিন্দুগণ—অর্থাৎ গোঁড়া
 হিন্দুগণ কথনই তাহা স্বীকার করিবে না, কারণ তাহাদের কাছে বৌদ্ধেরা
 বিক্লবাদী। কিন্তু সমগ্র অদৈতবাদ সম্প্রদারিত করিয়া বিক্লবাদীদেরও
 ইহার অন্তর্ভুক্ত করিবার একটা প্রচেষ্টা সচেতনভাবেই চলিয়াছে।
- ২৮. বৌদ্ধর্মের সহিত বেদান্তের কোন বিরোধ নাই। সকল মতের সমন্বয়-দাধনই বেদান্তের ভাব। উত্তরদিকের (মহাধান) বৌদ্ধগণের সহিত আমাদের মোটেই কোন বিরোধ নাই। কিন্তু ক্রন্ধদেশ, শ্রাম ও দক্ষিণাংশের (হীনধান) বৌদ্ধগণের মতে এই ব্যাবহারিক জ্বগৎ সত্যই আছে এবং তাঁহারা জিজ্ঞাসা করেন: এই জগতের পিছনে পারমার্থিক জ্বগৎ স্প্রষ্টি করিবার আমাদের কি অধিকার আছে? এ-বিষয়ে বেদান্তের উত্তর এই বে, বিবৃতিটি ভ্রমাত্মক। কারণ বেদান্ত কথনই বিবাদ করিয়া বলে নাবে, একটি পারমার্থিক জ্বগৎ ও একটি ব্যাবহারিক জ্বগং বিভ্রমান। বেদান্তের মতে সত্য এক, তাহাকে ইন্দ্রিরের মধ্য দিয়া ব্যাবহারিক জ্বগং বিলয়া মনে হয়, কিন্তু এটি প্রকৃতপক্ষে সর্বদাই পারমার্থিক। বে রজ্জু দেখে, সে সর্প দেখে না। হয় রজ্জু, নয় সর্প, কিন্তু একই সময়ে কথনই তুইটি নয়। স্থতরাং আমরা তুইটি জ্বগতের অভিত্ব মানি—আমাদের মতবাদ সম্পর্কে বৌদ্ধদের এই বিবৃত্তি একেবারেই অম্লক। বদি তাহারা চায়, তাহাদের বলিবার অধিকার আছে, জ্বগং ইন্দ্রিয়গ্রাছ; কিন্তু তাই বিনয়া অপরের ইহাকে পারমার্থিক বিলার কোন অধিকার নাই—এরপ বিবাদ করিবার অধিকার তাহাদের নাই।

২৯. ইচ্ছাশক্তিঃ বৌদ্ধর্ম এই ব্যাবহারিক জগৎ চার না। এই মতে ব্যাবহারিক জগভেই তৃষ্ণা (বাসনা) বিভয়ান, এবং এই তৃষ্ণাই এ-সকল স্ষ্টি করিতেছে। আধুনিক বৈদান্তিকগণ এ-কণা একেবারেই স্বীকার করেন না। আমরা বলি, কিছু একটা আছে, যাহা ইচ্ছা (বাদনা)-রূপে প্রতিভাত हरेटिए । वामना एडे भनार्थ—स्वीतिक; स्मीलिक नग्न। वाक् विवन्न ना থাকিলে কোন বাসনার সৃষ্টি ছইতে পারে না। স্থতরাং আমরা ব্রিতে পারি যে, বাসনাই জগৎ স্ঠে করিয়াছে—এই মভটি একেবারেই অসম্ভব। কেমন করিয়া ভাহা হইবে ? বাহ্য বিষয়ের প্রেরণা ব্যতীত তুমি কি কখনও ইচ্ছা বা বাসনার অন্তিম্ব বোধ করিয়াছ ? প্রেরণা ব্যতীত অথবা আধুনিক দার্শনিক পরিভাষায় স্বায়বিক উত্তেজনা ব্যতীত কোন বাসনার উদ্রেক হয় না। ইচ্ছা বা বাসনা মন্তিষ্কের একপ্রকার প্রতিক্রিয়া মাত্র—সাংখ্য-দার্শনিকদের মতে ইহা 'বৃদ্ধি'। এই প্রতিক্রিয়া ক্রিয়া-দাপেক্ষ এবং ক্রিয়া মানিলেই বাহ্ ব্দগতের অন্তিত্ব স্থীকার করিতে হয়। স্থতরাং বহির্জগতের অন্তিত্ব না থাকিলে ইচ্ছাও থাকিতে পারে না ; তথাপি তোমাদের মত অহুসারে বাদনাই জগৎ স্ষ্টি করিয়াছে। বাসনা কে স্ম্টি করে ? বেখানে বাসনা, সেখানেই জগৎ। যে প্রেরণা জগৎ সৃষ্টি করিয়াছে, দেই প্রেরণা হইতেই জাত বহু সৃষ্টি-বৈচিত্রের অগ্রতম বাসনা। কিন্তু দর্শন এখানেই ক্ষান্ত হয় না। বাসনা বা ইচ্ছা একেবারেই ব্যক্তিগত, স্থতরাং আমরা শোপেনহাওয়ারের সঙ্গে মোটেই একমত হইতে পারি না। ইচ্ছা একটি যৌগিক সৃষ্টি—অন্তরের ও বাহিরের মিশ্রণে উৎপন্ন। মনে কর কোন লোক জানেন্দ্রিয়-বর্জিত হইয়া জন্মগ্রহণ করিয়াছে—ফলে তাহার কোন ইচ্ছাই থাকিবে না। ইচ্ছার বিকাশের জন্ম প্রথমতঃ বাহিরের কোন বন্ধ থাকা চাই। ভারপর ভিতর হইতেও মন্তিফ কিছু শক্তি সংগ্রহ করে। স্বতরাং ইচ্ছা এই দেওয়ালটি বা অক্সান্ত বস্তুর মতোই একটি যৌগিক পদার্থ। এই-সকল জার্মান দার্শনিকের ইচ্ছা-বিষয়ক মতবাদের সহিত আমরা মোটেই একমত নই। ইচ্ছা নিজেই ব্যাবহারিক, স্থতরাং কখনই পরম সভ্য হইতে পারে না। বাসনা বা ইচ্ছা বছ প্রক্ষেপের অক্ততম। এমন একটা কিছু আছে, বাহা ইচ্ছা নয়, কিছ নিজেকে ইচ্ছারূপে প্রকাশ করিতেছে— এ-কথা আমি বুঝিতে পারি। কিন্তু ইচ্ছাই স্ব-কিছু হইরা নিজেকে প্রকাশিত করিতেছে—এ-কথা বুঝিতে পারি না, কারণ আমরা তো জগৎ হইতে পৃথক কোন ইচ্ছার অন্তিত্বের কল্পনাই করিতে পারি না। বধন দেই মৃক্ত সন্তা ইচ্ছারূপে পরিণত হয়, দেশকালনিমিত্তের হারাই ভাষা হইরা থাকে। কাণ্টের ব্যাখ্যা গ্রহণ করিলে দেখিব ষে, ইচ্ছা—দেশ কাল ও নিমিত্তের মধ্যেই বর্তমান। ভাষা হইলে কেমন করিয়া পরম সন্তা হইবে ? কালের মধ্যে ছাড়া কেহ ইচ্ছা করিতে পারে না।

৩০. ব্রহ্মই যে একমাত্র সভ্যবস্থ—এই সিদ্ধান্ত উপনীত হইবার ইঞ্জিত দিতে পারিলেও তাহা ইল্লিয়গ্রাহ্ন প্রতীতির মধ্যে আনিয়া দেখাইতে আমরা পারিব না। উদাহরণম্বরূপ এই একত্ব সকল বস্তুতে এমন কি সাধারণ পদার্থের মধ্যেও অবশুই অহুস্যুত আছে। মানববৃদ্ধিপ্রস্ত সামান্তীকরণ-পদ্ধতিকে উদাহরণম্বরূপ নিতে পারি; যা কিছু বিভিন্নতা, তাহা নাম ও রূপের দারাই হইয়াছে; তথাপি যথনই আমরা এই নাম-রূপকে ধরিতে যাই, পৃথক্ করিয়া ব্বিতে যাই, তথনই দেখি, ইহাদের অন্তিত্ব কোথাও নাই। নাম, রূপ বা কারণকে পৃথক্ভাবে আমরা কথন দেখিতে পাই না। তাই এই জগৎপ্রপঞ্চ মায়া—ব্রন্ধের সন্তার উপরই নির্ভর্মীল একটা কিছু, বন্ধ ব্যতীত তাহার কোন অন্তিত্বই নাই। দৃষ্টাস্তরূপে সাগরের তরঙ্গকে লওয়া যাক। যতক্ষণ নির্দিষ্ট পরিমাণ জল তরক্ষের আকারে থাকে, ততক্ষণই তরক্ষের অন্তিত্ব থাকিবে। কিন্তু যথনই (জলরাশির) ঐ আকার মিলাইয়া যায়, উহা সমৃত্রই হইয়া যায়, তথন আর তরঙ্গ থাকে না। সমগ্র জলরাশি তরক্ষের আকারের উপর নির্ভর্মীল নয়। সাগর সর্বদাই বিভ্যমান, কেবল (মাঝে মাঝে) তরক্ষের আকৃতি একেবারে শৃক্ত হইয়া যায়।

৩১. সত্য বস্তু এক। মনই সেই এককে বছরণে প্রতিভাত করিতেছে।

যখন আমরা বিভিন্নতা অহুভব করি, তখন এক-বোধ থাকে না, এবং

যখনই একত্বের উপলব্ধি করি, তখন বিভিন্নতা লোপ পায়। ঠিক যেমন
প্রাত্যহিক জীবনে—যখন একত্বের অহুভব কর, তখন বিভিন্নতা অহুভব
কর না। তোমরা প্রথমে একত্ব হইতেই শুরু কর। ইহা বড় অভুভ

ব্যাপার যে, প্রথম প্রথম কোন চীনা একজন আমেরিকাবাদীর সঙ্গে

অপর আমেরিকাবাদীর আকৃতিগত কোন পার্থক্য ব্রিতে পারে না;
এবং তোমরাও (আমেরিকাবাদীরা) বিভিন্ন চৈনিকের পার্থক্য ধরিতে
পার না।

৩২. আমাদের মনই যে পদার্থসকলকে জ্ঞানের বিষয় করিয়া দেয়, তাহা দেখানো বাইতে পারে। বে-সব পদার্থের বিশেষ ধর্ম বা গুণ আছে, সেগুলিই জ্ঞাক ও জ্ঞেয়ের পর্যায়ে পড়ে। যাহার কোন ধর্ম বা গুণ নাই, তাহা অজ্ঞেয়। মনে কর, 'ক' নামে কোন অজ্ঞাত ও অজ্ঞেয় বহির্জগৎ বর্তমান। যথন আমি এই বহির্জগতের দিকে তাকাইব, তথনই তাহা হইবে 'ক'+ মন। যথন আমি জগৎকে জানিতে চাই, তথন আমার মনই হইবে জ্ঞানের তিন-চতুর্থাংশ উপাদান। অস্কর্জগৎ হইবে 'থ'+ মন, এবং বহির্জগৎ—'ক'+ মন। অস্কর্জগৎ ও বহির্জগতের মধ্যে যাহা কিছু পার্থক্য তাহা মনেরই স্কটি, বাকী যাহা কিছু আছে, তাহা অজ্ঞাত ও অজ্ঞেয়। ইহা জ্ঞানের পরিধিরও বাহিরে এবং যাহা কিছু জানের অতীত, তাহার বিভাজন বা পৃথক্করণ অসম্ভব। স্তরাং বাহিরের 'ক' ও ভিতরের 'খ' একই বস্তু। অতএব সত্যবস্তু এক।

৩৩. মায়ার আবরণের মধ্য দিয়ে দৃষ্ট পরব্রহ্মই ব্যক্তিভাবাপন্ন ঈশ্বর। যথন পঞ্চেন্দ্রিয় দারা আমরা তাঁহাকে ধরিতে চাই, তথনই তাঁহাকে ব্যক্তিভাবাপন্ন সাকাররূপে দেখিতে পাই। কিঙ্ক ভাবটি এই যে, আত্মাকে কখনই জ্ঞানের বিষয় করা যায় না। জ্ঞাতা কিভাবে নিজেকে জ্ঞানিতে পারে ? কিন্তু আত্মা যেন একটি ছায়া প্রক্ষেপ করিতে পারেন—এই ছায়া-পাতকেই জ্ঞানের বিষয়ীকরণ (objectification) বলা ষাইতে পারে। এই ছায়া-সন্তার চরম প্রকাশ পরমাত্মার নিজেকে নিজের জ্ঞানের বিষয় করার চেষ্টাই ব্যক্তিভাবাপন্ন সাকার ঈশর। আত্মাই শাখত জ্ঞাতা (subject)। আমরা সর্বদাই আত্মাকে জ্ঞানের বিষয়ীভূত করিবার জন্ম সংগ্রাম করিতেছি। আর এই সংগ্রামের ফলস্বরূপ এই বিশ্বব্দগৎ, এবং যাহাকে আমরা ব্রুড়বস্ত ও অন্ত অনেক নামে অভিহিত করি—এই সবের উৎপত্তি হইয়াছে। কিন্তু এইগুলি সব তুর্বল প্রচেষ্টার ফল; আমাদের পক্ষে সম্ভব আত্মার সর্বোচ্চ প্রকাশ ব্যক্তিভাবাপন্ন সাকার ঈশ্বর। এই বিষয়ীকরণ আমাদের স্বরূপ-প্রকাশেরই এক প্রচেষ্টা। সাংখ্যমতে প্রকৃতিই পুরুষকে এই-সকল বিষয় দেখাইতেছে, এবং যখন পুরুষের যথার্থ অভিজ্ঞতা লাভ হয়, তখনই সে ভাহার স্বরূপ বৃঝিতে পারিবে। অহৈত বেদাস্কমতে আত্মা নিজেকে প্রকাশ করিবার চেষ্টা করিতেছেন। বহু সাধনার পর আত্মা দেখেন ষে,

জ্ঞাতা (বিষয়ী=subject) সর্বদা জ্ঞাতামাত্রই থাকিবেন এবং তথনই অনাসক্তি আরম্ভ হয় এবং আত্মা মৃক্ত হন।

কোন ব্যক্তি যখন সেই পূর্ণ অবস্থা লাভ করেন, তখন তিনি ব্যক্তিভাবাপন্ন জীমর-স্বরূপ হন। 'আমি ও আমার পিতা এক।' তিনি জানেন যে, ব্রহ্মের সহিত তিনি এক এবং সাকার জীমরের গ্রায় নিজেকে অভিক্ষেপ করেন। মহিমান্তি রাজাও যেমন মাঝে মাঝে পুতৃল লইয়া খেলা করেন, তেমনি তিনিও খেলা করেন।

- ৩৪. কডকগুলি কল্পনা মামুবের বাকী বন্ধনগুলি ছিল্ল করিতে সাহায্য করে। গোটা বিশ্বটাই একটা কল্পনা। কিন্তু এক ধরনের কল্পনা অন্য ধরনের কল্পনারাশির অবসান ঘটাইতে পারে, যাহারা আমাদের বলে বে, জগতে পাপ আছে, তৃংখ ও মৃত্যু আছে, তাহারা ভল্লকর। অপর দল বলেন—তৃমি পবিত্র, ঈশর সভ্য, জগতে কোন তৃংখ নাই—এই ভাবগুলি শুভ এবং অপরের বন্ধন দূর করিতে সাহায্য করে। মানব-মনের উচ্চতম কল্পনা—ব্যক্তিভাবাপল্ল ঈশর-ভাবই শৃদ্ধলের স্বকয়টি শিকলি ভাঙিয়া ফেলিতে পারে।
- ৩৫. পরম আনন্দের মূহুর্ত আমাদের জীবনে কখন কথন আসিয়া উপস্থিত হয়, তখন আমরা আনন্দ ছাড়া কোন-কিছুই চাই না, কোন-কিছু দিই না, কোন-কিছু বৃঝিও না। সে-ভাব কাটিয়া যায়, আবার বিশ্ব-ব্রহ্মাণ্ডের বৈচিত্র্য চোখের সামনে আবর্তিত দেখিতে পাই। কিছু আমরা জানি, ইহা সব-কিছুর আধাররূপে অবস্থিত ঈশ্বর-সভার উপর বিরচিত বিচিত্র কাক্ষকার্য।

বেদান্ত শিক্ষা দের—এখানে এইকণেই নির্বাণ লাভ করা ষায়; এ-অবহা প্রাপ্তির জন্য আমাদের মৃত্যু পর্যন্ত অপেক্ষা করিতে হইবে না। নির্বাণ আত্মস্বরূপের উপলব্ধি—এক মৃহুর্তের জন্য ষদি কেউ একবার এ ভত্ত উপলব্ধি করিতে পারে, তবে সে আর ব্যক্তিত্বের মরীচিকার ছারা বিল্লান্ত হইবে না। চক্ষ্ থাকিলে আপাতপ্রতীয়মান জগৎ দেখিতেই হইবে। কিন্ত জগৎটা যে কি, সর্বক্ষণই আমরা জানি; আমরা ইহার প্রকৃত স্বরূপকে ধরিতে পারিয়াছি। (মারার) পর্দাই অপরিণামী আত্মাকে ঢাকিয়া রাখিয়াছে। পর্দা সরিয়া বাইলেই অন্তর্নালবর্তী আত্মাকে দেখিতে পাইব। যাহা কিছু পরিবর্তন, ভাহা পর্দাতেই। মহাপুক্ষদের অন্তরে এই আবরণ খুবই পাতলা, সত্য ভাহার

মধ্য দিয়া প্রায় স্পষ্ট ও উজ্জ্ঞাভাবে দেখা যায়। আর পাপীর মধ্যে এই আবরণ বেশ পুরু, ইহার অন্তরালে যে আত্মা আছেন, তাহা দেখাই যায় না। যখন পর্দা সম্পূর্ণরূপে অপসারিত হয়, তখন ব্ঝিতে পারি যে, পর্দা সেভাবে কোন কালেই ছিল না, এবং আমরা আত্মাই ছিলাম, তাছাড়া আর কিছুই ছিলাম না; তখন ঐ আবরণের কথাও আমরা ভূলিয়া যাই।

৩৬. জীবনের ছুইটি বিশিষ্ট ধারা এই : প্রথমত: ষে-মামুষ তাহার প্রকৃত বরপকে জানিয়াছে, সে কখনই জাগতিক বস্তু ছারা বিচলিত হইবে না; ৰিভীয়ত: কেবল সেই ব্যক্তিই জগতের কল্যাণ করিতে পারে; সেই কেবল অপরের হিত করিবার প্রকৃত উদ্দেশ্য বুঝিতে পারিয়াছে, কারণ কেবল একটি (আত্মা)ই আছেন। ইহাকে 'অহংভাব' বলা চলে না, কারণ তাহাতে ভেদবৃদ্ধি আদিবে। ইহা কেবল অহংশূগুতা। বিশ্বাদ্মার (সমষ্ট-)বোধই তথন থাকিবে, ব্যক্তিকেন্দ্রিক (ব্যষ্টি-)ভাব নয়। প্রেম ও দহাত্মভৃতি প্রতি ক্ষেত্র এই বিশাত্মভাবই প্রমাণ করে। 'নাহং, তুঁহ'— আমি নই, তুমি। অপরকে সাহায্য করি, কারণ আমি ভাহাতে এবং সে আমাতে—এভাবেই এই তবটি দার্শনিক ভাষায় প্রকাশ করা যায়। প্রকৃত বৈদান্তবাদীই কোনরূপ মর্ম-পীড়া বোধ না করিয়া অপরের জন্ম নিজ জীবন বলি দিতে পারেন; কারণ তিনি জানেম, তাঁহার মৃত্যু নাই। যে পর্যন্ত পৃথিবীতে একটি কীট জীবিত থাকিবে, দে পর্যস্ত তিনিও থাকিবেন; যতক্ষণ একটি মুখও আহার গ্রহণ করে, ততক্ষণ তিনিও আহার করেন। স্থতরাং তিনি লোককল্যাণে কান্ধ করিয়া যান, শরীরের যত্ন লইবার আধুনিক ভাবের দারা তিনি কোনরূপ বাধাপ্রাপ্ত হন না। সাধক যথন আত্মত্যাগের এই শুরে উন্নীত হন, তথন ভিনি সকল নৈতিক নিয়মের উর্ব্বে---সকল বিধি-নিষেধের উর্ব্বে চলিয়া যান। 'তিনি বিভাবিনয়-সম্পন্ন ব্রাহ্মণে গাভীতে কুকুরে এবং অতি হুঃখপূর্ণ স্থানে শ্রোত্তিয় ব্রাহ্মণ গাভী কুকুর বা ত্ঃথপূর্ণ স্থান দেখেন না, পরস্ক সকলের মধ্যেই ঈশ্বরকে প্রকাশিত দেখিতে পান। তিনিই একমাত্র স্থী, যিনি এ জীবনেই এই দাম্যভাব লাভ করিয়াছেন; তিনি স্বর্গাদি লোক (সংসার) জয় করিয়াছেন। ঈশর পবিত্র, স্তরাং বলা হয়-এ-ধরনের পুরুষ ঈশ্বরেই জীবন যাপন করিতেছেন। ' যীও

১ পীতা, ১১৮-১৯

বলিয়াছেন, 'এবাহামের পূর্বে আমি ছিলাম।' ইহার অর্থ এই বে, ইহারা নিত্যমুক্ত আত্মা। অতীত কর্মফলে বাধ্য হইরা ফাজারেথের ধীশু মানবদেহ ধারণ করেন নাই, পরস্ক লোককল্যাণের জক্তই করিয়াছেন। মাহুক মুক্ত হইলে তার বা জড়বৎ হইরা ষায় না, বরং অক্যান্ত প্রাণী অপেক্ষা বেশী ক্রিয়াশীল হয়, কারণ অপর সকলে শুধু বাধ্য হইয়া কাজ করে, মুক্ত পুরুষই কেবল তাধীনভাবে কর্ম করেন।

৩৭. ব্যক্তিত্বঃ আমরা যদি ঈশরের সহিত অভিন্ন হই, তবে কি আমাদের ব্যক্তিত্ব নাই ? হাঁ আছে। সেই তো ঈশর। আমাদের ব্যক্তিত্বই ঈশর। বর্তমানে তোমার যাহা আছে, তাহা ব্যক্তিত্ব নয়, তবে তুমি ব্যক্তিত্বের দিকে অগ্রসর হইতেছ। 'ব্যক্তিত্ব' শব্দের অর্থ—যাহা আর বিভক্ত করা যায় না। ইহাকে তুমি কেমন করিয়া ব্যক্তিত্ব বলিতে পারো? এই মূহুর্তে তুমি একভাবে চিন্তা করিতেছ, পরমূহুর্তে অক্তভাবে, আবার ত্ব-ঘণ্টা পরে আর একভাবে চিন্তা করিতেছ। যাহা পরিবর্তনীয় নয়, তাহাই ব্যক্তিত্ব— সর্ব বন্ধর পারে অপরিবর্তনীয়। চিরকাল একই অবস্থায় আবদ্ধ থাকা তো অতি ভয়াবহ ব্যাপার, কারণ তাহা হইলে যে চোর সে চিরকাল চোরই থাকিয়া যাইবে, আর যে অভদ্র সে অভদ্রই থাকিয়া যাইবে। একটি শিশু মারা গেলে তাহাকে চিরকাল শিশুরপেই থাকিতে হইবে। যাহার কথনও পরিবর্তন হয় না এবং হইবে না, তাহাই প্রকৃত ব্যক্তিত্ব—আর তাহাই আমাদের অন্তর্থামী ভগবান্।

৩৮. ঈশর যুক্তি-বিচার করেন না। কোন বিষয় জানা থাকিলে তুমি তর্ক করিবে কেন? কতকগুলি তথ্য পাইবার জন্ম জানাদের কীটের মতো মন্থর গতিতে অগ্রসর হইতে হইবে, আবার খানিক বাদেই হুমড়ি খাইয়া পড়িয়া সব কিছু তালগোল পাকাইয়া যাইবে—এ হুর্বলভার চিহ্ন। আত্মা প্রতিফলিত হন মনে ও প্রত্যেক বস্তুতে। আত্মার জ্যোতিই মনকে চেতনাশীল করে। সব কিছুই চৈতন্তের প্রকাশ; মনগুলি তাহার দর্পণ মাত্র। যাহাকে তোমরা প্রেম, ভয়, য়ৢণা, পুণ্য ও পাপ বলো, সবই আত্মার প্রতিফলক মাত্র। ম্বন প্রতিফলক নিকৃষ্ট হয়, তথন প্রতিফলনও মন্দ হইবে।

৩৯. এক সময়ে আমরা নিয়তর জীব ছিলাম। আমরা মনে করি, তাহারা আমাদের অপেকা ভিন্ন প্রকৃতির। আমি পাশ্চাত্য দেশের লোকেদের

বলিতে শুনিয়াছি, 'এ জগং আমার জন্তই স্টা।' বদি বাদগুলি বই লিখিতে পারিত, তাহারা লিখিত: মাহ্ম তাহাদেরই জন্ত স্টা, এবং মাহ্ম জ্বত্যস্ত পাপী' জীব, কারণ তাহারা বাঘকে সহজে 'মাহ্ম' ধরিতে দেয় না। বে-কীট আজ ভোষার পায়ের তলা দিয়া চলিরাছে, সেও ভাবী ঈশ্মর।

৪০. প্রকৃতির নিয়ম মানিয়া চলাই মুক্তি—এই মত আমি মানি না। ইহার যে কি অর্থ, তাহা আমি ব্ঝিতে পারি না। মানব-প্রগতির ইতিহাস আলোচনা করিলে দেখা বায়, প্রাকৃতিক নিয়মের বিক্লছে আচরণ করিয়াই মাহ্য প্রগতিশীল হইয়াছে।

এ-কথা বলা ৰাইতে পাবে যে, উচ্চতর নিয়ম ঘারাই নিয়তর নিয়ম ষম করা হইয়াছে। কিন্তু তাহাতেও জয়শীল মন মৃক্তির চেষ্টাই করিতেছে এবং বেই মাত্র বোঝা গিয়াছে, সংগ্রামও নিয়মের ভিতর দিয়াই চলিয়াছে, তথনই উহাকেও জয় করার চেষ্টা হইয়াছে। স্থতরাং প্রতি ক্ষেত্রে মৃক্তিই ছিল উদ্দেশ্য। গাছ কখনও নিয়ম লজ্যন করে না। গরুকে কখনও চুরি করিতে দেখি নাই, শুক্তি-ঝিফুক কখনও মিখ্যা বলে না—তথাপি তাহারা মাহুষের চেয়ে উচ্চতর নয়। এই জীবনই মৃক্তির এক প্রচণ্ড ঘোষণা এবং এই নিয়মাহবভিতা বেশী দূরে লইয়া গেলে আমাদের জড়ে পরিণত করিবে—কি সমাজে, কি রাজনীভিতে, কি ধর্মজীবনে। থুব বেশী নিয়ম মৃত্যুরই নিশ্চিত চিহ্ন। বেখানেই সমাজে নিম্নমের আধিক্য দেখা দেয়, দেখানে নিশ্চয়ই বুঝিতে হইবে ষে, ঐ সমাজ শীঘ্রই মরিবে। যদি তোমরা হিন্দুভারতের বৈশিষ্ট্যগুলি আলোচনা কর, তবে দেখিবে হিন্দুর মতো অন্ত কোন জাতির জীবনে এত বেশী নিয়ম প্রচলিত নাই, এবং ফল-স্বরূপ জাতি-হিসাবে হিন্দুর মৃত্যু ঘটিয়াছে। কিন্তু হিন্দুদের একটি বিশেষ ভাব ছিল এই যে, তাহারা কখনও ধর্ম-বিষয়ে কোন মতবাদ বা গোঁড়ামি স্ষ্টি করে নাই, ফলে (ভাহাদের) ধর্মের সর্বাধিক পরিপুষ্টি সাধিত হইয়াছে। চিরস্তন নিয়ম কখনও মৃক্তি হইতে পারে না, কারণ চিরস্তনকে নিয়মের মধ্যে কেলার অর্থই হইতেছে তাহাকে দীমাবদ্ধ করা।

8). ভগবানের দৃষ্টিতে কোন উদ্দেশ্য নাই, কারণ তাঁহার যদি কোন উদ্দেশ্য থাকিত, তবে তিনি রুক্ষটি অপেকা উৎকৃষ্ট কিছু হইডেন না। কেন তাঁহার উদ্দেশ্য থাকিবে? যদি তাঁহার উদ্দেশ্য থাকিত, তবে তো

তিনি সেই উদ্দেশ্য দাবাই বন্ধ হইয়া পড়িতেন। মনে কর, একজন গালিচা-প্রস্তুতকারী একটি গালিচা বুনিতেছে, বাহিরের কোন মহন্তর ভাবকে রূপ দিতেছে। এখন কোথায় দেই ভাব, যাহার দকে ভগবান্ নিজেকে খাপ খাওয়াইবেন ? বড় বড় সম্রাট্গণও ষেমন মাঝে মাঝে পুতুলখেলা করেন, তেমনি ঈশরও এই প্রকৃতির সঙ্গে থেল। করিতেছেন। আমরা বলি, 'ইহাই নিয়ম।' আমরা ইহাকে নিয়ম বলি, কারণ ইহার খুব সামাত অংশই—ষাহা স্পৃত্যলভাবে চলিতেছে—আমরা ব্ঝিতে পারি। নিয়ম সম্পর্কে আমাদের সকল ধারণাই এই কুদ্র অংশের মধ্যে সীমাবদ্ধ। নিয়ম অনস্ত—অর্থাৎ অনস্তকাল ধরিয়াই প্রস্তর পড়িতে থাকিবে, ইহা একেবারেই বাজে কথা। যদি সব যুক্তি অভিজ্ঞতাব উপরই প্রতিষ্ঠিত হয়, তবে পঞাশ লক্ষ বৎসর পূর্বে পাথর পড়িয়াছিল কি-না, দেখিবার জন্ম কে উপস্থিত ছিল ? স্থতরাং নিয়ম মাহুষের স্বভাবগত বস্তু নয়। মাহুষ সম্বন্ধে ইহাই বিজ্ঞানসমত সিদ্ধান্ত যে, আমরা ধেখান হইতে আরম্ভ করি, সেথানেই শেষ করি। কার্যভঃ আমরা ধীরে ধীরে নিয়মের বাহিরে যাই, এবং অবশেষে একটা সমগ্র জীবনের অভিজ্ঞতা লইয়া একেবারে নিয়মাতীত হই। ঈশর ও মৃক্ত অবস্থা হইতেই আমাদের আরম্ভ, আবার ঈশর ও মুক্ত অবস্থাতেই আমাদের পরিদমাপ্তি। নিয়মগুলি যাত্রার মধ্যপথে অবস্থিত এবং এই-দকল নিয়মের মধ্য দিয়াই আমাদের যাইতে হইবে। আমাদের বেদান্তে সর্বদাই মুক্তির উপর জোর দেওয়া হইয়াছে। নিয়মের ভাবটি বেদান্তবাদীকে ভীত করে, আর ঐ চিরস্তন নিয়ম ভাহার কাছে অতি ভয়াবহু ব্যাপার, কারণ ভাহা হইলে মৃক্তির আর কোন উপায়ই থাকে না। যদি এমন কোন চিরস্কন নিয়ম তাহাকে সর্বদাই বাঁধিয়া রাখে, তবে মাহুষ ও একখণ্ড তৃণের মধ্যে পার্থক্য কোথায় ? আমরা নিয়মের দেই বস্ত-নিরপেক্ষ ভাবে বিশ্বাদ করি না।

৪২. আমরা বলি ষে, মৃক্তি লাভ করিবার চেটা আমাদের করিতেই হইবে। আর দেই মৃক্তিই ঈশর বা ভগবান্। সেই এক আনন্দই মাহ্য সর্বত্র উপভোগ করে, কিন্তু যখন কেহ সসীম কিছুতে আনন্দ পাইতে চার, তখন সে তাহার কণিকা মাত্রই পায়। ঈশরের মধ্যে সাধক যে আনন্দ লাভ করে, চুরি করিয়া চোর দেই এক আনন্দই পায়; কিন্তু চোর সেই আনন্দের কণামাত্রই পায়, তাহাও তৃঃধরাশির সহিত মিশ্রিত। প্রকৃত আনন্দই

ভগবান্। প্রেমই ভগবান্—মুক্তিই ভগবান্। আর যাহা কিছু মাহ্যকে বন্ধ করে, তাহা ভগবান্ নয়।

এ০. প্রকৃত সতা অব্যক্ত, প্রকাশশূরা। আমরা ভাছা ধারণা করিতে পারি না, কারণ ধারণা করিতে গেলে মন দিয়াই করিতে হইবে, আর মন তো নিজেই ব্যক্ত পদার্থ। প্রকৃত সম্ভার মহিমাই এই ষে, তিনি ধারণাতীত, মনেরও অগোচর। আমাদের মনে রাখিতে হইবে যে, জীবনে ভীরতম ও কীণতম আলোক-ম্পন্দন আমরা দেখিতে পাই না, কিন্তু তাহারা একই সন্তার বিরোধী তুইটি প্রাস্ত। এমন কতকগুলি জিনিস আছে, ষেগুলি এখন আমরা জানি না, কিন্তু সেগুলি আমর। জানিতে পারি; অজ্ঞানবণতই সেগুলি জানিতে পারি না। জাবার এমন অনেক জিনিদ আছে, ষেগুলি আমরা কথনও জানিতে পারি না, কারণ সেগুলি আমাদের জ্ঞানের দর্বোচ্চ স্পন্দন অপেক্ষা অনেক বেশী উচ্চগ্রামের। কিন্তু যদিও বুঝিতে পারি না, তথাপি আমর। সর্বদাই দেই শাশ্বত সনাতন সত্তা। জ্ঞান সেখানে অসম্ভব। ধারণা বা চিস্তার সদীমঘই তাহার অন্তিত্তের ভিত্তি। উদাহরণম্বরণ বলা যায়, আমার মধ্যে আমিত্বের চেয়ে নিশ্চিত আর কিছুই নাই, তথাপি শরীর ও মন, হুখী বা ছঃখী, পুরুষ বা স্ত্রীরূপেই কেবল আমিত্বের কথা ভাবিতে পারি, এবং যথনই আমি নিজ যথার্থ স্বরূপকে ধারণা করিতে চেষ্টা করি, তথনই স্বরূপকে শরীর বা মনের নিয় ভবে না নামাইয়া কোন উপায়ই দেখিতে পাই না; তথাপি আমি আমার শ্বরূপ সম্বন্ধে স্থির নিশ্চিত। 'প্রিয়ে, পতির জন্মই কেহ পতিকে ভালবাদে না, ভালবাদে কারণ ভাহার মধ্যে আত্মা রহিয়াছেন। পতির আত্মায় এবং আত্মার মাধ্যমেই পড়ী পতিকে। ভালবালে। প্রিয়ে, পত্নীর জক্তই কেহু পত্নীকে ভালবানে না, পরস্ক আত্মায় ও আত্মার মাধ্যমেই ভালবাদে।'' এই আত্মসভাই যে একমাত্র বস্তু—তাহা আমরা জানি, কারণ আত্মায় ও আত্মার মধ্য দিয়াই আমরা দব বস্ত উপলব্ধি করিয়া থাকি, তথাশি আমরা ইহার সম্বন্ধে ধারণা করিতে পারি না। জ্ঞাতাকে আমরা কেমন করিয়া জানিব ? যদি আমরা জ্ঞাতাকে জানিভেই পারিতাম, তবে তো দে আর জ্ঞাতা থাকিবে না, জ্ঞেয় হইয়া ষাইবে—জ্ঞানের বিষয় হটুয়া বাইবে।

বৃহদারণাক উপ., ২।৪।৫

- ৪৪. পুরানো সংস্কারগুলি দ্র করিবার জন্ম আমাদের ঘৃত্তি-বিচারের প্রয়োজন আর সংস্কারগুলি বিদ্রিত হইলে যাহা থাকে, তাহাই বেদান্ত। একটি স্থান্তর কবিতার থবি নিজেকে সংঘাধন করিয়া বলিতেছেন, 'বন্ধু, তৃমি কেন কাঁদছ? তোমার কোন ভয় নেই, মরণ নেই, কেন তৃমি কাঁদছ? তোমার কোন ভয় নেই, মরণ নেই, কেন তৃমি কাঁদছ? তোমার কোন তৃথে নেই, কারণ স্থনীল অনস্ত আকাশের মতো তৃমি স্বর্ধতঃ অপরিণামী। নানা বর্ণের মেঘগুলি আকাশের কোলে এসে কয়েক মৃহুর্ত বর্ণচ্ছটা বিকিরণ ক'রে মিলিয়ে যায়—কিন্তু আকাশ যা ছিল, তাই থাকে। তোমাকে কেবল এই অজ্ঞানের মেঘ অপসারণ করতে হবে।'' আমাদের তথু জলাবরোধক কপাটগুলি খুলিয়া দিতে হইবে, এবং পথ পরিষ্কার করিতে হইবে। জলরাশি স্থভাবতই সবেগে প্রবেশ করিবে এবং থাতগুলি পূর্ণ করিয়া দিবে, কারণ জলরাশি তো সেখানে পূর্ব হইতেই রহিয়াছে।
- ৪৫. মাহ্য অনেকটা সচেতন প্রাণী, কতকটা অচেতন, আবার চেতনার অতীতে ঘাইবার সন্থাবনাও তাহার আছে। কেবল যথন আমরা ঠিক ঠিক মহয়পদবাচ্য হই, তথন আমরা যুক্তি-বিচারের বাহিরে ঘাইতে পারি। 'উচ্চতর' বা 'নিয়তর' ইত্যাদি শব্দগুলি কেবল ব্যাবহারিক জগতেই প্রয়োগ করা যায়। কিছু পারমার্থিক জগতে এইগুলি বিরোধী, কারণ সেখানে কোন পৃথক্-ভাব নাই। ব্যাবহারিক জগতে মহয়ত্ত্রপ বিকাশই চরম অভিব্যক্তি। বেদাস্থবাদী বলেন, মাহ্য দেবতা অপেকাও উচ্চে। দেবতাদেরও একদিন মরিতে হইবে এবং মাহ্য হইয়া জন্মাইতে হইবে। দেবতারাও মানব-শরীরেই সিদ্ধ বা পূর্ণ হইতে পারেন।
- ৪৬. মৃক্তি তো মাহ্যের করতলগত, তবে তাহাকে এ-তত্ত্ব আবিদার করিতে হইবে। সে মৃক্তই, কেবল প্রতি মৃহুর্তে সে তাহা ভূলিয়া যায়। এই সত্যকে আবিদার করাই জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে প্রত্যেক মাহ্যের সমগ্র জীবন-প্রচেষ্টা। জ্ঞানী ও অজ্ঞানীর মধ্যে পার্থক্য এই যে, জ্ঞানী জ্ঞাতসারে ইহা করেন, আর অজ্ঞানী করে অজ্ঞাতসারে। প্রত্যেকেই মৃক্তির জ্ঞান করে—পরমাণু হইতে নক্ষত্ররাশি পর্যন্ত। অজ্ঞানী একটা নির্দিষ্ট সীমার মধ্যে মৃক্তি পাইলেই সম্ভট হয়—কৃথা ও তৃফার বন্ধন হইতে মৃক্ত

১ তুলনীয়—অবধ্তগীতা, ৩৷৩৪

ছইলেই সে খুনী; কিন্ত জ্ঞানী বোধ করেন, তাঁহাকে প্রবল্ভর বন্ধন ছিন্ন করিতে হইবে। তিনি রেড ইণ্ডিয়ানদের স্বাধীনতার ভাবকে মৃক্তি বলিয়া মনে করেন না।

৪৭. আমাদের দার্শনিকদের মতে মৃক্তিই লক্ষ্য। জ্ঞান লক্ষ্য হইতে পারে না, কারণ জ্ঞান বৌগিক পদার্থ। জ্ঞান শক্তি ও মৃক্তির মিশ্রণ। একমাত্র মৃক্তিই আমাদের কাম্য। ইহারই জন্ম মাহুষ চেষ্টা করিতেছে। কেবল শক্তি লাভ করিলেই জ্ঞান হইবে না। উদাহরণশ্বরূপ, একজন বিজ্ঞানী একটি বৈহাতিক তরদকে এক মাইল দ্রে প্রেরণ করিতে পারেন, কিছ প্রকৃতি উহাকে অসীম দ্রত্থে পাঠাইতে পারে। তাহা হইলে কেন আমরা প্রকৃতির পূজা করিব না? নিয়ম আমরা চাই না; নিয়ম ভাঙিবার শক্তি চাই। আমরা নিয়মাতীত হইতে চাই। যদি তুমি নিয়মবদ্ধ হও তো এক তাল কাদার সমান হইবে। এই মুহুর্ভেই তুমি নিয়মাতীত কি-না-এটি প্রশ্ন নয়, কিন্তু আমরা যে নিয়মাতীত, এই ভাবের উপরেই সকল মানব-প্রগতির ইতিহাস রচিত। উদাহরণশ্বরূপ মনে কর: একটি লোক অরণ্যে বাস করে; সে কোন বিভাশিকা করে নাই, তাহার কোন জ্ঞানও নাই। সে দেখিতেছে যে, একটি পাধর নীচে পড়িতেছে—একটি প্রাকৃতিক ঘটনা ঘটিতেছে, আর দে ভাবিতেছে ইহাই মুক্তি। সে ভাবে—পাথরটার আত্মা আছে, তাহার কেন্দ্রীয় ভাবটি হইতেছে মৃক্তি। কিন্তু ষেই মাত্র সে জানিকে ষে, পাথরটা নীচে পড়িতে বাধ্য, সে বলিবে, ইহা প্রকৃতি—ইহা জড় যান্ত্রিক কর্ম। আমি পথে বাহির হইতে পারি, নাও পারি। মাহুষ হিসাবে এই স্বাতদ্রাই আমার মহিমা। কিন্তু বথনই আমি নিশ্চয় জানি ষে, আমি দেখানে ষাইবই, তখনই আমি নিজ স্বাভন্ত্য ত্যাগ করিয়া যক্ষে পরিণত হই। অনম্ভ শক্তি সত্ত্বেও প্রকৃতি একটি ষন্ত্রমাত্র; মুক্তিই চেতন জীবের মূল উপাদান। বেদাস্কমতে অরণ্যচারী মাহুষের ভাবটি ঠিক—তাহার দৃষ্টি ঠিক, কিন্তু ব্যাখ্যা ভূল। সে এই প্রকৃতিকে স্বাধীন মনে করে, নিয়ম্বারা পরিচালিত ভাবে না। যাবতীয় মানবিক অভিজ্ঞতার পরই আমরা আবার ঠিক এইকথাই চিস্তা করিব, কিন্তু অধিকতর দার্শনিক অর্থে। উদাহরণস্বরূপ: আমি পথে বাহির হইতে চাই; ইচ্ছা-শক্তির অহপ্রেরণা লাভ করিলাম এবং তারপর থামিলাম; আমার ঘাইবার ইচ্ছা ও পথে যাওয়া

—এই ছুইটির অন্তর্বর্তী কালে আমি একইভাবে কান্ধ করিয়াছি। কর্মের এই একতানতাকেই আমরা নিয়ম বলিয়া থাকি। আমি দেখিতেছি, আমার কর্মের এই একতানতা মাঝে মাঝে ব্যাহত হয়; স্থতরাং আমি আমার কৰ্মকে নিয়ম্বদ্ধ বলি না। আমি স্বাধীনভাবে কাজ করি। আমি পাঁচ মিনিট হাঁটিয়াছি। কিন্তু ঐ একটানা পাঁচমিনিট হাঁটার পূর্বক্ষণে ইচ্ছা-निक कियांनीन हिन—या **आ**यारक दाँगित श्रवृत्ति नियाहिन। **ाहे यार**्य মনে করে সে স্বাধীন, কারণ ভাহার সমৃদয় কাজকর্মকে কুত্ত কুত্ত কালে ভাগ করা যায় এবং ঐ ক্ষণগুলির মধ্যে একটা একতানভার রেশ থাকিলেও কালের বাহিরে ঐ ধরনের ঐক্য ছিল না। এই অনৈক্যবোধেই মানবের মৃক্তভাব নিহিত। প্রকৃতিতে আমরা দীর্ঘকালছায়ী ঐক্য দেখিতে পাই, কিন্তু প্রারম্ভে ও শেষে অবশ্য মুক্তির প্রেরণ। থাকিবে। আদিতেই মৃক্ত হইবার এই প্রেরণা দেওয়া হইয়াছিল, তাহাই আবর্তিত হইতেছে। কিন্তু এই প্রেরণা আমাদের কালের তুলনায় খুবই দীর্ঘ। দার্শনিক রীতি অস্থারী বিশ্লেষণ করিতে গেলে আমরা দেখি যে, আমরা মুক্ত নই। কিন্ত এই চেতনা দব দময়েই 'থাকিয়া ষায় যে, আমি মৃক্ত। ঐ ভাব কেমন করিয়া আদে, এটুকুই আমাদের ব্যাখ্যা করিতে হইবে। আমরা দেখিতে পাই বে, আমাদের ছইটি বৃত্তি আছে। আমাদের বিচারবৃদ্ধি বলে, আমাদের সকল কাজেরই কারণ আছে, আবার প্রত্যেকটি প্রেরণার সঙ্গে আমরা আমাদের মুক্তভাব ঘোষণা করিতেছি। বেদাস্তের মীমাংসা এই যে, আমাদের ভিতরে মৃক্তভাব আছে—কারণ আত্মা প্রকৃতপক্ষে মৃক্ত, কিন্তু আত্মার ক্রিয় যে শরীর ও মনকে আত্রয় করিয়া প্রকাশ পাইভেছে, দেই শরীর ও মন মুক্ত নয়।

৪৮. আমরা প্রতিক্রিয়া করিলেই দাস হইয়া পড়ি। কোন লোক আমার উপর দোষারোপ করিলে সঙ্গে ক্রোধের আকারে আমার মধ্যে প্রতিক্রিয়া হয়। লোকটি যে সামায় একটি আন্দোলন স্বষ্টি করিল, তাহাই আমাকে দাস করিয়া তোলে। হতরাং আমাদিগকে আমাদের ম্ক্রন্থভাব প্রকাশ করিতে হইবে। 'ঠাহারাই জ্ঞানী—যাহারা শ্রেষ্ঠ ব্রাহ্মণ, পণ্ডিত, নিয়তম প্রাণী বা মানবসমাজের অত্যন্ত ঘণিত হুটের মধ্যে মাহাষ, মুনি বা জন্ত দেখেন না, পরস্ক সকলের মধ্যে এক ভগবান্কেই দেখেন। ইহজীবনেই তাঁহারা স্বর্গ জ্ব

করিয়াছেন এবং এই লাম্যে দৃঢ় প্রতিষ্ঠিত। ভগবান্ শুদ্ধ ও দর্বত্র সমভাবাপর।

মৃতরাং ঈদৃশ দেহধারী ঈশর।'' এই লক্ষ্যের দিকেই আমরা চলিয়াছি এবং
মাহবের বিভিন্ন উপাসনা-পদ্ধতি ও প্রভ্যেকটি কর্ম এই লক্ষ্যহলে গৌছিবার
এক-একটি পথ। যে লোক অর্থ চায়, দেও মৃক্তির জন্ত চেষ্টা করিভেছে—
দারিদ্রোর বছন হইতে মৃক্তি চাহিতেছে। মাহ্যবের প্রত্যেক কর্মই উপাসনা,
কারণ দর্বত্রই মৃক্তিলাভের ভাব প্রকটিত; এবং সকল কর্মই প্রত্যক্ষ বা
পরোক্ষভাবে মৃক্তির অভিম্থী, শুধু যে-সকল কাজ মৃক্তিপথের বাধান্থরূপ,
সেগুলি পরিহার করিতে হইবে। জ্ঞাতদারে বা অজ্ঞাতদারে সমগ্র বিশ্ব
ভগবানের উপাসনাই করিভেছে; কেবল জানে না বে, যখন ভগবানের
নিন্দা করিভেছে, তখনও একভাবে তাঁহার পূজাই করিভেছে, কারণ যাহারা
ভগবানের নিন্দা করিভেছে, তাহারাও মৃক্তির জন্তই সংগ্রাম করিভেছে।
তাহারা কথনও চিস্তা ক্রে না যে, কোন বিষয়ে প্রতিক্রিয়াশীল হইয়া তাহারা
দেই বিষয়েরই দাস হইয়া পড়িভেছে। সামান্ত থোঁচার পরিবর্তে জোরে
আঘাত করা কঠিন কাজ।

৪৯. যদি আমর: আমাদের দীমাবদ্ধ বিশাদ হৈতৈ মুক্ত হইতে পারিতাম, তবে এখনই দব কিছু করিয়া ফেলা আমাদের পক্ষে সম্ভব হইত। ইহা কেবল সময়ের প্রশ্ন। যদি তাই হয়, তবে আরও শক্তি প্রয়োগ কর এবং এইভাবে সময় সংক্ষিপ্ত কর। দেই অধ্যাপকের কথা শ্রবণ কর, যিনি মর্মর-প্রস্তরের গঠন-রহস্ত আয়ত্ত করিয়া বারো বংদরে মর্মর প্রস্তুত করিয়াছিলেন, আর প্রকৃতির উহা করিতে শত শত বংসর লাগিয়াছিল।

তথ্যপঞ্জী

দর্শন ও দার্শনিক-পরিচিতি

জ্ঞানবোগে বে-সকল পাশ্চাত্য মনীধীর কথা বারংবার উল্লিপিত হইরাছে, তাঁহাদের সংক্ষিপ্ত পরিচয় এইখানে লিপিবদ্ধ হইল—উপাধি-নামেব বর্ণাকুক্রমে]

কমতে—Auguste Comte (১৭৯৮—১৮৫৭) ফরাদী দার্শনিক। তাঁহার রচনাসমূহের মধ্যে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য—Course of Positive Philosophy (১৮৩৩-৪২)।

কমতেকে প্রত্যক্ষবাদ (Positivism)-এর প্রষ্ঠা বলা হয়। তিনি ফরাসী সংশয়বাদের (French Scepticism)-এর অন্ততম ধারক। সংশয়-বাদের মধ্যেও যে নিদিষ্ট (Positive) জ্ঞানের স্থান আছে, ইহাই তাঁহার মৃল প্রতিপান্থ বিষয়। তাঁহার মতে—দর্শনে পরাবিজ্ঞানের (Metaphysics) কোন স্থান নাই। বিজ্ঞানের সিদ্ধান্তগুলি সম্বন্ধে সমালোচনামূলক ব্যাখ্যাই দার্শনিকের কাজ। চিরাচরিত প্রথায় ঈশ্বকেন্দ্রিক ধর্মমতের বিক্লকে তিনি তাঁহার দর্শন বচনা করিয়াছেন এবং ইহাকে মানবতাবাদের (Humanism) উপর প্রতিষ্ঠিত করিয়াছেন।

জেমন্—William James (১৮৪২—১৯১০) আমেরিকান দার্শনিক। তাঁহার প্রধান রচনাগুলির মধ্যে উল্লেখযোগ্য—The Principles of Psychology (১৮৯০), The Will to Believe (১৮৯৭), Varieties of Religious Experience (১৯০২), A Pluralistic Universe (১৯০৯), The Meaning of Truth (১৯০৯) ইত্যাদি।

ইংলণ্ডের দার্শনিক হিউমের প্রভাব জেমদের দর্শনে খুবই ম্পন্ট। সভ্যের প্রস্তৃতি এবং পরীক্ষা-বিষয়ে জেমদ্ প্রয়োগবাদে (Pragmatism) বিশাদ করেন এবং তিনিই এই মতবাদের স্রন্থা। সভ্যের প্রকৃতি ও তাহার জ্ঞান সম্বন্ধে জীবনে উপবোগিতার প্রদন্ধ জেমদের রচনায় একটি বিশেষ গুরুত লাভ করে। জৈবিক প্রয়োজন ব্যতীত কোন কিছুই সভ্য বলিয়া স্বীকার করা বায় না। তাঁহার Pragmatism (১৯০৭) নামক গ্রন্থে তিনি স্থামী বিবেকানন্দের বক্তৃতার উল্লেখ করেন।

টিণ্ডাল—John Tyndall (১৮৩০—৯৩) ইংরেজ পদার্থবিজ্ঞানী। তাঁহার প্রণীত গ্রন্থমূহের মধ্যে উল্লেখযোগ্য—The Glaciers of the Alps (১৮৬০), Heat as a Mode of Motion (১৮৬৩) ইত্যাদি।

তিনি Royal Institution-এ প্রাকৃতিক দর্শনের অধ্যাপক নিযুক্ত হন (১৮৫৬)। তাপসংক্রান্ত বছবিধ মৌলিক গ্রেষণা করেন। বায়ুমখল ও আলোর পরিক্রমা সম্বন্ধে তিনি অনেক গ্রেষণা করিয়াছেন।

ভয়সন—Paul Deussen (১৮৪৫—১৯১৯) জার্মান দার্শনিক। তাঁহার বচনাসমূহের মধ্যে উল্লেখযোগ্য—Elements of Metaphysics. বেদান্ত-শান্তের উপর তাঁহার তুইখানি রচনা পাওয়া যায়—একথানি 'বেদান্তদর্শন' সম্বন্ধে (১৮৮৩), অক্টটি 'বেদান্তস্ত্র' সম্বন্ধে (১৮৮৭)। হিন্দুদর্শন—বিশেষ-ভাবে বেদান্ত-দর্শনের প্রতি তাঁহার গভীর অহুরাগ ছিল। সংস্কৃত ভাষা ও সাহিত্যে তাঁহার পাণ্ডিত্য অসাধারণ।—১০ম খণ্ডে স্থামাজীর প্রবন্ধ ক্রইব্য।

ডারুইন—Charles Robert Darwin (১৮০৯—৮২) ইংরেজ বৈজ্ঞানিক। তাঁহার রচনাসমূহের মধ্যে উল্লেখযোগ্য—On the Origin of Species by means of Natural Selection or the Preservation of the Favoured Races in the Struggle for Life (১৮৫৯), The Variation of Animals and Plants under Domestication (১৮৬৮) ইত্যাদি।

ভাক্ষইন বিবর্তনবাদ প্রচারের জন্ম খ্যাত। তাঁহার মতে প্রাকৃতিক নির্বাচনই (Natural Selection) বিবর্তনবাদের মূলকথা। তিনি যোগ্যতম প্রাণীর বাঁচিবার অধিকারের উপর (Survival of the fittest) বিশেষ গুরুত্ব আরোপ করেন। তাঁহার মতে এই বিবর্তনবাদ একটি যান্ত্রিক প্রক্রিয়া।

পিথাগোরাস—Pythagoras (খৃ: ৬০০—৫১০) গ্রীক দার্শনিক। তাঁহার লিখিত রচনা কিছুই পাওয়া যায় না। পিথাগোরীয় সম্প্রদায় হইতেই তাঁহার মতবাদ কিছু কিছু জানা যায়।

পিথাগোরাসকে গ্রীক দর্শনের ইতালীয় শাথার প্রতিষ্ঠাতারূপে বর্ণনা করা হয়। তিনি প্নর্জন্মবাদে (Transmigration of souls) বিশাসী। সংখ্যাতত্ত্বের (Number) মূলবিষয়ে বহু গবেষণা করেন; ইহা হইতেই চরম সভ্যের (Ultimate Reality) শ্বরূপ নির্ণয় করিবার ইন্সিড পাওয়া যায় বলিয়া ডিনি বিশ্বাস করেন।

স্তোতী—Plato (খঃ পু: ৪২৭—৩৪৭) প্রাচীন গ্রীক দার্শনিক। তাঁহার উল্লেখযোগ্য রচনা—Apology; Crito; The Republic; Symposium; Phaedo; Phaedrus; Meno ইত্যাদি।

খনামধন্য প্রাচীন দার্শনিক সক্রেটিস্ প্রেটোর শিক্ষাপ্তক। থেটোর দর্শনে সক্রেটিসের প্রভাব উল্লেখযোগ্য। দর্শনের সহিত গণিতশাল্পের যে ঘনিষ্ঠ বোগাযোগ আছে, তাহা প্রেটো সর্বপ্রথম তাঁহার দর্শনের মাধ্যমে প্রমাণ করেন। সঙ্গীত ও খাহ্যচর্চা দর্শনের একটি অপরিহার্য বিষয় বলিয়া তিনি উল্লেখ করেন। তাঁহার মতে আত্মার মধ্যে প্রজ্ঞাই (reason) আত্মার (soul) আসল রূপ। প্রজ্ঞারপ আত্মা দেহের সহিত যুক্ত হইলে কামনা ও অন্তান্ত বৃত্তির স্টনা হয়। আবার দেহে বিনষ্ট হইলে তাহাদের লোপ হয়। আত্মা অবিনশ্বর এবং তাহাকে জানাই হইল প্রক্রত জ্ঞান (wisdom)।

ফিক্টে—Johann Gottilieb Fichte (১৭৬২—১৮১৪) জার্মান দার্শনিক। তাঁহার রচনাপমূহের মধ্যে উল্লেখযোগ্য—Essay toward a Critique of All Revelation (১৭৯২), Introduction to the Science of Knowledge, The Natural Right, Science of Ethics (১৭৯৬—৯৮) ইত্যাদি।

ফিক্টে কাণ্টের দার্শনিক মতবাদ ধারা বিশেষভাবে প্রভাবিত। জ্ঞানের উপায় ও স্থরণ সহজে তিনি বৈজ্ঞানিক আলোচনা করিয়াছেন। বৈজ্ঞানিক জ্ঞানের (Scientific Knowledge) মূল স্ত্রগুলি ধরিয়া তিনি নীতিশাস্ত্র এবং সমাজতত্ত্বর উপর গ্রন্থ বচনা করিয়াছেন। তাঁহার মতে জীবাত্মার মধ্যে স্ক্রিয়া (active) এবং নিজ্ঞিয় (passive) এই চুইটি স্তর আছে। মন বা স্বহং (Ego) চরম তত্ত্ব। নৈতিক জীবনের পরিপূর্ণতার জ্ঞাই স্বহং নিজেকে বস্তরূপে বিক্ষিপ্ত করে।

বেন্থাম—Jeremy Bentham (১৭৪৮—১৮৩২) ইংরেজ দার্শনিক। তাঁহার রচনাদমূহের মধ্যে উল্লেখযোগ্য—Introduction to the Principles of Morals and Legislation (১৭৮৯), Deontology (১৮৩৪) ইত্যাদি।

প্রাচীন দার্শনিক এপিকিউরাদের (Epicurus) মতবাদকে যথাযথ সংস্থার করিয়া নব্যভাবধারায় পরিপুষ্ট করিয়াছেন। নীতিশাল্পক্ষ হিসাবেই বেন্থাম সমধিক পরিচিত। স্থী হইবার পছার মধ্যে তিনি নীতিশাল্পের মূল স্থাবিদ্ধার করিয়াছেন। তাঁহার মতে সর্বজনীন স্থথ বা সর্বাধিক মাহ্বের স্বাধিক স্থা (greatest happiness of the greatest number) মাহ্বকে জীবনের চরম মৃক্তির পথ লাভ করিতে সাহায্য করে। এই সর্বজনীন স্থথ যত তীত্র এবং দীর্ঘহায়ী হইবে, ততই তাহার নৈতিক মূল্য বৃদ্ধি পাইবে।

মিল—John Stuart Mill (১৮০৬—৭৩) ইংরেজ দার্শনিক। তাঁহার রচনাদমূহের মধ্যে উল্লেখযোগ্য—System of Logic (১৮৪৩), Utilitarianism (১৮৬৩), An Examination of William Hamilton's Philosophy (১৮৬৫) ইত্যাদি।

জন স্টুয়ার্ট মিল পিতা জেমস্ মিলের দার্শনিক মতবাদের দারা বিশেষভাবে প্রভাবান্থিত। দার্শনিক হিসাবে মিল ইন্দ্রিয়কেন্দ্রিক জ্ঞানের উপর বিশেষ গুরুত্ব আর্থ্যোপ করিয়া থাকেন। বৈজ্ঞানিক গবেষণার মূল পদ্ধতি (Methodology of Sciences) সম্পর্কে তিনি অনেক আলোচনা করেন।

ম্যাক্স মূলার—Friedrich Maximillian Muller (১৮২৩—১৯০০)
বিখ্যাত ভাষাতত্ত্বিদ্ জার্মান পণ্ডিত। তাঁহার রচনাসমূহের মধ্যে উল্লেখযোগ্য
History of Ancient Sanskrit Literature, Sacred Books of the East, Science of Language ইত্যাদি। সংস্কৃত ভাষায় তাঁহার জাগাধ পাণ্ডিত্য ছিল। তিনি সায়নাচার্যের ভাষ্য-সহিত ঋথেদের একখানি সংস্করণ প্রকাশ করেন। অক্সফোর্ড বিশ্ববিত্যালয়ে আধুনিক ভাষার অধ্যাপক নিযুক্ত হন।—১০ম খণ্ডে স্বামীকীর প্রবন্ধ দ্রেইব্য।

ম্যাসপেরো—Sir Gaston Camille Charles Maspero (১৮৪৬—১৯১৬) ফরাসী মিশরভত্ববিদ্ (Egyptologist)। তিনি প্রাচীন ইতিহাস সম্পর্কে অনেক প্রামাণ্য গ্রন্থ রচনা করেন।

লেসীং—G. E. Lessing (১৭২৯-৮১) জার্মান দার্শনিক ও দাহিত্যিক। তাঁহার উল্লেখযোগ্য রচনা—Collected Works (6 Vo!- umes, ১৭৫৩-৫৫); Letters upon Current Literature (১৭৫৮)। তিনি দার্শনিক স্পিনোজার সর্বেশরবাদ (Pantheism) এবং লাইব্নিজের ব্যক্তিশাভদ্রাবাদের (Individualism) সমন্বয় সাধন করেন। পরবর্তী কালে কবি প্যেটে এবং শিলার বে ভাবধারায় সাহিত্য-জগৎ সমৃদ্ধ করিয়াছিলেন, লেসীং তাহারই প্রনা করেন।

শোপেনহাওয়ার—Arthur Schopenhauer (১৭৮৮—১৮৬০) জার্মান দার্শনিক। তাঁহার রচনাসমূহের মধ্যে উল্লেখযোগ্য—On Sight and Colours (১৮১৬), The World as Will and Idea (১৮১৯), The Two Fundamental Problems of Ethics (১৮৪১) ইত্যাদি।

শোপেনহাওয়ার নৈরাশ্রবাদী দার্শনিক। তাঁহার মতে অচেতন ইচ্ছাই (Will) আত্মা। এই ইচ্ছার মাধ্যমেই আত্মার অক্সান্ত মানদিক ক্রিয়াগুলি স্থামন ও পরিপুষ্ট হয়। এই পরিদৃশ্যমান জগৎ আমাদের ইচ্ছারই বহিঃপ্রকাশমাত্র।

শেশার—Herbert Spencer (১৮২০-১৯০৩) ইংরেজ দার্শনিক। উল্লেখযোগ্য রচনা—Principles of Psychology (১৮৫৫), First Principles (১৮৬২), Principles of Biology (১৮৬৪-৬৭), Principles of Ethics (১৮৭৯), Principles of Sociology (১৮৭৬) প্রভৃতি।

হার্বার্ট স্পেন্সার অজ্ঞেয়বানে (Agnosticism) বিশ্বাসী। তাঁহার প্রণীত First Principles নামক গ্রন্থে তিনি এই মতবানের অবতারণা করেন। তাঁহার মতে—এই পরিদৃশ্যমান জগতের প্রথম এবং প্রধান কারণ সম্বন্ধে স্পষ্টরূপে কিছুই বলা সম্ভব নয়। তাহাকে তিনি অজ্ঞাত এবং অজ্ঞেয় (Unknown and Unknowable) বলিয়া বর্ণনা করিয়াছেন।

হাক্সলি—Thomas Henry Huxley (১৮২৫-৯৫) ইংরেজ প্রাণি-ভত্তবিদ্। তাঁহার রচনাসমূহের মধ্যে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য—On the Anatomy and Affinities of the Family of Medusae; The Origin of Species (১৮৫৯), Man's Place in Nature (১৮৬৩).

হাক্সলি প্রথমজীবনে চিকিৎসকরপে রাজ-নৌবহরবিভাগে ষোগদান করেন (১৮৪৬)। অভঃপর জলজ জীবদেহসমূহের গবেষণায় তিনি বিশেষভাবে মনঃসংযোগ করেন। জীবনের শেষ দশ বৎসর তিনি দার্শনিক এবং ধর্মীয় দমভাদম্ছের আলোচনা করেন। তবে দার্শনিক অপেকা বৈজ্ঞানিক হিদাবেই তিনি সম্বিক পরিচিত।

হিউম—David Hume (১৭১১-৭৬) ইংবেজ দার্শনিক। প্রধান বচনাগুলির মধ্যে উল্লেখযোগ্য—Treatise on Human Nature (১৭৬৪-৬৭), Enquiry Concerning Human Understanding (১৭৪৮), An Enquiry Concerning Principles of Morals (১৭৫১) ইত্যাদি।

তাঁহার দর্শন প্রত্যক্ষবাদ (Empiricism) বলিয়া পরিচিত। তিনি একজন সংশয়বাদী দার্শনিক। তিনি তাঁহার পূর্ববর্তী দার্শনিক লক (John Locke) এবং বার্কলির (Bishop Berkeley) মতের কিছু কিছু ফটি সংশোধন করিয়াছেন। প্রচলিত কার্যকারণবাদ হিউম অস্বীকার করেন।

ত্তেকল—Karl Haeckel (১৮৬৪—১৯১৯) জার্মান বৈজ্ঞানিক। তাঁহার প্রধান রচনাদমূহের মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য—Die Radiolarien—(১৮৬২), Deep Sea Medusae (১৮৮২)।

তিনি ডারুইনের বহু মত গ্রহণ করেন এবং তাহার সহিত জার্মান দার্শনিক ওকেনের (Oken') মতবাদগুলির সমন্বয় সাধন করেন। জার্মানিতে ডারুইনের মতবাদ সাধারণের উপযোগী করিয়া প্রচার করিবার ব্যাপারে তিনি বিশেষ অগ্রনী ছিলেন। তিনি জড়বাদমূলক একত্বাদে (Materialistic Monism) বিখাদী; বিরোধী পক্ষ ইহার তীব্র সমালোচনা করেন।

হেগেল—Georg Wilhelm Friedrich Hegel (১৭৭০—১৮৩১)
জার্মান দার্শনিক। তাঁহার প্রধান রচনাগুলির মধ্যে উল্লেখযোগ্য—
Phenomenology of Spirit (১৮০৭), Logic (১৮১২), The
Outlines of the Philosophy of Right (১৮২১) ইত্যাদি।

হেগেলের মতবাদকে 'বিজ্ঞানবাদ' অথবা 'পরমচেতনবাদ' বলিয়া বর্ণনা করা হইয়াছে। হেগেলের মতে পরম চেতন সন্তা (Absolute) সমগ্র বিশের অন্তর্নিহিত সত্য। চিন্তা বা প্রজ্ঞা এই পরমের অরুণ। গতিশীলতাই ইহার প্রধান লক্ষণ। দার্শনিক তত্ত্বের ভিত্তিতে হেগেল ধর্ম, শিল্প ও বিজ্ঞানের সমন্বয় সাধন করিয়াছেন। হেগেলের মতে এই পরমের মধ্যেই আমরা সত্যা, শিব ও স্ক্রের সার্থক অভিব্যক্তি দেখিতে পাই। নয়, প্রতিনয় ও সমন্বয় (Thesis—Antithesis—Synthesis)—এই ত্রিভঙ্গ নিয়মে ইহার গতি হয়।

ত্ত্রোডোটাস—Herodotus (খৃ: পৃ: ৪৮৫-৪২৫) গ্রীক ঐতিহাসিক। তাঁহার রচনাসমূহের মধ্যে সর্বাপেকা উল্লেখযোগ্য—History. এই গ্রন্থটি রচনা করিয়া হেরোডোটাস 'ইতিহাসের জনক' আখ্যা লাভ করিয়াছেন।

ভ্যারিসন—Frederick Harrison (1831—) তিনি লওনের অক্সকোর্ডে শিকালাভ করিয়া কিছুকাল শিক্ষতা করিবার পর তিনি আইন
ও রাজনীতি ক্ষেত্রে যোগ দেন। ধর্মশংক্রাস্তবিষ্কার তিনি একজন দৃইবাদী
(Positivist) এবং রাজনীতিতে উদারপদী (Liberal) ছিলেন, বহু
পত্রিকায় ধর্ম ও রাজনীতি বিষয়ে তাঁহার হৃচিন্তিত ও হৃলিথিত
অভিমত পাওয়া যায়। তাঁহার লিখিত রচনাসমূহের মধ্যে উল্লেখযোগ্য
The Meaning of History, Order and progress, Lectures
on education, Byzantin 2 History.

প্রাচ্য বা ভারতীয় দর্শন প্রধানতঃ ছুই ভাগ—বৈদিক (মড্ দর্শন) ও অবৈদিক (নাজ্ঞিক দর্শন), ছুইটিই এখানে সংক্ষেপে আলোচিত হুইল।

ষড় দর্শনের সংক্ষিপ্ত পরিচয়: তায়, বৈশৈষিক, সাংখ্য, যোগ, পূর্ব মীমাংসা ও বেদান্ত (উত্তরমীমাংসা)—ভারতীয় দর্শনের এই ছয়টি দর্শনকে একত বড় দর্শন নামে অভিহিত করা হইয়া থাকে। এই ছয়টি দর্শনের প্রত্যেকটিই আন্তিক অর্থাৎ এগুলিতে বেদের প্রামাণ্য সীকৃত হইয়াছে।

(১) স্থায় ও বৈশেষিক: স্থায়দর্শন ও বৈশেষিক দর্শন এই উভয় দর্শনকে একত্র স্থায় বৈশেষিক বলা হইয়া থাকে। স্থায়দর্শনের প্রণেভা মহর্ষি গৌতম এবং বৈশেষিক দর্শনের প্রণেভা কণাদ।

ভাষদর্শনের সর্বাপেক্ষা উল্লেখযোগ্য গ্রন্থ গোভম-প্রণীত 'ভাষ্থপ্রও' এবং এবং বৈশেষিক দর্শনের—কণাদের বৈশেষিক-প্রত্ম। বাংশ্যায়ন ভাষ্যপ্রের ভাষ্য রচনা করিয়াছেন (চতুর্থ শতক)। বৈশেষিক প্রেরে ব্যাখ্যা না করিয়ান্ত প্রণন্তপাদ ভাষ্য রচনা করিয়াছেন (পঞ্চম শতক)। ইহা ব্যতীত ভাষ্য-বৈশেষিক দর্শনের প্রকরণ-গ্রন্থ হিদাবে বিশ্বনাথ ভাষ্যপঞ্চাননের 'ভাষা-পরিছেদ' পাওয়া যায়। ভাষ্মদর্শনকে ভিত্তি করিয়া রচিত উদয়নের 'কুম্মাঞ্চল' ভাতি প্রাচীন এবং বিশেষ উল্লেখযোগ্য গ্রন্থ।

বৈশেষিক-দর্শন স্থায়দর্শন অপেকা প্রাচীন এবং এই তুইটি দর্শন পৃথকরূপেই

রচিত হইরাছিল। কিন্তু উভরের মূল প্রতিপাত বিষয় এক হওয়ায় পরবর্তা কালে ইহারা একত্র আলোচিত হইয়াছে। এই ছইটি দর্শনই বস্তুতন্ত্রবাদী। আবার এই ছইটি দর্শনেই বহুতত্ত্বাদ স্বীকৃত। বৈশেষিক দর্শনে সপ্ত পদার্থ এবং পরমাণ্বাদের সাহায্যে সমগ্র জগৎস্ক্তির ব্যাখ্যা করা হইয়াছে এবং ইহা ত্যায়দর্শনেও স্বীকৃত হইয়াছে।

ন্তায়দর্শনের বৈশিষ্ট্য এই ষে, প্রমাণভাগই ইহাতে মুখ্যস্থান লাভ করিয়াছে।
ন্তায় ও বৈশেষিক এই উভয় দর্শনেই ঈশবের অন্তিত্ব স্বীকৃত ও প্রমাণিত
হইয়াছে। 'ন্তায়' অর্থে আমরা যুক্তিতর্ক বুঝিয়া থাকি। বিচার-বিল্লেষণের
উপর গুরুত্ব দেওয়া হইয়াছে বলিয়া এই দর্শনের নাম 'ন্তায়দর্শন'।

'বৈশেষিক' শকটি 'বিশেষ' হইতে উদ্ভুত। বিশেষ অর্থে নিত্যদ্রব্যসমূহের পরস্পর-ভেদক এক নিত্যপদার্থ বৃঝায়। বৈশেষিক দর্শনে আমরা দেখিতে পাই, সমগ্র বিশের মূল তত্ত্ব হিসাবে ঐক্য অপেক্ষা বৈচিত্র্যের উপর গুরুত্ব দেওয়া হইয়াছে। 'বিশেষ' পদার্থ স্বীকার করা হয় বলিয়া এই দর্শনকে বৈশেষিক দর্শন বলা হয়।

(২) সাংখ্য ও ষোগ: সাংখ্য দর্শনের প্রণেত। মহর্ষি কপিল এবং যোগদর্শনের প্রণেতা পতঞ্জলি। সাংখ্যদর্শনের সর্বাপেক্ষা উল্লেখযোগ্য গ্রন্থ 'সাংখ্যকারিকা' এবং কণিলের 'সাংখ্যত্ত্ত্র'। বোগদর্শনের পতঞ্জলি-কৃত 'যোগত্ত্ত্র'
বিশেষ উল্লেখযোগ্য। ইহা ব্যতীত ব্যাস-কৃত 'যোগ-ভাষ্য' এবং বিজ্ঞানভিক্ষ্কৃত 'যোগ-বার্তিক', বাচম্পত্তি-কৃত 'তত্ত্বিশারদী' উল্লেখযোগ্য।

সাংখ্যদর্শনের নামকরণ সম্পর্কে বছবিধ মত রহিয়াছে। কাহারও মতে 'সংখ্যা' শব্দের অর্থ 'সম্যুগ্ জ্ঞান', কাহারও মতে ইহাতে প্রকৃতির চতুর্বিংশতি-সংখ্যক তত্ত্ব রহিয়াছে বলিয়া ইহার এ নাম।

যোগ-দর্শনে অন্ত যোগালের দাহায্যে মোক্ষ বা সমাধি লাভের পদ্ধা বণিত হইয়াছে। যোগদাধনার উপর প্রাধান্ত দেওয়া হইয়াছে বলিয়া ইংাকে 'যোগদর্শন' বলা হইয়া থাকে।

সাংখ্য ও যোগ এই উভয় দর্শনেই হৈতবাদ স্বীকৃত; পুক্ষ-সহ পঞ্-বিংশতিত্ব-সাহায্যে জগতের স্কৃষ্ট ও প্রালয় ব্যাখ্যা করা হইয়াছে। এই দর্শন ছইটির মধ্যে একমাত্র পার্থক্য—সাংখ্যদর্শনে ঈশ্বর স্বীকৃত হন নাই, কিন্তু যোগদর্শনে জ্ঞানীগুরুত্বপে ঈশ্বর স্বীকৃত। অপর সকল বিষয়ে এই ছুইটি দর্শন সদৃশ বলিয়া যোগদর্শনকে 'দেশর সাংখ্য' নামেও অভিহিত করা হয়।

(৩) পূর্বমীমাংসা ও উত্তরমীমাংসা: পূর্বমীমাংসাস্ত্রের প্রণেডা জৈমিনি এবং উত্তরমীমাংসা বা বেদাস্তস্ত্রের প্রণেডা ব্যাসদেব। জৈমিনির মীমাংসা স্ত্রের উপর শবরস্বামী ভাষ্য এবং ভাষ্যের উপর কুমারিল বার্তিক ও প্রভাকর বৃহতী টীকা প্রভৃতি রচনা করেন। আচার্য শঙ্কর রামামুদ্ধ প্রভৃতি ব্যাসের বেদাস্তস্ত্রের ভাষ্য রচনা করিয়াছেন।

'মীমাংনা' শব্দের অর্থ হইল সদ্বিচার ও সমন্যার সমাধান। পূর্বমীমাংনা ও উত্তরমীমাংনা—এই উত্তর দর্শনেই জাগতিক ত্ঃধন্মহের নির্দ্রন করিবার উপায় আলোচিত হইয়াছে। এই উত্তর দর্শনেই বেদের স্বতঃপ্রামাণ্য-প্রতাব বিশেষভাবে স্বীকৃত। কিন্তু পূর্বমীমাংনায় বেদের পূর্বভাগ কর্মকাণ্ড অর্থাৎ বেদবিহিত বাগ্যজ্ঞাহ্নচানের উপর প্রাধান্ত আবোপিত হইয়াছে। প্রাচীন মীমাংসকগণ বলেন, বেদবিহিত বাগ্যজ্ঞাদির অফুষ্ঠান দ্বারা স্বর্গপ্রাপ্তি হয়, এবং পরবর্তী কালের মীমাংসকদের মত—নিদ্বাম কর্ম ও আত্মজ্ঞান দ্বারা মোক্ষণাভ ঘটে। বেদণমূহের পূর্বভাগ অর্থাৎ কর্মকাণ্ডের উপর প্রাধান্ত আরোপ করার জন্ত এই মীমাংসাদর্শনকে 'পূর্বমীমাংসা' বলা হইয়া থাকে। অপর পক্ষে উত্তরমীমাংসাদর্শনে বেদের উত্তরভাগ বা জ্ঞানকাণ্ডকেই প্রাধান্ত দেওয়া হইয়াছে। আত্মাহভৃতিই এই দর্শনের মৃত্ত প্রতিপাত্য। এই দর্শনকে 'বেদান্তদর্শন' বলা হইয়াছে, কারণ ইহা বেদের অন্তভাগ বা উপনিষদ। উপনিষদই বেদান্ত। আবার কাহারও মতে বেদের সারতক্ব অর্থাৎ ব্রক্ষের স্বরূপ বেদান্তদর্শনে আলোচিত হইয়াছে বলিয়াই ইহাকে ঐ নামে অভিহিত করা হয়।

মীমাংসা-দর্শনে বেদের প্রামাণ্য পূর্ণরূপে স্বীকৃত হইয়াছে। এই মতে বেদ অপৌক্ষয়ে ও নিত্য। মীমাংসা-দর্শনে বেদের কর্মকাণ্ডের অর্থবিচার করা হইয়াছে; বেদান্তে বেদের জ্ঞানকাণ্ডের অর্থ আলোচিত হইয়াছে।

বেদাম্বদর্শনে ব্রহ্মই একমাত্র সভ্য বলিয়া স্বীকৃত। জীব, জগৎ ও স্প্তিকে ব্রহ্মে অধিষ্ঠিত বলা হইয়াছে। এই মতে ব্রহ্মজানলাভই মোক্ষলাভ। অবৈদিক নান্তিক দর্শনঃ চার্বাক, জৈন ও বৌদ্ধ এই তিনটি দর্শন বেদ অস্বীকার করে, ইহারা বেদ-বিরোধী।

(১) চার্বাকদর্শন: লোকান্বত দর্শন নামেও পরিচিত—জড়বাদী, ও দেহাত্মবাদা। কেহ কেহ 'বৃহস্পতিস্ত্র'কে এই দর্শনের মূল বলেন; ইহা পাওয়া ধায় না, অক্সাক্ত প্রস্থে কিছু কিছু উদ্ধৃতিমাত্ত্র পাওয়া ধায়। চার্বাক কোন ঋষির নাম কিনা সন্দেহ, 'চাক্র বাক্ ধত্র' এই ভাবেই 'চার্বাক' শব্দ নিম্পন্ন। 'চর্ব্ ধাতু হইতেও চর্বক বা চার্বাক শব্দ নিম্পন্ন হয়।

এই দর্শন অহুসারে ইহজগতের উন্নতিই সব, স্থভোগই পরম-পুরুষার্থ; 'দেহ-মন-ইন্দ্রিয়'-ব্যতিরিক্ত আত্মা এবং পরলোক অত্মীকৃত; প্রত্যক্ষ ব্যতীত অক্স কোন প্রমাণ নাই। আধুনিক জড়বাদিগণও অনেক দিক দিয়া এই ভাবেরই ভাবুক।

(২) জৈনদর্শন: ঋষভদের প্রভৃতি জিন-প্রবর্তিত, মহাবীর-প্রচারিত; 'তথাধিগমস্ত্র' মূল গ্রন্থ। জৈনদর্শনের উপর বহু গ্রন্থ হিচত হইয়াছে, এখনও পাওয়া যায়। জৈনদের তুই সম্প্রদায়—খেতাম্বর ও দিগম্বর।

জৈনদর্শনে আত্মা দেহাতিরিক্ত, কিন্তু সাবয়ব, দেহপরিমিত, সংখাচ-বিকাশশীল; ঘাতী (পাপ) কর্ম ছারা শরীরে বদ্ধ হয়; পুণ্যকর্ম (সম্যক্ চারিত্র) ছারা মৃক্ত হয়। মৃক্তিতে আত্মার দেহবন্ধন চলিয়া যায়, এবং অনবরত উর্ধলোকে গতি হয়।

(৩) বৌদ্ধদর্শন: তথাগত বৃদ্ধ-কর্তৃক প্রচারিত, তাঁহার পূর্বেও বৌদ্ধমত ছিল; 'ত্রিপিটক' বৌদ্ধদের প্রধান গ্রন্থ। বৌদ্ধদর্শন প্রধান চারিটি মতে বিজ্জ-সৌত্রান্তিক, বৈভাষিক, যোগাচার ও মাধ্যমিক বা শৃত্যবাদ। প্রথম তিন মতে আত্মা ক্লিকবিজ্ঞানম্বরূপ, শেষ মতে আত্মা শৃত্য। মাধ্যমিক মতের সহিত অধৈত মতের কিছু কিছু সাদৃশ্য আছে। তবে অবৈত্যতে আত্মা সং।

সংক্ষিপ্ত তথ্য ও টীকা

পৃঠা—পঙ্ক্তি

- ভ । 'ইল্রো মায়াভি: …'—বৃহ, উপ, ২।৫।১৯
 - ১৮ 'নীহারেণ প্রাবৃতা…'—কুয়াশার মতো অজ্ঞানের দ্বারা আবৃত হইয়া জীবগণ মনে করে, 'আমি কর্তা, আমি ভোক্তা'; ইহলোকে স্থভোগ ও পরলোকে স্বর্গভোগ করিবার জ্ব্য যজ্ঞে নানা প্রকার স্থোত্র উচ্চারণ করে।
 - ৪ ১ 'মায়ান্ত প্রকৃতিং বিছাৎ…'—বেতান্ম. উপ. ৪।১০
- ২ 'নেই সর্বব্যাপী প্রাণতত্ত…'—প্রশ্ন উপ. ২।৫-১৩
 ৮ 'জীব চন্দ্রলোক হইতে পৃথিবীতে আদে।'—বৃহ. উপ. ১৬।২।১৬
 ছান্দোগ্য উপ. ৫।১০।৪
- ৮ ২২ 'স্বৰ্ণলোম' (Golden Fleece): গ্ৰীকপুরাণের গল্প,—এখানে অপ্রাণ্য বা তৃত্থাপ্য কোন কিছুর অমুসন্ধান।
- ২৪ ২২ 'আপনারা সকলেই···জলপ্লাবনের গল্প জানেন'—নোয়া (Noah)-র গল্পের জন্ম দ্রষ্টব্য O. T. Genesis, Ch. 7.
- ৩৭ ৩ 'একজন দিখিজয়ী সমাট একবার ভারতবর্ষ আক্রমণ করেন'— এখানে আলেকজাগুারের কথাই বন্ধ হইতেছে।
- ৩০ ২৩ 'হে সথে, কেন রোদন করিতেছ ?…'—তুলনীয়:
 কিং নাম রোদিষি সথে ন চ তে স্বরূপম্

কিং নাম রোদিষি সথে ন চ তে বিরূপম্। কিং নাম রোদিষি সথে ন চ তে বয়াংসি

জানাম্ভং সমরসং গগনোপমোহ্ছম্॥' অবধৃত্গীতা, ৩।৩৫

- ৪১ ১৫ 'হিন্দুগণ বিশেষের প্রতি বড় মন দেন না।'—সামান্তের প্রতিই তাহার দৃষ্টি। 'ষথা তুন্দুভেইন্সমানক্ত' দ্রষ্টব্য বৃহ. উপ. ২।৪।৭-১১
- ৪৬ ২০ 'বাহারা অত্যন্ত ধার্মিক, তাঁহাদের মৃত্যু হইলে…' ঐ ৬৷২৷১৫ ছান্দোগ্য উপ. ৫৷১০৷১-২
- ৪৭ ১১ 'বাঁহারা অভিশয় ছবু তা, ভাহাদের মৃত্যু হইলে'—এ ৫।১০।৭
- ৪৮ ১৮ 'আর চন্দ্রলোকের পথকে 'পিতৃযান' বলৈ'—এ ৫।১০।৩-৪ বৃহ. উপ. ৬৷২৷১৬
- ৪৯ ৭ 'একটি জলস্ক মশাল'—জলাতচক্ৰ দৃষ্টাস্ক, মাও ক্য কারিকা, ৪।৪৭
- ৫৭ ৫ 'প্রাক্তন কর্মের বেগ'—সাংখ্যকারিকা ৬৭
- ৭১ ১ ট্যাণ্টালাস: গ্রীক প্রাণে জিউদের পুত্র। অমৃত চুরি করার অপরাধে জাঁহাকে শান্তি দেওয়া হয়—য়্রদে তিনি ওর্চ পর্যন্ত নিমজ্জিত, কিন্তু জল পান করিতে গেলে জল নামিয়া যায়; উপয়ে

275

५७२

পৃঠা--পঙ্ক্তি

স্থনর স্থনর ফল ঝুলিতেছে, হাত বাড়াইতে গেলে সেগুলি উঠিয়া যায়।—স্থত্থ ও অপুরণীয় বাসনার দৃষ্টাস্ক।

৮৫ ১৩ 'বৃদ্ধদেব বোধিবৃক্ষের নিম্নে বসিয়া দৃঢ়ম্বরে যাহা বলিয়াছেন'—
'ইহাসনে শুয়তু মে শরীরম্' ইত্যাদি—ললিতবিশুর

৮৮ । মোহন বংশীবাদক: ইংরেজ কবি রবার্ট ব্রাউনিং-রচিত 'The Pied Piper of Hamelin' কবিতা স্মরণীয়।

১০৮ ২৩ 'কিছ তাঁহার অন্তরক শিগুদিগকে আরও থোলাথ্লিভাবে বলিয়াছিলেন'—এ-বিষয়ে ৪০৫ পৃষ্ঠায় ১৩-১৭ পঙ্কি ত্রষ্টব্য।

১০৯ ১৫ 'অন্তি নান্তি কিছুই ছিল না'···নাসদীয়স্ক ত্রন্তব্য 'নাসদাসীয় যদাসীত্তদানীং'—ঋথেদ ১০।১২৯।১

১১৩ ২১ কল্প: পুরাণমতে ৪,৩২,০০,০০,০০০ বংসরে ব্রহ্মার দিবস ও স্টিকাল। অফুরূপ কাল রাত্তি, উহা প্রলয়কাল। এই দিবস ও রাত্তিতে এক কল্প।

১১৭ ন উদ্দেশ্যবাদ (Design Theory): জগতের স্ষ্টিকৌশল দেখিরা ইহার পশ্চাতে যে একজন জ্ঞানসম্পন্ন ব্যক্তি বা ঈশ্বর আছেন, তাহা বোঝা যায়। ২৭ 'আমরা ঈশ্বর হইতে আদিয়াছি'—

'তত্মান্ধ দেবা বহুধা সম্প্রস্তাঃ' ইত্যাদি মুগুক ২।১।৭-৮-৯

১৭ 'ত্মিই পুরুষ তুমিই স্ত্রী'—'ত্ব: স্ত্রী ত্বং পুমানদি' থে. উপ. ৪।৪ ১৭ 'আমেরিকায় একজন বিখ্যাত অজ্ঞেয়বাদী বক্তা'—

মিঃ ইঙ্গারসোল, ৭ম থণ্ডে ব্যক্তিপরিচয় ভাইব্য।

১৮৬ ৮।৯ 'শ্রেয়:' ও 'প্রেয়:': শ্রেয়: অর্থাৎ নিংশ্রেয়দ বা মৃক্তি; প্রেয়: অর্থাৎ ভোগ্য প্রিয়বস্থ।

১৮৯ ১৬ 'रेन(नां शाम ": N.T. गांश् e--- १, नाक ७: २०-८२

১৯৩ ২৭ 'ওঁকারের অভিশয় মহিমা…'—ওঁকারতত্ত্ব, মাণ্ড ক্য উপ. দ্রষ্টব্য। ২০৯ ২১ স্বারাজ্যসিদ্ধিঃ আচার্য শহরের অন্ততম প্রধান শিশু স্থরেশরাচার্য-ক্যুত বেদাস্কগ্রন্থ।

২৩২ ৯।১০ 'জড়বিজ্ঞানও ইহাই ঘোষণা করিতেছে'—সাধুনিক বিজ্ঞানের মতে সকল বস্তুই বিদ্যুৎশক্তি (কণা)র বিভিন্ন সংস্থান।

২৬০ ৫ 'জ্ঞানলাভের হুইটি মূলস্ত্র আছে' — আরোহ (Inductive) ও অবরোহ (Deductive) পদ্ধতি।

২৬২ ৭৮ 'শৃশু হইতে স্টি···উপহাসের বিষয়'— শৃশু হইতে শৃশুই আসিতে পারে, 'Ex nihilo nihil fit' শৃশু হইতে পদার্থ স্টি কোন দর্শনই স্বীকার করে না।

পৃষ্ঠা-পঙ ্ক্তি

- ১২ 'প্রাচীন বৌদ্ধগণ এইরূপ জীবাত্মা স্বীকার করিবার…' বুদ্ধপ্রদন্ত শিক্ষা হইতেই বৌদ্ধদৰ্শনে 'অনন্তাবাদ'-এর স্ত্রপাত।
- ১০ 'বেদে পাঠ করি: উর্ণনাভ ষেমন…' ইত্যাদি, মুগুক উপ. ১৷১৷৭
 ৯ 'জলম্ভ অগ্নি হইতে ষেমন লক্ষ লক্ষ ফ লিক'—এ ২৷১৷১ 600
- ७०२
- ণ 'ধধন হৃদয়ের সকল কামনা পরাভূত হৃইবে'—'ধদা সর্বে প্রমৃচ্যন্তে 600 কামা: ষেহস্ম হৃদি শ্রিতা:…' ইত্যাদি কঠ উপ. ২া৩/১৪
- ২৩ 'নেফেস' অথবা 'রুয়াখ': হিব্রুদের ভাষায় আত্মার প্রতিশব্দ **9** 'নেফেশ' (nephesh, naphsha, nefs = breath) বছ অর্থ-পরিবর্তনের মধ্য দিয়া গিয়াছে, প্রথমত ইহার অর্থ ছিল 'বায়ু বা প্রাণবায়'। **আত্মার আর একটি** প্রতিশব্দ 'ক্লয়া' (ruah = spirit), তাহারও মৃল অর্থ 'প্রবল বায়ু' (wind)
- ভঽত ১৫ ইন্থার : বা ইন্ডারত—৬র্চ থতে ১১৪ পৃষ্ঠা দ্রষ্টব্য ।
- ৫ ওসিরিস: বা অসিরিস—৬ষ্ঠ খণ্ডে ১১৪ পু: দ্র:। ৩২৬
 - ২৭ এপুলিয়াদ (Apuleius ১২৫ ? খৃঃ) রোমীয় লেখক ও দার্শনিক। প্রাচ্যদেশসমূহে ভ্রমণ করিয়া তিনি জ্ঞান আহরণ করেন।
- ১৭ জগজপ যন্তের নির্মাতা (Deus ex Machina): ১৩১ প্রাচীনকালে গ্রীদে নাট্যাম্ছানে অভিনয় সংক্রাম্ভ অস্থবিধা স্থষ্ট হইলে মঞ্চে ঈশবের অবতারণা করিয়া অস্থবিধা দূর করিবার প্রথা প্রচলিত ছিল। দর্শনের কেত্রে শক্টির অর্থ—কোন কটকল্পনা বা অসকত কল্পনা। তথ্যগত অস্থ্ৰিধা হইলে দাৰ্শনিকগণ যে ঈশ্ব কল্পনা করিয়া দেই অস্থবিধা দূর কারতে চেষ্টা করেন, তাহাকে 'Deus ex Machina' বলা হয়।
- ১১ 'সকল কৰ্মই এভদতিরিক্ত কাহারও জন্ম হইতে বাধ্য'---285 'দংহতানাং পরার্থতাং…' সাংখ্যকারিকা ১৯৷২০
- ৫ 'দেই শাশ্বত পুরুষ নিঃশাসের···'—বৃহ, উপ. ২।৪।৯ **988**
- ১৮ 'ছইটি পক্ষী একই বুক্তে…'—মুগুক, উপ ৩।১।১ 610
- ৬ 'ক্লানলাভের দোপানখেণী'—বিবেকচ্ডামণিঃ (১৮-৩২) দ্রষ্টব্য । 960
- ২০ সোলন ও ক্রিদাদ: সোলন (খু. পু. ৬-৭ শতক) এথেন্সের বিখ্যাত **U** 9 জ্ঞানী ও বাজনীতিবিদ্; ক্রিসাদ (খৃ. পু. ৬ শতক) লিডিয়ার ধনী রাজা। পারশুরাজ সাইরাদের নিকট পরাজিত হন।
- ১।২ মিনেন্দার, মিলিন্দ: পালি সাহিত্যে বিখ্যাত 'মিলিন্দপন্হ' জন্তব্য। 829
- ১ নিজ্পরীর: সপ্তদশ অবয়ব বিশিষ্ট স্ক্রশরীর। 'পঞ্চশা' ভত্তবিবেক 802 প্রকরণ বা 'পঞ্চীকরণ'-এর স্থরেশ্বরাচার্য-ক্বত বার্তিক উষ্টব্য ।
- ১৩ 'একজন যোগী'—পওহারীবাবা, ৮ম খণ্ডে প্রবন্ধ ভ্রষ্টব্য।

खग्नि—२८) ; -कृ*निव ७०*२ অজ্ঞান (মায়া দ্র:)—০৬, ১২৮, ৪৫৩ ष्य (ख्वत्रवोष — ১৮, ১৯, ৯৫, ১৫৫, २२७ অদৃষ্ট---১৩৪; -বাদ ৩৩৩ অবৈত—অবস্থা ৪৫৬; -জ্ঞান ৫৬, -ভক্ ২১৪, ৪১১; -দর্শন (दिनां छन्नेन छः) ४४৮, ४४२ ; -বাদ ৫১, ৯২, ১০২, ২১৬, ২৬৫, २৮১, ७०२, ७७১, ৪०৪, ৪১৫, 883, 860 অহৈতবাদী—৪৫, ৪৬, ৫০, ৯৫, ৯৮, ১০৬, ১০৭ ; ও ঈশ্বর ৩০৩-৪ ; ও মৃক্তি ৪১৪-৫; ও স্ষ্টিতত্ব ৪৫২ অনম্ভ--৩২ অপরোক্ষাহুভূতি---১৭৯, ২০২ অবিছা—৩৬, ৪৪৭ অব্যক্ত--- ৪৪৫ অভিব্যক্তি—তিনটি শুর ৪১৭ ব্দমৃতত্ব—১৩৬, ১৪৮ অর্জুন—२२०, ২২৫, ৩১৮, ৪০৭ 'অহং'—৩৫, ২০০ ; -কার ৩৭০-১ ; -ুক্তান ৪১৩, ৪৩**০**, ৩২ ; -প্রাস্থি २५२ অহিংদা—২৯৯

আকর্ষণ—৪২
'আকাশ'—৪১-৪৩ ৪৫, ২৯৪-৫;
–তত্ব ৪, ৫, ২৫৯, ৪৫১
আতিবাহিক দেহ—৪৫৮
আত্মবাদ—২১২
আত্ম-দম্মোহ দুরীকরণ—৪৫৭

আ্বা—২৭, ৪৫, ৫৩, ৭২, ৯০, ৯৭, >28, >8>, >9¢, >6, >6, >0°, २०४, २२०, २८२, २१५, २००, ७०*६-५०*, ७२५, ७७२, ८:•, ८८५ মিশরীয়গণের মতে ৩২২; ক্যান্ডিয়াবাদীদের মতে ৩২৩ আব্মিক শরীর—৩৯৮ আদমের পত্ন--২৪ 'আমি'— ৩০, ৩৩৭; ৩৪ 'আমার' ৩৫ ৯ কাঁচা ৪১৩; প্রকৃত ২৮৯ 'আমিত্ব' ৎ২ আরণাক—১০২, ৪৪২ আরুণি—২১৯ আর্নল্ড, এডুইন—১৭৯ আৰ্মান—৩২১ व्यामावान--१-५; -वानी ১० আন্তিক—২৯৩

ইন্ধারসোল, রবাট—১৬২
ইচ্ছাশব্দি—৯২-৩, ৩২৮-৯
ইথর—৪, ২৯৪, ৬৪৩
ইন্দ্র—৩, ৬৮, ৭০, ১৫০
ইন্দ্রিয়—৪৫, ১৪৪, ৩০৯-৪০, ৩৮৩-৪
ইন্ধ্যা—৩২৩
ইন্ধায়—৩২৬
ইন্থার—৩২৩

ঈশপ—১৭৫ ঈশা (ষীশু)—২৬; -শৈলোপদেশ ১৮৯, ২৬৭, ৩৯১; -অফুসরণ ২৩৬, ৩৭২ ঈশর—১৮, ৩৩, ৩৪, ৪৫, ৪৬, ৭৩, ৯৬, ১১৭, ১১৮, ১৪২, ১৪৮, ১৭২, ১৭৪, ২৫১, ২৫২, ২৫৩, ৩০০, ৩০১, ৩০৯-৩৪৭, ৩৭২, ৪১৫,৪৪৪,৪৪৫; -দর্শন ১৭৩, ১৭৫; -এর নিজ্প-ভাষ ২৪৯,২৬৪,২৬৯; সপ্তব ও নিজ্প ২৬৪, ২৬৯, ৪৫৩; সপ্তব ও নিজ্প ২০৫

উত্তর-মীমাংদা (বেদাস্ত ত্র:)—২১৪ উদ্দেশ্যবাদ—১১৭ উপনিষদ—२०, २०४, २०৫, २১०, २३८, ८८५, ८८२ ঈশ--- ১৬৮, ১৭১, ১৭৭-৭৯, ৪৪১ ঐভরেয়—: ৪৯, ১৫৮-৯, ১৬১ কঠ—২১, ২২, ৭৮, ৮৬, ১০৪, \$89, \$80, \$00, \$05 \$01, ১৫৮, **:**৫৯, ১৬০, ১৬১, ১৭৯, ١٩٥, ١٩٥, ١٩٥, ١٩٥, ١٩٥, ২০৩, ২৪৯, ৩৭৩, ৪৫৭; এর कोश्नी ১৮२-७, ১৮৫-७, ১৯৪ **কেন**—২৩৪ ছ্বন্দ্বিগ্য--৯৬, ১১১, ১৪৭, ২১৯, २७, २४०, २४२, २৫७, २৫३, २७०, २७४, ७१३, ८८७, ८८৮ তৈত্তিরীয়—৯৬, ১১৭, ১১৯, ৩৩৭, ৬৯৪ ,৬৫৬ वृष्ट्रमोत्रभाक—> ३१, ३१৫, २४७ মৃত্তক—৩৪৬, ৪৪৬, ৪৫৭ খেতাখতর—৪, ২০, ১১৯, ১৯১,

উপরতি — ৩৮৪ উপযোগবাদী — ১৯৮ উর্ণনান্ত—৩০১

₹60, 8€3, 8€9

`—७, ১৫১, ७२८; बांगमीय रुक्ड ১०२

একস্বাদ—২০০, ৪:৫
একমেবাদ্বিভাষ্ণ — ৬১, ৯৪, ৪০৪, ৪০৬
একাগ্রভা শক্তি—৪৪২, ৪৫৬
একেশ্ববাদ—২০, ২০৫, ২৬২
এপুলিয়াস—৬২৬
এবাহান—৪৬১, ৪৮১
এশিয়ার আলো'—৬৮৬

ওঁ—১৯৩, ৪০৪ ওডিন—১৯২ ওল্ড টেফী(মেণ্ট—২৪, ৬৬, ২৩৯

কপিল—8৫১; কম্তে—১৭৩ ১৭৩ ; -ভূমি ৪৭ , -রহস্ত ১১১,২২০ কল্ল--- ৪২, ৪৭, ১১৩, ৪৪৩-৪ कार्यकार्य-७०, २७, २४, २२, ३८, २१०; ७३१, ७८৮, ७८৮, ७८३ -সম্বন্ধ ১৪৫-৬ कान-७०, ১२৫ कूकरकज युक---२२६ कुंख (🗐)—७५, ৮১, २२०, ४०१ কোরানের নীতি—২৬৭ ६९० — र्गाक ক্যাল্ডিয়া—৩২১ ক্যাসপার—৩২৯ ক্রমবিকাশ (ক্রমোন্নতিবাদ দ্রঃ)—২৭, ١٠٠, ١١٥, ١٥٠, ١٥٩, ٦٩١; -वान >>, >००, २०५०८७, ४२८;

-वाकी ३२, ३३৫, ३३७

ক্রমনকোচ—২৭, ১৩৭, ২০১, ৩৪৭

এটি (ঈশা)—২০২, ২৬৬, ২৬৭, ২৮৪, ৪০৫, ৪৫৫; -ধর্ম সম্বন্ধে ভারতবাদীর ধারণা ৪৫৪

গতি—২৭০ গায়ত্তী-মন্ত্ৰ—৪৫৫ গীতা—৬৬, ৮৪, ১০৫, ১৩৪-৫, ২০৩, ২২০, ৩১৮, ৩৩৫, ৪০৭, ৪৬০

চন্দ্ৰ—২৪৯; -লোক ৪৬, ৪৭, ৪৮ চাৰ্বাক—৭৫; (দৰ্শন)৮০ চিকাগো-'ফেরিস্ হুইল'—৩১৬ চৈভন্য—১১৫, ১১৭-৮, ১১৯, ১২৩, ১৩৯, ১৪১-২, ৩২০

জগং—১০৯, ১৩৫, ১৮০, ৩০১
জন (ব্যাপ্টিস্ট)—২২৬
জন—১৪৫
জবালা—২৩৮
জলপ্লাবনের গল্প—২৪, ২৫
জড়বাদ—২১২, ৩৩৫
জাগ্রং, স্বপ্ন ও স্বয়ৃষ্ঠি—৬৯৫
জিহোবা—৬৬, ৬৮, ৭০
জীব—৬০০, ৩০২, ৬১৩, ৪১৫, ৪৪৫
জীবাত্মা—৪৬, ৪৭, ৯৯, ১৩৬, ২০৬,
২৭৩, ৩০২, ৬৪২, ৪৪৭
জীবনুক্ত—৫৭

বেশ্ব্র হণ বেলনো (Zeno)—8৫১ কোম্স্—৩৫ জ্ঞাতা—৩৩৭, ৩৪১ জ্ঞান—৪৪, ১২৮; এর তুই মূল স্ত্র

২৬০ কোও (বেদ দ্র:) ২৪৩,

জ্ঞানযোগ, ইহার লকণ—১৬১ জ্বেয়—৩৩৭

টমাস-আ-কেম্পিস—২৩৬
টিণ্ডাল—২৬
টেন্টামেন্ট—পুরাতন ২৪, ৬৬, ২০৯,
৩৯৪; নৃতন ১৭৫
ট্যান্টালাস—৭১

ভয়সন, অধ্যাপক—২৯৩ ডাক়ইন—২৬, ১১৪, ৩৯৭, ৪২৫

'তত্ত্মদি'—৬৪, ৯৬, ৯৭, ১৪৭, ২০৫, ২৬৫, ৩৬১ তিতিকা—৩৮৪-৫ ভাগি—২০০, ২০২

ত্রিষ্বাদ—৪১৫

দথ্ম—७२१, ७**৫**७

দম—৩৮৩-৪, ৩৯১

দম্জি—৩২৩

দক্ষিণামৃতিন্তোত্তম্—৩৭১

দক্ষিণাম্মন—২৪৪

তৃঃথ—৪০; -বাদ ১৫৪, ১৫৫, ৬৮৯

দেবখান—৪৮, ২২০, ২৪৪

দেবোপাসনা—১৯

দেশ-কাল-নিমিত্ত—৬, ৩০, ৫২, ৭৩,
৯২, ৯৩, ৯৭, ৯৯, ৩৪৮-৯, ৪০৫,
৪১৫, ৪৪৭

বৈত্বাদ—২১৫, ২১৬, ২৫৩, ২৭৮-

৩৬১-২, ৩৬৪, ৪১৫, ৪৪১, ৪৪৩, ৪৫০, ৪৫২-৩, ৪৫৬ বৈতবাদী—৪৫, ৪৬, ৫০, ১০৬-৭

92, 268, 266, 006, 086,

२०७-१, २४७, २३७, २३३, ७००,

82¢

863 :

७०२, ८४६ ; ७ मुक्ति—२३१-३৮, ৪১৪ ; -দের মতে ঈশর ২৯৫ জব্য**গুণু বিচার—**২৭৩ खहो--->१२ ধর্ম—১৭৪, ১৯৮, ৩৯৭; প্রত্যক্ষের বিষয় ১৮৮-৯; (বকরপী) ৩৩৫; সংগঠিত ২৬৬ ধর্মান্ধতা---১৭

নরক—-২৬৬ নাম-রূপ---৫২, ৯৯, ২৪৫-৬, ৪৩২, নারদ---৮১ নান্তিক—২৯৩

बिषिधामिब-ए५, ८०१ নিবৃত্তি—৬৮; -মার্গ ৪৫০ নিয়ুম—৩৯৩ बिदांगांवां --- १, ৮, ১०,

নিত্যানিত্য-বিবেক—৩৯০

नि छ वान--- २ ६ २ - ६ ० নিৰ্বাণ---২০৯ निर्वाप-यहेकम्---२५१, ४৫৮

'নেতি নেতি'—৪৫৪ ; বিচার প্রণাশী 8.0 নেফেস---৩২০

নেশামা-ত্ৰ -228, 882

পরম লক্য---৩৬১, ৩৭৩ পরমাণু—৩১, ১৪০, ১৪৪, ২৯৬; -कांत्रगवांनी---२०८ পরমাত্মা—-৩০২

পত্ৰলি---৪৫১, ৪৭১ পদার্থবিজ্ঞান--- ৪২ পরিণামবাদ--- १६२; - वां ही २०१ পল, সেন্ট---৩৯৮ 919-80, 85t

পার্চমেণ্ট—১৮৪ পিতৃ-যান---৪৮, ২২০ ; -লোক ২৪৪ পিথাগোরাস—৩২৬, ৪৫১

পুনর্জন্ম--১২৬, ৩১৮; -বাদ ১২৭, ১৩৩, ২৮০, ৩৩৫ পুরাণ---৪৫১

পুরুষ---৪৪৫ ; -নি:খাস ৩৪৪ প্রকৃতি—৪, ১৯, ২১, ৩৪, ৯০-৯১,

১০০, ৩৩৯, ৪৪৫ ; ও মাতুষ ৩৪৮-

প্রকেপ---88৩ প্রতীকোপাসনা—১৯

প্রভ্যক্ষামূভূতি—৬০, ৬২, ২৬৮ প্রত্যগাত্মা (জীবাত্মা দ্র:)—৩৪২ প্রবাহণ (किरानि)---२२०

প্রভাকবাদ---১৮৮; -বাদী ২৬৪

প্রবৃত্তি—🗫 ; -মার্গ ৪৫৩ প্রাক্তন কর্ম--৫৭

প্রাণ-৫, ৪২-৪৩, ৪৫, ২৪০, ২৯৪, ৩৪০, ৪৪৩; -ডত্ব—৫, -শক্তি ৩১১ ; -বায়ু ৩২০

প্রাণায়াম—৪১৯, ৪৫৪, ৪৫৬

প্রেম—২৩৩, ২৩৬ প্রেয়:--- ১৮৬

প্রোটোপ্লাজ্য---২৭

ফিকটে—৩২৮ ফাারিদি—৩২০

বক্লণ — ১৫০

वस्त---रेक्ट

वहर्ष अकष--->४२ ; -८कन ट्टेन 🏲 ২০৯ ; বিজ্ঞানের দৃষ্টিতে ২৩২

वहरमवर्गम---२०४

ব'শাহক্রমিক সঞ্চারবাদ—১৩১ वाहेरवन (टिक्टायिन्टे स:)-->>, २००, २०२, २०৮, २०३, ७२० বায়ুৰোক---39 বাদনা--> ৭০, ১৭২, ২০১, ৩৯৭ বান্তববাদ--- ৪ বিকৰ্ষণ---৪২ বিজ্ঞান-বাদ---৪, ১৮৮, -বাদী ২৬৪, বিহালোক---৪৬ বিবর্তনবাদ (ক্রমবিকাশবাদ ডাঃ)— विदवक---२०७ বিশিষ্টাবৈতবাদ—৩০৮, ৩৪৬, ৪৪৩, ८८७ ; -वानी ७००, ७०२ বি:শ্য ও সামান্ত—৪১ বিষয়ীকরণ—৯৬ বিষ্ণু---১৯৬ বিষ্ণুপুৰাণ--- ১৬, ৪২২ বীজাক্বরগ্রায়—৩৫০ बुष्य-२५, १६, ४६, ४०७, ४०४, ४०४, २०२, २७७, २७१, २*६७*, २৮8, 8 tb, 6 @ @ বদ্ধি —৪৪, ৪৫, ১২২, ২৩৫, ৩৪০-83, 888 ∢রদ—৪, ১৯৬, ২৪৩, ২3¢, ২৪**৮**, २৫२, २७৮, २०४, ७२৮, ४৫১; তুইটি প্রধান বিভাগ---৪২৪, ৪৪১ বেদান্ত-ত, ১৪-১৫, ১৯, ৭৪, ৮৬, a), a8, 308, 300-69, 360, ১৬২, ১৬**૧-৬৯, ১**৭১-**৭**8, ১**૧**9, २०२, २०३, २०४, २১७, २১৫, २,9, २२२, २२७-२४, २२৮-२०, २७६, २७१, २३६, २१५ ६२, २६६-€७, २१৮, २१२, २१৮, २৮**१**, २३३

व्यविष्ठ २४६; कर्मकीवत्न २४३-२०; - जगर्रक वार्षा करत्र २४) (वर्गाञ्चर्यन-१५, ৮१; इंट्रांब फ्रिक्ट ৪১; আলোচনা ৪০০; ও গীভা ৪০৭, ১৯৪ ; এর আরম্ভ ও শেষ ७>६; व्यामारामी वा विद्याश्चरामी **बग्न ३७, २४; সাংখ্য-দর্শনের সঙ্গে** প্রভেদ ৪৪৫ ; স্ক ৪৪৩ বেস্থাম—৩৭ देवब्रोगा—১१, ১৮७ বোধায়ন—৪৪৩ বে†ধি--৩৯২ ; -বৃক্ষ ৮৫ বৌদ্ধ প্ৰভাব —২৬২ ব্যাস-স্ত্র (বেদাস্তস্ত্র ড্র:)—৪৭৬ ব্রহ্ম--১১৪, ২০১, ২৩৯, ২৪০-৪১, २८६, २८৮, ७०३, ७১९; - श्रांतन ১৯০; ও জগৎ ৯২; -জ্ঞান ২৪০, -দর্শন, সর্বস্থিতি ১৬৬; -বিচ্ছা ২২০; -লোক ৪৬, ৪৮ ব্রহ্মচর্য---১ ১৩ ব্ৰদাহভূতি – ৪০০; কৰ্মজীবনে ২৪০ ব্রান্ধণ (বেদের অংশ)--৫, ১৬০, 882

ভক্তি—৪৫৪; -বাদে পাশ্চাত্য প্রভাব ৪৫৪; -বোগ ৪০২ ভাবাহ্যক্রিধান—১১৮

মধ্য — ৪৭৩
মন— ২৯-৩০, ৪৩, ৪৫, ২২-২৩, ১৪৬,
৩৪০-৪১, ৩৯৮
মন— ৩৮, ৪৫৭
মন্থ— ২৪, ২৫, ৪৬৭
মন্মি — ৩২২
মহং— ৪৩ ৪৫, ৪৪ং

সায়াবাদ—৩, ১৬, ৬৫, ৬৭, ২০৬ ৭, ৪৫০; ও বৌদ্ধশাস্ত্র ৪
মায়ী—৪
মিনেন্দার, (মিলিন্দ)—৪১৬
মিশ, জন স্ট রার্ট—২৬৯, ৫৯৭
মিশর—৩২১
মীমাংদা—২৯৪
মূক্তাত্মা—৪৬
মৃক্তি—১৮, ৪৭, ৭৮, ৫৩৭, ৩৫৬,
৩৬৮
ম্মক্ত —৩৯০

মৃশ্ক্ষ্ —৩৯০
মৃশা—২৬, ৩৯৪
মৃত্যু—৮, ২২, ১৪৫, ২০২
মেঘলোক—৪৭
মেটাফিজিক্যাল ম্যাগাজিন—৩১৮
মোলাস্ক—১৬ ২৭
মোহ—৩০৬
ম্যাক্স্পার—২৯০, ৩৯৭
ম্যাঞ্যু, সেউ—৮৪, ১৯০, ৩২৬

भागरभरवा-- :२>

ষজুর্বেদ—৪৪১ যম — ১৮২-৩, ১৮৫-৬, ১৯৪, ৬৯৩, ৩১৫ শৌশু (খ্রীষ্ট, ঈশা)—১৭১ ১৭৫, ৩২৬, ৩৬৭, ৪১৮, ৪২৮ যুক্তি— ২৯৩ যুধিষ্ঠির—৮ যোগ—৩৯৬ ; -স্ত্র ৪৫১ যোগিগণ ও জাতিত্তেদ—৪৬১

রচ্জুতে সর্পভ্রম—৪৪৬-৭ রাজ্যোগ—১৬১, ৪০২ রামকৃষ্ণ (শ্রী)—৪১৪ রামানুজ—৪৪৩ ক্যাখ—৩২০

'ললিভবিস্তর'— ৭ লিদ্পরীর—৪৬, ৪१৯ লীলা—৩৬৮ লেদীং—৩৩• লোকায়ত দর্শন—১০৩

শক্তি—১৫২; এর নিত্যতা ১১৬
শকর, শকরাচার্য—৪, ১০৪, ২১৭, ৪০৫,
৪৪৩, ৪৫৮, ৪৬২
শম—৬৮৩-৪, ৩৯১
শরতান—২৯৬
শুক্তবাদ—৬৮৯
শুক্তবাদ—৬৬০; -বাদী ২০
বোপেনহাঞ্জার—৬২৮, ৪৭৭
শুক্তা—৩৮, ৪৫৪
শুব্দ—৬৮, ৪৫৭
শুক্তি—২৯০-৪, ৪৪১
শুক্তা—১৮৬

সংসার—১৭৩, ৩১ } সংস্কার—৪৬ সংহিতা (বেদের)—ই, ২০৩, ২৪৫, ২৪৮

मखन केथ्र---२७১ সপ্তপব দ---২৪৯ সঙ্কোচ ও বিকাশ--- ১৪৩ मिक्किम्बिन्स--- 830, 856, 850, 883 দতীত্ব ধর্ম—১৬ সত্যকাম—২৩৮, ২৪১ সনৎকুমার---২৫৯ ममष्टि— ১७२, २१२, ७১० नमष्टि-मन (मह्द जः)—८६ সমাধি-৪৫৭ স্মেশ্ন-২৭৬, ৪৫৮; -বিছা ৪৫৭ সর্বেশ্বর্বাদ-88৬ माः था (मर्भन)—२३४,४४२,४४४,४४७, ৪৫১. ইহার প্রতিপান্ত ৩৫৪-৫ অ্থবাদ -- ১৫৪, ১৫৫, ১৫৮ মুফী—৩২০ रुच्चर्म्ह (निक्रभंदीत खंडेवा)—8७, 8१, 38%, 683 স্ষ্টি—-৪৬. ৩∙১. ৩৪৩. ৪২৯ <u> বোলন ও ক্রিসাস—৩৮৭</u>

'লোহহ্ম'—৪০৫, ৪১৮, ৪৩১ স্টোম্বিক দর্শন---৪৫১ चूनमञीत---२१२, ७४०-১ সুরার---৩২৯ স্পেন্সার, হার্বার্ট—২৭৩, P 60 অজ্ঞেয়বাদী ১৮ **শ্বতি**—৪৬ স্থামুয়েল---২৩৯ স্বৰ্গ---৪৭, ১৬২-৩, ২৬৬, ৩৫৮ স্বাভাবিক জ্ঞান--১২৯ 'শারাজাসিদ্ধি'—২ ০৯ হাকালি---২৬ হিউম—৩৩৽ হিব্ৰু---১৮৪, ৩২০ ছিরণ্যগর্ভ--১৭ % ट्ट्कन, कार्न-७२७ হেগেৰ (Hegel)—৪৯৮ হেরোডোটাস---৩২১

হ্যারিসন, ফ্রেডেরিক—২৭৬